(तरमंब भविष्य

(বৈদিক সাহিত্যের ইতিহাস)

ডঃ যোগীরাজ বস্তু, এমৃ. এ. (ট্রপ্ল), পি. এচ্. ডি.
প্রধান অধ্যাপক, স্নাডকোত্তর সংস্কৃত বিভাগ,
গৌহাটী বিশ্ববিদ্যালয়।
পরিদর্শী অধ্যাপক (Visiting Professor), প্রাচ্য বিদ্যা বিভাগ,
গোয়েটিংগেন বিশ্ববিদ্যালয়, পশ্চিম ভার্মানী।



ফার্মা কে. এল. মুর্খোপাধ্যায়

কলিকাতা-১২ :

>>69

প্রকাশক :
ফার্মা কে. এল. মুখোপাধ্যায়
২৫৭-বি, বিপিনবিহারী গাঙ্গুলী স্কীট
কলিকাতা-৭০০০১২

প্রথম প্রকাশ : ১৯৫৭

মুজাকর : রঞ্জনকুমার দাস ৫৭ ইজ বিশ্বাস রে^{১০০} কলিকাডা-৩৭ ওঁ স্বস্তি

উৎসর্গ

যে হুইজন অলোকসামান্ত প্রতিভাবান্ পরমশ্রদ্ধের আচার্যের নিকট ছাত্রজীবনে বেদ অধ্যয়নের সৌভাগ্য হুইয়াছিল সেই শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায় ও মহামহোপাধ্যায় সীতারাম শাস্ত্রীর করকমলে এই গ্রন্থটি উৎসর্গ করিলাম।

> স্নেহধন্য অন্তেবাসী যোগীরাজ বস্থু।

মুখবন্ধ

আমার একাধারে পরমন্মেহাস্পদ ও গৌরবাস্পদ ছাত্র কল্যাণীয় শ্রীমান যোগীরাজ বসুর রচিত 'বেদের পরিচয়' গ্রন্থটি পাঠ করিয়া সন্থটি ও গভার-তৃত্তি লাভ করিলাম। বাংলাভাষায় এরপ একটি গ্রন্থের অতীব প্রয়োজন **ছিল। বেদ-বিষয়ক বছ তথ্যসম্বলিত এরপ মৃল্যবান্ পূর্ণাঙ্গ গুড়ু বাংলা**-ভাষায় নহে, কোনও ভারতীয় ভাষায় বা ইংরাজী ভাষায় নাই। বাংলা ভাষার বেদপরিচয়মূলক অল্পসংখ্যক পুস্তক আছে কিন্তু সে সকল গ্রন্থ অসম্পূর্ণ, একদেশদর্শী। কোনটিতে সামাশ্র বেদের কথা লিখিয়া বৈঞ্চব-সঙ্গীতাদিতে প্রস্তকের কলেবর বৃদ্ধি করা হইয়াছে, কোনটিতে বেদের সুস্তের অনুবাদে শতাধিক পৃষ্ঠা পূর্ণ, কোনটাতে আবার বেদবহিভূবত বিষয় সিংহলী প্রবাদবাক্যাদি স্থান পাইয়াছে; কোনটি আবার ইংরাজীভাষানিবদ্ধ বেদের ইডিহাসের সংক্ষেপ মাতা। শ্রীমান যোগীরাজ অফ্লাস্ত পরিশ্রম করিয়া সংহিতা, ত্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্, বেদের লক্ষণ, বেদাঙ্গ, বেদের শাখা, বেদের শ্বর, বেদ পাঠের ভিন্ন ভিন্ন রীতি, যজ্ঞ, দেবতাতত্ত্ব প্রভৃতি বিষয়ের বিস্তৃত তথ্য লিপিবদ্ধ করিয়াছে। বেদের শাখা, বেদ পাঠের ভিন্ন ভিন্ন রীডি, যজ্ঞের বিস্তৃত বিবরণ, দেবতাবিচার, গ্রীক ভাষার স্বর প্রভৃতির সহিত তুলনামূলকভাবে বেদের শ্বর প্রভৃতির আলোচনা বেদের ইতিহাস-গ্রন্থে পাওয়া যায় না। বেদের প্রামাণ্য নিত্যত্ব, মূলক অভাভ অপৌরুদেয়ত বিচারে শ্রীমান্ছয়টি দর্শনের সিদ্ধান্ত ও সেই সকল সিদ্ধান্তের তুলনামূলক আলোচনা এবং ছয় দর্শন ব্যতীত পাণিনি, পতঞলি প্রভৃতির সিদ্ধাণ্ডের উল্লেখ করিয়াছে; লেখকের সুগভীর পাণ্ডিত্য, ব্যাপক-অধ্যয়ন, দর্শনশাল্লে অধিকার ও সৃক্ষবিচারশক্তি এই সকল আলোচনায় সৃপ্রকটিত। বেদভায়ের উপক্রমণিকাতে সায়ণাচার্য অপৌরুষেয়ত্ব নিডাত্ব প্রামাণ্য প্রভৃতি বিচারে ছয় দর্শনের সিদ্ধান্ত দেন নাই ও সর্ববিধ দার্শনিক আলোচনা করেন নাই। বসুর গ্রন্থটি সহজ্ববোধ্যভাষায় সাবলীল ভঙ্গীতে লিখিত। ওধু সাধারণ পাঠক সমাজ নহে, স্লাতকশ্রেণী ও লাতকোত্তর সংস্কৃত বিদ্যাথিগণের একটি বড় অভাব এই গ্রন্থবারা দূর হইল। বেদ শাস্ত্রের সর্ববিধ তথ্য, বৈদিক বাঙ্মেরের ইতিহাসের সঙ্গে পূর্বমীমাংসার বেদবিষয়ক নিডাছ, প্রামাণ্য অপৌক্লবেছড়, বেদের লক্ষণের বিস্তৃত আলোচনা স্নাতকোত্তর শ্রেণীর

ছাত্রদের সায়ণকৃত ঋণ্ভায়োপক্রমণিকা বুঝিতে ও বেদবিষয়ক অখাখ্য দর্শনের সিদ্ধান্ত জানিতে অশেষ সহায়তা করিবে। অনুরূপভাবে যজ্জের বিস্তৃত আলোচনা বিনিয়োগ বুঝিবার এবং দেবতাতত্ত্বের ব্যাপক আলোচনা নিরুক্তের দেবতাবিচার বুঝিবার সহায়ক হইবে। গ্রন্থকার বক্ষভাষাভাষী পাঠকবর্গের ও সংস্কৃতাধ্যয়নরত ছাত্রসমাজ্যের অকুষ্ঠ প্রশংসার খ্যায় দাবী রাখে।

চারিবেদের সুবিশাল আন্সাণগ্রন্থে বৈদিকযুগের কৃষ্টি ও সভ্যতার সর্ববিধচিত্র শ্রীমান বসু তাহার রচিত 'India of the age of the Brahmans' অমূল্য গ্রন্থে তৃলিয়া ধরিয়াছে। গত বংসর গ্রন্থটি প্রকাশিত হইবার সঙ্গে সঞ্চা ও প্রতীচ্য ভূথণ্ডের বিদ্বংসমাজে অকৃত্রিম সমাদর ও ভূমুসী প্রশংসালাভ করিয়াছে। পৃথিবীতে এই বিষয়ে তাহার গ্রন্থই প্রথম গ্রন্থ। ঐ যুগের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক মুদ্ধবিদ্যানিষ্ঠ, ধর্ম, দর্শন ও বিবিধ, সর্ববিধ তথা গ্রন্থটিতে সন্ধিবিই হইয়াছে।

শ্রীমান যোগারাজের যেমন নাম তার জীবনও তদ্রপ। সে আজন্ম নৈষ্ঠিক ব্রহ্মচারী। তাহার যাবতীয় উপার্জন একটি ধর্ম-প্রতিষ্ঠানে ও একটি ছাত্রকল্যাণকেন্দ্রে উৎসর্গীকৃত। একাধারে সে জ্ঞানযোগী ও কর্মযোগী। মৃজ্ঞপুরুষ পরমহংস শ্রীগুরুর সাক্ষাৎ চালনায় তাহার জীবন গঠিত। পাশ্চান্ত্য হইতে লোভনীয় Visiting Professor পদে হুইবার আমন্ত্রণ পাইয়াও যায় নাই। এবার আমাদের সনির্বন্ধ নির্দেশে পশ্চিমজার্মানীর বিশ্রুত গোয়েটিংগেন্ বিশ্ববিদ্যালয়ের স্বভঃপ্রেরিত আমন্ত্রণে ঐ পদ গ্রহণ করে এবং ছয় মাস তথায় অধ্যাপকদের বেদান্ত, বেদ ও ভারতীয় রসশান্ত্রের অধ্যাপনা করে। সেই প্রথম ভারতীয় যে ঐ বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের প্রাচ্যবিদ্যা

আমি তাহার 'বেদের পরিচয়' গ্রন্থের বহুলপ্রচার কামনা করি এবং তাহাকে অন্তর হইতে অভিনন্দন স্নেহাশীর্বাদ জানাই! ওঁশম্।

সাতকড়ি মুখোপাধ্যায়
কলিকাডা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর
সংস্কৃত-বিভাগের ভৃতপূর্ব আগতভাষ
অধ্যাপক এবং নবনালন্দা মহাবিহারের
অবসর প্রাপ্ত ডিরেক্টার্।

দ্বিতীয় সংস্করণের ভূমিকা

वत्म भव्रभावाश औऔ । बीह्य नाविन्मम्।

আমার 'বেদের পরিচয়' বইটির প্রথম সংস্করণ (এক হাজার একশত কিপি) এক বংসরের মধ্যে শেষ ইইয়া যাইবে. বঙ্গভাষাভাষী পাঠকসমাজের নিকট গ্রন্থটি এরপ সমাদৃত ইইবে ভাবিতে পারি নাই! দ্বিতীয় সংস্করণ শীঘ্র প্রকাশ করিবার জন্ম পশ্চিমবঙ্গ, আসাম ও ত্রিপুরার অধ্যাপক, অধ্যাপিকা, ছাত্র, ছাত্রীদের নিকট ইইতে এ পর্যন্ত ভিপ্লায়টি অনুরোধপত্র আসিয়াছে। দ্বিতীয় সংস্করণে ঝগ্বেদীয় যুগের সমাজ ও সংস্কৃতি, ঝগবেদের সংবাদসৃক্ত এবং আরও কয়েকজন দেবদেবীর আলোচনা যুক্ত করা ইইয়াছে। এই তিনটি নৃতন পরিচ্ছেদের পাণ্ড্লিপির প্রতিলিপি প্রস্তুতিকার্যে সাহায্য করার জন্ম আমার একান্ত মেহভাজন অভ্রেবাসী অধ্যাপক সুধেন্দুমোহন ভদ্র, অধ্যাপক ব্রজন্ত্র চৌধুরী, কল্যাণীয়া পিপ্রা ভট্টাচার্য ও কল্যাণীয়া কনকবালা প্রামাণিককে আন্তরিক ধন্যবাদ ও মেহাাশস্ জানাইত্তিঃ।

কলিকাভার প্রখ্যাত গ্রন্থপ্রকাশক কার্মা কে. এল্. মুখোপাধায় গ্রন্টির বিভীয় সংস্করণ প্রকাশ করায় তাঁহাদের আভরিক ধন্যবাদ জানাইডেছি।

স্থান্য ভাতীয় অধ্যাপক আচার্য ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, রবীক্রভারতীর উপাচার্য গ্রন্ধেয়া ডঃ রমা চৌধুবী, বর্জমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ রমারঞ্জন মুখোপাধ্যায়, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর সংস্কৃতবিভাগের অধ্যাপকণণ এবং বহু কলেজের অধ্যাপক, অধ্যাপিকার্ম্ম গ্রন্থটির প্রশংসা করিয়া মূল্যবান মন্তব্য পাঠাইয়া আমাকে উৎসাহিত করায় এবং কিছু কলেজে গ্রন্থটিকে বৈদিক সাহিত্যের ইতিহাসপত্তের পাঠ্য করায় আভ্রিক কৃতজ্ঞতা জানাইতেছি।

"বিরাজ"

ড: বসুর রোড

যোগীরাজ বসু

পোঃ ডিব্ৰুগড়

(আসাম)

প্রথম সংস্করণের ্টভূমিকা

वरम्म भव्रभावाधा ७ श्रीहत्रभाविनम्म्।

ভিন বংসর পূর্বে প্রজের ডঃ প্রীকুমার বন্দ্যোপাধ্যার একদিন আমাকে বলেন,—'আমরা হিন্দুরা আমাদের বেদ নিয়ে অহংকার করি কিন্তু বেদ সহজে কিছুই জানি না। বাংলাভাষাতে বেদবিষয়ক এমন একটি পূর্ণাঙ্গ বইও নেই যা পড়ে বৈদিক সাহিত্যের একটা সামূহিক জ্ঞান হয়। আমার একান্ত ইচ্ছা তৃমি বাংলায় একটি বই লেখ।' আমার অগ্রজপ্রতিম অধ্যাপক প্রজেয় ভারকনাথ সেন (প্রেসিডেন্সী কলেজের ইংরাজীর অধ্যাপক) মহোদয়ও খুব উৎসাহ দেন। গত হুই বছরে অনেকাংশ লেখা শেষ হয়। পরলোকগত ডঃ প্রীকুমার বন্দ্যোপাধ্যায় পাণ্ডুলিপির বহুলাংশ পাঠ করিয়া গভীর সন্তুষ্টি প্রকাশ করেন। প্রজেয় ভারকদাও কয়েক খণ্ড পাণ্ডুলিপি দেখিয়া বিশেষ উৎসাহিত করেন।

সাধারণতঃ প্রাচ্যে বা প্রতীচ্যে রচিত বৈদিক সাহিত্যের ইতিহাস গ্রন্থে সংহিতা, আহ্মণ, উপনিষদ্ প্রভৃতির পরিচয়, কালবিচার ইত্যাদি দেখা যায় কিছ চারিবেদের অল্যাবধি প্রাপ্ত সমস্ত শাখার পরিচিতি, বেদমন্ত্রের বিবিধ প্রকারের পাঠ, বেদের হার, বেদের প্রামাণ্য বিচার, নিভ্যন্থ বিচার, অপৌরুষেয়ন্থবিচার, আহ্মণ গ্রন্থের লক্ষণ প্রামাণ্যাদি বিচার, চারিবেদের মুদ্রিত ও অমুদ্রিত সকল ভায়কারের পরিচয়, বৈদিক মুগে পুরুষের ও রমণীর শিক্ষার পূর্ণাক্ষ চিত্র ইত্যাদি দৃষ্ট হয় না। এ সকল ভল্ব এই গ্রন্থে অ্যায় আলোচনার সঙ্গে সন্ধিবিষ্ট হইয়াছে। বেদের নিভ্যন্থ-প্রামাণ্য-অপৌরুষেয়ন্থ সহজে ছয়টি দর্শনের সিদ্ধান্ত লিপিবদ্ধ করিতে চেষ্টা করিয়াছি।

ছাত্র জীবনে যে গুইজন প্রখ্যাত বেদজ্ঞ পণ্ডিতের নিকট বেদ অধ্যয়ন করিবার সৌভাগ্য হইয়াছিল তাঁহাদের নামে গ্রন্থটি উৎসর্গ করিয়াছি। গোঁহাটী কটন কলেজে স্নাতক-শ্রেণীতে প্রদ্ধের আচার্য শ্রীলক্ষীনারায়ণ চট্টোপাধ্যায়ের নিকট বেদ অধ্যয়ন করি। তিনি প্রাতঃস্মরণীয় আচার্য সভ্যত্রত সামশ্রমীর সাক্ষাং অন্তেবাসা। কলিকাভা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণীতে এবং তহুত্তরকালে মহারাষ্ট্রদেশীয় মহামহোপাধ্যায় সীভারাম শাস্ত্রীর নিকট বেদ অধ্যয়ন করি। তিন বংসর হইল তিন দেহত্যাগ করিয়াছেন। উভয় আচার্যের নিকট আমি চিরকৃতঞ্জভাপাশে আবদ্ধ।

এই গ্রন্থের পাণ্ড্লিপির প্রতিলিপিরচনাকার্যে যে সকল স্নেহাম্পদ ছাত্র-্ ছাত্রী সাহায্য করিয়াছে,—শ্রীমান্ আওতোষ ভট্টাচার্য, শ্রীমান্ সুধেন্দুমোহন ভন্ত, ডঃ উমারাণী চক্রবর্তী, সর্বশ্রীমতী শিপ্রা ভট্টাচার্য, কৃষ্ণা ধর, নন্দিতা ভট্টাচার্য ও শিপ্রা দত্তকে আন্তরিক ধলবাদ ও রেহাশীর্বাদ জানাইতেছি। ছাত্রছাত্রী ও সাধারণ পাঠকবর্গ এই গ্রন্থপাঠে উপকৃত হটলে আমার শ্রম সার্থক।

ঁ কলিকাতার সংস্কৃত পুস্তকভাশ্চার এই গ্রন্থটি প্রকাশ করায় তাঁহাদের আত্রিক ধন্যবাদ জানাইতেছি।

আমার নামের বানান সংস্কৃতব্যাকরণমতে 'যোগিরাজ' হওয়া উচিত। আমার জন্মের পূর্বে আমার পরমশ্রদ্ধেয় ঋষিকল্প পিতৃদেব দৈবযোগে আমার নাম পাইয়াছিলেন এবং ভাহাতে 'যোগীরাজ' বানান ছিল; ভজ্জাল সেই বানানই রাখিয়াছি।

অংশষ বিদার আকর শ্রেছেয় আচার্য ডঃ সাতকড়ি মুখোপাধ্যায় এই পুত্তকের মুখবদ্ধ কিখিয়া দেওয়ায় আমি অংশষ কৃতার্থ এবং গ্রন্থটি ধন্ম হইল। তাঁহার নিকট আমি বেদান্ত ও অন্যান্ম শাস্ত্র অধ্যয়ন করিয়াছি এবং ডজ্জন্ম চিরকুড্জঃ। তাঁহাকে সশ্রদ্ধ প্রণতি জানাইতেছি।

যোগীরাজ বসু

"বিরা**জ**"

ডঃ বসুর রোড**্।** ডিব্রুগড় (আসাম)।

বিব্বত সূচীপত্ৰ

| विवय | পৃষ্ঠা |
|---|--------|
| বেদের জক্ষণ · · · · · · · · · · · · · · · · · · · | ۵ |
| বেদের লক্ষণলক্ষণ কাহাকে বঙ্গে'ত্রয়ী'শব্দের ব্যাখ্যা | |
| অথর্ববেদের বেদত্বিচার—মন্ত্র ও ত্রাহ্মণের লক্ষণ—মন্ত্র, ত্রাহ্মণ, | |
| আরণ্যক, উপনিষদ্-বেদের কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড-শ্র্বমীমাংসা | |
| ও বেদান্তদর্শনের উৎপত্তির বীজ-বেদব্যাস কর্তৃক বেদবিভাগ। | |
| বাহ্মণ প্রস্থের লক্ষণ · · · · · · · · · · · · · · · · · · · | ١ |
| | 6 |
| 'বান্ধাণ' শব্দের বিবিধ বুঃংপত্তি ও মতভেদ—বান্ধাণের লক্ষণ- | |
| বিচার—ছয়টি প্রচলিত লক্ষণ—বিধি, অর্থবাদ, নিন্দা, প্রশংসা, | |
| পুরাক্স ও পরকৃতির বিস্তৃত আপোচনা—ভারতীয় সংস্কৃতিতে | |
| ৰাহ্মণগ্ৰন্থের গুরুত্ব—ৰাহ্মণ গ্ৰন্থের বেদত আছে কিনা তাহার | |
| বিচার। | |
| আরণ্যক ও উপনিষদ্ ··· ··· | 28 |
| আরণ্যকের ব্যুংপত্তি—উপনিষদ্ শব্দের ব্যুংপত্তি ও ব্যাখ্যা— | |
| দ্রবায়জ্ঞ হইতে জ্ঞানযজ্ঞের প্রাধাশ্যভারতীয় জীবন ও সংস্কৃতিতে | |
| উপনিষদের গুরুত্ব—পাশ্চাত্ত্যে উপনিষদের প্রভাব—ভিকত্তর | |
| হুগোর (Victor Hugo) উপর কেনোপনিষদের প্রভাব। | |
| প্রতি বেদের ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ্ ··· ··· | ২৫ |
| ঋক্, যজুঃ, সাম, অথর্ব চারিটি সংহিতার পরিচয় ··· | ২৯ |
| ঋকৃসংহিতার পরিচয়—তাহার ছুই প্রকার বিভাগ—শাক্ষ | |
| ও বাস্ক্রশাখাভেদে মন্ত্রসংখ্যা—মণ্ডলবিভাগে একটি নীতির | |
| অনুসরণ—চারিবর্ণের উল্লেখ—কাব্যহিসাবে ঋক্মল্লের | |
| অভুলনীয়ত্—সামবেদ সংহিতা—-ধক্ ও সামের সম্বন্ধ—- | |
| সামবেদের হুইটি বিভাগ, আর্চিক ও উত্তরার্চিক—সামগানের | |
| চারিটি গ্রন্থ-সপ্তররের উৎস সামগান-মার্গসঙ্গীতের উৎস সাম- | |
| গান-সামগানের আলোচনা। যজুর্বেদ-যজুঃমল্লের সক্ষণ | |
| • | |
| — শুকু, কৃষ্ণ দুই বিভাগ—কৃষ্ণ যজুর্বদের উপাখ্যান— শুকুযজু- | |

| | বিষয় | পৃষ্ঠা |
|--------|--|--------|
| | কৃষ্ণযজুর্বেদের বিষয় ও বিভাগ—গুরুষজ্ব;—সংহিতার গুরুত্ব— | |
| | ক্লুড্রশিবধর্ম—বিবিধ জীবিকার উল্লেখ—এই সংহিতার কাব্যছ। | |
| অথৰ্ব | | ¢• |
| | অধর্বন্ পুরোহিত ও जम्म আবেতার অথুবন্ পুরোহিত— | |
| | অথর্বন্ ও অঙ্গিরসের পার্থক্য-এই সংহিতার বিভাগ-বিষ্ণ্- | |
| | পুরাণ মতে এই বেদের পাঁচটি কল্প ও ভাহার বির্তি—শৌনক, | |
| | পিপ্ললাদ প্রভৃতি শাখাঁ—উড়িয়ার এক গ্রামে হুর্গামোহন ভট্টাচার্য | |
| | কর্তৃক পিপ্ললাদ-শাখার ব্রাহ্মণকুল আবিষ্কার—এই বেদের ভাষা | |
| | ও ছল-ভারতীয় ভৈষ্কা ও চিকিংসাবিদার ইতিহাসে অথর্ব- | |
| | বেদের অভি গুরুত্বপূর্ণ স্থান-মারণ, উচাটন, অভিচারাদি- | |
| | অন্থিবিদ্যা ও অন্ত্রচিকিৎসাবিদ্যা। | |
| | | |
| বেদে | র শাখা | ৫৬ |
| | বেদের শাখা বলিতে কি বুঝায়—শাখাভেদে মৃলসংহিতার ভেদ | |
| | হয় নাকোন্ বেদের কয়টি শাখা আজ পর্যন্ত পাওয়াগিয়াছে | |
| | বিভিন্নশাল্তে বেদের শাখার নামের উল্লেখ ও তারতম্যঞ্গ্- | |
| | বেদের শাখা-সামবেদের শাখা-কৃষ্ণযজ্বদের শাখা-তত্ন- | |
| | যজুর্বেদের শাখা — অথর্ববেদের শাখা — বেদের শাখা সম্বন্ধে | |
| | जास्त्रात् ना । | |
| | | 4.0 |
| ঋষ, | ছন্দ, দেবতা, বিনিয়োগ | ৬৪ |
| | এই চারিটি বিষয়ের শুরুত্ব, নির্বাচন ও আঙ্গোচনা। | |
| C312-9 | গাঠের বিবিধ প্রকার ··· ·· ·· ·· | 95 |
| ८५५४ | तिकत्र विश्वित्र वोणि—मःश्विणार्वे—अन्मार्वे—क्रमणार्वे | |
| | किराशांक मानाशांक वार्विक मानिक वार्विक विश्वा वार्विक वार्वि | |
| | পাঠ-রখপাঠ ও ঘনপাঠ-একাদশ প্রকারের পাঠের ভিন্ন ভিন্ন | |
| | नक्ष ଓ छेनाञ्जन-विविध श्रकांत्र भारतंत्र क्षत । श्रम् छ । | |
| | | |
| | সকল পাঠের মাধ্যমে ঋষিগণ বেদমত্ত্বে প্রক্রিপ্ত প্রবেশের পথ | |
| | 2012 A 1 4 3 1 7 5 2 1 | |

| | _ | | |
|---|---|----|--|
| 1 | 7 | ١, | |
| • | - | ĸ | |

বৃহা

বেদের স্বর

92

উপাত্ত, অনুপাত্ত, বরিত, ভিনস্তরের পরিচয় ও দৃষ্টাত—
বরের সহিত মন্ত্রের অর্থের সম্বন্ধ—ইন্দ্রাক্ষী ও গ্রীকভাষার সরের গুরুত্ব এবং সরভেদে অর্থভেদ,
ভাহার দৃষ্টাত—প্লুতবরের লক্ষণ ও দৃষ্টাত—শারীরিক
বিকলভাজনিত বেদ পাঠে অন্ধিকার—বেদপাঠে অন্ধিকারীর
এবং অধিকারীর শারীরিক লক্ষণ—রীতিত্রিক বেদপাঠের চতুর্দশপ্রকার দোষ—হথারীতি বেদপাঠের ছয়টি গুণ।

বেদাঙ্গ

৮8

ছয়টি বেদাক্তের নাম, লক্ষণ ও পরিচয়—প্রত্যেক বেদের কল্পসূত্র অর্থাং শ্রোতসূত্র, গৃহসূত্র ও ধর্মসূত্রের নাম—নিরুক্তের বিস্তৃত আলোচনা, ব্যাকরণের প্রয়োজন—ছলঃ—ক্ষ্যোতিয়।

দেবতা

25

দেবতার প্রয়োজন—নিরুক্তমতে তিনটি মূলদেবতা— তাহাদেরও
মূল উংস পরমাত্মা—প্রতি দেবতা এক একটি পার্থিব প্রাকৃত্ত
পদার্থের প্রতীক বা অধিষ্ঠাত্রী চৈতল্যসন্তা—যাস্কের পূর্বাচার্য
নিরুক্তকারগণের মত—যাস্কমতে সকল দেবতার মূল অগ্নি—
কাত্যায়নের মতে সকল দেবতা আদিত্যেরই রূপান্তরমাত্র—
আচার্য সীতারামশাস্ত্রীকর্তৃক কাত্যায়নের মত সমর্থন—যাস্ক ও
কাত্যায়নের মতের সমন্ত্র দেবতাগণ সাকার অথবা নিরাকার
অথবা উভয় প্রকার তাহার বিস্তৃত আলোচনা—এই বিষয়ে
যাস্কের মত, পূর্বমীমাংসার সিদ্ধান্ত ও বেদান্তদর্শনের সিদ্ধান্ত—
কর্মদেব ও আজানদেব—কয়েকজন মুখ্যদেবতার হারপ ও কর্মের
আলোচনা,—ইন্দ্র, বরুণ, অগ্নি, অশ্বিমুগল, রুক্র, মরুদ্গণ
প্রভৃতি।

পুরোহিত

55 e

যোলজন প্নরোহিতের নাম ও পরিচর— কাহারও মতে সপ্তদশ প্রোহিত—কেহ যজমানকে কেহ বা সদস্ত নামক প্রোহিতকে সপ্তদশসংখ্যার প্রক ধরিষাছেন। যভ

সকল যাগের পাঁচটি প্রকৃতি যাগ—হোম, ইন্টি, পণ্ড, সোম ও সত্তের যথাক্রমে প্রকৃতি যাগ হইল অগ্নিহোত্ত, দর্শপৌর্শমাস, প্রাক্ষাপত্যপন্ত, অক্সিফৌম ও গ্রাময়ন-এই পাঁচটি প্রকৃতি-यारगत विभाग विवत्रन-गवाभग्रतमत्र विवत्रन ७ जानिकाकारत কৃত্যনিচয়— ৰড়হ, ঘাদশাহ, রাজসৃয়, বাজপেয়, অশ্বমেধ প্রভৃতির বিবরণ।

বেদব্যাখ্যার বিভিন্ন প্রকার (প্রাচ্য ও প্রতীচ্যে) প্রাচীনকাল হইতে এবিষয়ে মতভেদ-কাহারও মতে সকলমন্ত্রই যজ্ঞসংশ্লিষ্ট — অপর দলের মতে মন্ত্রসকল কাব্যধর্মী এবং প্রথমে সেওলি যজ্ঞনিরপেক্ষ ছিল—তৃতীয়দলের মতে কিছু মন্ত্র যজ্ঞ-নিরপেক্ষ উচ্চাঙ্গের কাব্য, প্রাণের স্বতঃ উৎসারিত ভাব, কিছু মন্ত্র যজ্জ-সংশ্লিফী--- পাশ্চাত্ত্যের পণ্ডিভগণের মধ্যে ছুইটি পরস্পর বিরোধী মত-সমন্তর।

চারিবেদের ভাষ্যকারগণ

··· 780

বেদের প্রামাণ্য বিচার

366

প্রমাণ কাহাকে বলে-বেদের প্রামাণ্যখন্তনে প্রয়াসী নাল্তিক-গণের বিবিধ যুক্তি ও ভাহার খণ্ডন—মনুসংহিতা প্রভৃতি গ্রন্থে বেদের প্রামাণ্য ও গুরুত্-ছয় দর্শন কর্তৃক বেদের প্রামাণ্য স্বীকার।

বেদের অপৌরুষেয়ত্ব ও নিত্যত্ববিচার ...

১৬২

ছয়টি দর্শনের সিদ্ধান্ত-কায়দর্শনমতে বেদ পৌরুষেয়---মীমাংসা, বেদান্ত, সাংখ্য প্রভৃতি দর্শনে বেদের অংশ্লেকষেয়ত্ব প্রতিষ্ঠা-বেদের রচয়িতা কেহ নাই-ব্রহ্মাও রচয়িতা নহেন, প্রতিকল্পে স্মারণকর্তামাত্র—ত্রসাকে বেদের রচয়িতা বলিলে কি দোষ হয় তাহার আলোচনা—নিভ্যতাসম্বন্ধে পূর্বমীমাংসা, বেদাভ, श्वाब, সাংখ্য প্রভৃতি দর্শনের সিদ্ধাভ-তৃইপ্রকারের নিত্যতা, কুটছনিত্যতা ও প্রবাহনিত্যতা—বেদাভ, সাংখ্য कांद्रवर्गन (यरपद कृष्टेचनिष्ठाषा बोकांद्र करद्र नाहे, श्रवाहनिष्ठाषा

| স্বীকার করিয়াছে—পূর্বমীমাংসার মতে বে বিষয়ে মহাভায়ে লিপিবদ্ধ প্তঞ্জার মতাং নিত্য কিন্তু শব্দ বা বশানুপূর্বী নিত্য নহে—স নিত্যতা স্বীকার করিয়াছেন। | নুযাখী বে | দের অর্থ | |
|---|--|--|-----|
| বেদের কাল নেবদমন্ত্রের মধ্যে বেদের পৌরুষেরতের স কিনা—পৌরুষের ইইলে রচনাকালের অ সংহিতা ইইতে উপনিষদ্ পর্যন্ত বেদের কাল তিলক, কেটকার, অবিনাশচন্দ্র দাস, চিন্তাম পণ্ডিত ওকাকুরা, রাধাক্ষ্ণন্ প্রভৃতি প্রাচ্য মাক্সমুলোর, যাকোবি, বুলার, কোবে ভিন্তারনিংস, হিলেব্রানড্ট্ প্রভৃতি প্রতীচ্যের উপসংহার। | ালোচনা বিৰ্ণয় গ্ৰ পি বৈদ্য, পণ্ডিভবৰ্গে না, ব্লুফ | সার্থক— ঃসাধ্য— জাপানী রুমভ— মফিল্ডা্, | ኃ৬৮ |
| বৈদিকবাঙ্ময়ে পাশ্চাত্ত্যের অবদান | ••• | • • • | ১৭৩ |
| বৈদিকবাঙ্ময়ে ভারতীয়গণের অবদান—বাঙ্গা | লীর অবদ | n- | 599 |
| বৈদিকযুগে ভারতের শিক্ষাপদ্ধতি | ••• | | ১৮৬ |
| বৈদিক ভারতে স্ত্রীশিক্ষা | • • • | ••• | ১৯৬ |
| ঋগ্বেদের যুগের সমাজ ও সংস্কৃতি | | ••• | ২৽৽ |
| পরিশিষ্ট (ক) কয়েকজন দেবতার স্বরূপ ও কার্য | Í | ••• | 220 |

পরিশিষ্ট (খ) ঋগ্বেদের সংবাদস্ক্ত (Diologue Hymns)

२२७

200

প্রথম পরিচ্ছেদ

(वर्षत मक्क

'বেদ' শক্টি বিদ্ধাতু হইতে নিজ্পার। বিদ্+ আচ্—বেদ। 'বেদ' মানে জ্ঞান, পরমজ্ঞান। প্রত্যক্ষ, অনুমান প্রভৃতি প্রমাণ ঘারা আমাদের যে জ্ঞান জ্বো ভাষা পাথিব জ্ঞান, চকু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ওক্ পাঁচটি জ্ঞানে আছি সাহায্যে যথাক্রমে রূপ, শক্, গরু, রস ও স্পর্শের যে জ্ঞান হয় তাহা ইন্দ্রিয়জ্জান। এই সকল প্রমাণ বা জ্ঞানে ক্রিয় আমাদের অভীন্তিয় জ্ঞান দান করিতে পারে না। নয়ন, শ্রবণ, প্রভৃতি ইন্দ্রিয় ও মানবের বাকামন যে রাজ্যে প্রবেশ করিতে পারে না সেই অভীন্তিয় পর্মজ্ঞান আমরা 'বেদ' হইতে লাভ করিতে পারি। যাজ্ঞবক্ষা বলেন,—

'প্রত্যক্ষেণানুমিত্যা বা যন্তৃপায়োন বিদ্যতে এনং বিদন্তি বেদেন তম্মাদ্ বেদস্য বেদতা॥'

অর্থাং প্রভাক্ষ বা অনুমানের হারা যে জ্ঞানলাভ করার কোনও উপায় নাই সেই অতী ক্রিয়ে জ্ঞান 'বেদ' হইতে লাভ কবা যায় ওজ্ঞাই এই ধর্মগ্রন্থকে 'বেদ' বলে বিদ ধর্মভত্ব ও ব্রহ্মভত্ব প্রতিপাদক অপৌরুষের শ্রুতি প্রবচন। বৈদিক আচার্যগণ বলেন ধর্মভত্ব ও ব্রহ্মভত্ব একমাত্র বেদ হইতেই জ্ঞানা যায়। 'ধর্মব্রহ্মণী বেদৈকবেদো।' বর্ণাশ্রম ধর্ম বেদমূলক। মনু বেদকে অখিল ধর্মের মূল বলিয়াছেন, 'বেদঃ অখিলধর্মমূলম্' (মনুসংহিতা ২৬)। ধর্মশাস্ত্রকার গোত্মও একই অর্থে বলিয়াছেন, 'বেদো ধর্মমূলম্'। ধর্ম ও তৎসংশ্লিষ্ট কর্ম, কর্মফল যাঞ্জ, যজ্ঞফল স্বর্গ, পরলোকতত্ব, অদৃষ্ট ইত্যাদি ধর্মগত যাবতীয় জ্ঞান ও ব্রহ্ম, মোক্ষ, ইত্যাদি জ্ঞান একমাত্র বেদ হইতেই লাভ করা যায়।

বেদ শব্দের কয়েকটা প্রতিশব্দ প্রচলিত আছে। যথা জ্ঞাতি, ত্রয়ীবিদ্যা বা ত্রয়ী, আগম, ছন্দস্ প্রভৃতি। অনাদিকাল হইতে 'বেদ' গুরুলিয়া পরক্ষারা সম্প্রদায়ক্রমে শ্রবণবিধৃত ও স্মৃতিসঞ্চিত হইয়া আসিতেছিল। বহুকাল পরে তাহা লিপিবদ্ধ হয়। লিপিবদ্ধ না হওয়া পর্যান্ত যুগাদ্যকাল হইতে আচার্যায়ুখে শ্রবণ করিয়া শিয়া বেদমন্ত্র শিক্ষা করিত ও মেধাবলৈ স্মৃতিভাতে সহত্রে রক্ষা করিত। সেই শিয়া আবার আচার্য্য হইয়া ভদীয় শিষ্যকে ঐভাবে 'বেদ' শ্রবণ করাইত। এইরেপে বৈদিক সম্প্রদায়ে আচার্য, শিষ্যা, প্রশিষ্যা, প্রশিষ্যা, প্রশিষ্যা, প্রশিষ্যা, প্রশিষ্যা,

পরম্পরা পরমজ্ঞানের আকর বেদ শুভিকে রক্ষিত ইইত বলিয়া তাহার এক নাম 'শুভি'। পূজাপাদ শ্রীশ্রীশঙ্করাচার্য প্রভৃতি বেদাভঃচার্যগৎ সাধারণতঃ 'শুভি' সংজ্ঞায় বেদের উল্লেখ করিয়াছেন। থামি বাদরাংণ্ড ভ্রহ্মপুত্রে 'শুভি' সংজ্ঞা ব্যবহার করিয়াছেন। 'ছন্দস্' বা 'ছন্দঃ' প্রভিশ্নটি পাণিনি তাঁহার ব্যাকরণ সূত্রে ব্যবহার করিয়াছেন। ভিনি বৈদিক সংস্কৃতকে ও বেদকে 'ছন্দস্- সংজ্ঞা হারা এবং লৌকিক সংস্কৃতকে 'ভাষা' সংজ্ঞা হারা লক্ষিত করিয়াছেন। দশটি মণ্ডল থাক্ সংহিতায় আছে, ৬জ্জল নিরুক্তকার থাগ্বেদকে শ্বানে শুনে 'দশ্ভয়া' বলিয়াছেন।

বেদকে 'ত্রহী বিদ্যা বা কেবল 'ত্রহী'ও বলা হয় ৷ ঋগ্বেদ, সামবেদ ও যজুর্বেদ এই ডিন বেদকে একত্রে 'ত্রয়া' বলা হয়,— ইহাই প্রচলিত মত। এই মতে অথর্ব বেদ্ 'ত্রশ্বী' বিলার অন্তর্গত নহে। কৌটলা তাঁহার রচিত 'অর্থশাস্ত্র' নামক বিখ্যাত গ্রন্থে বলিয়াছেন—'ত্রুয়ী বলিতে ঋক্,সাম, ও যজুষ্ এই তিন বেদ গণ্য। এই তিন বেদ, অথর্ববেদ ও ইতিহাস্বেদ কইয়া সমগ্র বেদ শাস্ত্র প্রতিবোধা।' কৌটিলাের প্রদন্ত বেদের এই লক্ষণ ব্যাপক দৃষ্টিভঙ্গী-সঞ্জাত, সর্ববাদিসম্মত নহে কারণ অথর্ববেদ চতুর্বেদ মধ্যে গণ্য ও বেদের অন্তর্ভুক্ত হইলেও ইতিহাসবেদ, বেদের অন্তর্ভুক্ত নহে। 'এখা' মধ্যে অথর্ব বেদের স্থান আছে কিনা-এই বিষয়ে বিদংসমাজে বভ বাদানুবাদ, বিপ্রতিপত্তি দৃষ্ট হয়। একদল বলেন ত্রয়ী শব্দে ঋক্, সাম, যজুঃ এই তিনটি বেদ গ্রাহ্য, কারণ এই ভিনটি বেদেরই যজ্ঞের সহিত সম্বন্ধ আছে। অথববৈদ ত্রমীর বহিভূতি কারণ অথর্ব বেদের যজ্ঞের সহিত সম্বন্ধ নাই 🔻 যজ্ঞ সম্পাদন জন্ম যে যোলজন পুরোহিতের আবশ্যক তন্মধ্যে চাঙ্জিন ঝণ্থেদী, চারিজন সামবেদী, চারিজন যজুর্বেদী এবং চারিজন প্রক্-সাম-মজু ত্রিবেদবিং; এই ষোলজনের মধ্যে অথববেদীর কোনও স্থান নাই; অপ্য একদল বলেন এয়ী বলিতে তিন বেদের কথা বলা হয় নাই, ঋক্, সাম ও যজুঃ তিবিদ মন্তের উল্লেখ হইয়াছে। পূর্বমীমাংসাদর্শনরচয়িতা জৈমিনি ক্ষাষ অক্, সাম ৬ থজুঃ এই তিন প্রকার মন্ত্রের নিম্নলিখিত লক্ষণ নির্দেশ করিয়াছেন,---

> 'তেষামৃ ঋকৃ যত্ত অথর্বশেন পাদব্যবস্থা' 'গীতিযু সামাখ্যা।'

'শেষে যজুঃ শব্দঃ।'

অর্থাং বেদের যে মন্ত্রগুলিতে অর্থানুসারে ছন্দঃ ও পাদব্যবস্থা আছে, সেই মন্ত্রবাজিকে 'ঋকৃ' বলা হয়। এই 'ঋকৃ' মন্ত্রসকলের মধ্যে যে মন্ত্রগুলি গান

করা যায়, যেগুলি গীতিযুক্ত তাহাদিগকে 'সাম' বলা হয়। এই ঋক্ ও সাম লক্ষণযুক্ত মন্ত্রনাজি ব্যতাত আর যে সকল মন্ত্র আছে সেই অবশিষ্ট মন্ত্র-সমূহকে 'যজুঃ' সংজ্ঞা দেওয়া হইয়াছে। তন্মধ্যে পদ ও গদ উভয়ন্নপ মন্ত্র দৃষ্ট হয়। অথববিদের মধ্যে যে সকল মন্ত্র আছে তাহাদের লক্ষণ ঋক্ ও যজুঃ মন্ত্রের লক্ষণের অন্তর্ভুক্ত ; পৃথক কোন বিশিষ্ট লক্ষণ নাই। তজ্জেশ্যই অর্থাৎ অথববিদের মন্ত্রের পৃথক কোনও লক্ষণ নাই বলিয়াই মন্ত্রলক্ষণের চতুর্থ প্রকারের প্রয়োজন হয় নাই। অতএব 'ত্রয়া' বলিতে অথববিদেও বোধ্য কারণ অথববিদের মন্ত্রলক্ষণ ঐ তিন লক্ষণের বহিভূ'ত নহে। এই দলের মতে অথববিদের স্থক মন্ত্রত্ব বা মন্ত্রলক্ষণ নাই। কল্ক পৃথক স্বতন্ত্র বেদত্ব আছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব বেদাত-মামাংসা অধ্যাপক অধুনা বিদেহপ্রাপ্ত মদাত্ব বিদ্যালয়্য প্রদেশ্য মহামহোপাধ্যায় অনতক্ষ্ণ শাস্ত্রী মহোদয়ও এই মত পোষণ করিতেন। অথববিদের যজ্ঞের সহিত কোনই সম্বন্ধ নাই বলিলে জুল হইবে। কারণ প্রধান প্রধান যাগের সাহত সম্বন্ধ না থাকিলেও অভিচারাদিযাগে ও শান্তি পোক্তিকাদি কর্মে অথব্যন্ত্রের প্রয়োগ আবশ্যক হয়। ঋক্ প্রভৃতি বেদের কতিপয় মন্ত্রও অথববিদের দৃষ্ট হয়।

কোং কেং ঋণ্বেদের পুরুষস্ভের নিয়লিখিত ঋক্টিকে ঋণ্বেদের প্রকাশ কালেই অথববিদের অভিজের প্রমাণ রূপে উদ্ধৃত করেন,—

> "তন্মাদ্ যজ্ঞাৎ সর্বগুডঃ ঋচঃ সামানি জ্বজ্ঞিরে। ছন্দাংসি জ্বজ্ঞিরে ওস্মাদ্ যজুস্তম্মাদজায়ত॥" ঋক্ সংহিতা ১৫-৯০-৯

সেই বির।ট পুরুষকৃত আদি যক্ত হইতে অক্ সকল, সাম সকল, ছলোরাজি এবং থজুঃ উৎপর হইয়াছিল। বস্তু পণ্ডিত বস্তভাবে 'সামানি' ও 'ছলাংসি' শব্দ গুইটির ব্যাখ্যা করিতে প্রয়াস পাইয়াছেন। বেদের বিশ্রুত ভাগ্যকার সারণাচার্য 'অচঃ সামানি যজুঃ' বলিতে অগ্রেদ, সামবেদ, যজুর্বেদ বুরিয়াছেন এবং 'ছলাংসি' শব্দে বেদে প্রযুক্ত সাতটি ছল্দ (Metres) বুরিয়াছেন। একদল 'অচঃ সামানি' বলিতে অগ্রেদের গানযোগ্য মন্ত্রসকল এবং 'ছলাংসি' শব্দে সামবেদেয় মন্ত্ররাজি বুরিয়াছেন। এই ব্যাখ্যা যুক্তিসহ নহে কারণ অগ্রেদের অগ্রাণ্ড মন্ত্র বাদ দিয়া কেবল গানযোগ্য বা গেয় মন্ত্রসকলের উল্লেখ্য কোনও হেতু নাই এবং স্প্রক্রমেণ 'সামানি' শব্দে সামবেদের উল্লেখ্য থাকায় এইরূপ ব্যাখ্যা ক্ষতকল্পনা মাত্র। কেহ কেহ আবার 'ছলাংসি' শব্দে 'অথব্বেদ' বুরিয়াছেন, তাহাও ক্ষতকল্পনা। এই গোণ্ডীর পণ্ডিতগণ

অথব্বেদের প্রাচীনত্ব প্রমাণ করিতে সচেই। উক্ত থাক্মন্ত্রণত 'ছন্দাংসি'
শব্দের ক্লিইট ব্যাখ্যা না করিয়াও বেদের আভ্যন্তরীণ প্রমাণ ইইতে অথব্ বেদের
প্রাচীনত্ব প্রভিপন্ন ইইতে পারে। বেদে অথব্ বেদের, অথব্ন্ নামক ঋষির
ও পুরোহিতের উল্লেখ আছে। এই 'অথব্ন্' পুরোহিডই পার্সীদের ধর্মগ্রন্থ
জন্দ্ আবস্তায় 'অথুবন্' নামে অভিহিত ইইয়াছেন। আর্যগোষ্ঠীর ভারতীয়
ও ইরাণীয় শাখা যখন সপ্তসিল্প্-রাজিত 'সুবাস্ত' নামক জনপদে সরম্বতী
উপত্যকায় একত্রে বাস করিত তখনই প্রাগৈতিহাসিক যুগে 'অথব্ন্'
পুরোহিতের উৎপত্তি ইইয়াছে। ইহাতে এই পৌরোহিতা কর্মের ও পদবীর
সুপ্রাচীনত্ব প্রতিপন্ন হয়। উপনিষদ্রাজি বেদের অভর্ভুক্ত। সামবেদের
ছান্দোগ্যোপনিষদের সপ্তম অধ্যায়ে নারদ-সনংকুমার সংবাদ কিনিবদ্ধ আছে।
সনংকুমার কর্তৃক জিজ্ঞাসিত ইইয়া নারদ ভাঁহার অধীত শাস্ত্রের ও বিদ্যার নাম
কীর্তন করিতেছেন; তন্মধ্যে ঋক্, যজুঃ, সাম ও অথব বেদের ও উল্লেখ আছে।
'ঋগ্বেদং ভগবোহধ্যেমি যজুর্বেদং সামবেদম্ অথবাণমিতিহাসপুরাণম্——'
ইত্যাদি প্রভিব্নন ক্লইব্য।

শুক্র-যজুর্বেদের বৃহদারণ্যকোপনিযদেও তিনবার অথববেদের উল্লেখ আছে। 'অয় মহতো ভৃতয় নিঃশ্বসিত্মেতং খাণ্-বেদো যজুর্বেদঃ সামবেদঃ অথবাঙ্গিরসঃ' (বৃ, উ, ২-৮-২০, ৪-২-২, ৪-৫ ১১); 'সেই পরমপুরুষের নিঃশ্বাস এই খাণ্বেদ, যজুর্বেদ, সামবেদ ও অথববেদ।' উপরের আলোচনা হইতে অথব-বেদের বেদত্ব ও মন্ত্রত উভয়ই সিদ্ধ হইল। বেদ মধ্যে অথববেদ পরিগণিত এবং এয়ীশব্দে লক্ষিত ত্রিবিধ মন্ত্রের খাক্ ও যজুঃ মন্ত্র লক্ষণের অথববিদ্যান্তে সুসঙ্গতি দৃষ্ট হয়।

দ্বিতীয় পরিচ্ছেদ

'বেদ' শব্দে কোন্ কোন্ শাস্ত্রগ্ন প্রতিবাধ্য অধুনা আমরা তাহার আলোচনা করিব। বিদের প্রধান বিভাগ ইইটি,—মন্ত্র এবং ব্রাক্ষণ কোটাইণ এবং আপস্তম্ব বেদের লক্ষণ করিয়াছেন,—'মন্ত্রাক্ষণহোর্বেদনামধেয়ম্' অর্থাৎ মন্ত্র এবং ব্রাক্ষণকে একত্রে বেদ বলে,। সায়নাচার্য স্বর্রচিত ঋগ্বেদের ভালোপোদ্ঘাত বা ভাশুভূমিকার এই লক্ষণেরই প্রতিধ্বনি করিয়া বলিয়াছেন,—'মন্ত্রাক্ষণাত্মক-শব্দরাশির্বেদঃ।' মন্ত্র এবং ব্রাক্ষণ এই ইইটি প্রধান বিভাগের ব্রাক্ষণ অংশের পুনঃ ইইটি বিভাগ আছে। যথ:—আইণ্যক ও উপনিষদ্। আরণ্যক ব্রাক্ষণের অভিম অংশ এবং আয়গুকের অভিম অংশ

উপনিযদ্। কোনও কোনও উপনিষদ্ ব্রাক্ষণের অঙ্গীভূত; এবং মাত্র একটি উপনিষদ্ মন্ত্রের অঙ্গীভূত ; যথান্থানে তাহা আলোচিত হইবে। 'মন্ত্র' ভাগের আংরেকটি নাম 'সংহিতা'। ঋক্ মন্ত্র বা ঋক্ সংহিতা, যজুঃ মন্ত্র বা যজুঃ সংহিতা উভয়ই সমানার্থবাচক। অতএব 'বেদ' বলিতে চারি প্রকার শাস্ত্রগ্রন্থ বোধ্য— মন্ত্র, ত্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ্। বেদের অন্তর্ভুক্ত এই চারি প্রকার গ্রন্থের প্রথমে আমরা সাধারণভাবে আলোচনা করিয়াপরে বিশেষভাবে লক্ষণসহ আলোচনা করিব। মন্ত্র বা সংহিতা বলিতে প্রতি বেদের সৃক্ষ, ন্তব, স্তুতি, আশীৰ্বচন, প্ৰাৰ্থনা এবং যজ্ঞ সংশ্লিষ্ট 'নিবিং' প্ৰভৃতি বুৰায়। 'ব্রাহ্মণ' যলিতে মল্লের বিবিধ আলোচনা, বিবিধ যাগ যভেরে প্রক্রিয়ার বিস্তৃত বিবরণ, মল্লের যাগে বিনিয়োগ এবং ইতিহাস পুরাকীর্ভি দেবতা যভক্ষেত্র-নিষ্ঠ আলোচনা এবং শব্দের ব্যুৎপত্তি ও ছলোবিষয়ক বিশাল গলগ্রন্থ বুঝায়। বিশাল বলার ভাংপর্য এই, বেদের অন্তর্গত চারিটি অংশের মধ্যে মন্ত্র, আর্ণাক এবং উপনিষদ্ গ্রন্থরান্ধির বাহ্য কলেবর একতে চারি বেদের সমগ্র ব্রাহ্মণ গ্রন্থমালার অংশ্বিকও হইবে নাঃ দৃষ্টান্তখন্ত্রপ মাত্র একটি ব্রাক্ষণের উল্লেখ করিলেই বিষয়টি স্পষ্ট হইবে। শুকু যজুর্বেদের মাধ্যন্দিন শাখার একটি বাহ্মণের নাম শতপথ বাহ্মণ; ইহাতে একশত অধ্যায় আছে। ইহা ব্যক্তীত প্রতি বেদের কয়েকটি করিয়া ব্রাহ্মণ আছে, যথাস্থানে তাহা ৰিৰ্ভ হইবে : ত্ৰাহ্মণগ্ৰন্থোক্ত যাগ্যজ্ঞাদি কৰ্মকাণ্ড হইতে যথন বৈদিক यूर्गत आर्यगर्गर हिल छानर्यारगत मिर्क आकृष्ठ इहेम एथन आंत्रगारकत উৎপত্তি হয়। দ্রব্যযক্ত হইতে জ্ঞান্যজ্ঞের ও উপাসনার প্রাধান্য আরুণ্যকে দৃষ্ট হয়। ত্রাহ্মণগ্রন্থোক্ত যাগমজ্ঞেব বাহার্থ পরিহার করিয়া জ্ঞান-যোগমুখে আরণ্যকে আধ্যাত্মিক ব্যাখ্যা করা হইহাছে: আরণ্যকে যে জ্ঞানযোগ ও অধ্যাদ্মবিদ্যার সূত্রপাক্ত, উপষিদে তার প্রাকাষ্ঠা। সৃষ্টিৎ ত্বু, আত্মা অনাত্মার বিচার, পরমাত্মা জীবাত্মার তত্ত্ব, ব্রহ্ম ও মোক্ষ তত্ত্ব প্রভৃতি অধ্যাত্মবিদ্যা উপনিষদে আলোচিত হইয়াছে। ত্রাহ্মণ ও উপনিষদের মধ্যবন্ত্রী স্থান আরণ্যক অধিকার করিয়া রহিয়াছে। আরণ্যক ও উপনিষদ্ অনেকাংশে সমগোলীয় 'ও উভয়ের মুখ্য উদ্দেশ্য এক বলিয়া Winternitz (ভিন্টারনিংস) প্রভৃতি কভিপয় পাশ্চান্তা পণ্ডিড এই হুইটিকে গোষ্ঠীভুক্ত করিয়া সমগ্র বৈদিক সংহিত্যের চারিটি বিভাগ না করিয়া ভিনটি বিভাগ করিয়াছেন ; (১) মন্ত্র (২) ত্রাক্ষণ (৩) আরণ্যক ও উপনিষদ্।

উপরের আলোচনা হইতে বেদের হুইটি প্রধান বিভাগ, কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড স্পষ্ট প্রতীত হয়। ৱাকাণ গ্ৰন্থে প্ৰধানত: বেদের গ্রহটি বিভাগ, যাপযজ্ঞাদি ক্রিয়াকাণ্ডের বিবরণ পাওয়া যায়, ডজ্জন্য কৰ্মকাণ্ড ও জ্ঞানক†ণ্ড তাহাকে কর্মকাণ্ড বলা যাইতে পারে। বিশেষতঃ উপনিষদে জ্ঞানযোগেক আন্তেশ্চনা মুখা বিষয়ক্ত; ডজেকা ভাচাকে জ্ঞানকাণ্ড আখ্যা দেওয়া হইয়া থাকে। কর্মকাণ্ডপ্রধান ব্রাহ্মণগ্রন্তরাজি এবং জ্ঞানকাপ্তপ্রধান উপনিষদ্ হইতে চুইটি প্রধান ভারতীয় দুর্মনের উদ্ভব হইয়াছে ৷ বেদের ব্রাহ্মণভাগকে অবলম্বন করিয়া পূর্বমীমাংসা দর্শন রচিত হইয়াছে। ভাহার রচয়িভা জৈমিনি ঋষি। এই দর্শনকে কর্মনীমাংসা বা ধর্মনীমাংসাও বজা হইয়া থাকে। বিভিন্ন ত্রাহ্মণ গ্রন্থের প্রবদনে আপাড় দৃষ্টিতে যে সকল বিরোধ দৃষ্ট হয় তাহার সমন্ত্র এই দর্শনে করা হইয়াছে এবং বেদেব প্রামাণ্য স্থাপিত হইয়াছে। তুইভাগ হইতে তুইটি উপনিষদ্রাজিকে অবলম্বন করিয়া উত্তরমীমাংসাদর্শন मर्नेदनत्र উৎপত्ति. পূর্বম মাংসাও বেদান্ত- রচিত চইয়াছে। রচয়িতা বাদবায়ণ ঋষি। কিংবদ্ভী-মতে মহর্ষি কৃষ্ণদৈপায়ন বা বেদব্যাদেরই আর একটি নাম বাদরায়ণ। এই দর্শনের অপর নাম ব্রহ্মমীমাংসা বা কেদাভদর্শন এবং সূত্রগুলির নাম ব্রহ্মসূত্র। উপনিষদ সমূদ্রের প্রাক্তনে আপাতঃ দৃষ্টিতে যে সকল বিবোধ প্রতিভাত হয় তাহাব সমাধান ও সমন্বয় এবং ব্রহ্মতত্ত্ মোক্ষতভাদি প্রতিপাদন বেদান্ত দর্শনের মুখ্য বিষয়বস্তা। দেখা গেল ত্রাক্সণ গ্রন্থরাজি পুর্বমীমাংসা দর্শনের প্রধান উপজীব্য এবং উপনিষদ্নিচয় উত্তর মীমাংসা বা বেদাভদ্পনের প্রধান উপজীব্য। সনাতন ধর্মগ্রন্থের বিশ্ববিশ্রুত আমিদ ভগবদ গীতা উপনিষ্ণু সমূহের সার স্বরুপ। এইজয়া বলা হইয়াছে,---

> "সর্বোপনিষদে গাবে দোয়া গোপালনন্দন ঃ পার্থো বংসঃ সুধীর্ভোক্তা হুগ্ধং গীতামৃতং মহং ॥"

উপনিষদ্সকল গাভী স্বরূপা। গোপালনন্দন নরকলেবরধারী তগবান্ প্রীকৃষ্ণ সেই গাভীগুলি দোহন করিয়াছেন: সেই অমৃতবন্ধ চুগ্ধ হইল গীতা। বংসের কায় অর্জুন সেই হুগ্ধ গীতামৃত পান করিতেছেন এবং সুধীগণ তাহা ভোগ করিতেছেন। অর্থাৎ বংসের (বাছুরের) সাহায়্য বাতীত ষেমন হুধ দোহান যায় না তেমনই গীতামৃতরূপ হুগ্ধ নিঃসারণে শ্রোতা অর্জুন নিমিত্যথাত।

কর্মকাণ্ডে ত্রাহ্মণগ্রন্থে যাজ্ঞার ভূষণী প্রাশংসা প্রুত হয়, যেমন ঐতরেয়-ত্রাক্সণের উক্তি, "যজ্ঞো বৈ সূত্র্মা নৌঃ" অর্থাং যজ্ঞকণ নৌকা মানুষকে সুখে অনায়াসে ভবনদী পার করে। উপনিষদে ক্রিয়াবহৃদ যাগযজ্জের নিন্দা ও জ্ঞানের প্রশংসা বিঘোষিত। মুগুক-উপনিষদের প্রবচন, 'প্রবা হোতে অদৃঢ়া যজ্জরপাঃ (>-২-৭)' অর্থাং যজ্জরূপ নৌকা দৃঢ় নহে, তাহা ভবসাগর পার করিতে সক্ষম নহে। একমাত্র জ্ঞানরূপ তর্ণী অবদম্বনে ভ্রসাগর পার হওয়া যায়।

এখন আমরা মন্ত্র, ব্রাহ্মণ, আরণ্যক উপনিষদের লক্ষণ বিশেষরূপে আলোচনা করিব।

মন্ত্র মন্ত্র বলিতে থক্, সাম, যজুং ও অথর্ব এই চারি বেদের সংহিতা অংশকেই বুঝায়। মন্ত্র শক্টি মন্ ধাতৃ নিপ্সন্ন। 'মনন' হইতে মন্ত্র কথাটি আসিয়াছে। ভয়টি বেদাঙ্কের মধ্যে নিরুক্ত একটি। রচয়িতা যাস্কথামি। বেদের অন্তর্গত বহুশব্দের নিরুক্তি বা নির্বচন বা বুাংপত্তি এই গ্রন্থে দৃষ্ট হয়। মন্ত্র শক্টির নির্বচন প্রসঙ্গে বান্ধে বলেন, 'মন্ত্রা মননাং' নিরুক্ত (৭-১২-১); মনন হইতে মন্ত্র শক্টির উৎপত্তি। যাহা হইতে কর্ম ও ভদনুষ্ঠানোপযোগী উপকরণ দ্রবাদি এবং অনুষ্ঠানের ফলদাত্রী দেবতার মনন (জ্ঞান) জন্মে তাহাকে মন্ত্র বলে। নিরুক্তের টীকাকার হুর্গাচার্য্য বলেন বেদের মন্ত্রসমূহ হইতে আধিদৈবিক, আধ্যাত্মিক ও আধিয়াজ্ঞিক (যজ্ঞসংক্রান্ত) বিষয়াবলীর মনন বা বোধ উৎপন্ন হয়। মন্ত্রসকল যথার্থরূপে বিনিযুক্ত হইলে ভবেই অভীষ্ট ফল দান করিতে সমর্থ হয় বলিয়াই মন্ত্রকে 'মন্ত্র' বলা হয়; ইহাই মন্ত্রের মন্ত্রত।

এই মন্ত্র ঋগ্বেদাদির চারিপ্রকার বিভাগহেতু ঋক্, সাম, যজুঃ ও অথর্ব চতুর্বিধ নামে প্রসিদ্ধ । প্রথম অধ্যায়ে এই চারিপ্রকার মন্ত্রের পৃথক্ পৃথক্ লক্ষণ প্রদর্শিক হইয়াছে। মন্ত্রের অপর নাম 'সংহিতা'। প্রতি বেদের মন্ত্র অংশকে ভজ্জন্য সংহিতাও বলা হইয়া থাকে; যথা,—ঝগ্বেদ প্রভৃতির মন্ত্রাংশকে ঝক্সংহিতা, সামসংহিতা যজুঃসংহিতাও অথর্বসংহিতা বলা হয়। প্রথমে বেদ অখণ্ড ছিল, অনন্তর ভগবান্ বেদব্যাস তাহাকে ঝক্, সাম, যজুঃ ও অথর্ব এই চারি খণ্ডে বিভক্ত করেন। সুপ্রাচীন কাল হইতে এই কিংবদন্তী চলিয়া

আদিতেছে এবং মহাভারতে ও পুরাণে এই কিংবদন্তীর বেদবাসকর্তৃক বেদ বিভাগ সমর্থন শ্বরূপ প্রবচন দৃষ্ট হয়। মহর্ষি কৃষ্ণবৈপায়ন বেদ

বিভাগ করিয়াছিলেন বলিয়াই তাঁহার 'বেদব্যাস' নাম হইয়াছিল। বেদব্যাস নামটি অর্থসংজ্ঞা অর্থাং যে কার্য্যের জন্ম ঐ নাম হইয়াছে তাহার স্পক্ট ইলিত নামের মধ্যে রহিয়াছে। শ্রীমন্তাগৰতে উক্ত হইয়াছে,—

> 'পরাশরাং সভ্যবভ্যামংশাংশক্ষমা বিভূ: অবভীর্ণো মহাভাগো বেদং চক্রে চভূবিধম্।' ১২-৬-৪৯

অর্থাৎ ঋষি পরাশরের ঔরসে সভাবতীর গর্ভে বেদব্যাসের রুংগ প্রথেশ বিভূ অবতীর্ণ হইয়া বেদকে চারিভাগে বিভক্ত করিলেন। পরবর্তী স্লোকে বলিভেছেন,—

> 'ঋণথব্যজ্বঃসায়াং রাশীরুদ্ধত্য বর্গশঃ। চভস্রঃ সংহিতাশচক্রে সূত্রে মণিগণ ইব ॥' ১২ ৬ ৫০

বেদবাসে সেই এক অখণ্ড অনাদি বেদ হইতে ঋক্, অংর্ব, যজুঃ ও সাম মন্ত্রগুলিকে উদ্ধান করিয়া পৃথক বর্গে চারিটি সংহিতা করিলেন। চারিটি যে সম্পূর্ণ পৃথক্ পৃথক্ নহে, চারিটির মধ্যে যে একত্ব অনুসৃত্ত আছে, সেদত্বলক্ষণ-সূত্রে চারিটির যে আপাতদৃষ্ট পার্থক্যের মধ্যে ঐক্য প্রতিষ্ঠিত আছে ইহা বুকাইবার জন্ম 'সূত্রে মনিগণ ইব' উপমাটি দিয়াছেন। বিভিন্ন মণিসংযোগে রচিত হইলেও যে সূত্রহারা মণিগুলিকে গাঁথা হইয়াছে সেই সূত্রটি এক ও অখণ্ড, ভদ্রপ বেদ চতুষ্টয়ে বেদত্বরূপ একত্ব বিরাজিত স্থিপুরাণ, বায়ুপুরাণ প্রভৃতি পুরাণেও এই কিংবদন্তীর উল্লেখ আছে। মহাভারত প্রবনন,—

'বিব্যাসৈকং চতুর্ধা যো বেদং বেদবিদাং বরঃ !' বেদবিদ্গণের শ্রেষ্ঠ যে বেদবাস এক বেদকে চারি ভাগ কবিয়াছিলেন।

ব্ৰাহ্মণ ঃ পূৰ্বেই উক্ত হইয়াছে মন্ত্ৰ ও ব্ৰাহ্মণ, এই চুইটি লইয়াই বেদ।
ব্ৰাহ্মণ শব্দটির বিভিন্নবৃংগত্তি ও ভিন্ন ভিন্ন গাখ্যা দৃষ্ট হয়। ব্ৰহ্মন্ শব্দ
হইতে 'ব্ৰাহ্মণ শব্দটি নিজ্পন্ন হইখাছে। ব্ৰহ্মন্ শব্দের বিবিধ অর্থমধ্যে বেদ
ও ব্ৰাহ্মণ অর্থও আছে। কেই কেই বলেন ব্ৰহ্মন্ অর্থাৎ বেদ, বেদের সহিত
সংশ্লিষ্ট বা সম্বন্ধ বলিয়াই 'ব্ৰাহ্মণ' নাম ইইয়াছে। অপর একদল 'ব্ৰহ্মন্'
বলিওে এক্ষেত্তে ব্ৰাহ্মণ শুরোহিও ব্ৰহ্মাছেন। যজ্ঞে পৌরোহিত্য ব্ৰাহ্মণদেরই
বৃত্তি ভিলা। সেই ব্ৰাহ্মণ শুরোহিও ব্ৰহ্মাছেন। যজ্ঞে বিবিধ ক্রিয়াকাণ্ড সম্বন্ধে
উক্তিরাজি যে শাল্রে লিশিবন্ধ আছে তাহার নাম 'ব্ৰাহ্মণ'। এই ব্যাধ্যা
ফুক্তিসক্ষত। ব্ৰহ্মন্ শব্দের ব্ৰাহ্মণরূপ অর্থ সম্বন্ধে কোন সন্দেহের অব্বহাশ
নাই। এ বিষয়ে বহু প্রমাণ আছে। যজ্ফুর্বেদের

প্রাহ্মণ শব্দের বৃঃৎপত্তিগত অর্থ

প্রখাদে শতপথ বাহ্মণের উচ্চি. 'বক্ষা বৈ বাহ্মণঃ' অর্থাৎ বহ্মন্ই বাহ্মণ। পাণিনিবাংকরণের মহাভায়রচয়িতা ঋষি

পতঞাল পাণিনি দূত ৫-১-১ ব্যাখ্যা প্রসক্ষে বলিতেছেন, 'সমানার্থাবেডোঁ ব্রহ্মন্শকো বাহ্মণশক' অর্থাং ব্রহ্মন্ ও ব্রাহ্মণ শক্ষ একই অর্থ ব্রহায়। প্রসিদ্ধ বেদজ্ঞ পণ্ডিত স্থামী দহানন্দ সরস্থতী তাঁহার রচিত ঋণ্ডোফ্ত ভূমিকায় এই বিষয়ে লিখিয়াছেন, 'ব্রহ্মতি ব্যাহ্মণানাং নামান্তি। অত প্রমাণম্। ব্ৰহ্ম বৈ ব্ৰাহ্মণঃ'। ব্ৰাহ্মণদেৱই একটি নাম ব্ৰহ্মন্। এ বিষয়ে শতপথ ব্ৰাহ্মণের উক্তি 'ব্ৰহ্ম বৈ ব্ৰাহ্মণঃ' প্ৰমাণ। ু

মাটিন হগ (Martin Haug) প্রভৃতি কডিপয় বিদ্বান্ 'ব্লান্' শব্দটি সকল পুরোচিত অর্থে না ধরিয়া কেবল যজ্ঞেব অধ্যক্ষ ও পুরোচিতগণের প্রধান 'ব্রহ্মা' নামক পুরোহিতের অনুশাসন বা উক্তি বুঝিয়াছেন। এই অর্থ ধরিকে একটি দোষ হয়। অক্ষা নামক যজ্ঞের পারিচালক পুরোহিত তিংবেদবিদ; ঋক্, সাম ও যজুংবদৈ তিনি কৃতবিদ্য। অথর্ববেদ বাদ যায় কিন্তু বেদ বলিতে চাবিবেদ এবং ব্রাহ্মণ বলিতে চারিবেদের সকল ব্রাহ্মণ বোধা। ব্রাহ্মণগ্রন্থ-রাজিতে ব্রহ্মা ব্যতীত হোতা, উদ্গাতা, অধ্বয়ুর্ণ প্রভৃতি যথাক্রমে ঋগ্বেদীয়, সামবেদীয় ও যজুর্বেদীয় পুরে।হিভগণের উক্তি ও কর্ত্তব্য লিপিবদ্ধ আছে। পুরোহিত সম্বন্ধে জীলোচনাকালে আখ্রা এই সকল পুরোহিডগণের লক্ষণ ও কর্ত্তব্য আলোচনা করিব ৷ অতএব ব্রহ্মন্ শব্দে এখানে সকল পুরোহিতরূপ অর্থই মুক্তিযুক্ত। ঝগ্ডায়-ভূমিকায় আচার্য দয়ানন্দ সরস্থতী ব্রাহ্মণের লক্ষণ সক্তরে ভিন্ন ভিন্ন মত আলোচনা করিয়া অনুরূপ সিদ্ধান্ত করিয়াছেন। ভাঁহার সিদ্ধান্ত 'চতুর্বদবিক্তিত্র'ক্ষভি ত্রণিক্ষণৈমহর্ষিভিঃ প্রোক্তানি যানি বেদব্যাখ্যানানি ভানি আক্ষণানি'। চতুর্বেদবিদ্ মহযি আক্ষণগণের বেদব্যাখ্যানের নাম আক্ষণ। স্থনামধন্য বেদাচার্য সভাত্তত সামশ্রমী মহোদয়ও তাঁর 'ঐতহ্যেশটোচনম' এস্থে দয়ানন্দ সংস্কৃতীর এই মত সমর্থন করিয়ণভেন ৷ সামশ্রমীর সম্পাদিত ঐতেরেয় ভাকাণের অপূর্ব সংস্করণের সুদীর্ঘ ভূচি কার নাম 'ঐতরেয়ালোচনম্'; 'ভাকাণ' শব্দের ব্যুৎপত্তিগত আলোচনা করা হইল ৷ ৩খন ত্রাক্ষণের লক্ষণ বিচার করা হইতেছে। ত্রাহ্মণ গ্রন্থের বিবিধ লক্ষণ বা বিষ্তি (definition or descrip-

ব্ৰাহ্মণগ্ৰ**ন্থে** লক্ষণৰিচার tion) পূর্বাচার্যগণ দিয়াছেন। পূর্বমীমাংসাকার জৈমিনি ব্রাহ্মণের লক্ষণ প্রসঙ্গে সূত্র করিয়াছেন 'খেষে ব্রাহ্মণশব্দঃ (পুঃ মী, ২-.--ংঃ)'। খেষে অর্থাৎ অবশিষ্ট অংশে;

মন্ত্রব্যতীত বেদের শিই অংশের নাম ব্রাহ্মণ: সায়নাচার্যকর্তৃক সমর্থিত এই লক্ষণ হইতে ব্রাহ্মণভাগের কোনও বিশিষ্ট পরিচয় পাওয়া যায় না। ব্রাহ্মণ বলিতে কি বুঝিব, ভাহাতে কি কি বিষয়ের আলোচনা আছে ইত্যাদি জিজ্ঞাসার উত্তর জৈমিনিপ্রদত্ত উক্ত লক্ষণে পাওয়া যায় না। আপত্তম্ব বলেন, 'কর্মচোদনা ব্রাহ্মণানি' অর্থাৎ যাগ্যজ্ঞাদি ক্রিয়াকলাপের চোদনা যে গ্রেছে আছে ভাহাই ব্রাহ্মণ। 'কর্মচোদনা' কথাটির ব্যাখ্য প্রসঙ্গে আপন্তম্ব বেদের বাহ্মণভাগের বিস্তৃত বিষর্গ দিয়াছেন। তাঁহারু মতে মুখ্যতঃ

ছয়টি বিষয় বাজাণে আলোচিত হইয়াছে, যথা,—বিধি, অর্থবাদ, নিন্দা, বাজাণের আলোচ্য প্রশংসা, পুরাকল্প ও পরকৃতি। এই ছয়টি বিষয় ব্যাখ্যা ^{ছর্টি বিষয়} করিলে ব্রাক্ষাণের আলোচ্য বিষয়গুলি সম্বন্ধে সৃস্পই ধারণা জ্বাইবে।

বিধিঃ বিশেষ বিশেষ কর্ম অনুষ্ঠানের জন্ম যে নির্দেশ বা চোদনাবাক্য ক্রুড হয় তাহাই বিধি। নির্দেশসূচক বলিয়াই বিধি বাক্যগুলির ক্রিয়ায় বিধিলিঙ্ক, লোট্ প্রভৃতির ব্যবহার দৃষ্ট হয়, যথা— 'গজেড' যজ্ঞ কর, 'শংসেং' আবৃত্তি কর, ইত্যাদি প্রবচন। 'স্বর্গকামোহশ্বমেধেন যজেড' 'স্বর্গকামী ব্যক্তি অস্থ্যমধ্ব মজ্ঞ করিবে।' 'বৃত্তিকামো কারীহ্যা যজেড'। 'যে বৃত্তি কামনা করে (অনাবৃত্তি কালে) সেকারীরী মজ্ঞ করিবে'; ইত্যাদি প্রবচন বিধি বাক্য।

<u>অথ্বাদ</u>ঃ বেদমন্ত্রের অথ্প্রসঙ্গে এবং বিবিধ ক্রিয়াকাণ্ড সম্পর্কে বাহ্মণ-প্রস্থেষ্ঠে সকল ন্যাখ্যা দৃষ্ট হয় তাহাকে অথ্বাদ বলা হয়। এই ব্যাখ্যানভাগ ব্যাহ্মণের অধিকাংশ অধিকার কহিয়াছে এবং এই ব্যাখ্যানভাগই ব্যাহ্মণ প্রস্থের আলোচনাত্মক বা অনুশীলনাত্মক (speculative) অংশ। ইহার মধ্যে দর্শনগড,

ব্যাকরণ ও ভাষাতত্ত্বনিষ্ঠ আলোচনা দৃষ্ট হয়। এই সকল অর্থবাদপ্রবচনে পরবর্তী দর্শন, ব্যাবরণ ও ভাষাতত্ত্বের বীজ নিহিত আছে। একটি দৃষ্টান্ত দিয়া বিষয়টি প্রতিপন্ন করিলে সহজ্ববোধা হইবে। প্রাক্ষণ গ্রন্থে প্রায়ই উক্ত হইয়াছে যে অগ্নিহোত্র, গবামখন প্রভৃতি যজ্জ করিলে যজমান অর্থাৎ যিনি যক্ত করেন ভিনি সেই যজ্জের অধিষ্ঠাত্ত্রী দেবভার সহিত সাযুজ্য, সারূপ্য ও সালোক্য লাভ, করেন। সাযুজ্য, সারূপ্য ও সালোক্য ত্রিবিধ ঐক্যের বা ভাদাব্যোর কথা বলা হইছাছে কিন্তু রাজ্মণে এই ত্রিবিধ ঐক্যের গভীর আলোচনা পাওয়া যায় না। পরবর্তী কালে ভারতীয় দর্শনশাস্ত্রে এই তিনটি শব্দ মোক্ষ বা কৈবল্যের ভিনটি বিভিন্ন অবস্থারূপে বর্ণিত হইখাছে এবং বৈষ্ণবদর্শনের মোক্ষতত্ত্বে বিশেষস্থান অধিকার কবিয়াছে।

নিন্দা: বিরোধী মতের সমালোচনা, খণ্ডন ও পরিহারকে নিন্দা বলে।
ইহাতে প্রতিপক্ষদপের মডের নিন্দা ও দোষ দেখান হইয়া থাকে। ত্রাহ্মণ প্রস্তের বিতর্কবছল পরমভখণ্ডন, স্বমভন্থাপনাত্মক অংশগুলি নিন্দা শব্দে বুঝিতে হ ইবে। কোন কোন মন্ত্রের প্রকৃতি অর্থ বিষয়ে, সৃষ্টেনির্বাচন বিষয়ে এবং ক্তকগুলি হোম বা যজ্ঞের প্রক্রিয়া বিষয়ে ভদানীত্তন পুরোহিভদিগের মধ্যে মতভেদ ছিল, এবং তাহা স্থাভাবিক । এক ব্রাহ্মণের উক্তি বা নির্দেশ

অন্য ব্রাহ্মণে খণ্ডিত হইয়াছে । এইরূপ বহু দৃষ্টান্ত আছে ।

'তং তথা ন কর্ত্তব্যম্' 'সেই প্রকারে ভাহা করিবে না',
'তং তথা ন হোতব্যম্' 'ভাহা ঐ প্রকারে আছতি দিবে না', 'তদ্রপে আর্ত্তি
করিবে না' ইত্যাকার ব্রাহ্মণ বাক্য নিন্দাসূচক । শুক্র-যজুর্বেদের শতপথব্রাহ্মণে কৃষ্ণ-যজুর্বেদের ভৈত্তিরীয় ব্রাহ্মণের বহু বিধানের ও বাক্যের খণ্ডন
দেখিতে পাওয়া যায় ।

প্রশংসা : প্রশংসা অর্থে স্তৃতি এবং যাহার স্তৃতি করা হয় সেই ক্রিয়ার অনুমোদন করা হয়। কোনও ক্রিয়া বা অনুষ্ঠান বিশেষের (R) 업**파**ংস1 প্রশংসার ভাংপর্য সেই ক্রিয়ার সম্পাদনজ্ঞ চোদনা। যাহা প্রশংসিত তাহা উপাদেষ ও করণায় এবং যাহা নিন্দিত তাহা হেষ ও পরিহার্য। 'যং ভূষতে ওদ্বিধীয়তে, যল্লিন্যতে তল্লিষিধ্যতে।' প্রশংসিত শ্রোতক্ষাদি করা উচিত এবং নিন্দিত কর্ম বর্জন করা উচিত। ব্রাহ্মণ গ্রন্থে যে সকল বাকে; যজের অনুষ্ঠানবিশেষ প্রকৃতজ্ঞান মহ সম্পাদন করিলে উল্পিত ফললাভ হয় বলিয়া কথিত চইয়াছে সেই সকল প্রবচন প্রশংসার অন্তর্গত। ভজ্জাতীয় ব্ৰাহ্মণবাক্যে প্ৰায়শঃই 'য এবং বেদ', 'যে ইহা জানে' এই বাক্যাংশ শুভ হয়। পুরাকল্প: অতি প্রাচীনকালে প্রাগৈতিহাসিকযুগে যে সকল সম্পাদিত হইয়াছিল তাহাদিগকে 'পুরাকল্প' সংজ্ঞা দেওয়া হইয়াছে। দেবতা-গণের অনুষ্ঠিত যাগ-হোমাদি শ্রৌতক্রিয়াকাণ্ডের যে সকল (৫) পুরাকল কাহিনী বা পুরাবৃত্ত ভালাণগ্রন্থে উল্লিখিত হইয়াছে সেই-সকল বৃত্তান্তও পুরাকল্পের অন্তর্ভুক্ত। দেবতাগণকর্তৃক সম্পাদিত বিধিধ যজ্ঞ-বৃত্তান্ত প্রত্যেক ভ্রাহ্মণে বিশেষ স্থান অধিকার করিয়া রহিয়াছে। মনুষ্ঠাণ যজ্ঞ অনুষ্ঠান আরম্ভ করার বহুপূর্বে দেবগণ যজ্ঞ করিয়াছিলেন এবং দেবভানুষ্ঠিত সেই সকল যজাই পরবর্তীকালে ততংযাগসম্পাদনে মনুয়গণের আদর্শস্বরূপ ত্তীয়াভিল। আদিপুরুষ বা প্রজাপতি সৃষ্টিসূচনাকালে সর্বপ্রথম যজ্ঞ করিয়া-ছিলেন এবং সেই প্রথম যজ্ঞ হইতে বিরাট্চভুর্বেদ, বর্ণচভুষ্টয়, গ্রাম্য ও অখাখ পত্ত, পক্ষী. পঞ্চ মহাভূত, সূর্য, চল্র, অন্তরীক্ষাদি চরাচর বিশ্বব্রহ্মাণ্ড উৎপন্ন হইয়াছিল। দেবাসুর মুদ্ধের বিবরণাদিও এই লক্ষণের অন্তর্গত। মার্টিন হল, ভিল্টারনিংস্ প্রভৃতি প্রতীচ্যের কয়েকজন পণ্ডিত এই দেবাসুরমুদ্ধের একটি ঐতিহাসিক ব্যাখ্যা দিবার চেন্টা করিয়াছেন। তাঁহারা 'দেব' দকে ভারতীয় আর্যগণকে এবং 'অসুর' শব্দে আর্যগোষ্ঠীর ইরাণী আর্যগণকে বুঝিয়াছেন।

বৈদিক আর্যগণ বেদের সৃক্ত দারা দেবগণের স্তুতি ও আবাহন করিয়াছেন ভজ্জা 'দেব' শব্দ ভারতীয় আর্যগণের প্রতীক। জ্বরপুশ্ত ধর্মাৰদ্বী ইরাণীয়-গণের উপাতা পরমপিতার নাম অহরমজন্দা অর্থাৎ অসুরমহদ্ধ্যায়ী। 'অসুর' শব্দই 'অহর' শব্দে রূপান্ডরিত হইয়াছে। আর্যগোষ্ঠীর হুটি শাখা ভারতীয় আর্যগণ ও ইরাণীয়গণ ত্রাহ্মণগ্রস্থ প্রকাশের পূর্বে সিন্ধু বা সরস্বত উপত্যকায় সুবাস্ত জনপদে একত্রে বসবাস করিও। ক্রমশঃ যজ্ঞ ও অগ্নিনিষ্ঠ কয়েকটি অনুষ্ঠান লইয়া তাহাদের মতভেদ হয়। আর্যগণ অগ্নি পাবক ও চিরপ্রিত্র বলিয়া সমস্ত আহুতিই অগ্নিকুণ্ডে প্রক্ষেপ করিতেন কিন্তু ইরাণীয়গণ তাহাদের সমত্রবক্ষিত 'আডশ্' বা অনিৰ্বাণ অগ্নিতে কখনও কিছু আছতি দিত না যেছেতু অগ্নি চিরপবিত্র। এই সকল মত:ভদের জন্ম বিরোধ দেখা দেয় ও আর্য ইরাণীয়গণ সিন্ধু উপভাকা তাাগ করিয়া ইরাণ অভিমুখে যাত্রা করেন। বেদের 'দেব' শব্দ ইরাণীয়-দের জরপুশ্ত ধর্মের বেদকল্ল ধর্মগ্রন্থ জন্দ আবস্তায় 'দএব' রূপ ধারণ করিয়াছে, এবং তাহাব অর্থ অসুর বা দৈতা; আবার ভারতীয় আর্যগণের 'অসুর' শব্দ আবস্তায় 'আছর' রূপ লইয়াছে এবং ভাহার অর্থ দেবতা। সপ্তাসন্ত্রর দেশ হইতে ভাহারা ইরাণে গিয়াছে এই বিষ্থের উল্লেখ আহস্তায় আছে। 'সপ্তসিল্পু' = कটি আবস্তায় 'হপ্তহিন্দু' শব্দে পরিণত হইয়াছে। আর্য-সভাতার ইতিহাসে এই চুই শাখার বিরোধ ও ইরাণীয় শাখার সিদ্ধু উপত্যকা পরিত্যান অতি গুরুত্বপূর্ণ ইভিবৃত্ত ৷

পরকৃতি: বান্সণের অন্তিম বা ষষ্ঠ লক্ষণ 'পরকৃতি'; পরস্থ কৃতি:
পরকৃতি:। পরের কৃতি বা কার্যকে পরকৃতি বলে। এস্থলে যজ্ঞে অভিজ্ঞ খাতেনামা শ্রোত্রিয় বা পুরোহিতগণের কার্তি, বিশ্রুত নুপতিগণের যজ্ঞ, দান, দক্ষিণা
ইত্যাদির অলোকসামান্ত কার্তি প্রভৃতি পরকৃতি শব্দেশ
বৃদ্ধিতে হইবে। প্রথিত্যশা যজ্ঞমানদের যজ্ঞসম্পাদন ও
দক্ষিণাজন্থ ঐতিক ও পারলোকিক সাফল্যও পরকৃতির অন্তর্ভুক্ত। ঐতরেয়ভাক্ষণের পঞ্চম পঞ্চিকার উনচল্লিশ অধ্যাহে পুরাকালের বছ খ্যাতনামা
পুরোহিত্বের পরকৃতি ও প্রথিত্যশা ভূপতির এতাদৃশ কার্যাবলী কার্ত্তিত
হইগ্রতে

অঙ্গনামক রাজাকে উদময় নামক পুরোহিত রাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন। সেই রাজা দক্ষিণাররূপ অফাদীটি(৮৮) শ্বেত জন্ম, দশহাজার হন্তী, দশ হাজার রর্ণহার শোভিতা ধনিকপুরী (আচাচ্ছিতা) দান করিয়াছিলেন। এইরূপ বহু পরকৃতি ঐতরেয় ব্রাহ্মণে লিপিবদ্ধ আছে।

পুরাকল ও পরকৃতি প্রায় এক গোপ্তীর, উভয়ের মধ্যে পার্থক্য সামাশ্য।

শুরাকল ও পরকৃতির

গার্থক্য

মীমাংসকগণ বলেন বছ ব্যক্তির (বছ ক্ষ্তিয়ের, বছ

বাহ্মণের, দেবতাগণের বা অসুরগণের) বীরত্ব্যঞ্জক ও অস্থাস্থ কার্য্যাবলীকে পুরাকল্প বলা হয়; আর, এক এক ব্যক্তির বিবিধ কীর্ত্তি-

অসাম কার্য্যবিদ্যীকে পুরাকল্প বলা হয়; আর, এক এক ব্যক্তির বিবিধ কীর্ত্তি-কলাপকে পরকৃতি বলা হয়। পুরাকল্পের বেলায় কর্তার বাছল্য, পরকৃতির বেলায় কর্ত্তা একক কিন্তু ক্রিয়ার বাছল্য। পরকৃতিকে পরক্রিয়াও বলা হয়।

উপরে আলোচিত ত্রাহ্মণগ্রস্থের শ্বরূপনির্দ্ধাংক ছয়টি লক্ষণকে কেহ কেহ

মাত্র বিধি ও অর্থবাদ হুইটি লক্ষণে পর্যবসিত করিয়াছেন। ছয়টি লক্ষণ বিধি ও অর্থবাদের অন্তর্গত অর্থবাদ, নিন্দা, প্রশাসয় ও পরকৃতি অর্থবাদের

অভিভূত । নিদ্দা, প্ৰশংসা, পুরাকল্প ও পরকৃতি অর্থবাদেরই ভিন্ন ভিন্ন রূপ ; অতএব বিধি ও অর্থবাদ বলিলেই ছয়টি লক্ষণই তদভুগত হইবে।

অনেকের ধারণা ত্রাহ্মণগ্রন্থগুলিতে কেবল যাগযজ্ঞের কথাই আছে। পাশ্চান্তা পণ্ডিডদের মধ্যে কেহ কেহ ত্রাহ্মণকে 'manual of sacrifice' অর্থাং

ভারতীয় সংস্কৃতি ও সভ্যতাব ইতিহাসে বাহ্মণগ্রস্থের গুরুত্ব যজ্ঞের প্রক্রিয়াপঞ্জী বলিরাছেন। কেই কেই ত্রাহ্মণকে
'Theological twaddle' ঈশ্বর ও পরলোক সম্বন্ধে
অর্থসূত্র-শন্ধাড়ম্বরমাত্র বলিয়াছেন। প্রকৃতপক্ষে ত্রাহ্মণগ্রন্থ
আন্ত্রান্ধান্তর দেখিতে পাওয়া যায় কেবল যাগ্যক্ষ

বা ক্রিয়াকাণ্ডের কথা নহে, প্রাচীন ভারতীয় সংস্কৃতি, সভাতার বহু তথ্য তাহাতে লিপিবদ্ধ রহিয়াছে। যাগযজ্ঞের বর্ণনা ছাড়াও বৈদিক ভারতের জাতিভেদ, অনুলোম প্রতিলোমাদি বর্ণের কথা, ক্ষত্রিয় ও রাহ্মণের প্রতিযোগিতা, প্রত্যেক বর্ণের জীবিকা ও বৃত্তি, শিক্ষা ও ছারজীবন, ভৌগোলিক পটভূমিকা, বিবাহসংস্কার, স্ত্রীক্ষাতির শিক্ষা ও জরুত্ব, বাণিজ্ঞা, কৃষি, অর্থনৈভিক অবস্থা, খাল, পানীয়, নৃত্যগাতবাদাদি ললিভকলা, রাজনীত ও মুদ্ধবিদ্যা, রাজ্যাভিষেকবিধি, বছ্প্রকার রাজ্য ও রাজ্যার ক্রমনির্ণয়, সাম্রাজ্ঞা, সার্বভৌম আধিপত্য, তংকালীন পঞ্জিকা, ভৈষজ, উদ্ভিদ, পত্রপক্ষী, স্থাগত্যবিদ্যা, নৌবিদ্যা, অপরাধ ও শান্তি, ভাষাতত্ব, বিবিধ প্রকারের সাহিত্য, শৈব ও বৈক্ষর সম্প্রদায়ের উৎপত্তি, মৃতদেহ সংকারবিধি প্রভৃতি বৈদিক আর্যগণ্ডের বৃহ্মণুলী কৃষ্টি ও সত্যভার অমূল্য আকর ব্রাহ্মণগ্রহুরাজিন্ত মহামতি ম্যাকস্মূলার (Max Muller) তাঁহার 'History of Ancient Sanskrit

Literature' গ্ৰন্থে বলিয়াছেন.—'ব্ৰাহ্মণ গ্ৰন্থে স্থানে উচ্চাঙ্গের আধ্যাত্মিক চিন্তাধার। এবং আর্যজাতির ডদানীন্তন জীবন্ধারার যে সকল মূল্যবান তথ্য পাওয়া যায় পৃথিবীর অভা কোনও জ্ঞাতির প্রাচীন গ্রুছে তাহাদের প্রাচান কৃষ্টি ও জাবনধারার তাদৃশ কোনও তথ্য পাওচা যায় না) ব্ৰাহ্মণ গ্ৰন্থের বেদত্ব আছে কিনা ইহা লইয়া বাদানুবাদ দৃষ্ট ২য়। দয়ানন্দ সরস্বতী প্রমুখ কেচ কেহ বলেন সংহিতা বা মন্ত্রভাগের বেদত্ব আছে, ত্রাহ্মণের বেদত নাই। অর্থাং বেদ বলিতে সংহিতা বা মন্ত্র বুঝায়, ত্রাহ্মণ বুঝায় না। কিন্তু এই মত মুক্তিযুক্ত নহে। পূর্বাচার্যগণ ত্রাহ্মণের বেদত্ব স্পষ্টভাষায় স্বীকার করিয়া গিয়াছেন। পূর্বমীমাংসাসূতে জৈমিনি ত্রাক্ষণের লক্ষণ করিয়াছেন, 'শেষে ব্রাহ্মণশব্দঃ' অর্থাৎ বেদের মন্ত্রভাগ ব্যতীত শেষ ত্রাক্ষণগ্রস্থের বেদত্ব অর্থাৎ অবশিষ্ট অংশের নাম ব্রাহ্মণ। এই সূত্রে ব্রাহ্মণের বেদত সুপ্রতিপন্ন। অধিকন্ত বেদের কর্মকাণ্ড লইয়া পূর্বমীমাংসা দর্শন রচিত। এই দর্শনের যতওলি অধিকরণ, সমস্ত ত্রাহ্মণগ্রন্থের বিষয় ও প্রবচনাদি লইয়া রচিত, সংহিতা প্রবচন লইয়া রচিত নহে। অতএব দয়ানন্দ সরস্থতী যে ব্রাহ্মণের বেদত্ব অস্থাকার করিয়াছেন ভাহা সমীচান ও যুক্তিযুক্ত নহে।

আরণাক: অরণো উক্তমিতি ইতি আরণাকম্ অর্থাৎ যাহা অরণো উক্ত হয় তাহা আর্ণাক। পূর্বেই আলোচিত হই খাছে যে বেদের যাগ্যজ্ঞাদি কর্মকাণ্ড ত্রাহ্মণ গ্রন্থের প্রতিপাদ্য এবং অধ্যাত্ববিদ্যা, আর্ণাকের লকণ আত্মতত্ত্ব, ব্ৰহ্মতত্ত্ব, সৃষ্টিরহস্য প্রভৃতি জ্ঞানকাপ্ত আরণ্যক ও উপনিষদের প্রতিপাল। ক্রিয়াকাণ্ডের যাগযজ্ঞের বিবরণাদি আরণ্যক ও উপনিষদে পাওয়া যায় না। দ্রবাযক্ত আর্ণাকে জ্ঞানযক্তের রূপ লইয়াছে। একটি উদাহরণ দিলে বিষয়টি স্পষ্ট হইবে। বাহ্যক্রিয়াকাগুবহুল 'অগ্নিহোত্র' যজ্ঞকে ঋগ-্বেদের শাংখ্যায়ন নামক আরণ্যক নিয়লিখিত রূপে ব্যাখ্যা করিয়াছেন। এই আরণ্যকের আর একটি নাম কৌষীত্তি আরণ্যক। সম্পূর্ণ দশম অধ্যায়টি বাহ্য অগ্নিহোত্তযাগের আধ্যাত্মিক ব্যাখ্যা মাত্র। এই যাগকে 'আধাাদ্মিক আন্তর অগ্নিহোত্র' আখ্যা আরণাকে দ্রব্যযজ্ঞ, জ্ঞানযক্ত ও উপাসনায় দেওয়া হইয়াছে: 'আধ্যাত্মিকম্ আন্তরম্ অগ্নিহোত্র-রপান্তরিত মিতাাচক্ষতে।' আহ্বনীয়, পার্হপত্য অগ্নিকুত হটি মনুষ্যশরীরাশ্রিত প্রাণ ও অপান বায়ুরূপে ব্যাখ্যাত হইয়াছে এবং অগ্নিহোত্তের হুল্ল, সমিং, আছতি সম্বন্ধে বলিডেছেন—, 'শ্রদ্ধাই হৃদ্ধ, বাকাই সমিং, সভাই আছিতি এবং প্রজ্ঞাই আন্মা'। এই প্রবচনে স্পষ্ট প্রমাণিত হইতেছে যে

ক্রিয়াবহুল বাহ্যযক্ত আরণ্যকে লুপ্ত হইয়া জ্ঞানযক্তে আন্তর্যাণে রূপান্তরিত হইয়াছে; উপাসনা ও জ্ঞানের প্রাধান্ত হৃদ্ভিত হইয়াছে। এই অধ্যাত্মবিদ্যা প্রকৃত অধিকারী ব্যতীত অক্তকে দান করা হইত না। শান্ত দান্ত মুমুক্ষু বৈরাগ্যশীল বাজ্ঞিকে ব্রহ্মবিদ্ আচার্য এই বিদ্যা দান করিতেন। পুরাকালে এতাদৃশ আচার্যপণ বা তত্ত্বদ্রুটা ঋষিগণ লোকালয় হইতে দুরে বিজন বিপিনে বাস করিতেন এবং সেই অরণ্যেই সঙ্গোপনে ব্রহ্মজিজ্ঞাসু শিষ্যকে এই আধ্যাত্মবিদ্যা দান করিতেন। তজ্জ্য এই বিদ্যা যে গ্রন্থে লিপিবদ্ধ আছে তাহাকে আরণ্যক বলা হয়। ত্বই একজন 'অরণ্য' শক্টির 'ব্রহ্ম' অর্থ করিয়াছেন। অরণ্য অর্থাং যাহা নিবিড়, গভার; ব্রহ্মতত্ত্বও অত্যন্ত নিবিড় ও হরবহগাহ্য। সেই অরণ্য অর্থাং ব্রহ্মসম্বন্ধীয় জ্ঞান যে শাস্ত্রে আছে তাহা আরণ্যক। পূর্বের ব্যাখ্যাটি সর্ববাদিসন্মত। কেহ কেহ আরণ্যক্ষেত্র ভপাসনাকাণ্ড ও উপনিষদ্কে জ্ঞানকাণ্ড বলিয়াছেন।

উপ্নিষ্দ্: আরণ্যকে যে অধ্যাত্মবিলার সূচনা, উপনিষদে ভাহার পরাকার্তা। উপ-নি + সদ্ + কিপ্ = উপনিষদ্। পুজাপাদ শ্রীমং শঙ্করাচার্য কঠোপনিষদের ভাষ্য ভূমিকায় 'উপান্যদ্' শব্দটি নিয়ালখিতরূপে ব্যাখ্যা করিয়াছেন। 'সদ্' ধাতুর অর্থ জার্ণ করা, বিনাশ করা ও গমন। 'নি' অর্থ নিশ্চিত-क्राप्त, निः रम्य । य विका मानुष्य क्रमा मृजुात कार्य वा উপনিষদ্ শব্দের অর্থ অবিলাকে নিঃশেষে জীৰ্ণ করে বা বিনফ্ট করে সেই বিলার নাম উপনিষদ্। 'উপ' শব্দের অর্থ নিকটে। অবিলাবা অজ্ঞানকে নাশ করিয়া যে বিদ্যা, যে পরমজ্ঞান মুমুক্ষ্ জাবকে পরব্রক্ষের নিকটে লইয়া যায়, পরব্রহ্মপ্রাপ্তিসাধনরূপ সেই পরাবিদ্যা বা ব্রহ্মবিদ্যাকে উপনিষদ্ বলে। উপনিষদ্ শব্দের মুখ্য অর্থ হইল এই ব্রহ্মপ্রাপক পরাবিদ্যা এবং যে গ্রন্থে সেই পরাবিদ্যা বা ব্রহ্মবিদ্যা নিহিত আছে সেই গ্রন্থকেও উপনিষদ্ নামে অভিহিত कता रह , व्यर्थार উপনিষদ্ শব্দের মুখ্য অর্থ হইল ব্রহ্মবিদ্যা মুখ্য অৰ্থ ও গোণ অৰ্থ যাহা নিঃশ্রেমসপ্রাপক এবং গৌণ অর্থ হইল সেই বিদ্যার আকর গ্রন্থরাঞ্চ। গ্রন্থের বেলায় গৌণ অর্থ বলার কারণ কেবল গ্রন্থপাঠে মোক্ষপাত, ৱন্মপ্রাপ্তি অসম্ভব ; তব্জক্য পরাবিদ্যা, চরমজ্ঞান বা ৱন্মজ্ঞান একান্ত আবশ্বক এবং সেই জ্ঞান ব্ৰহ্মজ্ঞ আচাৰ্য বাড়ীত লাভ করা সম্ভব নছে। বেদের চরমজ্ঞান, মর্ম বা রহ্ম উপনিষদে রূপায়িত। উপনিষদের একটি নাম রহ্ম। বেদের রহস্য ইহাতে নিহিত ভজ্জন্য এই নাম হইয়াছে। আর একটি ব্যাখ্যা हरेन,—'রংসি' অর্থাৎ নিভ্তে, সঙ্গোপনে যে বিদ্যা দান করা হইত তাহা রহস্য। আরণ্যকের 'অরণা' শব্দেও এই অর্থের ইক্সিভ রহিয়াছে। ব্রহ্মবিদ্যা, আব্বতন্ত্ব, সৃথ্টির রহস্য, পরলোকতন্ত্ব, কার্য্যকারণবাদ, জীবব্রহ্মপ্রকার প্রভৃতি যে সকল গভীরতন্ত্বের আলোচনা উপনিষদে দৃষ্ট হয় এরূপ আর কুরাপি দৃষ্ট হয় এরূপ আর কুরাপি দৃষ্ট হয় না। এতজ্বস্থাই উপনিষদের গভীর তন্ত্ব, পরমরস-আয়াদনে জার্মানদেশীয় জগদ্বিজ্ঞান্ত দার্শনিক শোপেনহাউয়ার (Schopenhauer) অন্তিমকালে হংসহব্যাধিকবলিত অবস্থায় তন্মহচিত্তে উপনিষদ্ পাঠ করিয়া গভীর আনন্দ ও শান্তিলাভ করিতেন, তংকালে সেই দেহধ্বংসী ব্যাধির সকল যন্ত্রণা ভূলিয়া খাইতেন। তজ্জগুই উপনিষদ্ সম্বন্ধে তিনি অমর উক্তি করিয়া গিয়াছেন, 'Upanisad has been the solace of my life; it will be the solace of my death.' 'উপনিষদ্ আমার জীবনে শান্তিদান করিয়াছে, অন্তিমে এই উপানষদ্ই আমার পরম্যাভিত্তর হাব ।' উপানষদ্ তাহার প্রাণ্ডে কি অমিয় সিঞ্চন করিয়াছিল, কি অলোকসামান্ত শক্তি ও প্রেরণা দিয়াছিল এই উক্তিই ভাহার প্রমাণ বেদের অন্ত বা পরাকাষ্ঠা বেদান্ত বলিতে উপনিষদ্রাজি প্রতিবোধ্য।

কতকগুলি উপনিষদ্ ব্রাহ্মণের অন্তর্গত, যেমন কোনাপনিষদ্ সামবেদের জৈমিনীয় ব্রাহ্মণের অন্তর্গত। কতকগুলি উপনিষদ্ আর্ণ্যকের অন্তর্গত। কতকগুলি উপনিষদ্ আর্ণ্যকের অন্তর্গত। কতিরীয়োপনিষদ্ ভৈত্তিরীয়া আর্ণ্যকের অন্তর্গত। কৌষাতাক আর্ণ্যক আবার মান্ত্রাপনিষদ্, ব্রাহ্মনোলন কোষাতাক ব্রাহ্মণের অন্তর্ভুক্ত এবং বৃহদারণ্যকোপনিষং বৃহদারণ্যকের অন্তর্ভুক্ত এবং বৃহদারণ্যকোপনিষং বৃহদারণ্যকের অন্তর্ভুক্ত এবং বৃহদারণ্যকোপনিষং বৃহদারণ্যকের অন্তর্ভুক্ত এবং বৃহদারণ্যকোপনিষং বৃহদারণ্যকের অন্তর্ভুক্ত এবং বৃহদারণ্যকোপনিষদ্ ব্রাহ্মণের অন্তর্ভুক্ত ভারণ্যকের আন্তর্ভুক্ত ভারণিকে আর্ণ্যকোপনিষদ্ এবং বেদের মন্ত্রভাগের অন্তর্ভুক্ত ভারণিকিষদ্ মাত্র একটি, ইন্দোপনিষদ্ ভাহাণ শুক্রমক্ত্র্বেদের মন্তর্ভাগের অন্তর্ভুক্ত ।

চারি বেদের প্রত্যেকটির ব্রাহ্মণ, আর্ণ্যক ও উপনিষ্দের নাম নিয়ে প্রদত্ত হইল। ঋক্, সাম, যজুঃ ও অথর্ব প্রাত বেদেরই ভিন্ন ভিন্ন ব্রাহ্মণ, আর্ণ্যক ও উপনিষদ্ আছে। প্রথম অধ্যায়ে বলা হইয়াছে বেদ বলিতে মন্ত্র, ব্রাহ্মণ, আর্ণাক ও উপনিষ্দের সম্ভি বুঝিতে হইবে, সেমন ঋণ্বেদ বলিতে তদন্তর্গত মন্ত্র, ব্রাহ্মণ, আর্ণ্যক ও উপনিষ্দ্রাজি বুঝিতে হইবে! শ্বাবেদঃ—শ্বাবেদের ত্রাহ্মণ হুইটি—ঐতরেয় আহ্মণ ও কৌষীতকি ত্রাহ্মণ এবং আরণ্যক। এই বেদের উপনিষদ্ও হুইটি—ঐতরেয় আরণ্যকও কৌষীতকি আরণ্যক। এই বেদের উপনিষদ্ও হুইটি—ঐতরেয়োপনিষদ্ এবং কৌষীতকি উপনিষদ্। কৌষীতকির আর একটি নাম শাংখ্যায়ন। বর্ত্তমানে খাগবেদের ত্রাহ্মণ, আরণ্যকও উপনিষদ্ পাবেদের এই হুইটি ত্রাহ্মণ পাওয়া যায়। পুরাকালে আরও কয়েরকটি আহ্মণ ছিল, বিভিন্ন বৈদিক গ্রন্থ হুইতে জানা যায়। সায়ণাচার্য তদায় বেদভাহে ঋগ্বেদের পিঙ্গী ত্রাহ্মণ করিয়াছেন। ইহা হুইতে বুঝা যায় সংয়ণাচার্যের জ্লাবদ্দশাতেও (খুফীয় চতুর্দ্দশ শতাকীতে) ঐ নামে ঋগ্বেদের একটি ত্রাহ্মণ ছিল। বেদের বস্থ ত্রাহ্মণ ও বস্থ শাখা যে পৃথিবী হুইতে লুগু হুইয়া গিরাছে ইহা প্রাচ্য কি পাশ্চান্তা উভয় ভূথপ্তের সংয়ৃতজ্ঞ পঞ্জিগণ অঙ্গীকার করিয়াছেন।

ঐতবেয় বাহ্মণ বাহ্মণগ্রন্থরা জির মধ্যে একটি গুরুত্বপূর্ণ গ্রন্থ। ইহাতে অগ্নি-হোত্র, সোম্যাগের প্রকৃতি অগ্নিফৌম এবং রাজার অভিষেক প্রভৃতি অনুষ্ঠানে ঝগ্বেদীয় 'হোতা' নামক পুরোহিতের কর্ত্তব্য লিপিবদ্ধ আছে। ইছা আট পঞ্জিকায় বা খণ্ডে বিভক্ত। প্রতি পঞ্চিকায় পাঁচটি করিয়া অধ্যায় আছে এবং সমগ্র গ্রন্থে সর্বসমেত চল্লিশটি অধ্যায় । প্রত্যেক অধ্যায় আবার কভিপয় খণ্ডে বিভক্ত ; এইরূপ মোট ২৮৫টি খণ্ড আছে। প্রথম যোলটি অধ্যায় অগ্নিষ্টোম বা জ্যোতিষ্টোম নামক সোমযাগের বিস্তৃত বর্ণনা পাওয়া যায়। সপ্তদশ অধ্যায়ের ষষ্ঠথণ্ড হইতে অফাদশ অধ্যায়ের শেষ পর্যন্ত একবর্ষকালব্যাপী গ্রাময়ন নামক সত্র বা দীর্ঘজ্ঞ হোতার কর্ত্তব্য কীর্ত্তিত হইয়াছে। পরবর্ত্তী পাঁচটি অধ্যায়ে অর্থাৎ উনবিংশ হইতে চতুবিংশ পর্যান্ত আদশাহ নামক সোমযালে হোডার কার্য্যাবলী এবং পঞ্চবিংশ অধ্যায় হইতে ছাত্রিংশ অধ্যায় পর্যান্ত অগ্নিহোত্র এবং ভদ্গত বিবিধ প্রায়শ্চিতাদি অনুষ্ঠানের উল্লেখ আছে। অভিম আটটি অধ্যায়ে (৩২ হইতে ৪০) ইল্রের অভিষেক ও ক্রিয়ের অভিষেকের বিশদ্ বর্ণনা দৃষ্ট হয়। বৈদিক যুগে ভারতে কি ভাবে নুপতি-গণের রাজ্যাভিষেক হইত তাহার সুক্ষর চিত্র ঐতরেয় ত্রাহ্মণ ভুলিয়া ধরিয়াছেন। দক্ষিণাপ্রশত্তি ও পুরোহিতপ্রশংসাও কীত্তিত হইয়াছে কারণ ত্রাহ্মণ পুরোহিতই রাজাকে অভিষিক্ত করিতেন এবং ধর্ম ও রাজনীতি ক্ষেত্রে রাজাকে মন্ত্রণাদান করিতেন। এই ঐতরেয় ত্রাক্ষণের দ্রফী ঋষি মহিদাস। তাঁহার অননীর নাম ইতরা ছিল; তজ্জগু ইতরাপুত্তের নাম ঐতরেয়। কৌষাত্তি ভ্রাক্সণের ত্রিশটি অধ্যায়। খ্রষি কৌষীতক এই ভ্রাক্সণের দ্রস্টা

বলিয়া কৌষাত্তিক নাম হইয়াছে। প্রথম ছয়টি অধ্যায়ে অন্নযাগ ও দর্শপূর্ণমাস ইন্টির বর্ণনা এবং পরবর্তী চাক্রিশটি অধ্যায় (৭ হইতে ৩০) সোম্বাগের বর্ণনায় পূর্ণ। এই ব্রাক্ষণে নৈমিষারণ্যের বিখ্যাত যজ্ঞের কথা এবং উত্তর ভারতে বেদবিদ্যার পরাকাষ্ঠার এবং ঋক্, যজু, সাম তিনবেদের পুনঃ পুনঃ উল্লেখ আমরা পাই। বৈদিকষুণের শুনঃগেপের বিখ্যাত বহুক্রত উপাখ্যান ঐতরেষ আমরা পাই। বৈদিকষুণের শুনঃগেপের বিখ্যাত বহুক্রত উপাখ্যান ঐতরেষ ব্যাক্ষণেই প্রথম দৃষ্ট হয়। ঐতরেষ আর্ণ্যক পাঁচটি ভাগে বা পাঁচটি আর্ণ্যকে বিভক্ত, ইহার তৃতীয় আর্ণ্যকের চতুর্থ হইতে ষষ্ঠ অধ্যায়ের নাম বহুতে ব্যক্ষণোপনিষদ্ অথবা ঐতরেহোপনিষদ্। কৌষীতিকি ব্যাক্ষণের শেষাংশ কৌষীতিকি আর্ণ্যক। এই আর্ণ্যকের অন্তর্ভুক্ত। এই আর্ণ্যকের তৃতীয় অধ্যায় হইতে ষষ্ঠ অধ্যায় পর্যান্ত অংশ কৌষীতিকি উপনিষদ্।

সামবেদ :—সামবেদের অনেকগুলি ভাক্ষণের নাম সংস্কৃত সাহিত্যে পাওয়া যায়। পূর্বমীমাংসাদর্শনের প্রথিত্যশা আচার্য কুমারিল ভট্ট তাঁহার 'তস্ত্রবার্ত্তিক' নামক প্রসিদ্ধ গ্রন্থে সামবেদের আটটি নালনের অন্যান, আরণ্যক ও উপনিষদ্ আক্ষণের উল্লেখ করিয়াছেন। সামবিধান আক্ষণের ভাষ্য ভূমিকায় সায়ণাচার্য সেই আটট ব্রাহ্মণের নাম করিয়াছেন; (১) তাণ্ডামহাত্রাহ্মণ অথবা পঞ্চবিংশত্রাহ্মণ; (২) ষড়বিংশ-বাহ্মণ; (৩) ছান্দোগ্যবাহ্মণ; (৪) ছৈমিনীয়বাহ্মণ অথবা তলবকার বাক্ষণ; (৫) সামবিধান বাক্ষণ; (৬) দেবতাধ্যায় বাক্ষণ; (৭) আর্হেয় ত্রাক্ষণ; (৮) বংশ ত্রাক্ষণ। ইহার মধ্যে শেষ চারিট অর্থাৎ সামবিধান, দেবভাষ্যায়, আর্ষেয় ও বংশ সামবেদের বিষয়সূচীমাত্র; সুতরাং প্রকৃতপক্ষে সামবেদের চারিটি ত্রাহ্মণ,—তাণ্ডামহাত্রাহ্মণ, ষড়বিংশত্রাহ্মণ, ছান্দোগ্য-ব্রাহ্মণ ও তলবকার ব্রাহ্মণ। তাত্যমহাব্রাহ্মণ চল্লিশ অধ্যায়ে বিভক্ত ; তাহার প্রথম পঁটিশটি অধ্যায়ের নাম পঞ্চবিংশ ত্রাহ্মণ বা তাঞ্চাত্রাহ্মণ এবং **उरभद्रवर्छी भाँ। हिं अधारम्ब नाम यक्**विश्यात्राक्रण अर्थार यक्विश्य इटेट ত্রিংশ অধ্যার পর্যন্ত ষড়বিংশ ত্রাহ্মণ। অবশিষ্ট দশটি অধ্যায়ের নাম ছান্দোগ্য ত্রাহ্মণ। তলবকার ত্রাহ্মণের অপর নাম জৈমিনীয় ত্রাহ্মণ।

ভাগুৰোক্ষণে ব্যাত্যদিগের জন্ম মুখ্য ও গৌণ প্রায়ন্তিন্তবিধি দৃই হয়।
শাস্ত্রনিদ্ধিই বয়সের মধ্যে ব্রাক্ষণ, ক্ষত্রিয় ও বৈশ্বন্ধাতির যে সকল ব্যক্তি
উপনয়ন গ্রহণ করিতে পারিত না তাহাদিগকে ব্রাত্য বলা হইত। বড়বিংশব্যাক্ষণের ষঠ অধ্যায়ের নাম অভূত বাক্ষণ; ইহাতে বিবিধ অমঙ্গল, অভ্ত

ভূরিতের উল্লেখ এবং তাহাদের রিন্টিশান্তিবিধান দৃষ্ট হয়। জৈমিনীয় ব্রাহ্মণে বিবিধ আচার অনুষ্ঠানের কথা, পরলোকের রূপক বর্ণনা এবং সামবিধানে সংস্কারণত বিবিধ উদ্দেশ্যে মন্ত্রের প্রয়োগ কীর্ত্তিত ইইয়াছে। দেবতাধ্যায়, আর্যেয় এবং বংশবাহ্মণে সামবেদের সৃক্তসমূহের অধিষ্ঠাত্তী দেবতামগুলীর নাম এবং সামবেদীয় আচার্যগণের বংশব্দ (genealogical table) বা বংশতালিকা পাওয়া যায়। পঞ্চবিংশব্দাহ্মণে অসংখ্য যাগের বর্ণনা লিপিবদ্ধ আছে। একদিনে সম্পাদ্য যাগ হইতে আরম্ভ করিয়া দশসহস্র বংসর ব্যাপা যাগের বর্ণনা এই ব্যাহ্মণে পাওয়া যায়। অহা কোন ব্যাহ্মণে এত প্রকার যাগের বর্ণনা দৃষ্ট হয় না।

भागरतरम्ब छेनियम् इहेि,-शान्त्राभानियम् ७ (करनानियम्। ছান্দোগ্য बाजात्वत स्थि आहे वि अक्षाद्यत नाम हात्मार्ग्याभिवयम्। কেনোপনিষদ্ জৈমিনীয় ব্রাহ্মণের চতুর্থ অধ্যায়ের অন্তর্গত । এই চুইটি উশানিষদ্ বিখ্যাত ও উপনিষদ্রাজির মধ্যে বিশিষ্ট স্থান অধিকার করিয়া রহিয়াছে। ছাল্লোগ্যোপনিষদ্ আকারে সুর্হং, আটটি অধাায়ে সম্পূর্ণ। তল্মধ্যে ষষ্ঠ হইতে শেষ পর্যন্ত বেদান্ডদর্শনের কার্য-কারণবাদ, আত্মভত্তু, ছান্দোগ্যোপান্যদ্ জীবত্রক্ষাঐক্য, ত্রক্ষায়র্রূপ বিচার প্রভৃতি তদন্তর্গত। আরুণি তংপুত্র শ্বেতকেতৃকে বিবিধ সৃন্দর সৃন্দর দৃষ্টান্ডদানে জাবাত্মা পরমাত্মার ঐক্য ও তাত্ত্বিক দৃষ্টিতে প্রপঞ্চের ব্রুপের সহিত অভেদ প্রভৃতি বেদান্তের গভার ভত্ব বুঝাইয়াছেন। বেদের 'ভত্মিস' মহাবাক্য এই ছান্দোগোপান্যদেই প্রথম শ্রুত হয়। নয়টি দৃষ্টান্ত ধারা ঋষিপ্রবর পিতা আফুণি তংপুত্রকে বন্ধতত্ত্ব বুঝাইয়াছেন এবং প্রত্যেকটি দৃষ্টান্তের শেষে 'ভত্তমসি' উপদেশ করিয়াছেন। কেনোপনিষদে 'কেন' অর্থাৎ কাহার দারা এই বিশ্বব্দাও নিম্বন্ত্রিত, হইতেছে এই চন্দ্রসূর্য গ্রহনক্ষত্রাদি পরিচালিত হইতেছে এই জিজ্ঞাসার উত্তরসূত্রে বিশ্বের উংস ও আধার ব্রহ্মের স্বরূপ কীর্ত্তিত কেনোপনিষদ্ হইয়াছে। বর্ত্তমানে পাশ্চান্ত্যের আন্তর্জাতিক খ্যাতি-সম্পন্ন সংস্কৃতজ্ঞ পঞ্চিতগণের অশুডম ফ্রান্স্ দেশের লুই রেণু (Louis Renou) তাঁহার 'The influence of Indian thought on French literature' (ফরাসী সাহিত্যে ভারতীয় চিন্তাধারার প্রভাব) নামক পুত্তিকায় করাসীর অমর সাহিত্যিক ভিক্তর ছগোর (Victor Hugo) উপর কেনোপনিষদ্ কি গভীর প্রভাব বিস্তার করিয়াছিল তাহা দেখাইয়াছেন। ডাণ্ডামহাত্রাক্ষণের একটি খণ্ড আরণাক নামে অভিহিত। ইহাকে ছান্দোগ্য

আরণ্যক বঙ্গা হয়। সামবেদের সংহিতা ও আরণ্যক সভারত-সামশ্রমী প্রণয়নপূর্বক ১৮৭৮ প্রাফীকে প্রকাশ করিয়াছেন। অলাপি তাঁহার সংস্করণই সামবেদের প্রামাণিক সংস্করণরূপে বিষংসমাজে আদৃত। সম্প্রতি তিরুপতি-সংস্কৃত বিশ্ববিদ্যালয় সামবেদের ব্রাহ্মণগুলি প্রকাশ করিয়াছে।

যজুর্বেদ ঃ— যজুর্বেদ কৃষ্ণযজুঃ ও শুক্লযজুঃ নামে ছই শাখায় বিভক্ত। শুক্লযজুর্বেদকে বাজসনেয় সংহিতাও বলা হয় এবং কৃষ্ণযজুর অগর নাম তৈ জিরীয়
সংহিতা। ছইটি শাখার আহ্মণাদি পৃথক্ পৃথক্ দেখান হহতেছে। কৃষ্ণ
যজুর্বেদের কঠ ও মৈতায়নী শাখার আহ্মণ এই বেদের সংহিতাখণ্ডের
অন্তর্ভুক্ত। প্রখ্যাত তৈ তিরীয় আহ্মণ এই বেদের গুরুত্বপূর্ণ আহ্মণ; উহা
তৈ তিরীয় সংহিতারই বিস্তৃতিমাত্র। অন্ত তিনটি বেদ ও শুক্লযজুঃ হইতে
কৃষ্ণযজুর্বেদের একটি বিশেষ পার্থক্য বা বৈলক্ষণ্য এই অন্তান্ত বেদে সংহিতা
ও আহ্মণ পৃথক পৃথক রহিয়াছে এবং তাহাদের পৃথক লক্ষণ সুস্পই। কিন্তু কৃষ্ণ-

যজুঃ সংহিতা ও ব্রাহ্মণ পরস্পর মিশ্রিও ইইয়া গিয়াছে; কুফ্যজুবেদের ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ্ তৈত্তিরীয় ব্রাহ্মণে সংহিতা ভাগ ও সংহিতালক্ষণ মিশ্রিত

হইয়া আছে। কেহ কেহ মনে করেন সংহিতা ও প্রাক্ষণের এই মিশ্রণের জন্মই এই বেদের কৃষ্ণযজ্বং নাম হইয়াছে কারণ সংস্কৃতে কৃষ্ণ শব্দের কাল রং বাতাত 'মিশ্রিত' অর্থও কোষে পাওয়া যায়। এই বেদের আর্ণাক হইল তৈতিরীয় আর্ণাক এবং উপনিষদ পাঁচটি,—মহানারায়ণ, মৈত্রায়ণ, তৈতিরীয়, কঠ ও শ্বেতায়তর; তৈতিরীয় আর্ণাক দশ্বতে বা প্রপাঠকে সমাস্ত এবং তাহার সপ্তম, অন্তম এবং নবম বত্তের সমন্তি তৈত্তিরীয় উপনিষদ্। এই উপনিষদে প্রাচীন ভারতে আর্ণা বিশ্ববিদ্যালয়ের রাতকগণের সমাবর্তনোৎসবে যে অতুলনীয় দাক্ষাভভাষণ প্রদন্ত হইত তাহা লিপিবদ্ধ আছে। বালক ভ্রের পিতা বরুণের নিকট ব্লক্ষান লাভ, অয়ময় হইতে আনন্দময় পর্যান্ত দেহীর পঞ্চকোশ এবং আজার আনন্দয়রূপ কীত্তিত তৈত্তিরীয়োপনিষদ্

কঠোপনিষদে গুইটি অধায়ে আছে এবং প্রতিটি অধ্যায় আবার তিন তিনটি বল্লীতে বা থণ্ডে বিভক্ত। ইহাতে মৃত্যুরাক্ত যমের নিকট তত্ত্বানুসন্ধিংসু বালক নচিকেডার পরলোকতত্ত্ব, আত্মার স্বরূপ ও ব্রহ্মবিদ্যা সম্বন্ধে ক্ষিক্তাসা এবং তত্ত্বেরে যমরাক্ষকর্তৃক আত্মতত্ত্ব

লক্ষণের আনন্দ লক্ষণটি এই উপনিবদে বিশেষরূপে ব্যাখ্যাত হইয়াছে।

বিশ্লেষণ মুখ্যস্থান অধিকার করিয়াছে। পার্থিব কোন প্রলোভনই ঐ অসামায় বালককে আত্মতত্ত্ব ও ব্রহ্মবিবিদিষা হইতে বিচ্যুত করিতে সক্ষম হয় নাই; তাহার সংযম ও বৈরাগ্য যতিরও আদর্শ। পরলোকভত্ত্বের আলোচনা এই উপনিষদে থাকায় ও মৃত্যুরাজ যম উপদেষ্টা বলিয়া প্রাক্ষে কঠোপনিষদ পাঠ করার বিধি আছে। শ্বেতাশ্বতোরোপনিষদে আমরা বেদাশুদর্শন ও সাংখ্যদর্শনের একটি অভিনব সমন্ত্যু দেখিতে পাই।

শুকুযজুর্বেদ বা বাজসনেয়ি সংহিতা

এই সংহিতার একটিই বাহ্মণ, নাম শতপথ বাহ্মণ। গুরুত্বে এই বাহ্মণটি বাহ্মণগ্রন্থবান্ধির মধ্যে শ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছে; গুরুত্বেও গভীর, কলেবরেও বিশাল। ইহার একশত অধ্যায় থাকায় শতপথ নাম হইয়াছে। মাধ্যন্দিন ও কাগ নামে এই বাহ্মণের ছুইটি শাখা আছে। তহ্মধ্যে মাধ্যন্দিন শাখায় একশত অধ্যায় এবং কাগ শাখায় একশত চারিটি অধ্যায় দৃষ্ট হয়।শাখা কাহাকে বলে সে সহজে আমরা পরে অলোচনা করিব। এই বাহ্মণটি চৌদ্দ (১৪) কাতে বিভক্ত। প্রতিকাপ্তে কয়েকটি করিয়া অধ্যায় আছে এবং প্রতিটি অধ্যায় আগের কতিশয় প্রধায় আগের কতিশয়

ব্দু বজুর্বেদের রাজ্বণ করিবদ্ধ করিবদ

৬৮টি প্রপাঠক, ৪৩৮টি ত্রাহ্মণ এবং ৭৬২৪টি কণ্ডিকা আছে। প্রবচন উদ্ধৃতি কালে সাধারণতঃ প্রপাঠকের উল্লেখ করা হয় না, অস্তা চারিটি বিভাগের উল্লেখ করা হয়। যথা শতপথ ত্রাহ্মণ ২০-৪-২-২২ বলিতে বুঝিতে হইবে দশম কাণ্ডের চতুর্থ অধ্যায়ের দ্বিতীয় ত্রাহ্মণের দ্বাহিংশততম কণ্ডিকা। চৌদ্ধটি কাণ্ডের মধ্যে প্রথম নয়টি কাণ্ড বাজসনেয় সংহিতা বা গুরু যজুর্বেদের প্রথম অফ্টাদশ অধ্যায়ের ব্যাখ্যা মাত্র। প্রথম কাণ্ডেইটি নামক যাণের প্রকৃতি দর্শপূর্ণমাস নামক প্রসিদ্ধ ইটি, ও

থিতীয় কাণ্ডে অগ্নিহোত্ত নামক দৈনন্দিন হোম, পিগুপিতৃশতপথ বাফাণের
যজ্ঞ, নবান্ন নামক ইন্টি এবং চাতুর্মাস্তের বর্ণনা আছে।
তৃতীয় ও চতুর্থ কাণ্ডে প্রসিদ্ধ সোমযাগের দীক্ষা, প্রায়ণীয়
ইন্টি, সোমক্রয়, আভিথ্য ইন্টি, উপসং ইন্টি, যজ্ঞবেদী নির্মাণ, সোমরসনিদ্ধাশন,
পণ্ড ও পুরোডাশ আছতি, পদ্মীসংযাজ, অবভূথ প্রভৃতি বিভিন্ন অক্রের
আলোচনা আছে। রাজার রাজ্যাভিষেক সংশ্লিষ্ট রাজসূত্র ও বাজপেয়

নামক হটি গুরুত্বপূর্ণ- যাগের বিবরণ পঞ্চম কাণ্ডের বিষয়বস্তু। অথর্ববেদ, ঐভরেয় ব্রাক্ষণ, শতপথ ব্রাক্ষণ এই তিনটি বৈদিক প্রস্থে প্রাচীন ভারতের নুপতিদের রাজ্যাভিযেক বা সিংহাসনারোহন-প্রথার বিবরণ পাওয়া যায়। তৈভিরীয় ৰান্সণেও সংক্ষিপ্ত উল্লেখ আছে। এতজ্জন ঐতিহাসিক তথ্যের পরিপ্রেক্ষিতে ঐতরেয় ও শতপথ রাক্ষাণ-ঘটি অতি গুরুত্বপূর্ণ। তংকাঙ্গে রাজার শাসনতান্ত্রিক ক্ষমতা, মন্ত্রিপরিষদ্, রাজ্যের বিভিন্ন বর্ণের ও সভ্যের প্রতিনিধিদের গুরুত্ব, মহিষীদের স্থান, ব্রাহ্মণ পুরোহিতের ক্ষমতা, রাজা ও মন্ত্রিগণের সম্বন্ধ, রাজা ও প্রজার সম্বন্ধ, রুপতিনির্বাচনে ও রাজ্যাভিষেকে প্রজাদের হাত, রাজা মহারাজ সত্রাট সার্বভৌম প্রভৃতি নুপ্তিদের ক্রম:-উর্মন্তর এবং স্বারাজ্য, বৈরাজ্য, আধিপত্য, একরাজ্য প্রভৃতি বিবিধ প্রকার রাজ্য ও তাহাদের ভৌগোলিক বিবরণ ইত্যাদি বৈদিক ভারতের মূলাবান রাজনৈতিক তথ্য শতপথ ত্রাহ্মণের পঞ্চম. কাণ্ডে নিহিত আছে। ষষ্ঠ হইতে দশম এই পাঁচটি কাণ্ডে আমরা পাই অগ্নিরহয়, বিচিত্র ও বিশাল যজ্ঞাবেদী নির্মাণ এবং সেই বেদীর আধ্যাত্মিক ও রূপক ব্যাখ্যা। এই অগ্রিবিদ্যা বা অগ্নিরহস্য শাণ্ডিল্য ঋষি কর্তৃক প্রকাশিত, তজ্জন্য ইহাকে শাণ্ডিল্যবিদ্যাও বলা হয়। শতপথ ত্রাক্ষণের মুখ্য প্রবক্তা বৈদিক যুগের ঋষিকুল-শিরোমণি যাজনক্ষ্য স্বয়ং। কিন্তু এই অগ্নিরহস্তানামক পাঁচটি কাণ্ডে যাজনেক্ষ্যের নাম পাওয়া যার না. শাণ্ডিলোর নাম দৃষ্ট হয়। একাদশ কাণ্ডে পণ্ডবন্ধ যাগ ও পঞ্জ মহাযজ্ঞের বিবরণ আছে। দ্বাদশ কাণ্ডে দ্বাদশাহ নামক সত্র, সংবৎসর সত্র এবং সৌত্রামণী নামক প্রায়শ্চিত যাগের উল্লেখ দুইট হয়। অশ্বমেধ, পুরুষমেধ, সর্বমেধ ও পিতৃমেধ নামক চারিটি যাগের বিবৃতি পাই ত্রয়োদশ কাণ্ডে। এডনাধ্যে অশ্বমেধ অতি প্রসিদ্ধ এবং গুরুত্বপূর্ণ ; ইহাকে যজ্ঞের রাজাও ৰঙ্গা হইয়াছে। যে রাজা বা সমাট্ সার্বভৌম নূপতি হইতে ইচ্ছা করিতেন অশ্বমেধ তাঁহাকে করিতেই হইত। এই কাণ্ডে বিভিন্ন বর্ণভেদে ও স্ত্রীপুরুষ-ভেদে শবসংকার প্রথা ও মাশানে মৃত্তিকা ভূপ নির্মাণের উল্লেখও পাওয়া

শতপথ রাহ্মণের চতুর্দশ কাণ্ডটির নাম বৃহদারণ্যক এবং এই বৃহদারণ্যকই শুক্রযজুর্বেদের একমাত্র আরণ্যক। এই বৃহদারণ্যকের শেষ ছয়টি অধ্যায় লইয়া প্রসিদ্ধ বৃহদারণ্যকোপনিষদ্ রচিত। এই উপনিষদ্টি ছাল্দোণ্যের শ্রায় কলেবরে বিশাল এবং শুক্রত্বে গভীর। রাজ্যমি জনক বিদ্যোৎসাহী এবং শাস্ত্রজ্ঞ ছিলেন এবং তাঁহার রাজসভায় বিধান্ ঋষি ও বিচুষী নারী

श्विषिणालं प्रतिना प्रभागम इहेज, बदः वह विठात विछक इहेल। बहे विछाक যাহারা জয়ী হইত জনক অকৃপণহত্তে তাহাদিগকে গোহিরণ্যাদিদানে পুরস্কৃত করিতেন। ব্রাহ্মণগ্রন্থে এই জাতীয় দার্শনিক বা আধ্যাত্মিক বিষয়ক বিভর্ককে 'ব্রুক্লোদ্' বলা হইত। শতপথ ব্রাক্সণে, বৃহদারণাকে ও বৃহদারণা-কোপনিষদে অর্থাৎ শুকু যজুর্বেদের ত্রাহ্মণ, আরণাক ও বৃহদারণাকোপনিষদে বহু ব্ৰক্ষোদ্য বা বিভৰ্ক লিপিবদ্ধ আছে। অশ্বমেধ প্ৰভৃতি কয়েকটি যজে বিভর্ক বাধাতামূলক ছিল। ঋষিপ্রবর ব্রহ্মজ্ঞ যাজ্ঞবল্কোর সহিত অভাভ ঋষিদের রাজা জনকের সভায় বিবিধ বিচার বিভর্ক এবং বিশেষ করিয়া বৈদিক ভারতের ব্রহ্মবাদিনী প্রম্বিচুষী গার্গীর সহিত বিচার রহদারণ্য-কোপনিযদে একটি বিশেষ স্থান অধিকার করিয়া রহিয়াছে। तृर्मात्रगाः काश्रीनगम् এই উপনিষদেই ঋষি যাজ্ঞবন্ধা ও তাঁর বৈরাগ্যশীলা ব্ৰহ্মজিজ্ঞাদু পত্নী মৈত্ৰেয়ীর কথোপকথন এবং যাজ্ঞবন্ধা কর্তৃক মৈত্ৰেয়ীকে পরমজ্ঞানদান কীর্তিত হইয়াছে। যাজ্ঞবল্ধা তাঁহার গ্রই পত্নী কাড্যায়ণী ও মৈত্তেহীকে পার্থিব সম্পত্তি দান করিছা যখন সংসার ভাাগ করিছ। প্রবন্ধা গ্রহণের সংকল্প ব্যক্ত করেন, ব্রহ্মবাদিনী মৈত্রেয়ী ভাবিলেন 'সংসার অসার ও তুচ্ছ ভাবিয়া পড়ি প্রব্রজ্যা, সর্যাস লইতেছেন ; এই তুচ্ছ সংসার অর্থাৎ অসার নশ্বর পদার্থ আমাদের দিতেছেন; যদি এই অসার বস্তু আমাকে অমৃতত্ব দান করিতে না পারে, তাহা হইল দেই তুচ্ছ পদার্থ কিজ্ঞ গ্রহণ করিব।' নশ্বর ঈশ্বরের সন্ধান দিতে পারে না। তিনি পতিকে বলিলেন, 'যেনাহং নামূতা স্থাং কিমহং তেন কুৰ্যাম্'। অৰ্থাৎ বাহা আমাকে অমৃতত্ব দিতে পারিবে না তাহা লইয়া আমি কি করিব? মৈত্রেয়ীর এই উক্তিতে ভারতান্মার চিরন্তনী বাণী ঘোষিত হইয়াছে। পাশ্চান্তোর বহু দার্শনিক ও সংস্কৃতজ্ঞ পণ্ডিত ঐরপ সুপ্রাচীনকালে গার্গী, মৈত্রেয়ী প্রভৃতি রম্পীর এতাদৃশ জ্ঞান ও বৈরাগ্য দর্শনে মুক্তকণ্ঠে প্রশংসা করিয়াছেন। অলোকসামাত্ত শাস্তুজ্ঞ ও ব্রহ্মনিষ্ঠ যে যাঞ্জবল্কা সকল ঋষিকে বিচারে পরাস্ত করিয়াছিলেন, তিনি রমণী গার্গীকে পরাস্ত করিতে পারেন नाई। উভয়েই সমতুলা বলিয়া ঘোষিত হইয়াছেন। এই সকল বিভর্ক ও ৰক্ষোপদেশ ব্যতীত সন্তৰ ও নিত'ৰ ৰক্ষের যুগপং জগংকেন্দ্র-অন্ত'যামিত্ব ও জগং-অতিক্রান্ত বা বিশ্বাতিগম্বরূপ, ব্রহ্মবিং-পুরুষের শ্রৌতস্মার্ত চিহ্নাদির পরিহার ইত্যাদি বিষয়ও এই উপনিষদে আলোচিত হইয়াছে।

এই বেদের আরেকটি উপনিষদ হইল ঈশোপনিষদ। ইহাতে মাত্র

অফীদশটি (১৮) শ্লোক আছে। শুকু যজুর্বেদের অন্তিম অধ্যায় অর্থাৎ
চত্বারিংশং অধ্যায়ের নামই ঈশোপনিষদ্। 'ঈশা বাস্তম্'
শক্ষম এই উপনিষদের প্রথম ছুটি শক্ষ বলিয়া ইহাকে
ঈশা-বাস্যোপনিষদ্ও বলা হয়। সংচিতা বা মল্লের অন্তর্ভুক্ত বলিয়া এই
উপনিষদকে মল্লোপনিষদ্ বলা হয়।

অথর্ববেদ—অথর্ববেদের একটিই ত্রাহ্মণ পাওয়া যায় গোপথ ত্রাহ্মণ ও উপনিষদ্ তিনটি মৃত্তক, মাত্ত্বকা ও প্রয়া এই বেদের কোনও আরণ্যক আজ পর্যস্ত পাওয়া যায় নাই।

গোপথ ত্রাহ্মণের ভাষা ও বিষয়বস্ত অপর তিন বেদের ত্রাহ্মণের ভাষা হইতে পৃথক এবং মনে হয় পরবর্তী। এই ত্রাহ্মণে ছাত্রজীবন ও ত্রহ্মচর্যের কথা বিস্তৃত ও বিশদভাবে লিপিবদ্ধ আছে। ত্রহ্মচর্যের অধনবেদের ত্রাহ্মণ ও ত্রেষ্ঠত্ব ও প্রয়োজনীয়তা এবং ছাত্রজীবনের বিধি, নিষেধ, অধ্যয়ন, পাঠক্রম, ভিক্ষাচর্যা, সমিদাহরণ, গুরুসেবা, ছাত্রের আচরণ, ইতর জীবদ্ধন্তর ব্যবহার হইতেও ছাত্রেরা কিভাবে উপদেশ সংগ্রহ করিতে পারে ইত্যাদি নিবিধ বিষয় কীতিত হইয়াছে।

যাগযজ্ঞের কথাও এই ব্রাহ্মণে আছে। ব্লুমফিল্ড্ (Bloomfield) ও ভিন্টারনিংস (Winternitz) গোপথ ব্রাহ্মণ হৈদিকোতের যুগার পরবর্তীকালে রচিত ইইয়াছিল বলিয়া মনে কবেন তাঁদের মতে প্রথমে অথর্ববেদের কোন ব্রাহ্মণ ইছিল না; ব্রাহ্মণ ছাড়া বেদ ইইতে পারে না এই গোপথ ব্রাহ্মণ কিরয়া পরবর্তীকালে গোপথ ব্রাহ্মণ রচিত হয়। ভাষা ও বিষয়বস্ত অন্যাশ্র ব্রাহ্মণ অপেকা অর্বাচীন ও মনুসংহিতাদি যুগার বলিয়া মনে হয়। আবার বেহিছেল কীথ (Keith) ও কালান্দ (Caland) মনে করেন গোপথ ব্রাহ্মণ গোচীন ও শতপথ ব্রাহ্মণের সমসাময়িক।

প্রশোপনিষদে ছয়টি প্রশ্ন বা অধ্যায় আছে; প্রত্যেক প্রশ্নে এক একটি প্রশ্নের সমাধান আছে। ঋষিগণ ছগবান পিপ্লকাদের নিবট গিয়া বিবিধ বিষয় জিজ্ঞাসা (প্রশ্ন) করেন। প্রথম অধ্যায়ে সৃষ্টির মূল কারণ সম্বন্ধে প্রশ্ন করেন এবং তাহার উত্তরদান প্রসক্তে পিপ্লকাদ ব্রহ্মতত্ত্ব ও পিত্যান, দেবহান

প্রজ্ঞাপনিষ্টের প্রজ্ঞাপনার্গ ব্যাখ্যা করেন। বিভীয় প্রশ্নে প্রশাপনিষ্টের দেবভাগণের কথা, প্রাণের কথা ভিজ্ঞাসা করেন ও আচার্য , বিষয়বন্ধ উত্তর দেন। তৃতীয় অধ্যায়ে প্রাণের উৎসঞ্জবং শরীরে

প্রাণ সঞ্চারের কারণ সম্বন্ধে ত্রন্সিষ্ঠ কৌসল্য ঋষির এল এবং ভাহার উত্তর :

লিপিবিদ্ধ আছে। চতুর্থ প্রশ্নের উত্তরে জীবের স্থপ্ন ও সুষ্থি, সুষ্থি অবস্থার লক্ষণ, স্থপ্ন ও সুষ্থির পার্থকা এবং নিদ্রাবস্থায় পঞ্চবায়্র ক্রিয়া প্রভৃতি আলোচিত হইয়াছে। পঞ্চম প্রশ্নে শিবিপুত্র সত্যকামের জিজ্ঞাসার উত্তরে পিপ্ললাদ ওঁকার সাধনার ভত্ব ব্যক্ত করিয়াছেন। যিনি প্রকৃত রূপে ওঁকার সাধন করিতে পারেন তিনি অজ্ঞর অমর অভ্যু পরমন্ত্রক্ষকে লাভ করেন, আর যিনি পারেন না তিনি অপর-ত্রক্ষা প্রাপ্ত হয়েন। ষ্ঠ প্রশ্নে ভরঘাজ পুত্র সুকেশার জিজ্ঞাসার উত্তরে আচার্য ঘোড্শকলামুক্ত পুরুষের বিবরণ দিয়াছেন। সমগ্র প্রশ্নোপনিষদ্ গদ্যে রচিত, কেবল-তুইট মাত্র শ্লোক উদ্ধৃতিসূত্রে স্থান পাইয়াছে।

মুগুকোপনিষদ্ তিনটি মুগুকে বিভক্ত। অধ্যায়ের নাম মুগুক ইইয়াছে। প্রতিটি মুগুক আবার হুইটি খণ্ডে বিভক্ত। সর্বসমেত তিনটি মুগুক ও ছুইটি খণ্ড। প্রথম মুগুকের প্রথম খণ্ডে পরা ও অপরাবিদ্যার বর্ণনা আছে। ঋগ্-বেদাদি শাস্ত্রকে অপরাবিদ্যা এবং যে বিদ্যা দারা অক্ষর ব্রহ্মস্থরপের উপলব্ধি হয় তাহাকে পরা-বিদ্যা বলা হইয়াছে। পরাবিদ্যাযোগে মোক্ষ লাভ হয়। দিতীয় খণ্ডে অগ্নিহোত্রচতুর্মাস্যাদি যজের কথা এবং যজের নিন্দা শুভ হয়। যাগস্থরপ নৌকা জীবকে ভ্রসাগর তর্ণ করাইতে অসমর্থ। যজ্মানগণ

মুণ্ডকোনিষদের বিষয়বস্থ পুন: পুন: জন্ম মৃত্যু কবলিত হন। ব্রহ্মজ্ঞানই একমাত্র ভবাস্থ্যিভরণী এবং মোক্ষ প্রাপক। সেই পরাবিদ্যা লাভের জন্ম ব্রহ্মনিষ্ঠ গুরুর একান্ত আবশাক। দ্বিতীয় মৃগুকে

প্রথম খণ্ডে অনাদি অনন্ত তাল হইতে স্থাবৰ জন্ম, চৰাচর বিশ্বজ্ঞান্তেৰ সৃষ্টিকতা এবং প্রণক জগতের প্রতি পদার্থ কিবলে সেই পুরুষের দ্বারা নিয়ন্তিত হইতেছে তাহা বিত্ত হইগছে। দ্বিতীয় গণ্ড প্রণক ওঁকার রগে তাল্লের ধ্যান ও ব্রাল্লোপাসনার কথা এবং সেই পরাংপর পরমপুরুষের দর্শনে বর্মবন্ধন ছিল্ল হওয়ার কথা থাবি বলিভেছেন। 'কীয়ন্তে চাত্য কর্মাণি ভিন্মিন্ দৃষ্টে পরাবরে।' (২-১-৮) তৃতীয় মুগুকের প্রথম খণ্ডে একই দেহে জীবাদ্মা পরমাদ্মা একই আদার রূপভেদে একই ক্লেফ আপ্রিভ প্রক্রিয়ের সহিত তুলনা করা হইয়াছে। ব্রন্দবিদ্ পুরুষ পুণাপাপ বর্জনে ব্রন্দ্রায়ন্ত্র্য লাভ করেন। দ্বিতীয় খণ্ডে কামনারহিত পুরুষের ব্রন্দোপাসনায় সিদ্বিলাভ, সকাম বিষয়ন্ত্রমায়্ত্রপুরুষের সাধন-বিফলভা, কেবল শাস্ত্রপাঠ বা মেধা দ্বারা আদ্মাকে যে উপলব্ধি করা যায় না, ব্রন্দবিদ্ ব্রন্দাই হন আর ভিন্ন থাকেন না ইন্ত্রাদি ইন্ত্রাণি প্রক্মার্থভিপ্রের উপদেশ ক্রন্ত হয়।

মান্ত্রোপনিষদ্ মাত্র হাদশটি প্রবচনে সমাপ্ত। ইহার প্রধান প্রভিপাদ্য বিষয় পরবলোর প্রতীক ওঁকারের ব্যাখ্যান এবং জাগ্রং-রপ্ন-সুষ্প্তি, ভূল সূক্ষ্ম কারণ, অভঃপ্রজ্ঞ-বহিঃপ্রজ্ঞ-প্রজ্ঞানঘন ইত্যাদি অবস্থার অতীত অগ্রাহ্য, মর্বলক্ষণঘিরহিত, সর্বোপাধিশৃষ্ম শান্ত শিব অহৈত নির্প্তন পরব্রেজার প্রতিপাদন। ওঁকারের তিনমাত্রা 'অ' কার, 'উ'কার ও 'ম' কার যথাক্রমে জাগ্রং, রপ্ন ও সুষ্প্তির বোধক কিন্তু সেই অন্বিতীয় শুদ্ধ ব্রহ্ম এই তিন মাত্রার অতীত। সেই পরব্রজ্ঞকে যিনি জানিতে পারেন তিনি হৈতসভাবিলয়ে ব্রজ্ঞের সহিত অভিন্ন হইয়া যান। পূজ্ঞনীয় গৌড্পাদ এই মান্ত্র্ক্যোপনিষদের বিস্তৃত্ত কারিকা লিখিয়াছেন; বেদান্ত দর্শনের গ্রন্থের মধ্যে সেই কারিকা একটি বিশেষ স্থান অধিকার করিয়া রহিয়াছে। কিংবদন্তী অনুসারে গৌড্পাদের শিশ্য ছিলেন শ্রীমং গোবিন্দ এবং পার্থিব দৃষ্টিতে ভগবান্ শঙ্করাচার্য এই শ্রীমং গোবিন্দকে গুরুরূপে বরণ করিয়াছিলেন।

উপরে প্রতি বেদের অধিকাণ, আরণ্যক ও উপনিষদ্ বিস্তৃতভাবে আলোচিত ইইয়াছে। মনে রাখিবার সুবিধার জন্ম নিয়ে তাহা সংক্ষেপে লিখিত হইল ;—

ক্ষমজ্বেদ

ব্যাহ্মণ— ঐতরেষ, কৌষীত্কি বা শাংখ্যায়ন
তপনিষদ্—ঐতরেয়, কৌষীত্কি বা শাংখ্যায়ন
তপনিষদ্—ঐতরেয়, কৌষীত্কি বা শাংখ্যায়ন
(সাংখ্যায়ন বা শাংখ্যায়ন উভয় বানানই শুদ্ধ।)
ব্যাহ্মণ—ডাণ্ডা বা পঞ্চবিংশ, ষড়বিংশ, ছান্দোগ্য
তৈজমিনীয় বা তলবকার, সামবিধান, আর্ষেয়;
সামবেদ

বংশ ও দেবভাধ্যায়
আর্ণ্যক—ছান্দোগ্য
উপনিষদ—ছান্দোগ্য
তপনিষদ—হান্দোগ্য
তপনিষদ—কঠ, শ্বেভাশ্বতর, মহানারায়ণ, মৈত্রায়ণ, তৈতিরীয়
তক্ষমজ্বেদ বা
বাজ্সনেয়িসংহিতা

বাজ্মণ—শতপথ
আর্ণ্যক—বৃহদারণ্যক, ঈশ

অথর্ববেদ { আরণাক—নাই উপনিষদ্—গ্রন্মুণ্ডক, মাণ্ড[ু]ক্য।

প্রতি বেদের সঙ্গে উল্লিখিত এই সকল উপনিষদ্ ব্যতীত আরও বছ উপনিষদের নাম পাওয়া যায় ৷ সর্বসমেত (১০৮) একশত শ্রোত ও অপ্রেতি উপনিষদ্ আছে কিন্তু ইহাদের মধ্যে সবগুলি শ্রোত উপনিষদ্নহে, পরবর্তী কালে বৈদিকোত্তর যুগে

রচিত। বর্ত্মানে শ্রোত ও অ-শ্রোত উভয়বিধ উপনিষদ্ লইয়া একটি একটি বেদের বহুসংখ্যক উপনিষদ্ দৃষ্ট হয়। নিয়ে যথাসম্ভর তাহার তালিকা প্রদত্ত হইল।

ঋগ্বেদীয় উপনিষদ্;—

ঐতরেয়, কৌষীতকি, বহুচ্চ, নির্বাণ, নাদবিন্দু, আত্মপ্রবোধ, অক্ষমালিকা, মুদ্গল, সংভাগ্য, ত্রিপুর।

সামবেদীয় উপনিষদ্;---

ছাংলাগ্য, কেন. আৰুণি, মৈডেয়ী, মৈতায়ণী, বজুস্চী, যোগচ্ড়ামণি, বাসুদেব, সন্ন্যাস, মহা, অব্যক্ত, কুণ্ডিক, সাবিতী, কুড়াম্ক, জাবাল, জাবালি।

कृष्णयजुः (वंगीय উপनियम् ;---

তৈতিরীয়, কঠ, শ্বেতাশ্বতর, কঠক্ত, ব্রহ্ম, কৈবল্য, গর্ভ, নারায়ণ, অম্তনাদ, অম্তবিলু, কালাগ্রিক্ত, ক্ষ্রিক, সর্বসার, শুকরহস্য, তেজোবিলু, ধ্যানবিলু, ব্রহ্মবিদা, যোগতত্ব, দক্ষিণামৃতি, ফ্রন্দ, শারীরিক, যোগশিক্ষা, একাক্ষর, অক্ষি; অবধৃত, হাদয়, বরাহ, পঞ্চব্রহ্ম, যোগকুণ্ডলিনী, প্রাণাগ্রিহোত্র, কলিসন্তর্গ এবং সরশ্বতীরহস্য।

ভক্লযজুর্বেদীয় উপনিষদ্;—

বৃহদারণ্যক, ঈশ, জাবাল, হংস, পরমহংস, সুবালা, মস্ত্রিকা, নিরালম্ব, ত্রিশিখী, তারক, শৈঙ্গল, অধাাত্ম, ডিফ্কু, তারসার, সাত্যায়ন, যাজ্ঞবক্ষ্য, তুরীয়াতীত, বাহ্মপমশুল এবং মুক্তিক।

जर्थर्वदवीय উপনিयम् ;---

প্রশ্ন, মৃত্তক, মাত[্]ক্য, অথর্বশির:, অথর্বশিক্ষা, বৃহজ্জাবাল, রামডাপনী, রুসিংহতাপনী, গোপালতাপনী, ত্রিপুরতাপনী, জবলা, নারদ, শরভ, সীতা, রামরহস্য, দেবা, কৃষ্ণ, গণপতি, অল্পূর্ণা, পাশুপত, স্থ্যাত্মা, গরড়, শাণ্ডিল্য, মহানারায়ণ, পরিব্রাজক, ডক্ম, মহাবাক্য, ভাবনা, পরমহংস, দতাত্তেয় এবং হয়গ্রীব।

—পূজাপাদ শ্রীশঙ্করাচার্য চারিবেদের এই কয়টি উপনিষদের উপর ভাষা রচনা করিয়াছেন,—ঈশ, কেন, কঠ, প্রশ্ন, মুগুক, মাণ্ড্ৰা, ঐতরেয়, তৈতিরীয়, ছান্দোগ্য, বৃহদারণ্যক, শ্বেতাশ্বতর।

উপরের আলোচনা হইতে সুস্পই প্রমাণিত হয় যে 'বেদ' বলিতে মাত্র একটি গ্রন্থ বুঝায় না, প্রতি বেদের মন্ত্র, প্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্ লইয়া একটা বিশাল গ্রন্থায় বলিলেও অত্যক্তি হয় না। এ সম্বন্ধে প্রথাত জার্মান বিছদ্বর ভিন্টারনিংস্ (Winternitz) তাঁহার 'History of Indian Literature' Vol I (ভারতীয় সাহিত্যের ইতিহাস) প্রথম খণ্ডের ভূমিকায় বলিয়াছেন, 'It (the Veda) does not mean one single literary work, as for instance the word 'Koran'; nor a complete collection of a certain number of books, compiled at some particular time as the word, 'Bible, or as the word 'Tipitaka', the Bible of the Buddhists, but a whole great literature which arose in the course of many centuries, and through centuries has been handed down from generation to generation by verbal transmission,'

(শ্রীযুক্তা কেট্কার কৃত ইংরাজী অনুবাদ, কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত, প্রথম সংস্কাণ, পৃষ্ঠা ৫১, ৫৩)। তিন্টারনিংস্ বলিতেছেন, "বেদ বলিতে একটি মাত্র পুস্তক বুঝায় না যেমন 'কোরাণ' বলিতে বুঝায়; অথবা বাইবেল বলিতে বা বৌদ্ধদের বাইবেল যরূপ 'তিপিটক' বলিতে যেমন কোনও এক সময়ে কয়েকটি খণ্ড একত্রে সন্নিবেশ পূর্বক একটি ধর্মগ্রন্থ রচনা বুঝায়, বেদ বলিতে তদ্রপ গ্রন্থ রচনা বুঝায় না। বেদ একটি বিশাল অখণ্ড সাহিত্য যাহা যুগ যুগ ধরিয়া গড়িয়া উঠিয়াছে এবং যুগ যুগ ধ্রিয়া গুরুশিয় পর্প্পরায় মুখে মুখে চলিয়া আসিতেছে।"

ভৃতীয় পরিচ্ছেদ

ঋক্ সাম, যজুঃ ও অথর্ব চারিটি বেদের সংহিত। অংশের সংক্ষিপ্ত আলোচনা এই পরিচ্ছেদের বিষয়।

শ্বন্ধহিতা: যে সকল পাশ্চান্তা পণ্ডিত বেদের ক্রমিক উংপত্তি বিশ্বাস করেন, অপৌক্ষেয়ত্ব ধারণা করিতে পারেন না তাঁহারা চারি কেদের মধ্যে শ্বক্-সংহিতাকে প্রাচীনতম বলিয়াছেন। শুধু ভারতীয় চিন্তার প্রাচীনতম নিদর্শন নহে, ইন্দো যুরোপীয় নামক আর্যগোষ্ঠীগত সমস্ত জাতির ও ভাষার প্রাচীনতম সাহিত্য বলিয়া স্থাকার করেন। মনীয়া ম্যাক্ডোনেল (Macdonell) তাঁহার 'A Vedic Reader for Students' নামক গ্রন্থের ভূমিকায় শ্বগ্রেদের কালবিচার প্রসঙ্গে বলিভেক্নে, "The Rigveda is undoubtedly the oldest literary monument of the Indo European languages." অর্থাং ইন্দো-যুরোপীয় ভাষানিচয়ের মধ্যে সাহিত্যের প্রাচীনতম নিদর্শন বা গৌরবস্তম্ভ হইতেছে শ্বগ্রেদ।

ঋক্; সাম, যজুং ৩ অথব সংহিতা চতুইটারের মধ্যে ঋক্সংহিতা প্রাচীনতম কারণ ঋক্সংহিতার বস্তু মন্ত্র অক্সাল সংহিতায় দৃষ্ট হয়। ঋক্সংহিতার সকল মন্ত্রই সামবেদের সংহিতায় দৃষ্ট হয়, কেবল ৭০টি মন্ত্র অতিরিক্ত দৃষ্ট হয়। য়জুর্বেদের তৈত্তিরীয় সংহিতায় ঋক্সংহিতার বহু মন্ত্র পাওয়া যায়। তক্র য়জুর্বেদেও কভকগুলি ঋক্মন্ত্র দৃষ্ট হয়। অথববিদের শৌনিক সংহিতায় ঋক্সংহিতার ১২০০ (এক হাজার গৃই শভ) মন্ত্র আছে। শৌনককৃত চরপবৃহ্ প্রস্থ মাদে যজুর্বেদে ঋগ্ববেদের ১৯০০ (এক হাজার নয় শভ) মন্ত্র আছে।

ঋক্সংহিভার হুই প্রকার বিভাগ দৃষ্ট হয় ;—

- () মণ্ডল, অনুবাক, সৃক্ত ও ঝক্; (২) অফক, অধ্যায়, বর্গ ও মন্ত্র। প্রথম বিভাগটি অনুষ্ঠানের উপযোগী, দ্বিতীয়টি অধ্যয়নের পক্ষে উপযোগী।
- (১) মণ্ডল, অনুবাক, সৃক্ত ও ঋক্। ঋক্বেদের মন্ত্রের স্তবককে ঋক্
 (Verse) বলে। কভিপয় ঋক্ লইয়া একটি সৃক্ত (Hymn) গঠিত হয়।
 সৃ উক্ত সৃক্ত অর্থাং শোভনবাক্য অর্থাং স্তুডি, প্রশংসা; সাধারণতঃ এক এক
 দেবতার উদ্দেশ্যে এক একটি স্তুডি; কখনও কখনও এক সৃক্তে কয়েকজন
 দেবতার স্তুডিও দৃষ্ট হয়। কয়েকটি সৃক্ত লইয়া একটি অনুবাক এবং কয়েকটি
 অনুবাকের সমষ্টি হইল এক একটি মণ্ডল। সমগ্র ঋক্সংহিভায় দশটি (২০)
 মণ্ডল, পঁচাশটি (৮৫) অনুবাক, এক হাজার সভরটি (১০১৭) সৃক্ত এবং

দশ হাজার ছয় শত (১০,৬০০) ঋক্ আছে। এগারটি বাদখিলা ঋষিগণ দৃষ্ট বালখিলা সৃক্ত লইয়া ১০,৬০০টি ঋক্সংখ্যা গৃহীত হইয়াছে। বিতীয় প্রকারের বিভাগ অনুযায়ী ঋক্সংহিতায় আটটি (৮) অইক, চৌষটি (৬৪) অধ্যায় এবং গুই হাজার ছয়টি (২০০৬) বর্গ আছে। কয়েকটি বর্গ লইয়া একটি অধ্যায় এবং কয়েকটি অধ্যায় লইয়া এক একটি অইক গঠিত। আটটি অধ্যায় লইয়া এক একটি অইক গঠিত। আটটি অধ্যায় লইয়া এক একটি অইক, এইজ্বই 'অইক' নামকরণ হইয়াছে। প্রথমোক্ত বিভাগে প্রতি মণ্ডলে অনুবাক সংখ্যা সমান নহে। বিতীয় মণ্ডলে অনুবাক সংখ্যা সর্বাপেকা কম, মাত্র চারিটি অনুবাক এবং প্রথম মণ্ডলে স্বাধিক; উভয় মণ্ডলে (এক শত একানবাই) ১৯১টি করিয়া সৃক্ত আছে। কয়েকটি ঋক্ লইয়া এক একটি সৃক্ত গঠিত,—পূর্বে বলা হইয়াছে; কিন্তু এই ঋক্ সংখ্যা নিয়মিত নহে। একটি সৃক্তের সর্বনিয় ঋক্সংখ্যা মাত্র একটি ঋক্ এবং সর্বাধিক ঋক্সংখ্যা আটায় (৫৮) দৃষ্ট হয়। সমগ্র ঋক্সংহিতায় চার কক্ষ বিভাগ হাজার (৪,৩২,০০০) অক্ষর আছে।

থাগ্বেদের শাকল ও বাদ্ধল হটি শাখা ভেদে সৃক্ত সংখ্যার পার্থক্য দৃষ্ট হয়। শাকল শাখামতে ১০১৭টি সৃক্ত এবং বাদ্ধল শাখা মতে ১০২৮টি সৃক্ত এই সংহিতায় আছে: অর্থাং প্রথম শাখা হইতে দ্বিতীয়টিতে এগারটি সৃক্ত অধিক আছে। তাহার কারণ এই;—খাগ্বেদের অন্তম মণ্ডলে ৪৯ তম হইতে ৫৯ তম সৃক্ত অবধি একাদশটি সৃক্তের নাম বালখিল্য সৃক্ত। বালখিল্য নামক ঋষিগণ এই সৃক্ত দর্শন করিয়াছিলেন। এই একাদশটি সৃক্ত বাদ দিয়া সৃক্তসংখ্যা ধরিয়াছে শাকলশাখা কিন্ত বাদ্ধল্য স্ক্তপ্রল সংহিতার অন্তর্গত, বৈদিকাণ উহার আর্ত্তিও করেন কিন্ত যেহেতু উহার পদশাঠ দৃষ্ট হয় না এবং সংহিতার অক্ষর গণনায় গৃহীত হয় নাই তক্তরত কেহ কেই উহাকে সৃক্তসংখ্যা মধ্যে পদনা করেন না।

দশটি মণ্ডলে সংহিতাকে বিভক্ত করার মধ্যে একটি নীতি অনুসৃত হইয়াছে বলিয়া অনেকে মনে করেন। তাঁহাদের মতে বিভীয় হইতে অইম মণ্ডল পর্যান্ত সাভটি মণ্ডলে যথাক্রমে সাভটি ঝবিকুলে ক্রুভিবিয়্ত মন্ত্ররাজি সল্লিবিই হইয়াছে, যথা—ক্ষমি গৃংসমদ (বিভীয় মণ্ডল), ঝিষি বিশ্বামিত্র (ভৃতীয়), বামদেব (চতুর্থ), অত্রি (পঞ্চম), জরবাজ (য়ঠ), বশিষ্ঠ (সপ্তম) এবং কয় (অইম)। এইজন্ত এই মণ্ডলভালিকে 'Family Books' আখ্যা দেওয়া

হইয়াছে। বশিষ্ঠ এবং বসিষ্ঠ উভয় বানানই ওদা। নবম মগুলে একমাত্র দেবতা সোমের প্রশক্তিসূচক বিবিধ গ্রাষ্ট্রক সৃক্ত আছে। প্রথম এবং দশম মগুলের সৃক্তগুলি বিবিধ বিষয় লইয়া রচিত। প্রথম মগুলে প্রথম সৃক্ত অগ্রিদেবতার উদ্দেশ্যে গায়ত্রীছদে রচিত। মন্ত্রক্রী গ্রাষ্ট্রক্রদা। দশম-মগুলে বিখ্যাত পুরুষসৃক্ত (১০ তম সৃক্ত) বিদ্যমান। সেই পুরুষসৃক্তেই সর্বপ্রথম ত্রাক্রণ, রাজ্য, বৈশ্য ও শুল্ল চারিবর্ণের নাম শ্রুত হয়;—

'ব্রাহ্মণোহয় মুখমাসীদ্ বাহু রাজন্তঃ কৃড:।

উরু তদস্য যদ্ বৈশ্বঃ পস্ত্যাং শৃদ্রোহক্ষায়ত ॥' (১০-৯০-১২)

প্রাশ্চান্ত্য বা প্রাচ্য যে সকল পশুত বেদের ক্রমিক বিকাশে বিশ্বাসী তাঁহারা মনে করেন শেষ মণ্ডলে এই চারিবর্ণের নাম পাওয়া যায় বলিয়া ঋক্সংহিতা মুগের প্রথম দিকে চারিবর্ণের অন্তিত্ব ছিল না; ম্যাক্ডোনেল (Macdonell), ম্যাক্স্মূলার (MaxMüller) প্রভৃতি অধিকাংশ পাশ্চান্ত্য বিদ্বানদের ইহাই সিদ্ধান্ত। কিন্তু এই সিদ্ধান্ত সমীচীন নহে কারণ একত্রে চারিবর্ণের নাম পূর্ব পূর্ব মণ্ডলে না থাকিতে পারে কিন্তু পৃথক পৃথকরূপে পাওয়া যায়, যথা চতুর্থ মণ্ডলে বৃহত্পতি সৃস্তের অন্টম ঋকের (৪-৫০-৮) শেষ পঙ্কিতে বাক্ষণ ও ক্রতিয়ের সুস্পন্ট উল্লেখ দৃষ্ট হয়—

'ভব্মৈ বিশঃ বয়মেবানমন্তে

যন্মিন্ বন্ধা রাজনি পূর্বএতি।'

অর্থাং যে রাজার অত্যে অত্যে ব্রাহ্মণ পুরোহিত গমন করেন, প্রজাগণ (বিশঃ) শ্বতঃপ্রবৃত্ত হইয়া সেই নৃপতিকে প্রণাম করে।

ঋগ্বেদের প্রথম হইতে নবম পর্যন্ত নয়টি মণ্ডলে গঙ্গানদীর নাম পাওয়া যায় না। অবশ্য ষঠ মণ্ডলে ৬-৪৫-৩১ মত্ত্রে "গাঙ্গা" শব্দ পাওয়া যায় কিছ সকল টীকাকার ঐ শব্দের ব্যাখ্যায় একমত নহেন। দশম মণ্ডলেই প্রথম গঙ্গার উল্লেখ দৃষ্ট হয়;—

'ইমং মে গঙ্গে যমুনে সরষতী শুভুজি স্তোমং সচতা পরুক্ষা।' (১০-৭৫-৫)
সমগ্র অক্সংহিতায় এই একবারই মাত্র গঙ্গার নাম আমরা পাই। ইহা
হইতে ঐতিহাসিকগণ অনুমান করেন প্রথম হইতে নবম মণ্ডল আর্যাবর্ত্তর
উত্তরভাগে সরষতী-নদা-শোভিত যে জনপদ বেদে সুবাস্ত জনপদ নামে
কীর্ত্তিত হইয়াছে সেই সুবাস্ত জনপদে প্রকাশিত হইয়াছিল। যখন দশমমণ্ডল প্রকাশিত হয় তখন আর্যগণ উত্তর ভারত হইতে গঙ্গা উপভ্যকায়
(Gangetic plain) নামিছা আসিয়াছেন।

বিভিন্ন দেবদেবীর উদ্দেশ্যে রচিত ঋক্বেদের মন্ত্রগুলি অপূর্ব কাব্যের রূপ ধারণ করিয়াছে। উষা দেবী, অপাং নপাং নামক বিহুং কাব্যহিসাবে ঋগবেদর দেবতা, সূর্য, পর্জন্ম প্রভৃতির উদ্দেশে রচিত মন্ত্রগুলি কল্পনার ইক্রজালে অপরূপ, কাব্যধর্মে অতুলনীয় ও রুসোচ্ছল হইয়া উঠিয়াছে। উষা দেবীকে লক্ষ্য করিয়া একটি মন্ত্রে ঋষি স্তৃতি করিতেছেন,—

'বৃাৱজয় তমসো দারো

চছভীর-রঞ**্ভচয়** ঃ পাবকাঃ।' (৪-৫১-২)

'র্বালোকে মহীয়সী উবাদেবী প্রত্যুবে উজ্জ্বল ও পবিত হল্তে অন্ধ্রার সিংহধার খুলিয়া দেন ও র্বালোকে জ্বাং উদ্ভাসিত করেন।' প্রক্রেদেব বা মেঘকে লক্ষ্য করিয়া ঋষি গাহিতেছেন,—

> 'রথীব কেশয়াশ্বাঁ অভিক্ষিপন্ন ্ আবিদৃ'তান্ কুণুতে বঁর্মা অহ। দ্রাং সিংহয়া স্তন্থা উদীরতে যং পর্জন্মঃ কুণুতে বর্মাং নভঃ॥" (৫-৮৩-৩)

'সার্থি যেরপ অশ্বনে চাবুক মারে, পর্জ্বান্ড সেইর গ শত শত চাবুবের হার তাঁর বৃত্তিদ্বদের পৃথিবীতে পাঠান, অনুরপ শক হয়। যখন পর্জ্বাদের নডোমগুলকে বর্ষণমুখর করেন ডখন মেষের ডয়রনাদে যেন শত শত সিংহের গন্ধীর গর্জন ক্রত হয়।' এই মন্ত্রটিতে উপমা অলম্বারের অপরপ মাধুরী রূপায়িত। সুর্যের প্রত্যেকটি সৃক্তই সৃন্দর। মধ্যাহ্ন মার্ত্তগুর নাম বিষ্ণু। প্রথম মগুলের একটি সৃক্তে এক মন্ত্রে সিংহের সহিত মধ্যাহ্ণগণনে বিরাজিত সুর্যকে তুলনা করা হইতেছে; 'পর্বতশিখরে ভীষণ সিংহ যেরূপ গার্বিভভাবে গ্রীবাহেলনে চতুর্দিক অবলোকন করে, বিষ্ণু (মধ্যাহ্ন-মার্ত্ত) তদ্রপ নভোমগুলের উত্ত্রক্ষান হইতে সমগ্র জগৎ নিরীক্ষণ করিতেছেন (১-১৫৪-২) সপ্তম মগুলে মগুল্কদের উদ্দেশে একটি সৃক্ত আছে। ভাহার প্রথম মন্ত্রটি এই,

'সংবৎসরং শশ্যানা

বান্দণা বভচারিণঃ

বাচং পর্জগুজিবিতাং

প্রমণ্ড কা অবাদিষ্ট ॥' (৭-১০৩-১)

ব্ৰতচারী ব্ৰাক্ষণ বাসকগণ যেরূপ (দীর্ঘকাল অনাহারে থাকিয়া) ব্ৰত পালন করেন, মত্কগণ তদ্রগণ দীর্ঘকাল (কায়কুছে অবল্যন করিয়া) শয়ন করিয়া থাকে। আচার্য আসিয়া প্রথম বেদমন্ত্র উচ্চারণ করিলে যেমন ত্রাহ্মণ বালকগণ বেদধ্বনি করিতে থাকে, তজ্ঞপ (আচার্যভূল্য) পর্জন্ত আসিয়া গম্ভীরধ্বনি করিলে মণ্ড্রকগণ শব্দ করিতে আরম্ভ করে।' কি অপুর্ব কবিছ ; অপরপ কাব্য; কল্পনা ও উপমার পরাকাষ্ঠা। যদি খৃষ্টপূর্ব ডিন হাজার (3000 B.C.) নানকলে ঋগ্বেদ প্রকাশের কাল ধরা হয়, ডাহা হইলেও সেই সুদূর অভীতে ষখন পৃথিবীর অভাত মহাদেশ য়ুরোপ আমেরিকাদি ভূথও অজ্ঞানতিমিরে আচ্ছন ছিল, যখন সভ্যতার আলোক পাশ্চাভ্যক্ষগতে প্রবেশ করে নাই সেই প্রাগৈতিহাসিক মুগে ভারতের সিদ্ধু উপত্যকায়, সুবাস্ত জনপদে বেদমত্তে এইরূপ একাধারে ধর্ম, দর্শন ও অনুপম কাব্যের সমাবেশ কি প্রাচ্য কি প্রতীচ্য সকল দেশের ও সকল কালের পঞ্চিত ও মনীধীগণকে মুগ্ধ ও বিশ্বয়ে হতবাক করিবে। ঋগ্বেদে এতাদৃশ অপরূপ কাব্যরস দর্শনে ও আহাদনে মহামতি (Winternitz) ভিন্টারনিংস্ তাঁহার পূৰ্বোক্ত গ্ৰন্থে বলিয়াছেন, "Some pearls of lyric poetry, which appeal to us as much through their fine comprehension of the beauties of nature, as through their flowery language are to be found among the songs to Surya, Parjanya, Maruts and above all to Usas." (৯১ পৃষ্ঠা) '(ঝগ্বেদের) সুর্য, পর্জন্মরুং বিশেষ করিয়া উষ্ট দেবভার সুজ্ঞে কভকগুলি গাড়িকাব্যের মুক্তা ছড়াইয়া রহিয়াছে, যার প্রাকৃতিক সৌন্দর্য্যের অপূর্ব উপলব্ধি ও কাব্যালঙ্কারসমূদ্ধ ভাষা আমাদের চিত্তে স্পন্দন জাগায় ' ঝগ্বেদে দেবীরূপে প্রায় ডিনশত বার উষার উল্লেখ আছে। উষাকে আকাশপুত্রী সভ্যভাষিণী, দীপ্তিমতী, আলোক-রূপ বস্ত্রপরিহিতা নিভাষৌবনসম্পন্না, শুভ্রবসনা, স্বর্ণাজ্ঞলা, নুভাপরা, প্রভৃতি বিশেষণে ঋষিগণ ভূষিত করিয়াছেন।'.

সামবেদ সংহিতা:--

সামবেদের অধিকাংশ মন্ত্রই ঝগ্বেদে পাওয়া যায়। সর্বসমেত সামবেদ সংহিতায় ১৮১০ (এক হাজার আটশত দশটি) মন্ত্র আছে; ডলুখো মাত্র ঝক্ ও সামের স্থল, পথিটি মন্ত্র ব্যতীত সমস্তই ঝগ্বেদের মন্ত্রের প্রনরার্ভি ঝক্ ও সামের স্থল, এবং এই সকল মন্ত্রের অধিকাংশ ঝক্ সংহিতার অভ্যম ও নবম মগুলে সন্নিহিত। ঝক্ মন্ত্রসকল সামবেদে পুনকুক্ত হইলেও প্রধান পার্থকা এই, মন্ত্রগুলি ঝগ্বেদে গানরহিত এবং সামবেদে মন্ত্রভিল সামগান-যুক্ত অর্থাং গানসহিত। মন্ত্রের পদঙ্গি

উভয় সংহিতায় একরূপ হ**ইলেও** ঋগ্বেদে গানের রাহিত্য ও সামবেদে গানের সাহিত্য উহাদের পৃথক করিয়াছে।

ঋগ্বেদের সুসম্বন্ধ পাদবদ্ধ ছন্দোগুলিতে সুর সংযোগ করিলেই তাহা সামে পরিপত হয়। এই জন্মই সামবেদ ভান্ত ভূমিকার সামগাচার্য ঋক্কে "সামের কারণ ও আশ্রম" বলিয়াছেন। 'গীয়মানস্য সাম আশ্রয়ভূতা থচঃ সামবেদে সমায়ায়তে'; 'যে সকল সাম গান করা হয় তাহাদের আশ্রয় ছল অর্থাং যাহাকে আশ্রয় করিয়া সামগান করা হয় সেই ঋক্ সকল সামবেদে সঙ্কলিত হইয়াছে।' অভএব সায়ণের ভাষায় 'গীতিরূপা মন্ত্রাঃ সামানি,' গীতিরূপ-মন্ত্রগুলিই গান্যুক্ত ঋক্সকলই 'সাম' আখ্যা পাইয়াছে। ঋক্ মন্ত্রের উপর সাভটি শ্রর প্রয়োগ করিয়া বিভিন্ন ছন্দে ও বীণাদি বাদ্যযন্ত্র সহকারে সামগান করা হইত।

গানই সামস্ভ গুলির প্রাণয়রপ। ঋগ্বেদের মন্ত্রের ছারা দেবভাকে আহ্বান করা হয়, আর সামবেদের মন্ত্রের ছারা দেবভার স্তৃতিগান করা হয়। গীত বা গানের সহিত শুভি উচ্চারণ করিলে তবেই তাহাকে স্তোত্র বলা হইত। 'প্রগীতমন্ত্রসাধ্যা শুভিঃ স্তোত্রম্'। ঋগ্বেদের মন্ত্রুজিল সামবেদে পুনঃশ্রুত হইলেও কিছু কিছু পরিবর্ত্তন দৃষ্ট হয়। এই পরিবর্ত্তনগুলি দেখিয়া ছই একজন পাশ্চান্তা পণ্ডিত সিদ্ধান্ত করিয়াছিলেন যে বোধহয় ঋগ্বেদ হইতে আরও পুরাতন কোনও বৈদিক সংহিতা ছিল। তাহা এখন লুগু হইয়াছে। কিছু এই মত মুক্তিসহ নহে। প্রখ্যাত জার্মাণ পণ্ডিত Theodor Aufrecht (টেওডোর আউফ্রেশ্ট) তার প্রণীত ঋগ্বেদের দ্বিতীয় সংক্রবের ভূমিকার এই মত খণ্ডন করিয়াছেন এবং মুক্তি প্রদর্শন করিয়া দেখাইয়াছেন মুগ মুগ ধরিয়া ঋক্মন্ত্র সকল কর্পে শ্রুত ও স্থৃতিতে বিধৃত হইয়া আসিয়াছিল বিলিয়া ঈরং পরিবর্ত্তন বা রূপান্তর খুবই য়াভাবিক।

সামবেদের সহস্র শাখা ছিল এই কিংবদন্তী ব্যাকরণ, পুরাণ প্রভৃতি
গ্রন্থসম্থিত। বেদের শাখা বিচার কালে আমরা এ বিষয়ে আলোচনা
করিব। বর্তমানে এই বেদের মাত্র তিনটি শাখা পাওয়া যায়; রাণায়নীর,
কৌথুমী ও কৈমিনীর; তন্মধ্যে কৌথুমী শাখা প্রসিদ্ধ! এই শাখামতে
সামবেদের ছইটি
বিভাগ—আচিক অক্ ও গানের সংগ্রহের নাম আচিক। ইহাকে ছন্দঃ
ও উত্তরাচিক
বা পূর্বাচিকও বলা হয়। এক একটি আচিক ছয়টি
প্রপাঠকে বিভক্ত এবং প্রতি প্রপাঠক প্রশতি নামক থতে বিভক্ত। প্রভেত্ব

প্রপাঠক দশভাগে বিভক্ত এবং প্রভ্যেক দশভিতে দশটি করিয়া মন্ত্র আছে, এই জন্মই 'দশভি' নাম ; কেবল ষষ্ঠ দশভিতে একটি কম অর্থাৎ নয়টি মন্ত্র আছে। 'দশভি' আবার ভিনটি ভাগে বিভক্ত ; হুল্লঃ, আর্ণাক ও উত্তরা। সামসংহিভার প্রথম অর্থাৎ আর্চিক নামক খণ্ডে ৫৮৫টি ঋক্ বা স্তবক আছে। সেগুলি সামগানযুক্ত এবং বিভিন্ন সুরে যজে গীত হয়। পাদবদ্ধ মন্ত্রটি ঋক্ কিন্তু ভার পাঠভঙ্কী বা আর্ডিশৈলা হইল সামগান। এইজন্ম ঋকৃকে সামের খোনি বলা হয়। 'ঋক সামাং যোনিং'।

এই সংহিতার বিতীয় খণ্ডে অর্থাৎ উত্তরার্চিক নামক খণ্ডে চারিশত সাম আছে এবং প্রতিটি সামে সাধারণতঃ তিনটি করিয়া ঋক আছে—এবং প্রত্যেকটি ঋকে ঋগবেদের তিনটি করিয়া পদ আছে। কতকভাল ত্রিঋচে বা ঋক্ত্রয় সমষ্টিতে প্রটি করিয়াও পদ দুষ্ট হয় : কয়েকটিতে আবার ভিনটিরও বেশী পদ আছে এবং অতি অল কয়েকটিতে বারটি পর্যান্ত পদের সমাবেশ দুই হয়। উত্তরার্চিকের সামমন্ত্রকলি প্রধান প্রধান যজে পান করা হয়। আচিক খণ্ডের মন্ত্রন্থলি অংশতঃ ছলাঃ অনুযায়ী এবং অংশতঃ অগ্নি, ইন্দ্র, সোম দেবভানুযায়ী সাজান কিন্তু উত্তরাটিকে প্রধান প্রধান যাগের পারম্পর্য অনুযায়ী মন্ত্রগুলি সান্ধান হইয়াছে,—যথা দশরাত্র, সংবংসর, একাহ, অহীন, সত্র, প্রায়শ্চিত্ত এবং ক্ষুত্র। আর্চিক ও উত্তরার্চিক উভয়খণ্ডে মূল মন্ত্রগুলি লিপিবদ্ধ আছে, কিছ এই সংহিতার প্রাণ-স্বরূপ যে গান তাহা সুপ্রাচীন কাল হইতে মুখে মুখে চলিয়া আসিতেছে। কণ্ঠ ও যন্ত্ৰ উভয় প্ৰকার সঙ্গীত মাধামে সামগান করা হইত. সামগানের চারিটি গ্রন্থ অনুমান করা হয়। হস্ত ও অঙ্গুলী নানা প্রকারে সঞ্চালন করিয়া প্ররোহিতগণ বিভিন্ন সুরের ইঙ্গিত দান করেন। আর্চিকের সহকারী সামগানের চারিটি গ্রন্থ পাওয়া যায়,—গ্রামণেয় গান, व्यवगारमञ्जान , छेरुभान ७ छेरु भान । अथम प्रहेषि व्यवर्थ- मश्क्रक । आदम ষে সকল সাম পান করা ইইত ভাহার নাম গ্রামণের পান এবং যে সকল পান গ্রামে নিষিদ্ধ, অরণ্যে নিভূতে গুরুর নিকট শিক্ষা করিতে হইত সেগুলির নাম অরণ্যণের গান। যজ্ঞে সামগানের যে ক্রম অনুসর্ণ করিতে হয় সেই ক্রমের (order) নিৰ্দেশ পরবন্ধী হুইটিতে 'উহ' ও 'উহা' নামক গ্ৰন্থে আছে : তন্মধ্যে केटर धामरभग्न भारतत क्म बन्द छेटर अनुगुरभग्न भारतत निर्देश आहि। গ্রামণেয় গানকে প্রকৃতিগান, যোনিগান এবং বেদসামও বলা হয়। উহা গানের আর একটি নাম রহস্ত গান। গ্রামপেয়, অর্ণ্যপেয়, উহ ও উহ্ছ এই চারিটি গ্রন্থে বধাক্রমে সভর, ছয়, ভেট্শ ও ছয়টি করিয়া প্রপাঠক আছে।

ইহার মধ্যে প্রথম ভেরটি প্রপাঠকের সকল মন্ত্র অগ্নিদেবতা বিষয়ক, অভিম এগারটি প্রপাঠকের মন্ত্রবাজি সোমদেবতানিষ্ঠ এবং মধ্যবর্তী প্রপাঠকগুলির মুখ্য দেবতা ইস্ত্র।

সামবেদই আর্থসঙ্গীতের উৎস। 'সাম' শব্দে সর্বদাই গান বুঝায়।
ঋক্ময়ে সাভটি শ্বর লীলায়িত করিয়া সামগান করা হইত। সামবেদের
কালের প্রথম পর্বে ভারতীয় সঙ্গীতের সাভটি শ্বরের মাত্র তিনটি শ্বর
পাওয়া যায়। কেহ কেহ সেই তিনটি শ্বরকে ষড়জ্ন, থাষ্ড ও নিষাদ
বলিতে চাহেন, কেহ কেহ ষড়জ্ন, গান্ধার ও পঞ্চম বলেন। সপ্তদশ
শতাব্দীর লেখক সোমনাথ তাঁহার 'রাগবিরোধ' নামক গ্রন্থে সামবেদীয়
কালের প্রথমাংশে এই তিনটি শ্বরের অন্তিত্ব সমর্থন ও প্রমাণ করিয়াছেন।
সামবেদের যুগের অন্তিম পর্বে যে সাভটি শ্বরের উদ্ভব হইয়াছিল সে
বিষয়ে ভারতীয় সঙ্গীতশাস্ত্রকারগণ প্রায় সকলেই একমত। রামামাত্যরচিত 'শ্বরমেলকলানিধি' নামক প্রসিদ্ধ সঙ্গীতশাস্ত্র গ্রন্থের ভূমিকায়
রামশ্বামী আয়ার বলিয়াছেন,—

The scale of the Marga music ordinarily ranged from one to four notes, but during the later Saman period, rose to seven notes;' 'মার্গ সঙ্গীতের স্বরের গ্রাম সাধারণতঃ (সামবেদের প্রথম সুগে) একটি হইতে চারটি স্থরের মধ্যে আবিদ্ধ ছিল কিন্তু সামবেদের শেষাংশে সপ্তস্থরের উৎস স!মগান তাহা সপ্তস্থরের রূপ ধারণ করে।' এখন সপ্তস্তরকে ষড়জনু, খাষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ বা সংক্ষেপে প্রত্যেকটির প্রথম অক্ষর লইয়া সা(হা), রি (ঝ), গা, মা, গা, ধা, নি বলা হয়। সামবেদের মুগে এই সপ্তস্থারের নাম ছিল,— জুই, প্রথম, দ্বিতীয়, তৃঙীয়, চতুর্থ, মন্ত্র ও অভিযার্য। নারদ নামে একটি বৈদিক শিক্ষার (Phonetics) গ্রন্থকার এবং বেদ-ভায়কার সায়ণ সামবেদের সপ্তম্বরকে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্ব, পঞ্চম, ষষ্ঠ ও সঞ্জম নামে অভিহিত করিয়াছেন। এই সাভটি সর যখন ভারতীয় মার্গসঙ্গীতে প্রয়োগ করা হইল তখন তাহাদের বড়ব হইতে नियान भर्यं मार्छि सद्वत अधूना श्रामं नामकद्र हरेन। मार्क्रास्ट्रिय 'সঙ্গীতসুধাকর' ভারতীয় সঙ্গীতশাল্লের অতি প্রাচীন প্রামাণ্য গ্রন্থ। ভাহার টীকাকার কল্লিনাথ (মল্লিনাথ নহে) এই তথ্য সমর্থন করিয়াছেন। তাঁহার : উক্তি, 'সামানি হি কৃষ্ট-প্ৰথম হিতীয়-তৃতীয়-চতুৰ্থ-মস্ত্ৰাভিস্বাৰ্যাখা: সপ্ত-স্বরাঃ। ইহ তু (মার্গসঙ্গীতে) ত এব বধাযোগং বড়জাদিবাপদেশভাজ

ইতি।' 'জুফা, প্রথম, বিভীয়, তৃতীয়, চতুর্থ, মন্ত্রপ্ত অভিরার্য এই সাডটি সামের বর। মার্গ সঙ্গীতে এই সাডটি ররই যথাক্রমে ষড়জ্বা, প্রয়ন্ত, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত এবং নিষাদ নাম পাইয়াছে।' মার্গ সঙ্গীত বৈদিক কি না ইহা কইয়া বহু বাদানুবাদ আছে। উপরের আলোচনা হইতে স্পাই প্রতীতি জন্মে মার্গসঙ্গীত বৈদিক এবং সামগানের সাডটি বর হুইতেই মার্গসঙ্গীতের সাডটি বর আসিয়াছে। সঙ্গীতসুধাকর রচয়িতা প্রায় শার্লপেব এবং ঐ গ্রন্থের টীকাকার কল্লিনাথও এই মত সমর্থন করেন। বর্তমান যুগে ভারতীয় সঙ্গীত শাস্ত্রের ঐতিহাসিক তথ্য বিষয়ে প্রমাণব্ররূপ রামী প্রজ্ঞানানন্দ, রামস্থামী আয়ার প্রভৃতিও মার্গসঙ্গীতের বৈদিকত্ব এবং সামগানকে মার্গসঙ্গীতের উৎস বলিয়া স্ফুটকণ্ঠে বীকার করিয়াছেন। রামামাত্যের 'প্রর্মেলকলানিধি' নামক সঙ্গীঙশাস্ত্রের ভূমিকায় রামস্থামী আয়ার সৃস্পাই করিয়া বলিয়াছিলেন.—

'I venture to call Marga Vedic music', 'আমি মার্গসঙ্গীতকে বৈদিক সঙ্গীত বলিতে চাই।'

সামগানের বিবিধ রীতি প্রচলিত ছিল। সামবেদের সহস্র শাখা ছিল।
পতঞ্জলি তাঁর মহাভায়ে বলিয়াছেন 'সহস্রবন্ধানী সামবেদঃ'। এই সংস্থাপথ
বা সহস্রশাখা ব্যাখ্যা প্রসঙ্গে পূর্বমীমাংসাস্ত্রের ভায়কার শবরস্বামী বলেন,
'সামবেদে সহস্রং গীড়াপায়াঃ' অর্থাৎ সামবেদে সহস্র (অর্থাৎ অসংখ্য)
গানের প্রকার। ভারতীয় সঙ্গীতে সামবেদের অবদান সর্ববাদিসম্মত এবং
গুরুত্ব সুপ্রতিষ্ঠিত। সামগানের কেবল যে যজ্ঞেই প্রয়োগ ভাহা নহে, যজ্ঞ

ছালোগ্যোপনিষদে কথিত আছে সামগান পাঁচভাগে বিভক্ত যথা— হিক্কাব, প্রস্তাব, উদ্গীথ, প্রতিহার এবং নিধান। সঙ্গীতশাস্ত্রবিদ্ অনেকে বলেন হিক্কার, প্রস্তাব ও উদ্গীথ অধুনা প্রচলিত গানের স্থায়ী, অস্তরা ও আডোগের সমতৃল্য। নিধান তানের (coda) সূচক। নিয়লিখিত ঋক্ মন্ত্র সামগানে পরিণত হইলে পাঁচটি বিভাগ কিরূপ হইবে তাহা দেখান হইতেছে।

ঋক্সংহিতার একটি মন্ত্র,—

'অগ্ন আয়াহি বীতরে, গুণানোহব্যদাতরে। নিহোতা সংসি বহিষি' (৬-১৬-১০) এই ঋক্ মন্ত্রটি সামবেদ সংহিতার প্রথম মন্ত্র। এই ঋক্টি সামগানে রূপায়িত হইলে পাঁচটি বিভাগ এইরূপ হইবে,—

'ওঁ অগু ই' (প্রস্তাব)

'ওঁ আয়াহি বীতয়ে গুণানোহব্যদাতয়ে' (উদ্গীথ)

'নি হোডা সংসি বর্হিষি ওঁ (ওম্)' (প্রতিহার)। প্রতিহারটি আবার ছুই-ভাগে বিভক্ত, যথা,—

> 'নিহোতা সংসিব' (উপদ্ৰব) 'হিষি ওম্ (ওঁ)' (নিধান)

যজুর্বেদ সংহিতা:---

ঋক্ও সাম ভিন্ন অবশিষ্ট বেদমস্ত্র যজু: নামে অভিহিত হইয়াছে। ঋষি জৈমিনি পূর্বমীমাংসাসূত্রে, এই জন্ম যজুঃমন্ত্রের লক্ষণ করিয়াছেন, 'শেষে যজু:শব্দ', ঋকৃ ও সাম ভিন্ন যাহা শেষ অর্থাৎ অবশিষ্ট যজুঃম**ল্লে**র লক্ষণ রহিল তাহার নাম যজু:। ইহা প্রথম অধ্যায়ে চারি বেদের লক্ষণ আলোচনা কালে আমরা বলিহা আসিয়াছি। ঋক্ ও সামমন্ত্র সকল ছলোবদ্ধ ; তলাধো ঋক্মন্তরাজি পদাময় এবং সাম মন্ত্রসমূহ পদ্যময় ও গানময়। ঋকৃ ও সাম সংহিতায় গদ্য দৃষ্ট হয় না। যজুঃসংহিতায় পদাময় ও গদাময় উভয় প্রকারের মন্ত্র আমরা পাই। পদোর প্রথম আবিভাব ষজুর্বেদে। সামবেদসংহিতায় মাত্র ৭৫টি মন্ত্রবাতীত সমস্ত মন্ত্রই ঋকৃসংহিতার মন্ত্র। কিন্তু যজুঃসংহিতায় কিছু ঋকৃমন্ত্র থাকিলেও অধিকাংশ মন্ত্রই যজুর্বেদের নিজন্ত মন্ত্র। যজ্ঞে ঋক্মন্ত্রে দেবতার আহ্বান করা হয় এবং সামমন্ত্রে দেবভার স্তুতিগান করা হয়; যজুঃমন্ত্রের ছারা যজ্ঞের সকল কর্ম এবং আছুত ও প্রশংসিত দেবদেবীব উদ্দেশে আছতি প্রদানাদি করা হয়। যজ্ঞানুষ্ঠানের অধিকাংশ নিয়ম পদ্ধতি এই বেদে উপনিবদ্ধ। প্রায় যক্তে বজুর্বেদের প্রাধান্ত শ্রেতিযালের অনুষ্ঠানজন্ম যজুর্বেদের জ্ঞান অনিবার্য। যজ্ঞের সঙ্গে সম্বন্ধ আছে বলিয়াই যজুঃসংহিতার নাম বায়পুরাণ মতে যজুঃ হইরাছে।

> "যজ্ঞিউঞ্চ যজুর্বেদে, তেন যজ্ঞমযুঞ্জ। যাজনাদ্ধি যজুর্বেদ ইতি শাস্ত্রতা নির্ণয়ঃ।'

'ঋক্ ও সাম ব্যতীত যাহা যকুর্বেদে অবশিক বহিল তাহা ছারা যজের ্ বোজনা হইল। যাজন শব্দ অর্থাং যজের সজ্মাতু ইইডেই হল্প: শব্দ নিস্পন্ন হইয়াছে। ইহাই শান্ত্রসিদ্ধান্ত।' যজুর্বেশী পুরোহিতের নামও এই জন্ত অধ্বযু^র। অধ্বর মানে যজ্ঞ। 'অধ্বরং ঘুনজিং ইভি (অধ্বর্বযুঃ) অধ্বযু^রঃ'। অর্থাৎ যিনি যজ্ঞকে রূপায়িত করেন তিনি অধ্বযু^র। পুরোহিতের বিষয় আলোচনাকালে পরে আমরা ইহা আলোচনা করিব।

ষজুর্বেদের গুইটি বিভাগ, কৃষ্ণযজুর্বেদ বা তৈজিরীয়-সংহিতা এবং গুরুষজুর্বেদ বা বাজসনেয় সংহিতা। কৃষ্ণযজুর্বেদ শুকুযজুর্বেদের পূর্ববর্তী। এই কৃষ্ণ শুকু বিভাগ হুইটি সম্বন্ধে একটি বিচিত্ৰ উপাথ্যান বায়ু ও বিষ্ণু যজুবেদের কৃষ্ণ, শুক্ল পুরাণে কীর্ত্তিত হইয়াছে। প্রথমে সেই আখ্যায়িকা ভেদে ছুইটি বিভাগ আমরা লিপিবদ্ধ করিব ও ভারপর কৃষ্ণ শুক্র নামের অকাক ব্যাখ্যা উত্থাপন করিব। আখ্যায়িকাটি এইরূপ: বেদ সংহিতার সক্ষলনকর্ত্ত। মহর্ষি বেদব্যাস সমগ্র বেদবিদ্যার বহুল তং সমক্ষে আখার্ষিকা প্রচারের ও রক্ষার অত্য সর্বাত্রে তাঁহার প্রধান শিক্সবৃন্দ পৈল, বৈশম্পায়ন, জৈমিনি ও সুমস্ত ঋষিকে যথাক্রমে ঋক্, যজুঃ, সাম ও অথর্ববেদ শিক্ষা দেন। তুরুধো বৈশস্পাহন হজুর্বেদ আয়ত্ত করিয়া স্বীয় শিশু ষাজ্ঞবেল্কঃ প্রভৃতি ঋষিগণকে যজুর্বেদবিদ্যা দান করেন। পুরাকালে মেরুপর্বভের শিশরে ঋষিগণের (২র্ডমান কুছমেলার কায়) সম্মেলন হইত। ইহা বাধাতামূলক ছিল। তাঁহোৱা একত্রিত হইয়া স্বীয় স্বীয় অধীতবিদার আলোচনা ও বিচার করিতেন। এই মেরু সম্মেলন সম্বন্ধে নিয়ম ছিল

> 'ঋষির্যশচ মহামেরো সমাজে নাগমিয়াজি ভয়া বৈ সগুরাজং তদ্বকাহভাগ ভবিয়াভি'॥

অর্থাং এই মহামের শৃঙ্গে ঋষিসংখালনে যে ঋষি যোগদান না করিবেন সপ্তাহমধ্যে তিনি ব্রহ্মহত্যা পাপে লিপ্ত হইবেন। একবার ঋষি বৈশম্পায়ন কোনও কারণবশতঃ এই সম্মেলনে যেংগ দিতে পারিলেন না, কিন্তু নিয়ম লজনে করায় অবশ্বস্থাবী ব্রহ্মহত্যা পাতৃক রোধ করার জল তিনি তদীয় শিশুমগুলী মধ্যে তাঁহার প্রতিনিধিত করিতে কেই সক্ষম বিনা জিজ্ঞাসাকরেন; প্রতিনিধি হইয়া কেই তপস্তা করিলে ব্রহ্মহত্যা পাপ নিবাহিত হইবে। শিশুবর্গ গুরুর আদেশ শিরোধার্য করিয়া তপস্যায় ব্রতী হয়েন। তন্মধ্যে যাজ্ঞবন্ধা নামক শিশুরুত্ব শুকুকে বলেন,—'ভগ্বন্! আপনার এই সকল শিশু হীনবিদ্য ও ক্ষাণবীর্য; ইহাদের এমন বিদ্যাবন্তা বা তপঃপ্রভাব নাই যে তাহারারা আপনার ব্রহ্মহত্যা পাতৃক নিবারিত হইতে পারে। আপনি আমাকে আদেশ করুন, আমিই একাকী কঠোর তপস্যাহারা আপনার এই

ভাবী পাতক রোধ করিতে সক্ষম।' যাজ্ঞবস্থ্যের এইরপ গবিত বাক্য শ্রহণ করিয়া ও অহঙ্কার দর্শনে গুরু বৈশস্পাহন জ্বনিয়া উঠিলেন ও যাজ্ঞবস্থ্যকে ভর্পনা করিয়া কহিলেন—'ভোমার শ্রায় গবিত ও সভীর্থ-অবজ্ঞাকারী শিয়ে আমার প্রয়োজন নাই; তুমি এখনই এখান হইতে দূর হও এবং আমার প্রদত্ত সমস্ত বিদ্যা প্রভাপ কর।' গুরুভক্ত যাজ্ঞবস্থাও গুরুর আদেশানুযায়ী তাঁর নিকট অধীত বেদবিদ্যা উদ্গীরণ করিয়া ফেলিলেন। অশ্বাশ্ব শিক্সদের গুরু সেই উদ্গীণ বিদ্যা গ্রহণ করিতে নিংদশ দিলেন। মনুষ্য শরীরে উদ্গীণ বা বাস্ত (বমি) গ্রহণ অনুচিত ও অসম্ভব বলিয়া তাঁহারা তি ডিরি পক্ষীর রূপ

কৃষ্ণ যজুবেদৈব উপাখ্যান ধারণ করতঃ যাজ্ঞবক্ষ্যের উদ্গার্প বেদবিদ্যা গ্রহণ করিলেন। এই শিশুগণ কালক্রমে নিজ নিজ সম্প্রদায়ের মধ্যে সেই গুহীত বেদবিদ্যার প্রচার করিছে লাগিলেন। উদ্গীর্ণ

বস্তু সাত্মিক নহে, দূষিত ভজ্জক এই যজুর্বেদের এই সংহিতাকে কৃষ্ণ বলা হয় এবং তিত্তিরি পাখার আকারে ঋষিগণ উহ। গ্রহণ করিয়াছিলেন বলিয়া তৈতিরীয় সাখা বা তৈতিরীয় সংহিতাও বলা হইয়া থাকে। ওদিকে ঋষিপ্রবর্ম যাজ্ঞবক্ষা গুরু কর্তৃক পরিভাক্ত হইয়া ও বেদবিদ্যাহান হইয়া মনঃক্ষেই কালাতিপাত করিতে লাগিলেন। তিনি চিন্তা করিতে লাগিলেন, 'ধর্ম ও ব্দ্দাবিদ্যার আকর ও প্রমাণ বেদ। বেদবিদ্যাবাতীত ব্যক্ষণজন্ম নির্থক ও পশুজন্ম সদৃশ ঘৃণ্টা। এখন আমি কি উপায়ে কাহার নিকট পুনরায় বেদবিদ্যা লাভ করিব ?' এইরূপ বিযাদ্রিইট ও চিন্তানিমন্ন অবস্থায় সহসা ভাঁহার স্মরণপ্রথ এই ওত্ব উদিত হইল,—

"ঋণ্ডিঃ পূর্বাহ্নে দিবি দেব ঈয়তে যজুর্বেদে ডিষ্ঠতি মধ্যে অহৃঃ সামবেদেনান্তময়ে মহীয়তে বেদৈএশুশুল্লিভিরেডি দেবঃ ॥"

অর্থাং এই স্থংজ্যোতি ছতঃপ্রকাশমান জগংপ্রস্বিতা সূর্যদেব পূর্বাক্তে ধাগ্বেদের মন্ত্রসমূহদারা বিভূষিত হইটা নভোমগুলে উদিত হয়েন; মধ্যাক্তে যজুর্বেদে অধিষ্ঠান করেন এবং সায়ংকালে সামবেদ দারা পূজিত হন। এই স্বিতাদেব কথনও ত্রিবেদশ্ভ অবস্থায় থাকেন না; এক এক সন্ধ্যায় এক এক বেদশুক্ত হইটা প্রকাশ পান। যাজ্ঞবন্ধ্য সিদ্ধান্ত করিলেন, 'আমিও এই সূর্যদেবের নিকটেই বেদবিদ্যা শিক্ষা করিব।' এই সক্ষয় করিয়া ভিনি—

শুক্ল যজুর্বেদের উপাখ্যান 'নমঃ সবিত্রে ধারার মুক্তেরবিভতেজসে। ঋগ্যজুঃ-সামরূপার অয়ীধামান্সনে নমঃ।' हेलानि क्षारक जानिलामात्वत छव कतिए कतिए जाताधनाच क्षतृत्व হইলেন। সূর্যদেবও তাঁহার আরাধনায় তুই হইয়া বাজীরূপ ধারণ করিয়া ষাজ্ঞবল্কাকে বেদবিদ্যা শিক্ষা দিলেন : সূর্য হইতে প্রকাশিত সেই বেদভাগ ভক্লযজ্বেদ বা বাজসনেয়ি-সংহিতা নামে অভিটিত ইটল। "ব'জ' অর্থে সুর্যরশ্মি অথবা অলু, "সনি" অর্থ ধনসম্পদ্; সুর্যের ভজ কিরণ হইতে শ্রেষ্ঠ ধনসম্পদ্রপ যে বেদ প্রকাশ পাইছাছিল সেই বেদের নাম কাঞ্চসনেয়ি সংহিতা বা শুকু যজুর্বেদ। অথবা অল্লখন যাঁচার আছে তিনি বাজসনি। যাজ্ঞবক্ষার প্রাতৃষ্প অল্লখন থাকায় তাঁহার 'বাজ্ঞসনি' নাম হইয়াছিল। তজ্জ্ঞ তাঁহার লব্ধ বা দৃষ্ট ফ্লুর্বেদের নাম 'বাজসনেহিসংহিতা'। অনুক্রমনীকার কাডাায়ন ও শুকুযজ্বদৈর ভাষ্যকার মহীধর এই আখ্যায়িকা সভা বলিয়া গ্রহণ করিয়াছেন কিন্তু কৃষ্ণ ও শুকু যজুঃ সংহিতার এই ইভিবৃত্তকে অনেকে উপাখ্যান বলিয়াই মনে করেন। তাঁহারা এই গুই প্রকার কৃষণ ও শুকুষজু: নামকরণের অভ্যাত্ত প্রস্পরবিরুদ্ধ শুকু ও কৃষ্ণ নামকরণের নিয়**লিখিত ডিল** বা:খা ভিন্ন কারণ নির্দেশ করেন। সাহণাচার্য হুই স্থানে হুই প্রকার ব্যাখ্যা দিয়াছেন। তৈত্তিরীয় সংহিতার ভাষ্ট ভূমিকায় তিনি কারণ নির্দেশ করিরাছেন,— বৈশম্পায়ন যাজ্ঞবল্ধাদি সবল শিশুকে বেদ শিকা দেন, তুনুধো যাস্ক নামক ঋষি সেই বেদসমূহ তিতিরি নামক ঋষিকে শিক্ষা দেন; তিত্তিরি আবার উখ নামক ঋষিকে শিক্ষা দেন, উথ শিক্ষা দেন আত্রেয় ঋষিকে। সেই ভিত্তিরি ঋষির পাধীত বলিয়াই ভৈত্তিরীয় সংহিতা নাম হইয়াছে। আত্তেম ঋষি অধ্যয়ন করিয়াছিলেন বলিয়া ইহাকে আত্রেয়ী শাখাও বলা হইয়া থাকে। উক্ত উধ নামক ঋষি সমগ্র কৃষ্ণ-যজ্ববিদের যে পদ বিভাগ করেন, তাহা এখনও পাওয়া যায়। পাণিনির

অশাত আবার সায়ণ একরপে শুরু, কৃষ্ণের ব্যাখ্যা দিয়াছেন। কৃষ্ণ যজুর্বেদে যজুর্বেদীয় পুরোহিত অধ্বয়ুর্ব এবং ঋগ্বেদীয় পুরোহিত হোতার কর্ত্তব্য একতে কথিত হইয়াছে; এইজন্ম অনেক সময়ে বুকিতে অসুবিধা হয়। কোন্টি ঋগ্বেদীয় পুরোহিতের করণীয়, কোন্টি বা যজুর্বেদীয় পুরোহিতের, স্পন্ত উল্লেখ না থাকায়—দিগ্লাভ হইতে হয়। বুদ্ধিকে আছের করিয়া কেলে বলিয়াই ইহাকে 'কৃষ্ণ' সংজ্ঞা দেওয়া হইয়াছে। তৃত্ব যজুর্বেদ কেবল অধ্বয়ুর কর্ত্বের উল্লেখ আছে সৃতরাং বুকিতে

মতেও তিন্তিরি নামক ঋষির নাম হইতেই তৈন্তিরীয় সংজ্ঞা আসিয়াছে।

আত্রেয় শাখার অনুক্রমণিকাতেও এই মত সমথিত হইয়াছে।

অসুবিধাহয় না। এই বোধসৌকর্য ও নিজের শুদ্ধত বজায় রাখার জন্মই শুকু সংজ্ঞাপাইয়াছে।

এই হাইটি ছাড়া তৃতীয় একটি ব্যাখ্যা প্রচলিত আছে এবং সাধারণতঃ এই ব্যাখ্যাই বিদ্বংসমাজে আদৃত। ঋক্, সাম ও অথব্বেদের সংহিতাও রাক্ষণের বিভাগ সুস্পই এবং পরস্পর মিশ্রণ ঘটে নাই কিছ কৃষ্ণ যজুর্বেদের ক্ষেত্রে এই নিযমের ব্যতিক্রম দৃষ্ট হয়। এই প্রস্থের বিভীয় পরিচ্ছেদে ভৈত্তিরীয়-রাক্ষণের আলোচনা প্রসঙ্গে ইহা আমরা বলিয়াছি। কৃষ্ণযজুঃ সংহিতার ও তল্লিষ্ঠ তৈতিরীয়-রাক্ষণের স্বতন্ত্র সংহিতাও রাক্ষণের লক্ষণ রক্ষিত হয় নাই। সংহিতার অনেক অংশ রাক্ষণে পাওয়া যায়, আবার তৈত্তিরীয় রাক্ষণে সংহিতার অনেক অংশ দৃষ্ট হয়। সংহিতাও রাক্ষণের সাক্ষর্য ঘটিয়াছে। এই সাক্ষর্য বা মিশ্রণ জন্মই 'কৃষ্ণ' নাম হইরাছে। 'কৃষ্ণ' শক্ষটির সংস্কৃতে একটি অর্থ মিশ্রণ। রাক্ষণ লক্ষণের অতিব্যাপ্তি ঘটিয়াছে সংহিতায় এবং সংহিতাকক্ষণের বা মন্ত্রক্ষণের অতিব্যাপ্তি ঘটিয়াছে রাক্ষণে। অমিশ্রিত যাহা ওদ্ধ, তাহা ওক্ল; আর যাহা মিশ্রিত তাহা ওদ্ধ নহে, ভক্ল নহে, তাহা কৃষ্ণ।

সাংগণাচার্য কৃজ্ঞযজুর্বেদের তৈতিরীয়সংহিতার ভাষা এণায়ন করিয়াছেন।

ভট্ট কৌশিক ভাস্করমিশ্র প্রণীত জ্ঞান্যজ্ঞ নামক এই

যজুর্বেদের ভাষ্যকার

সংহিতার আরও একখানি ভাষ্য পাওয়া যায়। শুকু

যজুর্বেদের কাপ্সশাখার উপর সায়ণ ভাষ্য রচনা

করিয়াছেন। বৈদিকাচার্য উবট ও মহীধর নামে হুইজন বিশ্রুত্বপশুত্তও শুকু
যজুর্বেদের পুথক পৃথক হুইটি ভাষ্য প্রণয়ন করিয়াছেন।

সাহণভাষ্য ও ভট্টভাস্করভাষ্যসত কৃষ্ণবিজ্ববিদের ভৈতিরীয় শাখার সম্পূর্ণ সংহিত। গ্রন্থ পাওয়া যায়। তাহা চইতে নির্ণয় তয় যে সমগ্র তৈতিরীয় সংহিতায় সাভটি (৭) কাণ্ড, চুয়াল্লিশটি (৪৪) প্রপাঠক বা প্রাপ্ত, চুয়াল্লিশটি (৪৪) প্রনাত এবং তুই হাজার একশত চুরাশীটি (২১৮৪) কণ্ডিকা বা মন্ত্র সন্নিবদ্ধ আছে। সাধারণতঃ পঞ্চাশটি শব্দে (words) এক-একটি কণ্ডিকা রচিত। চরণবাহ গ্রন্থে উক্ত হইয়াছে যে সমগ্র কৃষ্ণবিজ্ববিদ্ধ সাভটি কাণ্ড, চুয়াল্লিশটি প্রশ্ন এবং চছশত একাল্লটি (৫৫১) অনুবাক আছে;—

'কাণ্ডাল্ক সপ্ত বিজেয়াঃ প্রশ্নাশ্চাধিক্যকাশ্চতুঃ। চড়াবিংশভ[্]বভিজ্ঞা অনুবাকাঃ শভানি ষট্ । একপঞ্চাশদধিকাঃ সংখাঃ পঞ্চাশহুচ্যতে।' সমগ্র যজুর্বেদের মন্ত্রসংখ্যা, মস্তের পদ-সংখ্যা এবং পদের অক্ষর-সংখ্যা এবং এই বেদের গদ্যাত্মক বাকা-সংখ্যা পর্যন্ত চরণবৃহ্ন গ্রন্থে নিম্নোজ্বত লোকে উল্লিখিত ত্ইয়াছে ;—

> 'ষিসহস্রকৈনশতমন্তা নবতি চাধিকা। লক্ষৈকং তু দ্বিনবতিসহস্রাণি প্রকার্ত্তিতম্ ॥ পদানি নবভিশ্চেব ভূথৈবাক্ষরমৃচ্যতে ॥ লক্ষদ্বং ত্রিপঞ্চাশং সহস্রাণি শতান্টকম্। অন্তব্যুধকং চৈব যক্তুর্বেদে প্রমাণকম্॥'

সজুর্বেদে সর্বসমেত এক হাজার নয়শত (১৯০০) ঋগ্বেদের মন্ত্র ও অবশিষ্ট যর্জুমন্ত্র সল্লিবন্ধ আছে। সেই মন্ত্র সমূহের পদের সংখ্যা যজুর্বেদের মন্ত্র, পদ, এক লক্ষ বিরানকাই হাজার নকাই (১৯২০১০), এবং अ(शा) অক্ষরের সংখ্যা হুইলক্ষ তিপাল্ল হাজার আটশত আট্রাট্ট বাক্যের সংখ্যা উনিশ হান্ধার চারিশত অফআশী (১৯৪৮৮)। এট পবিগ্ৰনা হারা স্পষ্ট প্রমাণিত হয় যে যজুর্বদেও কোন মন্ত্র প্রকিপ্ত তৈত্তিরীয় সংহিতা সাভটি কাণ্ডে বিভক্ত। প্রভিটি কাণ্ড কয়েকটি প্রণাঠকে বিভক্ত। প্রণাঠকের আর একটি নাম প্রশ্ন। প্রত্যেকটি প্রপাঠক বা প্রশ্ন আবার কভিপয় অনুবাকে এবং প্রভি অনুবাক কডক**গুলি** করিয়া মল্লে বিভক্ত। এই সংহিতার এথম হইতেই দর্শপূর্ণমাস নামক ইন্টির বিষয় বিবৃত হইয়ালে। দর্শপূর্ণমাস অর্থাৎ ক্ষণ যজুঃ সংক্রিতাব অমাবস্থা ও পূর্ণিমা। সূর্য ও চল্লের সঙ্গমকে দর্শ বলে; বিভাগ ও বিষয

'দর্শ: সূর্যেন্দুসক্ষমঃ', তাহার অর্থ অমাবস্থা। অমাবস্থা বা আমাবস্থা উভয় শক্ষই শুদ্ধ। পৌর্ণমাসীর অর্থ পূর্ণিমা। অমাবস্থা ও পূর্ণিমাতিথিতে যে ইন্টি (এক প্রকার যাগ) করিতে হয় তাহার নাম দর্শ-পূর্ণমাস। ইন্টিজাতীয় যাগের প্রধান বা প্রকৃতি দর্শপূর্ণমাস। এই ইন্টি প্রধানতঃ তিন প্রকার মন্ত্রহারা অনুষ্ঠিত হয়;—(১) আধ্বর্যব মন্ত্র,(২) যাজমান মন্ত্র এবং (৩) হৌত্রমন্ত্র। আধ্বর্যব মন্ত্র অধ্বয়ুর্ব নামক ঋত্বিকের (প্ররোহিতের) পাঠা, যাজমান মন্ত্র যজমানের পাঠা এবং হৌত্রমন্ত্র অর্থাৎ হোতানামক ঋত্বিকের পাঠা মন্ত্র হোমকালে পাঠা। কৃষ্ণ যজুঃ সংহিতার প্রারম্ভে 'ইন্তে ডা' মন্ত্র প্রঃসর প্রপাঠকে পঠিত মন্ত্রসমূহ আধ্বর্যব মন্ত্র নামে অভিহিত। 'স্বন্ধা সিঞ্চামি' ইত্যাদি প্রপাঠকের মন্ত্র সকল হোমকালে পঠিভ হয় বলিয়া হৌত্তমন্ত্র নামে অভিহিত। তন্মধ্যে আধ্বর্যব মন্ত্রসমূহ তেরটি অনুবাকে উপনিবদ্ধ। এই সংহিতার প্রতিপাদ্য বিষয় সকল 'কাণ্ডাণুক্রমণিকা' নামক প্রাচীন প্রস্থে সংক্ষেপে বর্ণিত হইয়াছে। উদ্দিষ্ট দেনতাগণের নামানুসারে সেই প্রস্থে কাণ্ডগুলির বিভাগ দৃষ্ট হয়। পৃথক পৃথক কর্মের চুয়াল্লিশ প্রকার ভাগ বা কাণ্ডের নাম উক্ত হইয়াছে। তন্মধ্যে প্রজাপতি-দেবের নয় কাণ্ড, সোমদেবের নয় কাণ্ড, অগ্নির সাতকাণ্ড, বিশ্বদেব গণের যোলকাণ্ড, এবং 'শংনোমিত্রঃ শংবক্রণঃ' ইত্যাদি সাংহিতী উপনিষদ্ নামক শ্বষিকাণ্ড, 'অপ্তয় পারে' ইত্যাদি যাজ্ঞিকী উপনিষদ্নামক যাজ্ঞিক কাণ্ড, এবং 'ওঁ সহনাববতু সহনোভুনক্ত্রু' ইত্যাদি বাকণী উপনিষদ্ নামক যাজ্ঞিক কাণ্ড, গর্মার্যমেত এই চুয়াল্লিশ (৪৪) কাণ্ড আছে।

ভক্রযজ্বেদ বা বাজসনেয় সংহিতা চল্লিশটি অধ্যায়ে বিভক্ত। প্রতিটি অধ্যায় কতিপয় অনুবাকে এবং প্রতি অনুবাক কতকগুলি কভিনায় বিভক্ত। সর্বসমেত এই সংহিতায় চল্লিশটি অধ্যায়, তিনশত তিনটি (৩০৩) অনুবাক এবং এক হাজার নয়শত প্ররটি (১৯১৫) কণ্ডিকা আছে। এই সংহিতার চল্লিশটি অধ্যায়ের মুখ্যবিষ্থ্বস্তু সংক্ষেণে বর্ণিত ইইতেছে। প্রথম অধ্যায়ে দর্শপূর্ণমাস যজ্ঞেব কথা এবং পিশুপিত্যজ্ঞের বিষয় উক্ত ইইয়াছে; তদানীস্তন এই পিশুপিত্যজ্ঞাই ইদানীস্তন পিত্লাদ্ধাদিরূপে পরিণ্ড

এই শিশুপিত্যজ্ঞ ই ইণানাখন পিতৃশ্ৰাদ্ধাণিরপৈ পারণত শুক্ল যজঃ সংহিতার ইইয়াছে। তৃতীয় অধ্যাহে অগ্নিংহাত্তযজ্ঞ অর্থাৎ অগ্নাাধান বিভাগ ও বিষয় ও অগ্নিউপাসনা এবং প্রাতে ও সায়ংকালে অনুষ্ঠেয়

অগ্নিহোত্র হোমের বর্ণনা দৃষ্ট হয়: চাতুর্মাস্তাদি যাগের বিবরণ এবং মন্ত্রনিচয়ও তৃতীয় অধ্যায়ে নিবন্ধ আছে। ব্রাক্সণের নিত্য অনুষ্ঠেয় এই অগ্নিহোত্র
হোমের বিবরণ প্রসঙ্গে সূপ্রসিদ্ধ সাবিত্রী বা গায়ত্রী মন্ত্রের উল্লেখ আছে।
(ঋগ্বেদের তৃতীয় মণ্ডলের বাষট্রিতম স্স্তের দশম মন্ত্রটি এই প্রসিদ্ধ সাবিত্রী
মন্ত্র বা গায়ত্রী মন্ত্র) গায়ত্রীছলেদ রচিত বলিয়া বিজ্ঞাতির ত্রিসন্ধ্যায় নিত্যপাঠ্য সাবিত্রীমন্ত্রের একটি নাম গায়ত্রীমন্ত্র। চতুর্গ হইতে অফ্রম অধ্যায় পর্যন্ত সোমযাগের প্রকৃতি অগ্নিফ্রোম বা জ্যোতিফ্রোম যজ্জের বিধান সন্নিবিষ্ট।
নবম অধ্যায়ে রাজস্ব্যক্ত, দশম অধ্যায়ে সৌত্রামনী যাগ এবং একাদশ
অধ্যায় হইতে অফ্রাদশ অধ্যায় অবধি অগ্নিচয়নের বিধিবিধান বিশেষরূপে
উল্লে হইয়াছে। বৈদিক সুগে প্রতি বিজ্ঞাতির গৃহে সংরক্ষিত অনির্বাণ গার্হপত্য অগ্নি ইইতে অগ্নির উল্লেক্স জালাইখা লইখা যক্তম্বলে কইয়া গিয়া
যক্তের আহ্রনীয়, মার্জালীয়, নাক্ষিণ প্রভৃতি অগ্নি প্রজ্ঞানত করিতে হইত। গার্হপত্য অগ্নি হইতে এই অগ্নি আনমনের নাম অগ্নিচয়ন। উনবিংশ অধ্যায় হইতে পঞ্চবিংশতম অধ্যায় পর্যন্ত অশ্বমেধাদি যজ্ঞের বিধান, প্রয়োজন, বিধিব্যবস্থাদি কীন্তিত হইয়াছে। ষড়বিংশ অধ্যায় হইতে উনচল্লিশ অধ্যায় পর্যন্ত চৌদ্ধটি অধ্যায়ে পূর্বোক্ত যজ্ঞাদির অবশিষ্ট বিশেষ বিশেষ বিশ্বরণ দৃষ্ট হয়; তদ্ব্যতীত পুরুষমেধ, সর্বমেধ ও পিতৃমেধ যজ্ঞের বিস্তৃত বিশ্বরণও আছে। এই সংহিতার শেষ অর্থাৎ চড়ারিংশং (চল্লিশ) অধ্যায়টি হইল প্রসিদ্ধ ঈশোনিপ্যদ্। মল্লের অঙ্গীভূত বলিয়া এই উপনিষদ্টিই একমাত্ত মল্লোপনিষদ্।

বৈদিক মুগের সভ্যতা ও সংস্কৃতির ইতিহাসে শুকুষজুর্বেদ একটি বিশিষ্ট স্থান অধিকার করিয়া রহিয়াছে। ইহার গুরুত্ব প্রাচ্য ও প্রতীচ্য সকল দেশের বিষৎ-মগুলী স্বীকার করিয়াছেন। তদানীন্তন চতুর্বর্ণ, প্রতিলোম ও অনুলোম বর্ণ, क्षां जिल्लान, अखाक ও অনার্য कां जिल्ला नाम, कौरिकानिर्वाहार्थ विविध वृद्धि ও কুটীর শিল্প, আদিবাসিগণের ধর্ম, শৈবধর্মের মৃল, রুদ্র-শিব-ভত্ত্ব প্রভৃতি বহু প্রয়োজনীয় সন্দেশ ও গুরুত্বপূর্ণ তথ্য এই সংহিতায় পাওয়া যায়। বাজননেয় সংহিতার ত্রিংশ অধ্যায়ে পুরুষমেধ যজ্ঞের রূপক বা কাল্পনিক (Symbolic offering) আছতি প্ৰসঙ্গে কমপক্ষে আটাল্ল (৫৮) প্ৰকাৰের ভিন্ন ভিন্ন বৃত্তি বা জীবিকার সুস্পফ উল্লেখ আছে এবং তন্মধ্যে সাভটি বৃত্তি কেবল স্ত্রাজ্ঞাতির জন্ম নিদ্দিষ্ট ছিল। নানকলে হই হাজার প্রাইট পূর্বকালে (2000 B. C.) ভারতবর্ষে এইরূপ উন্নত সমান্ধ, জীবনযাত্রাব্যবন্থা ও এতগুলি বৃত্তি ও কুটীরশিল্প ছিল, ইহা ভাবিলে বিশ্ময়ে স্তব্ধ হইতে হয়। এক শুকুযজুর্বেদ ছাড়া অশু কোনও বেদে এতগুলি বৃদ্ধি বা শিলের উল্লেখ পাওয়া ষায় না। এই তথ্য গভীর বিষয়য় ও কৌতুহলোদীপক ঐতিহাসিক তথো শুক্র এবং গুরুত্বপূর্ণ বলিয়া আমরা বৃত্তিগুলির তালিকা উদ্ধৃত বজু: সংহিতার গুরুত করিতেছি। বন্ধনীমধ্যে মূল সংস্কৃত শক্⇔িলি প্রদত্ত হইল। চারণ (সৃত), রাজসভায় পুরাকীর্ত্তিগায়ক (মগধ), অভিনেতা (শৈল্ঘ), মন্ত্রণাদাতা (সভাকর), রথনির্মাতা (রথকার), ছুতোর মিল্লী (ডক্ষা), क्रांचात (क्रमांग), कामात्र (कर्मात्र), मिकात्र (मिनकात्र), नाणिख (यश), ভীর নির্মাতা (ইমুকার), ধনু:নির্মাতা (ধনুষ্কর), ধনুকের/৩৭ বা জ্যা নির্মাতা (জ্ঞাকর), রজজুনির্মাতা (রজজুসর্জ). শিকারী (মৃগয়ু), কুকুর পালক (শ্বনিন্), পাখীধরা ব্যাধ (পুঞ্জিষ্ঠ), বৈদ্য (ভিষক্ষ), জ্যোভিষী (নক্ষত্রদর্শ), হস্তিপালক (হস্তিপ), অশ্বপালক (অশ্বপ), গোপাল (গোপাল), মেষপালক

(অবিপাল), ছাগপালক (অজপাল), কৃষক বা কর্ষক (কীনাশ), সুরানির্মাতা (সুরাকার), গৃহরক্ষক (গৃহপ), রথের সারথি (ক্ষত্তা), সহকারী রথচালক (অনুক্ষতা), কাষ্ঠসংগ্রহকারী (দার্বাহার), প্রতিমানির্মাতা (পেশিতা), (গায়েন্দা (পিশুন), ছারপাল, সহকারী ছারপাল, অশ্বারোহী (অশ্বসাদ), কর আদায়কারী (ভাগহর), চামার (চর্মার), আজিন বা চর্মবস্ত্রনির্মাতা (অজিনসদ্ধ), ধীবর (ধীবর), শুরু মংস্তা বিক্রেতা (পৌরুল), স্বর্ণকার (হিরণাকার), বণিক্ (বণিজ), বনরক্ষক (বনপ), বাঁণাবাদক (वीनावान), वः भोवानक (जूनवधा), अक्षवानक (अख्धा), Acrobat (বংশন জিন্) গ্রামের মোড়ল (গ্রামনা), কোষ্ঠী-বিচারক (গণক), সরকারী ঘোষক (অভিক্রোশক): এইগুলি পুরুষদের বৃত্তিরূপে উল্লিখিত হইয়াছে এবং স্ত্রীলোকের কভিপয় বৃত্তির উল্লেখ আছে এই সঙ্গে ষথা,—টুকরী প্রস্তুতকারিণী (বিদলকরী), কাঁটার বিবিধ দ্রব্য নির্মাত্রী (কন্টকাকরী), বস্ত্রের অলম্করণ বা কাপড়ের উপর ফুলডোলা প্রভৃতি Embroidery কাঞ্চ যাঁহার৷ করিতেন (পেশস্করা), ধুপী (বাস পল্পূলী), বস্তুরঞ্জনকারিনী (রজ্মিত্রী), কাজণ ও অকাক্য প্রসাধন দ্ব্য প্রস্তুতকারিণা (অঞ্জনকরী), ভরোয়ালের খাপ নির্মাতী (কোষকরী)।

ক্রন্ত-লিব-ধর্ম বা লৈবধর্মের উৎপত্তি ও প্রসারের ইতিহাসে শুক্রমজুর্বেদের অবদান ও শুক্রজ বেদবিদ্যার সেবক সকল পণ্ডিত মুক্তকঠে দ্বীকার করিয়াছেন। এই সংহিতার ষোড়শ অধ্যায়টি ক্রন্তাধ্যায় নামে অভিহিত। শুক্রমজুর্বেদী ব্রাহ্মণণ ইহা নিতা পাঠ করেন। নেপালে এই ক্রন্তাধ্যায়ের এত প্রভাব ও প্রসার যে যোশী বা উপাধ্যায় বংশের প্রায় সকল নেপালী বালক যাহারা ভারতবর্ষের বিভিন্ন স্থানে জীবিকা অর্জনের জন্ম আগায়ন করে তাহাদের বাজসনেয় সংহিতার ক্রন্তাধ্যায় কঠন্থ থাকে; ইহা আমার বান্তব অভিক্রতা হইতে লিখিতেছি। ক্রন্ত্র অর্থাং ভীষণ, ভয়ংকর। অভিমকালে বিনি সকলকে রোদন করান ডিনি ক্রন্ত্র; আবার জন্মকণে যিনি নিজেও বিকট রোদন করেন ও সারা বিশ্বকে সেই কর্নডেদী শব্দে প্রকল্পিড করেন ভিনি ক্রন্ত্র। ঋগ্রেদের ক্রন্ত ক্রন্তর্জাণেই অর্থাং ভীষণরূপেই বর্ণিড হইয়াছে। প্রভাক দেবতার বাহ্ প্রতীক এক একটি প্রাকৃতিক বস্তু বা উপসর্গ। এই বিষয়ে আমরা দেবতাতত্ত্ব অনুশীলনকালে বিশেষভাবে আলোচনা করিব। ক্রন্তবেদবার বাহ্ রূপ বা প্রতীক হইভেছে বন্ত্র। কড়, বিহাং, মেন্ বন্ত্র প্রভৃতি কয়েকটি উপসর্গ এক এক দেবতার বাহ্ রূপ বা প্রতীক। এক একজন

পেবতা দৃশ্য প্রপঞ্চের এক একটি পদার্থের বা উপসর্গের অধিষ্ঠাতী। ৰড়ের অধিষ্ঠাত্রী বা অভিমানী দেবতা মরুং, বিহ্যুতের ক্তুত শিব ধর্ম অপাংনপাং, মেঘের পর্জক্ত এবং বক্তের অধিষ্ঠাত্রী দেবতা রুদ্র। বজু যখনই উৎপন্ন হয় অর্থাৎ চলিত ভাষায় ষথনই বাজ পড়ে ভাহার ভাষণ নির্ঘোষে ভূলোক ছালোক বিশ্বচরাচর প্রকল্পিত ও এন্ত হয়। এই তত্ত্ব রূপকের ভাষায় বলা হয় রুদ্র জন্মিয়াই কর্ণভেদী বিকট চিংকার করেন। বজ্রের সঙ্গে ভাষণত্বের, সংহারের ও শব্দের সম্বন্ধ চির্ত্তন ; ভজ্জার ভাহার অধিষ্ঠাত্রী দেবতা রুদ্র ভীষণ, সংহারক ও গর্জনশাল। ঋগবেদের রুদ্র সৃক্তগুলিতে সর্বদাই এই ভাষণ সংহার মৃতি প্রকটিত; কল্যাণ বা শিবরূপ ভাহাতে আমরা পাই না কিছ গুরুষজুঃ সংহিতার বিশ্রুত রুদ্রাধ্যায়ে রুদ্র কেবল ভাষণ নহেন, কেবল সংহারক নংখন, ডিনি যুগপং শিব, শংকর, শভু। তজ্জতা ঋষি তাঁহাকে যেমন উত্র, ভীম, খোর, বলিয়া সম্বোধন করিয়াছেন ডেমনই আবার ঐ একই অধ্যায়ে তাঁহাকে শংকর, শশুব, ময়োভব, শিব, শিবভরও বলিয়াছেন। রুলাধাখের একটি মস্ত্রে রুলকে 'নমঃ উগ্রায় চ ভীমায় চ' (১৬-৪০) সম্বোধনে প্রণাম করিয়াছেন। উগ্র ভীম—উভয় শব্দই ভীষণত্বোধক। কিন্তু ঠিত পরবর্তী মল্লেই (১৬-৪১) সমস্ত মঙ্গলবাচক বিশেষণ প্রয়োগ করিয়া রুদ্রকে প্রণতি জানাইতেছেন.

> 'নম: শস্তবায় চ ময়োভবায় চ নম: শংকরায় চ ময়ন্তরায় চ নম: শিবায় চ শিবভরায় চ॥'

শহুব, ময়োভব শংকর, ময়য়য়র, শিব—প্রতিটি শব্দের একই অর্থ, য়য়য়য়, কলাাণ, কলাাণজনিত সুখ। তথু শিব নয়, 'শিবতর'ও বলিয়াছেন অর্থাং অধিকতর ময়লদায়ক কলাাণজনক। যিনি উগ্র, ভাম, খোর তিনিই আবার শংকর, শভু, মহোভব। যিনি রুদ্র তিনিই শিব। হুই পরক্ষার বিরুদ্ধ ও বিপরীত লক্ষণের যুগণং সমাবেশ ও সময়য় হইয়াছে তরু য়ড়ুর্বেদের রুদ্র শিবে। রুদ্র কেবল ঘিলাতির বা আর্যগণের দেবতা নহেন, তিনি জনার্য জাতির, অব্যক্ষ জাতিরও দেবতা। এই সুত্রে অনেকগুলি অনার্যজাতি ও অন্তাল নীচ বর্ণের উল্লেখ রুদ্রাধ্যায়ে আময়া পাই, ঐতিহাসিক তথাের দিক হইতে এই অধ্যায়টি এইজন্ম গুরুত্বি। রুদ্র সর্বাক্ষে রুক্ষা করেন, কেবল উচ্চবর্ণকে নহে তিনি কাঠের মিল্লা (ভক্ষা)

রথনির্মাতা (রথকার), কুমোর (কুলাল), কামার (কর্মার), নিযাদ, পক্ষিমাংস বিক্রয়ী পুক্ষসাদি জাতি (পুঞ্জিষ্ঠ), যাযাবর বেদে জাতি যাহারা সর্বদা কুরুর লইয়া ভ্রমণ করে (খুনি), বাাধ (মুগয়ু), কুকুর পালক (শ্বপতি), প্রভৃতিরও দেবতা ও পালক (১৬-২৭,২৮) এমন কি তিনি গো, অশ্ব, কুকুরেরও পতি অর্থাৎ পালক। আবার, রুদ্র কেবল সাধু সজ্জনদের পালক নহেন, ডিনি অসাধু, চোর, দস্যু প্রভৃতিরও পালক। এই অসাধুগোষ্ঠীর বর্ণনাপ্রসঙ্গে যে সকল অপরাধের উল্লেখ আমরা রুদ্রাধ্যায়ে পাই, বৈদিক যুগের নানা প্রকারের অপরাধের ও অপরাধীর যে উল্লেখ আমরা রুম্রাধ্যায়ে পাই তাহা অপরাধতত্বের ইতিহাসে বিশেষ স্থান অধিকার कदिरव। এই প্রসঙ্গে চোর, গাঁটকাটা, সিঁদেল চোর, সশস্ত্র চোর, সশস্ত্র দস্যু, নিশাচর দস্যু, মনুখ্যণাতক দস্যু, উফ্টীযধারী দস্যু (পাগড়ী পরা ডাকাড), যে সকল দস্যু পর্বতে বাস করে (পার্বতা জাভির দস্যু), ধনুর্বাণধারী দস্যু বা তীরন্দাব্দ ডাকাড, শস্তাদি অপহঃণকারী প্রভৃতির নাম আমরা পাই (১৬-২১, ২১)। অতএব দেখা যাইতেছে রুদ্রের মধ্যে বস্তু বিপরীতের একাধারে সমাবেশ হইয়াছে। তিনি মুগপৎ উচ্চবর্ণ ও নীচবর্ণ, আর্য ও অনার্য, সাধু ও অসাধু সকলেরই উপায়া ও পালক; একাধারে ভিনি উত্ত ও ও শান্ত, ভীম ও শভু, ভয়ংকর ও শংকর, রুদ্র ও শিব, সংহারক ও পালক। এই সংহিতায় রুদ্র সপ্তণ দেখতার লক্ষণ অভিক্রম করিয়া প্রায় নিওশি পরমেশ্বরে রূপায়িত হইয়াছেন যেখানে সকল বিরোধের অবসান সকল দ্বন্দ্রের ঐক্যে সমাবেশ, সকল বৈপরীত্যের সমন্ত্য (the great synthesis of all theses and antitheses) a

রুদ্রাধ্যায়ে এতগুলি অনার্যজাতি, দম্বা, পার্বত্যজাতি, অন্তাজ জাতির উপাস্ত পালক রূপে রুদ্রেব উল্লেখ থাকায় অধিকাংশ পশুত মনে করেন প্রথমে রুদ্র অনার্য আদিবাসিগণের উপাস্ত দেবতা ছিলেন; পরবর্তিকালে আর্যগণ তাহাদের নিকট হইতে এই ধর্ম গ্রহণ করিয়া নতুনরূপ দিয়াছেন।

কাব্য হিসাবেও শুক্ল যজুংসংহিতা অপূর্ব। রুদ্রাধার চইতেই বহু দৃষ্টাভ দেওয়া যাইতে পারে। এই অধ্যায়ে রুদ্রের পশুপ্তি, শজু, শিব, শংকর, কৃত্তিবাস, গিরিশ, শিতিকণ্ঠ, নীলগ্রীব, কপর্দী প্রভৃতি নাম উক্ত হইয়াছে। ঋণ্বেদের রুদ্র কেবল বজ্লের দেবতা কিন্তু যজুর্বিদে 'কেবল বজ্ল নয়' সূর্যের সহিত্ত রুদ্রের অভিনতা প্রতিপাদিত হইয়াছে। সূর্যেরই একটি রূপ রুদ্র এবং সূর্যের উদয় বা অস্তকালীন ভিন্ন ভিন্ন রূপ অনুযায়ী রুদ্রের এক একটি নাম হইয়াছে। উদয় ও অন্তের সময় সূর্যের সহস্র সহস্র রশ্মি বা কিরণ সৃস্পট প্রতীত হয়; ঋষি কল্পনা করিতেছেন, সূর্যের বিশ্বটি মন্তকসদৃশ এবং তার চতুর্দিকে প্রসারিত কিরণমালা দীর্ঘ জ্বটাসদৃশ। জ্বটার একটি প্রতিশব্দ কপর্দ; যাঁর জ্বটা আছে তিনি কপর্দী। এই জ্বল্ল সূর্যের সহিত একাত্ম রুদ্রের একটি নাম কপর্দী। এই সুন্দর কবিকল্পনা রুদ্রাধ্যাধ্যের ষষ্ঠ মল্লে দৃষ্ট হয়। তংগরবন্ত্রী অর্থাং সপ্তম মন্ত্রটিতে অপূর্ব কাবা ফুটিয়া উঠিয়াছে। রুদ্রের নালকণ্ঠ নামটি অন্তবামী সূর্যের রূপ হইতে আসিয়াছে। আদিত্যদেব যখন অন্তব্যক্ষ কামন করেন তখন গগনমগুল রঙ্গের মহোংসবে মাতিয়া উঠে। স্থাবর্ণ স্থাবিশ্বের চতুর্দিকে বিচ্ছুরিত গাঢ় সিন্দ্রবর্ণে পশ্চিম গগন রক্তিম রাণে রঞ্জিত হয়, কবল সূর্যবিশ্বের মধাস্থলে নাল বর্ণের রেখা দৃষ্ট হয়। মধাস্থল কণ্ঠদেশ সদৃশ; তথায় নীল রং থাকে বলিয়া তদবস্থায় সূর্যের এক নাম নালকণ্ঠ বা নালগ্রীব। সূর্যের সহিত অভিন রুদ্রের নামও ভজ্জের নালকণ্ঠ। সপ্তম মল্লে ঝ্যি গাহিতেছেন,—

'অসো যোহ্বসপতি নীলগ্রীবো বিলোহিতঃ।

উতৈনং গোপা অদুশ্ররদূশর দুবংগঃ, স দৃষ্টো মুড়য়তি নঃ ॥'

'ঐ যে নালকণ্ঠ রক্তিমবর্ণ সূর্যক্ষণী ক্রন্তদেব গগনপটে ধাঁরে ধাঁরে গমন করিতেছেন, তাঁহার অপক্ষপ রূপে আকৃষ্ট হইয়া গোধুলি লগ্নে মাঠ হইছে গক্র পাল লইয়া গোষ্ঠে প্রভাবর্তন কালে মুগ্ধ হইয়া গোপালেরা তাঁহাকে দর্শন করে। গ্রামের ললনাবৃন্দ সায়ং কালে সরোবরে জল লইতে আসিয়া মুগ্ধ হইয়া ক্রন্তের এই অতুলনীয় রূপ দেখিতে থাকে।' এই সকল মন্ত্র কাব্যরসে সমৃদ্ধ, কবিকল্পনায় মহীয়ান, ভাবমাধুর্যে অতুলনীয়। সুদ্র অতীতে যে কল্পনাজিবলৈ সূর্য়ের কিরণমালা হইতে

শুক্ল যজ্ব:-সংহিতার কাব্যম

রুদ্রের কপদী নাম এবং অস্তাচলগামী ভানুর দিগন্ত-প্রসারী রক্তিমচ্ছটামধ্যে সুর্যবিষের ক্ষীণ নীলবর্ণ ইইডে

রুদ্রের নীলকণ্ঠ নামকরণ সম্ভব হইয়াছিল সেই অপূর্ব অপরূপ কল্পনার শতমুখে প্রশংসা কাব্যরস্কি সকল সুধীই করিতে বাধ্য।

যজুর্বেদের তৈতিরীয়শাখার অর্থাৎ কৃষ্ণযজুর্বেদের পঠন, পাঠন, প্রচলন দাক্ষিণাত্যে দৃষ্ট হয়। দাক্ষিণাত্যের অধিকাংল আক্ষাই কৃষ্ণযজুর্বেদী। শুক্ল যজুর্বেদের পঠন, পাঠন ও প্রচলন স্মার্যাবর্ত্তেই অধিক। ইহার কাথ ও মাধ্যন্দিন নামে গুইটি শাখা প্রথম বিদেহে প্রচারিত হয় এবং বিদেহ হইতে ক্রেমশ: উহা উত্তর, পূর্ব ও পশ্চিম ভারতে ছড়াইরা পড়ে। বঙ্গদেশের অধিকাংশ মঞুর্বেদী আক্ষাৰ শুক্রেদের কার্যাখা গোষ্ঠীর।

व्यथर्वे (वर

প্রথম পরিচ্ছেদেই আমরা 'ত্রয়ী' বা তিন বেদের প্রসঙ্গে অথর্ববেদের মন্ত্রড় ও বেদত্ব সম্বন্ধে আলোচনা করিয়াছি। এই বেদের প্রাচীন নাম 'অথর্বাঙ্গিরস'। অথর্ব ও আজিরস চুটি শব্দের যোগে অথর্বাজিরস নামটি নিজ্পার হইয়াছে। চুটি শব্দে অথর্ববেদের চুটি বিভাগ বুঝায়। অথর্ব বলিতে (ভেষজানি) ভেষজাবিদ্যা এবং শান্তি পৌটিক প্রভৃতি মাঙ্গলিক ক্রিয়া বুঝায় এবং 'আজিরস' শব্দে শক্রব্যাদিকারক মারণ ও উচাটনমূলক অমঙ্গল অভিচার-ক্রিয়াবোধ্য। অথর্ববেদের মঙ্গল এবং অমঙ্গলজনক চুইটি পরস্পর বিরুদ্ধ অংশ গোপথ রাজ্মণে স্পেইজবেশ প্রদর্শিত হইয়াছে। অথর্ববেদের রাজ্মণের নাম গোপথ রাজ্মণ। অথর্বসংহিভার ভ্যাজ্মিরস (ভৃত্ত + আজিরস) এবং রক্জবেদ নামেও চুটি নাম আছে। রথ (Roth), হুইটনী (Whitney) প্রভৃতি পাশ্চান্ত্য পশ্চিতগণ বলেন ঋগ্বেদের দশম মণ্ডল হুইতে অনেক অংশ এই বেদে গৃহীও হুইয়াছে। রথ বলেন এক তৃতীয়াংশ কিন্তু হুইটনীর মতে দশভাগের ছয় ভাগ গৃহীত হুইয়াছে। পশ্ডিভপ্রবর ভিন্টারনিংসের মতে এই সংহিতার দশভাগের সাত ভাগ ঋক্মন্ত্র হুইতে গৃহীত হুইয়াছে)

্প্রথম পরিছেদে 'অথবিদার' আলোচনা কালে 'অথবি' শক্টির ঐতিছ্য প্রসক্ষে আমরা দেখাইয়াছি যে বেদের 'অথবন্' নামক পুরোহিতই জর্থুশ্ত ধর্মের বেদকল্প 'জন্দ্ আবস্তা' গ্রন্থের 'অথবন্' পুরোহিত। পুরোহিতকে জন্দ্ভাষায় 'পরাধাত' বলে। অর্থ একই। অথব শক্টি সর্বপ্রথম অগ্নির পুরোহিত (fire priest) বুঝাইত। আবস্তায় অথবন্ বলিতে অগ্নিসংরক্ষক পুরোহিত বুঝায়। প্রচান পার্মিকগণের খায় পুরাকালে ভারতীয় আর্থন অনিবাণ অগ্নি রক্ষা করিতেন। প্রতি হিজের গৃহে তজ্জ্য একটি পবিত্র কক্ষ নিনিই থাকিত। পরবর্তী কালে এই কক্ষকে 'অগ্নিশরণ' বলা হইত। এই অনিবাণ অগ্নিই পরে 'গার্হপত্য অগ্নি'তে রূপায়িত হয়। স্প্রাচীনকালে এই অগ্নিব্রাহিত ভারতীয় অথবনকে উক্জলালবিদ্যাপারদর্শী (magic-priest) বলিয়া লোকে মনে করিত এবং রিক্টি শান্তি, ব্যাধিনিরাময়, অনাবৃক্টি নিবারণ, পুত্রেন্টি প্রভৃতি মাজলিক কর্মে তাহাদের সাহায্য প্রার্থনা করিত। এইরূপে এই শক্ষ ছটি মঙ্গাল্যর হিলা বিদ্যা বোধক (holy spell, benignant magic) ইইয়া পড়েন্ডবং তাহার বিশরীত শক্তব্ধ, মারণ, উচাটনাদি অমঙ্গলগ্র্ম অভিচারাদি

ক্রিয়াকলাপকে আক্রিম শব্দে অভিহিত করা হইত (Black magic)।

এই গুডজনক অথর্বন্ এবং অগুডজনক আক্রিম উভয় বিদাই যে বেদে আছে

সংক্রেপে তাহাকে অথর্ববেদ বলা ইইত। এই পরস্পরবিরুদ্ধ গুডাগুড বিদ্যাক্ষয়

অথর্ববেদে উভয়প্রকার মন্ত্রদুষ্ট হয়। এই বেদে যেমন মাক্সাক ও বিদ্যাক্ষয়

অথর্ববেদে উভয়প্রকার মন্ত্রদুষ্ট হয়। এই বেদে যেমন মাক্সাক ও বিদ্যাক্ষয়

মন্ত্র আছে তেমনই আবার অমক্সক্রনক অভিশাপ ও অভিচার মন্ত্রও আছে।

অতি প্রপাঠক কয়েকটি করিয়া অনুবাকে, প্রতি অনুবাক কভিপয় স্বস্তে বা

পর্যায়ে এবং প্রতি পর্যায় কভিপয় মন্ত্রে বিভক্ত।

অথর্বসংহিতার বিভাগ

সর্বসমেত কুড়িটি কভিকা, আইত্রিশটি প্রপাঠক, নব্রইটি

অনুবাক, সাতশত একত্রিশটি (৭০১) স্কু বা পর্যায় এবং প্রায় ছয় হাজার মন্ত্র

অথর্ববেদে আছে। পদ্য এবং গদ্য উভযুত্রপ মন্ত্রই দৃষ্ট হয়, তন্মধ্যে পদ্যেরই

আধিক্য এবং ছয়ভাগের একভাগ গদ্যে নিবন্ধ। পঞ্চদশ এবং যাড়েশ

কাপ্ত গদ্যে রচিত। পদ্যাত্মক মন্ত্রে প্রক্ মন্ত্রের লক্ষণ এবং গদ্যে নিবন্ধ

মন্ত্রে যক্ত্রং লক্ষণ দৃষ্ট হয়।

বিষ্ণুপুরাণমতে (৩।৬) ব্যাসদেবের শিশু সুমন্তর নিকট কবন্ধ অথববিদ শিক্ষা করেন। কবন্ধ তাঁর ছই শিশু দেবদর্শ ও পথাকে বিদ্যাদান করেন। দেবদর্শের চারিজন শিশু ছিল,—মৌদ্গ, ব্রহ্মবলি, শৌজায়নি ও পিপ্লাদ। পথ্যের প্রধান শিশু ছিল তিনজন—জাজলি, কুমুদ ও শৌনক। দেবদর্শ এবং পথ্য তদীয় শিশুবর্গকে অথববিদ শিক্ষা দেন। শৌনকেরও আবার বজ্র এবং সৈশ্ববায়ন নামে ছই শিশু ছিল; বক্রর শিশ্বের নাম মুঞ্জদেশ এবং সেশ্ববায়ন লামে ছই শিশু ছিল; বক্রর শিশ্বের নাম মুঞ্জদেশ এবং সেশ্ববায়ন ভদীয় শ্রীয় শীশ্ব শিশুকে এই বিদ্যা দান করেন। এই পুরাণের মতে অথববৈদের পাঁচটি খণ্ড, যথা,—নক্ষত্রকল্প, বৈভানককল্প, সংহিভাকল্প, আঙ্গিরসকল্প, এবং শান্তিকল্প। নক্ষত্রকল্পে নক্ষত্রাদি পূজাবিধি, বেদকল্পে বৈভালিক ব্রহ্মণাদিবিধির প্রাত্তিকল্প আছি।

এই সংহিতার শৌনকশাখা সুরক্ষিত এবং তাহার করেকটি পাণ্ডুলিপি পাণ্ডয়া গিয়াছে,, কিন্তু পিপ্লকাদ শাখার মাত্র একটি পাণ্ডুলিপি দৃষ্ট হয়, তাহাও অসম্পূর্ণ। রথ (Roth) ও হুইটনী (Whitney) শৌণকশাখা প্রকাশ করিয়াছেন্। ভাজার বুলার (Buhler) কাম্মীরে পিপ্ললাদ শাখার পাণ্ডুলিপি আবিষার করেন। আমেরিকার সনামধক্ত বেদবিদার পারদর্শী পণ্ডিত ব্লুমফিল্ড (Bloomfield) এবং গারবে (Garbe) পিপ্লকাদ শাখা "The Kashmirian Atharva Veda" নাম দিয়া প্রকাশ করিখাছেন। পাণ্ডুলিপির অবিকল প্রতিলিপি (facsimile) দ্বিতীয়টিতে অর্থাং পিপ্লকাদ শাখার সংহিতাটিতে সুন্দররূপে মুদ্রিত হুইয়াছে। পিপ্লকাদ শাখা কাশ্মীরে প্রচলিত ছিল এবং তথায় এই শাখার প্রাহ্মণ পাওয়া যাইবে ইহাই প্রাচ্য এবং প্রতীচ্চার সুধীর্ন্দের ধারণা ছিল; কাশ্মীরে এখনো এই শাখাবলম্বী আন্দর্গান্তী আধিদ্ধত হয় নাই। কিছে ১৯৬০ খৃট্টান্দে কলিকাতা সংদ্ধৃত কলেন্দে বেদের গ্রেষণানিরত পণ্ডিত হুর্গামোহন ভট্টাচার্য অকন্মাং উড়িস্থার একটি গ্রামে এই শাখার প্রাহ্মণ আবিদ্ধার করেন এবং তাহাদের কীর্ত্তিত অথর্বমন্ত্র ধ্বনিধারক যন্ত্রের (Tape recording machine) সাহায্যে ধ্বনিবদ্ধ করেন।

অথর্ববেদের নয়টি শাখার মধো অধুনা শৌনক ও পিঞ্জাদ হুইটি শাখা মাত্র পাওয়া গিয়াছে।

অথর্ব সংহিতার বিভাগে একটি বিশেষ নীতি অনুসৃত হইয়াছে।
কুড়িটি কাণ্ডের মধ্যে প্রথম আঠারটি কাণ্ডে এই নীভি বা ধারা সুক্ষ্মই।
প্রথম সাতটি কাণ্ডে অসংখ্য স্বল্পরিসর সৃক্ত নিবদ্ধ আছে। সাধারণতঃ
প্রথম কাণ্ডের সৃক্তে চারিটি করিয়া মন্ত্র বা তবক আছে, দ্বিভীয় কাণ্ডের
সৃক্তরান্ধিতে প্রতি সৃক্তে পাঁচটি করিয়া মন্ত্র আছে, তুতীয় কাণ্ডে
প্রতি সৃক্তে ছয়টি করিয়া এবং চতুর্থ কাণ্ডে-সাতটি করিয়া মন্ত্র (ঋক্, verse)
আছে। পঞ্চম কাণ্ডে সৃক্তপ্রতি সর্বাপেক্ষা কম সংখ্যক মন্ত্র আটটি এবং
সর্বাধিক সংখ্যা আঠারটি (১৮) পাভয়া যায়। ষষ্ঠ কাণ্ডে একশত বিয়াল্লগটি
সৃক্ত আছে এবং অধিকাংশ সৃক্তে তিনটি করিয়া মন্ত্র আগতে। সন্তম কাণ্ডে
এক শত আঠারটি সৃক্তের অধিকাংশ ক্ষেত্রে একটি বা ছুইটি করিয়া মন্ত্র দৃষ্ট
হয়। অন্তম হুইতে চতুর্দশ কান্ড পর্যন্ত এবং সন্তদশ ও অন্তাদশ কাণ্ডের
স্ক্রেন্ডাক মন্ত্রে (একুশটি মন্ত্রে) রচিত এবং অন্টাদশ কাণ্ডের শেষ সৃক্তটি
সর্বাপেক্ষা অধিক, উননব্রইটি (৮৯), মন্ত্রে নিবদ্ধ। পঞ্চদশ ও যোড্শ
কাণ্ড গল্যে রচিত এবং ভাষা ও রীতি ব্যান্ধ্যন্তরে ভাষার সমত্বল্য।

অথববৈদের ভাষা ও ছল বছলাংশে ঝগ্বেদের ভাষা ও ছলের অনুযারী। অনেক ক্ষেত্রে কেবল শ্রবণে মন্ত্র বিশেষ ঝগ্রেদের অথবা. অথববিদের ধরা কঠিন। বিষয়বস্তু বিচার করিলে অথববিদে বছ নতুন

বিষয়ের সলিবেশ দৃষ্ট হয়— যাহা ঋক্, সাম বা যজুর্বেদে দৃষ্ট হয় না। ঋগ্বেদে দেবদেবীর সৃক্ত, মেঘ, বিহাং, উষা, বক্ত, কঞ্চাবাত্যা প্রভৃতিব অধিষ্ঠাতা দেবতার স্ততিতে প্রাকৃত জনগণের প্রাণের উক্তি ক্রত হয়; সাধারণ 🗗 জনগণের মনেও তাহা স্পন্দন জাগায়। অথর্ববেদে অধিকাংশ শুভ বা অন্তভনিষ্ঠ মল্লের ভাষা প্রাকৃতজ্ঞনের ভাষা বা চিন্তাধারা হইতে সম্পূর্ণ পৃথক। পাঠ করিলেই পরিষ্কার বুঝিতে পারা যায় যে এই সকল অথর্বন বা আজিরসাত্মক মন্ত্র পুরোহিভগণের দৃষ্ট বা রচিত। রিন্টিশান্তি, মঙ্গলপ্রসবাদি কর্ম এক জাতীয় পুরোহিতের এবং মারন, উচাটন, অভিচারাদি অভভজনক কর্মও একজাতীয় পুরোহিতের; এইসকল মল্লের প্রাধাল এই সংহিতায় থাকায় পুরোহিত কুলের প্রাধাশ স্বতঃসিদ্ধ। এইজন্ম অনেকে ঋক্ সংহিভাকে জনগণের সংহিতা বা মন্ত্র (popular poetry) এবং অথর্বসংহিতাকে পুরোহিত-গণের সংহিতা বা মন্ত্র (priesty poetry) বলিয়াছেন। এই মন্তব্য আংশিক-রূপে সভ্য কারণ ঐ জ্বাতীয় মন্ত্রের অথর্ববেদে বাহুল্য থাকিলেও জনগণাদৃত অকান্য মন্ত্র আছে ৷ ঋগ্বেদের অগ্নি, ইন্দ্র প্রভৃতি দেবতাগণের সৃক্ত অথর্ববেদেও দৃষ্ট হয়। কিন্তু খাণ্বেদে এই সকল দেবতার প্রপঞ্চনিষ্ঠ নৈস্থিক প্রকৃতি (natural phenomena) অথববেদে প্রায় লুপ্ত হট্যা গিয়াছে; ভথায় প্রভি দেবতার প্রধান লক্ষণ চইল অসুরনাশিনী। (অগ্বেদের অভিম অর্থাৎ দশম মণ্ডলে একবার মাত্র গঙ্গানদীর নাম পাওয়াযায়; নবম মণ্ডল পর্যন্ত গঙ্গানদীর কোনও উল্লেখ নাই কারণ আর্যগণ তখনও সিঙ্গু উপত্যকার নিকটেই রহিয়াছেন। কিন্তু অথর্ববেদ অনুশীলনে স্পষ্টই উপলব্ধি হয় যে আর্থগণ তখন গঙ্গা-যমুনা উপত্যকায় আগামন করিয়াছেন; ডজ্জেশাই এই উপত্যকার একটি প্রধান নিদর্শন ভীষণ ব্যাছের (Royal Bengal Tiger) উল্লেখ কয়েকবার আমরা পাই।)

উল্লিখিত কারণসমূহ বিচার করিয়া পাশ্চান্তা পশুতগণ সিদ্ধান্ত করিয়াছেন ঋগুবেদ প্রকাশের অনেক পরে অথর্ববেদ প্রকাশিত হইয়াছিল।

ভারতীয় ভৈষজ্য ও চিকিংসা বিদ্যার ইতিহাসে অথববৈদের স্থান অতি গুরুত্বপূর্ণ। খাগ্বেদ ও যজুর্বেদে সাধারণভাবে চিকিংসক, চিকিংসা ও ব্যাধির উল্লেখ আছে। কিন্তু অথববেদের স্থায় এত ব্যাপক ও বিশেষ আলোচনা তথায় পাওয়া যায় না। অথবসংহিতায় নানা ব্যাধির ও তংপ্রতিষেধক বিবিধ লতা, গুলা, বৃক্ষের নাম দৃষ্ট হয়। বহু ব্যাধিকে অসুরক্ষপে বর্ণনা করা হইয়াছে। কোন কোন রিকিশাভিমন্তে রোগনিবারক ভৈষজ্য লভাগুলার

স্তুতিও শ্রুত হয়। অগ্নি এবং জ্লাকে দেবতারপে ও ব্যাহিনাশক পদার্থরণে অথববিদে স্তুতি করা হইয়াছে। প্রাকৃতিক চিকিংসারও (Nature cure) উৎস অথববিদ। জ্বুকে অসুর্রপে কল্পনা করা হইয়াছে এবং সেই অসুরের নামকরণ হইয়াছে 'তক্মন্।' এই তক্মন্বা জ্বাসুরের বিনাশসূচক বহু মন্ত্র এই সংহিতায় আছে। এই তক্মন্কে লক্ষ্য করিয়া থাষি বলিতেছেন,—

আরং যো বিশান্ হরিভান্ কূণোহাচেছাচয়ন্নগ্নিরিবাভিত্রন্। আধাহি ডকমন্নরসো হি ভূষা অধা অঙ্ঙধরাঙ্বা পরেহি ॥ অধর্বসংহিভা (৫-২২-২)

হে অসুর, তুমি (যে সকল মানুষকে আক্রমণ কর সেই) মানুষদের **জ্পন্ড** অগ্নির উত্তাপের হায় তাপিত কর এবং তাহাদের শরীর (রক্তশৃহ্য করিয়া) পীতবর্ণে পরিণত কর। হে জ্বর, তুমি গ্র্বল ও অক্ষম হও এবং এরাজ্য হইতে দুর হও, হয় পাতালে প্রবেশ কর নচেং বিনফী হও।

এই জাতীয় মন্ত্র পাঠ করিলেই স্পাইট উপলব্ধি হয়, ব্যাধি দুরীকরণ জন্ম শান্তিপাঠাদি এবং ওকার ঝাড়, ফুঁক প্রভৃতি যাহবিদ্যার মূল অথর্ববেদ।

ক্ষেল জ্বর বা অস্থান্থ ব্যাধি নিবারণ ব্যতীত অস্ত্রবিদ্যা (Surgery) এবং অস্থিবিদ্যা (Osteology) বৈদিক মুগে কিরুপ উন্নত ছিল তাহারও প্রমাণ এই সংহিতায় রহিয়াছে। লভাগুলাদি হারা ভগ্ন অন্তি মুক্ত করা হইত। ইহাকে অস্থিসদ্ধান বিদ্যা বলা যাইতে পারে। অস্থিসদ্ধিকারক ভেষজ উদ্ভিদ বিদ্যাকে সম্বোধন করিয়া একটি সুক্তে (৪-১২) ঋষি বলিতেছেন,

ভোমার (আহত ব্যক্তির) মজ্জার সঙ্গে মজ্জা যুক্ত হউক ; অক্লের সঙ্গে অঙ্গ যুক্ত হউক ;

মাংসের এবং অস্থির যে অংশ (আবাতে) পতিত হইয়াছে ভাহা পুনরায় পূর্ববং হউক ॥ (৩)

মজ্জা মজ্জার মিলিত হউক, ছিল্ল ত্বক ত্বকের সহিত একাত্ম হউক; তোমার শরীরে রক্তা এবং অন্থি সবল হউক, মাংস মাংসের সজো মুক্তা হউক॥ (৪)

হে ভৈষক্ষা গুলা, তুমি কেশের সঙ্গে কেশ এবং তুকের সঙ্গে তুক সংযুক্ত কর; অছি এবং শোণিত সবল হউক; তুগ্ন অংশ তুমি যুক্ত কর ৷ (৫)

অথর্ববেদে বশীকরণ মন্ত্রও অনেক আছে। কোনও প্রণরী পুরুষ তার প্রতি বিমুখ স্ত্রীলোকের চিত্ত আকৃষ্ট করিতে হইলে সেই স্ত্রীলোকের একটি মুগার মৃতি গড়িয়া শণের 'জাা'-যুক্ত ধনুকে বাগ যোজনা করিয়া সেই মৃতির জ্পদের বার বার বিদ্ধা করিবে ও নিয়লিখিত মন্ত্র পাঠ করিবে। এই কার্যের অর্থ হইল, অনিচ্ছুক রমণীর হৃদয় কামবাণে বিদ্ধা করিয়া ভাহার চিত্তে কামোদ্রেক করিয়া পুরুষের প্রতি আসম্ভ করা। বশীকরণ মন্ত্রটির মধ্যেই এই রূপক ব্যাখা দেওয়া আছে,—

উত্ত্যুদক্ষোৎ তুদতু মা ধ্থাঃ শয়নে স্থে।

ইষুঃ কামস্য যা ভীমা তয়া বিধ্যামি তা হৃদি ॥' অথর্বসংহিতা (৩-২৫-১)
'চিন্তের বিকার জ্পনক কাম তোমাকে উত্তেজ্ঞিত করুক; তুমি শ্যায় আর আমাকে প্রতিরোধ করিও না। কামের প্রচণ্ড বাণে আমি ভোমার হৃদয় বিদ্ধ করিতেছি।' প্রবর্তী মন্তে বলিতেছেন।

> 'আধীপণাং কামশলগমিষুং সংকল্পকুলালাম্। ভাং সুসল্লভাং কৃত্য কামো বিধ্যতু তা হুদি॥' (৩-২৫-২)

'এই বাণ বাসনা বায়ুতে বেগবান, কামের দ্বারা অগ্রভাগ ভাক্স, অকম্পিড উগ্রবাসনা বাণের অপরভাগ; এইরপ ক্ষেক্সক্ষাভেদী কামবাণ ভোমার হাদয় বিদ্ধ করিবে।'

অনিচ্ছুক পুরুষের প্রতি প্রণাড়িনী রমণীর প্রযোজ্য অনুরূপ বশীকরণ মন্ত্র এই সংহিতার ৪-১৩০ হইতে ৪-১৩৮ নয়টি মন্ত্রে দৃষ্ট হয়। প্রতি মন্ত্রের শেষে এই কথাওলি আছি,—

'হে দেবভার্ন্দ, (ঐ পুরুষের হৃদয়ে) বাসনা প্রেরণ করুন; আমার প্রতি কামাবেগে তার চিত্ত সম্ভপ্ত হউক।'

এই সকল শুভাণ্ডভজনক মন্ত্র ব্যতীত সৃষ্টিতত্ব, সৃষ্টিকন্তার তত্ব এবং অশ্বাশ্ব অধাাপ্রতত্ত্বও অথর্ব সংহিতায় নিবদ্ধ আছে। বিশ্বের সৃষ্টি ও স্থিতিকারকরূপে প্রজাপতির বর্ণনা; নিশুলি পরমেশ্বরের তত্ত্ব প্রভৃতি আধ্যাপ্মিক তত্ত্ব দৃষ্ট হয় । অবশ্ব ধাগ্রেদে যে সকল দার্শনিক বা আধ্যাপ্মিক তত্ত্ব আমরা পাই তা হইছে উচ্চাঙ্কের কোনও তত্ত্ব অথর্ব সংহিতায় দৃষ্ট হয় না; বরং ধাগ্রেদে যাহা সৃস্পষ্ট ভাষায় নিবদ্ধ হইয়াছে অথর্ববেদে অনেক সময় তাহা রহস্তময় ভাষার কুহেলিকায় তুর্বোধ্য ও জটিল হইয়া উঠিয়াছে। অথর্ববেদের প্রসিদ্ধ কালস্ক্তে (১৯-৫০) কাল সম্বন্ধে গভীর দার্শনিক তত্ত্ব বিষোধিও। কালই সৃষ্টির প্রথম স্কনা, কাল বাতীত কোন পদার্থের অবস্থান অসম্ভব, হালোক, ভ্লোক, কালকে অবলম্বন করিয়া সৃষ্ট হইয়াছিল, এবং কালের গভিতে অগ্রসর হইড়েছে। কাল সৃক্তে ঋষি বলিভেছেন,

সপ্ত চক্ৰান্ বহজ়ি কাল এষ সপ্তাস্ত নাভীরমূতং বৃক্ষঃ।

স ইমা বিশ্বা ভূবনাগঞ্জং কাল: স ঈয়তে প্রথমো নু দেব: ॥' (১৯-৫৩-১)

'কালের সাতটি চক্র; সাতচক্রের সাতটি নাভি; অমৃতত্ব কাল রথচক্রের বিধারক মধ্যদণ্ড। কাল সমস্ত সৃতিকে বহন করিতেছে; প্রথম দেবতা কাল ক্রুত গমন করিতেছেন।'

পঞ্চম মন্ত্রে বলিভেছেন.—

'কালোহমুং দিবমজনমং কাল ইমাঃ পৃথিবীকৃত।

কালে হ ভূতং ভব্যং চেষিতং হ বি ভিঠতে ॥' (১৯-৫৩-৫)

এই ছালোক ও এই ভূলোক কাল হইতেই সঞ্জাত। ভূত এবং ভবিয়াং সমস্ত পদাৰ্থ কালের চোদনায় প্রকাশ পায়।'

অমৃতত্ব অর্থাৎ মহাকাল কালের উৎস।

অথর্বসংহিতার সুপ্রসিদ্ধ স্থজ্ঞসূজে (১০-৭ এবং ১০-৮) এবং উচ্ছিস্ট সূজে (১১-৯) গভীর অধ্যাত্ম তত্ত্ব নিহিত আছে।

চতুর্থ পরিচ্ছেদ বেদের শাখা

দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদে আমরা বেদের করেকটি শাখার নাম প্রসঙ্গক্ষমে উল্লেখ করিয়াছি। বেদের শাখা বলিতে কি বুঝায় এই পরিচ্ছেদে আমরা তাহা আলোচনা করিব। সূপ্রাচীনকাল হইতে যুগ যুগধরিয়া শুরু-শিল্প-পরম্পরায় মুখে মুখে বেদবিলা বিধৃত হইয়া আসিয়াছে। ইহা অভ্যন্ত স্বাভাবিক এবং সহজ্পবোধ্য যে হুগ যুগ ধরিয়া গুরু-শিল্প-প্রাক্তি প্রকল্পরায় প্রচলিত এই বিশাল শাল্তের আর্ত্তি ভঙ্গীতে, পাঠরীতিতে, উচ্চারণে ও বিনিয়োগের দেশ ও কালভেদে পার্থক্য ও হতন্ত্রতা দেখা দিবে। এইরূপে দেশ ভেদে ও কালভেদে প্রতি বেদের আর্ত্তি, উচ্চারণ, গান প্রভৃতির রীতিতে বহু পার্থক্যের সৃষ্টি হয়। এই পৃথক্ পৃথক্ শৈলী, ভিন্ন ভিন্ন রীতি বা স্বতন্ত্রতা বেদের ভিন্ন ভিন্ন শাখার উৎপত্তির বীক্ত স্বরুগ। এতংসস্বচ্চে শ্রীমন্ত্রাগবহু প্রবচন ;— (১-৪-২৩)

'শিক্তিঃ প্রশিষ্টিত চিক্তি যের্বিদাতে শাখিনোইডবন্।' গুরু শিক্তা, শিক্তার বিশ্ব বা প্রশিষ্ট আবার প্রশিষ্টের শিক্তা, এইডাবে ধারাবাহিক ক্রমে চলিহা আবার সময় চতুর্বেদের ভিন্ন শাখার সৃষ্টি হয়।

পুরাণে বেদের বছ শাখার উল্লেখ দৃষ্ট হয়। বিশেষ করিয়া বিষ্ণুপুরাণে (৩-১-১৬ ইইতে ৩-৪-১৫), ভাগবত পুরাণে (১-৪-২৩ ইইতে ১-১২-৬) এবং কুর্মপুরাণে (১-৫১) বেদের শাখার তালিকা পাওয়া যায়। ঋগ্বেদের একুশ শাখা, যজুর্বদের একশত শাখা, সাম বেদের এক সহস্রশাখা এবং অথববিদের নয়টি শাখার উল্লেখ আছে। একটি পুরাণের বচন উদ্ধৃত করিলেই চলিবে। কুর্মপুরাণের বেদশাখা সহজে উইত, —

'একবিংশতি ভেদেন ঋগ্বেদং কৃতবান্ পুরা শাখানাং তু শতেনাথ যজুর্বেদমথাকরোং ॥ সামবেদং সহত্রেণ শাখানাং চ বিভেদতঃ। অর্থবাদমথ বেদং বিভেদ নবকেন তু॥' (60 অধাায়)

মহাভায়কার পতঞ্জি তাঁর 'পস্পশ' নামক মহাভায়ের ভূমিকাবা অবভরণিকা অংশে বলিয়াছেন,-—

'একবিংশতিধা বহুব্।চম্; একশভমধব্যু^ৰশাখাঃ,

সহস্রবর্মী সামবেদঃ।' অর্থাৎ ঋগ্বেদের একুশটি শাখা, যজুর্বেদের একশত শাখা, সামবেদের সহস্রশাখা আছে। নিরুক্ত নামক বেদাঙ্কের বৃত্তি রচনা করিয়াছেন তুর্গাচার্যা। তিনিও তাঁর নিরুক্ত বৃত্তিতে বেদচতু্ষ্টয়ের উপরিলিখিত শাখা সংখ্যা সমর্থন করিয়াছেন,—

> 'একবিংশতিধা বাহত্ত মৃ। একশ্তধা <mark>আধ্বর্যবম্।</mark> সহস্রধা সামবেদম্। ন্বধা আহ্বণম্।'

ঋগ্বেদের শাখাঃ

খাগ্রেদের শাখার সংখ্যা সম্বন্ধে মতভেদ দৃষ্ট হয়। ভর্তৃহরি তাঁচার 'বাক্যপদায়' নামক প্রখ্যাত গ্রন্থে প্রর্টি শাখার এবং পতঞ্জলি মহাভাষ্টে একুশটি শাখার উল্লেখ করিয়াছেন। স্থান্দপুরাণ এবং আনন্দ সংহিতার বচন উদ্ধার করিয়া অনুভাষ্টে (২...) চিবিস্টি ঋক্ষাখা কীর্তিত হইয়াছে। তৈতিরীয় গুতিশাখ্যে, প্যাণিনির সূত্র অবলম্বনে রচিত কাশিকার্ত্তি প্রস্থে এবং কল্পত্রে ত্রিশ অপেকাও অধিকসংখ্যক ঋক্শাখার নাম দৃষ্ট হয়। যথা,—(১) শাকল, (২) মুদ্গল, (৩) গালব, (৪) শালীয়, (৫) বাংহ্য, (৬) শৈলিরি, (৭) বাহ্বল, (৮) বৌধ্য, (৯) অগ্নিমাঠর, (১০) পারাশর, (১০) জাতুকর্ণ্য, (১২) আশ্বলায়ন, (১৩) শাংখ্যায়ন, (১৩) কৌর্ভিক, (২৫) মহা কৌরীত্রিক, (২৬) শাহ্ব্য, (২০) মাত্রকেয়, (১৮) বহুত্ত, (২৯) গৈল্ডা, (২০) উদ্ধালক, (২০) গোত্ম, (২২) শত্রবলাক্ষ, (১৩) হৌত্তিক, (২৪) ভার্ম্বান্ধ, (১৫) ঐতরেষ,

(২৬) বসিষ্ঠ, (২৭) সুলভ, (২৮) শৌনক, (২১) আশার্থ্য, (২০) কাশ্যপ, (১) কার্মন্দ, (৩২) কার্শাশ্ব, (৩৩) ক্রৌড় ও (৩৪) কাঙ্কত।

অধুনা ঋগ্বেদের এই সকল শাখার অধিকাংশই পৃথিবী হইতে লুগু হইয়াছে। বর্ত্তমানে মাত্র ক্ষেকটি শাখা পাওয়া যায়। শোনকঞ্যি কৃত 'চরপবৃহে' নামক প্রখাত প্রস্থে বেদের শাখার সংখ্যা লিপিবদ্ধ আছে। ভাহাতে ঋগ্বেদের মাত্র পাঁচটি শাখার নাম দৃষ্ট হয়; যথা শাকল, বাস্কল, আশ্বলায়ন, শাংখায়ন ও মাত্ত্র । শাখার সৃষ্টিকর্ত্তা ঋষির নাম হইতেই শাখার নামকরণ হইয়াছে; যেমন শাকল ঋষি যে শাখার প্রবর্ত্তক, তাহার নাম শাকল শাখা। শাকল নামক ঋষিই প্রথম ঋক্সংহিত্য অধ্যয়ন করেন; তদনন্তর বাস্কল, আশ্বলায়নাদি অপর চারিন্ধন অধ্যয়ন করেন, এবং ভাঁহাদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন অধ্যয়ন-শৈলী হইতেই এক একটি শাখার উৎপত্তি হয়। ঋক্-প্রাতিশাখ্য গ্রন্থে এই বার্ত্তা নিবদ্ধ আছে। 'প্রতিশাখা' শব্দ হুইতেই 'প্রাতিশাখ্য' শব্দ আসিয়াছে। শোনককৃত ঋক্প্রাতিশাখ্য শ্বন্থবিদের 'শাখার' উৎপত্তি এইভাবে কীভিত হুইয়াছে;—

'ঝচাং সমূহঃ ঋগ্বেদস্তমভাস্য প্রয়ত্তঃ। পঠিতঃ শাকলেনাদো চতুর্থিস্তদনশুরম্॥ শাংখ্যাশ্বলায়নো চৈব মাণ্ড্ৰেন বান্ধলস্তথা। বহর্চাং ঋষয়ঃ সর্বে পক্ষৈতে একবেদিনঃ॥

ঋক্সমূহের সমষ্টি ঋগ্বেদ। সর্বপ্রথম শাকলমূনি এই বেদ প্রয়ত্ব সহকারে অধ্যয়ন করেন; তংপর শাংখায়ন, আশালাংন, মণ্ডুক ও বাস্কল নামে অপর চারিজন মূনি উহা অধ্যয়ণ করেন! এই পাঁচজনই একই বেদের অর্থাং ঋগ্বেদীয় ঋষি।'

সামবেদের শাখাঃ

বিষ্ণপুরাণে (৩০৮) সামবেদের শাখা সম্বন্ধে নিয়লিখিত বর্ণনা পাওয়া যায়। ব্যাসদেবের নিকট সামবেদ শিক্ষা করিয়া তদীয় শিস্ত জৈমিনি, সুমন্ত, সুকর্মা তাঁহাদের শিস্তবর্গকে অধ্যাপনা করেন। জৈমিনির পৌত্র সুকর্মার তিনজন শিস্ত ছিল, কোশল্য, হিরণ্যনাভ ও পৌষ্পঞ্জ। এই হিরণ্যনাভের উদীচ্যসামগা নামে পনরজন শিস্ত ছিল। তন্মধ্যে কৃতি নামক মৃনির চব্বিশজন অভেবাসী সামবেদের অনেক শাখা প্রচার ক্রিয়াছিলেন। পৌষ্পঞ্জের লোকাক্ষি, কুথুমি, কুসীদি এবং লাকলি নামে ভিনজন শিস্ত ছিলেন। এইরূপে সামবেদের বহু শাখার উৎপত্তি হয়।

বিষ্ণুপুরাণেও সামবেদের সহস্রশাখার কথা বলা হইরাছে। বিষ্ণুপুরাণ, পভঞ্জির মহাভাগ্ত প্রভৃতি গ্রন্থে সামবেদের সহস্রশাখার উল্লেখ আছে। এবং 'দিব্যাবদান' গ্রন্থে : ০৮০ (এক সহস্র আশী) শাখার উল্লেখ আছে। পাঠভেদ হইতেও গাংনর সুরের প্রকারভেদ বেশী হয় ও অভিসহজে হয় ইহা সকলেরই সুবিদিত। সামবেদের প্রাণ হইতেছে গান। এইজন্মই সামবেদের ক্ষেত্রে এত অধিক সংখ্যক শাখার উৎপত্তি হইরাছিল মনে হয়।

চরপর্য প্রস্থে সামবেদের সাডটি মুখ্য শাখার উল্লেখ আছে, যথা,— রাণায়নীয়, শাতামুগ্র, কলাপ, মহাকলাপ, শাদু^{ৰ্শ}ল, লাক্ষলায়ণ এবং কোথুম। কোথুম শাখার আবার পাঁচটি প্রশাখা আছে,—আসুরায়ণ, বাতায়ন, প্রাঞ্লিবৈডভ্ং, প্রাচীনাযোগ্য এবং নৈগেয়।

উপরে উল্লিখিত আমাদের বিবিধ শাধার মধ্যে বর্ত্তমানে মাত্র তিনটি শাখা পাওয়া যায়,—কৌথুম, জৈমিনীয় ও রাণায়নীয়। তয়ধ্যে কৌথুমশাখা বঙ্গদেশে ও গুজরাটে, জৈমিনীয় শাখা কর্ণাটদেশে এবং রাণায়নীর শাখা মহারাস্ট্রে প্রচলিত। গুজরাটের শ্রীমালী এবং নাগর ব্রাহ্মণগণের মধ্যে কৌথুমশাখার প্রচলন দৃষ্ট হয়।

আচার্য সভাত্রত সামশ্রমী বলেন সামবেদের তেরটি (১৩) শাখার নাম
পথরা যায়। কিন্তু মাত্র উপরিলিখিত তিনটি শাখা অধুনা দৃষ্ট হয়।
'প্রপঞ্জন্য' গ্রন্থের মতে সামবেদের সংশ্রশাখার মধ্যে মাত্র বারটি
শাখার অন্তিত্ব আছে। সামবেদের কৌথুমশাখার উপর সায়ণাচার্য ভাষ্য রচনা করিয়াছেন। সামবেদের জৈমিনীয় শাখা মুদ্রিত হইয়াছে।
(W. Caland) কালাও ইহা প্রণয়ন পূর্বক ছাপাইয়াছেন। কর্ণাটদেশে
ইহার সমধিক প্রচার দৃষ্ট হয়।

यकुर्दरमद माथा :--

ক্ষমপুরাণ, ত্রনাগুপুরাণ, সৃতসংহিত। ইত্যাদির মতে যজুর্বেদের ১০৭ (একশত সাত), মৃক্তিকোপনিষদ অনুযায়ী ১০৬ (একশত ছয়) এবং পাতঞ্জল মহাভায় অনুসারে ১০০ (একশত) শাখা ছিল। এই সংখ্যা-বৈষম্য হইতে বুঝা যায় শাখাগুলি ক্রমশঃ লুপ্ত হইয়াছে। এবং বিভিন্ন গ্রন্থকারণণ তাঁহাদের জীবদ্দশায় যতগুলি শাখা, পাইয়াছেন সেই কয়টির উল্লেখ করিয়াছেন। চরপবৃহ প্রস্থে শৌনক যজুর্বেদের ছিয়াশীটি শাখা হিল বলিয়াছেন কিছু স্বগুলির নাম উল্লেখ করেন নাই। তিনি মাত্রক্ষমজুর্বেদের সাতাশটি (২৭) এবং ত্রুমজুর্বেদের বোলটি (১৬) শাখার নাম

করিয়াছেন অর্থাৎ সর্বসমেত মাত্র ডেতাল্লিশটি (৪৩) শাখার নাম চরপব্যুহে আমরা পাই।

কৃষ্ণযজুর্বেদের শাখা :---

চরণবৃ। হ এবং বিফুপুরাণ উভয় গ্রন্থেই কৃষ্ণযজুর্বেদের শাখার সংখ্যা সাতাশ। বিফুপুরালে (৩া৫) কৃষ্ণ্যজ্বংশাখার সংখ্যা ২৭ এবং শুকু্মজ্বংশাখার সংখ্যা ১৫ উল্লিখিত আছে। কৃষ্ণমজুঃশাখা মধ্যে এই নামগুলি আমরা পাই; চরক, কঠ, প্রাচ্যকঠ, কপিষ্ঠলকঠ, আহ্বর্কি, আহ্বরক, চারায়নীয়, বার্দ্তান্তরের, (বরতান্তরীয়) শ্বেতাশ্বতর, কৃষ্ণবজুর্বেদের শাখা পাতাগুনীয়, ঐন্দিনেয় ও মৈতায়নী এই কয়টি শাখা চরকশাখার অন্তর্গত। মানব, বারাং, ছুলুভ, ছাগলেয়, ভাম, ভামায়নীয় এবং হারিদ্রবীয় এই শাখাগুলি মৈত্রায়নীয়ের অন্তর্গত। তৈত্তিরীয় শাখা হইতে ঔক্ষ্য বা ঔথীয় এবং খাণ্ডিকেয় শাখাৰয় আসিয়াছে। খাণ্ডিকীয় বা খাণ্ডিকেয় শাখা হইতে কালেয়, শাট্যায়নী, হৈরণ্যকেশী, ভারদান্ধী এবং আপত্তম্বী শাখার উপেতি হইয়াছে। এই সঙ্গে বৌধায়নী এবং সত্যাষাটী নামে অরও হটি শাখার কথা চরণব্যুহের একটি সংস্করণে পাওয়া যার। পূর্বোক্ত হরিদ্রবীয় শাখার পুরাণে কীর্ত্তিত পাঁচটি প্রশাখা হইল হারিজব, আগুর, পার্গা, শার্করাক্ষ এবং অগ্রিসবীয়। এই হরিজবীয় শাখার পাঁচটি প্রশাখা বাদ দিলে কৃষ্ণয়ডজুঃশাখার সংখ্যা ২৭ হয় এবং প্রশাখা পাঁচটি ধরিলে ৩২ হয়। এতগুলি শাখার মধ্যে বর্ত্তমানে মাত্র চারিট্রি শাখা ধরাতলে দুই ১হ,—আত্তেষ, কাঠক, আপস্তম্বীয়, এবং হারিদ্রসীয়।

কঠ এবং ভাগার প্রশাখা কপিষ্ঠল একসময়ে পাঞ্জাব ও কাশ্মীরে প্রচলিত ছিল। কপিষ্ঠল এখন দৃষ্ট হয় না কিন্তু কঠশাখা এখনও কাশ্মীরে বর্তমান। আনেকে কঠশাখাকে যজুর্বৈদের প্রাচীনতম শাখা বলিয়া মনে করেন। কলাপ বা মৈত্রায়নী শাখা বিদ্যাগরির দক্ষিণে প্রসার লাভ করিয়াছিল; একসময়ে ইহা মহারাস্ট্রে প্রচলিত ছিল। এখ চুই শাখার ব্রাহ্মণগণ 'চরকাধ্বযু-'' সংজ্ঞায় অভিহিত হইতেন।

আপস্তমী এবং হিরণাকেশী প্রশাধাসহ তৈতিরীয় শাধার প্রভাব ও প্রচলন দাক্ষিণাত্যে দৃষ্ট হয়! দাক্ষিণাত্যে অধিকাংশ ব্রাহ্মণ তৈতিরীয় শাধার অন্তর্ভুক্ত।

মহাভায়কার পতঞ্লি লিখিয়া গিয়াছেন যে তাঁর সময়ে (খৃইপূর্ব দিতীয়.

শতাকীতে) কৃষ্ণযজুর্বেদের চরণশাখা সূপ্রচলিত ছিল; গ্রামে গ্রামে তাহার অধ্যয়ন হইত।

কোনও কোনও গ্রন্থকারের মতে কৃষ্ণযজুর্বেদের আলম্বিন, পালঙ্গিন, কামলায়িন, আর্চাভিন, আরুণিন, তাণ্ডিন, তুম্বরু, বারায়নীয়, পৌশ্পিঞ্জি, কৌশ্তিয়, হারীত প্রভৃতি নামে আরও কয়েকটি শাখা ছিল।
শুক্লযজুর্বেদের শাখা:—

চরণবাহে শুরুষজুর্বেদের যোগটি শাখার উল্লেখ আছে,—জাবালি, বৌধেয়, কাল, মাধ্যন্দিন, সাথেয়, ভাপনীয়, কালাপী, পৌগুবংস, আবটিকী, পরমাবটিক, পারাশরীয়, বৈনেয়, উধেয়, গালব, বৈজ্ব এবং কাড্যায়নী। এই যোলটি শাখার মধ্যে মাত্র কাগ্ন ও মাধ্যন্দিন শাখা গুইটি প্রথম বিদেহে প্রচারিত হয় এবং তথা হইতে ক্রমশঃ উত্তর, পূর্ব ও পশ্চিম শুক্লযজুর্বেদের শাখ। ভারতে প্রসার লাভ করে। এই শাখার শতপথ ত্রাহ্মণে বিদেহ ও মগধের বছবার উল্লেখ আছে এবং বিদেহরাক জনকের সভায় শতপথ ত্রাহ্মণের প্রবক্তা যতি শ্রেষ্ঠ বিদ্ধংশিরোমণি যাক্তরক্ষোর ও অক্যান্য ঋষির বিতর্কের উল্লেখ আমরা পাই। কিন্তাবে বৈদিকঘুণে আর্থগণ সিল্প উপত্যকা বা সুবাস্ত জনপদ হইতে গঙ্গা-মমুনা-রাজিত উপত্যকায় নামিয়া আসিয়া-ছিলেন, রাজ্ঞার অগ্রে অগ্রে কিরুপে তার পুরোহিত গোডম পাবত অগ্নি লটয়া আদিয়াছিলেন ভাহার বর্ণনা আমরা শতপ্থ আফাণে পাই। সুতরাং বিদেহ অঞ্জে এই বেদের শাখার প্রথম প্রচার খুবই স্থাভাবিক। বাংলাদেশে যজুর্বেদী ব্রাহ্মণের অধিকাংশ শুক্লযজুর্বেদী এবং কার্থ-শাখাবলমী। সামণাচার্য শুকুষজুর্বেদের কামশাখার ভাষ্য প্রণয়ন করিয়াছেন। মাধ্যান্দিন নামটির উৎপত্তি সম্বল্ধে হুইটি মত প্রচলিত আছে। কেহ কেহ বলেন এই শাখাবিহিত শ্রোতকর্ম দিনের মধ্যভাগে অনুষ্ঠিত হয় বলিয়াই এই শাখার নাম মাধ্যান্দন হইয়াছে। অপর একদলের মতে যাজ্ঞবক্ষোর মাধান্দিন নামক শিশু এই শাখা অধায়ন করিয়াছিলেন বলিয়াই **এই नाम इहेशारक**।

যজুর্বেদের ব্রহ্মাণ্ডপুরাণ, স্কন্মপুরাণকীর্ভিত একশত সাত শাখা, পতঞ্জলি কথিত একশত শাখা বা চরণবৃহহত্ত ছিয়াশী শাখার মধ্যে অধুনা মাত্র পাঁচটি শাখা দৃষ্ট হয়, তন্মধ্যে তিনটি শাখা কৃষ্ণযজুর্বেদের যথা—তৈ।জ্বীয়, মৈত্রায়নী ও কঠ এবং শুক্লযজুর্বেদের হটি শাখা, মাধান্দিন ও কার। কোন্ কোন্ দেশে

শুক্রয**জু**র্বেদের মাধ্যন্দিনী শাখা বিস্তার লাভ করিয়াছিল তংসম্বন্ধে চরপবৃাহে উক্ত আছে—

> 'অঙ্কো বঙ্কঃ কলিজ্ঞচ কণিনোগুৰ্জ্জরন্তথা, বাজসনেয়ী শাখা চ মাধ্যন্দিনী প্রতিষ্ঠিতা ॥'

অর্থাৎ মাধ্যন্দিনী বাজসনেয়ী শাখা অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, কালুকুজ ও গুর্জার দেশে বিস্তার লাভ করিয়াছিল। কৃষ্ণ যজুর্বেদ দক্ষিণ দেশে প্রচলিত ইহা পূর্বেই বলা হইয়াছে। নর্মদানদাকে ভারতের মধ্যরেখা ধরিয়াই এই উত্তর ও দক্ষিণ দেশ বিবেচিত হইয়াছে।

অথর্ববেদের শাখা সম্বন্ধে তৃতায় পরিচ্ছেদে আমরা আলোচনা করিয়াছি, সৃতরাং এছলে পুনরুপ্লেখ নিস্প্রয়োজন। তথায় আমরা দেখাইয়াছি যে অথর্ববেদের নয়টি শাখার মধ্যে মাত্র হুইটি শাখা অধুনা দৃষ্ট হয়, শৌনক শাখাও পিপ্ললাদ শাখা। আহ্বুর্গ্লা সংহিতায় (১২,২০) অথর্ববেদের পাঁচ শাখার উল্লেখ আছে। অধিকাংশ গ্রন্থে নয় শাখার উল্লেখ পাওয়া য়য়। অধুনা ভারতে ইতন্তঃ নামমাত্ররপে প্রচলিত অথর্ববেদের প্রায় বিংশতি শাখার নাম ক্রুত হয়, য়থা,—পিপ্ললাদ, শৌনক, তোদ, মোদ, জাজল, জলদ, ব্লাবেদ, দেবদর্শ, চারণ্বৈদ্য, দামোদ, তোভায়ন, জাবাল, কুনখী, ব্লাবাল, তিথর্ব, ততিল, শৈখণ্ড, সৌকর সদ্ম, শাক্ষর্বর অশ্বপেয় ইত্যাদি।

বেদের শাখা বলিতে কি বুঝায় তাহা এই পরিছেদের সূচনায় আমরা আলোচনা করিয়াছি। বিধংসমাজে অনেকের বেদের শাখা সম্বন্ধ একটি ভূল ধারণা আছে। অনেকে মনে করেন এবং লিখিয়াও গিয়াছেন যে মূল সংহিতাগ্রন্থ শাখা ভেদে সম্পূর্ণ দির হইয়া যায় অর্থাৎ একটি বেদের যতওলি শাখা মূল সংহিতা ততওলি পৃথক পৃথক রূপে সম্পূর্ণ পরিবর্ত্তিত হইয়া যায়। যথা থাগ্বেদের যে একুশ শাখা ছিল বা যে পাঁচটি শাখা বর্তমানে পাওয়া যায় ভাহার অর্থ মূল সংহিতা একুশটি বা পাঁচটি সম্পূর্ণ ভিন্ন ভিন্ন রূপে পরিণত হয়। তাঁহারা মনে করেন এক একটি শাখা সেই বেদের এক একটি

বাদের শাধা সম্পূর্ণ নবীন রূপায়ন, একটি অপরটি হইতে পৃথক, সম্পূর্ণ বেদের শাধা সম্বন্ধ মতের ; যতগুলি শাখা ডভগুলি সংহিতা; শাখার বহুছে সংহিতার বহুছের কারণ অর্থাং যত শাখা ডত সংহিতা। এই ধারণা সম্পূর্ণ লাভ। বস্তুত: শাখাছেদে সংহিতার ভেদ হয় না। এক সংহিতার বহু শাখা খাকিলেও মূল সংহিতার আক্ষরিকরূপ এক ও অবিকৃত থাকে; ডক্ষণ্ট এক বেদের যে কোন একটি শাখা অধ্যয়ন

করিলেই সেই বেদের অধ্যয়ন হইয়া যায়। যেমন অক্ সংহিতার শাকল শাখা বা বন্ধল শাখা বা আশ্বলায়ন শাখা যে কোনও একটি শাখার অধ্যয়ন করিলে তাহা থাক্-সংহিতার অধ্যয়ন বলিয়া গণ্য হইবে। একটি সংহিতার সমস্ত শাখা অধ্যয়ন করিলে সেই অধ্যয়ন সমন্তি সংহিতার অধ্যয়নের সমতৃল্য হইবে বলিয়া কেই ভাবিলে ভুল হইবে। ভিন্ন ভিন্ন শাখার উৎপত্তির কারণ আলোচনা করিলেই স্পাই প্রতিভাত হয় অধ্যয়নের, আর্ত্তির, উচ্চারণের নানাপ্রকার ভেদেই শাখাভেদের কারণ, সংহিতাভেদ শাখা ভেদের কারণ নহে। তাঁহার প্রণীত ঐতরেয় বাল্যাণের 'ঐতরেয়ালোচন' নামক পাভিতাপূর্ণ বিস্তৃত ভূমিকায় বেদবিদ্যানিষ্ণাভ আচার্য সভাবত সামশ্রমী শাখা সম্বন্ধে বলিয়াছেন—

'অধ্যয়নভেদ এব শাখাভেদনিদানং নতু গ্রন্থভেদ ইতি। একৈকবেদস্য অনেকশাখাভে্হপি তাত্ত্বিতভেদভাবাং।'

অর্থাং 'অধ্যয়নভেদই শাখাভেদের কারণ, মূল গ্রন্থভেদ শাখাভেদের কারণ নচে। এক একটি বেদের অনেক শাখা থাকা সত্ত্বেও মূল গ্রন্থের ভেদ হয় না।' ঋগ্বেদ, যজুর্বেদ ও অথর্ববেদের ক্ষেত্রে অধায়ন-রীতির ভেদ ভিন্ন ভিন্ন শাখার উংপজ্তিরীক্ষ এবং সামবেদের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন শাখার অর্থ ভিন্ন ভিন্ন সামগানের প্রকার বা রীতি। সামবেদের সহস্র শাখার অর্থ সামগানের সহস্র বা অসংখ্য প্রকার। বেদ ভায়ভূমিকায় স্বামী দ্যানন্দ সরস্বতীর উল্ভিক্ত অনুধাবনীয়, 'সহস্রবর্মা সামবেদ ইভাষ্য সহস্রং গীত্যুপায়া ইভি ভাবঃ।' 'সামবেদের সহস্র শাখা কথাটির অর্থ হইল সামগানের সহস্র প্রকার।'

গুরু-শিস্ত প্রশিষ্ঠ পরস্পরা যুগ ধরিষা বেদ অফডিতে ধৃত হইয়া আসিতেছিল ডজ্জান্ত কালভেদ, দেশভেদ, ব্যক্তিভেদ, এবং উচ্চারণ ভেদ-জনিত ভিন্ন ভিন্ন শাখার উৎপত্তি যাভাবিক।

বেদের প্রখ্যাত ভাষ্ঠকার সায়ণাচার্য ঋক্, যজুঃ প্রভৃতি বেদের প্রত্যেক
শাখার পৃথক্ ভাষ্ট রচনা করেন নাই; মাত্র এক একটি শাখাগৃত গ্রন্থের
ভাষ্ট প্রথম করিয়াছেন অথচ সেই বেদের ভাষ্টকার বলিয়াই তিনি পরিচিত।
যথা, শুকুযজুর্বেদের কার ও মাধ্যন্দিন চুইটি শাখার মধ্যে কেবল কার শাখার
ভিনি ভাষ্ট রচনা করিয়াছেন কিন্তু ভিনি শুকুযজুর্বেদের ভাষ্টকার বলিয়াই
পরিচিত। শাখাভেদে গ্রন্থভেদ হয় না বলিয়াই মাত্র একটি শাখাগৃত প্রস্কের
ভাষ্ট প্রথমন করিলেই সেই বেদের ভাষ্ট প্রথমন করা ইইল। এইরূপ

সামবেদের বছ •শাখার মধ্যে মাত্র কৌথুম শাখার ভাষ্ঠ সায়ণ রচনা করিয়াছেন তাহাতে সামবেদের ভাষ্ট রচনা করা হটল।

শাখাভেদের নিদান অধ্যয়নভেদ ইহা প্রমাণিত হইল। এই অধ্যয়ন বলিতে পারায়ণের, উচ্চারণের, স্বরের, স্বরের, জিহ্বাচালনা ও অঙ্গুলিচালনার পৃথক্, পৃথক্ রীতি বোধ্য। তুই একটি উদাহরণ দিলে বিষয়টি সুস্পষ্ট হইবে। শুকু যজুর্বেদের ব্রাহ্মণের নাম শতপথ ব্রাহ্মণ। তাহার কায় ও মাধ্যন্দিন নামে তুইটি শাখা আছে। মাধ্যন্দিন শাখায় অন্তম্ভ 'ম' এর উচ্চারণ বর্গীয় 'জ্ল' এর ক্যায় এবং মুর্ধণ্য এর উচ্চারণ 'খ' এর ক্যায় করিতে হয়; কোন ও পদের প্রথম বর্ণ 'ব' কার হইলে লেখায় ও উচ্চারণে সেই 'ব' কারের দ্বিভ হয়। বিসর্গ উচ্চারণের সময় অঙ্গুলি সঞ্চালন নিষিদ্ধ। এই মাধ্যন্দিন শাখায় মাত্র ভূটি স্বরের প্রয়োগ দৃষ্ট হয় উদাত্ত এবং অনুদাও; স্বরিতের প্রয়োগ দেখা যায় না।

পঞ্চম পরিচ্ছেদ

ঋষি, ছন্দ, দেবতা, বিনিয়োগ

প্রতিবেদের প্রতিস্ক্তের এবং স্থল বিশেষে প্রতিমন্তের পৃথক্ পৃথক্ ঋষি, ছল্প, দেবতা ও বিনিয়োগ আছে। মন্তের সমানজ্ঞানজ্ঞ কেবল মন্তের অক্ষরার্থ জানিলেই চলিবে না, প্রতিমন্তের ঋষি কে, ছল্প কি, দেবতা কে এবং যজে তাহার বিনিয়োগ বা প্রযোগ কিরূপ তাহাও নির্ভুলভাবে জানিতে ছইবে। মত্তের ঋষি, ছল্প, দেবতা ও বিনিয়োখের জ্ঞান বৈক্ষিক নয়, বাধ্যতা-মূলক। বেদ মত্তের জ্ঞানজ্ঞ এইগুলি জ্ঞানা অপ্রিহার্য এবং কেই যদি এইগুলি লা জানিয়া বেদমন্ত স্থাধ্যয় করে তাহাকে ধর্মশান্তে 'মন্ত্রকন্টক' বলা হুইয়াছে;

'ঋষিচ্ছেন্দোদৈবতানি ত্রাক্ষণার্থং স্বরাদাপি। অবিদিত্বা প্রযুক্তানো মন্ত্রকউক উচাতে॥'

অর্থাৎ যে ব্যক্তি বেদমন্ত্র সমূহের থাষি, ছলদ, দেবতা, ত্রাক্ষণবাক্যের অর্থ এবং স্বর প্রক্রিয়াদিনা জানিয়া মল্লের প্রয়োগ করে তাহাকে মন্ত্রকন্টক বলা হয়।
অতএব বেদাধ্যয়নরত ছাত্র বা শিক্ষক বা ব্যক্তিমাত্ত্রেই এই কয়টি বিষয়
ভালভাবে জানা একান্ত প্রয়োজন। এই সকল না জানিয়া যদি কেই অধ্যাপনা
করে বা মন্ত্রজপ করে সে পাপী হয়। তজ্জনাই উক্ত ইইয়াছে,—

'অবিদিত্বা শ্বামিং ছন্দোদৈবতং যোগমেব। যোহধ্যাপয়েজ্জন্পেদ্বাপি পাপীয়ান স্বায়তেত সং ॥'

এখন আমরা ঝবি, দেবতা, ছন্দ ও বিনিয়োগের পৃথক্ পৃথক্ লক্ষণ আলোচনা করিব। ঋষি ;-- 'ঋষি' শব্দের কয়েক প্রকার ব্যুৎপত্তি আছে। ঋষ্ ধাতুতে ইন্ প্রভায় যোগে 'ঋষি' শব্দ নিজ্পাল হইয়াছে। এই ঋষ্ ধাতুর গমন অর্থ ধরিয়া যাস্ক ঋষি শব্দের ব্যাখ্যা করিয়াছেন,-- 'যদেনান্ তপস্তমানান্ ব্ৰহ্ম স্বয়ন্ত্ৰ অভ্যনাৰ্যত তদুধয়োঃ-ভবন্। তংশ্বশীপায়্যিত্মিতি বিজ্ঞায়তে।' তপস্থারত যতিগণের নিকট স্বয়্ছু ব্রহ্ম স্বয়ং গমন করিয়াছিলেন ভজ্জগুই সেই যতিগণকে ঋষি বলা হয়। ইহাই ঋষিদের ঋষিত্ব। বাহ্মণ গ্রন্থে এইভাবে ঋষিশব্দের নির্বচন করা হইয়াছে। তপস্তারত ৰক্ষনিষ্ঠ ঋষিগণ স্বয় ব্ৰুবেক্ষের কৃপায় বেদমন্ত্ৰ দৰ্শন করিয়াছিলেন; তাঁহাদের চিত্তে বেদমন্ত্র স্বয়ং প্রকাশিত হইয়াছিল। এই জন্ম ঋষিদের মন্ত্রদ্রকী বলা হয় এবং এইজ্যুট কেহ কেহ দর্শনার্থক ঝঘ্ ধাতু হইতে আম শক্টির নির্বচন করিয়াছেন ৷ নিরুক্তকার যাস্কমুনি ইহা উপমন্যুপুত্র এবং তদনুযায়িগণের মত বলিয়া উল্লেখ করিয়াছেন। 'ঋষিদর্শনাং। স্তোমান্ দদর্শ ইডি উপমশ্যবঃ'। 'ঋষি' শব্দের অথ যিনি দর্শন করিয়াছেন। কডকগুলি মন্ত্রের সম্ভিকে ভোম বলে। যায় নিজেও ঋষ্ ধাতৃর অর্থ দর্শন করিয়াছেন। তিনি ঋষির লক্ষণ দিয়াছেন, 'সাক্ষাংকৃতধর্মাণঃ ঋষয়ো বভূবুঃ।' (নিরুম্ভ ১'১), যাঁহারা ধর্মকে সাক্ষাং দর্শন করিয়াছেন তাঁহারা ঋষি। বেদ অখিলধর্মের মূল, ভজ্জল ধর্মশক্ষে এখানে বেদ বুঝিতে হইবে ৷ সাক্ষাং মন্ত্রমুফ্টা ঋষিগণ যাহারা বেদের সাক্ষাৎ পায় নাই তাদৃশ ব্যক্তিগণকে উপদেশ প্রসক্ষে মন্ত্রসক্ষ দান করিলেন। মল্লের অর্থ ব্যাখ্যাব্যতীত গ্রহণ করিতে যাহারা অপারণ হইল তাহাদের জন্ম বৈদাক প্রভৃতির সৃষ্টি হইল। এইভাবে वाक विषयि तुवाहेबारहन। मञ्जनम्न करा अर्थ कि ? अविरम्द मञ्जलको वना হইতেছে কেন,—মন্ত্ররচয়িতা ও মন্ত্রদ্রটা শব্দ হুইটির পার্থক্য কোণায়,— ष्यकृता जारा जाराजा कता किया । तिमरक ष्यरंभी करवा विश्व विश् কোনও পুরুষের চেষ্টা ছারা রচিত হয় নাই, ইহা কাহারও কৃত বা রচিত नटर। (वटमत्र निजाक याँशाता श्रीकांत करतन मिर भीभाश्मकणण वटमन পুরুষের চেফীায় যাহা নির্মিত বা রচিত হয় ভাহার উৎপত্তি আছে এবং निनाम । जारह । मुक्ते वा जा भार्ष भारत वहें छै १ भि व वर विनाम हहे (वहे। বেদের উৎপত্তি বা বিনাশ নাই, ভাহা অনাদি ও অনত এই জগুই বেদের কেহ

কর্ত্তা বা রচয়িতা থাকিতে পারে না। ঋষিরা এই জয়ই ময়ের ময়া, কর্ত্ত নহেন। এমন কি পরমেশ্বরও বেদের কর্তা নহেন। প্রতিকল্পে তিনি বেদ পারং করেন। এই বিষয়টি আমরা অপৌরুষেয়ত্ব পরিছেদে বিশেষভাবে আলোচন করিব, তজ্জন্য এখানে এইটুকু বলিলেই যথেই। ঋষিণণ কঠোর তপ্যাকরিয়াছিলেন; সেই সময় য়য়ভু পরমেশ্বরের কৃপায় তাঁহাদের হৃদ্ধে বেদমন্ত রতঃই আবিভূতি হইয়াছিল। এক একজন ঋষির নিকট বেদের একটি সুক্ত, ক্ষেত্র বিশেষে এক একটি অনুবাক প্রকাশিত হইয়াছিল; যাঁহার নিকট যে যে ময় আবিভূতি হইয়াছিল তিনি সেই ময়াগুলির দ্রফী বা ঋষি। ষথা ঋগ্বেদের প্রথম সুক্তের ঋষি ময়ুছেন্দা ঋষির নিকট ঐ সুক্ত প্রকাশিত হইয়াছিল। ঋগ্বেদের কোন কোন মগুল এক একজন ঋষিদৃষ্ট; ছিতীয় মগুলের ঋষি গ্রেমেন, তৃতায় মগুলের বিশ্বামিত্র, চতুর্থ মগুলের রামদেব, পঞ্চম মগুলের ঝির রাষ্ট্র মগুলের ভরয়াল, সপ্তমের বিশ্বামিত্র, চতুর্থ মগুলের ঝামদেব, পঞ্চম মগুলের অত্তি, বর্তা মগুলের ভরয়াল, সপ্তমের বশির্চ এবং অইটম মগুলের ঋষি কয়। য়য়ড়্ব রাজের কৃপায় ঋষিগণের তপস্যালারা মুগান্তে প্রতি কল্পারছে এই বেদপ্রাপ্তিবার্তা একটি ল্লোকে নিবদ্ধ আছে,—

'যুগান্তেহত্তিভান্ বেদান্ সেতিহাসান্ মহর্ষয়ঃ লেভিরে তপসঃ পূর্বমনুজ্ঞাতা স্বয়জ্বা ॥'

দেবতা:—প্রতি মন্ত্রের অধিষ্ঠাত্তী দেবতা একজন আছেন। সেই মন্ত্রের ছারা সেই দেবতার আবাহন ও প্রশংসা করা হয়। দেবতা, দেব, দেবী প্রভৃতি শব্দ বিদ্ধাতু ইইতে আসিয়াছে। দিব্ + অচ্ = দেবঃ। দেব + ভল্ = দেবতা। বিদ্ধাতুর বহু অর্থ আছে। একটি অর্থ প্রকাশ পাওয়া। যিনি প্রকাশ পান, যিনি ভারর, যিনি রপ্রকাশ তিনি দেবতা। 'দেব এব দেবতা' অর্থাং 'দেব' শব্দ ও 'দেবতা' শব্দ সমানার্থক। নিরুক্তে যাস্ক 'দেব' শব্দের নির্বচন প্রসক্তে বিলিতেছেন, 'দেবো দানাং বা দীপনাং বা দোতনাদ্ বা ভবতি।' অর্থাং দান করেন যিনি তিনি দেবতা অথবা যিনি নিজে প্রকাশ পাইরা আরুকে প্রকাশিত করেন তিনি দেবতা। দেবতার উদ্দেশ্যে মন্ত্র পাঠে, স্কতি-গীতি বন্দনায় অথবা যজানুষ্ঠানে মানুষের অতীষ্টের পূরণ হয়; তজ্জ্যে তিনি অজীষ্ট দাতা। দান করার অর্থ ইহাই। তিনি মিজে দীপ্তি পান, স্বয়ংজ্যোতি এবং অক্সকে উত্তাসিত করেন। মন্ত্রের চৈতক্য বা অথিষ্ঠাত্তী হইলেন দেবতা। চৈতক্য স্বয়ংপ্রকাশ এবং চৈতক্যের আলোকে সকাল জড়পদার্থ প্রকাশিত হয়। অভ্যাব মূলতঃ সেই সচিদানন্দস্বরূপ আত্তিভক্তই দেবতামণ্ডলীর প্রকৃত স্বন্ধণ; বিভিন্ন নামে ও বিভিন্ন ক্রেপে ব্যক্ত দেবতাগেশ সেই এক অব্যক্ত

অদৃত্য পরম রক্ষের ভিন্ন ভিন্ন প্রকাশমাত্র। ধানবেদের একটি বছপ্রচলিত ও বছক্ষত মন্ত্রে এই তত্ত্তি সুন্দররূপে ব্যক্ত হইয়াছে—

'একং সং বিপ্রা বছধা বদন্তি অগ্নিং যমং মাতরিশ্বানমাতঃ।'

সেই এক অথপ্ত অব্যাকৃত সং ব্রহ্মকে বিপ্রগণ বহুপ্রকার নামে অভিহিত করেন, যথা, অগ্নি, যম, মাতরিশ্বা ইত্যাদি। মাতরিশ্বা বায়ুর একটি নাম।

বহু দেবতার নাম বেদে আমরা পাই। যায়র বলিতেছেন, মূলওঃ, দেবতার সংখ্যা মাত্র তিনটি। 'ভিত্র এব দেবতা ইতি নৈরুক্তাঃ' (নিরুক্ত সপ্তম অধ্যায়)। এই ভিন মূল দেবতা যাস্কের মতে (১) অগ্নি, (২) বায়ু বা ইন্দ্র এবং (৩) সূর্য। তিন জনের এক একজন এক এক রাজ্যের অধিপতি। অগ্নি পৃথিবীর দেবতা, বায়ু বা ইন্স অন্তরীক্ষলোকের দেবতা। বেদে 'অন্তরিক্ষ, শব্দে সর্বদা হ্রন্থই'কার দৃষ্ট হয়; লৌকিক সংস্কৃতে দীর্ঘ হইয়াছে। এই ভিন দেবতার মধ্যে আমাদের নিকটভম হইলেন অগ্নি (অগ্নিবৈ দেবানামবমঃ) এবং দূরতম হইলেন আদিত্য (সূর্যো বৈ দেবানাং পরম:) মধ্যাহ্ন মার্তত্তের নাম বিষ্ণু; তিনিই সর্বাপেক্ষা দৃরে। এই নিকটতম অগ্নি ও দূরতম সূর্যের মধ্যে অক্সান্ত সকল দেবতা অঙর্ভুক্ত। এই তিনটি দেবতার নানা অবস্থার ও নানা ক্রিয়ার নামকরণ হইয়াছে অখ্যায় দেবতার নাম ছারা: অর্থাং ইহাদের এক একটি অবস্থা বা কার্য এক একটি দেবভার নাম পাইয়াছে। এ সম্বন্ধে নিরুক্ত প্রবচন,—'ভাসামেব ভক্তিসাহচর্যাদ্ বহুনি নামধেয়ানি ভবস্তি। কর্ম-পৃথক্তাং বা ।' সেই তিন জন দেবতার ভিন্ন ভিন্ন অবস্থা বা ভিন্ন ভিন্ন কর্ম ভিন্ন ভিন্ন দেবভার নাম পাইয়াছে। দেবভা সম্বন্ধী পরিছেদে আমরা বিশেষভাবে দেবতাতত্ত্বে আলোচনা করিব। মন্ত্রদুষ্টা ঋষি মন্ত্রধারা যে দেবভার স্তুতি করেন, সেই দেবভা সেই মন্ত্রের অধিষ্ঠাতী।

ছন্দ :—নিরুভে এবং বাঙ্গণগ্রছে 'ছন্দ' শক্ষ্টির জনেক প্রকার নির্বচন বা ব্যাখ্যা দেওরা আছে। যাহা পাপকে আজ্ঞাদন করে তাহা ছন্দ, যাহা পাপ ইইতে যজমান ও পুরোহিডদের আজ্ঞাদন করে, রক্ষা করে তাহা ছন্দ। তৈত্তিরীয় সংহিতায় ছন্দের উংপত্তি সম্বন্ধ নিয়লিখিত আখ্যান্থিকা পাওরা যার। প্রজাপতি অগ্লিকে চয়ন করিয়াছিলেন অর্থাং অগ্লি উংপাদন করিয়া-ছিলেন। সেই প্রজ্ঞালিত ছতাশন ভীষণ রূপ ধারণ করিলেন। তিনি নিশিত ক্ষুরের তীক্ষ্ণভাগের রূপ ধবিয়া দেবগণের নিকট আবিভূতি হইলেন। সেই উগ্ররূপ দর্শনে দেবতাগণ ভীতিবিহলে হইলেন এবং অগ্লির নিকট গ্র্মন করিয়া অগ্নির নিকট গমন করিলেন ও অক্ষত রহিলেন। তাঁহারা ভদ্ধারা শরীর আচ্ছাদন করিয়াছিলেন বলিয়াই ছিলকে ছল বলা হয়। কেহ কেহ বলেন ঋষিদের নিকট মন্ত্র যথন প্রকাশ হট্যাছিল তথন তাঁহারা যে হিল্লোল বা স্পন্দন অনুভব করিয়াছিলেন, সেই স্পন্দনই ছন্দের রূপ গ্রহণ করিয়াছিল।

বেদে সাতটি মুখ্য ছল আছে, গায়তা, উঞ্চিক্, অনুস্থুপ, বৃহতী, পঙ্ভি, তিন্দুপ্ত জগতা। বৈদিক ছলকে অক্ষরছল বলা হয় কাবণ একটি মন্ত্রের মোট অক্ষর সংখ্যা গুলিয়া তাগার ছল নির্ণয় করা হয়। এখানে অক্ষরের অর্থ বর্ণ নহে; অক্ষর বলিতে Syllable বোধ্য। যেমন রাম'শকে চারিটি বর্ণ আছে যথা 'বু আ মৃ অ'। কিন্তু হুটি অক্ষর আছে 'রা,' এবং 'ম'। নিম্নে সাতটি বৈদিক ছলের মোট অক্ষর সংখ্যা প্রদর্শিত হুইতেছে,—

গায়ত্রী—২৪ উফিক্—২৮ অনুষ্ট্রপ^{*}— ৩২ বৃহত্তী – ৩৬ পঙ^{*}ভে—৪০ তিউ^{*}বুপ^{*} – 68 অগতী—৪৮

সাধারণতঃ প্রতি হলোবদ্ধ মন্তের চারিটি করিয়া পাদ আছে এবং প্রতিপাদে অক্ষর সংখ্যা সাধারণতঃ সমান থাকে; যেমন অনুস্থুপ্ হলের মোট অক্ষর সংখ্যা বিজ্ঞিশ অভএব চার পাদের প্রতিপাদে আটটি করিয়া অক্ষর থাকিবে। এই চারিপাদ বা চারিচরপের ব্যতিক্রম হটি হলের ক্ষেত্রে দেখা যায়, গায়ত্রী এবং পঙ্ভি । গায়ত্রী হলের মন্ত্রে সাধারণতঃ ভিনটি করিয়া পাদ খাকে; প্রতি পাদে আটটি অক্ষর। কখনও কখনও চারিটি পাদ ও প্রতি পাদে হয় অক্ষর (মোট চবিশে) দৃষ্ট হয়। তক্রপ পঙ্ভি হলের চারিচরপের প্রতি পাদে দশটি করিয়া অক্ষর; মোট চল্লিশ অক্ষর। কখনও কখনও পঙ্ভি হলোযুক্ত মন্তের পাঁচটি পাদ এবং প্রতি পাদে আটটি করিয়া অক্ষরও দৃষ্ট হয়। হিলাভিগণ নিত্য যে গায়ত্রী মন্ত্র পাঠ করেন ভাহার আসল নাম সাবিত্রী মন্ত্র কারণ সবিভার স্কৃতি ও ধ্যান সেই মন্ত্রে আছে। মন্ত্রটি গায়ত্রী হলের রিচিত বিলয় গায়ত্রী নামও পাইয়াছে। গায়ত্রী হলের নিয়ম অনুযায়ী চবিশ্বশটি অক্ষর এই মন্ত্রে থাকা উচিত কিছ্ক একটি অক্ষর কম আছে, মোট ডেইশটি অক্ষর আছে। চবিশ্বশ সংখ্যা পুরণ কয় পিন্ধপ খ্রি তাহার হলঃ

সূত্রে বিধান দিয়াছেন 'ডংসবিতুর্বরেণ্যম্' পদটিতে 'বরেণ্যম্' কথাটি 'বরেণিঅম্' পাঠ করিতে হইবে; তাহাতে অক্ষর সংখ্যা আট হইবে এই পাদে এবং সর্বসমেত চবিশে হইবে। ঋগ্বেদে 'ত্রিফুপ্' ছল্দ সর্বাপেকা বেদী পাওয়া যায়। কোনও কোনও দেবতার এক একটি ছল্দ নির্দিষ্ট আছে। অগ্নির মন্ত্র গায়ত্রী ছল্দে নিবদ্ধ। ইল্রের মন্ত্র ত্রিফ্রেণ ছল্দে নিবদ্ধ। অগ্নির সঙ্গে গায়ত্রী ছল্দের এবং ইল্রের সঙ্গে ত্রিফ্রিপ্ ছল্দের নিত্য সম্বন্ধ বলা চলে। ঋগ্বেদের প্রথম সৃক্তেটি অগ্নিদেবতার এবং ভাহা গায়ন্দী ছল্দে রচিত। প্রথম সৃক্তের প্রথম মন্ত্র,

'১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮

অগ্নি মীড়ে পুরোছিতং

১ ১০ ১১ ১২ ১৩ ১৪ ১৫ ১৬

যজ্ঞস্ম দেবমৃত্তি জং

১৭ ১৮ ১৯ ২০ ২১ ২২ ২৩ ২৪

হোডারম্ রতুধাতমম্ ॥'

চবিবশটি অক্ষর, অভএব গায়ত্রী হন্দ।

লৌকিক ছন্দকে গণছন্দ বলা হয়, তাহা অক্ষর ছন্দ হইতে পৃথক। তাহাতে তিন তিনটি অক্ষর লইয়া এক একটি গণ হয় এবং গুরু লঘু প্রভৃতি বর্ণের বিশেষ সন্নিবেশে এক একটি গণের নামকরণ হয়। যেমন, ডিনটিই যদি পর পর গুরুবর্ণ বসে তাহাকে সংক্ষেপে 'ম' গণ বলা হয়; তিনটি পর পর লঘু বর্ণ বসে তাহাকে 'ন' গণ বলে। প্রথম বর্ণ গুরু এবং পরের হুটি যদি লঘু হয় অর্থাং 'গুরু লঘু লঘু' হয় তাহাকে 'ভ' গণ বলে। একটি পদ্য শুবকের এই ভিন্ন ভিন্ন গণের যত প্রকার সন্নিবেশ সম্ভব ততগুলি গণ ছন্দ আছে।

বিনিয়োগ :— যজকর্মে মত্তের প্রয়োগকে বিনিয়োগ বলে। বিশেষরূপে
নিয়োগ অর্থাৎ প্রয়োগ বিনিয়োগ। যজকর্মের সহিত মত্তের সদ্ধ হইল
বিনিয়োগ। 'অনেনেদং তৃ কর্তবাং বিনিয়োগ: প্রকীতিড:' অর্থাৎ এই মত্তের
লারা হজ্জের এই কর্ম করিতে হইবে এই যে মত্তের প্রয়োগ ইহাই বিনিয়োগ।
কোন্ লাগের কোন্ বিশেষ অনুষ্ঠানে কোন্ মত্ত্ব পাঠ করিতে হর ভাহার
বিধান স্ত্রোতস্ত্র প্রস্থরাজিতে প্রদন্ত আছে। সায়ণাচার্য্য তাঁহার বেদের ভাজে
প্রতিমন্তের বিনিয়োগ স্ত্রোতস্ত্র প্রবচন উদ্ধৃতি করিয়া প্রদর্শন করিয়াছেন।
সামার (general) ও বিশেষ (particular) ভেদে বিনিয়োগ হুই প্রকার।
সমগ্র সংহিতার ব্রশ্বয়ত্তে (বেদ পারায়ণে) বিনিয়োগকে সামার্য বিনিয়োগ

বলে। প্রতিস্ক্রের ও সৃক্তগত মন্ত্রের আশ্বলায়ন প্রদর্শিত বিনিয়োগ ইইল विराय विनिद्धांग । विराय विनिद्धांग करमक क्षकारत्त्व इहेर्छ भारत, যথা, সমগ্র সৃজ্জের বিনিয়োগ, সৃজ্জের অন্তর্গত তিনটি বা চারটি ঋকের সামৃহিক বিনিয়োগ অথবা এক একটি ঋকের পৃথক বিনিয়োগ। নিম্নের দৃষ্টান্ত হইতে বিষয়টি সুস্পই হইবে। ঋক্সংহিতার প্রথম মণ্ডলের শভোত্তর পঞ্চদশতম (১১৫ সংখ্যক) সৃক্তটি সুর্য দেবতার উদ্দিষ্ট। 'চিত্রং দেবানামুদগাদনীকং' সৃজ্জটির প্রথম ঋকের প্রথম চরণ। এই সৃজ্জটির ও ডদ্গড ঋকৃ বিশেষের বিনিয়োগ সম্বন্ধে সায়ণ বলিতেছেন, আশ্বিনশস্ত্রে मृर्यापयानृश्वर्रः त्रोयानि मृख्यानि भःत्रनीयानि । ७ त्वनः मृख्यः भःत्रनीयम् । সুত্রিভঞ্ল 'চিত্রং দেবানাম্ নমো মিত্রস্তা (আ. শ্রো. সু ৬-৫-১৮) ইতি। ইহার অর্থ এই ;—সোমযাণে যেদিন সোমরস নিষ্কাশন করা হয় তাহাকে সৃত্যাদিন কছে ৷ তৎপূর্বদিনের রাত্তির শেষাংশে বছ মল্লের ছারা অগ্নি, উষা ও অশ্বিযুগল এই দেবভাত্তয়ের স্তুতি করা হয়। এই স্তুতির নাম প্রাভরনুবাক। গানরহিত স্তুতিকে শস্ত্র কছে। সোম যাগের সাতটি সংস্থা। অনুষ্ঠানের প্রকার বিশেষকে সংস্থা বলে। সাভটি সংস্থার যথাক্রমে নাম—অগ্নিফৌম, অভ্যাপ্লিফৌম, উক্থা, ষোড়শী, বাজপেয়, অভিরাত্ত, আপ্তোর্যাম। প্রতি পর্যায়ে চারিটি করিয়া শস্ত্রের কীর্তন (শংসন) হয়। তিনটি পর্যায় শেষ হইলে আশ্বিনশন্ত্র কীর্তন করিতে হয়। সেই আশ্বিন শল্পে অগ্নি, উষা ও অশ্বিযুগলের স্তুতি বিহিত। বিহঙ্গকুলের কলকাকলি আরম্ভ হইবার পূর্বে ও সুর্যোদ্যের পূর্বে প্রাভরানুবাক সমাপ্ত করিভেই হইবে। সুর্যোদ্যের পর আশ্বিনশল্লে সুর্যদেবভানিষ্ঠ সুক্ত সকলের কীর্তন বিহিত। ভক্সধ্যে এই সুর্যস্ক্রটিও শংসন করিছে হইবে। আশ্বলায়ন তাঁহার শ্রেতিসূত্র গ্রন্থের ৬-৫-১৮ সূত্রে এই বিধি লিপিবদ্ধ করিয়াছেন। অভঃপর এই সুর্যসূক্তগত শ্বক্সকলের বিশেষ বিনিয়োগ সম্বন্ধে সায়ণ বলিভেছেন,—'আদিভ-ল্লিস্ৰ ঋচঃ সৌর্যস্ত পাশোর্বপা পুরোভাশ হবিষাং ক্রমেশানুবাক্যাঃ। ভভো বে বপাশ্বরোডাশযোর্বাজ্যে।' এই সুজ্জের প্রথম ভিনটি ঋক্ যথাক্রমে मूर्यरम्यकात क्रिके भक्त (मन, भूरताकान ७ श्विशर्वत नमन क्रम्यांका) तरम कीर्जनीय। পরবর্তী इইটি ঋক্ অর্থাৎ চতুর্ব ও পঞ্চয় ঋক্ যথাক্রমে প্রস্তর বপা বা মেদ এবং পুরোডাশ যজাগ্নিতে আত্তিদান কালে বাজাগ্রেপে পাঠ कविर्ण हरेरव । मिवजारक पार्रण कविषा श्रुरताहिक यथन हवन वा बाहिकिय খত হাভার আহতির মব্য গ্রহণ করেন তথন যে খক পাঠ করা হয় ভারা

'অনুবাক্যা।' 'হবিগ্রহণাবসরে উচ্যমানা ঋক্ অনুবাক্যা'। যজ্ঞান্নিতে আহতি অর্পণ কালে পাঠ করা হয় যে ঋক্ তাহার নাম 'যাজ্ঞা'। 'হবিঃপ্রক্ষেপাবসরে উচ্যমানা ঋক্ যাজ্ঞা।' অনুবাক্যা অত্রে পাঠ করিতে হয়, তংপর যাজ্ঞা। অনুবাক্যা মন্ত্র দাঁড়াইয়া ব্যাহরণ করিতে হয় এবং যাজ্ঞামন্ত্র উপবিষ্ট হইয়া ব্যাহরণ করার বিধি ('অনুবাক্যা তির্চনাহ, আসীনো যাজ্ঞাং হজ্ঞোতি')। 'হবি' শব্দের অর্থ 'হুয়তে ইতি হবিঃ।' যাহা কিছু যজ্ঞে আহতি দেওয়া হয় তাহাই হবি। পশুমাংস, পিই তখুল হইতে প্রস্তুত পুরোডাল নামক রুটি, সোমরস, আজ্ঞা বা ঘৃত সকলই 'হবি' শব্দবাচ্য। এই সকল হব্য দ্রব্যের মধ্যে আজ্ঞার আধিক্য ও প্রচলন হেডু পরবর্তীকালে 'হবি' শব্দের অর্থ সঙ্কুচিত হইয়া ঘৃত শব্দের বোধক হইয়া দাঁড়ায়।

ষষ্ঠ পরিচ্ছেদ

বেদ পাঠের বিবিধ প্রকার

(ঋক্ সংহিতার মন্ত্রমধ্যে যাহাতে কালবশে কোনও প্রক্রিপ্ত অংশ বা বিকার প্রবেশ করিতে না পারে তজ্জন্য ঋষিগণ বিবিধ উপায় আবিষ্কার করিয়াছিলেন) তৃতীয়-পরিছেদে আমরা দেখাইয়াছি কিভাবে লানক তাঁহার চরণ-বাৃহ গ্রন্থে সংহিতার সৃক্ত সংখ্যা, ঋক্ সংখ্যা, ঋকের পদসংখ্যা ও সমগ্রসংহিতার অক্ষর সংখ্যা পর্যন্ত গণনা করিয়া লিপিবদ্ধ করিয়া শিহাছেন 🕽 ঞ্জিরপ সুপ্রাচীন প্রাগৈভিহাসিক যুগে এতাদৃশ গবেষণাকার্য মানব-চিন্তার অতীত এবং নিরতিশয় প্রশংসনীয়। বেদরকার্থ ও প্রকেপনিবারণার্ব এইভাবে সৃক্ত-ঋক্-পদ-অক্ষর সংখ্যা লিপিবদ্ধ কবিয়া গিয়াছেন। তথাপি একটি অক্ষরের স্থানে অপর অক্ষর বসাইয়া দিলে অক্ষর সংখ্যা ঠিক থাকিবে কিছ প্রক্ষেপ নিবারিত হইবে না।) তাহার প্রতিষেধের উপায় কি? এই আশঙ্কাও বৈদিকযুগের ঋষিদের চিত্তে প্রতিভাত হইয়াছিল এবং তাহার প্রতিষেধের জন্ত তাঁহারা বেশমন্ত্রের বিবিধ প্রকারের পাঠরীতি আবিষ্কার कतिया निवारहन। उाहारात वह जाकर्य विवाद वृक्ति ও जृत्यामृहि পর্যালোচনা করিলে বর্তমান মুপের মনীধীপণ বিশ্বরে অভিভূত হইতে বাধা। বেদের পবিজ্ঞা রক্ষার জন্ত-তাঁহাদের এই উদ্ভাবনী শক্তি পৃথিবীর ইভিহাসে অক কোনও জাভির ধর্মগ্রছ-রক্ষার ঐভিছে অভাবধি দৃষ্ট হয় নাই। অধুনা

আমরা বেদপাঠের বিভিন্ন প্রক্রিয়ার পরিচয় দান করিব। ঋগ্বেদের মন্ত্র আমরা যে আকারে সংহিতায় পাই ভাহা ঐরপ সন্ধিযুক্ত সমাসবদ্ধ ভাবে পাঠ করিলে ভাহাকে সংহিতা পাঠ করে। সর্বসমেত একাদশ প্রকারের পাঠ আছে, তল্মধ্যে তিনটিকে প্রকৃতিপাঠ ও আটটিকে বিকৃতিপাঠ বলে। সংহিতাপাঠ, পদপাঠ, ও ক্রমপাঠ এই তিনটি হইল প্রকৃতিপাঠ, তল্মধ্যে সংহিতাপাঠকে যোগা প্রকৃতি এবং অল্ল ছইটিকে রাঢ়া প্রকৃতি বলা হয়। আটটি বিকৃতি পাঠের নাম জটা, মালা, দিখা, দেখা, ধ্বজ, দণ্ড, রথ এবং ঘন। ইহাদের প্রত্যেকের নামের পূর্বে 'ক্রম' শব্দটি পাঠ করিতে হয় অর্থাৎ ক্রমজটাপাঠ, ক্রমমালাপাঠ এইরূপ বলিতে হইবে। সংক্রেপে জটাপাঠ, মালাপাঠ, শিখাপাঠ ইত্যাদি বলা হয়। ব্যাড়ীমূনি তাঁর জটাপ্টল প্রছে উপরি উক্ত বিষয়টি লোকে লিপিবজ করিয়াছেন—

'জটা-মালা-শিখা-লেখা ধ্বজো দণ্ডোরথোঘনঃ। অফৌ বিকৃতয়ঃ গ্রোক্তাঃ ক্রমপূর্বা মনীবিভিঃ॥'

এই একাদশ প্রকারের পাঠের মধ্যে সংহিতাপাঠের পরেই পদপাঠ
সর্বাপেক্ষা প্রাচীন প্রিওরের আরগ্যকে পদপাঠ দৃষ্ট হয় স্বৃত্তরাং পদপাঠ
ঐতরের আরগ্যক, ঋক্ প্রাতিশাখ্য নিরুক্ত প্রভৃতি গ্রন্থের কাল অপেক্ষা
পূর্ববর্তী। বিকৃতিপাঠগুলির মধ্যে জটাপাঠ ও দণ্ডপাঠ গুরুত্বপূর্ণ এবং
অবশিক্ট বিকৃতি পাঠের উৎস, শিখাপাঠ জটাপাঠকে অনুসরণ করে এবং
মালা, লেখা, রথ ও ধ্রম্জ পাঠের উৎস হইতেছে দণ্ডপাঠ। ঘনপাঠের উৎস
জটা ও দণ্ড উভয়ই। এখন আমরা এই তিনপ্রকার প্রকৃতিপাঠ ও আট
প্রকারের বিকৃতিপাঠ, সর্বসমেত একাদশ প্রকারের বেদমন্ত্রপাঠের অর্থাৎ প্রত্যেক
প্রকার পাঠের লক্ষণ দৃষ্টান্তসহ বুঝাইরা দিব। ঋগ্বেদের প্রথম ঋক্টিকেই
আমরা দৃষ্টান্তর্যক্ষ গ্রহণ করিব। প্রথম ঋক্টি আমাদের সুবিদিত,—

'অগ্নিমীড়ে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্তিকম্॥ হোতারং রত্নধাতমম্॥' (ঋ ম-১.১.১)

এই ঋকের একাদশ প্রকার পাঠভেদে ভিন্ন জিন্ন রূপ প্রদর্শিত হইভেছে,—
(১) সংহিতাপাঠ :—বৈদের সংহিতাভাগে মন্ত্রটি যেমন লিপিব্র জাছে
অবিকল সেইভাবে পাঠ করাকেই সংহিতা পাঠ বলে।
সংহিতাপাঠ
অভএব উল্লিখিড ঋক্টি যেরূপ ভাবে উদ্ধৃত হইরাছে
সংহিতাপাঠ ঠিক ভন্রপই পাঠ করিতে হইবে।

(২) প্রদশাঠ :—একটি ঋকের প্রত্যেকটি পদ বা পদপাঠ
শব্দ স্বভন্তরূপে সন্ধিবিচ্ছেদ করিয়া ও সমাসবদ্ধ পদকে ব্যস্ত করিয়া দেখান হটয়াছে। আলোচ্য ঋকৃটির পদপাঠ এইরূপ হটবে,—

> 'অগ্নিম্। ঈড়ে। পুরঃ Sহিভম্। যজ্ঞ যা দেবম্। ঋতিজন্। হোডারম্। রত Sধাতমম্॥'

এই পদপাঠে 'পুরোহিতম্' ও 'রঙ্থাতমম্' সমাস গুইটিকে বাস্তরূপে দেখান হইয়াছে যথা 'পুরঃ S হিডম্' এবং 'রড় S থাতমম্', ইহার মধ্যে ব্যাসস্চক "S" চিহ্নটিকে অবগ্রহ বলে। শাকলাখামি ঋগ্বেদের পদপাঠ রচনা করিয়াছেন; ওজ্জাত ইহাকে শাকলা সংহিতাও বলা হয়। তিনি ঋক্সংহিতার সকল মন্ত্রের পদপাঠ রচনা করিয়াছেন, কেবল ছয়টি ঋকের পদপাঠ রচনা করেন নাই, সেই ছয়টি ঋক্ হইল ৭-৫৯-১২, ১০-২০-১, ১০-১২১ ১০, ১০-১৯০-১, ২, ৩; কেন করেন নাই তাহা জানা যায় না; কেহ কেহ বলেন তিনি এই ছয়টি ঋক্ মূলসংহিতার অন্তর্গত কিনা এ বিষয়ে সন্দিহান ছিলেন।)

ভ্ৰমণাঠ :—জ্ৰমণাঠে একটি ঋকের হুইটি করিয়া পদ (words) এক একবারে গৃহীত হয় এবং প্রথম পদ ও অন্তিম পদ বাতাত মধ্যবতী সকল পদই হুইবার করিয়া পঠিত হয়। যথা,—

> 'অগ্নিম্উড়ে। উড়ে পুরে।হিতম্। পুরোহিতং যজ্ঞায় যজ্ঞাদেবম্। দেবম্ঋতিজম্। ঋতিজং হোতারম্। হোতারং রতুধাতমম॥'

এই ক্রমপাঠে প্রথম পদ 'অগ্নিম্' এবং ভাত্তিম পদ 'রত্থাতমম্' ব্যতীত প্রতিপদ গুইবার করিয়া পঠিত হইয়াছে। আক্ষরিক প্রতীকের মাধ্যমে ক্রমপাঠকে এই ভাবে বুঝান যাইতে পারে—

এক হুই, হুই তিন, তিন চার, চার পাঁচ, পাঁচ ছয়, ছয় সাত, সাত আট ইত্যাদি। ক্রমপাঠ প্রক্রিপ্ত নিবারণের একটি উপায় সন্দেহ নাই কিন্ত প্রথম ও অভিম পদ হুটির বিত্ব না হওয়ায় এই হুইটি পদের প্রক্রিপ্ত হুইবার সন্তাবনা রহিয়া পেল। এই সন্তাবনা পরবর্তী অটাপাঠনামক পাঠের রীভিতে নিরাকৃত হুইয়াছে। ইহা হুইভেই বুঝা যায় বেদের ধারক ও বাহক ঝমিগণ কিরূপ স্ক্রদর্শী ও ভীক্রধীসম্পন্ন ছিলেন। ক্রমপাঠকে ইংরাজিতে 'step text' বলা হয় অর্ধাং ক্রমে ক্রমে এক একটি পদ হুইবার করিয়া গুহাত হুইয়াছে।

(৪) <u>কটাপাঠ</u>:—বস্তুবছনে বা প্ৰমবন্ধনে যেমল টানাপোড়েন ব্যবহৃত হয় কটাপাঠের রীতি অনেকাংশে ডজ্ঞপ বলিয়া ইংরাজিতে ইহাকে কেহ কেহ 'Woven text' আখ্যা দিয়াছেন। ইহাতে প্রথম ও অন্তিম পদ তুইটি তিনবার করিয়া এবং মধ্যবর্তী পদগুলি প্রতিটি হয়বার করিয়া উচ্চারিত হয়, যথা,—

'অগ্নিম ঈড়ে, ঈড়ে অগ্নিম, অগ্নিম ঈড়ে ঈড়ে পুরোহিতং, পুরোহিতম্ ঈড়ে, ঈড়ে পুরোহিতম্ পুরোহিতং যজ্ঞয়া, যজ্ঞয়া পুরোহিতং, পুরোহিতং যজ্ঞয়া যজ্ঞয়া দেবং, দেবং যজ্ঞয়া, যজ্ঞয়া দেবম এইভাবে চলিবে। আক্ষরিক প্রতীকে ক্ষটাপাঠ এইরূপ দাঁড়াইবে,— এক হুই, হুই এক, এক হুই, হুই তিন, তিন হুই, হুই তিন,

তিন চার, চার তিন, ডিন চার, চার পাঁচ, পাঁচ চার, চার পাঁচ, পাঁচ ছয়, ছয় পাঁচ, পাঁচ ছয়, ইভ্যাদি।

(৫) মালাপাঠ:—ইহাকে ইংরাজিভে 'Garland Text' বলা হয়।

ইহার পাঠরীতি কঠিন। প্রথম ও বিতীয় পদ পাঠ করিয়াই

নালাপাঠ

তংপর ষষ্ঠ পদ ও পঞ্চম পদ পাঠ করিতে হয়; তংপর
পুনরায় বিতীয় পদ ও তৃতীয় পদ; তংপর পঞ্চম পদ ও চতুর্থ পদ। পুনঃ
পুনঃ অভ্যাস ব্যতীত এই হুরুহ পাঠরীতি আয়ত্ত করা কঠিন। অগ্নিমীড়ে…
খাকের মালাপাঠ এইরুপ,—

"অগ্নিম্ইড়ে, ঋত্কিং দেবম্। ঈড়ে পুরোহিতং, দেবং যজ্ঞার্য পুরোহিতং যজ্ঞার, যজ্ঞার পুরোহিতম্। যজ্ঞার দেবং পুরোহিতম ঈড়ে। দেবম ঋত্তিজম, ঈড়ে অগ্নিম।' এই পাঠের আক্ষরিক রূপায়ন এইরূপ হইবে,—

এক তুই ছয় পাঁচ ॥ তুই তিন পাঁচ চার ॥ তিন চার চার তিন। চার পাঁচ তিন তুই ॥ পাঁচ ছয় তুই এক ॥ ইভাাদি।

পাঁচ ছব বক্ষের ফুলের মালা গাঁথিতে হইলে যেমন ঐ ক্যরক্ষ ফুলকেই ঘুরিয়া কিরিয়া গাঁথিতে হয় এই পাঠক্রমেও তক্তপ পাঁচ ছয়টি পদের খুনঃ খুনঃ বধাক্রম এবং বিপরীতক্রমে পাঠ করিতে হয় বলিয়া ইহাকে মালা পাঠ সংজ্ঞা দেওয়া ইইয়াছে। এই তত্ত্ব নিয়ের গ্লোকে ব্যক্ত হইয়াছে,—

'মালা মালেব পুজ্পাদাং পদাদাং গ্রন্থিনী হিসা। আবর্ত্তৰে অয়ত্তকাং ক্রম-বুংক্রম-সংক্রমাঃ ॥' (৬) শেখাপাঠ :—ইহাকে ইংরাজিকে 'Line Text' বলা হয়। ক্রমপাঠের বিপর্য্যাস ইহাতে দৃষ্ট হয় ; কথনও গুইটি পদ,
শেখাণাঠ
কথনও ডিনটি পদ একত্রে পাঠ করা হয়, ষথাক্রম ও
বিপরীভক্রম উভয়রূপে। আলোচা ধ্বকটির লেখাপাঠ এইরূপ দাঁড়াইবে,—

'অক্সিম্ ঈডে, ঈড়ে অগ্নিম্; অগ্নিম্ ঈড়ে;

ঈড়ে পুরোহিতং যজ্ঞস্ত ; যজ্ঞস্ত পুরোহিতম্ ঈড়ে ;

ঈড়ে প্নরোহিডম্ ; পুরোহিডম্ যজ্ঞস্ত' ইত্যাকারে পঠিও হয়। আক্ষরিক প্রতীক এইরূপ হইবে,—

এক ঘট, ঘট এক, এক ঘট ॥ ঘট ডিন চার ; চার পাঁচ ঘট ;

হুই তিন ; তিন চার, ইত্যাদি।

লেখা পাঠের লক্ষণ নিমে উদ্ধৃত লোকে বলা হইয়াছে,---

'क्रमाम् विजिष्ठपुः-शक्षशमक्रममुमाहरत्रः।

পৃথক্ পৃথক্ বিপর্যন্ত লেখামাতঃ পুন:ক্রমাং ॥'

লেখাপাঠকে রেখাপাঠও বলা হয়।

(৭) শিখাপাঠ :—ইহা জ্ঞটাপাঠের অনুরূপ, কেবল এই পার্থক্য যে
জ্ঞটাপাঠে চুটি করিয়া পদ এক একবাবে উচ্চারিভ হয় ;
শিখাপাঠ
ইহাতে মধ্যে মধ্যে অথবা তৃতীয় চরণে, ষষ্ঠ চরণে, নবম
চরণে তিনটি করিয়া পদ থাকে ৷ যথা,—

'অপ্রিম্ঈড়ে॥ ঈড়ে অপ্রিম্ । অপ্রিম্ঈড়ে পুরোহিতম । ঈড়ে পুরোহিতম । পুরোহিতম ইউড়ে । ঈড়ে পুরোহিতং যজ্ঞা । পুরোহিতং যজ্ঞা । যজ্ঞা পুরোহিতম । পুরোহিতং যজ্ঞা দেবম । । যজ্ঞা দেবম । দেবং যজ্ঞা । যজ্ঞা দেবম্ ঋতিক্ম । ।'

এই প্রকারে পাঠ চলিতে থাকিবে। ইবার পাঠক্রম অক্ষর প্রভীকে বুঝাইতে হইলে এইরূপ দাঁডাইবে,—

'এক সুই । সুই এক । এক সুই ভিন । সুই ভিন । ভিন সুই । সুই ভিন চার । ভিন চার । চার ভিন । ভিন চার পাঁচ । চার পাঁচ । পাঁচ চার । চার পাঁচ ছয় ।'

बहेक्क्म हिन्दि ।

(৮) ধ্রজ্পাঠ.—ইহাতে প্রথমে অবিকল ক্রম পাঠের স্থায় হয়টি পদ জন্তারণ করিয়া ডংপর বিপদীভ ক্রমে সেই হয়টি পদের পাঠ বিহিত; যথা-— অগ্নিন্ ঈড়ে। ঈড়ে পুরোহিতম্। পুরোহিতং যজ্ঞা।
পুরোহিতং যজ্ঞা। ঈড়ে পুরোহিতম্। অগ্নিন্ ঈড়ে।
যজ্ঞা দেবম্। দেবম্ ঋতিজ্ঞা। ঋতিজ্ঞং হোডারম্।
ঋতিজ্ঞং হোডারম। দেবম ঋতিজ্ঞা। যজ্ঞা দেবম।

ইহাতে প্রথম চরণ ঠিক ক্রম পাঠের অনুযায়ী। বিভীয় চরণ তাহার বিপরীত। তৃতীয় চরণ ক্রম পাঠ অনুযায়ী, চতুর্থ চরণ তাহার বিপরীত। এইভাবে ধ্বৰূপাঠের উচ্চারণ ক্রম চলিতে থাকিবে। ইহার আক্ষরিক রূপায়ণ এইরূপ,—

এক গুই, গুই তিন, তিন চার। তিন চার, গুই তিন, এক গুই। চার পাঁচ, পাঁচ ছয়, ছয় সাত। ছয় সাত, পাঁচ ছয়, চার পাঁচ। এই ভাবে চলিতে থাকিবে।

(২) দশুপাঠ:—ইহাতে ক্রম পাঠের ছটি ছটি পদ যথাক্রমে তিন তিনবার উচ্চারিত হয়, কেবল বিতীয়বার বিপরীত ক্রমে পাঠ দশুপাঠ
করিতে হয়, যথা—

'অগ্নিম ঈড়ে। ঈড়ে অগ্নিম্। অগ্নিম ঈড়ে। ঈড়ে পুরোহিতিম্। পুরোহিতম্ ঈড়ে অগ্নিম্।' ইভ্যাকারে পাঠ চলিতে থাকিবে। আক্লবিক রূপ এইভাবে হইবে,— এক হুই॥ হুই এক॥ এক হুই হুই তিন॥ তিন হুই এক॥

দণ্ড পাঠের লক্ষণ নিয়ের স্লোকে নিবন্ধ আছে :---

'ক্রমমুক্তা বিপর্যক্ত পুনশ্চ ক্রমমুক্তরম্। অর্ধচাদেব মুক্তো>্যং ক্রমদক্তো>ভিধীয়তে ॥'

- (২০) র্থপাঠ:—ক্রমপাঠের ধারা এবং তাহার বিপরীত ধারা এই ছুইটি
 নিশ্রিত করিয়া রথপাঠের সৃষ্টি হইয়াছে। রথপাঠ গুই
 রথপাঠ
 প্রকারের হইতে পারে, একটি চরপের একপাদ বা এক
 অংশ ধরিয়া অথবা সমগ্র চরণ ধরিয়া।
 - (i) প্রথম প্রকারটি এইরূপ হটবে :--

সমিধাগ্নিম্ অগ্নিং সমিধা॥ ছাতৈবোধায়েং, বোধায়েং ছাতেঃ সমিধা অগ্নিম্॥ ইহার আক্ষরিক রূপ হইবে,—এক হুই হুই এক। তিন চার, চার তিন, এক হুই॥

(ii) দ্বিতীয় প্রকারটি এইরূপ :--

অগ্নিমৃ ইড়ে যক্ষয় দেবম্ ॥ ইড়ে অগ্নিম্ দেবং যক্ষয় ॥ অগ্নিম্ ইড়ে ইড়ে পুরোহিতম্ ॥ যক্ষয় দেবং দেবম্ ঋতি জম্ ॥ ইহার আক্ষরিক রূপ হইবে— এক গুই চার পাঁচ ॥ গুই এক পাঁচ চার ॥ এক গুই গুই তিন ॥ চার পাঁচ পাঁচ চার ॥

(১১) <u>খনপাঠ</u>:—ইহাতে প্রথম চাবিটি পদ গুইটি গুইটি করিয়া ঠিক জ্বটা পাঠ অনুযায়ী পাঠ করিতে হয়; তংপর তিনটি করিয়া খনপাঠ পদ ধথাক্রমে, বিপরীতক্রমে ও বিপর্যস্তভাবে উচ্চারণ করিতে হয়। যথা,—

> 'অগ্নিম্ঈড়ে। ঈড়ে অগ্নিম্। অগ্নিম্ঈড়ে পুরোহিতম্। পুরোহিতম্ ঈড়ে অগ্নিম্। অগ্নিম্ঈড়ে পুরোহিতম্। ঈড়ে পুরোহিতম্। পুরোহিতম্ঈড়ে। পুরোহিতং যজ্জা। যজ্জায় পুরোহিতম্ঈড়ে। ঈড়ে পুরোহিতং যজ্জায়।…

এই ভাবে চলিবে। পাঠরীতির আক্ষরিক রূপ এই,—

এক হুই। ছুই এক। এক হুই ভিন। ভিনহুই এক। এক হুই ভিন। হুই ভিন। ভিনহুই। হুই ভিনচার। চার ভিনহুই। হুই ভিনচার।ভিন চার। চার ভিন। ভিনচার পাঁচ। পাঁচ চার ভিন। ভিনচার পাঁচ। এই ক্লপচলিতে থাকিবে।

উপরে উল্লিখিত একাদশ প্রকার পাঠকে হুই শ্রেণীতে ভাগ করা হইয়াছে,
—নির্ভুক্ষ এবং প্রত্ন । সংহিতায় যেরপ ভাবে লিপিবদ্ধ বা শ্রুতিগৃত
আছে অবিকল ডক্রপে পাঠ করাকে নির্ভুক্ষ পাঠ করে এবং তাহা হইতে
ব্যতিক্রম হইলেই তাহাকে প্রত্ন পাঠ বলা হয়। অভএব কেবলমাত্র সংহিতা
পাঠই নির্ভুক্তের অন্তর্ভুক্ত, অবশিষ্ট পুদ, ক্রম, ক্লটা, মালা, শিখা, লেখা, প্রক্রে,
দশু, রুথ ও খন নামক দশ প্রকারের পাঠই প্রত্ন পাঠের অন্তর্ভুক্ত হইবে।
মূলের অবিকল পাঠ একমাত্র সংহিতা পাঠেই বহিয়াছে ডক্ষেল্ড উহাই একমাত্র
নির্ভুক্ষ পাঠ বলিয়া গণ্য।

সহস্র বর্ষ পূর্বে যখন এইসকল বিভিন্ন পাঠরীতি সৃষ্টি ইইয়াছিল তখন ছাপাখানা বা মুদ্রপয়স্তও ছিল না এবং নিখন রীভিও প্রচলিত হয় নাই। প্রাচ্য ও প্রতীচ্য অধিকাংশ বিধানের মতে খৃষ্ট পূর্ব অফ্টন শভান্দীর পূর্বে ভারতে লিখন বিলা (Art of writing) ছিল না। চারি সহস্র বর্ষ পূর্বে এতগুলি বেদ-মন্ত্রের এত প্রকার বিভিন্ন পাঠ ও জটিল পাঠ কেবল মুখে মুখে শ্রবণ করিয়া—তদানীতন আর্যগণ ক্রাভিতে যথাযথ ধারণ করিভেন এবং

এইভাবে পূর্বাচার্যধ্রণের মাধ্যমে উত্তর সাধকণণ সমুদ্রভূল্য বিশাল বৈদিক বাল্য অবিকৃতরূপে লাভ করিয়াছেন। যে অলোকসামান্ত অমানবীর প্রতিভাবলে, ঋতজ্ঞরা প্রজায় বৈদিক আচার্যপণ এই বিশাল বেদ শাস্ত্র্ বিভিন্ন পাঠ সহ কণ্ঠস্থ করিয়া অবিকৃত ভাবে রক্ষা করিয়া গিয়াছেন ও প্রক্ষেপাদিদোষ নিবারণার্থ অক্লান্ত সাহয়ত সাধনাবলে ও লোকোত্তরমনীযাসহকারে বেদরকার নানা উপায় উদ্ভাবন করিয়া উত্তর সাধকদিগকে অপরিশোধ্য ঋণে আবদ্ধ করিয়া গিয়াছেন ভাহা চিন্তা করিলে মানব বিশ্বয়ে হতবাক হইবে, সুপ্রাচীন কালের ভারতীয় আর্থগণের মনীযার জয়গানে দিন্ত্র্মণ্ডল মুখরিত হইয়া চিন্তবে।

সংহিতাপাঠ, পদপাঠ, ক্রমপাঠ প্রভৃতি নানা প্রকারের বেদপাঠের ফলব্রুতি ও প্রশংসা শিক্ষাগ্রন্থে দুক্ত হয়। যাজ্ঞবন্ধ্য-শিক্ষায় কয়েকটি শ্লোকে এই সকল বিভিন্ন পাঠের প্রশস্তি করা হইয়াছে,—

বিভিন্ন প্রকারের পাঠের ফল ও প্রশন্তি 'সংহিতানরতে সূর্যপদং চ শশিনঃ পদম্।
ক্রমশ্চ নয়তে সূক্ষং যন্তংপদমনামরম্ ॥
কালিন্দী সংহিতা জ্বেরা পদযুক্তা সরস্বভী।
ক্রমেনাবর্ত্ততে পঙ্গাশভোর্বানীতু নার্ত্তথা ॥
যথা মহাত্তদং প্রাপ্য ক্রিপ্তো লোক্টো বিনশ্বতি।
এবং ভূশ্চরিতং সর্বং বেদে ত্রিবৃত্তি মক্ষতি॥'

সংহিতা, পদ ও ক্রম এই তিন্ প্রকার পাঠের ফল প্রশংসাক্তলে ঋষি বর্ণনা করিতেছেন। সংহিতাপাঠের ছারা স্থালোক, পদপাঠের ছারা চল্রলোক এবং ক্রমপাঠের ছারা স্ক্র অকর লোক লাভ কবা যায়। সংহিতাপাঠ কালিন্দী বা ব্যুৱা হরপ, পদপাঠ সর্বতী হরপ এবং ক্রমপাঠ গলাবরূপ অর্থাং ভন্তংনদীতে রানের কল দান করে; মহাদেবের এই বাক্য কথনও অল্পথা হইবার নহে। মহাহদের গভীর জলে লোক্ট নিক্ষেপ করিলে ডাহা যেমন বিলুপ্ত হয়, ডব্রুপ সংহিতাপদ ক্রমানুযায়ী বেদ পাঠ করিলে সকল পাপ বিধেতি হইয়া যায়। মালুষের যাহাতে প্রবৃত্তি হয় ডক্রলে এইভাবে উপাদের ও পুণ্য কর্মের প্রশংসা বেলাকে, রাক্ষণগ্রহে দৃষ্ট হয়। যাহার প্রশংসা করা হয় ডব্রুপ কর্মের প্রায়ুষের বিষুপ্তা আসে। মীমাংসা-দর্শনের বিবিধ লাহের মধ্যে একটি ছায় 'বং ক্রতে ক্র্যু ক্রিয়াডে ব্য়িক্ষাডে ডিরিবিধ ভাবের মধ্যে একটি ছায় 'বং ক্রতে ক্র্যু ক্রিয়াডে ব্য়িক্ষাডে ডিরিবিধ ভোবের মধ্যে একটি ছায় 'বং ক্রতে ক্র্যুক্তি ক্রা ছয়, ডাহার জনুষ্ঠানের ক্রম্ব প্রশংসা করা হয় ভাহাকে ক্রিবিধ রূপে ছাপ্যম করা হয় ভাহাকে ক্রিবিধ রূপে ছাপ্যম করা হয় ভাহাকে ক্রিবিধ রূপে ছাপ্যম করা হয় ভাহাকে ক্রিবিধ রূপে ভাবের ক্রমণ্য করা হয় ভাহাকে ক্রিবিধ রূপে ছাপ্যম হাপ্যম হয় হাপ্যম হাপ্যম হাপ্যম হাপ্যম হাপ্যম হাপ্যম হাপানির ক্রমণ হয় হয় হাপ্যম হাপ্যম হাপ্যম হাপ্যম হাপ্যম হাপ্যম হাপানির ক্রমণ হাপ্যম হাপ্য

ঘাহার নিন্দা করা হয় ভাহার অনুষ্ঠানের নিষেধ করা হয়; যাহা প্রশংসিড ভাহা বৈধ বা বিহিড, যাহা নিন্দিত, ভাহা নিষিদ্ধ। এই সকল প্রশংসাকে সাধারণতঃ অর্থবাদ বলা হয়। সূর্যলোকপ্রান্তি, চল্রালোকপ্রান্তি, প্রভৃতি প্রশংসার আক্ষরিত অর্থ উদ্দিষ্ট নহে, প্রশংসাদ্ধনে তংপ্রতি বেদাধায়ীকে আকর্ষণ করাই উদ্দেশ্য; এই জাডীয় প্রশংসাকে এইজন্ম অর্থবাদ বলে। বিধিবাক্যের সঙ্গে বিধির প্রশংসাদ্দক যে বাক্য অনুগমন করে ভাহা অর্থবাদ; আক্ষরিক অর্থ ভাহার কক্ষ্য নহে, বিধির স্তুভিব্যাক্ষে বিধির প্রতি অনুষ্ঠাভার চিত্তের আনুকুল্য সম্পাদনই ভাহার মুখ্য উদ্দেশ্য।

সপ্তম পরিচ্ছেদ

বেদের স্থর (Accent) 🗥 🖰

শৌকিক সংস্কৃত হইতে বৈদিক সংস্কৃতের একটি বিশেষ পার্থক্য হইতেছে, লৌকিক সংস্কৃতে স্বরের, Accent এর প্রয়োগ নাই, বৈদিক সংস্কৃতে স্বর একটি বিশেষ স্থান অধিকার করিয়া রহিয়াছে। স্বরের জ্ঞান না থাকিলে কেবল যে বেদ পাঠ অশুদ্ধ হয়, তাহা নহে, অর্থবোধেরও ব্যাঘাত ঘটে। একই শব্দের বর্ণরাশির উপর পৃথক্ পৃথক্ স্বরের প্রয়োগ পৃথক্ পৃথক্ হয়। সাধারণতঃ বেদে তিনটি স্বরের প্রয়োগ দৃষ্ট হয়, উদাত, অনুবাত্ত ও স্বরিত। পাণিনি, এই তিনটি স্বরের ক্ষেণ্ দিয়াছেন,—

উদান্ত—'উচৈক্লদান্তঃ' (Acute or Raised Accent) অনুদান্ত—'নীচৈক্লনুদান্তঃ' (Grave Accent) স্ববিত—'সমাহারঃ স্ববিতঃ' (Circumflex Accent)

উদান্ত অর্থাং বরের উথান এবং তাহার বিপরীত হইল অনুদান্ত, ন উদান্ত আর্থাং বরের যে ছলে উথান নাই। 'উদান্ত ও অনুদান্তের মাঝামাঝি হইল বরিত বর। উদান্ত বর হইতেও সামাক উর্জে উঠিয়া ('উদান্তাদ্পি উদান্তভরা') ক্রমশঃ অনুদান্তের দিকে তার গতি।

বেদমন্ত্রে কয়েকটি চিহ্নের ঘারা এই তিনটি বর প্রদর্শিত হইরাছে। স্ক্-সংহিতার প্রথম ধাক্ দৃষ্টাভয়রূপ প্রদর্শিত হইতেছে,—

'অগ্নিমীড়ে পুরোহিতং বজ্ঞত দেবমুড়িক্সমূ॥ — | হোভারং রজ্বাতমমূ॥' ছই প্রকারের শ্বরচিক্ন সুস্পষ্ট প্রতিভাত হইতেছে। বর্ণের নিয়ের চিক্তওলি বথা—অ, পু, য, ইত্যাদি অনুদাত শ্বরের জ্ঞাপক। বর্ণের উপরের দশুবং

চিহ্ন গুলি যথা—মী, হি, স্ত, ইত্যাদি স্বরিত স্বরের জ্ঞাপক এবং ্য সকল বর্ণে কোনও স্বরের চিহ্ন নাই সেইগুলির স্বর উদান্ত বুকিতে হইবে। উদান্তস্বর-বোধক কোনও চিহ্ন নাই। যেগুলি অনুদান্তগুলহে স্বরিত্ত নহে সেগুলি উদান্ত। বেদে স্বর-প্রযোগের বিধি সম্বন্ধে পানিণি তাঁর ব্যাকরণে সৃত্যারিচনা করিয়াছেন। স্বরের জ্ঞান না থাকিলে বেদমন্ত্রের যথার্থ অর্থ বহুস্থলে প্রতীত হয় না।

'ররো বর্ণোহক্ষরং মাত্রা বিনিয়োগোহর্থ এব চ মত্রং জিজ্ঞাসমানেন বেণিতব্য পদে পদে॥'

বেদমন্তের যথার্থ জ্ঞানের জন্ম স্থর, ২র্ণ, অক্ষর, মাতা বিনিয়োগ এবং অর্থের জ্ঞান পদে পদে আবশ্যক।

ষদি মন্ত্র ব্যাহরণে স্বরের ভাত্তি ঘটে, অর্থ অশুরূপ হইয়া যাইবে;
এমন কি ক্ষেত্র বিশেষে একই পদে স্বর্রেছেদে সম্পূর্ণ পরম্পর্বিরুদ্ধ অর্থ
প্রকাশ করে। যেমন 'ইল্রেল্ড পদটির হুই প্রকার অর্থ হইতে পারে
হুই রকম সমাসভেদে। 'ইল্রেল্ড শক্তু'—'হল্রের শক্তু' ষ্টাভংপুরুষ সমাস
করিলে 'ইল্রের শক্তু' অর্থ হইবে। আবার 'ইল্রে: শক্তুং ষ্ম্যু' ইল্রে যার
শক্ত্র, বছরীহি সমাস করিলে বিপরীত অর্থ হইবে। গৌকিক সংস্কৃতে
কালের স্রোভে স্বর্রিহন পুপ্ত হওয়ায় স্বরহীন (Accentless) 'ইল্রেশক্তু'
শব্দ উচ্চারণ করিলে বুঝিবার উপায় নাই, ইহা—ভংপুরুষ সমাস, না
বছরীহি সমাস; কিন্তু বেদমন্ত্রে স্বর্নিহ্ন থাকায় উচ্চারণ মাত্র বুঝা
যাইবে ইহা কোন্ সমাস হইবে। যদি পদটির আদিতে উদান্ত (আহ্বাদান্ত)
স্বর্ন থাকে ভাষা হইলে বহুরীহি হইবে এবং যদি অন্তে উদান্ত (অন্তোদান্ত)

স্থর থাকে ভাহা হইলে ডংগুরুষ সমাস ২ইবে। এই বরের সহিত অর্থের সম্বন্ধ 'ইব্রুশক্র' শস্টি লইয়া একটি সুক্ষর আখ্যায়িকা আছে;

তাহাতে ব্রের ভূলে কিরণ বিপর্যয় ঘটিতে পারে তাহা দেখান হইয়াছে। ইন্দ্রের প্রতি আফোশবশতঃ বৃত্তাস্থারর পিতা বর প্রার্থনা করিলে তাহাকে প্রতাহ 'ইন্দ্রশক্তবর্দ্ধর' মল্লে যজারিতে আছ্চি দিতে ব্রিলেন। এখানে শক্তর অর্থ ঘাডক এবং ডংপুরুষ সমাস হইবে; অর্থ ছইবে ইন্দ্রের শক্ত অর্থাং ইন্দ্রের ঘাডক বৃদ্ধি প্রাপ্ত ইউক। ডংপুরুষ সমাসের অতে উদাত হইবে। পাণিনি সমাসস্ত (৬-১-২২৩) সূত্রে ইছা বলিয়াছেন। কিন্তু ব্রাসুরের পিতা ভূল করিয়া প্রত্যহ বৃত্তের বলাধান জন্ম আছতি প্রদান কালে 'ইন্দ্রশক্র' পদটির আদিতে উদাত্ত ব্যবহার করিয়াছিলেন। ফলে উহা

ইন্দ্রশক্ত সম্পর্কে আখ্যায়িকা বহুরীহি হইয়া পড়ে এবং অর্থ দাঁড়ায় 'ইন্স দক্র (ঘাতক) যাহার'; তাঁহার এই বিষমভাভি জন্ম ব্যক্তর বলাধান

না হইয়া ইন্সেরই বলাধান হইতে লাগিল. এবং শেষে ইব্রুই বুঅকে বধ করিলেন। স্বরের ভ্রান্তি হইতে কি দারুণ সর্বনাশ খটিডে

পারে এই আখ্যারিকা ডাহার স্থান্ত দুফ্টান্ত। নিরুক্ত গ্রন্থে উদ্ধৃত নিয়ের গোকের এই আখ্যারিকাটির উল্লেখ আছে,—

> 'মজো হীনঃ স্বর্ডো বর্ণতো বা মিখ্যা প্রস্থুকো ন ডমর্থমাহ ॥ স বাগ্বফো যক্ষমানং হিনন্তি যথেক্সকঃ স্বর্ডোহপরাধাং ॥'

অর্থাং মন্ত্র ব্যাহরণে যদি স্বরের বা বর্ণের ক্রাটি ঘটে তাহা হইলে ইলিত অর্থ প্রসব করে না। ক্রাটি যুক্ত মন্ত্রের ব্যাহাতি বজ্র স্বরূপ হইয়া যজ্মানের ক্ষতি দাধন করে যেমন 'ইল্রাল্জ' শক্ষটির স্বরের বিচ্যুতি ঘটায় বুত্র ইল্ল ঘারা নিহত্ত হইয়াছিল এবং মন্ত্রের ফল বিপরীত হইয়াছিল। এই শ্লোকটি ঈষং পরিবর্জিতরূপে পতঞ্চলির মহাভায়েও দৃষ্ট হয়, মাত্র প্রথম চরণটির পাঠ একটু পৃথক। নিরুক্তের প্রথম চরণটি, 'মন্ত্রোহীনঃ স্বরুতো বর্ণতো বা' মহাভায়েও 'হৃষ্টঃ শব্দঃ স্বরুতো বর্ণতো বা' পাঠে পর্যবস্তিত হইয়াছে। কেবল ছন্দোবদ্ধ বা পদ্দমন্থ মন্ত্রেই যে তিন প্রকার স্বরু থাকিত তাহা নহে, যজুর্বেদের গদ্দমন্থ অংশে এবং গল্যে রচিত তৈত্তিরীয় ও শতপথ ব্রাক্ষণ প্রস্তুত্ব স্বরুত্ব পরিবর্ত্তন ইংরাজী ভাষার ব্যেষ
ইংরাজী ভাষাতেও দৃষ্ট হয়। ইংরাজী শব্দে স্বরু বা কিটো দৃষ্টাভ বিশেষ স্থান অধিকার করিয়া রহিয়াছে।
ক্রিটী দৃষ্টাভ দিলে বিষয়টি সরুল হইবেই। যেমন

প্রকৃত্ব বিষয়ত বিশেষ খান আবকার কার্যা রাহ্যাছে।

একটি দৃষ্টান্ত দিলে বিষয়তি সরল হইবে ু। যেমন
ইংরাজীতে 'Conduct' শক্ষটি বিশেষও (Noun) হইতে পারে, আবার
ক্রিয়াপদও (Verb) হইতে পারে। বিশেষ হইলে অর্থ হইবে 'আচরণ',

এবং ক্রিয়া হইলে অর্থ হইবে 'চালনা করা', এখন 'conduct' শক্ষটি কেছ
উচ্চারণ করিলে আমরা কি করিয়া বুঝিব ইহা বিশেষ্যপদ অথবা ক্রিয়াপদ।
ব্রের প্রয়োগেই বুঝিতে পারা যাইবে। বিশেষ্য হইলে শক্ষটির প্রথমাংশে
স্বয়াভিশাভ হইবে Con'-duct অর্থ হইবে আচরণ।

ক্রিয়াপদ হইলে শক্টির শেষাংশে শ্বরাভিষাত হইবে con-duct,—অর্থ হইবে চালনা করা।

সংস্কৃত ভাষায় "তে" শব্দটির দুই প্রকার অর্থ হইতে পারে। যদি 'তদ্' শব্দের প্রথমার বহুবচন হয়, অর্থ হইবে 'তাহারা' আর যদি যুদ্দ শব্দের ষ্ঠীর একবচন হয় অর্থ হইবে 'তোমার'। লৌকিক সংস্কৃতে বর না থাকায় কেহ 'তে' শব্দ উচ্চারণ করিলে কোন্ অর্থটি বক্তার অভিপ্রেত ধরা কঠিন কিন্তু বৈদিক সংস্কৃতে ইহা শ্রবণ মাত্র বলিতে পারা যায় অভিপ্রেত অর্থ কোন্টি। যদি বর্যুক্ত হয় তবে অর্থ হইবে 'তাহারা', যদি বর্যুক্ত (Accented) না হয়, অর্থ হইবে 'তোমার'। এইরূপ 'ভূমন্' শব্দের প্রথমাংশে (first syllable) বরাঘাত হইলে পৃথিবী এবং অভিমাংশে (final syllable) বরাঘাত হইলে অর্থাং প্রাচুর্য।

সংস্কৃতে যেমন একই শব্দ 'ইন্দ্রশক্ত' স্বরের স্থানভেদে ছুইটি বিপরীত অর্থ প্রকাশ করিতে পারে গ্রীক্ ভাষাতেও ভজ্ঞপ বহুশব্দ স্বরের স্থান পরিবর্তনে

সম্পূর্ণ বিপরীত অর্থ প্রকাশ করিতে পারে। গ্রীক্ভাষার, গ্রীক্ভাষার ^{হরের} শুরুত্ব শুরুত্বপূর্ণ। গ্রীক্ "Patroktonos" শুরুটি সম্পূর্ণ

পরস্পর বিরুদ্ধ অর্থ সম্ভব যথা 'পিতৃহন্তা' এবং 'পিতা কর্তৃক হত'; উপাত্তে স্বরাঘাত হইলে 'পিতৃহন্তা' অর্থ হইবে এবং উপাত্তের পূর্বাংশে স্বরাঘাত হইলে অর্থ হইবে 'স্বীয় পিতা কর্তৃক হত'। গ্রীক্ 'Lithobolos' শক্ষটির উপাতাংশে স্বরাঘাত হইলে অর্থ হইবে 'প্রন্তর নিক্ষেপ করা' কিছ উপাত্তের পূর্বাংশে (antepenult) স্বরাঘাত হইলে অর্থ হইবে,—'নিক্ষিপ্ত প্রস্তুর কর্তৃক আহত'।

পাণিনি সূত্রে বলা হই রাছে দুর হইতে কাহাকেও আহ্বান করার সময় প্রভাৱর প্রয়োগ করা হয়। আরও অশ্য কারণ আছে। বৈদিক যজ্ঞের মন্ত্রে প্রয়োগ দেখিতে পাওয়া যায়। যথা অথবযুর্ব যজ্ঞাগ্নিতে আহুতি দানের পূর্বে হোডাকে মন্ত্র শুনাইবার জন্ম 'ও আওবয়' শব্দে অনুরোধ জানান। কথঞিং দুর হইতে অথবযুর্ব হোডাকে এই উক্তি করেন বলিয়া প্রভাৱের প্রয়োগ হইরাছে।

श्रुण्यतः -- श्रुण्यत्ततः श्रासाग त्याम मुखे रतः हव बतवर्ग भौठि-- छ, हे, छ, स, अ अवः मीर्थ बतवर्ग छाठेठि-- छा, मे, छ, स, अ अ, श्रुण्यत्ततः रेविनिको । छाठातान हव बतवर्ग अक्षमाता विभिन्ने अवः मीर्थ बतवर्ग विभावा विभिन्ने । श्रुण्यतः जिनमाताविभिन्ने किक श्रुष्टयः निभिवान

জাত বাতত্ত্ব আক্ষর বা বর্ণ নাই। দীর্ঘধর বোধক স্বরের উত্তর "০" (ডিন) লিখিয়া সেই বর্ণের প্রতত্ব ও বিমাতা বুঝান হয়। ত্রুর স্বরের দীর্ঘ অবস্থা হইল দীর্ঘধর; উহা আরও দীর্ঘ রূপে উচ্চারণ করিলে প্রত হয়। এই জাত প্রতস্থারের তিমাতা। আ০, ঈ০, উ০, ঝ০, এ০, এ০, ও০, ও০ এই সাতটি প্রতস্থার। ব্যস্থান বর্ণের মাতা অর্ধ।

> 'একমাত্রো ভবেদ্ হুস্বো বিমাত্রো দীর্ঘ উচ্যতে ত্রিমাত্রস্ত ভবেং প্লুডো ব্যঞ্জনকার্ধমাত্রকম্।'

হ্রব ব্রের একমাত্রা, দীর্ঘররের গুইমাত্রা, প্র্তের তিনমাত্রা এবং ব্যঞ্জন বর্ণের অর্থমাত্রা। কুক্তৃট বা মোরণের ডাকের সহিত প্রভয়রের তুলনা করা হইয়াছে। মোরণের ডাকের হার গ্রামে গ্রামে চড়িতে থাকে, প্রথমে একমাত্রা ও শেষাংশে তিনমাত্রা প্রতে পরিণত হয়।

মোরগের যতগুলি সংস্কৃত প্রতিশব্দ আছে তন্মধ্যে একটি হইল 'কৃকবাকু'। বেদাঙ্গ নিরুক্ত গ্রন্থে যাস্কাচার্য 'কৃকবাকু' শব্দটিকে ক্কুটের ধ্বনির অনুকৃতি (onomatopoetic) বলিয়াছেন। মোরগের এই প্রতিশব্দটিকে 'কৃ-ক-বা-কৃত' এইভাবে যথাধ্বনি পাঠ করিলে মোরগের ভাকের অনুকৃতি সুস্পইট প্রতীত হইবে। মোরগের ভাক লক্ষ্য করিয়া ইংরাজী 'Cock-a-doodle-doo' কথাটিতেও এই কুকুট ধ্বনির অনুকৃতি সুবাক্ত।

শারীরিক বিকলতা জ্বনিত বেদপাঠের অন্ধিকার :— যথারীতি বেদপাঠ করিতে হইলে জিহ্বা, ওঠ, দত্ত প্রভৃতি বিকলতারহিত হওয়া একান্ত প্রয়োজন, নচেং বিশুদ্ধ উচ্চারণ হইতে পারে না। বিকলেন্দ্রির ব্যক্তি বেদপাঠে অন্ধিকারী। যাজ্ঞবন্ধ্য-শিক্ষায় বলা হইয়াছে,—

'ন করালোন ল্যোচোনাবাকোনানুনাসিকঃ। গদ্গদোবদ্ধজিক্তা নব্ধান্বক্ত্রুমহতি।'

অর্থাৎ, যাঁহার বদন করাল, ওঠ লম্বা, যাঁহার মর অনুনাসিক, কণ্ঠমর গদ্গদ
(জম্পাইট) ও জিহ্নাজড় (তোত্লা) তাঁহার বর্ণোচ্চারণ
বেদপাঠে অন্ধিকারীর
কামনও শুদ্ধ হইতে পারে না বলিয়া তিনি বেদপাঠে
অন্ধিকারী। অধিকারীর লক্ষণ নিয়ের স্লোকে প্রনম্ভ

হইয়াছে,—

"প্রকৃতির্যস্তক্যাণী দক্ষোটো যস্ত শোভনো। প্রগল্ভক বিনীতক স বর্ণান্ বস্তনুমর্হতি।" যাঁহার প্রকৃতি শান্ত, দন্ত ও ওঠ সুগঠিত, যাঁর উচ্চারণ সুস্পফী এবং যাঁর প্রকৃতি বিদ্পাঠি অধিকারীর বিনয়গুণ সম্পন্ন অথবা যিনি সংযমী (বিনীত) ভাদৃশ শারীরিক লক্ষণ ব্যক্তি বেদপাঠে অধিকারী।

শিক্ষাগ্রন্থে পাঠের চতুর্দ্দশ প্রকার দোষ এবং ইয় প্রকার গুণের উল্লেখ আছে। চতুর্দ্দশ প্রকার দোষের তালিকায় যাজ্ঞবক্ষা এই দোষগুলির নাম করিয়াছেন,—অক্ষর সম্বন্ধে শঙ্কা, ভীতি, উচ্চস্তর, অব্যক্ত বা অস্পইট কণ্ঠস্বর,

অনুনাসিকরর, কর্কশকণ্ঠ, মৃর্ব্লিরর অর্থাৎ অভ্যন্ত উচ্চরর, দ্বীতিজ্ঞত বেদপাঠের চতুর্দশদোষ স্থান অফ উচ্চারণ (যথা কণ্ঠরর জিহ্বা হারা, ভালব্যরর দন্তহারা উচ্চারণ), কুরর, বিরস্কণ্ঠ, বিশ্লিষ্ট (এক অক্ষরে অনেক অক্ষরের উচ্চারণ), বিষমরূপে অক্ষরকে আহাত করিয়া উচ্চারণ, ব্যাকুল হইয়া পাঠ ও ভালহীন বা লয়হীন ভাবে পাঠ করা।

পাণিনি শিক্ষায় পাঠের ছয়টি গুণ কীর্তিত হইয়াছে,—

মাধ্যমক্ষরব্যক্তিঃ পদচ্ছেদন্ত সুষরঃ। ধৈর্যং লয়সমর্থঞ্চ যড়েতে পাঠকাঃ গুণাঃ॥

মধুর কঠে পাঠ প্রতি অক্ষরের সুস্পই উচ্চারণ, পদচ্ছেদ করিয়া পাঠ, উদান্ত যথারীতি বেদপাঠের অনুদান্ত ররিতাদি যথাররে পাঠ, থৈর্যের সহিত পাঠ ও হয়টি শুন লয়যুক্ত পাঠ,—এই ছয়টি পাঠের গুণ।

অষ্ট্রম পরিচ্ছেদ

বেদাস

বেদাক ছয়ট,—শিক্ষা, কল্প, নিরুক্ত, ব্যাকরণ, ছন্দ, জ্যোতিষ। এই ছয়ট বেদাককে বেদের ষড়ভক্ষ বা ছয়টি অক বলা হয়। প্রধানের বা অক্সীর ষাহা উপকারক ভাহাকে অক্স বলে। বেদের সংহিতা, ব্রাহ্মণ আরণ্যক ও উপনিষং ষথারীতি পাঠের, ভাহাদের অর্থবোধের এবং বিনিয়োগের সহায়ক এই ছয় বেদাক। অক্সী বেদের শক্ষবোধ, অর্থবোধ, ক্রিয়ার সহিত মল্লের সম্বন্ধ, পাঠের রীতি, প্রভৃতি ব্যাপারে অপরিহার্য বলিয়াই ইহাদের বেদের অক্স আখ্যা দেওয়া ইইয়াছে। এক একটি অক্সের ছারা এক এক প্রকার প্রয়োজন সাধিত হয়। উপনিষ্দ্ গ্রন্থরাজি প্রকাশের পূর্বেই বেদাক প্রকাশিত বা বিরচিত হইয়াছিল কারণ উপনিষ্দে ছয়্প বেদাকর নাম দুক্ত হর।) যথা, প্রসিদ্ধ মৃশুকোপনিষদের স্চনাতেই পরা ও অপরা উভয় প্রকার বিলার উল্লেখ করিয়া অপরা বিলার দৃষ্টান্ত প্রসঙ্গে ঋষি চারি বেদ ও ছয় বেদাঙ্গের নাম করিয়াছেন,—

> 'ভত্তাপরা ঝগ্বেদো যজুর্বেদঃ সামবেদোহথর্ববেদঃ শিক্ষা কল্লোব্যাকরণং নিরুক্তং ছন্দোজ্যোভিষম্।' (১-১)

ঋক্, যজু, সাম, অথর্ব এই চারিটি বেদকে এবং শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছল্প: ও জ্যোডিষ এই ছয় বেদাঙ্গকে অপরা বিদ্যা বিদ্যাবিদ্যাহেন। বেদ এবং বেদাঙ্গকে যে অপরা বিদ্যা বলিয়াছেন। বেদ এবং বেদাঙ্গকে যে অপরা বিদ্যা বলা হইয়াছে তাহা হেয় অর্থে নহে; কেবল শাস্ত্র পাঠ করিলেই শাস্ত্রবেদ্য পরমপুরুষকে লাভ করা যায় না; যদি যাইত তাহা হইলে প্রত্যেক শাস্ত্র-পাঠকারীর ব্রহ্মলাভ হইত। ব্রহ্মদর্শন জন্ম আত্মান একান্ত প্রয়োজন। বেদ, বেদাঙ্গ বা শাস্ত্রপাঠ আত্তিকাবুদ্ধির দৃঢ়তা সম্পাদন করে, ব্রহ্মপ্রতি করাইতে পারে না। এই অর্থে 'অপরা বিদ্যা' বলা হইয়াছে। ছয়টি বেদাঙ্গকে বেদের ছয়টি অঙ্গরূপে পাণিনীয় শিক্ষায় বর্ণনা করা হইয়াছে;—

'দলঃ পাদো তু বেদস্য হস্তো কল্পোহধ পঠাতে।
জ্যোতিষাময়নং চক্ষ্নিক্তং শ্রোত্রমূচ্যতে ।
শিক্ষা আগং তু বেদস্য মূখং ব্যাকরণং স্মৃত্যু।
তন্মাং সাক্ষমধীত্যৈব ব্রহ্মলোকে মহীয়তে ।'
(পাশিনীয় শিক্ষা, ৪১, ৪২)

অর্থাৎ ছন্দ বেদের পদদেশ, কল্প বেদের হস্তযুগল, জ্যোতিষ বেদের চক্ষু,
নিরুক্ত কর্ণ, শিক্ষা নাসিকা, এবং ব্যাকরণ বেদের মুখ। এই ছয়টি অঙ্গ সহ বেদ অধ্যয়ন করিলে ব্রহ্মলোক প্রাপ্তি ঘটে। অঙ্গ ব্যতীত যেমন অঙ্গীর বা শরীরধারীর পরিচয় অসম্ভব তদ্রেপ বেদাঙ্গ ব্যতীত বেদের সম্পূর্ণ পরিচয় সম্ভব নহে।

শিক্ষা;—ছয় বেদাজের মধ্যে শিক্ষাকে প্রথমে স্থান দেওরা ইইয়াছে। যে শাল্পে বেদের বর্ণ, বর, ঝাল্রা, ইত্যাদির যথাযথ উচ্চারণ ও প্রয়োগবিধি লিপিবদ্ধ আছে, ডাহাকে শিক্ষা কহে। ইংরাজিতে শিক্ষাকে phonetics (ধ্বনি বিজ্ঞান) বলা হয়। বর্ণ, বর, মাল্রা, বল, সাম, সভান এই বিষয়গুলির আলোচনা শিক্ষাগ্রছে আছে। প্রভাক বেদের পৃথক পৃথক 'শিক্ষা' আছে। তৈন্তিরীয় শাখার উপনিষ্কাৰে সূচনাতেই 'শিক্ষাং

ব্যাখ্যাম্যামঃ',—'শিকা ব্যাখ্যা করিব' বলা হইরাছে। শিকাগ্রন্থ 'অকার' প্রভৃতিকে স্পর্যারণে বর্ণ বলিয়াছে। 'ক্ খু গু, ঘ, ড' প্রভৃতি যে ক্রমে আমরা ব্যঞ্জন বর্ণ পাঠ করি পাণিনি ব্যাকরণে শিবসূত্তে সেই ক্রম পাওয়া যায় না। পাণিনি ব্যাকরণ অপেকা প্রাচীন ঋকু প্রাডিশাখো এই ক্রম দৃষ্ট হয়। উদান্ত, অনুদান্ত, স্বরিতভেদে তিনটি স্বরের লক্ষণ ও প্রয়োগবিধি শিক্ষায় উক্ত হইয়াছে। "বেদের শ্বর" শীর্ষক পরিচ্ছেদে আমরা শ্বরের বিস্তৃত আলোচনা করিয়াছি। হ্রস্থ, দীর্ঘ ও প্লভ ভিনটি মাত্রার লক্ষণ ও প্রয়োগবিধি শিক্ষায় উপদিই হইরাছে। অল কালে হ্রস্থ, ততোধিক দীর্ঘ এবং গান ও দূর হইতে আহ্বানাদি কেতে অতি দীর্ঘ কালে প্রতমাতা প্রযুক্ত হয়। উচ্চারণস্থান ও প্রয়ত্ন প্রভৃতিও এই বেদাঙ্কের বিষয়। স্বরের ভুল উচ্চারণ জন্ম কিরূপ বিষম বিপত্তি ঘটিতে পারে ভাহাও "বেদের শ্বর" শীর্ষক পরিচ্ছেদে বিস্তুতরূপে প্রদর্শিত হইয়াছে। প্রভাক বেদের পৃথক্ পৃথক্ শিক্ষাগ্রন্থ ছিল কিন্তু অধুনা সকল শিক্ষাগ্রন্থ পাওয়া যায় না। সামবেদের 'নারদ-শিক্ষা', ওকু ষজুর্বেদের 'যাজ্ঞবন্ধ্য শিক্ষা' এবং অথব্বেদের 'মাণ্ডুকীশিক্ষা' উবট ভাস্তসহ প্রকাশিত হইয়াছে। ঋগ্বেদের বিশিষ্ট শিক্ষাগ্রন্থ অদ্যাপি আবিষ্কৃত হয় নাই; পাণিনীয় শিকাকেই ঋগ্বেদের শিক্ষারূপে ধরা হয়।

শিক্ষা নামক বেদাক্ষের সহিত ঘনিষ্ঠরূপে সম্বন্ধ বেদের প্রাডিশাখ্য গ্রন্থের বিষয় পরে আলোচনা করিব।

কল্প :—যাহা ঘারা যজ্ঞাদি কল্পিত, সমর্থিত হয় তাহাকে কল্প বলে। বেদের লাক্ষণ গ্রন্থে যাগ্যজ্ঞাদির বিবরণ বহুবিস্তৃত এবং নানা আগায়িকা জড়িত। তাহার আখ্যায়িকা প্রভৃতি অংশ বাদ দিয়া কেবল যজ্ঞের অনুষ্ঠান প্রক্রিয়াদি লইয়া সূত্রাকারে যে সকল গ্রন্থ রচিত তাহাকেই কল্প সূত্র বা 'কল্প' নামক বেদাঙ্গ বলা হয়। কল্পসূত্রের হুইটি মুখ্য বিভাগ,—শ্রৌতসূত্র ও গৃহ্সপূত্র। লাক্ষণ গ্রন্থে বিহিত ও বিবৃত শ্রৌত যাগের বিধি, নিয়মাদি যে সকল সূত্রে প্রথিত হইয়াছে তাহাদের শ্রোতসূত্র বলা হয় এবং গৃহস্থের করণীয় সংস্কার ও যাগাদি যাহাতে সূত্রাকারে লিপিবদ্ধ আছে তাহাদের গৃহস্তুর বলে। হোম, ইন্টি, পশু ও সোম চতুর্বিধ প্রকৃতি যাগের ও তাহাদের 'অঙ্গ' যাগের বিধান শ্রোতসূত্রে দৃষ্ট হয়। অগ্নিহোরে, দর্শপূর্ণ-মাস, অশ্বমেধ, ও সর্ববিধ পশুষাগ, শ্যোতিষ্টোম প্রভৃতি যাবতীয় শ্রোত যাগ এই চারিপ্রকার প্রকৃতি যাগের অস্তর্গত। গৃহস্থের করণীয় পঞ্চমহাযক্ত এবং গর্ভাধান হইতে প্রেতকৃত্য অবধি সর্ববিধ সংস্কারের বিধান গৃহ্বসূত্রে নিহিত আছে। ক্রন্থক্তর বা বেদ-স্কাথায়,

নুযত্ত বা অভিথিসেবা, দেবযত্ত, পিতৃযক্ত অর্থাং প্রাদ্ধ এবং ভূভযক্ত এই পাঁচটিকে পঞ্চমহাযভ্ত বলে।

প্রত্যেক বেদের পৃথক্ পৃথক্ কল্পসূত্র অর্থাৎ পৃথক্ পৃথক্ প্রোডসূত্র ও গৃহসূত্র আছে। গৃহস্বত্তের সমতৃশ্য তৃতীয় প্রকারের আর এক সূত্রসাহিত্য কল্পস্তের অন্তর্ভুক্তরেপে পরিগণিত হয়। তাহার নাম ধর্মসূত্র। ধর্মসূত্র ধর্মসম্বন্ধীয় এবং ধর্মনিরপেক্ষ উভয়বিধ বিধিনিষেধাদি লিপিনদ্ধ আছে। চতুর্বর্ণ ও চারি আশ্রম সংক্রান্ত বিধি নিয়ম ধর্মসূত্রকারগণ রচনা করিয়া গিয়াছেন।

চারিবেদের বতওলি শাখা ছিল ততওলি শ্রোতসূত্র, গৃহসূত্র, ও ধর্মসূত্র हिन। '(तरमत माथा' भौर्यक পবিচ্ছেদে আমরা দেখাইয়াছি মুপ্রাচীনকালে চারিবেদের শাখার সমষ্টি সংখ্যা একহাজার তিনশত মত ছিল কিন্তু ডাহার অধিকাংশই পৃথিবী হইতে লুপ্ত চইয়াছে । প্রতিশাখার পৃথক্ পৃথক্ শ্রৌতসূত্র গৃহ্বসূত্রাদি ছিল; সুভরাং শাখাও যেরূপ অধিকাংশ লুপ্ত হইয়াছে, তত্তংশাখানিষ্ঠ শ্বোতসূত্র প্রভৃতিও তদ্রপ লুপ্ত হইয়া গিয়াছে। বর্ত্তমানে যে সকল শ্রেভিসূত্র, গৃহাসূত্র ও ধর্মসূত্র পাওয়া যায় নিয়ে ভাগাদের ভালিকা প্ৰদন্ত হইল।

अश्रवम

- (i) (শ্রোতসূত্র ;—আশ্বলায়ন, শাংখ্যায়ন।
 (ii) গৃহ্বসূত্র ;—আশ্বলায়ন, শাংখ্যায়ন,
 (iii) ধর্মসূত্র ;—বিসষ্ঠ (?)

- (i) শ্রেতিসূত্র ;—লাট্যায়ন বা মর্শক অথবা আর্ষেয়কল, দ্রাহায়ন, কৈমিনীয়, (ii) গৃহ্বসূত্র ;— দ্রাহায়ন, গোভিল, লৈমিনীয় খাদির, (iii) ধর্মসূত্র ;—গৌতম,

कृष्णयणु (र्यम

- (i) **্ৰোভসূত্ৰ** ;—বোণায়ন, আপস্তম্ব,মানব, সভ্যাষাঢ় वा हिंद्रगुरक्गो, विधानम,
- (ii) গৃহ্যসূত্র ;—বৌধায়ন, আপত্তম,মানব, হিরণ্যকেশী, ভারহাজ, বারাহ, কাঠক, লৌগাক্ষি, বৈখানস, বাধুল,
- (iii) धर्ममृत ;-मानव, वोशावन, जाभखव, हित्रगारकणी বৈখানস।

তক্লষজ্ববৈদ

- (i) শ্রেতিসূত্র ;—কাড্যাহন, (ii) গৃহ্বসূত্র ;—পারস্কর বা বাজসনেরি, (iii) ধর্মসূত্র ;—শহুলিবিড,

অথর্ববেদ

- (i) শ্রেতিসূত্র;—বৈভান, (ii) গৃহ্বসূত্র;—কৌশিক, (iii) ধর্মসূত্র;—পটিনাসী

এইওলি ব্যতীত ঋগ্বেদের পরতরাম কল্পসূত্র, কৃক্ষযজ্ববিদের বাধুলসূত্র ও আপস্তম্বপরিভাষাসূত্র এবং সামবেদের আর্থেয় কল্পসূত্র মুদ্রিত হইয়াছে। বসিষ্ঠ ধর্মপুত্র অংগ্রেদীয় কিনা ইহা লইয়া পণ্ডিতদের মধ্যে মতভেদ থাকিলেও অধিকাংশের মতে ইহা ঋণ্বেদেরই ধর্মসূত্র। বসিষ্ঠ ধর্মসূত্রের টীকাকার গোবিন্দ-স্থামীও এই মত সমর্থন করিয়াছেন।

কল্পদূত্তের অন্তর্গত এই ডিন প্রকার সূত্র গ্রন্থ ব্যতীত চতুর্থ প্রকারের আর এক সূত্র সাহিত্য দৃষ্ট হয়, ভাহার নাম গুরুসূত্র। বিবিধ প্রকারের যজ্ঞবেদী প্রভৃতি নির্মাণকালে ভূমি পরিমাণ এবং বৃত্তাকার, অর্দ্ধবৃত্তাকার, চতুক্ষোণ, ত্রিকোণাকৃতি প্রভৃতি বিবিধ আকার নির্দ্ধারণ জন্ম যে সকল প্রণালী অবলম্বন করা হইত তাহা শুল্লসূত্রে লিপিবদ্ধ আছে। 'গুল্ল' শন্দের অর্থ পরিমাপজন্ম বাবহাত রজ্জু খণ্ড। বৈদিকমুগে আর্যাগণের জামিতিশাল্লজ্ঞানের নিদর্শনরূপে ভারতীয় বিজ্ঞানের ইতিহাসে শুল্বসূত্তের স্থান শুরুত্পূর্ণ।

দেখা গেল, কল নামক বেদাক বলিতে শ্রোতসূত্র, গৃহাসূত্র, ধর্মসূত্র ও ওলসূত্র বোধা। সকল বেদের কল্পের চারিপ্রকার সূত্রগ্রন্থ পাওয়া যায় না; কোনও কোনও বেদের পাওয়া যায়; যেমন কৃষ্ণযজুর্বেদের চারিপ্রকার সূত্রসাহিত্য পাওয়া যায়। যথা,—বৌধায়ন রচিত শ্রোড, গৃহ্যু, ধর্ম ও ওরসূত্র এবং আপস্তম্ব রচিত এই চারি প্রকার সৃত্তগ্রন্থ। শুকু যজুর্বেদের কাত্যায়ন শুল্পসূত্র মুদ্রিভ হইয়াছে।

শ্রোতসূত্রে বৈদিক যাগনিরভ আর্যদের, ধর্মসূত্রে, ধর্ম, রাক্ট প্রভৃতিনিষ্ঠ नागतिक (Citizens) आर्यामत बदः गृक्षमृत्व गार्श्याखमनामी आर्यामत त्रीषि, নীতি, আচার, ব্যবহার, বিধি নিয়ম প্রভৃতি লিপিবদ্ধ হইবাছে। এই দিক দিয়া বিচার করিলে এই ভিন প্রকারের সূত্রসাহিত্য বা এককথায় সমগ্র কল্পনুষ্ঠ পাত্তীন ভারতীয় সভাভার ভীবনযাত্তার ইভিহাসের অমৃশ্য ও অপরিহার্য আকর।

निकछ ;-- इव विनाक्तत मर्था निक्छ नामक विनाक अक्रकुर्व हान অধিকার করিয়া বহিয়াছে। ইহা যাস্ক নামক ঋষিকর্তৃক রচিড। নির্ নিংশেষরূপে প্রসমূহ যাহাতে উক্ত হইয়াছে ভাহাকে নিরুক্ত বলা হয়। নিরুজ্যের ডিনটি ভাগের নাম যথাক্রমে—নৈহণ্ট্রক কাণ্ড, নৈগম কাণ্ড এবং দৈৰভ কাও। অনুক্ৰমণিকাভায়ে এই তিনটি বিভাগের উল্লেখ আছে,—

'আদং নৈঘণ্ট্ৰকং কাণ্ডং বিভীয়ং নৈগমং ভথা। তৃতীয়ং দৈবতঞ্চেভি সমায়াযন্ত্ৰিখা স্থিভঃ ॥'

এই তিনটি বিভাগকে নিরুক্তের তিনটি কাণ্ড বলা হয়। প্রতি কাণ্ডের করেকটি করিয়া অধ্যায় আছে। নৈখন্ট্র কাণ্ডের পাঁচটি অধ্যায়, নৈগম কাণ্ডের ছয়টি অধ্যায় এবং দৈবত কাণ্ডের ছয়টি অধ্যায়, সর্বসমেত এই সপ্তদশ অধ্যায় নিরুক্ত প্রস্তে আছে।

নৈঘণ্ট্ৰক কাণ্ড বা নিঘণ্ট্ৰ;—প্ৰথম পাঁচ অধ্যাহের নাম নৈঘণ্ট্ৰক কাণ্ড বা সংক্ষেপে নিঘণ্ট্ৰ। ইহাকে শব্দাৰ্থ কাণ্ড বলা যায়। সমানাৰ্থক বা পৰ্যায় শব্দের উপদেশ এই কাণ্ডে আছে।

একই অর্থ নির্দেশকারী অর্থাৎ সমানার্থক পর্যায় শব্দরাশির উপবেশ যে প্রস্থে আছে তালার নাম নিঘল্ট্ । অমরকোষ, বৈজ্ঞরন্তী, হলায়ুধ প্রভৃতি কোষ প্রস্থে এই ভাবেই নিঘল্ট্ শব্দটি ব্যাখ্যা করা হইয়াছে । সমানার্থক শব্দ ও অনেকার্থক শব্দ পৃথকরূপে নিঘল্ট্ডে লিপিবদ্ধ হইয়াছে । নিঘল্ট্র প্রথম কান্ডে যে সকল, পর্যায়শব্দে (Synonyms) সমাবেশ হইয়াছে ভাছার করেকটি দৃষ্টান্ড উল্লেখ করা হইতেছে । পৃথিবাবাচক একুশটি শব্দের ভালিকা আছে, যথা, গো, গ্যা, জন্মা, ক্লা, ক্লা, ক্লমা, ক্লোণী, ক্লিভি, অবনি, উর্বী, পৃথা, মহী, রিপ, অদিতি, ইলা, নিক'ভি, ভু, ভূমি, পৃথা এবং গাড়ু । এইরূপ হর্পের পনেরটি পর্যায়শব্দ, অন্তরিকের যোলটি, রাজির ভেইশটি নাম, দিবসের বারটি, উষার যোলটি নাম,—এইরূপ বছবিষয়ের পর্যায়শব্দ বেদে যেরূপ স্থায়ের সমানার্থক পর্যায়ের সমানার্থক পর্যায়ের সমানার্থক পর্যায় আছে । পর্যায়শব্দ ব্যতীত নিঘল্ট্র চতুর্থ ও পঞ্চম অধ্যায়ে বেদে প্রবৃত্ধ ক্তকগুলি শব্দের ভালিকা দৃষ্ট হয়।

কিংবদন্তী অনুধারী যাস্কাচার্য নিঘণী এবং নিরুক্ত উভর অংশের গ্রন্থকার এবং উভর অংশের সন্মিলিও নাম নিরুক্ত। কিন্ত কোল্ড (Skold), ডাঃ লক্ষণররূপ প্রভৃতি যে সকল প্রাচ্য ও পাশ্চান্ত। মনীষী আঞ্চীবন নিরুক্ত সহক্ষে গবেষণা করিয়াছেন ও গ্রন্থ রচনা করিয়া গিয়াছেন—তাঁহাদের মতে এবং অধিকাংশ পশ্তিতের মতে যাস্ক নৈগম ও দৈবত কাগুলরের গ্রন্থকার; তিনি নিঘণীর গ্রন্থকার নহেন। যাস্ক নিকেও ইহা প্রকারান্তরে বলিয়া গিয়াছেন। নিঘণীর শব্দ ভালিকা সমান্ত হইয়া নৈঘণী ক কাপ্টের প্রারুক্তই যাস্ক বলিতেছেন,—'সমান্নায়ঃ সমান্নতঃ স ব্যাখ্যাত্বান্তামিমং সমান্নায়ঃ নিঘণীক

ইত্যাচক্ষতে'—অর্থাং 'শব্দের তালিকা প্রস্তুত হইরাছে; তাহার ব্যাখ্যা প্রয়োজন; সেই সমায়ায় বা শব্দতালিকাকে নিঘন্ট্র বলা হয়।' যাদ্ধের পূর্বেই 'নিঘন্ট্র' নামক পাঁচটি অধ্যায় অন্যথ্যয় কর্তৃক রচিত হইরাছে এবং তাহার ব্যাখ্যার নাম নিরুক্ত, তাহা যাস্কবিরচিত। এই নিঘন্ট্র যে পরবর্তীকালের অমরকোষ, বৈজয়ন্তী হলায়ুধ, মেদিনীকোষ, প্রভৃতি কোষগ্রন্থেব (Lexicography) উৎস তদবিষয়ে তিলমাত্র সম্পেহ নাই। নৈঘন্ট্রককাণ্ডে যান্ধ নাম, আখ্যাত, নিপাত, শব্দনিত্যত্ব প্রভৃতি ব্যাকরণনিষ্ঠ বিবিধ আলোচনা করিয়াছেন।

নৈগম কাও;—'নিগম' শব্দের অর্থ বেদ। যাস্ক স্থানে স্থানে বেদ অর্থে নিগমশব্দের ব্যবহার করিয়াছেন। যথা 'ইডাপি নিগমো ভবতি' কথাটি করেকবারই প্রয়োগ করিয়াছেন। ভাহাব অর্থ 'বেদে এইরূপ আছে।' অভএব বেদে যে সকল শব্দের প্রয়োগ আছে তাহার অধিকাংশ নৈগম নামক ছিতীয় কাণ্ডে নির্ণীত হইয়াছে। সেই সকল শব্দের বুংপত্তি (Etymology) ও অর্থ, দৃষ্টান্ত ও মন্ত্রের বা মন্ত্রাংশের উদ্ধৃতিসহ ব্যাখ্যাত হইয়াছে। নিখ্ট ুমধ্যে একার্থবাচক অনেক শব্দের (Synonyms) যেমন উল্লেখ আছে তেমনই অনেকার্থবাচক একশব্দের (Homonyms) তালিকাও সন্নিবিফ হইয়াছে। যাস্ক নৈখন্ট্রক কাণ্ডে প্রথম শ্রেণীর শব্দগুলির এবং নৈগমকাণ্ডের প্রারংছ বিডীয় শ্রেণীর শব্দগুলির ব্যুংপত্তি ও প্রয়োগ আলোচনা করিয়াছেন। সেই मक्रित প্রয়োগ দর্শনার্থ বেদমন্ত্রের উল্লেখ করিয়াছেন এবং কেবল সেই শৰুওলি নহে, উদ্ধৃত বেদমন্ত্ৰে অকাক যে সকল শৰু আছে তাহাদেরও বুংংপত্তি अवर अर्थ निर्दम कविशास्त्रन। अकि छेमाञ्चन निरम विषशि भविष्ठांत्र इहेट्य । निष्के द्वा मक्का निकाय 'कहा' नक्षि कारक, अर्थ 'क्यान' अर्थार वंश कतिशादिन । अरे मन्ति विद्याशा श्रमक निगम कार्श्वत श्रथम अशादि ষাস্ক একটি বেদমন্ত্র উদ্ধার করিয়াছেন,---

> 'কোনুমৰ্যা অমিথিতঃ সধা সধারমত্রবীং। জহা কো অম্মদীষতে।'

এই মন্ত্রের কেবল 'জহা' পদটি নহে, মর্যা, অমিথিতঃ ঈষতে প্রভৃতি শব্দেরও বুংপত্তি ও অর্থ নির্দেশ করিয়াছেন। প্রীফ্টপূর্ব এক হাজার কালে রচিড নিরুজের এই নৈগমকাও যে ইদানীন্তন ভাষাতত্ত্বের (philology) প্রথম নিদর্শন এই সভ্য কি প্রাচ্য কি প্রতীচ্য সকল দেশের সংস্কৃতক্ত বিশ্বংসমাজ ক্ষুট কঠে বীকার করিয়াছেন।

দৈবত কাও ;--- নিরুক্তের তৃতীয় কাণ্ডের নাম দৈবতকাও। এই কাণ্ডে যাস্ক দেবতাতত্ত্বের বিস্তৃত বিচার করিয়াছেন। ভুলোক, অন্তরীক্ষ ও *ত্যুলোক*ন্তেদে দেবতাদের তিনটি শ্রেণী করিয়া প্রতি দেবতাদের নিবাসস্থান, বিশেষ বিশেষ লক্ষণ ও কার্য, রূপের বর্ণনা, কোন্ দেবভার মন্ত্র কোন্ ছন্দে রচিত ইভ্যাদি বিল্লেষণ করিয়া দেখাইয়াছেন। সমস্ত নিরুক্ত গ্রন্থটি বিশেষ করিয়া দৈবভ কাণ্ডটি অধ্যয়ন করিলে বৈদিকমূগের খাষির ঋতম্ভরা প্রজ্ঞা ও অম্ভূত গবেষণা-শক্তির পরিচয় পাওয়া যায়। দেবভাদের মধ্যে অগ্নি পৃথিবীতে বিরাজ করেন এবং আমাদের নিকটভম, সুর্য ছালোকে বিরাজ করেন এবং দ্রভম। এই অগ্নি ও সুর্যের মধ্যে সকল দেবতা সল্লিহিত। ভূলোকের প্রধান দেবতা অগ্নি, অন্তরীক্ষ লোকের প্রধান দেবতা বায়ু বা ইক্স এবং হ্যালোকের বা ব্যোমের প্রধান দেবতা সূর্য বা আদিত্য। এই দেবতাত্তম পরস্পর স্বতন্ত্র নহে, তাহারা একই মহান্ আত্মার অর্থাৎ পরমাত্মার অংশ বিশেষ। যাস্ক বলিভেছেন,— 'দেবভায়া এক আত্মা বহুধা ভূষতে; একস্যাত্মনোহক্তে দেবাঃ প্রভাঙ্গানি ভবন্তি' (দৈবত কাশ্ত ৭-৪) 'দেবতাদের একআত্মা বছরূপে (বছনামে) কীর্ত্তিত হয়; একই আত্মার প্রত্যঙ্গররূপ ভিন্ন ভিন্ন দেবতা।' দেবতাগণের আকার আছে কিনা, তাঁহার সাকার না নিরাকার তাহাও যাস্ক বিচার করিয়া দেখাইয়াছেন যে কোন কোন মল্লে সাকারক্রপে বর্ণনা,—কোনও কোনও স্থলে নিরাকার বর্ণনা,—আবার মন্ত্রবিশেষে উভয় প্রকার বর্ণনা দৃষ্ট হয়।

বেদোক্ত দেবতাগণ প্রাকৃতিক এক একটি প্রপঞ্চ মাত্র (Natural Phenomenon) যেমন মরুৎ কঞ্জার প্রতীক, রুদ্র ব্রম্ভের প্রতীক, মিত্র দিবাকালীন সূর্য, বরুণ নিশাকালীন সূর্য, 'অপাং নপাং' বিহাতের প্রতীক ইত্যাদি।

অনেকে মনে করেন এই জাতীয় ব্যাখ্যা পাশ্চান্ত্য পশুতগণট সর্বপ্রথম করিয়াছেন এবং কেহ কেহ এই ব্যাখ্যাকে অসক্ষতও বলিয়াছেন। কিছ পাশ্চান্ত্য বিষংকৃলের জন্মের ছিসহস্রবর্ষপূর্বে যাস্কাচার্য বৈদিক দেবতা ও অসুরের এইরূপ প্রাকৃতিক নিয়মনিষ্ঠ ব্যাখ্যা করিয়া গিয়াছেন। দৈবত কাঙেই ক্র কর্তৃক বৃত্ত নামক অসুরের নিধনবার্তা উল্লেখ করিয়া তিনি বলিতেছেন,—

'তং কো বৃত্তঃ ? মেঘ ইতি নৈক্ষণাঃ। ছাস্ট্রোহসুর ইত্যৈতিহাসিকাঃ।
অপাং চ জ্যোতিষণ্ট মিশ্রীভাবোকর্মণো বর্ষকর্ম ক্ষায়তে। তত্তোপমার্থেন
বৃদ্ধবর্ণা ভবন্তি' অর্থাং—'কে এই বৃত্তঃ আমরা নিক্ষক্ষকারগণ বলি এই বৃত্ত মেঘ ছাড়া আর কিছুই নছে। ঐতিহাসিকগণ বলেন ছফা নামক অস্বের পুত্ত এই বৃত্ত। (আমরা মেঘ বলি কারণ) বৃদ্ধা বিহাং ও ক্ষানের সংমিশ্রণে কৃষ্টি হয়। বজ্বের হংকার, বিহাতের শাণিত ঝলক ও জলের বর্ষণ সব মিশিয়া যুদ্ধের মঙন দেখার তজ্জ্ব ইক্স বৃত্তকে বধ করিতেছেন এইভাবে রূপক বর্ণনা করা হইরাছে।

বহু বৈজ্ঞানিক তথ্যের উল্লেখন্ত নিরুক্ত গ্রন্থে দৃষ্ট হয়। অন্তর্গান্দের বিহাংক্ষনিত অগ্নি এবং পার্থিব অগ্নির পার্থক্য দেখাইতে গিরা—যাস্ক বিলয়াছেন, যে বিহাংক্ষনিত অগ্নি—'উদকেশ্বনঃ শরীরোপশমনঃ' (নি ৭-২৩) অর্থাং বিহাং অগ্নি কল হইতে ক্ষাভ এবং যখন সেই বিহাং পৃথিবীতে কোন ছুল বস্তুর (শরীরের) উপর পতিত হয় তখন নির্বাপিত হয় কিন্তু পার্থিব অগ্নির ধর্ম ঠিক ইহার বিপরীত; তাহা 'উদকোপশমনঃ শরীর-নীপ্তঃ' অর্থাং পার্থিব অগ্নি কার্হাদি (শরীর) ভূত-প্রপঞ্চকে আশ্রয় করিয়াদীপ্ত হয় কিন্তু কল পভিলেই নির্বাপিত হয়। Convex lense-এর উল্লেখণ্ড দেবতাকাণ্ডে অগ্নির হরপ আলোচনায় দৃষ্ট হয়। 'ঐরপ মণি (কাচমণি) সুর্যের প্রতিমুখে ধরিয়া রাখিলে সুর্যরশ্যি তাহার মাধ্যমে তীক্ষীকৃত হইয়া ভঙ্ক গোমষাদির উপর পড়িয়া তাহা প্রক্ষলিত করে' (৭-২৩); তদানীভন সৌরবিজ্ঞানের উল্লেখণ্ড পাণ্ডয়া যায়। একস্থানে সুর্য ও চন্ত্র সহল্পে আলোচনা প্রসক্রে উক্ত হইয়াছে,—'অথাপ্যবৈত্যকা রিশ্বিক্তন্তমসং প্রতি দীপ্যতে… আদিত্যাহ্য দীপ্তর্জবিত।' অর্থাং 'সুর্যেরই তেক্ষের একাংশ চন্দ্রমানে প্রদীপ্ত করে। চল্লের যে দীপ্তি তাহা প্রকৃতপক্ষে সুর্যেরই দীপ্তি।'

ব্যাকরণ

বেদ বৃষিবার জন্ম ব্যাকরণ নামক বেদাঙ্গের প্রয়োজন যে কিরুপ গুরুত্বপূর্ণ ভাহা ব্যাখ্যা করিয়া বৃষাইতে যাওয়া বাছ্ল্য মাত্র। যেমন বোন দেশের বা লাভির সাহিত্য ও ভাষা অনুশীলন করিতে হইলে প্রথমেই সেই ভাষার ব্যাকরণের জ্ঞান একান্ড আবশ্রক ও অপরিহার্য তদ্রণ বেদ অধ্যয়ন করিতে হইলে ভাহার ব্যাকরণের জ্ঞান প্রথমেই আয়ন্ত করিতে হইবে। প্রকৃতি, প্রত্যায়, সন্ধি, সমাস, শব্দরপ, থাতৃরূপ প্রভৃতি ভাষার বিভিন্ন ব্যাকরণঘটিত বিষয়ের জ্ঞান না থাকিলে কখনও কেহু সেই ভাষা আয়ন্ত করিতে পারে না, অভএব সেই ভাষায় রচিত গ্রহাণিও ভাহার হুরায়ন্ত হইবে। বেদের বড়ঙ্গের মধ্যে অমেকে ব্যাকরণকেই প্রধান বলিয়াহেন; 'বড়ঙ্গের পুনর্যাকরণং প্রথমিন্দ্ বাকরণকে বেদের মুখ বলা হইয়াছে; 'মুখং ব্যাকরণং শ্রতম্ ।' 'ব্যাকরণং বৈ মুখং বেদানাম্।' প্রধানকে আয়ন্ত

করিতে পারিলে প্রধানের অক্তালি সহক্ষেই আরত হয় কিন্ত প্রধানকে উপেকা করিয়া অক্তালি আয়ত্ত করার জন্ম যতু করিলে তাহা সকল হয় না। প্রধানকে আয়ত্ত করার যতু করিতে প্রয়াস পাইলে সকল হওয়া যায়; 'প্রধানে চ কৃতো যতুঃ কলবান ভবতি।'

'ব্যাকরণ' শব্দের অর্থ ব্যাকৃত করা, খুলিয়া দেওয়া, ছাড়াইয়া দেওয়া। যাহাকে খুলিয়া দেওয়া হর নাই, যাহা অথও রহিয়াছে তাহাকে 'অব্যাকৃত' বলে এবং যাহাকে খুলিয়া দেওয়া ইইয়াছে অথওরপটি ভাঙ্গিরা থও করা ইয়াছে তাহাকে 'ব্যাকৃত' বলে। যথা,— 'রামঃ' পদটি অব্যাকৃত, যথন ইহাকে বুঝাইবার জন্ম এই অথওরপটি প্রকৃতি প্রভায় ভাঙ্গিয়া 'রাম সৃ' (প্রথমা একবচন) রূপে বুঝান হইল তথন ব্যাকৃত হইল; যাহার সাহায়ে ব্যাকৃত করা হয় তাহা ব্যাকরণ।

কৃষ্ণযজুর্বেদে বলা আছে, অখণ্ড অব্যাকৃত শব্দকে ইন্দ্র ব্যাকৃত করিয়াছেন।
'বাগ্ বৈ পরাচাব্যাকৃতা আসীং, তে দেবা ইন্দ্রমনৃক্রবরিয়াং নো বাচং ব্যাকৃক,
ইতি' (৬-৪-৭-৩), অর্থাং প্রথমে বাক্ অপ্রতাক্ষ ও অথণ্ড অব্যাকৃত ছিল;
দেবতাগণ ইন্দ্রকে বলিলেন, 'আপনি এই অথণ্ড অব্যাকৃত বাককে ব্যাকৃত
করুন।' 'তামিন্দ্রো মধ্যতোহবক্রমা ব্যাকরোং। তত্মাদিরং ব্যাকৃতা বাঞ্জতে'
(৬-৪-৭-৩) ইন্দ্র সেই অব্যাকৃত বাকের অথণ্ড শব্দের মধ্যভাগ বিচ্ছির করিয়া
ভাহাকে ব্যাকৃত করিলেন; ভজ্জত ইহাকে ব্যাকৃতা বাক্ বলা হয়। ভর্তৃহরি
মর্বিত 'বাক্যপদীয়' নামক ব্যাকরণদর্শন বিষয়ক শব্দশান্তের উভম কোটির
প্রছে বলিয়াছেন যে অথণ্ড পরমরক্র যেমন নামরূপে বিবর্ত্তিত অর্থাং থণ্ড থণ্ড
প্রপঞ্জ থণ্ড ব্যাকৃত শব্দরাজি।

তিনি ব্যাকরণকে অপবর্গের ছার অর্থাৎ মোক্ষণাডের সাধন বলিয়াছেন এবং বিদ্যাস্থানের মধ্যে অতি পবিত্র বাঙ্মলের বা শব্দদাষের চিকিংস্করূপে বর্ণনা করিয়াছেন,—

> 'ভদ্ৰারমপবর্গস্য বাঙ্মেলানাং চিকিংসিভম্। সর্ববিদ্যাপবিজ্ঞাহরমধিবিদ্যং প্রকাশতে ॥'

সংহিতা, ত্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ্, দর্শন, পুরাণাদি, মোক্ষমূলক ধর্মগ্রন্থ, অধ্যয়ন ও উপলব্ধিকর ব্যাকরণশাস্ত্রের জ্ঞান অপরিহার্য, অভএব পরস্পরাক্রমে ব্যাকরণ শাস্ত্রও মোক্ষপ্রাপক।

(वनाक्षकरण वर्षमात्न भागिनि बिष्क वाकित्वर भाश्वा यातः। वाजरम्ब

রচিত 'ব্যাকরণার্ণব' বা মহেশ্বর রচিত 'মাহেশ' প্রভৃতি পাণিনির পূর্বে বিরচিত করেকটি অতি প্রাচীন ব্যাকরণের নাম কিংবদন্তীতে জানা যায় কিন্তু আজ পর্যন্ত সেই সকল ব্যাকরণ পৃথিবীতে দৃষ্ট হয় নাই। পাণিনি ব্যাতীত কলাপ, মৃগ্ধবোধ, সারহাত, রত্নমালা, প্রভৃতি ব্যাকরণে বৈদিক বা বেদশাস্ত্র সম্বন্ধীয় ব্যাকরণের আলোচনা নাই; একমাত্র পাণিনির ব্যাকরণেই বৈদিক ব্যাকরণের আলোচনা দৃষ্ট হয়। বৈদিক ও লোকিক উভয়বিধ সংস্কৃতভাষার ব্যাকরণঘটিত সূত্র পাণিনি রচনা করিয়া গিয়াছেন। পাণিনির স্ত্রাশির উপর পরবর্তীকালে বরক্ষচি বার্ত্তিক রচনা করিয়া গিয়াছেন এবং মহর্ষি পত্তঞ্জলি খৃষ্টাব্দ দিতীয় শতাক্ষাতে বিশদ ও বিশাল ভাষ্ণ রচনা করিয়াহেন। পতঞ্জলির ভাষ্যকে গান্তীর্য ও বিশালভার জন্ম মহাভাষ্য বলা হয়। ব্যাকরণশাস্ত্রের প্রয়োজন বুঝাইবার জন্ম বরক্ষচি একটি বার্ত্তিকে বলিয়াছেন,—

'রকোহাগমলব সন্দেহাঃ প্রয়োজনম্' অর্থাৎ রক্ষা, উহ, আগম, লঘুড় ও অসন্দেহ এই পাঁচটির জন্ম ব্যাকরণ শাস্ত্রের প্রয়োজন। মহামতি পতঞাল মহাভাষ্টের পম্পানামক বৈদ্য্যাপূর্ণ ভূমিকায় এই বার্তিকের ব্যাখ্যা প্রসক্ষে এই পাঁচটি প্রয়োজন দৃষ্টান্তসহ প্রাঞ্জভাবে নিয়লিখিত প্রকারে বুঝাইয়া দিয়াছেন;—

রকা;—বেদের রকার জন্ম ব্যাকরণের প্রয়োজন। 'রকার্থং বেদানামধ্যেরং ব্যাকরণম' (মহাভাষ্ম্ ১-৯-৯)। প্রকৃতি, প্রত্যন্ত, সদ্ধি, সমাস, লোপ আগম বর্ণের বিকার, তদ্ধিত, প্রভৃতি যে না জানে সে বেদ অধ্যয়ন করিতে বা বুকিতে পারিবে না।

উহ;—যাহা স্পন্ট ভাষার কথিত হয় নাই, যাহা মনে মনে উহ অর্থাৎ
বিচার করিয়া ঠিক্ করিয়া লইতে হয় ভাহাকে উহ বলে। যাহা উছ
(understood) ভাহা নিজে বিচার করিয়া ঠিক করিয়া লইতে হয়৷ বেদের
মল্লের পদগুলিতে কোনও একটি লিঙ্গ, কোনও একটি বচন ও পুরুষ ব্যবহৃত
হইয়াছে। লিঙ্গভেদে, বচনভেদে ও পুরুষভেদে সেই সেই পদের যে
ভিন্ন ভিন্ন রূপ হইবে ভাহা বেদে উক্ত হয় নাই। যজে বিনিয়োগ কালে
বখন কোনও মল্লের পদের রূপান্তর সাধনের প্রয়োজন হয় ভখন নিজেই
ভাহা মনে বিভর্ক বা বিচার (উহ) করিয়া ঠিক করিয়া লইতে হয়৷ ব্যাকরণের
ভান না থাকিলে কেছ মল্লগত পদের রূপান্তর করিতে পারিবে না। মূল
মঞ্জকে প্রকৃতি যাগ বলে এবং ভাহার সহকারী যাগকে বিকৃতিযাগ বা

অক্যাপ বলে। এমন অনেক মন্ত্ৰ আছে যাহার কোনও কোনও পদ প্রকৃতি यात्म बक्कम, विकृषि यात्म खन्न क्रम श्राद्रम करतः । अत्मन्न वा वहरमञ् পরিবর্তন ঘটে যেমন কোনও একটি প্রকৃতি যাগে একটি পশু আহতির প্রয়োজন হয়। সেই পশুকে লক্ষ্য করিয়া মন্ত্র উচ্চারিত হয়,—'অস্থেনং মাতা মন্ত্ৰামনুপিতানুভাতা' ইত্যাদি (ঐতৱেম ব্ৰাহ্মণ ৬-৬ ; তৈত্তিরীয় ৰাহ্মণ ৩-৬-৬-১) অৰ্থাৎ এই পণ্ডৱ মাতা, পিতা ও ভাতা এই পণ্ডটিকে ৰধ করার অনুমতি দিন। বিকৃতিযাগে কখনও চুইটি পভ, কখনও ব**ছ পভর** প্রয়োজন হয়। ১ইটি পশু হইলে প্রকৃতিযাগে উচ্চারিত মল্লের 'এনম্' (ইহাকে) পদটিকে দ্বিবচনান্তরূপে বিকৃতিযাগে পাঠ করিতে হইবে এবং মন্ত্রটি 'অরেনৌ মাতামশুভামনুপিতা অনুভাতা' এইরূপ দাঁড়াইবে। বহু পভ হইলে 'এনম্' পদটির বছবচনের রূপ প্রয়োগ করিতে হইবে, যথা— 'অল্বেনান্ মাতা মন্ততামনুপিতা অনুভাতা। কেবল 'এনম্' শৰ্কটির বিকৃতি যাগে কোথাও বিবচন কোথাও বছবচন রূপ হইডেচে কিছু মাতৃ বা পিতৃ শব্দ একবচনান্ত রহিয়া যাইডেছে, তাহাদের বিপরিণাম রা রূপান্তর হইতেছে না কারণ আহ্মণ গ্রন্থে ঐ স্থলে স্পফ্ট নির্দেশ আছে 'ন মাতা বর্দ্ধতে ন পিডা'; মাতৃ বা পিতৃ শক্তের ৰুদ্ধি অর্থাৎ বিবচন বা বছবচন হইবে না। যাছার ব্যাকরণের জ্ঞান নাই সে মন্ত্রগত পদের এইরূপ দ্বিচন, বহুবচন, প্রভৃতি রূপান্তর করিতে পারিবে না। এই বিপরিণাম বা রূপান্তর করাকে উচ্ বলে; এতজ্জুল ব্যাকরণ শাস্ত্রের অধ্যয়ন ও জ্ঞানের একান্ত প্রয়োজন।

আগম ;—আগমের জগও ব্যাকরণ শাস্ত্রের একান্ত প্রয়োজন। কোনও কারণ বা প্রয়োজন থাকুক বা নাই থাকুক বাধ্যতামূলকরূপে রাহ্মণের ছয়ট অঙ্গ সহ বেদ অধ্যয়ন করিতে ও জানিতে হইবে,—'রাহ্মণেন নির্মারণো ধর্মঃ হড়জো বেদোহধ্যেয়ো জ্ঞেরশ্ট'। ছয়টি বেদাঙ্গের মধ্যে ব্যাকরণের প্রাধান্ত সকলেই স্বীকার করিয়াছেন। প্রধানকে আয়ন্ত করিবার জগ্ম প্রয়াস পাইলে ভাহার অক্তানিও সুথায়ন্ত হয়।

লম্ব ;—লম্ব অর্থাৎ সংক্ষেপ। সংক্ষেপে সহক্ষ উপায়ে ভাষার আন আহরণের জন্ম বাকরণ শাল্পের প্রয়েজন। পূর্ব পূর্ব মূপে যখন মানুষের পরমায়ু সহল্ল সহল্ল বংসর ছিল তখন অতি বিস্তৃত ভাবে শব্দশাল্পের অধ্যয়ন সন্তব ছিল। কথিত আছে দেবগুরু বৃহস্পতির নিকট দেবরাজ ইল্ল দিব্য সহল্লবর্ষ ব্যাকরণ শাল্প অধ্যয়ন করিছাছিলেন। মানুষের ঘটহাজার বংসর দেবভাদের মাল্ল একবর্ষ কাল্পরণে গণ্য; ভাহাকে দিব্য বর্ষ বা দিব্য একবর্ষ বলে। এই দিবা বর্ষ সহস্র অর্থাং দেবতাদের একহাজ্বার বংসর ধরিয়া বৃহস্পতি প্রতিপদের শব্দশাস্ত্র বিশদ্ রূপে ইন্দ্রকে উপদেশ করিয়াও শেষ করিতে পারেন নাই। বৃহস্পতির ক্যায় সর্বশাস্ত্রনিফ্ষাত আচার্য ও ইন্দ্রের ক্যায় কুশাগ্রবৃদ্ধি শিষ্টের জন্মই যদি দিবা বর্ষসহস্রের প্রয়োজন হয় তাহা হইলে শতায়ু বা স্বলায়ু কলিয়ুণের মানবের পক্ষে বিশাল শব্দশাস্ত্র অধঃয়ন করিবার চিস্তা করাও বাতুলভামাত্র। এই জন্মই প্রাতঃম্মরণীয় মহর্ষি পাণিনি শব্দ শাস্ত্রের গাস্ভীর্য, অতিবিস্তার, এবং কলির মানবের স্বল্লায়ুকাল চিন্তা করিয়া অতি সংক্ষেপে শব্দশাস্ত্রের উপদেশ করিয়া গিয়াছেন। এই লঘুতা বা সংক্ষেপের জন্ম ব্যাকরণের প্রয়োজন।

অসন্দেহ—অসন্দেহার্থ বা সন্দেহনিরসন জন্মও ব্যাকরণের জ্ঞান প্রয়োজন। मीर्य ममामवद्भगरम यथन व्यत्नकश्चिम विरामश ७ बक्छि विरामयण श्रयुक्त रयः, বিশেষণটি কোন বিশেষ্যকে লক্ষ্য করিয়া প্রয়োগ করা হইয়াছে অনেক সময় मत्मर कार्ता। यथा, जिल्ला ७ वद्भाग (नवछात छे फिक्ट यार्ग वक्का नाडी বলিদান প্রসঙ্গে উক্ত হইয়াছে,—'সুলপৃষ্ডামাগ্লিবারুণীমনডুাহীমালভেড' অর্থাৎ অগ্নি ও বরুণ দেবভার উদ্দেশে স্থল পৃষ্ডা—অনডাুহী বলি দিবে। 'পৃষতা' শব্দের অর্থ চিত্রিড, চিত্রমূগের গ্রায় ফুট্কা ফুট্কা চিহ্নমুক্ত, অনডাহী বন্ধ্যাগাভী: 'সুল' শক্টি পৃষ্তীর বিশেষণ অথবা অন্জাহীর বিশেষণ এই বিষয়ে মনে সন্দেহ জাগে—। ফুট্কাচিহ্নগুল ভুল অথবা গাভীটিই ভুল— বক্তার তাংপর্য কি সুম্পন্ট ধরিতে পার। যায় না। বা।করণে বেদের শ্বরের প্রয়োগের উপদেশ আছে এবং সেই শ্বরপ্রয়োগের জ্ঞান যাহার আছে সে সহজেই অর্থ ধরিতে পারিবে। যদি 'সুলপৃষতী' পদটির অভে উদান্তহর থাকে তবে কর্মবারয় সমাস হইবে, 'স্থুলা চার্সো পৃষ্ডীচ' অর্থাৎ পাভীটি সুল এবং চিত্রিত এই অর্থ হইবে। যদি সমাসঘটক পদগুলির পূর্বপদের প্রকৃতিরর হয় ভাষা ইইলে বছরাহি সমাস হইবে এবং ব্যাসবাক্য দাঁড়াইবে 'স্থুলানি পৃষত্তি ষদ্যাঃ' অর্থাৎ ষাহার গায়ের ফুট্কীচিহ্নগুলি বড় বড়। অভএব (मधा (शम वाक्रित कान वात्मत आहि (म अर्थ धांत्र ए भातित ; अरेवशा-করণ পারিবে না। এই প্রসঙ্গে ইহা লক্ষ্য করিবার বিষয় যে লৌকিক সংস্কৃতে ब्राइड श्राह्म मुख रुख्याय रेविषक मश्क्राख्य ग्राह्म वर्थ मृन्त्रके रुप्त ना, मान्त्रर थांकिया यात्र । (यमन--'मुक्तद्र गिल्डनयूनः १४७', मुक्तद्र गिल्डनयून (४४ ७३ সমাসে 'সুক্ষর' শব্দটি শিশুর বিশেষণ অথবা নহনের বিশেষণ বলা কঠিন। ব্যার ভাংপর্য আনিতে পারিলে বা প্রকৃত ছল (context) আনিলে বলিতে

পারা যায়; কিন্তু বৈদিক সংস্কৃতে প্রকৃতস্থপ ন। দেখিয়া বক্তার তাংপর্য: না জানিয়াও শক্টির উচ্চারণ মাত্র শ্বরাঘাত শ্রবণে অর্থ নির্বয় করা হায়।

বাকেরণশাস্ত্রের এই পাঁচটি মুখ্য প্রয়েজন ব্যতীত অকার প্রয়োজনের কথাও মহাভাক্সকার পতঞ্চলি উল্লেখ করিয়ছিল। শিষ্ট ব্যক্তির কমনো মেচ্ছেভাষা বা অপশব্দ প্রয়োগ করা উচিত নহে। বিদ্ধান্ বা প্রাহ্মণ কমনও দেবভাষাকে অশুদ্ধভাবে মেচ্ছেদের কায় উচ্চারণ করিবেন না, অপভাষা বাহুহার করিবেন না—'প্রাহ্মণেন ন মেচ্ছিভ্বৈ নাপ্ডায়িত বৈ' যাহা অপ্শব্দ ভাহাই মেচ্ছ। 'মেচেছা হ বা যদপশব্দঃ।' এই মেচ্ছেভাষা বা অপভাষা পরিহার জল্ম ব্যাকরণের জ্ঞান আবশ্মক। কোকসমাজে সাধুশব্দ অপেক্ষা অপ্শব্দ বা অপজাংশের প্রচলন বেশা। ষেমন 'গোঁ' শব্দটি সাধু এবং গাবী, গোলী গোভা, গোপোতলিকা প্রভৃতি প্রচলিত শব্দ 'গোঁ' শব্দের অপজংশ বা অপশব্দ। ব্যাকরণের জ্ঞান না থাকিলে কেণ্ন্টি সাধু শব্দ বা শুদ্ধ পদ এবং কোনটি অপশব্দ ভাহা জানা গুছর।

যে কোনও আক্সণ বৈদিক যজের পুরোহিত চইবার অধিকারী নহেন।
যে আক্সণ বৈদিক বাক্যের পদ, অক্ষর, বর্ণ ও সার বিশ্লেষণ করিতে সমর্থ তিনি
ভৌত যজের অধিকারী হইতে পাবেন। 'থো বা ইমাং পদশঃ, স্বরশোহক্সুরশো
বর্ণশো বাচং বিদধতি স আর্ডিজীনো তবতি' (মহাভাগ্রম্)। আভিজীন
অর্থাৎ বৈদিক যজের পুরোহিত। পদ, অক্ষর ও বর্ণ তিনটি শক্ষই প্রয়োগ
করা হইয়াছে। পদ বলিতে words, অক্ষর বলিতে syllable, এবং বর্ণ
বিলিতে letter বোধা। যেমন 'অগ্নি' বলিতে একটি পদ বুঝায় কিছে হুইটি
অক্ষর ও চাবিটি বর্ণ বোধা। তুইটি অক্ষর যথা 'অ' এবং 'গ্নি', চারিটি বর্ণ
হুইতেছে 'অগ্নুই।'

ভন্দ ঃ—বেদমন্ত্র পাঠ করিতে কইলে ৮লের জ্ঞান একান্ত আবশ্যক।
চতুর্বেদের অধিকাংশ মন্ত্রই ছলোবদ্ধ; ঋক্, সাম্ ও অথব সংহিতার প্রায়
মন্ত্রই ছলে নিবদ্ধ, কেবল যজুর্বেদে গদামর মন্ত্রও দৃষ্ট হয়। লৌকিক ছলের
ন্যায় বৈদিক ছল গণের ভারা লঘু গুরু বর্ণ নির্ণয় ভারা স্থির করিতে হয় না।
জার্থাৎ বেদের ছল 'গণছন্দ' নহে, তাহা 'অক্ষর ছন্দ'; অক্ষর গণনা করিয়া
ছল্দ নির্ণয় করিতে হয়। সাডটি ছল্দ বেদে দৃষ্ট হয়,—গায়ত্রী, উঞ্চিক্,
অনুষ্ট্নপ, বৃহতী, পঙ্ভিদ, ত্রিষ্ট্নপ ও জগতী। এই ছল্দসকলের লক্ষণ ও
উদাহরণ এই গ্রন্থের পঞ্চম অধ্যায়ে 'ছল্দ' উপশীর্ষক অংশে বিশদ্রূপে প্রদর্শিত
ইইয়াছে।

বেদের সাতটি ছন্দকে বেদরপী পরম পুরুষের সাতটি হস্তরপে ক**রা**না করা হইয়াছে। কেহ কেহ যজ্ঞরপী পুরুষের সাতটি হাত বলিয়াছেন। ঋগ্বেদের একটি মন্ত্র (৪-৫৮-৩),—

> 'চতারি শৃঙ্গান্তবোষ্য পাদা— দ্বে শার্ষে সপ্ত হস্তাসো অয্য ত্তিধা বন্ধো বৃষভো রোরবীতি মহো দেবো মর্ত্ত্যা আবিবেশ ॥'

যজ্ঞরূপী বিশাল দেবতা মঠালোকে আবিভূবি হইয়াছেন; তাঁহার চারটি শৃঙ্গ, তিনটি পা, দুইটি মাথা, সাতটি হাত, তিনটি বন্ধনত জ্ব্ তিনি বৃষত ও শক্ষকারী। হোতা, উদ্গাতা, অধ্বয়ুবিও ব্রুলা চারিজন পুরোহিতের কর্ম যজ্ঞের চারিটি শৃঙ্গ; প্রাতঃসবন, মাধান্দিনসবন ও তৃতীয়সবন সোমরসের এই বিসন্ধায় তিনবার আহুতি তাঁর তিনটি পা। যজ্মান ও যজ্মানপত্নী তাঁর চুইটি মাথা। গায়ত্রী প্রভৃতি সাতটি ছন্দ তাঁর সপ্তহন্ত। ঋক্, সাম ও যজ্মান গায়ত্রী প্রভৃতি সাতটি ছন্দ তাঁর সপ্তহন্ত। ঋক্, সাম ও যজ্মানের তাঁর তিনটি বন্ধন। তিনি যজ্মানের কামাবন্ত বর্ষণ করেন, দান করেন বলিয়া তিনি বৃষ্ত। যজ্ঞে উচ্চারিত শস্ত্র ও স্থোত্র বলে। বিক্লক্ষ্যিবির্চিত ছন্দঃ স্ত্রকেই বেদাক্ষ বলিয়া ধরা হ্য।

জ্যোভিষ,— বৈদিক ক্রিয়াকাণ্ডের যথাযথ কাল নির্দারণ ক্ষণ্ঠ জ্যোভিষের জ্ঞান আবশ্বক। রালি, নক্ষত্র, অমাবস্থা, পূর্ণিমা, সংক্রান্তি, সংবংসর প্রভৃতির জ্ঞান না থাকিলে বৈদিক যজ্ঞের অনুষ্ঠান অসম্ভব। প্রত্যেক যজ্ঞের প্রত্যেক শ্রেডি ও গৃহকর্মের বিশিষ্ট কাল, তিথি ঋড়ু প্রভৃতির বিধান আছে। 'গ্রাময়ন' নামক সৃত্র (দীর্ঘকালব্যাপীযজ্ঞ) একবংসরে শেষ হয়। ৩৯১ দিন ব্যাপী এই যজ্ঞের অনুষ্ঠান হয়। 'অভিপ্লবষড্হ' 'পৃষ্ঠ্য বজ্ছ' প্রভৃতি যজ্ঞ ছয়দিনে সম্পাদ্য। ঘাদশাহ নামক যাগ বারদিনে সম্পান্ন হয়। অভএব সংবংসর, দিন, মাস, পক্ষ প্রভৃতির জ্ঞান না থাকিলে এ সকল যাগের অনুষ্ঠান অসম্ভব।

জাবার কোনও কোনও বৈদিকজিয়া ঋতুবিশেষে করিতে হয়। তৈজিরীর রাক্ষণের নির্দেশ,—বসন্ত ঋতুতে রাক্ষণ অগ্নি আধান অর্থাং স্থাপন করিবে, প্রীম্ম্মাতৃতে ক্ষত্রিয় অগ্নি আধান করিবে ও শরংকালে বৈষ্য অগ্নি আধান করিবে (১-১-২-৬-৭)। গার্হপত্তা অগ্নি স্থাপনকে অগ্নির আধান বলা হইয়াছে। স্কান্ত নির্দেশ আছে;—'বসন্তে কপিঞ্জলান্ আলভেড', বসন্ত কালে কপিঞ্জল অর্থাং তিত্তিরপক্ষী বধ করিয়া যজে আছতি দিবে। ঋতুর জ্ঞান মাহার নাই তাহার পক্ষে এই সকল শ্রেতি কার্যের অনুষ্ঠান কদাচ সম্ভবপর নহে। কভক-শুলি যজের জক্ম তিথির জ্ঞান একান্ত প্রয়োজনীয়। দর্শপূর্ণমাস নামক ইন্টি অমাবস্থা ও পূর্ণিমাতে করিতে হয়। সামবেদের পঞ্চবিংশ ব্রাহ্মণ বা তাশুমহাব্রাহ্মণে বলা আছে, 'ফাল্কনীপৌর্ণমাসে দাক্ষেরন্' (৫-৯-২-৭) অর্থাং ফাল্কনমাসের পূর্ণিমাতে দাক্ষা দিবে।

এ সকস যাগের জন্ম ডিখির জ্ঞান অপরিহার্য। কোন কোন যাগের জন্ম নক্ষত্রের জ্ঞানও প্রয়োজন। তৈজিরীয়ুরাক্ষণমতে যজেরে অনুষ্ঠান বাজীত বছ বেদমন্ত্রের প্রকৃত অর্থবাধের জন্মও মাস, ডিখি, কাল, বংসর ঋতু নক্ষত্রের জ্ঞান অভ্যন্ত প্রয়োজন।

নবম পরিচ্ছেদ

দেবতা

পঞ্চম পরিছেদে ঋষি, ছন্দ, দেবতা ও বিনিষোগ আলোচনাকালে সাধারণ ভাবে দেবতার আলোচনা করা হইয়াছে। বেদে বছু দেব-দেবীর নাম দৃষ্ট হয়। বৈদিক সাহিত্যে প্রধানতঃ হুইটি গ্রন্থে বেদের দেবতাতত্ত্বের আলোচনা করা হইয়াছে, আচার্য শৌনক রচিত 'বৃহদ্দেবতা' নামক গ্রন্থে এবং যাস্কঋষি বিরচিত প্রখ্যাত 'নিরুক্ত' গ্রন্থের দৈবতকাতে। বেদের প্রতি মন্ত্র এক এক দেবতার উদ্দেশ্যে প্রকাশিত হইয়াছে। অতএব প্রতি মন্ত্রের সমাক্ত্যানের জন্ম দেবতার জ্ঞান অপরিহার্য। বৃহদ্দেবতা-প্রবাদন,—

'বেদিতব্যং দৈবতং হি মন্তে মন্তে প্রয়ন্ততঃ। দৈবতজ্ঞো হি মন্তানাং তদর্থমবগচ্ছতি ॥'

অর্থাৎ বেদের প্রতি মন্ত্রে দেবভার জ্ঞান অতি যদু সহকারে অর্জন করা আবিশ্রক কারণ দেবতার জ্ঞান জ্বিলে মন্ত্রের প্রকৃত অর্থ ক্রদয়ক্ষম হয়।

বেদে অগ্নি, বায়ু, ইব্রু, সূর্য, বিষ্ণু, সোম, বরুণ, পৃষন্, মরুং, রুদ্র, সবিভা, অর্থমা, অপাং নপাং, অশ্বিন, আদিভা, দোঁ, ঋভু, ষম, হিত্র প্রভৃতি বহু দেবভার নাম, এবং বাক, উষা, অদিভি, রাত্রি, পৃথিবী, সরস্বতী, জী, ধিষনা, প্রভৃতি দেবীর নাম পাভয়া যায়। করেকজন দেবভার নাম হৃদ্দুসমাসবদ্ধ যুগকরপে সর্বদাকী ভিত যথা,— হিত্তাবরুণো,

ইব্রাগ্নী, সুর্যাচক্রমসোঁ, দাবাপৃথিবী, অগ্নীযোমোঁ প্রভৃতি। অশ্বিন দেবতা সর্বদা যুগল বা ষমজরূপে কল্পিড, ডজ্জেশ্য 'অশ্বিনো' ছিবচনান্ত প্রয়োগ- দৃষ্ট হয়। প্রাচীন রোমের ক্যাষ্টর (Castor) ও পোল্ক্স্ (Pollux) যুগলের শায় অশ্বিদেবতা যুগলরূপে কল্পিড। 'বিশ্বেদেবাঃ' সর্বদা বছ্বচনে ব্যবহৃত হয় কারণ ইহা গোণ্ডীবাচক, বহুদেবতাবাচক।

নিরুক্তকার যাস্ক বেদের দেবভামগুলীকে দেবভার স্থানভেদে ভিনভাগে ভাগ করিয়াছেন, যথা ভূলোকের দেবতাগণ, অন্তরীক্ষলোকের দেবতাগণ এবং গুলোকের দেবতার্ন্দ। অগ্নি, অপ্ (জল) পৃথিবী ও সোম ভূলোকের অন্তর্গত। ইবর, বায়ু, রুক্ত, মরুং, অপাং নিরুক্তকারের মতে নপাং ((বিহাং), পর্জন্ম প্রভৃতি অন্তরীক্ষলোকবাসী এবং দেবভাদের ভিনটি সূর্য, মিত্র, বরুণ, হাঃ, পূষা, সবিতা, আদিতা, আমি-ৰিভাগ ৰা মণ্ডলী যুগল, উষা, রাত্রি প্রভৃতি হালোকের অভর্গত। এই তিনটি দলের মধ্যে এক একজন দেবতা প্রধান এবং সেই দলের অভাভ দেবতাগণ তাহারই ভিন্ন ভিন্ন অভিব্যক্তি মাঝ। ভূলোকের দেবতার্দের সধ্যে অগ্নি মুখ্য (मयका, अखदोक्राकारके इस वा वायु मुधा (मयका ववर द्वारमारके अधान দেবতা সুৰ্য। যাস্ক বলিতেছেন,—'ভিন্ন এব দেবতা ইতি নৈরুক্তা অগ্নিঃ পুথিবী-স্থানো বায়ুর্বেজ্যে বাহহন্তরিকস্থানঃ সূর্যো ছাস্থানঃ'। নিরুক্ত মতে আসল তিনজনই মাত্র মূল বা মুখ্য দেবতা যথা ভূলোকে অগ্নি অন্তরীক্ষ-লোকে ইজা (ইজের নাম বায়ু) ছ্যলোকে সুর্য।' এই তিন দেবতার ভিন্ন ভিন্ন কর্ম ও ভিন্ন ভিন্ন বিশেষণ লইয়া সেই সেই গে। চীর অপরাপর দেবতাগণের নামকরণ হইয়াছে: অগ্নির ভিন্ন ভিন্ন কার্য ও বিশেষণ লইয়া বৈশ্বানর, ভাতবেদা, নারাশংস, সুসমিদ্ধ ও তনুনপাং প্রভৃতি নামকরণ হইয়াছে। তদ্রপ বায়ু ২ইতে মাতরিশা, ঋত্মত্তে নিকজকারের এই ত্রিবিধ বিভাগের ক্লুদ্র, ইন্সে, অপাং নপাং, মরুৎ প্রভৃতি দেবতার নামের উৎপত্তি হইয়াছে, এবং সুর্য হইডে আদিতা, বিষ্ণু, সমর্থন মিত্র, বরুণ, পৃষা, ভগ, উষা, অধিযুগল, সবিতা প্রভৃতি দেবতার উৎপত্তি হইয়াছে। নিরুক্তকার যে সমস্ত দেবতাকে এই অগ্নি, বায়ু ও সুর্য তিনটি দেবতাতে পরিণত করিয়াছেন ইহা তাঁহার স্বকপোলকল্পিত নহে, ঋকবেদের

'সুর্যো নো দিবস্পাতৃ বাতোহতরিকাদার্গ্র পাথিবেড্যঃ' (:e-:e:-->)
'সুর্য আমাদের গুলোকের উপদ্রব হইতে রক্ষা ক্রন, বায়ু আমাদের

भारत बहैकाल (नवडा विहादिक मधर्यन मुखे हैशा।

অত্তরীক্ষলোকের উপদ্রব হইতে এবং অগ্নি আমাদের পার্থিব উপদ্রব হইতে রক্ষা করন।' ঋকবেদের এই মন্ত্রে তিন লোকের সকল দেবতার উল্লেখ করার তাঁদের মুখ্যত্ব সূপ্রতিপন্ন হইতেছে। দেবতাগণের পৃথিবী, অন্তরীক্ষ ও গ্রালোকরপ নিবাদস্থল তিনটি 'ভূ', 'ভূব' ও 'রঃ' নামক তিনটি ব্যাহ্যতিরূপে কীর্ত্তিত হইরাছে। বৈদিকগ্রন্থে সাধারণতঃ দেবতার সংখ্যা তেত্রিশ (৩৩) বলিয়া ধরা হইরাছে, তল্মধ্যে একাদশ দেবতা ভূলোকের, একাদশ অন্তরীক্ষলোকের ও একাদশ গ্রালোকবাসী। শতপথ ব্রাক্ষণেও দেবতার উল্লেখ আহে; কিন্তু অথ্যেদে তেত্রিশ অপেক্ষা অধিক সংখ্যক দেবতার উল্লেখ পাওয়া যার; এমন কি ঋক সংহিতার গুইটি মন্ত্রে (৩-৯-৯ এবং ২০-৫২-৬) তিন হাজার তিনশত উনচল্লিশজন (৩৩৩৯) দেবতার সংখ্যা আছে। পৌরাণিক যুগে এই সংখ্যা তেত্রিশ কোটিতে পরিণত হইয়াছিল।

অগ্নি, বায়ু ও সূর্য এই মুখ্য দেবতাত্ত্যের মধ্যে অগ্নি আমাদের সর্বাপেক্ষা নিকটবর্ত্তী (অগ্নিবৈ দেবানামবমঃ) এবং সূর্য সর্বাপেক্ষা দূরবর্ত্তী (সূর্যো দেবানাং পরমঃ) এবং অগ্যান্ত সকল দেবতা এই গুই দেবতার অন্তর্ভুক্ত।

সৃক্ষ বিচার করিলে দেখা যায় উপরিউক্ত মুখ্য দেবতা তিনটিও প্রকৃতপক্ষে সর্বব্যাপী সর্বশক্ষিমান এক প্রমাত্মার তিনপ্রকার অভিব্যক্তি মাত্র; অর্থাৎ সকল দেবতারই মূলে রহিয়াছেন এক প্রমাত্মা বা প্রমন্ত্রক্ষা। তাঁহারই ভিন্ন ভিন্ন রূপ ভিন্ন ভিন্ন দেবতা। দেবতাবিচারকালে নিরুক্তে যাস্কের উক্তি,—দেবতাগণের এক আত্মা বস্তুরপে অর্থাৎ বহুদেবতা রূপে কীর্ত্তিত হুইয়াছে।

'দেবতায়া এক আ্থা বছধা স্কৃষতে', (নিরুক্ত ৭—৪)।
উপরিউক্ত তিনটি মুখা থেমন একই দেহের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ সেই দেহেরই ভিন্ন
দেবতা এক সর্ববাদী
পরমান্তার তিনটি
বিকাশমাত্র সেই এক আ্থার ভিন্ন ভিন্ন অঙ্গপ্রভালস্বরূপ।' 'এক স্থাত্ম-

নোহয়ে দেবাঃ প্রত্যঙ্গানি ভবজি।' বেদের সংহিতা গ্রন্থেও দেবতাগণের স্বরূপ সম্বন্ধে এই তত্ত্ব স্পষ্ট ভাষার উদ্ঘোষিত হইয়াছে। নিমে উদ্ধৃত বেদমন্ত্রগুলি এই তত্ত্বের সমর্থক। 'একং সদ্ বিপ্রা বছধা বদন্তি অগ্নিং যমং মাতরিশ্বানমাছঃ' (ঋ্যেদ ১-১৬৪-৪৬) সেই এক শাশ্বত সন্তাকে বিপ্রগণ অগ্নি, যম, মাতরিশ্বা ইড্যাদি বহুপ্রকারে অভিহিত করেন।

'একং সভং বছধা কল্পছি' (ঋথেদ ১০-১১৪-৫) 'সেই এক সংকে ঋষিগণ বছরাপে ভাবনা করেন।' ঋগ্বেদের তৃতীয় মণ্ডলের পঞ্চায়তম (৫৫) সুস্তের প্রতি থাকের অভিম পাদে— মহদ্দেবানামসুর্ভ্রমেকম্' বাকাটি শ্রুত হয়।
ইহার অর্থ,— 'তুমিই সকল দেবতার প্রাণদাতা মহান্ সন্তা।' জল্ল্ আবেন্ডায়
যেমন দেবতার অর্থে 'অহুর' শব্দের প্রয়োগ হইয়াছে তদ্রপ বেদেও বহু মন্ত্রে
দেবতা অর্থে 'অসুর' শব্দের প্রয়োগ দৃষ্ট হয় ; ব্যাখ্যা করা হইয়াছে প্রাণদাতা।
'অস্' শব্দের অর্থ প্রাণ। অসুন্ প্রাণান্ রাতি দদাতি ইতি অসুরঃ। যিনি
প্রাণদান করেন অর্থাৎ পরমাত্মা। খাল্বেদের অপর এক মন্ত্রে বলা হইয়াছে,
— 'একং বৈ ইদং বি বভূব সর্বম্' 'এই একই (পরমাত্মা) সকল রূপ ধারণ
করিয়াছেন।' নিত্য সত্য পরমাত্মা হইতে দেবতাগণের উৎপত্তি শুকু যজুর্বেদের
একটি মন্ত্রে অতি প্রাঞ্জ ভাষায় ব্যক্ত হইয়াছে,—

'এত ফোব সা বিস্কিরেষ উ হোব সর্বে দেবাঃ' (শুকু যজুঃ)
'এই এক প্রমাদ্মাট সকল পদার্থ স্ফি করিয়াছেন, ইনিই সকল দেবতার রূপ ধারণ করিয়াছেন।' মূলতঃ দেবতাগণ প্রমাদ্মরূপ।

বেদে বর্ণিত প্রতি দেবতা এক একটি পার্থিব ২স্তুর বা পার্থিব প্রাকৃতিক পদার্থের প্রভীক। এক একটি পার্থিব পদার্থের চৈতশ্বসত্তা বা অধিষ্ঠাভা এক একটি দেবতা। দৃশ্য পার্থিব অগ্নির চৈতশ্রময় অধিষ্ঠাত্রী দেবতা ইইলেন অগ্নি। চক্ষুগ্রশিক্ত সূর্যের অধিষ্ঠাতা সূর্যদেব বা সবিতা বা আদিতাদেব। এইরপ পার্থিব প্রনের দেবভারপ বায়ু। মরুৎ দেবভার বাছ্ প্রতীক ৰড় ঝঞ্জাবাত। রুদ্রদেবতা হইলেন বফ্ল; এইজন্য তিনি ভীষণ প্রতি দেবতা এক একটি নাত গোৰত অক্ষাত্র ও সংহারক ; তাঁহার ভীষণধ্বনি হ**ইল অশ্নিনির্ঘোষ।** পার্থিব এক্ত পদার্থের তাঁহাকে 'ঘোর' (ভীষণ) ও 'ঘোরতর' (ভীষণতররূপে) প্রভীক বা অধিষ্ঠাত্রী ৈচতবাসভা वर्णना कदा इहेशारक। बह्नारक कीवालारक मकालहे अश করে এবং শিরে বছলাত হইলে অনিবার্য মৃত্যু; ভজ্জন্মই রুজের মল্লে সর্বদাই জনগণের ত্রাস সঞ্চারের কথা উক্ত হইয়াছে এবং তাঁহাকে সংহারক ভীষণরূপে বর্ণনা করা হইয়াছে। ঋণ্-বেদে রুদ্রের এই ভীষণ রূপই আমরা সর্বদা দেখিতে পাই; তাহার শিব বা শংকর মুদ্তি ঋগ্বেদে পাওয়া যায় না। জ্ব यकुर्दरम ऋस्मित यून्नभर छीयनक्रम छ कन्।। गक्तम मिनक्रम ऋसाधारह वर्गना कना হইয়াছে; 'বোর' ও 'বোরতর' যেমন বলা হইয়াছে তেমনই আবার একই অধ্যায়ে 'শিব' ও 'শিবতর' বলা হইয়াছে ৷ ছুইটি বিপরীত ধারণার সমন্ত্র ছইয়াছে যজুর্বেদে। 'অপাং নপাং' দেবতার বাছ্য প্রতীক বিহুাং। বিহ্যুতের বৰ্ণ সুবৰ্ণময় বলিয়া 'অপাং নপাং' দেবভাকে হির্পাবৰ্ণ, 'হির্ণাহন্ত' প্রভৃতি विस्मयान विस्मिविक कहा इहेशाहा। शर्ककामरवह टकीक इहेम (इ.स.) शिख,

ে বরুণ, সবিভা, ভগ, পৃষা, অর্থমা, আদিত্য, উষা প্রভৃতি দেবভাগণ পৃথিবীর দৈনন্দিন আবর্ত্তনগভিপথে সূর্যের গগনে অবস্থানের স্থানভেদে এক একটি নাম মাত্র; পরে ইহা বিশেষ ভাবে আলোচনা করিব।

এইরপ 'জাতবেদা' 'বৈশ্বানর' প্রভৃতি অগ্নির ভিন্ন ভিন্ন রূপ। দেবতাগণ পার্থিব বস্তুর চিন্ময়রূপ এবং এক একটি পার্থিব বস্তু এক এক দেবতার বাহ্য প্রতীক—ইহা অনেকে আধুনিক বা পাশ্চান্ত্য মত বলিয়া মনে করেন কিছ

ইহা আয়ুনিকমত নহে. কেবল পাশ্চান্তায়তও নহে।
আলোচ্য বিষয়ে যাকের বৈদিকয়ুগেই এই মত প্রচলিত ছিল এবং প্রসিদ্ধ বেদাক
ও যাকের পূর্বাচার্য
নিরুক্তকারগণের মত
সম্বন্ধে ভিন্ন ভিন্ন মত আলোচনা করিয়াছেন এবং নিজের

অভিমতও ব্যক্ত করিয়াছেন। বেদে ইন্দ্রদেবতার সৃত্তে ইন্দ্র বৃত্ত নামক অসুরকে বজ্র দ্বারা বধ করিয়াছেন, একথা বস্ত স্থানে উক্ত হইয়াছে। এই ইন্স এবং বৃত্ত কে,—বৃত্ত সভাই কোন অসুর না অন্ত কিছু ইহা যাস্ক নিরুক্তে আলোচনা করিয়াছেন। তিনি নিরুক্তকারদের ও ঐতিহাসিকদের পরস্পর-বিরুদ্ধ মত উদ্ধার করিয়াছেন। তিনি বলিতেছেন,—'ডং কো বৃত্তঃ? মেখ ইতি নৈরুক্তা:। ত্বাস্ট্রে.১সুর ইত্যৈতিহাসিকা:। অপাং চ জ্যোতিষক মিশ্রীভাবকর্মণো বর্ষকর্মজায়তে তত্তোপমার্থেন যুদ্ধবর্ণা ভবতি । অহিবত খুলু মন্ত্রবর্ণা ত্রাহ্মণবাদাংক্ত' (নিরুক্ত)। 'কে এই বৃত্ত ? নিরুক্ত কারদের মতে বৃত্ত মেঘ ব্যতীত অন্ত কিছু নহে। মেঘই বৃত্ত। ঐতিহাসিকগণ বলেন অফী নামক ব্যক্তির পুত্র বৃত্ত একজন অসুর। (প্রকৃত পক্ষে বৃত্ত মেছই)। মেছের জল ও বিহাতের সংমিশ্রণে বৃষ্টি হয়, (বজ্রপাত হয়) ; ডক্ষেশ্যই বজ্র ও ঝঞ্চারূপী ইব্র মেখরপী বৃত্তের সঙ্গে যুদ্ধ করিতেছেন এই ভাবে কল্পনা করা হইয়াছে এবং এই জন্মই মল্লে ও ত্রাহ্মণে বৃত্তকে অসুর্রপে কল্পনা করা হইয়াছে। যাস্ক ইতিহাস বলিতে ব্রাহ্মণগ্রন্থকে লক্ষ্য করিয়াছেন। বেদের মন্ত্রে বছবার উক্ত হইয়াছে যে বৃত্ত সমস্ত জল স্বীয় উদরে অবরুদ্ধ করিয়া রাখে এবং ইস্তা বছা ধারা আঘাত করিলে তখন ডাহার দেহ বিদীর্ণ হইয়া অলধারা পৃথিবীর বুকে বর্ষিত হয়। ইহার অর্থ মেখের উপর বক্ষপাত ছইলে বৃতি হয়। বেদের মন্ত্রে প্রাকৃতিক উপসর্গের এইরূপ বহু বর্ণনা পুরাবে আখ্যায়িকার রূপ ধারণ করিয়াছে। পুরাবে বিষ্ণুর বামনাবভাবে ভিনবার পদক্ষেপে-- ত্রিভুবনবাাপ্ত করিয়া বলিকে পরাভূত করার বৃত্তান্ত আছে। এই বৃত্তান্তের উৎস ঋগ্রেদের বিষ্ণুমন্তে রহিয়াছে। মধ্যাক্ত মার্ততের নাম—বেদে বিষ্ণু। সুর্য যখন মধ্যাক্তে আমাদের মস্তকের ঠিক উপরে গগনসধ্যে প্রকাশমান তখন বিষ্ণু। মধ্যাক্ মার্ডিগু আকারে ক্ষুদ্র; গগনমার্গে সূর্যের প্রতিদিন যতগুলি রূপ দৃষ্ট হয় তক্ষধ্যে ঠিক মধ্যাক্তে মধ্যগগনে তাঁর সর্বাপেকা। ক্ষুদ্র আকৃতি দৃষ্ট হয়। ক্ষুদ্র আকৃতি অর্থাৎ বামন রূপ। তখন আকারে ক্ষুদ্রতম হইলেও তেক্সে প্রথরতম। তদ্রপ বিষ্ণু বামনাবভাবে বাহাতঃ থর্বরূপ ধারণ করিলেও শক্তিতে অদ্বিতীয় ও অলোকিক। খারেদের একটি বিষ্ণু সুক্তের মন্ত্র,—

'ইদং বিষ্ণুঃ বিচক্রমে তেখা নিদধে পদম্'। বিষ্ণুর অর্থাৎ মধ্যাক্ত সুর্যের এই ত্রিপাদ বিহার ব্যাখ্যাপ্রসঙ্গে যাস্ক তাঁহার পূর্বাচার্য শাকপূণি, উর্ণনাভ, প্রভৃতির মতের উল্লেখ করিয়াছেন। উর্ণনাভ সূর্যের এই বিষ্ণুর বামনাবতারের বীজ

ক্ষেপ উদয়কালে উদয়াচলে; বিতীয় গদক্ষেপ মধ্যাকে গগনের মধ্যভাগে যখন সূর্য বিরাজ করেন; তৃতীয় পদক্ষেপ তাস্তাচলে; ভংপর পুনরায় প্রভাতে উদয়গিরিতে প্রথম পদক্ষেপ। এইভাবে ভিনটি পদক্ষেপে সূর্য সমগ্র ভ্বন আয়ত্ত করেন অধ্বি-দেবতা মুগল সহয়েও বৈদিক মুগে এইরূপ মতভেদ দৃষ্ট হয়। তংশস্বয়ে বিভিন্ন মান উল্লেখে যাংকরে উল্লেখ্য বিষ্কিন মতভেদ দৃষ্ট হয়। তংশস্বয়ে বিভিন্ন মান উল্লেখে যাংকরে উল্লেখ্য বিষ্কিন মতভেদ দৃষ্ট হয়। তংশস্বয়ে বিভিন্ন মান উল্লেখ যাংকরে উল্লেখ্য বিষ্কিন নামক দেবত। মুগল কে? কেই বলেন ইহারা দিবা ও রাজি, আগার অপর একদল বলেন ইহারা সূর্য ও চল্জের মুগল। এই তিনটি মতই ভিন্ন ভিন্ন নিরুক্তকারের মত। এই তিনটি মতই ভিন্ন ভিন্ন নিরুক্তকারের মত। এই তিহাসিকগণ বলেন পুণাশীল গুইজন নৃণাভই হর্গে এই যুগলন্বেত ইইয়া আছেন। পুনাণে শিনকে কিজ্বী ও নীলকণ্ঠরাপে বর্ণনা করা ইইহাছে। কপদ্দী অর্থাং জটাধারী। এই বর্ণনার উৎস শুরু হেবুর্বিদে রুদ্রাধারেও দৃষ্ট হয়।

ভঙ্গ বজুবিদে আদিতা করে করের বর্ণনা করা হইয়াছে। রুদ্রকে সম্পূর্ণ লোহিতবর্ণ ও সহস্রকরণমালাবিশোভিত আদিতারপে রুদ্রের বর্ণনা করা হইয়াছে। রুদ্রকে সম্পূর্ণ লোহিতবর্ণ, কেবল 'গ্রীবাদেশে নীলবর্ণ এবং সহস্রর্গায়ুক্ত বহা হইয়াছে। তিনি যখন এইরূপ অপরূপ সৌন্দর্যে পশ্চিম গগনে বিরাজ করেন তখন উদকাথিনী রুমণীগণ এবং গোপবালকর্ন্দ মুগ্ধ বিস্ময়ে তাঁহার দিকে চাহিয়া থাকে (২৬-৭)। এই বর্ণনা রুদ্র অথবা শিবের সঙ্গে মিলে না এবং বিনা আয়াসে বুনিতে পারা যায়। এই সকল মন্ত্রে রুদ্রকে আদিত্যেরই একটি মৃত্তিরূপে বর্ণনা করা ইইয়াছে। ওরু যজুঃ সংহিতাব খাড়েনামা ভাষ্যকার উবট ও মহীধর ইউজনেই

এই অংশের ভাষে স্পাইট বলিয়াদেন, -- 'ভাদিত্যরণে ণাজ রক্ত ভূয়তে' জর্থাং

এখানে আদিতারণে রুদ্রের স্তুতি করা হইয়াছে। অন্তগামী বং উদ্যাচলে অধিষ্ঠিত সূর্যের সহস্র করিগমালা রুদ্রের জটাজালরণে কল্পিত। অন্ত-গমনকালে সূর্যের রক্তিমবর্ণ সর্বজনবিদিত এবং ভাল করিয়া লক্ষ্য করিলেই দেখা যায় ঐ দিগন্তবিস্তৃত রক্তিমবর্ণের মধ্যে ঠিক সূর্যবিশ্বের মধ্যভাগ ঈষং নীলবর্ণে রঞ্জিত; তজ্জনই 'নীল্রীবো বিলোহিতঃ' বলা হইয়াছে।

সকল দেবতার মূলরপ অগ্নিইহা যাস্কের মত এবং এই মতের সমর্থনে তিনি রাক্ষাপ্রস্থের 'অগ্নিঃ সর্বা দেবতাঃ' বচন তুলিয়াছেন। পাথিব অগ্নিই অন্তর্গক্ষেই ব্রুক্তরপে, বিহাংরপে এবং হালোকে সূর্যরূপে যাস্কের মতে সকল দেবতার মূল রূপ আগ্নি শেকটিও। হালোকের সকল দেবতা স্থারই বিভিন্ন প্রকাশ এবং অভ্নীক্ষালোকের সকল দেবতা ইল্লেরই বিভিন্ন প্রকাশ; অতএব যেহেতু ইল্ল ও সূর্য অগ্নিরই রূপভেদ মাত্র, তিলোকের সকল দেবতাই অগ্নির ভিন্ন ভিন্ন অভিযাক্তি মাত্র। তাগ্নির তেজই অন্তর্গক্ষিত্রতি এবং হালোকে আদিতো প্রকাশিত। এই মতের শীমর্থনে যাস্ক্র অ্থেদের—

'পিষ্ আকৃথন তেখা ভ্বে' (২০-৮৮-২০) মন্ত্ৰটি উদ্ধৃত করিয়াছেন। সেই অগ্নিকে ভিনিক্তাশে বিভক্ত করিয়াখিলেন,—পৃথিবী, অভাগীকা ও ছালোক এই ভিনস্থানভিদে। বৃহদ্দেশতা গ্ৰেভ এই মতের সমর্থন দুষ্ট হয়।

> 'ইহ'রিভূতক্ক ঋষিভিলোকে স্ততিভিরীড়িতঃ। জাক্রেদা স্ত্রেতা মধ্যে, স্ত্রেতো বৈশ্বানরো দিবি॥'

'এই পৃথিবীতে সাহাতে অগ্নিরূপে ঋষিণণ স্তুতি কনিয়াছেন, ভাহাকেই

অন্তর্গক্ষে জাতবেদারপে এবং হালোকে বৈশ্বানররপে স্তুতি করিয়াছেন।'
কাতায়ন যাস্কের এই মত সমর্থন করেন নাই। দিনি শ্বরচিত 'সর্বানুক্রমনী'
প্রস্থে বিলয়াছেন বৈদিক সকল দেবতার মূল্রপ সূর্য বা আদিতা। সকল
দেবতার ধারণার উৎপত্তির বীজ সূর্যের লক্ষণে এবং বর্ণনায় গাওয়া যায়।
তিনি উক্ত প্রস্থে এই মত অতি ক্ষাই ও নিঃসন্দিল্প ভাষায়
কাত্যায়নের মতে সকল
দেবতা আদিত্যেরই
কয়েকবার ব্যক্ত করিয়াছেন। 'এক এব মহানাত্মা বেদে
ভিন্ন ভিন্ন রূপ মাত্র
ভূষতে, স সূর্য ইতি ব্যাচক্ষতে।' 'এক মহান আত্মারই
স্তুতি বেদে (বিভিন্ন দেবতার স্তুতিতে) করা হইয়াছে, তাঁহার নাম সূর্য।'
'একৈব দেবতা ভূষতে আদিত্য ইতি।' বেদে প্রকৃত সক্ষে একজন দেবতারই
স্তুতি করা হইয়াছে, তিনি হইতেছেন আদিত্য। আদিত্যের এক এবটি কার্য
বা গুণ লইয়া এক এক দেবতার নামকরণ হইয়াছে। কলিকাতা বিশ্ব-

বিদ্যালয়ের ভৃতপূর্ব বেদের অধ্যাপক মহারাক্টদেশীয় স্থনামধ্য বিদ্যান মহামহোপাধ্যায় পশুত সীতারাম শাস্ত্রী মহোদয় কাত্যায়নের এই মতের সমর্থক ৷ তাঁহার নিকট কলিকাভা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর বিভাগে বেদ অধ্যয়নের সৌভাগ্য আমার ঘটিয়াছিল এবং ব্যক্তিগতভাবেও তাঁহার সহিত বেদ সম্বন্ধে বহু আলোচনা করিয়াছি। তিনি সর্বদাই এই মত সমর্থন করিতেন এবং বেদের মস্তের আদিত্যনিষ্ঠ ব্যাখ্যা করিতে প্রহাস পাইতেন। ইব্র এবং র্ত্তের আখ্যাধিকাও তিনি মধাক্রমে সুর্য ও পৃথিবীর আবর্তনের সম্বন্ধ ধরিয়া ব্যাখ্যা করিভেন। মিত্র, বরুণ, সবিভা, অশ্বিন, ঊষা, ভগ, সুর্য, বিষ্ণু প্রভৃতি আদিত্যের এক একটি অবভার নামমাত্র। দিবাভাগে আদিত্যের নাম 'সুর্য', রাত্তিবেলাতেও আদিত্য বিরাজ করেন, আমরা দেখিতে পাই না; ডখন তাঁহার নাম 'বরুণ'। রাত্তের শেষাংশে যখন আকাশের অক্ষকার কাটিয়া যায় কিন্তু পৃথিবীতে অক্ষকার থাকে তখন আদিভোর নাম 'সবিভা'। যখন পৃথিবীর অদ্ধকারও গগনমঙলে অব্যানের ভিন্ন ভিন্ন সমর ধরিয়া খুচিয়া যায় তখন তাঁহার নাম 'অশ্বিন'। সুর্যোদয়ের স্বের এক একটি নাম পুর্বে দিঙ্মণ্ডল যখন রভিন্মাভ হইয়া উঠে তখন আদিতোর নাম 'উষা'। উদিভমাত সূর্যবিশ্বের নাম 'ভগ'। তংপরের অবস্থার নাম 'সুর্য'। মধ্যাক্তকালে আদিত্য যখন প্রসন্মগুলের মধ্যভাগে বিরাজ করেন তখন তাঁহার নাম হয় 'বিফু'। এই-ভাবে ঘাদশ আদিত্যকে প্রতিদিন গগনমগুলের বিভিন্ন অংশে সূর্যের অবস্থানের ঘাদ্শট নামমাত্র বলিয়া নিরুক্তকার ব্যাখ্যা করিয়াছেন: পুরাণে বাদশ মাসে আদিতোর বাদশ নামে বাদশ আদিতঃ হইয়াছে বলা আছে। ৰাক্ষণগ্ৰন্থে বিশেষ করিয়া ঐভরেয় ব্রাক্ষণে উক্ত হইয়াছে—আদিতা অন্ত পমনকালে অগ্নিতে তাঁহার নিজ তেজ নিহিত করিয়াযান। 'আদিত্যো বা অন্তং গচ্ছন্ অগ্নো অনুপ্রবিশতি' (ঐতবেষ ত্রাহ্মণ)। অতএব অগ্নিও আদিত্যেরই রূপবিশেষ।

যান্তের অগ্নিই সকল দেবতা এবং কাত্যায়নের সুর্যই সকল দেবতা এই
মত চুইটি আপাতদৃতিতে পরস্পরবিক্ষম হইলেও ইহাদের সময়র যাস্ক করিরা
গিয়াছেন। দেবতা বিচার কালে তিনি বলিয়াছেন
মাড ও কাত্যারনের
মাডের সময়র
ইইতে পিতার উৎপত্তি হইতে পারে না—কিছু আলৌকিক
উন্বর্যশালী দেবতাগণের ক্ষেত্রে এ নিয়ম খাটে না—তাঁহার 'ইতরেডরজন্মা'

ও 'ইডরেডরপ্রকৃতি' অর্থাৎ মিখঃ পরস্পর হইতে ছাত। উদাহরণ প্রসক্ষে তিনি অতিবচন উদ্ধার করিয়া দেখাইয়াছেন, বেদে অগ্নি হটতে সুর্য অন্ধাহণ করে এ কথাও থেমন বলা আছে তেমনই সূর্য হইতে অলি উংপল্ল হয় এই কথাও বলা আছে। 'অগ্নেৰা আদিভোগ জাহতে' শ্ৰুতি দেৰতারা পরস্পরজন্মা বচনে অগ্নি হইতে আদিত্যের উৎপত্তির কথা বলা আছে। আবার সূর্যও অগ্নি উৎপাদন করেন। কেবল শ্রুডিবচন নছে, যাস্ক পদার্থ বিজ্ঞানের প্রমাণে ইহা প্রতিপন্ন করিয়াছেন। যখন সুর্যরশ্মি কাচ বা মণির ভিতর দিয়া শুষ্ক পত্র বা তৃণের উপর পতিত হয় তখন অগ্নি প্রজ্ঞালিত হয়। এক্ষেত্রে সূর্যই অগ্নির জনক। এই প্রমাণটি তিনি দিয়াছেন। কেবল অগ্নি ও সূর্য নহে, অশাক্ত দেবতাগণও পরস্পরসভৃত। ভ্রুতিবচনে আমরা দেখিতে পাই অদিতি হইতে দক্ষ উৎপন্ন হইয়াচেন; আবার দক্ষ হইতেও অদিতি উৎপন্ন হইয়াছেন। অভএব সূর্য ও অগ্নি যখন পরস্পর হইতে উৎপন্ন ভখন যাস্ক ও কাড্যায়নের মতের আর বিরোধ রহিল না৷ দেবভাগণ পরস্পর হইতে উৎপন্ন ইহা স্থীকার করিলে উহাদের বিশেষ রূপ অভিক্রম করিয়া--একটি সামাল মহাসত্তা আছে ইহাও প্রমাণিত হইল। দেবতাগণের বিশেষ বিশেষ নাম ও রূপের পরিপ্রেক্ষিতে তাঁহারা পরস্পর ভিন্ন এবং তাঁহাদের সকলের মধ্যে অনুস্যুত মহাসামাশ্য বা মহাসন্তার পরিপ্রেক্ষিতে তাঁহারা অভিন্ন, যেমন মৃত্তিকা হইডে নির্মিত ঘট, শরাব, স্থালী প্রভৃতি বিভিন্ন মুংপাত্র পরস্পর ভিন্ন কিছ ভাহাদের মহাসত্তা মুত্তিকা বা মুশ্ময়ছের পরি-প্রেক্ষিতে তাহারা অভিন্ন। দেবতাগণের এই সর্বসাধারণ মহাস্**তাই পর্মাত্মা** এবং মূলতঃ দেবভাগণ প্রমাত্মশ্বরূপ, ইহা পূর্বেই আলোচিত হইয়াছে।

দেবতাগণ সাকার না নিরাকার, শরীরী অথবা অশরীরী—ইহা সইরা ভিন্ন ভিন্ন দর্শনের ও ভিন্ন ভিন্ন নিরুক্তকারের ভিন্ন ভিন্ন মত দৃই হয়। বৈদিক-

ষুণেই এ সম্বন্ধে মতদ্বৈধ ছিল এবং নিরুক্তে দৈবতকাতে দেবতাগণ সাকার (৭-৮) যাস্ক সে সকল মতের উল্লেখ ও আলোচনা অথবা নিরাকার তংবিষয়ক আলোচনা করিয়াছেন। তিনি পূর্বাচার্যগণের গুইপ্রকার পরক্ষার-

বিরুদ্ধ মত আলোচনাপূর্বক সমন্বয় সাধনের চেইটা করিয়াছেন। সাকার ও নিরাকার অথবা শরীরী ও অশরীরী অর্থে যান্ধ 'পুরুষবিধ' এবং 'অপুরুষবিধ' শব্দ ছুইটি প্রযোগ করিয়াছেন। 'পুরুষবিধ' অর্থাৎ শরীরধারী পুরুষের মতন শরীর ও কর্মাদি, এবং 'অপুরুষবিধ' অর্থাৎ ইহার বিপরীত। বিবাহাদি অসম্ভব।

দেবতারা পুরুষবিধ বা শরীরী এই মত যাঁহারা পোষণ করেন তাঁহারা স্মতস্থাপন ও প্রমত্থতনার্থ নিয়লিখিত মুক্তি প্রদর্শন করিয়াছেন —

- (১) ঋষিগণ মল্লে দেবতা সকলকে শরীরধারী চেতনসতা রূপে স্থৃতি করিয়াছেন। দেবতার শরীর বা পুরুষের স্থায় কর্মাদি না থাকিলে সেই সকল স্তুতি উন্মাদ প্রলাপের স্থায় নিরর্থক হইয়া পড়িবে ও মল্ল অর্থাইনি হইবে। ঋগ্বেদে বছ সংবাদস্ক্ত আছে; সংবাদ অর্থাই দেবতারা শরীরধারী এই মতের ম্বপক্ষে মুক্তিরাজি (১০-১০), সর্মাপণি সংবাদ, উর্বদী ও পুরুরবা সংবাদ (১০-৯৫), সুর্যস্ক্ত (১০-৮৫) প্রভৃতি। এই সকল সুক্তে যমের সহিত যমীর সংলাপ, সর্মার সহিত পণির, পুরুরবার সহিত উর্বদীর সংলাপ এবং সুর্যুমুক্তে সূর্যার বিবাহে বহু দেবতার আহ্বানাদি
- (২) বেদের মন্ত্রের কায় দেবতাদের হস্ত, পদ, চক্ষু, কর্ণাদির উল্লেখ আছে, অভএব তাঁহারা শরীরধারী সবিতার হিরণাহস্ত, ইল্ফের বজ্ঞপাণি ও খড়োর কায় নাসিকা, আদিন্তোর উজ্জ্বলমুখ, মিত্রের চক্ষু, বিধ্নুর পদদেশ প্রভৃতির উল্লেখ সেই সেই দেবতার মন্ত্রে শ্রুত হয়।

দুষ্ট হয়। দেবতাদের শরীর ও চৈত্ত না থাকিলে পরস্পর আলাপ, প্রণয়,

- (৩) বেদে দেবভাগণের অশ্ব, রথ, বজ্ঞ, গৃহ, পত্নী, হুর্গ প্রভৃতির উল্লেখ থাকায় তাঁহারা পুরুষবং শরীর-ধারী হইতে বাধা নচেং এ সকল কথা নির্থক। ইজ্রের ও স্থের অশ্বের কথা, তৃষ্টার বজ্ঞনির্মাণের ও ইজ্রের বজ্ঞপ্রেয়ণের, অগ্নি—ইজ্ঞা— সবিভাগি দেবভার রথের কথা মন্ত্রে দৃষ্ট হয়। ভাগি, ইজ্ঞা, রুদ্র প্রভৃতির পত্নী যথাক্রমে অন্নায়ী, ইজ্ঞাণী, রুদ্রাণী, প্রভৃতির বর্ণনাও বেদে আছে।
- (৪) যেহেতু বেদে চেডন শরীরী পুরুষের তায় কর্মাদি দেবডার বৃত্তান্তে পাওয়া যায় অভএব দেবভারা 'পুরুষবিধ' অর্থাং শরীরী—। ইব্রু সোমপান করেন, যুদ্ধ করেন, বৃত্তকে বধ করেন, অশ্বচালনা করেন, অগ্নি যজ্ঞের হবি ভক্ষণ করেন, মরুংগণ বংশীবাদন করেন, রুদ্র ভীষণ গর্জন করেন, বিষ্ণু বিশাল চক্ষ্মারা সমগ্র জগং নিরীক্ষণ করেন ইত্যাদি বর্ণনাও বৃত্তান্ত বেদে দৃষ্ট হয়।

উপরি উক্ত মৃক্তিচতৃষ্টয়প্রয়োগে দেবতাগণের পুরুষবিধত বা সাকারত প্রমাণ করিতে একপক্ষ চেফা করিয়াছেন। অপর পক্ষ এই সকল মৃক্তি থণ্ডন করিয়া—দেবভাদের নিরাকারত্ব প্রমাণ করিতে চেষ্টা করিয়াছেন। তাঁহারা নিম্নে প্রদক্ত যুক্তি জাল বিস্তার করিয়াছেনঃ—

- (১) অগ্নি, বায়ু, সূর্য, পৃথিবী, চন্দ্র প্রভৃতি বেদোক্ত যে সকল দেবতা
 দেবতাদের
 দিব।কারত্বের পক্ষে অতএব প্রত্যক্ষ প্রমাণের অভাবে দেবতাদের শ্রীর
 মৃত্তিরাজি
 মাকার করা যায় না।
- (২) স্ততি করা হইয়াছে বলিয়াই যে দেবতাগণ চেতন ও শরীরী ইহা
 মৃক্তিমৃক্ত কারণ নহে কারণ বেদে অচেতন পদার্থ আৰু (পাশা), ওমধি
 (যে সকল ৰুক্ষ বা গুলা ফল পাকিলে মরিয়া যায়), প্রস্তর, উল্থলমূমল
 (উদ্ধলমুমল) প্রভৃতিকেও চেতনবং স্তৃতি করা হইয়াছে।
- (৩) শরীরা পুরুষের কর্মাণি দেবতাগণে আরোপিও হইয়াছে বিলয়া তাঁহারা 'পুরুষবিধ' একথাও মানিতে পারা যায় না কারণ বেদে অচেতন পদার্থে পুরুষবং কর্মাদি আরোপ করিয়া স্তুতি করা ইইয়াছে। যথা, সোমরসনিক্ষাসন, জন্ম যে প্রস্তর্ভালি ব্যবহৃত হয় ভাহাদের লক্ষ্য করিয়া বলা ইইয়াছে, 'অভিক্রন্দতি হরিভেডিরাসভিঃ' অর্থাং ভাহারা (প্রস্তর্থাক্ষর) 'হরিদবর্ণ মুখে শব্দ করিতেছে'। আর একটি মল্লে বলা ইইয়াছে—'হোত্াফং পূর্বং হবিরদমাশতে' অর্থাং প্রস্তর্বাজি হোতার পূর্বেই যজের হবি ভক্ষণ করে।
- (৪) অশ্ব, রথ, প্রভৃতি চেতন ও শরীরী পুরুষভোগ্য দ্বাাদির প্রয়োগ দেখিলেই ভাহাকে পুরুষবং চৈতক্তমন্ত সাকার সজা বলা যায় না—কারণ আচেতন 'অপুরুষবিধ' পদার্থের ক্ষেত্রেও এই সকল প্রয়ুক্ত হইয়াছে। যেমন, 'সৃখং রথং মুমুজে সিদ্ধুরশ্মিনম্' মন্ত্রে অচেতন নদীর রথ যোজনার কথা বলা হইয়াছে, এই সকল স্তুতির স্থার্থে তাংপর্য নাই।

যাক্কন্থিত উপরি উক্ত পরস্পর্বিরুদ্ধ মত গুইটি ঋণু বৈদিক যুগে নহে
বৈদিকোত্তর যুগেও প্রচলিত ছিল। দর্শনের যুগে আমরা দেখিতে পাই
কৈমিনী-পূর্ব-মীমাংসা দর্শনে দেবতাদের আকার ও চেতন পুরুষবং ব্যবহার
স্থাকার করেন নাই। এই দর্শনের মতে মন্ত্রের অতিরিক্ত দেবতার পৃথক
কোনও রূপ নাই। 'মন্ত্রময়ী দেবতা'। যজ্ঞাদি বৈদিক
কৈমিনির মত—
ক্রমনী দেবতা
ক্রিয়া কাণ্ডে যথন কোনও বেদের মন্ত্র উচ্চারিত হয় তথন
কেমনী দেবতা

পৃথক্ কোনও সন্তা, বিগ্রহ বা রূপ নাই। দেবতারা পুরুষরূপী বা বিগ্রহযুক্ত

नरहन। এই মত ছাপনে যে সকল মুক্তি আমরা পূর্বে আলোচনা করিয়াছি পূর্বমীমাংসায় সেই সকল যুর্জি ব্যতীত আরেও গুই একটি যুক্তি দৃষ্ট হয়। দেবতার শরীর থাকিলে একট কালে ভিন্ন ভিন্ন স্থানে অনুষ্ঠিত বহু যজ্ঞে তাঁহাদের যুগপং আবির্ভাব অসম্ভব কিন্তু 'মন্ত্রমন্ত্রী দেবভা' এই মত স্বীকারে মন্ত্রোচ্চারণের সঙ্গে সঙ্গেই মন্ত্রের রূপে তাঁহাদের যুগপং সকল যজে উপস্থিতি সম্ভব। পাণিনিব্যাকরণদর্শনের ইহাই মত মনে হয় কারণ মহাভাক্তবার পতঞ্জি একছানে বলিয়াছেন,—'এক ইল্রশকঃ ক্রতুশতে প্রাচ্ছুব্তঃ' অর্থাং 'এক ইক্স শব্দ যুগপং একশত যজ্ঞে আবিভূব্ত হয়।' একশত শব্দটি অসংখ্য অর্থে এস্থলে ব্যবহৃত হইয়াছে। পূর্ব-মীমাংসাদর্শনে আরও ষুক্তি প্রদর্শিত হইয়াছে। যদি দেবতার রূপ স্বীকার করা হয় তাহা হইলে কোনও ঘটে যখন দেবতার আহ্বান করা হয় তখন মন্ত্রোচ্চারণের সঙ্গে সঙ্গে ক্ষুদ্র বটে দেবতার রূপের বা বিগ্রহের আবির্ভাবের সঙ্গে সঙ্গে ঘটটি ভাঙ্গিয়া যাওয়া উচিত কারণ ক্ষুদ্র ঘটে দেবতার শরীরের সংক্লান হইতে পারে না; কিছ ঘট ভাঙ্গিয়া যার না। অতএব দেবতার মন্ত্রাতিরিক্ত পৃথক রূপ নাই। উखत भौभारमा वा विषाल पर्यत्न विषयाम भूव भौभारमात এই मछ श्रीकात করেন নাই। তিনি ব্রহ্ম-স্তের 'ক্যোতিষি ভাবাচ্চ' (১-৫-৩২) সুত্তে বেলাভদর্শনে জৈমিনির মত পূর্বপক্ষরপে স্থাপন করিয়া 'ভাবং তু মভের খণ্ডন ওদেবভারা বাদরায়ণো হস্তি হি' (১-৩-৩৩) সূত্রে জৈমিনির মত খণ্ডন আকার ধারণ করিতে করিয়া দেবতাদের পুরুষবং শরীরধারণ ও ব্যবহার সম্ভব পারেদ এই মত ছাপন বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। জীশংকরাচার্য ব্রহ্মসূতভায়ে বেশব্যাসের মত সমর্থন করিয়াছেন এবং ব্রুতি ভূতি হইতে প্রমাণ ও দৃষ্টান্ত উদ্ধৃত করিয়াছেন। দেবতাদের ঐব্ধযোগে ইচ্ছামত শরীরধারণ সম্ভব। তাঁহাদের অলৌকিক শক্তিহেড়ু যুগপং বছন্থানে আবির্ভাবও সম্ভব। 'ইজ্র सिर्दे क्रेप थात्र कित्रों कार्याय (संशोजिथिक इत्र कित्रोहिलन', 'अक्ष्यूर' সবিতা দেবের ডানহাত ছেদন করিয়াছিলেন,' 'ইব্র অশ্বারোহণ করিয়া দীর্ঘপথ অতিক্রম করিয়াছিলেন' প্রভৃতি ব্রুতিবচন এবং 'আদিত্য পুক্লযের রূপ ধারণ করিয়া কুন্ডীর নিকট পিয়াছিলেন', ইন্স, বরুণ, অগ্নি, পবন প্রভৃতি দেবতাগণ যুগপং রাজা নলের রূপ ধারণ করিয়াছিলেন, 'পৃথিবী গাভীর রূপ ধারণ করিয়া ভগবান নারায়ণের নিকট উপস্থিত হইয়াছিলেন' ইঙ্যাদি স্মৃতি পুরাণাদিবচন দেবতাগণের শরীরধারণের প্রমাণ :

निकारक याकारार्थ अहे भद्रन्भद्र-विकास मास्वरत ममब्द कदिया बकी व

সিদ্ধান্ত স্থাপন করিয়াছেন। দেবভারা সাকার ও নিরাকার,—ভাঁহার ভাষায় 'পুরুষবিধ এবং অপুরুষবিধ' উভয়ই, ম্বরুপতঃ পুরুষবিধ, শরীরধারী কিছ যজ্ঞাদি কর্মে শরীর লইয়া উপস্থিত হয়েন না। তাঁহাদের স্থ-শ্বরূপ 'পুরুষবিধ' কিন্তু কর্মরূপ অপুরুষবিধ। যথা যজের অধিষ্ঠাত্ দেবতা যজ্ঞপুরুষ ব্ররূপে পুরুষরপীকিছ সেই রূপ যজনানের প্রভাক্ষযোগ্য নহে। যজে কর্মকালে যাগকর্মের সহিত যজ্ঞপুরুষ একাত্ম হটমা থাকেন এবং সেই কর্মময় অপুরুষবিধ রূপ যজ্মান দেখিতে পায়, এই তত্ত্ব অগ্নি, ইন্স, বুঁ যান্ধের মত, দেবতারা সাকার এবং নিরাকার প্রতি দেবভার ক্ষেত্রে প্রযোজ্য। স্বরূপবিচারে তাঁহারা উভয়বিধ विश्वश्रृक्त, अभवान किन्न बद्धानि कर्मकारल मनौम निक् মানবগণের নিকট তাঁহারা অশরীরী থাকেন, তখন সেই সেই শ্রোত কর্মই তাঁদের রূপ। অতএব দেবভাগণ নিভ্য উভয় প্রকার। यनिश्व याद्ध अहै সমর্য তাঁহার নিজ্য মত বলিয়া প্রকাশ করেন নাই তথাপি তিনি নিজ্য পৃথক আর কোনও সিদ্ধান্ত না দেওয়ায় ইহাই তাঁহার নিজয় মত বলিয়া পণ্ডিতগণ মনে করেন।

আজানদেব এবং কর্মদেব নামে দেবতাদের গুইটি বিভাগ করা হইয়াছে। যে সকল দেবদেবীগণের দেবত ন্বতঃসিদ্ধ 'আজানসিদ্ধ', দেবত লাভ করিবার জন্ম যাঁহাদের কোনও পুণ্যকর্মাদি বা তপস্থা করিতে হয় দেবতাদের ছুইটি न। हे जाहार पत्र आकार प्रवाश अर्थार क्षमात्र हिल अर्छः निक বিভাগ, আজানদেব ও কর্মদেব দেবতা বলা হয়; আর যাঁহারা পূর্বে মনুম্ব ছিলেন, পুণাকর্ম বা তপ্রসার বলে দেবছ লাভ করিয়াছেন তাঁহাদের 'কর্মদেবডা' যংজ্ঞা দেওয়া হইয়াছে। অগ্নি, ইজা, বরুণ, সুর্য, সোম, রুজা, মরুং, বিষ্ণু, উষা, বাক্ প্রভৃতি দেবদেবীগণ 'আজান দেবত।'; তাঁহাদের দেবত বতঃসিদ্ধ। 'ঋভু' নামক দেবগণ এবং অশ্বি-দেবতাযুগল কর্মদেবতা কারণ তাঁহারা প্রথমে দেবতা ছিলেন না। পুণাকর্মের বলে তাঁহারা দেবত লাভ করিয়াছেন। অগ্নির সুধন্বানামক এক পুত্র ছিল। সেই সুধন্বার 'ঋতু' বিভূাও বাজ নামে ডিন পুত্র হইষাছিল। এই ভিন পুত্রের সমন্তিগত নাম 'ঋডু'; বেদে 'ঋডু' দেবভা विनाष्ट बहे जिन सनहे ताथा ; बहे समूहे असू मन वह अवह वहवहतन वावहाछ হইয়াছে। ইহারা মানুষরপে জন্ম গ্রহণ করিয়াছিল বেদোক্ত করেকজন किन्तु भूगाकर्यवरण रमवन्न लाख कविशान्ति। नाश्नाहार्य মুখ্য দেবতার হরপ ও কার্যাবলীর আলোচনা বলেন ঋভুগণ সুৰ্যরশিষ ব্যঙীত অশু কিছুই নহে। ঐতিহাসিকণণ ইহা শ্বীকার করেন না। অশ্বি-দেবতাযুগল বিবন্ধান্ ও সরন্তার

পুত্ৰহয়। খাথেদের কোনও কোনও সুক্তের (৫-৭৫-৩; ১-১৬-২ প্রভৃতি) মতে ভাহারা রুজে ও সিদ্ধ্র যুগল তনয়। তাহারাও ঋভুগণের মত প্রথমে মান্য ছিল এবং পুণাকর্মবলে দেবত লাভ করিয়াছিল।

বেদে প্রাপ্ত দেবভামগুলীর মুখ্য কয়েকজন দেবভার স্বরূপ ও চরিত নিয়ে বির্ত হইল:—

ইক্ত:—বেদের দেবতামগুলীর মধ্যে ইক্ত অতি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করিক্ত আছে। গুরুত্বে, মহিমার, শৌর্যে, বীর্যে এবং সৃক্তসংখ্যায় ইক্ত অভিতায়। ঋগ্বেদের প্রায় চারিভাগের একভাগ অর্থাৎ ইক্ত

इरेगर्जत अधिक मृरक हेटलात आबाहन करा रहेशाहि। তাঁর রূপের বর্ণনাও মল্রে দৃষ্ট হয়। অধিগণ তাঁহার চারু ওঠাধর, সুস্পষ্ট চিবুক, উন্নত নাদিকা, উজ্জ্বল বর্ণের ডল্লেথ করিয়াছেন। বৈদিক আর্যগণের আকৃতি কিরূপ াহল তাহা বহু গবেষক ইল্রের আকৃতির বর্ণনা হইতে সিদ্ধান্ত করিয়াছেন। কপিশবর্ণের অশ্বণণ তাঁহার উজ্জ্বল রথ টানিয়া লইয়া যায়। ইক্স মহাবার এবং যুদ্ধে অজ্ঞেয়। তাঁহার জনক জননাও বার ছিলেন। ছফা তাঁহার অভ এক হাজার তীক্ষধারবিশিষ্ট সুবর্ণ বজ্ঞ নির্মাণ করিয়া দিয়াছে; সেই বজ্রমারা ডিনি অসুর বধ করেন ৷ কোনও কোনও স্থান এই এজকে লোহনিমিডও বলা হইয়াছে। সম্বর, অহি, র্ত্ত, অবুদি, বিশ্বরূপ এড়ডি अमुद्राप्त हेला वर्ष करत्रन । बृद्ध अनादाध कविया द्राप्त, हेला जाहारक वध করিয়া জলরাশি মুক্ত করেন এবং পৃথিবীর উপর বারিধারা পভিত হয়। ইজ অশ্বে আরোহণ করেন এবং নদী পার হইবার সময় দৃঢ় নৌঝায় আরোহণ করেন। তাঁহার বছ হুর্গ আছে, তমুখ্যে কতকগুলি লৌহময়, কতকগুলি এস্তর নির্মিত। নিরানকাইটি (৯৯) গুর্গের উল্লেখ আছে। এই সকল শক্তর বা দস্যুর আভেন্য। ইন্স বৈদিক আর্যগণের অভিপ্রিয় দেবতা এবং শাতীয় আদর্শ বরূপ। দেবতাগণের অধিপতিরূপে তাঁহার বর্ণনা করা হইয়াছে : 'ইক্স' শব্দের ব্যুংপত্তি-গত অর্থ ('ইদি ধাতু পরমৈশ্বর্য') পরমেশ্বর অর্থাৎ যিনি সকলের व्यक्षिपिति । हेला पर्वेख, प्रवेगव्यिमान बन्द गाप्तक । ज्ञानत ७ व्यक्तम, ८०७न ७ অচেতন সকল পদার্থই তাঁহার দার। নিয়ন্তিত হইতেছে। ইব্রু সোমরস পান করেন। তাঁহার মহানলে সোমরসপানের বিবরণ সর্বএই সুঞ্চে কার্দ্ধিত इदेशाटकः। जाशात मन्नोत नाम हेलानी ; हेलानी नानावर्नकुक केकोब भागमान করেন। শচীর নামও পাওয়া যায়। ইঞাণীই শচী। ইজের একটি নাম শতক্রতু। 'क्रपु' मरमत यक्क वर्ष वाजीज 'कर्म'ल क्षकार वर्ष । हेल्स सूक्ष कर, वाजुद्रवय, দাস ও দসুগোণের পরান্তব, জলনিকাসন প্রভৃতি বহু কর্ম করেন। শতক্রতু অর্থাৎ অনন্তকর্মকর্তা। এখানে 'শত' শব্দ অসংখ্য অর্থে ব্যবহৃত ইইলাছে। পুরাণে 'শতক্রতু' শব্দের শত্যক্ত অর্থ দাঁড়াইলাছে। বাহা কিছু বলবার্থের কর্ম সবই টাক্রর কর্ম; 'থা চ কা চ বলকৃতি: ইক্রকর্মের ডং'। বুংত্রের বধকর্তা বলিয়া—ইক্রের একটি নাম 'বৃত্তত্ব'। এই একই অর্থে জরপুশ্ত্রধর্মের 'জেন্দ আবস্তা' গ্রন্থে 'বেরেপ্রন্ধ' শব্দ পাওয়া যায়। দাস জাতি ও দসুগেণকেও ইক্রে শান্তিদান করেন। ১০ দসুগ শব্দ অনার্থজাতির ইলিভ করা ২ইলাছে। কেবল অলোকসামাত্ত শারীরিক বলই যে ইক্রের আছে তাহা নহে, অভূত মানসিক শক্তিতে তিনি বলীয়ান।

উপাসকদের প্রতি তিনি অত্যন্ত দয়ালু এবং তাহাদিশকে প্রভৃত ধনদান করেন। এইঞ্চ তাঁহার একটি আখ্যা 'মঘবন' অর্থাং ধনদাতা।

যুদ্ধকালে উভয় পক্ষের যোদ্ধর্ন্দ যোদ্ধার আদর্শরপে ইব্রুকে বিজয়র্থ আহ্বান করেন এবং তাঁহার কুপাব্যতীত জয়লাভ অসম্ভব। তিনি পার্থিব রাজ্যপকেও প্রতিশ্বন্দী নরপরতির বিরুদ্ধে সহায়ত। করেন। সুদাস নামক রাজা তাঁহার সাহায্য লাভে বিপক্ষকে পরাজিত করিয়াছিলেন।

ইজের সকল স্ভাই তিফুপ্ছলে এথিত। তিফুপ্ছল, অভরীক্লোক, মাধ্যন্দিন সোমসবন, গ্রীয়াঋতু, সোমপান, বীরত্বপূর্ণ কর্ম, অসুরবধ প্রভৃতির সহিত ইজের নিত্য সম্ভ ।

ইল্লের অসুরবধ, যুদ্ধাদি কোন ঐতিহাসিক ঘটনা কিনা এবং কোন্ প্রাকৃতিক উপসর্গের প্রতীক ইল্ল ইচা লইয়া বিবংসমান্দে নানামত প্রচলিত। কেহ কেহ বলেন ইল্ল কর্তৃক অসুর ও দস্যবধের প্রকৃত অর্থ হইল বৈদিক যুগে— আর্থগণ কর্তৃক অনার্য বা আদিবাসিগণের ক্রমশঃ পরাক্ষয়, আর্য সভ্যতার ক্রমবিস্তার। অপর একদল বলেন ইল্লা সূর্য ব্যতীত অন্য কিছুই নহে; ইল্লা কর্তৃক অসুরনাশ অর্থাং সুর্যের উদয়ে অন্ধকার বিনাশ। কেহ কেহ আবার অসুর বলিতে মেদ্ব এবং ইল্লা বলিতে বন্ধা, বিহাং ও বায়ুর সমাবেশ বৃষিয়াদেন।

ব্রুণ :—খগ্বেদে বাদশট সুক্তে বরুণ দেবভার আবাহন করা হইখাছে। বেদের দেবভামগুলীর মধ্যে বরুণ গুরুত্বপূর্ণ ও সম্ভাবিত স্থান অধিকার করিয়া আছেন। খাথেদের মুখ্য দেববৃদ্দের ভিনি একজন। মিত্রনামক দেবভার ইনি সহচর এবং ডজ্জার 'মিত্রাবরুদেশি' দেবভা বন্দ্সমাসে উভয়ের উল্লেখ প্রারশঃ দৃষ্ট হয়। সুর্যের হুইটি ভিরুত্বপ মিত্র ও বরুণ। দিবাভাগের সুর্যের

नाम मिळ बदर दाकिकानीन भूर्यंत्र नाम दक्षण। 'वृ' धांकृ इहेरक 'दक्षण' শব্দের ব্যুংপত্তি নিরুক্ত গ্রন্থে প্রদর্শিত হইয়াছে। বকুণ 'আবুণোতি সতঃ পদার্থান ইতি বরুণঃ' অর্থাং যিনি সমস্ত পদার্থকে (অঙ্কারে) আবৃত করেন। সূর্য যে কখনও অস্ত যায় না-दाजिकारमध (य पूर्व विदाक करत हैश विमिक आर्वशराव पूर्विमिछ हिम अबर ঐতব্যেষ্ট্র, কোষীতকি ও পঞ্চবিংশ ত্রাহ্মণে তাহার সুস্পই উল্লেখ আছে। বেদে বরুণকে বিশেষ ভাবে নৈতিক জগতের নিয়ম ও শৃত্মলার রক্ষক অধিপতিরূপে বর্ণনা করা হইয়াছে। তাঁহারই নিষন্ত্রণে ও শাসনে সুর্য, চল্রা, নক্ষত্র প্রভৃতি স্বীয় কক্ষপথে আবর্তন করিতেছে, বিশ্বের 'ঋত' বা নিয়ম শৃত্বলা তিনি রক্ষা করেন: এইজন্ম তাঁহাকে 'ধৃতত্তত', 'ধর্মপতি' প্রভৃতি সংজ্ঞা দেওয়া হইয়াছে। ভিনি সর্বজ্ঞ ও সর্বশক্তিমানু; তাঁহার দৃষ্টি সুদূরপ্রসারী, সর্বত্রগামী। উধ্বের্ণ বিহন্ধকুল যতদুর গমন করে, দিক্চক্রবালে সমুদ্রের পোত যেখানে গমন করে স্বই তিনি দেখিতে পান ও জানিতে পারেন। রাত্রে মনুষ্ঠগণ চৌর্য, ৰ্যভিচারাদি যাহা কিছু পাপ-কার্য করে সবই তিনি জানিতে পারেন; তাঁহার দৃষ্টি কেহ এড়াইতে পারে না। এইজন্ম বরুণকে সকলে ভয় করে ও পাপ হইতে অব্যাহতিক্ষয় স্তুতি করে। তিনি সদ্য হইলে মানব নিজের পাপ ও বংশগত পাপ হইতে মুক্ত হইতে পারে। তাঁহাকে সম্রাট্ বলা হইয়াছে; এই সংজ্ঞায় নরলোক ও সুরলোকে তাঁর আধিপত্য প্রমাণিত ৷ তাঁহার বহু চর আছে ; চরগণকে 'স্পিন' ও 'স্পন' বলে ; লাডীন (Latin) 'Spicio' ও ইংরাজী 'Spy' (স্পাই) একার্থবাচক শব্দ। বরুণের 'সম্রাট্' উপাধি এবং চর প্রভৃতি হইতে ঋগ্বেদীয় মুগে আর্থগণের রাজনৈতিক ব্যবস্থার সুন্দর চিত্র সহজেই অনুমান করা যায়। দেবগণের মধ্যে ডাঁথাকে সম্রাট্ বলায় বৈদিক দেবগণের মধ্যে যে এক পরমেশ্বরের সন্তা নিহিত এই তত্ত্বেও উপলব্ধি হয়। বরুণের একটি বিশেষণ 'অসুর' প্রায়ই দৃষ্ট হয়। এই 'অসুর' শব্দের অর্থ 'অসুন্ প্রাণান্ রাভি দদাভি' যিনি প্রাণ দান করেন। এই অর্থেট 'অসুর' শব্দ মাজদীয় ধর্মগ্রন্থে 'অভ্র' (অভ্র মাজদা) শব্দে রূপান্তরিত হইয়াছে।

বৰুণ পাশ ঘারা পাণীকে বন্ধন করেন। পুরাণে বরুণ জলের দেবতা; বেদে বরুণের উপত্তে উক্ত অন্তরূপ চিত্র পাই। বেদে বরুণের জলের সঙ্গে মাত্র এইটুকু সম্বন্ধ আছে,—তিনি জলদান করেন এবং উদরী রোগ হইতে মুক্তি দিতে পারেন। উদরে জল সঞ্চার হইতে উদরীরোগ জল্ম। প্রাচীন প্রীসদেশের দেবভাতত্ত্বে উরেনস (Uranos) নামে জলদেবতার সহিত বেদের

বরুণের তুলনা করা হয়। বরুণের প্রথম 'ব'কারটি অস্তম্ব 'ব' ডজ্জান্ত উভয়ের নামের উচ্চারণেও সাদৃত্য আছে।

অগ্নি:--ইজের পরেই ওরুতে অগ্নির স্থান। ঋক্সংহিতায় প্রায় তুইশত মৃক্তে অগ্নির আবিছিন ও স্তুতি করা হইয়াছে। শরীরধারী পুরুষের স্থায় অগ্নির বর্ণনা করা হইয়াছে। তাঁহার আনন ও পৃষ্ঠ দেশ ঘৃতবর্ণ, কেশরাশি ক্ষুলিক্সবর্ণ, মাত্রু পিঙ্গল এবং দন্তপংক্তি সুবর্ণ ভাষর ; চিবুক সুগঠিত ও উন্নত। অগ্নি দেবতাদের মধ্যে আমাদের সর্বাপেক্ষা নিকটভম ('অগ্নিবৈ (पर्यानामरमः)। (पर्यात्रा माकार ভाবে यख्छत इवि आश्वापन कर्द्रन ना ; অগ্নির মুখ দিয়া আয়োদন করেন। এই জন্মই অগ্নিকে দেবভাদের মুখ বলা হইয়াছে; 'অগ্নিবৈ মুখং দেবনাম্' এবং এই জন্মই যজ্ঞে হোমকুণ্ডে আছিতি দিবার সময় অগ্নির কেলিহান শিখার অগ্রভাগে আহুতি দিতে হয়; তাহাই অগ্নির বিহ্না। বৈদিক আর্যগণ গৃহে 'পার্হপত্য অগ্নি' রক্ষা করিতেন। অগ্নিকে এইজন্ম 'গৃহপতি' সংজ্ঞা দেওয়া হইয়াছে। অগ্নির অগ্নি র্থ বিহাতের দায় হিরণ্য বর্ণের এবং অতি উজ্জ্বল। ক্ষেক্টি রক্তবর্ণের এবং ক্ষেক্টি কপিশবর্ণের অশ্ব তাঁহার রথ টানিয়া লইয়া যায়। সেই রথে তিনি যজ্ঞে আহুত অন্যাশ্য দেবদেবীগণকে যজ্ঞছলে বহন করিয়া লইয়া আদেন। তিনি দেবতাদের প্রতিনিধিরূপে যজের আছতি গ্রহণ করেন এবং পুরোবর্তী হইয়া দেবতাগণকে আনমন করেন বলিয়া তাঁহাকে দেবগণের 'পুরোহিড' বলা হইয়াছে। হোডা, অধ্বযুর্ব, পুরোহিড, বন্ধন্ বিভিন্ন পুরোহিত বাচক চারিটি সংজ্ঞাই অগ্নির প্রতি প্রমুক্ত হইয়াছে। ইব্র যেমন মহাযোদ্ধা অগ্নি তদ্রপ পুরোহিতগণের মধ্যে শ্রেষ্ঠ। অগ্নি উপাসকগণের মনোবাঞ্চা পূর্ণ করেন। অগ্নি গ্নালোকে, অন্তরীক্ষলোকে ও ভ্লোকে সর্বত্রই বিরাজ করেন। তিনি হালোকে উৎপন্ন হইয়াছিলেন এবং মাতরিশ্ব। তাঁহাকে পৃথিবীতে লইয়া আসিয়াছিল: গ্রীক্ পৌরাণিক কাহিনীতে পাওয়া যায় প্রমিথিউস্ (Prometheus) রূপ হইডে মর্ডো অগ্নি লইয়া আসিয়াছিলেন; প্রমিথিউস্কে গ্রীক্ মাতরিশ্বা বলা চলে। অগ্নিপূজা বা অগ্নিভত্ত্ব (fire cult) অভি প্রাচীন এবং ভারতবর্ষ, পার্যা (ভর্গুশ্তে ধর্মের দেশ), মিশর, গ্রীস ও (वामरमस्य शाहीन कारण हेहा शहलिख हिल। (यरमत व्यक्ति अविह नाम 'প্রমৃত্ব', এীক্ প্রমিথিউস্ নামের সহিত ইহার সাদৃত্য আছে। আবার অগ্নিবাচক লাভিন 'ইগ্নিস্' (Ignis) এবং স্লাডোনিক ভাষার 'অগ্নি' (Ogni)

শব্দের সহিত সংস্কৃত 'অগ্নি' শব্দের উচ্চারণের ও অর্থের আশ্চর্য সাদৃখ্য পরিলক্ষিত হয়।

ঋথেদের প্রথম সৃক্তই অগ্নির সৃক্ত; এতদ্বারাও অগ্নির প্রাধান্ত প্রমাণিত।
হুইটি অরণিকার্চ পরস্পর মর্যণ করিয়া যজ্ঞের অগ্নি উৎপাদন করা হুইত।
ইহাকে 'অগ্নিমন্থন' বলা হুইত। এইক্ষন্ত অরণিকার্চদ্বারকে অগ্নির পার্থিব ক্ষনক ক্ষননী বলা হুইয়াছে। অগ্নিদেবভার সকল সৃক্তই গায়ত্রীছদ্দোবদ্ধ।

অশ্বিনোবা অশ্বিদেবতা যুগল :—ইক্স, অগ্নি, সোম ও বরুণ দেবতার

পরেই ওরুত্বে ও মহিমায় অশ্বিদেবতার স্থান ৷ এই দেবতা সর্বদা যমজরূপে কীর্ভিত। নামটির ব্যুংপত্তিগত অর্থ হইল (অশ্ব + ইন্ = অশ্বিন্) যাহার অশ্ব আছে। 'অশ্বিনৃ' শব্দের প্রথমার ছিবচনে 'অশ্বিনেনি', যুগল বা যমজ বলিয়া বিবচনের প্রয়োগ হইয়াছে। গৌরবে বছবচনও স্থানে স্থানে ব্যবহৃত হইরাছে। তাঁহারা বিবয়ান্ ও সর্গার যমজ পুত্র একথাও বলা আছে; আবার ঋক্সংহিতার হুইটি ঋকে (৫-৭৫-৩ এবং ১-৪৬-২) তাঁহাদিগকে রুদ্র ও সিফ্রুর সন্তান বলা হইয়াছে। তাঁহারা প্রথমে মানুষ অশ্বিযুগল ছিলেন,—তৃইজন পুণ্যশীল রাজা, গুণাবলে পরে দেবত লাভ করেন। এডজ্জেশ্য অশ্বিযুগলকে 'কর্মদেব' বলা হয়, তাঁহারা 'আছানদেব' নতেন। কর্মের হারা দেবত লাভ করিয়াছেন। সুর্যের কলা সুর্যা অভিহয়কে স্বয়ন্ত্র সভায় পভিরূপে বরণ করে। অস্থিদের রখে সূর্যা গমন করেন। অশ্বিস্থান সোমরস ও মধুপান করেন, বিশেষ করিয়া মধুপান তাঁহাদের অভি প্রিয়। সুষ্। এবং উষা তাঁহাদের সহিত সোম পান করেন। ভাঁহাদের রথের বর্ণ মধুর ভাষে এবং রথটি মধুতে পরিপূর্ণ, বংটির তিনটি চক্ত এবং রখটি কখনও অশ্ব, কখনও ৰুহদাকার বিহঙ্গ, কখনও পক্ষমুক্ত অশ্ব এবং কখনও গর্দভ আকর্ষণ করে। অশ্বিদের আর একটি নাম 'নাসড্য'। তাঁহারা সুগন্ধি উজ্জ্বল পদাফুলের মালায় শোভিত হইয়া রথে শমন করেন। সমুদ্রগমনের वर्षनाथ करवकि मृत्क चारक धवः धकमा नैष् वाबा हानिए ('मणादिकः নাবম্') ভাঁহাদের সামৃদ্রিক যানের উল্লেখ আছে। বিপদাপর উপাসকগণকে बर जनगगरक व्यामोकिक मास्कि वाम त्रका कदात वह काश्मी बहे (पवडारमद সহিত বিজ্ঞতি। জনগণকে সাহায্য দান ও বিপদ হইতে আঠকে ত্রাণ করা তাঁহাদের একটি মুখ্য কর্ম। উদ্ধারের বহু কাহিনীর মধ্যে ভুজ্যু রাজার কাহিনী প্রসিদ্ধ। সুদ্ধ সমূদ্রে ভুজ্যুরাক্ষার পোত ভর হইরা কলমর হয়।

তিনি মনে প্রাণে অশ্বিদেৰতায়ুগলকে স্মরণ ও স্তুতি করিতে থাকেন এবং তাঁহারা ভুক্সার প্রাণ রক্ষা করেন।

স্বর্গের ভিষক্ রূপে তাঁহাদের বর্ণনা সর্বত্ত দৃষ্ট হয় । তাঁহারা বিচক্ষণ চিকিৎসক। তাঁহাদের চিকিৎসায় অন্ধ্রণণ দৃষ্টি শক্তি ফিরিগ্রা পায়, পীড়িতগণ সুস্থ হয়, আহতগণ আরোগ্যলাভ করে।

অস্থিদেবতার কাল সম্বন্ধে যাস্ক বলেন—স্থোদয়ের পূর্বে যখন আকাশ ও পৃথিবী অন্ধকার মুক্ত হয় এবং দিগন্তে অরুণ আভা ফুটিয়া উঠে সেই সময় অস্থিদেবতার কাল। এই দেবতাযুগল কে এই বিষয়ে তাঁহার পূর্বাচার্যদের মত যাস্ক উল্লেখ করিয়াছেন। কেহ কেহ বলেন অস্থি যুগল হালোক ও ভূলোকের প্রতীক। কেহ কেহ বলেন তাঁহারা রাত্রি ও প্রভাতের সন্ধিক্ষণ এই উভয় সন্ধাবোধক এবং এইজন্ম অন্ধতি কল্পিত।

ক্রা ;— ঝক্বেদে কন্দ্রদেবতার মাত্র তিনটি সৃক্ষ দৃষ্ট হয়। এতদ্ব্যতীত আর একটি সৃক্ষের একাংশে এবং অপর একটি সৃক্ষে সোম দেবতার সঙ্গে তাঁহার আবাহন করা হইরাছে। ক্রান্ত বাজ্রের দ্যোতক, বজ্রপাত, অশনিনির্বোষ প্রভৃতি তাঁহার চক্ষ্মাহ্য বাহ্য প্রাকৃতিক প্রভীক। ঝড়, ঝঞ্জাবাত্যার দেবতা মক্রদ্গণ ক্রান্তর পুত্র রূপে উক্ত হইরাছে। ক্রান্তর ব্যক্তিত বৈচিত্রাপূর্ণ। তাঁহার রূপের বিবিধ বর্ণনা বেদে দৃষ্ট হয়। তাঁহার বিলিষ্ঠ বাহ্য, সুগঠিত ওচাধর, আদিত্যবং ভারর দেহকান্তি, সুবর্ণনির্মিত অলংকার, কনকনিভ জটাকলাপের প্রশংসায় সৃক্ত তিনটি মুখরিত। তিনি রূথে বিচরণ করেন এবং ধনুর্বাণ ও ভীষণ বজ্ল-আয়ুধে ভ্ষত। 'ক্রান্ত' নামের উপযোগী তাঁহার ভীতিসঞ্চারক কার্যক্রলাপ। তিনি ক্রকর্মা ভীমদর্শন ও সংহারক। ঋ্রেদে ক্রান্তর এই সংহারক ভীষণ ক্রপই পাওয়া যায়, শিবক্রপ

দৃষ্ট হয় না। জীবলোকে সকলেই তাঁহাকে ভয় করে এবং তাঁর চরণে কাতর আকৃতি জানায় যে তিনি যেন উপাসকের পুত্র, পৌত্র, গো, অশ্ব প্রভৃতি বিনাশ না করেন; 'মা ন ভোকে তনয়ে মা ন আয়ুমি মা নো গোষু মা নো অশ্বেষু রীরিমঃ' (ধাগ্বেদ ১-৮-৬ এবং গুরু যজুর্বেদ ১৬-১৬) অর্থাং,—'হে রুদ্র! আমাদের পুত্র, পৌত্র, আমাদের জীবন ও আমাদের গো, অশ্বাদি পগুকে তৃমি হিংসা করিও না।' রুদ্রের ক্রোধ তাঁহার বজ্লের মতনই অভি ভীষণ। তিনি অভ্যন্ত শক্তিমান, ক্রিপ্রগামী, মুদ্ধে অজ্বের, তেজেল অধ্যা এবং ক্রমভার অপ্রতিঘল্টা। তিনি প্রাচীন হইরাও চির মুবা। দেব ও মনুয়াগণের সকল আচরণ তিনি দেখিতে পান। তাঁহাকে বিশ্বের 'ঈশান' বা ঈশ্বর সংজ্ঞাও দেওয়া হইরাছে।

রুজের ভীষণ রূপের বর্ণনার প্রাচুর্য ঝগ্বেদে দৃষ্ট হয় সভ্য, কিন্তু কয়েকটি কল্যাণ রূপেরও উল্লেখ আছে। তিনি বৈদ্যরাজ, ভিষ্কৃগণের মধ্যে শ্রেষ্ঠ ভিষক্; 'ভিষক্তমং ড্বা ভিষজাং শৃণোমি' (২-৩৩-৪)। একটি থাকে ঋষি প্রার্থনা করিতেছেন,—'শতং হিমা অশীয় ভেষজেভিঃ (২-৩৩-২) অর্থাং 'হে রুজে! আমি যেন তোমার প্রদন্ত ঔষধের বলে একশত শীতকাল (বংসর) বাঁচিয়া থাকি।' রুজের এই ভিষ্কুরূপে ব্যাধি আবোগ্য করার বর্ণনায় আমরা তাঁহার রুজ রূপের মধ্যেও কল্যাণরূপের আভাস পাই। এই কল্যাণ বা শিবরূপ পূর্ণরূপে ফুটিয়া উঠিয়াছে তুরু যজুর্বেদের বিখ্যাত রুজাধ্যায়ে। তথায় রুজকে যেমন 'ঘোর', 'ঘোরতর' (ভীষণতর) বলা হইয়াছে তক্রপ 'শিব' 'শিবতর'-ও বলা হইয়াছে এবং রুজকে শিব, শংকর ময়ন্তর, শল্ভব, ম্যোভব প্রভৃতি কল্যাণবাচক সংজ্ঞায় স্তাতি করা হইয়াছে। রুজকে মনুয়ের রক্ষক, অশ্বের রক্ষক, গোজাতির রক্ষক, কুক্বরের রক্ষক এবং ব্যাধ, শবরাদি অনার্য জাতির রক্ষক রূপেও বর্ণনা করা হইয়াছে।

'রুল্র' শব্দের নির্বাচন বা ব্যুংপত্তি সম্বন্ধে ঐতরেয় প্রাক্ষণে বলা হইয়াছে, এই দেবতা জন্মিয়াই ভীষণ রোদন করিয়াছিলেন তজ্জ্য রুদ্র নাম হইয়াছে; 'স জাত এবারোদীং তদ্রুদ্রয় রুদ্রত্বয় রুদ্রত্বয় পতিত্বগণ ইহার ব্যাখ্যা প্রসঙ্গে বলিয়াছেন,—রুদ্রের জন্মমাত্র ভীষণ রোদনের অর্থ হইল বজ্লের জন্মমাত্র অর্থাং বজ্পাত মাত্র ভীষণ নির্ঘোষ। যখনই বজ্পাত হয় তখনই ভীষণ শব্দ হয়। রুদ্রই বজ্ল তজ্জ্য রুদ্রের জন্মমাত্র ক্রন্দনধ্বনি শ্রুত হয়। পুরাণে রুদ্রের রুদ্ ধাতৃটিকে নিজন্ত রূপে ব্যাখ্যা করা হইয়াছে,—'যিনি সকলকে অভিমন্তালে রোদন করান।' সায়নাচার্য এই পৌরাণিক ব্যাখ্যাই অবলম্বন করিয়াছেন। সায়নের কাল চতুর্দশ শতাব্দী (খৃষ্টাব্দ); তখন পুরাণের পূর্ণ প্রভাব; তজ্জ্যু তাঁহার বেদের বন্ধ স্থানের ব্যাখ্যা পৌরাণিক কাহিনীর ছারা প্রভাবিত।

কোন্ প্রাকৃতিক উপসর্গ রুদ্রের প্রতীক ইহা সইয়া পাশ্চান্তা পণ্ডিতগণের মধ্যে মতভেদ দৃষ্ট হয়। মেক্ডোনেল (Macdonell) মনে করেন বিহাংসহ মড় ঝঞ্জাই রুদ্রের প্রতীক। তাঁহার ছাত্র কীথ (Keith) বলেন ঝড় ও বক্সই রুদ্রের বাহ্যরূপ। লুই রেগু (Louis Renou) এই মড় রীকার করেন নাই এবং কোনও সভোষজনক ব্যাখ্যান্তরও দেন নাই। থাগ্বেদের রুদ্রস্কুত অবহিতভাবে পাঠ করিলে রুদ্রের পার্থিব প্রতীক যে বক্স সে বিষয়ে কোনই সন্দেহ থাকে না।

লোমেল (Lommel) প্রভৃতি কয়েকজন পণ্ডিত রুদ্রদেবতা জনার্যগণ হইতে আর্যগণ লইবাছিলেন বলিয়া মনে করেন। তারু যজুর্বেদের রুদ্রাধায়ের রুদ্র আনার্যগণের রক্ষকরপে কাভিত হইয়াছেন এবং ভংপ্রসক্ষে কভিপয় অনার্যজাতির উল্লেখ আছে সভ্য, কিন্তু খাগ্বেদের রুদ্র সৃক্তে কোনও আনার্যজাতির প্রসঙ্গ লাই এবং অনার্যগণের নিকট হইতে ধার করার কোনও প্রমাণ নাই। খাতনামা পণ্ডিত অটো (Otto) এবং হাউয়ার্ (Hauer) বলেন খাগ্বেদের রুদ্র সম্পূর্ণ আর্যদেবতা। সংহিতাও রাহ্মাপ্রপ্রস্থ অধ্যয়নে এই সিদ্ধান্ত পাওয়া যায় যে আর্য অনার্য উভয় ধর্মে রুদ্র দেবতার উপাসনা, পূজা প্রচলিত ছিল; পরবর্তিকালে উভরের সংমিশ্রণ ঘটে।

मक्र - अग्रविष 'मक्र र' नामक प्रविज्ञान विभिक्ते ज्ञान अधिकात कतिया

আছে। তাঁথাদের উদ্দেশে ভেত্তিশটি সৃক্ত দৃষ্ট হয় ; ভদ্বাতীত ইল্লের সহিত একৰোগে আছুত সাভটি সৃক্ত, অগ্নির সঙ্গে একটি ও পুষার সঙ্গে একটি সৃক্ত পাওয়া যায়। মরুং বলিতে একজন দেবতা নছে, একদল দেবতা বুৰায়, তজ্জ্য সর্বদা বছবচনের প্রয়োগ দৃষ্ট হয়। কয়জ্জন দেবতা মিলিয়া মরুৎসম্ভি গঠিত তাহার সংখ্যা ঋগ্বেদের এক এক মন্ত্রে এক এক প্রকার পাওয়া যায়। একটি খাকে (৮-২৮-২) সাতজন, একটি খাকে (৫-৫২-১৭) উনপঞাশ জন, আবার (৮-৯৬-৮) এক মল্লে তেষট্টি জন মরুতের উল্লেখ আমরা পাই। সাধারণতঃ ঋগ্বেদের মুগে এই সংখ্যা সাত ছিল বলিয়াই বিখদ্বর্গমনে করেন এবং পৌরাণিক যুগে ইহা সাত গুণ সাত অর্থাৎ <u> শক্তদ্</u>গণ উনপঞ্চাশে দাঁড়ায়। রুদ্রদেবতার ওরসে পৃশ্লির গর্ডে মরুদ্গণের জন্ম হইয়াছিল। পৃশ্লি শব্দের সাধারণ অর্থ চিত্রিড (Spotted, dappled); এছলে পৃত্তি বলিতে ধুসর, কৃষণ, নীল প্রভৃতি নানা বর্ণে রঞ্জিত মেঘ ৰোধ্য। অন্তরীক্ষলোকের উদরে বায়ু মরুদ্গণকে সৃষ্টি করেন। মরুদ্গণের বাহ্য দৃষ্টিগ্ৰাহ্য প্ৰভীক হইল ৰঞ্জা বাভ্যা। বজ্ল, বিহাৎ, মেদ, বৃষ্টি ও ভীম-প্রভঞ্জনের সহিত তাঁহাদের অবিচ্ছেদ্য সম্বন্ধ।

মরুদ্দেবতাগণ উচ্ছল বেশভ্যাশোভিত, বর্ণবর্ণ এবং অতি তেজরী। তাঁহারা পুষ্পমাল্য, সুবর্ণ উত্তরীয়, বর্ণালংকার এবং হিরগম উষ্ণীয় ধারণ করেন। বেগবান চিত্রিত অশ্বকর্তৃক বাহিত সুবর্ণমন্তিত রখে তাঁহারা গমন করেন; সেই রখ হইতে বিহাংগ্রন্তা বিজুরিত হয়। হুর্ধর্ম যোদ্ধা এই দেবগণের হল্ডে বল্লম, ভীর, ধনুক বিরাজ করে। তাঁহাদের গর্জন অশনির নির্ধোষে ক্রুত হয় এবং সেই ভীষণ শব্দে হালোক, ভূলোক ত্রাসে কম্পিত হয়। ভীষণ বেগে ত্রিভূবনে তাঁহারা গমন করেন, বিশাল বৃক্ষরাজি উংগাঁটিত এবং অরণাানী উন্মথিত করেন। দেবলোকের গায়করণে হরুদ্গণের বর্ণনা করা চইয়াছে। তাঁহারা গান করেন এবং বংশীবাদন করেন। এই গান ও বংশীধান কঞ্জার সময় প্রভ্রমনের বিবিধ শব্দ ব্যতীত অন্থ কিছু নহে। ইন্দ্র এবং এই দেববৃন্দ উভয়েই অন্তরীক্ষলোকবাসী বলিয়াইন্দ্রের সহিত মরুদ্র্নদের সদা সাহচর্য ঋগ্বেদে কীতিত হইয়াছে। তাঁহারা ইন্দ্রের বন্ধু ও স্থা, এবং ইন্দ্রের শক্তি বর্ধন করেন।

বৈদিকোন্তর যুগে 'মক্রং' শব্দ বায়ুর একটি নামে পরিণত হয়, কঞ্জাবাত্যার বৈদিক্যুগের বিশেষ রূপটি বিল্পু হয়। ভিকাপ্তার (Wikander) মনে করেন মরুদ্গণ বৈদিক্যুগের যুদ্ধপ্রিয় অর্ধসভ্য একদল মানবের প্রভীক মাত্র; আবার হিলেবান্ট (Hillebrandt) মরুদ্গণকে মৃত পূর্বপুরুষের প্রেভাদ্মারূপে বাখ্যা করিয়াছেন। কিন্তু এই উভয় ব্যাখ্যাই ভিত্তিহীন এবং ঋগ্বেদের মন্ত্রে ইহার সমর্থন পাওয়া যায় না। ম্যাক্ডোনেল এই দেবগণকে 'Storm-Gods' অর্থাং কঞ্জার অধিষ্ঠাতা দেবভা বলিয়াছেন এবং এই ব্যাখ্যাই স্মীচীন।

এই গ্রন্থের পরিশিষ্টে রহস্পতি, বায়ু, সূর্য, অপাং নণাং, বিষ্ণু, উষা, বাক্, পর্জন্ম প্রভৃতি আরও কয়েকজন দেবতার আলোচনা করা হইয়াছে।

দশম পরিচ্ছেদ যজ্ঞ ও পুরোহিড

পুরোহিত

যজ্ঞের অনুষ্ঠানে যোলজন পুরোহিতের প্রয়োজন হয়। তথায়ে মূল পুরোহিত চারিজন যথা, ঋগ্বেদীয় পুরোহিতের নাম হোতা, সামবেদীয় পুরোহিতের নাম অধ্যয় এবং ঋক্সাম-যজ্ তিবেদবিং পুরোহিতের নাম কলা। কলাই সর্বাপেকা সম্মানিত পুরোহিতে বা ঋতিক। তিনি যজানুষ্ঠানের প্রধান পুরোহিত এবং যজ্ঞ কর্মে যদি কোনরূপ বিকলতা বা বৈশুণা ঘটে ভার জন্ম তিনিই দায়ী। সম্মান্ত হজ্ঞবর্মটি ভিনি পরিচালনা করেন। প্রত্যাক পুরোহিতের ভিন্তন করিয়া সহকারী পুরোহিত আছেন। মৈতাবরূপ, অভাবাক ও গ্রাহতুল— এই ভিন্তন

পুরোহিত হোণার সহকারী। প্রস্তোতা, প্রতিহণ্ডা ও সুরক্ষণা এই তিনজন উদ্গাতার সহকারী। প্রতিপ্রস্থাতা, নেইটা, উল্লেখ্য এই তিনজন ক্ষেম্বর সহকারী এবং রাক্ষণাচ্ছংসা, অগ্নীপ্র ও পোতা এই তিনজন ক্রন্সার সহকারী। এই যোলজন পুরোহিত ব্যতীত কৌষীতকিরাক্ষণমতে সদস্য নামে অপর একজন পুরোহিত আছেন; তাঁহাকে লইয়া পুরোহিতের সংখ্যা সর্বসমেত সপ্তদশ। অশ্য একদলের মতে যেহেতু যজমানকেও বহু মন্ত্র পাঠ করিতে হয় ও বহুপ্রকারের অনুষ্ঠান করিতে হয়, তিনিও পুরোহিত পদবাচ্য এবং তাঁহাকে লইয়া পুরোহিতের সংখ্যা সপ্তদশ হয়। আপত্তম শ্রোত্তিত্ব পুরোহিতগণের নাম শ্লোকাকারে লিপিবদ্ধ আছে।

'অধ্বয়ু'ং প্রতিপ্রস্থাতারং নেফারমুরেতারমিত্যধ্বয়ু'ন্ ব্রহ্মাণং বাহ্মণাচ্ছংসিনমগ্রীধ্রং পোতারমিতি ব্রহ্মণঃ। হোতারং মৈত্রাবরুণমরচ্ছাবাকং গ্রাবস্তুত্তিমি হোত্ন, উদ্গাতারং প্রস্তোতারং প্রতিহর্তারং সুব্রহ্মণামিতি উদ্গাত্ন। সদস্যং সপ্তদশং কোষীত্তিকঃ সমামন্তি ॥'

ঋগ্বেদীয় পুরোহিত হোতা ঋক্সংহিতার মন্ত্রবাহরণে দেবতাগণকে আহ্বান করেন। সামবেদজ্ঞ পুরোহিত উদ্গাতা সামগান গাহিচা দেবতাগণের স্তুতি করেন। উদ্গাতা নামটির মধাই গায়কের ইঙ্গিত বহিষাছে। যজুর্বেদিবিং অধ্বয়ুর্ব যজ্ঞের সকল কর্ম সম্পাদন করেন। অধ্বয়ুর্ব নামটি 'অধ্বর্ধ' বা 'হজ্ঞ' হুইতে আসিয়াছে। নিরুক্তকার যায় 'অধ্বয়ুর্ব' শব্দটির নির্বচন এই ভাবে দেখাইয়াছেন—'অধ্বয়ুর্ব অধ্বরয়ু অধ্বরং যুনক্তি অধ্বরয় নেতা' অর্থাৎ তাঁহাকেই অধ্বয়ুর্ব বলা হয় যিনি অধ্বরকে যজ্ঞকে যুক্ত করেন রূপায়িত করেন এবং যজ্ঞের সকল কর্ম সম্পাদন করেন। যজ্ঞের বেদী-নির্মাণ, হোমকুণ্ড নির্মাণ পুরোডাশাদি হব্যদ্রবা পাক, আহুতি প্রদান প্রভৃতি সমন্তই অধ্বয়ুর্বর সম্পাদন করিতে হয়। তজ্ঞ্জন্ম যক্ষানিস্পাদনে যজ্জ্ববিদীয় পুরোহিতের স্থান গুরুত্পূর্ণ। ব্রহ্মা ত্রিবেদবিং। তিনি ঋক্ সাম যজ্মুং ত্রিবেদক্ত ভজ্জন্ম তিন বেদের ভিন্ন ভিন্ন পুরোহিতদের ক্রটি লক্ষ্য করিতে পারেন ও স্ববিষয় চালনা করিতে পারেন।

প্রত্যেক যজ্ঞে এত জন অর্থাৎ যোলজন পুরোহিতের আবিশ্যক হয় না। বিভিন্ন যজ্ঞের বর্ণনাকালে কোন যজ্ঞে বয়জন পুরোহিতের প্রয়োজন তাহা আমরা উল্লেখ করিব।

যভ

যজের পাঁচটি প্রকার দৃষ্ট হয় যথা—হোম, ইন্টি, পঞ্, সোম ও সন্ত্র।
প্রত্যেক বৈদিক যাগ প্রকৃতি ও বিকৃতি ভেদে দ্বিবিধ। প্রকৃতি যাগকে প্রধান
যাগও বলা হয়। এক একটি প্রকৃতি ঘাগের বহু বিকৃতি বা রূপান্তর দৃষ্ট
হয়। এক জাতীয় যাগের মূল রূপটিকে প্রকৃতি বা প্রধান বলে। সেই
প্রকৃতিযাগকে আদর্শ (Model) রাখিয়া বিকৃতি যাগগুলি অনুষ্ঠিত হয়।
বিকৃতি যাগের আর একটি নাম অঙ্গযাগ। প্রকৃতি যাগ অঙ্গা বা মূল যাগ
এবং বিকৃতি তাহার ক্ষা। পাঁচ প্রকার বৈদিক যাগের প্রকৃতি দেখান
হইতেছে। হোমের প্রকৃতি অগ্নিহোত্র, ইন্টির প্রকৃতি দর্শপূর্ণমাস, পশুরাগের
প্রকৃতি দৈক প্রাজাপত্য পঞ্জ, সোম্যাগের প্রকৃতি অগ্নিষ্টোম এবং সক্র জাতীয়
যাগের প্রকৃতি গ্রাময়ন। অবজ্য সক্র সোম্যাগেরই অভর্তৃক্ত কিন্তু দীর্ঘকাল
সাধ্য ভিন্ন জাতীয় যাগ বলিয়া পৃথক উল্লেখ করা হইয়াছে। এখন আমরা
সংক্ষেপে পাঁচটি যাগের বর্ণনা দিব।

হোম ঃ—হোম যাগকে দবীহোমও বলা হয়। এই যাগে প্রতিদিন প্রাতঃকালে ও সায়ংকালে গৃহস্থের অগ্নিকুণ্ডে হৃদ্ধ, দিধ, শুরোডাশ, প্রভৃতি জাহুতি দেওয়া হয়। সুর্য ও অগ্নি এই যাগের দেবতা। প্রাতে সুর্যকে উদ্দেশ করিয়া ও সন্ধ্যায় অগ্নিকে উদ্দেশ করিয়া মন্ত্রপাঠ ও আছুতি দিডে হয়। ইহাকে দবীহোমও বলা হয় কারণ দবী বা হাতা সাহায্যে আহুতি হোমকুণ্ডে অর্পণ করা হয়। হোমজাতীয় যাগের প্রকৃতি হইল অগ্নিহোত্র। বৈদিক যুগে রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্ব ত্রিবর্ণের প্রভাহ অগ্নিহোত্র যাগ করিতে হইত। রাহ্মণের জন্ম ইহা বাধ্যতামূলক ছিল এবং নিজে অনুষ্ঠান করিতে হইত, পুরোহিত হারা করাইবার বিধি ছিল না। অন্য হুই বর্ণ ক্ষত্রিয় ও বৈশ্ব প্রভাহ করিতে হইত। রাহ্মণের যাগজনীবন সন্ত্রীক অগ্নিহোত্র যাগ প্রভাহ করিতে হইত।

'ব্রাহ্মণোহ্ররহ:অগ্নিহোত্রং জ্বরাং' ব্রাহ্মণ প্রত্যহ অপ্নিহোত্ত হোম করিবে।
শতপথ ব্রাহ্মণের উক্তি (১২-৪-১-১) 'এতদ্বৈ জরামর্যং সক্রং জরহাত্ত্বাম্মাং
মৃচ্যতে মৃত্যুনা বা' অর্থাং এই অগ্নিহোত্রকে জরামর্য সক্র বলা হর কারণ জরা
বা স্বৃত্যু ব্যতীত এই যাগের দৈনন্দিন অনুষ্ঠান হইতে ব্রাহ্মণের অব্যাহতি নাই।
ব্রাহ্মণের ইহা নিত্যকর্ম। অন্যাগি দাক্ষিণাত্যে ও মহারাষ্ট্র অঞ্চলে বহু
অগ্নিহোত্রী ব্রাহ্মণ দৃষ্ট হয়। আমরা যখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ে রাতকোত্তর
সংস্কৃত বিভাগের হাত্ত তথন প্রদ্ধের আত্তোহ মুখোপাধ্যার কর্তৃক আনীত

ত্জন খনামধ্য অধ্যাপক সংস্কৃতবিভাগে অধ্যাপনা করিতেন, মহামহোপাধ্যায় সীতারাম শান্ত্রী ও মহামহোপাধায় অনতকৃষ্ণ শান্ত্রী; প্রথম জন মহারাষ্ট্রী ও বিতীয় জন মাদ্রাভী হিলেন। উভয়েই অগ্নিহোতী হিলেন ; প্রতিদিন প্রাতে ও সন্ধ্যায় হোম করিতেন। প্রাতে অগ্নিহোত্ত হোম সারিয়া তংপর দৈনন্দিন সাংসারিক কর্মাদি করিয়া বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করিছে আসিতে হইত, তাঁহাদের উভয়ের অধ্যাপনার সময় মধ্যাহে ১২টা হইতে স্থার আন্ততোষ করিয়া দিয়াছিলেন যাহাতে অগ্নিহোত্তের ব্যাহাত না হয়। এই হইজন অধাপিকের মধ্যে অনস্তকৃষ্ণ শাস্ত্রী উদার মতাবলম্বী ছিলেন; তিনি আমাকে তাঁহার অগ্নিহোত অনুষ্ঠান দেখিতে দিয়াছিলেন। তাহা দেখিয়া ঐ হোম সম্বন্ধে আমার সৃস্পই ধারণা জিলিয়াছিল। এই যাগে প্রাতে সুর্যের উদ্দেশে ও সন্ধ্যায় সূর্যান্তের পর অগ্নির উদ্দেশে আহতি দেওয়া হয়। একট মল্ল হই বেলা পাঠ করা হয়, কেবল প্রাতে 'সুর্য: জ্যোতি: জ্যোতি: সুর্য:' ও সন্ধ্যায় সূর্যের পরিবর্তে অগ্নিশব্দ যুক্ত করিয়া 'অগ্নিক্ষ্যোতিঃ জ্যোতিরগ্নিঃ' বলিতে হয়। সন্ধায় সুর্য তাঁহার তেজ অগ্নিতে নিহিত করিয়া অস্ত যান ভজ্জনা সুর্যের ছলে অগ্নি পাঠ বিহিত। প্রান্তের আহতি সুর্যোদয়ের পূর্বে অথবা পরে কখন দেওয়া উচিত এবং সায়ন্তন আছতি সূর্যান্তের পূর্বে বা পরে কখন দেওয়া কর্তব্য ইহা লইয়া ত্রাহ্মণগ্রন্থে বছ বিভর্কের অবভারণা দৃষ্ট হয়। একদলের মতে প্রাতে উদয়ের পূর্বে হোম কর্তব্য; তাঁহারা বলেন উদয়ের পূর্বে হোম না করিলে আদিতা সেই আছতি গ্রহণ করেন না। সেই আছতি শুকরে গ্রহণ করে। অপর একদল বিপরীত মত পোষণ করেন। তাঁছারা বলেন সুর্যের উদয়ই হয় নাই, আদিতাবিল দৃক্তিগোচর হয় নাই অতএব কাহাকে আছতি দিবে; উদয়ের পূর্বে আছতি দিলে সে আছতি নিক্ষল: এইরূপ সায়ন্তনে একদলের মতে সূর্যান্তের পূর্বে অপরদলের মতে সুর্যান্তের পরে আহুতি প্রদান বিধেষ। শ্রৌতসূত্রে এই বিবাদ বিতর্কের মীমাংসাকরা হটয়াছে। বেদের ভিন্ন ভিন্ন শাখা অনুযায়ী আছতির সময় নির্দিষ্ট হইয়াছে। যথা বহন্চ ও ছন্দোমশাখার দ্বিজ্ঞাতিগণ সুর্যোদয়ের পূর্বে হোম করিবেন; ভজ্জন্য তাঁহাদের 'অনুদিতহোমা' বলা হয়। আবার कर्ठ, रेडिखितीय ७ रेमजायनी माथात बाज्यनगर छमरयत भरत हाम कतिरवन, **उक्क** 9 ठाँशास्त्र "छेनिज हाभी" वना इहेशा थारक। अनुनिखहाभी वा উদিতহোমী উভয়দদেরই কিন্তু সুর্যোদয়ের পূর্বেই গার্হপতা অগ্নি হইতে অগ্নিচয়ন করিয়া আনিয়া অগ্নিহোত্তের হোমকুও এক্সিভ করিতে হইবে।

অগ্নিহোত্তের প্রধান আছতি দ্বা হুধ, ভজ্জাত একটি পৃথক গাভী যজমানের পালন করিতে হয়। তাহাকে অগ্নিহোত্তী গাভী বলে। যজ্ঞবেদীমধ্যে একটি মুংপাত্তে হুধ গরম করা হয় এবং "অগ্নিহোত্তবনী" নামক হাভার সাহায্যে আহবনীয় অগ্নিতে হুধের আছতি দিতে হয়। প্রাতে হুইটি প্রধান আছতি প্রথমটি সূর্যের ও দ্বিতীয়টি প্রজাপতির উদ্দেশে এবং সন্ধ্যায় হুইটি প্রধান আছতি; একটি অগ্নির অপরটি প্রজাপতির উদ্দেশ্ত। 'অগ্নিহোত্ত' যাগ প্রথম যেদিন আরম্ভ হয় সেদিন প্রথম যাগটি সন্ধ্যায় করিতে হয়; সন্ধ্যায় অগ্নিদেবভার প্রাধাত্ত। এই জন্মই যাগটির 'সুর্যহোত্ত' নাম না হইয়া 'অগ্নিহোত্ত' নাম হইয়াছে। আপত্তম্ব তাহার শ্রোতস্ত্রে (৬-১৩-১ হইতে ৬-১৩-৯) এই এই তথ্য লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

পুর্বেই উক্ত হইয়াছে প্রাক্ষণের এই যাগ নিজে করিতে হইবে; শ্বরোহিত হারা করান চলিবে না। যদি প্রাক্ষণ যজমান অসুস্থতাজ্ঞ অক্ষম হইয়া পড়েন সেক্ষেত্রে পুত্র বা পুত্রাভাবে শ্বরোহিত নিয়োগ বিহিত; বিভ পূর্ণিমাও অমাবস্থার দিন নিজে করিতেই হইবে অসুস্থতাসত্ত্বেও, অল্পের হারা সেই ছই দিন করান চলিবে না। অবিবাহিতের অগ্নিহোত্রে অধিকার নাই । বিবাহিত কিছ বিপত্নীক এইরূপ বাজিরও অধিকার নাই বারণ গৃহজ্ঞের সর্বদাই পত্নীসহ অগ্নিহোত্রের অনুষ্ঠান করণীয়। বিপত্নীক হইলে অগ্নিহোত্ত জন্ম শ্বরায় দার্বপরিগ্রহ করিতে হইবে। ঐতরেয় প্রাক্ষণে বলা আছে যদি পত্নী বিগত হইলে যজমান পুনরায় দারপরিগ্রহ করিতে অস্থীকার করেন তাহা হইলে প্রজাকে পত্নী কল্পনা করিয়া অগ্নিহোত্তের অনুষ্ঠান করিবেন।

ইন্টি;—ইন্টি জাতীয় যাগের প্রকৃতি বা প্রধান যাগের নাম দর্শগোর্ণমাস।
'দর্শ' কথাটির অর্থ 'স্থেক্সক্ষমঃ' অর্থাৎ সূর্য ও চল্লের সক্ষম অর্থাৎ অমাবস্তা।
'পৌর্ণমাসী' অর্থাৎ পূর্ণিমা। অমাবস্তা ও পূর্ণিমায় এই হক্ত করিতে হয়।
অবিবাহিতও নহে বিপত্নীকও নহে এইরূপ আহিতাগ্নি ব্রাক্ষণ ক্ষরিয় বা বৈশ্য
এই যাগের অধিকারী। 'আহিতাগ্নি' শব্দের অর্থ হাহার পার্হপতা অগ্নি
প্রতিতিত হইয়াছে। অমাবস্থায় হই দিন ও পূর্ণিমায় হই দিন এই ইন্টির অনুষ্ঠান
করিতে হয়। পূর্ণিমার ক্ষেত্রে পূর্ণিমার দিন প্রাভঃ হইতে অনুষ্ঠান আরম্ভ
হয় ও পরদিবস অর্থাৎ প্রতিপদ দিবস মধ্যাহ্নে শেষ হয়। অমাবস্থাতেও
এইভাবে অনুষ্ঠান বিহিত। এই যাগের যেদিন প্রথম অনুষ্ঠান আরম্ভ
হয়তে সেই দিনটি পূর্ণিমা হওয়া চাই। অমাবস্থাতে প্রথম আরম্ভ হইতে
পারিবে না। এই যাগের জন্ম চারিজন পুরোহিত প্রয়োজন,— হোতা,

অধ্বযুর্, অগ্নীপ্র এবং ব্রহ্মা। পুরোহিতদিশের মধ্যে তর ভম ভেদ নাই। সোম যাগে ৰক্ষা অভাভ পুরোহিত অপেকা (এই; সকলেই তাঁহাকে সমান করেন; তিনি যজ্ঞের পরিচালক কিন্তু ইন্টি যাগে চারিজন পুরোহিতেরই সমান অধিকার ও সম্মান। যদিও বিবিধ আনুষঙ্গিক গৌন আছতি ও দেবতার নাম ইন্টিতে ভ্রুত হয় তথাপি তিনটি আছতিই মুখা। আহতিতে অগ্নি দেবতার উদ্দেশে পুরোডাশ অপিত হয়: বিতীয় আহতিকে উপাংশুযান্ধ বলা হয়, তাহা বিষ্ণু, প্রকাপতি, অগ্নি ও সোম এই চারি দেবভার একজনকে নিবেদন করা হয়। তৃতীয় আছতিতে অগ্নিও সোম যুগ্ম দেবভাকে প্ররোডাশ দেওয়া বিধেয়। অমাবস্থার ক্ষেত্রে প্ররোডাশনিষ্ঠ প্রথম আহতি অগ্নি দেবতার উদ্দিষ্ট। দিতীয় ও তৃতীয় আহতির দেবতা ইব্র এবং যথাক্রমে দধি ও প্রশ্ন হব্যদ্রব্য। যজ্ঞের অবিচ্ছেন্ন অঙ্গ এবং অবশ্ব কর্তব্য প্রযাজ অনুযাজ ও পত্নীসংযাজ নামক অনুষ্ঠানগুলি পূর্ণিমা ও অমাবস্তায় অনুষ্ঠেয়। ইউি যজ্ঞের সমাপ্তি সময়ে অগ্নিষিফক্ৎ নামক আছভি অগ্নিদেবভাকে অর্পণ করিতে হয়। ইহার পর পুরোহিতগণ যজ্ঞের আছতি অবশিষ্ট প্রসাদ গ্রহণ করেন, তাহাকে ঈড়াভক্ষণ বলে । ১ম, দৰি, পুরোডাশ সকল হ্বাদ্রবোর আহতি অনন্তর অবশিষ্ট অংশমিশ্রণে এই ঈড়া প্রস্তুত হয়। অনুযাজ ও পত্নীসংযাক অনন্তর যক্ষমানের প্রভীক কুশনিমিত একটি মূর্ডি যক্ষাগ্লিতে নিক্ষেপ করা হয়। ঐ কুশমৃতিকে "কুশপ্রশুর" বলে। যথন মৃতিটি অগ্নিতে পুড়িয়া ভন্মাবশেষ হয় তখন যজমান মনে করেন তাঁহার পার্থিব নশ্বর শরীর দশ্ধ হইয়া গিয়াছে এবং যজ্ঞের মাধ্যমে তাঁহার আত্মা বিষ্ণুর সায়ুক্ষা লাভ করিয়াছে। এই অনুধ্যান যজমানকে অনুপ্রাণিড করে। জিনি মনে করেন তিনি বিষ্ণু দেবতার সছিত একাম হইয়া গিয়াছেন এবং "বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্'মন্ত্র উচ্চারণ পূর্বক যজ্জক্ষেত্রে ভিনপদ গমন করেন। এই দর্শপূর্ণমাস ইটি নিভা বা কামা ঘটরূপ হইতে পারে। যাঁহারা যাবজ্জাবন অবিচেছদে প্রতি পূর্ণিমা ও অমাবস্থায় ইছার অনুষ্ঠান করেন তাঁহাদের ক্ষেত্রে ইহা নিভা। যাঁহারা নিয়মিঙ ইহার অনুষ্ঠান করেন না, কোনও কামনা সিদ্ধির জন্ম কদাচিং অনুষ্ঠান করেন তাঁহাদের ক্ষেত্রে ইহা কাম্য ইন্টি। কাম্য অনুষ্ঠানের কেতে ধাশ্য অ্থবা যব দারা পুরোডাশ প্রস্তুত করিতে হয়, গোধুমের ব্যবহার নিষিদ্ধ।

শতপথ ত্রাক্ষণের মতে দর্শপূর্ণমাস সকল যজের প্রকৃতি। এই ত্রাক্ষণের প্রথমেই এই ইন্টির আলোচনা দৃষ্ট হয়। বছু প্রকারের ইন্টি যাগ আছে- ষথা, পুত্রলাভের জন্ম 'পুত্রেন্ডি', অনার্ন্ডির সমষ্টে বৃদ্ধি আনয়ন জন্ম 'কারীরি ইন্ডি'; ক্ষেত্রের প্রথম শস্য বা গাছের প্রথম ফল দেবভাকে অর্পণ জন্ম 'আগ্রায়ণ ইন্ডি' প্রভৃতি। সকল ইন্ডিরই প্রকৃতি বা আদর্শ দর্শপূর্ণমাস।

পশুষাগ;— দৈক্ষ বা প্রাক্ষাপত্যপত সকল পশুষাগের প্রকৃতি। ইহাকে
নিরুচ় পশুবদ্ধও বলা হয়। আহিতাগ্নি ত্রৈবনিক পুরুষ পশুষাগের অধিকারী।
প্রতি বংসর এই যাগ একবার করিয়া করিতে হইবে। প্রয়োজনে বংসরে
হুইবার বা ধ্যুবার পর্যন্ত করা চলে। যদি মাত্র একবার করা হয় তাহা
হুইলে প্রতি বর্ষাকালে অনুষ্ঠেয়। বংসরে হুইবার করিলে একটি সুর্বের
উত্তরায়ণ কালে অপরটি দক্ষিণায়ন কালে করিতে হুইবে। ছয়ুবার করিলে
ছয়ু ঋতুর প্রতি ঋতুতে এক একটি যাগ বিধেয়।

এই যাগের আছতিদ্রব্য পশু তচ্জন্য ইহাকে পশুযাগ বলে। একটি ছাগ আছতি দিতে হয়। ছাগের সকল অঙ্গ আছতি দিতে হয় না; হাদযন্ত্র, মেদ প্রভৃতি আছতি দেওয়া হয়। পশুযাগের দেবতা প্রজাপতি, সূর্য অথবা ইন্ত্র, এবং অগ্নি। ছয়জন শ্বরোহিত প্রয়োজন—অধ্বয়ুণ, প্রতিপ্রস্থাতা, হোতা, মৈত্রাবরুণ, অগ্নীং ও ব্রহ্মা। ইতিজাতীয় যাগে অনুবাক্যা ও যাজ্যা উভয়বিধ মন্ত্রই হোতা ব্যাহরণ করিয়া থাকেন কিন্তু পশুযাগে হোতা কেবল যাজ্যা মন্ত্র উচ্চারণ করেন, মৈত্রাবরুণ নামক ঋগ্বেদীয় শ্বরোহিত অনুবাক্যা উচ্চারণ করেন। প্রৈয়নজ্বরাজিও মৈত্রাবরুণের পাঠ্য।

শশুযাগে আছতির পশুবদ্ধন জন্ম যুগকাঠের প্রয়োজন হয়। পলাশ, খদির, বিল্ল অথবা রোহিতক চারিজ্ঞাতীয় বৃক্লের কাঠ যুগ নির্মাণে বিহিত। এক একজাতীয় কাঠের যুগে এক একটি বিশিষ্ট ঐহিক ও পার্রিজি ফল লাভ হয়। যজ্ঞবেদীর পূর্বতম প্রান্তে যুগ বসাইতে হয়। সাধারণতঃ জাতদন্ত খলুতকানজাদিদোরহিতে পুংছাগই বলির দ্রব্যারণে বিহিত। মন্তপুত ছাগটিকে শুরোহিত প্রক্লবক্লের শাখা লারা স্পর্শ করিয়া, —'অগ্লয়ে ত্বা জ্বইমুপাকরোমি' মন্ত্র পাঠ করেন। এই কর্মটিকে উপাকরণ বলে। বলির পশুটিকে খাসরোধ করিয়া বধ করা হয়। এই ভাবে বধ করাকে 'সংজ্ঞপন' বলে। নিহত পশুটীর অঙ্গ প্রভাঙ্গ শমিতা নামক পুরোহিত ব্যবচ্ছেদ করেন। যজ্জখনের উত্তরপূর্ব দিকে পশুর সংজ্ঞপন ও ব্যবচ্ছেদাদি জন্ম 'শামিত্র' নামক পুরোহিত আহ্বলীয় আছে। পশুর বসা অর্থাং হাদ্যব্রের মেদ অধ্বয়ু' নামক পুরোহিত আহ্বলীয় অগ্লিতে আছতি দান করেন। একটি মুংপাত্রে পশুর অঙ্গ প্রত্যঙ্গ শামিত্র পশুর অন্তর্গত আছতি দান করেন। একটি মুংপাত্রে পশুর অঙ্গ প্রত্যঙ্গ শামিত্র পশুর বসা মন্ত্র বামক বহিন্দুতে পাক করা হয়। পাককার্য

চলিতে থাকা অবস্থায় একটি পুরোডাশ যাগে আছতি দেওয়া হয়। একমাত্র প্রতিপ্রস্থাতা নামক পুরোহিত ব্যতীত যজমানসহ অকাশ্য সকল পুরোহিত অপিত পুরোডাশের অবশিষ্ট অংশ ভক্ষণ করেন। ইতিযাগের আলোচনায় উক্ত হইয়াছে এই কর্মকে ঈড়াভক্ষণ বলে। এই অনুষ্ঠানের পর মংপাত্র হইতে পশুর সিদ্ধ অক্সপ্রতাক্ষ বাহির করিয়া তাহা খণ্ড খণ্ড করিয়া কাটিয়া অধ্বর্ষ আহবনীয় অগ্নিতে আছতি দেন। মংপাত্রে পশুমাংসের বসা নামক যে জলীয় অংশ বা রস সঞ্চিত হয় তাহাও আছতি দেন। এই অনুষ্ঠানের পর একাদশটি অনুযাজ ও পত্নীসংযাজ অনুষ্ঠিত হয়।

পশুখাগে পশুর সংজ্ঞপন বা স্থাসরোধে হত্যাকে বধ বলিয়া মনে করা হয় না। বৈদিক বিধি অনুযায়ী ইহা বধ নহে, পাপও নহে। যজ্ঞে কোন পশুকে আছতি দিলে সেই শশু নশ্বর দেহ ত্যাগ করিয়া যে দেবতার উদ্দেশে তাহাকে আছতি দেওয়া হয় সেই দেবতার সহিত পশুর আত্মা সাযুজ্য লাভ করে। যজ্ঞের মাধ্যমে সহজ্ঞেই পশুর এই দৈবী রূপান্তর ঘটে। পশুকে লক্ষ্য করিয়া এই মর্মে থাক্ সংহিতার একটি থাক্ নিয়ে উদ্ধৃত হুইল—

> 'ন বা উ এতন্ ভ্রিয়সে ন রিয়সি দেবা— ইদেসি পথিভিঃ সুগেভিঃ'

অর্থাং 'হে পশু, তুমি মৃত্যুলোকে গমন করিতেছ না বা তোমাকে হিংসা করা হইতেছে না, সহজগম্য পথে তুমি দেবতার কাছে যাইতেছ।' মনুও এই মতের সমর্থন করিয়া বলিয়াছেন,—'যজ্ঞে বধোহবধঃ' যজে বধ অবধের অর্থাং বধ না করার সমত্লা; পশুকে বধ করা হয় না, দেবজুপ্রাপ্তি ছটে।

পুরোভাশের উড়াভকণের যায় পশুমাণে আছতি-অবশিষ্ট পশুমাংসের ও বিধি-দৃষ্ট হয়। এই পশুমাণে ভক্ষণ সম্বন্ধে ছইটি বিপরীত
মত আছে। একদল বলেন পশু মজমানের প্রতীক। পশুর মাধ্যমে
ছক্ষণ নিজেকে আছতি দিয়া দেবত লাভ করেন। অভএব পশুমাণে
ভক্ষণ করিলে তাহা যজমানের স্বীয় মাংস ভক্ষণভূল্য হইবে, অভএব
ইহা নিষিদ্ধ। কিন্তু ঐভরের রাক্ষণে (২-৬-৩) এই মতের সমালোচনা
ও শশুন করা হইয়াছে। অগ্লি এবং সোম দেবভার্যের সাহায়ে ইজ
রূত্রকে বধ করিয়াছিলেন এইজন্ম অগ্লি ও সোম ইজ্রের নিকট একটি পশু
বর্ষরূপ চাহেন ও ইল্ল প্রাথিত বর দান করেন। যজ্ঞে ইজ্রের ঐ বর প্রদানের
পরিপুর্তি স্ক্রপ অগ্লি ও সোমের উদ্দেশে পশুবলি দেওয়া হয়; যজমানের

প্রভীকরপে পশুবলি দেওয়া হয় নাঃ অতএব পুরোহিতগণের আছিতি অবশিফী পশুমাংস ভক্ষণ দোষাবহ নহে, নিষিদ্ধও নহে। অদ্যাপি দাক্ষিণাত্য প্রভৃতি দেশে পশুষাগে পুরোহিতগণ আছতি অবশিকী পশুমাংস ভক্ষণ (প্রসাদ গ্রহণ) করিয়া থাকেন।

সোমবাগ;—সকল সোম বাগের প্রকৃতি অগ্নিষ্টোম ইহাকে জ্যোতি ক্টোমও বলে। এই বাগে সোমলতার রসই মুখ্য আহুতি দ্রব্য: এই জাতীয় বাগে যে বারটি ভোত্র গীত তাহার শেষ ভোত্রটির নাম অগ্নিষ্টোম। যেহেতু অগ্নিষ্টোম নামক সামগানে যজ্ঞ সমাপ্ত হয় তজ্জ্ব যজ্ঞটিকেও অগ্নিষ্টোম আখ্যা দেওয়া হয়। বহু ত্রাক্ষণগ্রন্থে সোম্যাগের বিৰ্তি দৃষ্ট হয়। ঐতরেয় ত্রাক্ষণে বিশেষ ভাবে অগ্নিষ্টোমের আলোচনা ও বিবরণ লিপিবদ্ধ আছে। এই ত্রাক্ষণের চল্লিলটি অধ্যায়ের মধ্যে প্রথম যোলটি অধ্যায়ে অগ্নিষ্টোমে ঋগ্বেদীয় প্রবাহিতের কর্তব্য বিহিত হইয়াছে।

প্রতিবংসর বসন্ত ঋতুতে ত্রৈবণিক যজমান সপত্নীক এই যাগের অনুষ্ঠান করিবেন। সোমরসই প্রধান আহুতি। হুর্গমা বহু দূর দেশ হইতে সোমলতা সংগ্রহ করিয়া সহত্নে রক্ষা করা হইত। সোম বর্তমান মুগে অপ্রাপ্য বিধায় ভংপরিবর্তে অনুকল্পরূপে 'পৃতিকা' নামক লভার বিধান দৃষ্ট হয়। বৈদিকমুগেই সোম হৃষ্পাপ্য ছিল। শতপথত্রাহ্মণে উক্ত হইয়াছে,— 'যদিসোম পাওয়া না যায়। পৃতিকা বারাযজ্ঞ করিবে।' এই যাগে যোল জন পুরোহিত অর্থাৎ সকল পুরোহিতের প্রয়োজন। যজমানকে লইয়া পুরোহিতের সংখ্যা সপ্তদশ। কোনও কোনও বৈদিকগ্রন্থ মতে 'সদয্য' নামক পুরোহিত সপ্তদশ সংখ্যার পরিপুরক। যজ্ঞের প্রথমদিবসেই যজমান পুরোহিতদের অভিনন্দন জানান ও দক্ষিণার প্রতিঞ্চতি দিয়া যজে নিযুক্ত করেন। ইহাকে 'ঋত্বিক বরণ' বলে। তদনভর দীক্ষণীয়েটির অনুষ্ঠান হয়। যজসান্ও তংপত্নীযজ্ঞে দীক্ষিত হয়েন ও দীক্ষার মাধ্যমে নবজ্ঞ (আধ্যাত্মিক জন্ম) হয়। বিতীয় দিবসে প্রাতে প্রায়ণায়ইন্টির অনুষ্ঠান বিহিত। প্রায়ণীয় অর্থাং যে ইতিঘারা যজের আরম্ভ হয়। পথ্যাম্বতি, অগ্নি, সোম, সৰিতা ও অণিতি এই পাঁচজন দেবতার আৰাহন করা হয় প্রায়ণীয়েটিতে। অদিতির কল পুরোডাশ এবং অক্ত চারিজন দেবভার জল পলিত ঘৃত বা আজা আছতি বিহিতঃ যাজ্ঞিক-পরিভাষায় গলিত অ⊲স্থায় ঘুতকে 'আজা' বলে এবং ঘনীভূত অবস্থার নাম মৃত। 'হ্বিলীনমাজাং काम् यनीष्ट्र प्रश्रिक्षः।' श्रावनीरक्षि चनस्त मामक्षा करवत चनुक्रीन

দৃষ্ট হয়। ইহাকে সোমক্রয় বলে। দশটি দ্রবোর বিনিময়ে একজন শৃজের নিকট হইতে সোমলভা ক্রয় করা হয়: সেই দশটি দ্রব্য হইল-একবংসর বয়স্ক বাছুর, সূবর্ণ, একটি ছাগী, একটি হ্রপ্পবতী গাভী ও তাহার বংস, একটি वक, मक्रे वहरमद्र योगा अकिर वनम, अकिर अँ ए ଓ अकिर वाहूद अवश्वास সোম দেবতাদের রাজা এবং ত্রাহ্মণদের রাজা। তজ্জনা রাজকীয় সন্মানের সহিত সোমকে বহন করিয়া লইয়া যাওয়া হয় ৷ পুরোহিতগণ কর্তৃক চালিত ও চুইটি বলদবাহিত শকটে সোমকে যজ্ঞস্থলে বহন করিয়া লইয়া যাওয়া। হয়। রাজা সোম যজমানের সম্মানিত অতিথি। তজ্জন্ত 'আতিথ্যেটি' নামক একটি ইন্টির অনুষ্ঠান এইস্থলে বিহিত। এই ইন্টিতে নয়টি মুংকপালে বিষ্ণু-দেবভার উদ্দেশে পুরোডাশ অর্পণ করা হয়। আতিথ্যেন্টির পর প্রবর্গ্য নামক অনুষ্ঠান ও তদনস্তর 'উপসং-ইন্টির' অনুষ্ঠান করিতে হয়। প্রাচীনবংশ অথবা প্রাগ্বংশ নামক একটি মহাবেদী তৃতীয় দিবসে ষজ্ঞস্থলের পূর্বদিকে নির্মিত হয়। চতুর্থ দিবসে নিরুড় পশুবন্ধ যাগের প্রক্রিয়া অনুযায়ী অগ্নি ও সোম-দেবতার উদ্দেশে একটি পশুষাগ বিহিত। এই দিনে অর্থাৎ চতুর্থ দিবসে সোমকে पक्षिणिक हिर्दिशानरविष्ठ वहेशा याखशा हहा। এই अनुष्ठीन হবিধানপ্রণয়নম্ নামে অভিহিত। মাধ্যন্দিনসবনে পশুমাংস ও প্রুরোডাশের আছতি নিৰিফ এবং সায়ন্তন বা তৃতীয় সবনে পশুর বিভিন্ন অঙ্গপ্রভাঙ্গাদি আছতি দেওয়া হয়। এতদনতর পত্নীসংযাক অনুষ্ঠিত হয়। অভিমদিবসে অর্থাৎ পঞ্চমদিবসে প্রকৃত অগ্নিফৌম অনুষ্ঠিত হয় এবং পূর্ববর্তী চারিদিনের অনুষ্ঠানাবলী এই অগ্নিফ্টোম অনুষ্ঠানের ভূমিকা স্বরূপ। পঞ্চমদিনে সোমরস নিষ্কাশন করিতে হয় ; ইহাকে সোমাভিষ্ব বা সোমস্বন বলে। পুরোহিতগণ এইদিন প্রত্যুবে গাত্রোখানপূর্বক পৃতসলিলে অবগাহন করিয়া সোমসবনের ব্যবস্থা করেন। বিহঙ্গকাকলী আরছের পূর্বে হোতা প্রাভরনুবাক পাঠ করেন। একটি প্রস্তর খণ্ডের উপর সোমলতা স্থাপন ক্রিয়া তছপরি 'বসভীবরী' নামক ছল সিঞ্চন করিতে হয়। অপর একটি প্রস্তর খণ্ডের ঘারা সোমলতা থে তলাইয়া রস বাহির করা হয়। 'গ্রহ নামক পাত্রে নিহ্বাশিত সোমরস রাখা হয় এবং মেঘলোম অথবা ছাগচর্মনির্মিত 'দশাপবিত্র' নামক ছাঁকনীর সাহায্যে ছাঁকিয়া লইতে হয়। দ্রোণকলস নামক পাত্রে বিশুদ্ধরস রাখা হয় ৷ প্রত্যন্থ তিনবার সোমরস নিজাশন বিহিড, প্রাতে, মধ্যাহে ও সন্ধ্যায় ; यथाक्तरम এই তিন স্বনের নাম প্রাতঃস্বন, মাধ্যন্দিনস্বন, ও তৃতীহস্বন। আছতি-অবশিষ্ট সোমরস যজমান ও পুরোহিতগণ চমস নামক চামচের বা

হাডার সাহায্যে পান করেন। মাধ্যন্দিনসবনের পর পুরোহিডগণকে দক্ষিণা দেওয়াহয়। পরু, বোডা, খচের, পাধা, ছাগল, মেষ, ডিল, মসুর ও মাস, ধান ও যবের দক্ষিণা দেওয়া হয়। তৃতীয় সোমসকনের পর অবভূগ সানের অনুষ্ঠান হয়। ইহা অবভূথ, ইন্টি নামে অভিহিত। যজমানসহ সকল পুরোহিত অবভ্থয়ান অভ জলাশয়ে গমন করেন ৷ এই অবভ্থ ইটিই অগ্নিফৌমের অন্তিম অনুষ্ঠান। বরুণ এবং অগ্নি এই ইন্টির দেবতা। চারিটি প্রযাজ ও হুইটি অনুযাজের অনুষ্ঠান বিহিত। বরুণের উদ্দেশে একটি পুরেগড়াশ অর্পণ করা হয়: অবভূথ ইন্টিডে সকল আছডি জ্পলে দেওয়াহয়, অগ্নিডে দেওয়া হয় না। যজমান অবগাহনরত পুরোহিতগণের মন্তকে জলসিঞ্চন করেন। দীক্ষণীয়ে ভির সময় যঞ্জমান ও তংপত্নী যে বস্তু এই পাঁচদিন পরিধান করিয়াছিলেন তাহা ,অবভ্থসানের পর পরিভাগি করিয়া উছেছে। নামক পুরোহিত প্রদত্ত নববস্ত্র পরিধান করেন: জলাশয় হইতে যজ্জন্মলে প্রজ্যাবর্তন-পূর্বক যজমান উদয়নীয় নামক শেষ ইন্টি অনুষ্ঠান করেন। প্রায়নীয় ইন্টির পুরোনুবাক্যা উদহনীয় ইন্টিতে যাজ্যা হয় এবং প্রায়নীয়র যাজ্যা উদয়নীয়ে পুরোনুবাক্যা রূপে পঠিত হয়। উদয়নীয়ে হগ্ধ, মধু, দধি, শর্করা প্রভৃতির মিশ্রণে প্রস্তুত চরু আহতি দেওয়া হয়।

স্ত্র ;— সভের প্রকৃতি হইল 'গবাময়ন' নামক হজা। গবাময়ন সোমযাগেরই অভর্তৃক্ত এবং সেই হিসাবে গবাময়নের প্রকৃতি অগ্নিফৌম। তাহা
হইলে সভের বা গবাময়নের পৃথক্ শ্রেণীবিশ্যাস ও আলোচনা কেন করা হয়।
কারণ এই ; যজের জাতি হিসাবে গবাময়ন সোমযাগের অন্তর্গত কিছ যজের
কালের দিক দিয়া বিচার করিলে গবাময়ন ও ভদীয়বিকৃতি সকল সভ্রের
একটি নিজয় বিশিফী রূপ আছে ভজ্জশুই পৃথক শ্রেণীবিশ্যাস করিয়া গিয়াছেন।
যে যজ্ঞ একদিনেই সম্পন্ন হয় সূত্রকারণণ তাহাকে 'একাহ' যাগ বলে। যে
সকল যজ্ঞ সম্পন্ন করিতে একদিনের বেশী সময় অথচ ঘাদশদিনের কম সময়
লাগে ভাহাদিগকে 'অহীন' যজ্ঞ বলে। আবার যে সকল যজ্ঞের অনুষ্ঠান
ঘাদশদিনের অধিককাল ব্যাপী সেন্ডলি 'সন্ত্র' নামে অভিহিত। যজ্ঞের
বর্মপ অনুষায়ী কোনও সভ্রের অনুষ্ঠানকাল একবর্ষব্যাপী, কোনটির আনুষ্ঠান
কাল দশবর্ষব্যাপী, কোনটির যজ্ঞকাল একগত বংসর, কোনটির আবার এক
সক্ত্র বংসর। সামবেদের পঞ্চবিংশত্রাহ্মণে বিবিধ সভ্রের যজ্ঞকাল ও
অনুষ্ঠানস্বরূপ লিপিবদ্ধ আছে। গ্রাময়ন যাগ সম্পন্ন করিতে ৩৬১ (ভিনশত
একষট্টি) দিন লাগে—অর্থাণ একটি সংবংসর। ভক্ষণ গ্রাময়ন সভ্রের

অন্তর্জ । এই সন্তাটির অনুষ্ঠান কাল তিন ভাগে ভাগ করা চলে,—প্রথমার্ধে ১৮০ (একশত আশী) দিন, বিভীয়ার্ধে ১৮০ দিন এবং উভয়ার্ধের মধ্যে 'বিষ্বুব' নামক একটি দিন, সর্বসমেত ৩৬১ দিন। নিয়ে বৃৰিবার সুবিধাজকা গ্রামন্ত্রনের অন্তর্গত বিভিন্ন যাগ ও অনুষ্ঠান-কালের একটি ভালিকা দেওয়া ক্ষল .—

| 4441 ;— | | | | |
|----------------------------------|------------------------------------|---|-------------|---|
| যাগের নাম | গের নাম অনুষ্ঠান কাল ; দিন স্ংখ্যা | | | |
| অভিরাত্ত | > |) | | |
| চতুৰিংশন্তোম যুক্তউক্ থ্য | * رد | াঁচবার আর্ডি | | |
| ৪ টি অভিপ্লবষড়ই (৪×৬ |)···· ··· \ 8} | ©0 × | | |
| ১টি পৃষ্ঠা ষড়হ (১×৬) | | =>00 | প্রথম ছয়মা | P |
| ৩টি অভিপ্লবষড়হ (৩×৬ | ۶۰۰۰۰۰۶۶ | | | |
| ১টি পৃঠ্য বড়হ (১×৬) | • | | | |
| অভিজ্ঞিং | | | | |
| ৩টি স্বরসাম | 🔊 | | | |
| মোট… | ⋯•১৮০ দিন | | | |
| দশরাত্ত- মহাব্রত - | বার আাহৃত্তি) ফটাম ও ১টি আ | ১৯০ ১৯০ ১৯০ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ ১৯ | | 7 |

উপরে প্রদত্ত তালিকা হইতে সৃস্পইট প্রতীত হয় যে শেষ ১৮০ দিনের

অনুষ্ঠানে প্রথম ১৮০ দিনের অনুষ্ঠানের বিপরীত ক্রম অনুসরণ করা হইয়াছে।
প্রথমার্থ বা প্রথম ছয় মাসের অনুষ্ঠান সৃচীর প্রথম দিনে অভিরাজ এবং
অভিমদিনে বরসাম বিহিত কিন্তু শেষার্ধে বা শেষ ছয়মাসের অনুষ্ঠানসূচীর
প্রথম দিনে বরসাম ও অভিমদিনে অভিরাজ বিহিত। প্রথমার্ধের বিপরীতক্রম
শেষার্ধে অনুসৃত হওয়ায় ইহাকে দর্পণের প্রতিবিধ্বের সহিত তুলনা করা
হইয়াছে যেহেতু দর্পণে প্রতিবিদ্ব বিশেষ বিপরীতক্রমে প্রতিফলিত হয়।

অনুষ্ঠান তালিকায় গৃই প্রকার ষড়হের উল্লেখ দৃষ্ট হয়, অভিপ্রবষড়হ ও পৃষ্ঠাষড়হ। 'ষড়হ' অর্থাং (ষট্ + অহ) ছয়দিনে নিম্পাদ্য যাগ। অভিপ্লব-ষড়হের ছয়টি দিন নিম্নে দেখান হইল ;—

প্রথমদিন—জোতিফোম।
বিতীয়দিন—গোফোম।
তৃতীয়দিন—আয়ুকোম।
চতুর্পদিন—গোফোম।
পঞ্চমদিন—আয়ুফোম।
বর্চদিন—জোযুফোম।

অভিপ্লবষ্ট প্রথমদিনে ও শেষদিনে জ্যোতিষ্টোম বিহিত। তজ্জ্য বলা হয় 'উভয়তো জ্যোতিরভিপ্লবষ্ড্হ:।' গুই জ্যোতিষ্টোমের মধাবর্তী চারিটি দিনের নাম উক্থা। কিন্তু পৃষ্ঠাষ্ড্হের প্রথমদিনে জ্যোতিষ্টোম থাকিলেও শেষদিন উক্থোর একটি যাগ বিহিত; শেষদিনে জ্যোতিষ্টোম হুইবে না। এই ষ্ড্হে মাধ্যন্দিনস্বনে পৃষ্ঠান্তোত্ত পাঠ করা হয়।

গবাময়ন যজ্ঞের অনুষ্ঠান সৃচী ও কালবিভাগ ভাল করিয়া অনুধাবন করিলে দেখা যায় সূর্যের বার্ষিকগতির সহিত সৌসাদৃশ্য আছে। সমগ্র মজ্ঞাটি ছাট ভাগে বিভক্ত ও প্রতিভাগের অনুষ্ঠানকালে ছয়মাস এবং প্রতিমাসে ত্রিশটি দিনের অনুষ্ঠান বিহিত। ছাট ভাগের মধ্যে রহিয়াছে বিষুব্দিবস। ছাট ভাগের অনুষ্ঠান বিহিত। ছাট ভাগের মধ্যে রহিয়াছে বিষুব্দিবস। ছাট ভাগের অনুষ্ঠান বাছক্রেম এই, বিভীয়ার্থের বা উত্তর ভাগের ১৮০ দিনের অনুষ্ঠানে প্রথমার্থের বা পূর্বভাগের অনুষ্ঠানের বিপরীভক্রম অনুসরণ করা হইয়াছে। আদিভারে বার্ষিক গভির ছাই বিভাগেও এই বিপরীভক্রম দৃষ্ট হয়। সূর্যের উত্তরায়ণে দিনের ছিছিকালের বৃদ্ধি ও দক্ষিণায়নে দিনের ছিতিকালের হ্রাস হইয়া থাকে। এই বৃদ্ধি ও হ্রাস একই অনুপাতে হইয়া থাকে।

গবাময়ন সোমবাগের অন্তর্গত ; অভএব সোমবাগের প্রকৃতি অগ্নিফৌমে

₹ 1000 **100**0

যতগুলি পুরোহিতের প্রয়োজন ও যে যে আছতি দ্রব্যের প্রয়োজন গবাময়নেও তওগুলি পুরোহিত ও সমান জাতীয় আছতি দ্রব্যের প্রয়োজন।

৩৬০ দিনের অধিকদিনে নিষ্পাদ্য সকল সম্রয়াগের প্রকৃতি গ্রাময়ন এবং ৩৬০ দিনের ন্যুনসংখ্যক কিন্তু একাদশদিনের অধিকসংখ্যক দিনে নিষ্পাদ্য সম্র যাগের প্রকৃতি 'হাদশাহ' নামক যাগ।

ঘাদশাহ

'ঘাদশাহ' নামক যাগের স্বভন্তভাবে আলোচনা করা প্রয়োজন কারণ একমাত্র 'দ্বাদশাহ' যাগে অহীন ও সত্র উভয়বিধ যাগের ধর্ম বিল্মান। যজমান, যাগে যজা ধাতুর প্রয়োগ, দক্ষিণার বিধি প্রভৃতির দিক ধরিয়া বিচার করিলে ছাদশাহ অহীন গোষ্ঠীর যাগের সমগোত্তীয়; আবার পুরোহিডের সংখ্যা, অনুষ্ঠানের বর্ণনাও কার্যসূচী ও কভকওলি বিধির দিক্ দিয়া বিচার করিলে ইহা 'সজের' সমগোতীয়। সজের স্থায় ঘাদশাহেরও প্রথমদিনে ও অভিমদিনে 'অতিরাত্র' যাগ বিহিত। অগ্নিকৌম যেরূপ সমস্ত একাহযাগের প্রকৃতি, দাদশাহ ভদ্রাণ সকল অহীন সক্রের প্রকৃতি। অহীন সক্র সম্পন্ন করিতে ৩৬০ দিনের কম সংখ্যক দিনের প্রয়োজন হয়। ৩৬০ দিনের অধিকদিন নিম্পাল সজের প্রকৃতি গ্রাময়ন—ইছা পূর্বেই গ্রাময়নের আলোচনায় উক্ত হইয়াছে। ছাদশাহের অনুষ্ঠানে ছত্তিশটি দিনের প্রয়েজন হয়। প্রথম হাদশ দিবস দীকার অত প্রয়োজন, পরবর্তী হাদশদিবসে উপসদের অনুষ্ঠান বিহিত। উপসদত্তে চতুর্বিংশতমদিবসে অগ্নি ও সোম-দেবভার উদ্দেশে একটি পশু যাগের অনুষ্ঠান করিতে হয়। প্রথম দ্বাদশদিনে मोका ७ उरभव्रवर्षी धारमानित छभमन् बहेषारव हिन्दमाँहै पिन गढ हहेरा स्मय দ্বাদশদিবসে দ্বাদশটি সুভ্যা বিহিত। এইভাবে সর্বসমেত ছত্তিশটি দিন वामगारहत अनुष्ठारन निर्मिक्छे। সোমবাপের আলোচনা কালে বর্ণিত **जवकृषहैं है वाम्मारहत्र अर्वाम्य जनूष्टि हरः। वाम्मारहत् अध्यमिनरक** প্রায়ণীয় ও শেষদিনকে উদয়নীয় বলা হয়। এই বাগের চুইটি প্রকারভেদ দৃষ্ট हत्र यथा, खद्रख्यामभार ७ वृाल्यामभार । इरेति क्षकादरस्य बरे यात्र विश्षि সংস্থারও প্রকারভেদ ঘটে। ভরতবাদশাহে প্রথমদিন ও বাদশদিনে অভিরাত্ত, বিভীয় ও একাদশদিনে অগ্নিফৌম এবং অবশিষ্ট দিনগুলিতে উক্থোর অনুষ্ঠান করিতে হয়। অভিম অভিরাজের পূর্বদিবস মহাত্রত নামে অভিহিত। বুঢ়বাদশাহে প্রথম ও শেষ দিবস অভিনাত এবং বিভীয় হইভে সপ্তম পর্যন্ত ছম্বদিন পৃষ্ঠাষ্ট্ৰ বিহিত। দশমদিনে অবিবাক্যম্ এবং অষ্ট্ৰম, নবম একাদশ-দিবসে ছন্দোম অনুষ্ঠেয়।

রাজতান্ত্রের সহিত সংশ্লিষ্ট কতকগুলি যজ

কতকগুলি যজ্ঞ রাজার বা সমাটের অভিষেকের সহিত সংশ্লিষ্ট যথা রাজস্য, বাজপেয়, অশ্বমেধ, বৃহস্পতিসব প্রভৃতি। রাজস্য যজ্ঞ করিয়া রাজা হওয়া যায়, বাজপেয় যাগের অনুষ্ঠানে সমাট হওয়া যায় এবং সার্বভৌম নৃপতি হইতে হইলে অশ্বমেধের অনুষ্ঠান অবশ্ব কর্তব্য।

'রাজস্যেন রাজা ভবভি. বাজপেরেন সন্ত্রাড্ ভবতি, অশ্বনেধন সার্ব-ভৌমো ভবতি।' এই যজ্ঞগুলির বিস্তৃত আলোচনা করিতে গেলে একটি বিশাল গ্রন্থ হইয়া পৃড়িবে সূতরাং এই গ্রন্থে তাহাদের বিস্তৃত আলোচনা সম্ভব নহে। "যজ্ঞ" সম্বন্ধে একটি পৃথক গ্রন্থ রচনার ইচ্ছা রহিল, তাহার মধ্যে এই সকল যাগের বিস্তৃত আলোচনা করিব। এখানে সংক্ষেপে বৈদিকমূগে রাজার অভিষেকপ্রথার বর্ণনা করা হইতেছে। অভিষেকপ্রথা রাজসূয় যাগের একটি অঙ্গ; এই জনুষ্ঠানের বর্ণনায় বৈদিক ভারতের রাজতন্ত্রের প্রামাণিক বিবিধ তথ্য পাওয়া যায়। কতপ্রকার রাজ্য ছিল, কত প্রকারের নূপতি ছিলেন, ত্রাজাণ পুরোহিত ও ক্ষত্রিয় রাজার সম্বন্ধ কিরূপ ছিল, কিরূপে রাজার নির্বাচন হইত ইত্যাদি বহু প্রামাণিক তথ্য পাওয়া যায়। অথর্ববেদ ও ঐতরেয়, শতপথ প্রভৃতি ত্রাজ্যগুরুষ্থে অভিষেক প্রথার বর্ণনা লিপিবন্ধ আছে। 'অভিষেক' শব্দের বুংপত্তিগত অর্থ হইল জলহারা সিঞ্চন; যেহেভূ বিবিধ পবিত্র জলহারা রাজ্যকৈ অভিষেক প্রথা বলে।

অভিষেক অনুষ্ঠান পাঁচদিন ধরিয়া চলে। একটি দীক্ষণীয়েকী তিনটি উপসদ্ এবং একটি সূভ্যা অর্থাং উক্থা নামক সোমযাগ বিহিত। কাল্পনের পোঁর্পমাসীর পরবর্তী কৃষ্ণপক্ষের অবসানে চৈত্রের প্রথমদিবসে দীক্ষা নামক ইন্টির অনুষ্ঠান বিহিত। এই অনুষ্ঠানটির বিশদ্ ও বিস্তৃত বর্ণনা শতপথ প্রাহ্মণে দৃষ্ট হয়। প্রথমদিন সবিতা, অগ্নি, সোম, বৃহস্পতি, ইল্পা, রুদ্র, মিত্র ও বরুণ এই আটক্ষন দেবতার উদ্দেশে আহুতি দেওয়া হয়। আহুতি দানের সময় প্রত্যেক দেবতার এক একটি বিশেষণ প্রয়োগ করা হয়। সেই বিশেষণ-ভলিতে রাক্ষার বিভিন্ন ওণ বা ধর্ম সুবাক্ত। সবিতাকে 'সভ্যপ্রসব', অগ্নিকে 'গৃহপত্তি', সোমকে 'বনস্পতি', বৃহস্পতিকে 'বাক', ইল্পকে 'জোষ্ঠ', রুদ্রকে

'পশুপডি', মিত্রকে 'সভ্য', ও বরুণকে 'ধর্মপ্ডি' বলিয়া আবাহন করা হয়। ্রাজাকেও সবিতার কাম সভাসন্ধ, অগ্নির কাম গৃহের পভি, সোমের কাম অরণ্যানী ও কৃষির পতি,বৃহস্পতির আয়ে বাকপটু, ইল্রের আয়ে জ্যেষ্ঠ বা সার্বভৌম, রুদ্রের ভায় পশুসকলের পতি বা রক্ষক, মিত্রের ভায় সভ্য ও বরুণের স্থায় ধর্মপতি ইইতে হইবে। বরুণের ধর্মপতি বিশেষণটি রা**জা**র জীবনে সার্থক করিয়া তুলিতে হইবে। এখানে ধর্ম বলিতে 'Law' বোধা। হিন্দুরাজনীতি মতে ধর্মই প্রকৃত রাজা এবং পাখিব রাজা সেই ধর্মের বাস্তব রূপায়ণের দণ্ড বা নিমিত্ত মাত্র। পুরোহিতগণ অভঃপর রাজাকে দেখাইয়া প্রজার্দের নিকট ঘোষণা করেন—'এই ব্যক্তি তোমাদের রাজা; সোম আমাদের ত্রান্সণদের রাজা।' ইহার পর বিভিন্ন স্থান হইতে সংগৃহীত ও একত মিশ্রিত জলম্বারা রাজাকে সিঞ্চন বা অভিষেক করা হয়। নদীর জল, পুষরিণীর জল, কৃপোদক, শিশিরবিন্দু, বরার জল, র্থ্টির জল একটি হজ্ঞ-ভুমুর কাঠের পাত্তে মিশ্রিত করা হয় অভিষেক জন্য। নদী বলিতে এখানে সরস্বতী বোধ্য। প্রত্যেকটি জলের বৈশিষ্ট্য বা রূপক অর্থ আছে। সরস্বতী নদীর জল বাগ্মিতার প্রতীক, স্রোতিরিনী শক্তির বোধক, বক্সা প্রাচুর্যের প্রভীক, সমুদ্র বিশাল রাজ্যের বোধক এবং পুরুরিণীর জল প্রজার আনুগড়া ও রাজভক্তির দোতক ৷ পুষরিণীর জল যেরূপ শান্ত প্রজাও তদ্রূপ রাজার অনুগত হইবে। ত্রাহ্মণ অধ্বযু নামক পুরোহিত, জনৈক ক্ষত্রিয় ও জনৈক বৈশ্য তিনজনে যুগপং রাজার মস্তকে সিঞ্চন বা অভিষেক করেন ৷ অভিষেক রাজার নবজন্মতুলা। অভিষেককালে যে সমস্ত পোষাক পরিধান করার বিধি আছে—সেই পোষাকগুলি গর্ভের বিভিন্ন অঙ্গ প্রভঃঙ্গের দ্যোতক। অভঃপর অধ্বয়ু পুরোহিত একটি ধনুতে জ্যা চড়াইয়া তিনটি বাণ সহ রাজার হাতে দেন।

রাজশক্তি ও শাসন কার্যের প্রতীক হইল ধনু।

ইহার পর রাজা ও পুরোহিত শপথ গ্রহণ করেন। পুরোহিত রাজাকে বলেন,—'যদি তুমি আমার অনিই সাধন কর তাহা হইলে জন্ম হইতে মৃত্যু পর্যন্ত তুমি যে সৃকৃতি অর্জন করিয়াছ সেই সৃকৃতি, তোমার আয়ু ও সন্ধান সন্ততি আমি হরণ করিব।' রাজাও অনুরূপ শপথবাক্য উচ্চারণ করিয়া পুরোহিতকে আশ্বস্ত করেন। ব্যাপ্ত পদ্দর রাজা তজ্জ্জ্ব রাজা ব্যাপ্তর্মের উপর পদ্মৃগল রাখেন। একটি সোনার থালা রাজার পারের নীচে ও একটি সোনার থালা বালা তাহার মন্তকোপরি রাখা হয়। সুবর্ণ অমৃতের প্রতীক;

এইডাবে রাজাকে উধ্বে^{ৰ্ড} ও নিয়ে অমৃতত্ব বারা আচ্ছাদন করা হয়।

অতঃপর রাজা একটি চতুরশ্বযুক্ত রথে ধনুর্বান হস্তে আরোহণ করিয়া যজ্ঞ ক্ষেত্রের চতুর্দিকে গমন করেন। রাজা একটি শর নিক্ষেপ করিয়া লক্ষাডেদ করেন। একটি শর পরিত্যাগের অর্থ এই,—প্রজাপতি যেমন একক হইয়াও সম্যক সৃষ্টির উপর আধিপত্য করেন রাজাও ডজেপ একক হইয়াও বছর উপর রাজত্ব করেন। রথটি যজ্ঞ ভূমির চতুর্দিকে গমন করতঃ রাজার চতুর্দিগ্রিজয় ঘোষণা করে। ইহার পর রাজাও মহিষী যজ্ঞত্তের উপর আরোহণ করেন। এই যজ্ঞত্তভারোহণ তাঁহাদের দেবতার সন্নিকর্ষলাভ দোতক। আরোহণ পূর্বক রাজা বলেন,—'আমরা প্রজাপতির সন্তান হইয়াছি।' ('প্রজাপতেঃ প্রজা অভ্যা)। অভএব বৈদিক্ষুগে রাজার অভিষেকে রাজা মন্যুক্তাত হইলেও তাঁহাকে দেবত্বমহিমায় মণ্ডিভ করা হইত।

এই অনুষ্ঠানের পর মাতা বসুমভী এবং রাজার মধ্যে একটি চুক্তি
সম্পাদনের দৃশ্য আছে। রাজা সিংহাসন হইতে ভূমিতে পদার্পণের পূর্বে
পৃথিবীকে সম্বোধন করিয়া বলেন,—'মাতঃ পৃথিবী, তুমি আমার অনিষ্ঠ
করিও না, আমিও তোমার অনিষ্ঠ করিব না।' পৃথিবী সদ্য অভিষিক্ত
রাজাকে ভয় করেন ও ভাবেন,—'অভিষেক করার ফলে এই রাজা মহাশক্তিধর হইয়াছে; আমার ভয় হয় সে আমাকে না বিদীর্ণ করিয়া ফেলে।'
রাজাও পৃথিবীকে ভয় করেনও ভাবেন,—'আমাকে পৃথিবী যেন দৃরে নিক্ষেপ
না করেন।' পরস্পরের এই আশক্ষা দৃর করার জন্মই অভিষিক্ত রাজা ও
পৃথিবীর মধ্যে এই চুক্তি সম্পাদিত হয় কারণ জননী (পৃথিনী) গুলকে
(রাজাকে) কখনও হিংসা করেন না, পুল্লও জননীকে কখনও হিংসা করেন
না। এই চুক্তির পর রাজা নিঃশক্ষ চিতেও ভূমিতে পদার্পণ করেন।

পাশাখেলা অভিষেক অনুষ্ঠানের একটি অপরিহার্য অক । পাঁচটি পাশা লইয়া এই ক্রীড়া অনুষ্ঠিত হয় । চারটি পাশার নাম 'ক্ত'ও পঞ্চমটির নাম 'কলি'। দান ফেলিলে যদি পাঁচটি পাশাই একভাবে পড়ে অর্থাং সবগুলিরই চিহ্নিত দিক উপরে থাকে বা পাঁচটিরই চিহ্নিত দিক অধামুখী থাকে তাহা হইলে জয় বোধা। রাজাকে সর্বদাই জয়সূচক পাশার দ্বারা অনুগৃহীত করা হয়।

সিংহাসনটি খদির বৃক্ষের কাষ্ঠনির্মিত। তাহাকে 'আসন্দী' বঙ্গে। সিংহাসন রাজকীয় মর্যাদা ও শক্তির প্রতীক, রাস্ট্রের প্রতীক। সিংহাসন বা আসন্দীর সন্মুখ-ভূমিতে একটি ব্যাস্ত চর্ম পাতিয়া রাখা হয়। অভিযেক অনুষ্ঠানের অবসানে রাজা অভিষিক্ত ও মন্ত্রপৃত হইরা সিংহাসনে আরোহণ করেন;—তিনি উপবিফ হইলে পর পুরোহিত রাজাকে লক্ষ্য করিয়া বলেন,—'এই রাফ্র রাজাকে কৃষির জন্ম, প্রজার মঙ্গলের জন্ম, সমৃদ্ধি ও পুর্তির জন্ম অর্পণ করা হইতেছে।' এই উক্তিটিতে এই সত্য সুব্যক্ত যে রাফ্র রাজার রার্থপুরণ, হৈরাচার, বা প্রজাশোষণজন্ম নহে কিন্তু শান্তি, সমৃদ্ধি ও প্রজার মঙ্গল জন্ম রাফ্র রাজা রক্ষা করিবেন। বৈদিক মুগের ভারতীয় নুপতিগণ এই সত্য মর্মে মর্মে উপলব্ধি করিয়াছিলেন যে রাজ্যের ভিত্তি হৈরাচার বা প্রজাপীড়নের উপর তিন্ধিয়া থাকিতে পারে না; প্রজার মঙ্গল, দেশের সমৃদ্ধি ও জনগণের শুডেছেট্ই রাজ্যের প্রকৃত ভিত্তি।

রাজা সিংহাসনে উপবিষ্ট হইলে পর পুরোহিত রাজার বক্ষে হস্তস্থাপন করিয়া বলেন, 'পবিত্র ধর্ম, নীতি ও শৃল্পার রক্ষক রাজা উপবেশন করিয়াছেন। রাজা সকল প্রকার কথা বলিতে পারেন না এবং সকল প্রকার কাজও করিতে পারেন না যাহা আয়া তাহাই তিনি বলিবেন এবং যাহা উচিত কর্ম তাহাই.তিনি করিবেন।' রাজার কিরূপ উচ্চ আদর্শ ধরিয়া চলিতে হইত এই উক্তিতে তাহা প্রকট।

অতঃপর যে অনুষ্ঠানের নির্দেশ আছে তাহা অতি এর তুপুর্ণ : পুরোহিতগণ স্বস্কাকার যথি (দণ্ড) লইয়া রাজার পৃষ্ঠদেশে ধীরে ধীরে আঘাত বা স্পর্শ করেন। দণ্ডের ঘারা স্পর্শ করিয়া পুরোহিতগণ রাজাকে দণ্ডের অতীত করেন। শতপথ ত্রাহ্মণের উজি, 'পুরোহিতগণ রাজাকে দণ্ডস্পর্শে দণ্ডাদেশ বা বধ-আদেশের গণ্ডীর বাহিরে লইয়া যান তজ্জন্ত দণ্ডবধর প'আদেশ রাজার প্রতি প্রযোজ্যানহে।' (শতপথ, ৫-৪-৮-৭)।

মনুখারাজাকে দেবরাজ ইল্পের সহিত এবং তাঁহার ত্রাহ্মণ পুরোহিত (মন্ত্রাকে) দেবগুরু বৃহস্পতির সমত্বা মনে করা হয়। দেবরাজ সোম, বরুণ, ইল্প প্রভৃতির মহাভিষেকের সময় হালোকে যে যে অনুষ্ঠান দেবগণ করিয়াছিলেন মনুষ্য নুপতির অভিষেকের সময় পুরোহিতগণও অনুরূপ অনুষ্ঠান করেন। যে সকল পবিত্র জলে দেবরাজগণের অভিষেক হইয়াছিল সেই সকল পবিত্র জলেই মনুষ্য নরপতিরও অভিষেক হইয়াথাকে,—

'যাভিরম্ভিরভাসিঞ্চং প্রজাপতিঃ সোমং রাজানং বরুণং যমং মনুম্। ভাভিরম্ভিরভিসিঞ্চামি ডামহং ুরাজ্ঞাং ডুমধিরাজো ভবেহ।'

(ঐতরেম ব্রাহ্মণ ৮-৩৭-৩)

পুরোহিত বলিতেছেন,—'যে সকল খলে প্রখাপতি বর্গের দেবরাজবৃন্দ

অর্থাৎ সোম, বরুণ, যম, মনুর অভিষেক করিয়াছিলেন, সেই সকল জলে আমি ভোমাকে অভিষিক্ত করিতেছি; তুমি নৃপতি সকলের অধিরাক্ত হও:'

রাজার বিভাষেক বা সিংহাসন আরোহণ রাজ্যবর্গ ও প্রজাসাধারণের প্রতিনিধিগণের সম্মতিসাপেক অর্থাৎ তাহারা সম্মতি জ্ঞাপন করিলে পর রাজা সিংহাসনে আরোহণ করেন। রাজস্তবর্গ ও বৈখ্যাদি প্রজাসাধারণের প্রতিনিধিগণ তদানীন্তন সমাজব্যবস্থায় কিরূপ গুরুত্বপূর্ণ স্থান অধিকার করিতেন এই তথা হইতে তাহা স্পক্ষ প্রমাণিত হয়। যেহেতু এই প্রতিনিধি-গণের সম্মতি ব্যতীত রাজ্বার অভিষেক হইতে পারে নাওজ্জন্ম তাঁহাদের "রাজকং" বা "রাজকর্ত্তা" বলা হয়। রাজসৃয় বা অভিষেকসংক্রান্ত যাগের-সহিত "রতুহবি" নামে একটি ইন্টি সম্পাদনের বিধান আছে। এই ইটি সম্পাদনের জন্ম রাজ্ঞার প্রত্যেক রাজকর্ত্তা বা রাজকারকের গৃহে গিয়া কোনও এক দেবতার উদ্দেশে এক একটি আছতি দিতে হয়। রাজকর্তাদের "রত্নিন্" বলা হয়। এক ছানে বলা হইয়াছে তাঁহারা রছতুল্য রাজাকে নির্বাচন ও রক্ষা করেন ভজ্জন্য 'রতুন্' সংজ্ঞা দেওয়া হইয়াছে। অপর এক ভ্রাক্ষণে উক্ত হইয়াছে, তাঁহারা রাজার মুকুটের মহামূলারত সদৃশ তজ্জল 'রজিন্'বলা হয় : অথর্ববেদে ও বিভিন্ন ত্রাহ্মণগ্রন্থে 'রত্নিন্' বা রাজকারকদের নাম পাওয়া যায় : গ্রন্থভাবে সংখ্যার ও ক্রমের ভারতম্য দৃষ্ট হয়। শতপথ ত্রাহ্মণ (৫-৩-১) অনুযারী র্ত্নিন্দের সংখ্যা একাদশ এবং তদানীত্তন সমাজে তাঁহাদের সম্মানের স্তর অনুযায়ী নামের ক্রম নির্দিই হইয়াছে যথা,—সেনানী বা প্রধান সেনাপতি, পুরোহিত, মহিষী, সৃত, গ্রামণী (গ্রামের প্রধান), ক্ষত্তা, সংগ্রহীতা অর্থাৎ কোষাধ্যক, ভাগত্ব অর্থাৎ করসংগ্রাহক, অক্ষাবাপ বা পাশাখেলার নিরক্ষক, গোবিকর্ত্ত বা ব্যাধ এবং পালাগল বা বার্ত্তাহর । যদিও এই ডালিকায় দ্বাদশটি নাম পাওয়া যায় অকাবাপ ও গোবিকর্ত উভয়ে মিলিয়া একজন রাজকুং বোধা: প্রত্যেক দিন রাজা এক একজন রাজকৃতের গৃহে যান, এই ভাবে একাদশ জন রত্নিনের গৃহে গিয়া আছতি দান করেন। ছাদশদিবসে রাজা তাঁহার পরিবৃত্তি নামক পরিতাক্তা পদ্মীর গৃহে গিয়া আছতি দান করেন। এই পরিভাক্তা পত্নীকে রতিমধ্যে গণ্য করা হয় না, ভজ্জগু রতিসংখা শতপথ ত্রাহ্মণ মতে একাদশ। পরিবৃত্তিকে ধরিলে ছাদশ হইত। বিভিন্ন ব্রাহ্মণগ্রন্থে রাজকুংদের সংখ্যা ও পৌর্বাপর্যের তারতম্য দৃষ্ট হয়। তৈতিরীয ভ্রাক্ষণে প্রদত্ত তালিকা ও ক্রম শতপথের অনুরূপ, কেবল গোবিকর্ত ও পালাগলের উল্লেখ তৈজিরীয়ে পাওরা যার না। বৈজারনী সংহিতাতে

(২-৬-৫) শতপথের তালিকাগৃত নাম সবই পাওয়া যায়, অধিকল্ক তক্ষা বা সূত্রধার এবং রথকার (রথনির্মাতা) এই হৃদ্ধনের উল্লেখ দৃষ্ট হয়। এই অভিষেক অনুষ্ঠান ও রাজকং রা রিছদের প্রথম উল্লেখ অথব্বেদে পাওয়া যায়; তথন মাত্র পাঁচজন রিছন্ ছিল, রথকার, কর্মার (কর্মকার), গ্রামণী, রাজ্য ও রাজার আত্মীয়। বাক্ষণগ্রন্থে প্রাপ্ত উপরিউক্ত তালিকায় সমাজের সকল প্রেণার বা বর্ণের প্রতিনিধিই বিদ্যমান। পুরোহিত বাক্ষণবর্ণের প্রতিনিধি রাজ্য সেনানী ও মহিষী ক্ষত্রিয়ের প্রতিনিধি, গ্রামণী রথকার প্রভৃতি বৈশ্য বর্ণের প্রতিনিধি এবং অক্ষাবাপ, গোবিকর্ত্ত, ইত্যাদি শুজের প্রতিনিধি। গ্রন্থভেদে রিছদের ক্রমের পার্থক্য দৃষ্ট হয়, যথা শতপথে প্রথমেই সেনানী বা প্রধান সেনাপতির উল্লেখ আছে, ক্ষত্রিয় বর্ণকে শুরুত্ব দিয়াছে কিন্তু অন্যান্ম ব্যাক্ষণ ও সংহিত্যির প্রথমেই পুরোহিতের নাম পাওয়া যায় অর্থাৎ ব্যক্ষণের প্রাধান্য পরিলক্ষিত হয়।

যদিও বৈদিকযুগে রাজার নির্বাচন রাজকংগণের সম্মতিসাপেক ছিল ও গণতন্ত্রের সূর ধ্বনিত হয় তথাপি রাজার নির্বাচন বা অভিষেকপ্রথা গণতন্ত্রমূলক ছিল বলিলে ভুল হইবে কারণ যে কোনও ব্যক্তি রাজা হইতে পারিত না। যে রাজা হইবে তাহাকে ক্ষত্রিয়বর্ণসভূত ও রাজকুলোন্তর হইতে হইবে। বংশানুক্রমেই রাজার নির্বাচন হইত ; রাজার পুত্র বা নিকট আত্মীয়ই রাজা হইতে পারিত। সাধারণতঃ রাজার জ্যেষ্ঠ পুত্রই রাজা হইত। ক্ষত্রিয়বর্ণবহিভূতি ব্যক্তির সিংহাসনে কোনই অধিকার ছিল না। স্বর্গে বা পৃথিবীতে সর্বপ্রথম রাজাকে নির্বাচন করিতে হইয়াছিল এবং তখন যে সকল নিয়ম ও অনুষ্ঠান পালিত হইয়াছিল সেই সকল অনুষ্ঠান প্রথা হিসাবে (as a formality) চলিয়া, আসিতেছিল। অভিষেক্রের সময় রাজাকে 'রাজাদের মধ্যে ভাবী রাজার পিতা' (রাজানাং রাজপিতরং') বলিয়া সম্বোধন করা হয় এবং শতপথ ও ঐতরেয় ত্রাক্ষণে দশ পুরুষ ধরিয়া পর পর রাজা হওয়ার ('দশপুরুষং রাজাম্') উল্লেখ আছে। এই সব উক্তি হইতেও প্রমাণিত হয় যে রাজার পুত্রই রাজা হইতে পারিত।

ঐতরের বাহ্মণে (৮-৩৯) বৈদিকয়ুগের বহু রাজার অভিষেকের ও সেই সেই রাজার অভিষেককারী পুরোহিতের উল্লেখ দৃষ্ট হয়। তুরকাবষের নামক পুরোহিত পরীক্ষিতপুত্র রাজা জনমেজয়কে, মনুবংশ সভ্ত শর্যাত নামক রাজাকে চাবন ভার্গব নামক পুরোহিত, পুরোহিত সোমতম রাজা শতানীকশত্রাজিংকে, পর্বত এবং নারদ নামে পুরোহিত্বর রাজা অষ্ঠাকে

ও রাজা যৌধাংশ্রোন্টিকে, কশ্মণ রাজা বিশ্বকর্মা ভৌবনকে, ঋষিবশিষ্ঠ রাজা সৃদাস পৈজবনকে, সংবর্ত আঙ্গিরস রাজা মরুত্ত আবিক্ষীতকে, অত্তিপুত্র ঋষি উদমর রাজা অঙ্গকে অভিষিক্ত করিয়াছিলেন। হয়ন্ত পুত্র ভরতকে দীর্ঘতমা ঋষি অভিষিক্ত করিয়াছিলেন এবং ভন্নত সসাগরা ধরিত্রী জয় করিয়া একশত ভেত্রিশটি অশ্বমেধের অনুষ্ঠান করিয়াছিলেন। এই সকল অভিষিক্ত নৃপতি প্রচুর দক্ষিণাদানে পুরোহিতগণকে আণ্যায়িত করিয়াছিলেন।

একাদশ পরিচ্ছেদ

বেদের ব্যাখ্যার বিভিন্ন প্রকার (প্রাচ্য ও প্রতীচ্যে)

অতি প্রাচীন কাল হইতেই ঋষিগণ এবং পণ্ডিতগণ বেদের মন্ত্রের ব্যাখ্যার চেষ্টা করিয়াছেন। বৈদিক যুগে যাস্কাচার্য তাঁহার বিখ্যাত নিরুক্ত গ্রন্থে বহু বৈদিক শব্দের এবং বেদমন্ত্রের ব্যাখ্যা করিয়া পিয়াছেন। তাঁহার পূর্ববর্তী বহু নিরুক্তকারের নাম ও মত যাস্ক উল্লেখ করিয়াছেন,—যথা কৌংস, উর্ণবাভ উচ্ছরায়ণ, শাকটায়ন, শাকপূণি প্রভৃতি। কাহারও কাহারও মত যায় খণ্ডন করিয়াছেন, কাহারও মত সমর্থন করিয়াছেন। বেদের ব্যাখ্যা লইয়া সেই সুপ্রাচীন কাল হইতেই বিবিধ মত দৃষ্ট হয়। যাস্ক কোংসের মত উদ্ধৃত করিয়া খণ্ডন করিয়াছেন। কৌংসের মতে বেদমন্ত্রণাল অনর্থক, পরস্পরবিকৃদ্ধ এবং কভিপয় মল্লের অর্থ চুর্বোধ্য: যাস্ক ইহার উত্তরে বলিয়াছেন যে কৌৎসের ষ্থার্থ শক্ষজানের অভাবের জন্মই তিনি বেদমন্ত্রের অর্থ নির্ধারণ করিতে भारतन नाहे। এই तभ (वर्षात मक्तिरमय नहेबा । यास्त्रत भूर्वावार्यभाषत মধ্যে মতবিরোধ দৃষ্ট হয়। যেমন অশ্বিনী যুগলের একটি নাম 'নাসভোগ। उर्वराष्ट्रत मरू बड़े मक्ति वर्ष न अमर्छो अर्थार याहा मिथा। नरह , किस আগ্রায়ণ নামক ব্যাখ্যাতা ইহার অর্থ করিয়াছেন—'সভাস্ত প্রণেডারৌ' অর্থাৎ সভোর নেতা গুইজন। খান্ত এই গুই প্রকার ব্যাখ্যা সমর্থন করেন নাই; তাঁহার মতে ইহার অর্থ 'নাসিকাপ্রভবৌ' অর্থাৎ নাসিকা হইতে জাত। কখনও কখনও যাস্ক একটি শব্দের বিবিধ বৈকল্পিক অর্থ করিয়াছেন।

মান্তর প্রায় গুই হাজার বংসর পরে চতুর্দশ শতাক্ষীতে সায়ণাচার্য বেদের ব্যাখ্যা করেন। সেই সময়কে পৌরাণিক মুগ বঙ্গা চলে এবং সেই জন্মই সায়ণাচার্যের ব্যাখ্যায় বহু ছলে পৌরাণিক চিভাধারা দুক্ট হয়। অধিকাংশ

ब्राल जिनि याञ्चरक श्रमान धितशास्त्र । किन्न व्रल विरमय निमन्न व्याधार দিয়াছেন। বহু মন্তের প্রকৃত তাংপর্য উদ্ঘাটনে অসমর্থ হইয়া তিনি বিবিধ বৈকল্পিক ব্যাখ্যা দিয়াছেন ডক্ষ্ম্যুই সায়ণাচার্যের বেদের ভাগ্য 'ঘদা' 'অথবা' শব্দে ভরা। প্রাচ্য বা পাশ্চান্ত্যের সকল পণ্ডিভগণই স্বীকার করিয়াছেন যে (वामत अर्थ निर्मा यास्त्रत निक्षक अवः मात्रनाहार्यंत छात्र श्रमान महात्रक । জার্মান দেশের প্রখ্যাত বেদ বিহান ভিন্টারনিংস্, গোল্ডস্টুকার, মাক্স্মূলর প্রভৃতি পশ্তিতগণ মুক্তকঠে সামণাচার্যের প্রতি তাঁহাদের ঋণ ও কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছেন। কেবল মাত্র ক্রডল্ফ ুরোটু (Rudolf Roth) বিশেষ দান্তিকভার সহিত বলিয়াছেন যে যান্ত বা সার্ণাচার্য বেদের প্রকৃত তাংপর্য নির্ণয় করিতে পারেন নাই। তাঁহার মতে ভাষাতত্ব প্রভৃতি বিদ্যার ব্যুংপন্ন আধুনিক ইউরোপীয় পশুভগণ যান্ধ বা সায়ণ অপেক্ষা বেদের অর্থ নির্ণয়ে যোগ্যতর অধিকারী। রোট্ বলিতে চাহেন বেদমন্ত্র প্রকাশের সময় মন্ত্রদ্রম্ভী ঋষিগণের যে অর্থ অভিপ্রেড হিল তাহা আধুনিক ভাষাতত্ত্বলে তিনি যেরূপ ধরিতে পারিষাছেন যায় বা সায়ণের তাহা সাধ্যাতীত ছিল। তাঁহার এই মত প্রমাণ করিবার জন্ম তিনি ছয়টি যুক্তি দিয়াছেন ৷ জার্মানীর বিখ্যাত সংস্কৃতজ্ঞ পণ্ডিত গোল্ডস্ট্রকার রোটের ধ্যুটি যুক্তিই সমালোচনা করিয়া খণ্ডন করিয়াছেন এবং যাস্ক ও সারণের শ্রেষ্ঠতা প্রতিপন্ন করিয়াছেন। রোটের দছের প্রতিও তিনি তীক্ষ কটাক্ষ করিয়াছেন। আরেকজন জার্মান পণ্ডিত আাল্ফেড ্লুড ্ভিগ্ (Ludwig) বলিয়াছেন যাক্ক ও সায়ণাচার্যের সাহায্য বেদ অধ্যয়নের জন্ম অনিবার্য কিছু অক্ষের শ্রায় অনুসরণ করা উচিত নহে। যে সকল স্থানে তাঁহারা প্রকৃত অর্থ নির্ণয় করিতে পারেন নাই অথবা বিবিধ বৈকল্পিক ব্যাখ্যা দিয়াছেন সে সকল ক্ষেত্ৰে নিজের বুদ্ধি খাটাইয়া প্রকৃত অর্থ নির্ণয় করা উচিত। রোট্ বলেন আধুনিক মুরোপীয় পণ্ডিতদের ঐতিহাসিক দৃষ্টিভঙ্গী তুলনামূলক ধর্মসম্বন্ধীয় জ্ঞান থাকায় তাঁহারা যাত্র, সায়ণ প্রতৃতি ভারতীয় ভাব-ধারাপুষ্ট ত্রাহ্মণ বেদব্যাখ্যাতাগণ অপেক্ষা বেদের অর্থ নির্ণয়ে অধিক দক্ষ কিছ গোল্ডস্টুকার ও লুড্ভিগ্ প্রভৃতিদের মতে বেদের ব্যাখ্যা সমাগ্ভাবে বুঝিতে হইলে ভারতীয় ভাবধারা, ভারতীয় ঐতিহা ও সংস্কৃতির জ্ঞান অপরিহার্য: কেবল তুলনামূলক ধর্মজান বা ভাষাতত্ব বারা প্রকৃত অর্থ নির্ণয় সম্ভব নহে। লুড্ভিগ্ সম্ত্র ঋক্সংহিতা আর্মান ভাষায় অনুবাদ করেন এবং একটি পাণ্ডিতাপুৰ্ণ ভাষ্ঠ রচনা করেন; সেই ব্যাখ্যায় ডিনি অধিকাংশ ছলে যাত্ক ও সায়ণের ব্যাখ্যার অনুসরণ করিয়াকেন। পুড্ভিগের মতের সমর্থক পিশেল (R. Pischel) ও পেলুড্নার (K. F. Geldner) তাহাদের 'Vedische

studien' (বেদিশে স্টুডিয়েন্) নামক গ্রন্থে বহু প্রবোধ্য বেদমন্ত্রের মর্ম উদ্ঘাটন করিয়াছেন। তাঁহারা স্ফুটকণ্ঠে লুড্ভিগের মত সমর্থন করিয়া বিশিয়াছেন—ঋগ্বেদ ভারতীয় চিত্তেরই অভিব্যক্তি ডক্ষেশ্য ভারতীয় ভাবধারা ও সায়ণ ভায় প্রভৃতির জ্ঞান বেদার্থ নির্ণয়ে একান্ত প্রয়োক্ষন।

বেদমন্ত্রের ব্যাখ্যা লইয়া পশুভদের মধ্যে আর একটি বিষয়ে মতানৈকা দুষ্ট হয়। চারি বেদের সংহিতাভাগের মন্ত্রগুলি যখন প্রথম প্রকাশিত হইয়াছিল তখন তাহাদের সহিত যজ্ঞের কোনও সম্বন্ধ ছিল কিনা ইহাই প্রধান বিচার্য বিষয়। একদলের মতে বেদের মন্ত্ররাজি বিশুদ্ধকাবা, হৃদয়ের স্বতঃস্মৃতি উচ্ছাস এবং যখন প্রকাশিত হয় যজ্ঞের সহিত কোনও সম্বন্ধ ছিল না। পরবর্তী যুগে অর্থাৎ ত্রাহ্মণগ্রন্থের প্রকাশসময়ে কর্মকাণ্ডের প্রাবস্তাক্ত বেদের বছ মন্ত্রের যজ্ঞে বিনিয়োগের ব্যবস্থা হয়। জার্মানীর খ্যাতনামা পণ্ডিত এডলফ্ক যেগী (Kaegi) তাঁহার 'Der Rgveda die alteste Litteratur der Inder' (ভের ঋগ্বেদ ডি আল্টেস্টে লিটেরাটুর (ডর ইন্ডের) অর্থাং 'ভারতবাসীর প্রাচীনভম সাহিত্য ঋগবেদ' নামক জার্মান গ্রন্থে এই মত সমর্থন করিয়াছেন। তাঁহার উল্ভি:-'The great majority of the songs are invocations and glorifications of the deities addressed at the time; their keynote is throughout a simple outpouring, a prayer to the Eternal ones, an invitation to accept favourably 'dedicated gift.' 'বেদের অধিকাংশ গান (মন্ত্র)ই দেবভাদের আহ্বান ও স্তুতিমূলক ; চিরন্তন ঐশীসন্তার বিকাশ স্বরূপ দেবতাদের প্রতি হাদয় হইতে স্বতঃউৎসারিত প্রার্থনা এবং এক্রাভরে অপিত দ্রব্যসমূহ গ্রহণের জন্ম অনুরোধই ঐ সকল মঞ্জের মর্ম।

সংস্কৃতজ্ঞ জার্মান পশুত ওন্ডেন্বের্গ (Oldenberg) করেগীর এই মতের বিপরীত মত পোষণ করেন। তাঁহার 'Religion des veda' (রেলিজন ডেস্বেদ) অর্থাং বেদের ধর্ম নামক গ্রন্থে তিনি বলিয়াছেন বেদের মন্ত্রগুলির বজের সহিত সম্বন্ধ সুস্পান্ট, যজের বিভিন্ন ক্রিয়াছে। পুরোহিতপ্রধান সমাজেই সংহিতা মন্তের উদ্ভব সম্বন।

ক্ষেণী ও ওল্ডেনবের্গের মত সুমের কুমেরুবং পরস্পর বিরুদ্ধ; উভয় মতই আংশিকভাবে সভা। ভিন্টারনিংস্ মধ্যবর্তী পছা অবলছন করিয়াছেন। ভিনি বলেন কয়েগা ও ওল্ডেনবের্গের মত হুইটি চ্ছাভ কোটি এবং প্রকৃত তত্ত্ব উভয় কোটির মধ্যমার্গে অবছিত; উভয়ের মতই অংশতঃ সভা, অংশতঃ

ভাত। একথা ঠিক যে অধিকাংশ বেদের মন্ত্র যজ্ঞসম্বন্ধরহিত স্বতন্ত্র এবং গীতি বা কাব্যধর্মই সেওলের প্রাণ; যজ্ঞের উৎপত্তির বহুপূর্বে ঐ সকল মন্ত্র প্রকাশিত। যেমন পুরুষসৃক্ত, হিরণ্যগর্ভসৃক্ত, নাসদীয়সৃক্ত, দেবীসৃক্ত, পুরুরবা-উর্বশীসংবাদ, যমযমীসংবাদ, সবিত্দেবের করেকটি সৃক্ত, মগুক্সৃক্ত, অক্ষসৃক্ত প্রভৃতির যজ্ঞের সহিত কোনও সম্বন্ধ নাই; প্রথমোক্ত চারিটি সৃক্ত উচ্চকোটির দর্শনহিত্তার অভিব্যক্তি। আবার কতকভাল বেদমন্ত্রের যজ্ঞের সহিত সম্বন্ধ স্পাই প্রতীত হয়। সেওলি যজ্ঞের জন্মই রহিত বা প্রকাশিত হইয়াছিল। বজ্ঞসম্বন্ধরহিত বিভন্ধকাব্যধর্মী কতক মন্ত্র পরবর্তী মৃদে যজ্ঞের বিনিয়োগরূপে ব্যবহৃত হইয়া আসিতেতে। ভিন্টারনিংস্ সমর্থিত এই মধ্যবর্তী পথই মৃক্তি সক্ষত।

প্রসঙ্গক্রমে উল্লেখ করিতে পারা যায়—প্রাচীন ভারতে পূর্বমীমাংসাদর্শন ওল্ডেন্বের্গের মতের প্রথম পথপ্রদর্শক। পূর্বমীমাসার একটি সূত্রে জৈমিনি বলিতেছেন—'আয়ায়স্য ক্রিয়ার্থতাং আনর্থক্যম্ অতদর্থানাম্'। আয়ায় মানে বেদ। বেদের মন্ত্রের সহিত যজ্ঞক্রিয়াত্মক অর্থের সম্বন্ধ থাকায় যে সকল মন্ত্রে যজ্ঞক্রিয়ার সম্বন্ধ দৃষ্ট হয় না সেই সকল মন্ত্র অনর্থক বৃষিতে হইবে।

বেদমন্ত্রের সহিত যজ্ঞের ক্রিয়াকাণ্ডের সম্বন্ধের উপর সায়ণাচার্যও বিশেষ গুরুত্ব আরোপ করিয়াছেন। ঋগ্ভায়োপোদ্ঘাতে তিনি কেন ঋক্সংহিতার ভাত্ত আগে না লিখিয়া যজ্ববিদের, বিশেষ করিয়া ক্ষাযজ্ববিদের ভাত্ত আগে লিখিয়াছেন তাহার সমর্থনে বলিয়াছেন যজ্ঞের ক্রিয়াকাণ্ডে যজ্ববিদের গুরুত্ব, অধর্যন্ব প্রাধাত্ত ঋগ্বেদ ও সামবেদ হইতে অধিক। মদীয় পরমশ্রভাভাজন আচার্য মহামহোপাধ্যায় অনস্তক্ষশান্ত্রী বলিতেন, সায়ণাচার্য নিজে ক্ষাযজ্ববিদীয় বাল্লাণ, তজ্জাই ক্ষাযজ্বংসংহিতার ভাত্ত স্বাত্তে লিখিয়াছেন, ইহাই আসল কথা।

वामन शतिदृष्टम

চারবেদের ভায্যকারপণ

প্রাচীনকালে চারিটি বেদের বহু ভাষ্মকার ছিলেন কিছু বর্তমানে অধিকাংশ ভাষ্ম লুগু হইয়া নিয়াছে। নিম্নে বর্ণিত ভাষ্মগুলির কোন কোনটি পূর্ণাঙ্গরূপে কোন কোনটির অংশবিশেষ বর্তমানে পাওয়া যায়।

ঋগবেদ: -- বর্তমানে ঋক্সংহিতার প্রায় পনরটি ভাষ্য পাওয়া যায়।

তন্মধ্যে কতিপয় ভাষ্য ঋক্সংহিতার অংশবিশেষের উপর রচিত; কেবলমাত্র ক্ষশবামী ও সারণাচার্য এই চুইজন সম্পূর্ণ ঋক্সংহিতার ভাষ্য রচনা করিয়াছিলেন। পনরজন ভাষ্যকারের নাম ও সংক্ষিপ্ত পরিচয় নিমে প্রদত্ত হুইল।

(১) রুশ্রামী:—রুশ্রামী ঋক্সংহিতার প্রাচীনতম ভাষ্যকার বলিয়া পরিগণিত। ৬৮৭ বিক্রমান্দে তিনি জীবিত ছিলেন। সমগ্র ঋক্সংহিতার উপর তিনি ভাষ্য রচনা করেন কিন্তু এই মূল্যবান্ গ্রন্থের কিয়দংশ আজও উদ্ধার করা হয় নাই। প্রথম অইকের উপর সম্পূর্ণ ভাষ্য পাওয়া গিয়াছে; বিতীয় হইতে পঞ্চম অইকে পর্যন্ত ভাষ্য স্থানে স্থানে থতিত ও লুপ্ত। কয়েকজন পণ্ডিত এই লুপ্ত অংশগুলি পুনরুজারজন্ম চেইটা করিতেছেন। ক্রন্থামীর ভাষ্যের পাঙ্গুলিপিরাজি ত্রিবস্তম্ম ও আদিয়ার্ গ্রন্থাগারে এবং মাদ্রাজের জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত আছে। খ্যাতনামা বিদ্যান্ শান্থশিবশাল্লী এই ভাষ্যের কিয়্নদংশ প্রকাশ করাইয়াছেন। ঋক্সংহিতার খ্যাতনামা ভাষ্যকার হরিয়ামী, আত্মানন্দ, বেরটমাধব, সায়ণাচার্য, দেবরাজ্যজা প্রভৃতি ক্রন্থামীর ভাষ্য হইতে পঙ্ভি উদ্ধার করিয়াছেন,—ইহা হইতেই প্রমাণিত হয় যে ক্রন্থামী তাঁহাদের পূর্বাচার্য।

স্কল্যামী বলভী নামক জনপদের বাসিন্দা ছিলেন। বেক্কটমাধব বলেন—নারায়ণ এবং উদ্গীথ এই হুইজন খ্যাতনামা ঋগ্বেদভাষ্যকারের সহযোগিতায় স্কল্যামী তাঁহার ভাষ্য রচনা করিয়াছিলেন। ডাজ্ঞার কুন্হন্রাজ্ঞাও এই মত সমর্থন করেন। সায়ণাচার্যের স্থায় স্কল্যামীর ভাষ্যও যাজ্জিকব্যাখ্যানগন্ধী।

- (২) নারারণ:—ফলবামীর ভাত্তরচনায় সহযোগিতাকরেন; ভদ্ব্যতীত নিজেও একটি ভাত্ত রচনা করেন; সম্পূর্ণ ভাত্ত পাওয়া যায় না কেবল পঞ্চম, সপ্তম ও অফ্টম অফ্টকের অংশবিশেষের উপর তাঁহার ভাত্ত পাওয়া গিয়াছে। আম্লোয়ন শ্রোত স্ত্রের উপরও তিনি একটি বৃত্তি রচনা করেন; সেই বৃত্তিই বর্তমানে প্রচলিত 'নারায়ণীটাকা'।
- (৩) উদ্গীথ: —ইনিও স্কলবামীর সহযোগী ছিলেন; নিজেও বতস্ত্র-ভাজ রচনা করেন। বর্তমানে ঋক্ সংহিতার দশম মণ্ডলের পঞ্চম সৃজ্জের পঞ্চম স্ত্রের পঞ্চম স্থকর অক্ হইতে দশম মণ্ডলের ৮০তম সৃজ্জের পঞ্চম ঋক্ পর্যন্ত মন্ত্রের উপর তাঁহার ভাজ পাওষা যায়। আজানন্দ ও সায়ণ—তাঁহাদের ভাজে উদ্গীথের তাল্যান্ত যজ্ঞাক্রিয়ামূলক।

তাঁহার ভাষ্টের কিয়দংশ প্রকাশিত হইয়াছে। কিংবদন্তীমতে তিনিও বঙ্গডী-বাসী ছিলেন।

- (৪) <u>হস্তামলক</u>:—কিংবদন্তীমতে ভগবান্ শঙ্করাচার্যের খ্যাতনামা শিশু হস্তামলক ঋগ্ৰেদের উপর একটি ভাগ্য রচনা করিয়াছিলেন কিন্তু অদ্যাবধি তাহা আবিষ্কৃত হয় নাই। হস্তামলক ঋগ্বেদের আশ্বলায়ন শাখার রাহ্মণ ছিলেন। ৭৫৭ বিক্রমান্দে তিনি ভাগ্য রচনা করিয়াছিলেন বলিয়া জনশ্রুতি চলিয়া আসিতেছে।
- (৫) বেক্কটমাধব :-- চোলরাজ্যে প্রীক্তীয় একদশ শতান্দার বেক্কটের কাল। কাবেরী নদীর দক্ষিণতারম্থ গোমান গ্রামের বাসিন্দা ছিলেন। কৌশিকগোত্রায় তাঁহার পিতামহ ছিলেন মাধব, পিতা ছিলেন বেক্কট, মাতার নাম ছিল সুন্দরী। তংকৃত ঋণ্ভাত্তের নাম 'ঋণর্থদীপিকা'। প্রায় সম্পূর্ণ পাণ্ড্লিপি পাণ্ডয়া গিয়াছে। ১৯৪৭ সনে ভারতবিভাগের পূর্বে লাহোরে প্রসিদ্ধ পুক্তকব্যবসায়ী মোভিলাল বারাণসীদাস কর্তৃক এই ভাত্তের অর্ধাংশ মুক্তিত ও প্রকাশিত হইয়াছিল। সায়ণের ভাষ্যের হায় এই ভায় বিস্তৃত ও বিশদ নহে। ইহা সংক্ষিপ্ত ও টীকাধর্মী। ভায় না বলিয়া ইহাকে টীকা বলাই সমীচীন। সায়ণভাস্থের হায় বেক্কটের ব্যাখ্যানও যজ্ঞধর্মী। বেক্কট বলেন যে বেদের আক্ষণ গ্রন্থে নিক্ষাত নহে সে সংহিতার তাংপর্য উপলাক করিতে পারিবে না, বাক্ষণগ্রন্থ না পড়িয়া কেবল নিক্ষক্ত ও ব্যাকরণ শাস্ত্র অনুশীলন করিলে বেদের এক চতুর্থাংশ তত্ত্ব অবগত হওয়া যায়, তদধিক নহে। বেক্কটমাধ্বের উক্তি,—

'সংহিতারাস্ত্রীয়াংশং বিজ্ঞানন্তি অধুনাতনাঃ। নিরুক্তব্যাকরণযোরাসীদ্ যেষাং পরিশ্রমঃ॥'

- (৬) শৃক্ষণ:—কিংবদন্তা অনুবায়ী প্রাফীয় ঘাদশ শতাকীতে লক্ষণ নামক পণ্ডিত ঋগ্বেদের উপর ভাষ্য রচনা করেন, কিছু অন্যাবধি ভাহা পাওয়া যায় নাই।
- (৭) <u>ধানুক্ষযক্ষা: এরোদশ শতাক্ষীতে এই নামের জনৈক বিঘান্ ঋক্,</u> সাম, যক্ষ্ণ বেদরত্বের ভাষ্য রচনা করেন এইরূপ জনক্রতি চলিয়া আসিতেছে কিছু আৰু পর্যন্ত কোন বেদের ভাষ্য আৰিষ্কৃত হয় নাই ।
- (৮) <u>আনন্দতীর্থ :--</u>মাধবাচার্যের বৈডাবৈড প্রস্থানের সমর্থক আনন্দ-তীর্থ ব্রয়োদশ শভান্দীর মধ্যভাগ হইতে চতুর্দশ শডান্দীর প্রথমভাগ (১২৫৫-১৩৩৫) পর্যন্ত জীবিত ছিলেন। তিনি ঋক্সংহিতার প্রথম চক্লিশটি সুস্তের

উপর ভাষা রচনা করেন। বৈষ্ণব ছিলেন বলিয়া তাঁহার ব্যাখ্যা ভিন্তিন মার্গানুযারী, সায়ণের হায় যজ্ঞগন্ধী নহে। তাঁহার মতে পরমপুরুষ নারায়ণই সর্ববেদ প্রভিপাদ একমাত্র ভত্ত্ব। আনন্দভীর্থের ঋগ্ভাষোর উপর জয়তীর্থ নামক একজন বৈষ্ণব পশুভ টীকা রচনা করিয়াছেন; আবার নরসিংহ নামে অপর একজন বৈষ্ণব বিধান্ জয়তীর্থের টীকার উপর টীকা লিখিয়াছেন। রাধ্বেক্ত যতি নামক আর একজন বিধান্ আনন্দভীর্থের ভাষোর উপর টীকা লিখিয়াছেন। আনন্দভীর্থ আশী বংসর জীবিত ছিলেন।

(৯) <u>আত্মানন্দ</u>ঃ—এয়োদশ শতাকীতে আত্মানন্দ ঋগ্বেদের বিখ্যাত অস্তবামীয় সুক্তের (১-১৬৪) উপর ভাষা রচনা করেন।

শ্রীশঙ্করাচার্যের অধৈত বেদাত প্রস্থানের সমর্থক আত্মানন্দর এই ভাষ্য অবৈত-বেদাত্তনিষ্ঠ এবং গভার পাণ্ডিত্যপূর্ণ। তাঁহার উল্লিখিত বহু গ্রন্থ পৃথিবী হইতে লুগু হইয়াছে।

(১০) সামণাচার্য:--দাকিণাভ্যের বিজয়নগর রাজ্যের প্রথম বুরু, কম্পন ও সক্তম পরপর এই তিনজন রাজার প্রধান মন্ত্রী ও সভাপণ্ডিত বেদ-ভাষ্যকাররূপে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সায়ণাচার্যের কাল খ্রীফীয় চতুর্দশ-শতাকী। তিনি রণকুশল যোদ্ধা এবং পূর্তকর্মের অধ্যক্ষও ছিলেন। চম্পারাজ্যের স্হিত বিজ্ঞয়নগরের যুদ্ধে তিনি সেনাবাহিনী পরিচালনা করিয়া চম্পারাজকে পরাস্ত করিয়াছিলেন। তাঁহার পিতার নাম মায়ন, জননীর নাম খ্রীমতী, জ্যেষ্ঠ ভ্রাতার নাম বনামধ্য মাধ্বাচার্য এবং ক্রিষ্ঠ ভ্রাতার নাম ভোগনাথ। তাঁচার গুরুর নাম ছিল শ্রীকণ্ঠনাথ। একদল পণ্ডিতের মতে মাধবাচার্য ও সায়ণাচার্য একই ব্যক্তির নাম কিন্তু কিংবদন্তী অনুসারে এবং কভিপয় গ্রন্থের আভ্যন্তরীণ বচনের প্রামাণে। সারণাচার্য ভ মাধবাচার্য সহোদর ভ্রাতা ছিলেন; সায়ণ মাধবের অনুত্ব ও অত্তেবাসী ছিলেন: সন্ন্যাসী ও বিশ্রুত-বিদ্বান অগ্রহ মাধবাচার্যের প্রতি গভীর শ্রদ্ধাবশতঃ সায়ণ তাঁহার রচিত বেদভাব্যের "মাধবভাষ্য' আখ্যা দান করিয়াছিলেন। এই মাধবাচার্যই 'সর্বদর্শনসংগ্রহ' নামক পাণ্ডিভাপূর্ণ গ্রন্থ রচনা করেন। সায়ণের গোত ভরদ্বাক্ষ, শাখা তৈভিরীয় এবং সূত্র বৌধায়ন। বাহাতর (৭২) বংসর বয়সে তিনি দেহভাগে করেন। তিনি কৃষ্ণযজুর্বেদ বা তৈতিয়ীয় শাখার ৱান্ধণ ছিলেন বলিয়া সর্বপ্রথম কৃষ্ণযজুর্বেদের সংহিতা, বান্ধণ ও আরণ্যকের ভাষ্য রচনা করেন। তৎপর ঋগ্বেদের ভাষ্য ওচনা করেন। তাঁহার ঋগ্-ভিষয়ের উপোদ্যাতে তিনি যজের পরিপ্রেক্ষিতে অকাক বেদ অপেকা

যজুর্বেদের প্রাধান্ত স্থাপন করিষাছেন। সারণের বেদব্যাখ্যা ষজ্ঞপ্রক্রিয়ামূলক;
তাঁহার মতে যজ্ঞে বিনিয়োগই বেদমন্ত্রের প্রধান তাংপর্য। যজ্ঞানুসারী
ব্যাখ্যান বজায় রাখিবার জন্ম স্থান বিশেষে তিনি নিরুক্তকার ধাঙ্কের ব্যাখ্যাও
পরিহার করিষাছেন। তাঁহার ভাষ্যে বছস্থানে বেদব্যাখ্যামার্গে তাঁহার
পূর্বসূরী খ্যাতনামা স্কলম্মামা, নারায়ণ ও উদ্গাথ আচার্যের প্রভাব পরিলক্ষিত
হয়; এই প্রভাব অত্যন্ত স্থাভাবিক কারণ ঐ তিনজন পূর্বাচার্যের বেদ
ব্যাখ্যানও যজ্ঞগন্ধী।

বৈদিক বাঙ্নায়ের ইতিহাসে সায়ণাচার্যের নাম প্রাচ্য প্রতীচ্য উভয় ভ্রথণ্ডে স্বমহিমায় ভাষর হইষা রহিয়াছে ও থাকিবে। তাঁহার অগাধ পাণ্ডিভা, বিস্তৃত ও গভীর অধ্যয়ন, অপরাজেয় অধ্যবসায়, অলোকসামায় মেধা ও অক্লান্ত সার্য্বত সাধনা আলোচনা করিলে বিশ্বয়ে ন্তক হইছে হয়। তিনি একজীবনে চার বেদের উপর, প্রাহ্মণ গ্রন্থরাজ্বির উপর, আর্বাক্রগ্রন্থ নিচয়ের উপর ভাষা রচনা করিয়াছেন; ইহা ছাড়া তিনি ঐতরেয়োপনিষদ্, সামপ্রাভিশাখ্য প্রভৃতি গ্রন্থেরও ভাষা বিশিয়াছেন। ভাষাসাহিত্য ছাড়া তিনি কতকণ্ডলি মূল গ্রন্থও বচনা করিয়া গিয়াছেন; সুভাষিতস্থানিধি, প্রায়শিন্তর্থানিধি, আলংকারস্থানিধি, প্রক্রমার্থ-স্থানিধি, মাধ্বীয়ধাত্রতি প্রভৃতি মূল্যবান্ গ্রন্থ তাঁহারই লেখনীপ্রস্ত । জনক্রতি মতে নরহার, সোম্বাজ্বী, নারায়ণ, বাজপেয়্রাজী, পণ্ডারীদীক্ষিত প্রভৃতি কভিপয় বেদ-বিশ্বান সায়ণাচার্যকে বিশাল বারিধিসমত্ল্য বেদভাষারচনায় সাহায়্য করিয়াছিলেন।

সায়ণ তাঁহার ভাষ্যগ্রন্থে বেঙ্কটমাধ্ব, ভট্টভাষ্কর, ভরতবামা, কপদীরামী, কল্পবামা প্রভৃতি পূর্বাচার্যের গ্রন্থ হইতে উদ্ধার করিয়াছেন।

জার্মানীর বিশ্ববিশ্রুত সংস্কৃতজ্ঞ আচার্য মাক্ষ্মুলারই সর্বপ্রথম সায়ণকৃত ঋগ্ভাষ্যের বিভিন্ন পাণ্ডলিগি সংগ্রহ করিয়া বছ পরিশ্রম করিয়া সায়ণকৃত সম্পূর্ণ ঋক্-সংহিতাভাষ্য মুদ্রণ ও প্রকাশ করেন। প্রাচ্য প্রতাচ্যের বিছং-সমাজ এইজন্ম মাক্ষ্মুলারের নিকট চিরঝণী। এই পাণ্ডলিপি সংগ্রহ, প্রতিলিপিকরণ ও মৃত্রণকর্ম সম্পন্ন করিতে আচার্য মূলারের পঁটিশ (২৫) বংসর লাগিয়াছিল।

(১১) <u>রাবণ :</u>—কোনও কোনও পণ্ডিত সায়ণ ও রাবণ একই ব্যক্তি বলিয়া ঘোষণা করিয়াছেন কিন্তু তাহা সম্পূর্ণ ভাত। সায়ণ ও রাবণ **হইজন** পৃথক ব্যক্তি এবং বিভিন্ন সময়ের। মল্লারি, দৈবজ্ঞ, সূর্যপণ্ডিত প্রভৃতি বেদশাস্ত্র- নিষ্ণাত পণ্ডিতদের গ্রন্থ হইতে জানা যায় ভারতবর্ষে রাবণ নামে একজন বিদগ্ধ পণ্ডিত ও দার্শনিক ছিলেন। হল্ (Hall) নামক পাশ্চান্তঃ পণ্ডিত ইতিমধ্যে ঋগ্বেদের উপর রাবণভাষোর যে যে অংশ পাওয়া গিয়াছে তাহা প্রকাশ করিয়াছেন।

রাবণের ব্যাখ্যানশৈলীও সায়ণ হইতে পৃথক। সায়ণভাষ্য যজ্ঞনিষ্ঠ বা আধিদৈৰিক-ভাবসমৃদ্ধ কিন্ত রাবণের ভাষ্য আধ্যাত্মিক ভাবনিষ্ঠ; তিনি যজ্ঞের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন নাই, আধ্যাত্মিকতত্ত্বর দার্শনিকভার উপর বিশেষ জ্বার দিরাহেন। দার্শনিক আত্মানন্দের বেদব্যাখ্যান রাবণের স্থায় আধ্যাত্মিকতত্ত্বনিষ্ঠ। জনশ্রুতিমতে যজুর্বেদের উপরও রাবণ ভাষ্য রচনা করিয়াছিলেন। কিন্তু তাহা অদ্যাবধি পাওয়া যায় নাই। তিনি শ্রক্সংহিতার একটি পদপাঠও রচনা করিয়াছিলেন কিন্তু মাত্র সপ্তম অইটকের পদপাঠের কতিগয় পাঙ্গুলিপি পাওয়া গিয়াছে। বহুত্বানে তিনি প্রচলিত পদপাঠ পরিহার করিয়া নিজের সত্মত পদপাঠ দিয়াছেন। উদ্গাণ এবং ত্বগাচার্য রাবণকৃত পদপাঠ সম্বর্ধন করিয়াছেন।

প্রাচ্যের ও পাশ্চাণ্ড্যের বহু বেদবিদ্বান্মনে করেন ঋক্সংহিতা ও যজুঃ সংহিতার উপর রাবণের সমগ্রভাষ্য আবিষ্কার করিতে পারিলে অধ্যাত্ম-ভাবনিষ্ঠ বহু সৃক্টের অর্থোদ্ধার সহজ্ব ইবৈ।

- (১২) মুদ্গল: মুদ্গলের জীবনী বিষয়ে কিছু জানা যায় না: প্রথম অফটকের সম্পূর্ণ এবং চতুর্থ অফটকের পাঁচটি অধ্যায়ের উপর তাঁহার ভাষ্য পাওয়া গিয়াছে। সায়ণের ব্যাখ্যান মার্গই ভিনি অনুসরণ করিয়াছেন। মুদ্গল পঞ্চদশ শভাকীর লোক ছিলেন।
- (১৩) <u>চতুর্বেদরামী</u>:—ইনি প্রীফীয় বোড়শ শতাকার লোক; ঋক্-সংহিতার অংশবিশেষের উপর চতুর্বেদরামী ভাষ্য রচনা করিয়াছিলেন। ইনি ভগবান প্রীকৃক্ষের একনিষ্ঠ ভক্ত ছিলেন ডক্ষণ্য রামীর মন্ত্রের ব্যাখ্যা প্রীকৃক্ষনিষ্ঠ।

ঋণ্বেদের কোন ভাষ্যকারই এই শ্রীকৃষ্ণনিষ্ঠ ব্যাখ্যা মানিষা লইতে পারেন নাই। ঋক্সংহিভার একটি মাত্র মন্ত্র (১০-১১৩-৪) হইতেই এই ভাষ্যকার শ্রীকৃষ্ণ কর্তৃক পূতনাবধ, কংসবধ, গোবর্জন পর্বত ধারণ, কৌরব-পাশুবের মুদ্ধ প্রভৃতি অসম্ভব অর্থ গোহন করিয়াছেন। মন্ত্রটি এই,—

'জজ্ঞান এব ব্যবাধত স্পৃধঃ

क्षानश्रम्वीद्या अस्ट त्नोरश्रर द्वनम् ।

অর্শ্চদন্তিমব সস্তদঃ সৃ**ল**-দন্তভ্_নাল্লাকং স্থপস্থা পৃথুম্॥'

এই মন্ত্র হইতে কল্পনার বলেও ঐকপ অর্থদোহন করা সম্পূর্ণ অসম্ভব। কংস, পূতনা, গোবর্জন ইত্যাদির নামও এই মন্ত্রে বা পূর্বাপরমন্ত্রে দৃষ্ট হয় না। এই সকল কারণে পণ্ডিত সমাজ চতুর্বেদয়ামীর ভাষ্যকে ভাষ্য বলিয়া গণ্য করেন না।

- (১৪) দেবস্থামী:—মহাভারতের বিমলবোধ নামক টীকাকার বলিষাছেন যে দেবস্থামী নামে জনৈক বিদ্ধান্ ঋক্সংহিতার ভাষা লিখিয়াছিলেন কিন্তু অদাবধি তাহা পাওয়া যায় নাই। সংহিতার ভাষা পাওয়া যায় নাই কিন্তু আশ্বলায়নশ্রোতস্ত্র ও আশ্বলায়নগৃহস্ত্রের উপর দেবস্থামীর ভাষা পাওয়া গিয়াছে ও তাহা প্রকাশিত হইয়াছে।
- (১৫) <u>স্থামী দর্যানন্দ সরস্থতী</u>:—উনবিংশ শতান্দীতে আবিভূতি স্থামী দ্যানন্দকে বর্তমান যুগের বেদশান্তের প্রথিত্যশা বিদ্যাপ্তলীর মধ্যমণি বলিলেও অত্যুক্তি হয়না। তাঁহার লোকোন্তর মনীয়া ও অগাধ পাতিতোর প্রশংসা ভারতবর্ষের ও প্রতীচ্যের সকল সংস্কৃতজ্ঞ পতিতগণ মুক্তকণ্ঠে করিয়াছেন ও করেন। তিনি ১৮২৫ খ্রীফ্রান্দে ভূমিষ্ঠ হয়েন। সন্ধ্যাসাশ্রম গ্রহণের পূর্বে তাঁহার নাম ছিল মূলক্ষী বা মূল শক্ষর। তিনি সামবেদের উদীচ্যশাখার ব্রাহ্মণ ছিলেন। মথুরার স্থামী বিরক্ষানন্দ নামক সন্ধ্যাসী তাঁহাকে সন্ধ্যাসে দীক্ষা দান করেন। ১৮৭৭ খ্রীফ্রান্দে দ্যানন্দ্রামী তাঁহার বৈদ্যাপূর্ণ বেদভাষ্য রচনা আরম্ভ করেন। ভাষাটি সরল সংস্কৃতে বিরচিত এবং সঙ্গে সঙ্গে হিন্দীভাষায় অনুবাদও করিয়াছেন। হিন্দী অনুবাদও তিনি নিক্ষেই করেন।

১৮৮৪ খ্রীফ্রাব্দের দীপায়িতা (দেওরালী) উৎসবের দিন তিনি মহাপ্ররাণ করেন। ১৮৭৭ হইতে ১৮৮৪ আট বংসরে তিনি ঋক্ সংহিতার সপ্তম মপ্তলের দিতীয় মৃক্তের মিতীয় ঋক্ পর্যন্ত ভাষা রচনা করিতে সমর্থ হইয়াছিলেন। এই শুরুত্বপূর্ণ বিশাল ভাষারচনার কার্য আরক্তের পূর্বে তিনি 'ঋগ্বেদাদিভাষা-ভূমিকা' ঋক্, সাম, যজ্মঃ ও অথব চারিবেদের ভাষোর ভূমিকা অংশ লিখিয়া প্রকাশ করেন। এই গ্রন্থটি অতি পাভিত্যপূর্ণ; বিবিধ আলোচনা ইহাতে সমিবিফ হইয়াছে।

স্বামী দ্যানন্দ আর্য সমাজের পুরোধা ও প্রতিষ্ঠাতা। আর্য সমাজের বছ ভত্ন তাঁহার ভাষ্যেও প্রতিফলিত হইয়াছে। তিনি দেবতাবাদ স্বীকার করেন না। নিরুক্তকারোক্ত ছিন দেবতা বা যাজ্ঞিকগণের তেত্রিশ দেবতা ছিনি মানেন না। ছিনি বেদের দেবতামগুলীর এক অন্বিভীং ঈশ্বংনিষ্ঠ ব্যাখ্যা করিয়াছেন এবং দেবতা বাচক সকল শব্দের অর্থ পরমাত্মা বা পরমেশ্বর করিয়াছেন। তাঁহার পূর্ববর্তী কোনও ভাষ্যকারের সহিত তাঁহার মত সম্পূর্ণ মিলে না। ছিনি বেদের সংহিতা ভাগের নিত্যতা প্রভিপন্ন করিয়াছেন কিছু রাহ্মণভাগের, আরণ্যক গ্রন্থের নিত্যতা শ্বীকার করেন নাই। বেদে ইছিহাস্যুলক আখ্যানও ছিনি স্বীকার করেন না। ভাষ্যকার রাবণের নাম ছিনি উল্লেখ করিয়াছেন এবং রাবণের হায় ছিনিও কোনও কোনও স্থলে শাকল্যকৃত্ব পদপাঠ বর্জন করিয়া নিজর বছর পদপাঠ করিয়াছেন। সর্বানুক্তমণীকার কাত্যায়নের দেবভানির্বাচনও ছিনি অনেকক্ষেত্রে পরিহার করিয়া অন্ত দেবভা কল্পনা করিয়াছেন। একটি শব্দের ক্ষেত্রভেদে বছ অর্থ কল্পনা করিয়াছেন; যেমন ইন্দ্র শব্দের ছিনি কোথাও ঈশ্বর, কোথাও জীবাত্মা, কোথাও বাত্ম, কোথাও সূর্য, কোথাও রাজা, আবার কোনও স্থলে বিহান রাজা অর্থ করিয়াছেন।

প্রাচ্য ও প্রতীচ্যে বছ মনীয়ী দয়ানন্দরামীর ঋগ্বেদভায়ের প্রশংসা ও অনুমোদন করিয়াছেন। তাঁহার চিন্তার মৌলিকড় রীকার করিয়াছেন; আবার পণ্ডিত মহেশচক্র হায়রড়, অধ্যাপক গ্রিফিখ (Griffith), হিউম (Hume) প্রভৃতি অনেক পণ্ডিত তাঁহার মত খন্তন্ত করিয়াছেন। শ্রীজরবিন্দ দয়ানন্দের ব্যাখ্যান-শৈলী সমর্থন করিয়াছেন।

কৃষ্ণযজুর্বেদের ভায়কার

কৃষ্ণযজুর্বেদ বা তৈভিরীয় সংহিতায় আটজন ভায়কারের নাম পাওয়া যায়।

- (-১) <u>ভবশ্বামী</u> :— ভবশ্বামী অতি প্রাচীন ভাশ্যকার। কেই কেই বলেন তিনি বিক্রমসংবং প্রারক্তের আটশত বর্ষ পূর্বের লোক। অশুণ্য ভাষা-কারদের উল্লেখ হইতে প্রমাণিত হয় তিনি সম্পূর্ণ তৈত্তিরীয় সংহিতার উপর ভাশ্য লিখিয়াছিলেন কিন্তু আজ পর্যন্ত সে গ্রন্থ পাওয়া যায় নাই। এই সংহিতার প্রখ্যাত ভাশ্যকার ভট্টভাশ্ববের ভাশ্যের স্কুচনায় "ভবশ্বাম্যাদিভাশ্য" পদে ভবশ্বামীর উল্লেখ দৃষ্ট হয় এবং তিনি যে ভাশ্যরচনা করিংগাছিলেন তাহা সুপ্রমাণিত হয়।

উপর তাঁহার ভাক্স ছিল। ভট্টভাদ্ধর ইহার নামও উল্লেখ করিয়াছিলেন। নিঘণীর গ্রন্থের ভাষ্যভূমিকায় দেবরাজ্যজ্বাও বলিয়াছেন যে গুহদেব বেদের ভাষ্য লিথিয়াছিলেন। অদাবিধি তাঁহার ভাষ্য অনুপলক রহিয়াছে:

- (৩) ভট্টভাষর :— তৈতিরীয়সংহিতার খ্যাতনামা সুপণ্ডিত ভাষ্যকার ভট্টভাস্কর একাদশশতাকীর লোক। সায়ণ ও দেবরাজ্যজ্ঞাবছন্থলে ভট্টভাস্করের ভাস্থের উদ্ধৃতি তৃলিয়াছেন। ভট্টভাস্কর শৈব ছিলেন; স্থকীয়ভাস্থের মঙ্গলাচরণে তিনি শিবের প্রতি প্রণতি জানাইয়াছেন। তাঁহার ভাষ্য উচ্চকোটির এবং বিঘজ্জনসমানৃত; ভাষ্যের নাম দিয়াছেন তিনি "জ্ঞানযজ্ঞ"। এই ভাষ্যের প্রায় সম্পূর্ণ অংশ মুদ্রিত হইয়াছে; কেবল চতুর্থ কাতের কিছু অংশের মুদ্রণ বাকা আছে। ভাষ্যকারের গোত্র কৌশিক এবং সম্পূর্ণ নাম ভট্টভাস্করমিত্র। তাঁহার পূর্ববর্তী ভাষ্যকাদের ভিনি স্বীয়ভাষ্যে 'কেচিং', 'অপরে' প্রভৃতি শব্দের ঘারা উল্লেখ করিয়াছেন।
- (৪) ক্ষুর: -- সায়ণাচার্য তাঁহার ধাতৃব্ভিগ্রন্থে পাঁচবার ক্ষুর নামক কৃষ্ণবজ্বেশী পশুতের মত উল্লেখ করিয়াছেন; তাহা হইতে জানা যায় ক্ষ্র সম্পূর্ণ তৈভিরীয় সংহিতার উপর ভাষা লিখিয়াছিলেন কিছ হু:থের বিষয় আজ পর্যন্ত সে ভাষা অপ্রাপ্ত। কেহ কেহ অনুমান করেন তিনি প্রাফীয় চতুর্দশ শতাক্ষার ব্যক্তি।
- (৫) <u>সায়ণাচার্য্য :— সম্পূর্ণ তৈ</u> তিতিরীয় সংহিতার উপর সায়ণের ভাষ্য পাওয়া যায়। পূর্বেই বলিয়াছি—সায়ণ সর্বপ্রথম এই সংহিতার ভাষ্য রচনা করেন। তাঁচার ভাষ্যে সায়ণ পূর্বাচার্যদের মত উল্লেখ করিয়া প্ররোজন অনুযায়ী কোথাও খণ্ডন, কোথাও মণ্ডন করিয়াছেন। যজ্বর্বদের সহিত যজের ক্রিয়াকাণ্ডের সম্বন্ধ অতি ঘনিষ্ঠ এবং তৈতিরীয় সংহিতায় ভিল্ল ভিল্ল যজের অধ্বয়ুর্ব করণীয় বিবিধ অনুষ্ঠানের বিস্তৃত নির্দেশ আছে। ওজ্জন্ম সায়ণ যথেক্ট পরিশ্রম করিয়া প্রতি মল্লের বিনিষ্কোগ অতি বিস্তৃত ও বিশদ ভাবে ব্যাখ্যা করিয়াছেন এবং সমর্থক বচন রূপে শ্রোতসূত্র, গৃহ্বসূত্র প্রভৃতি হইতে বহু উদ্ধৃতি দিয়াছেন।

ভৈছিরীয় সংহিতার ১-১-৮ প্রণাঠক-১২ অনুবাকের রাজস্য যজ্ঞ প্রক্রিয়া ব্যাখ্যাপ্রসঙ্গে উল্লেখ করিয়াছেন যে সায়ণের জীবদ্ধশায় ভারতবর্ষে রাজা রাজেন্দ্র বর্মার পুত্র অথবা পৌত্র রাজা নরসিংহ বর্মা রাজসৃয় যজ্ঞ করিয়াছিলেন:

'অয়ং পুরতো বর্তমানোহসৌ নরসিংহবর্মা অমুস্থায়নোহমুস্থ রাজেন্সবর্মনঃ পুতঃ পৌত্রোবা।'

- (৬) বেরটেশ ঃ—তৈতিরীয় সংহিতার সপ্তমকাশু হইতে আরম্ভ করিয়া শেষ তিনটি কাশুের উপর বেরুটেশ ভায়া রচনা করেন। তাঁহার ভায়ের পাঙ্গিপি পাওয়া শিয়াছে; এখনও মুদ্রিত হয় নাই। কোনও কোনও প্রকে তাঁহার নাম "বেরুট নাথ" দৃষ্ট হয়। পঞ্চদশ শভাকী তাঁহার কাল।
- (৭) <u>বালক্ষণ</u>:—তৈভিরীয় সংহিতার উপর ইহার ভায় আছে কিছ ভায় স্থানে স্থানে খণ্ডিত ও বিচ্ছিন্ন; এখনও প্রকাশিত হয় নাই:

বালকৃষ্ণের কাল সম্বন্ধে আজ পর্যন্ত কেহ কোন আলোকপাত করিতে পারেন নাই।

(৮) শক্রম :—এই পশুতের ভাষ্য পাওয়া গিয়াছে এবং প্রকাশিত হইয়াছে। ভাষ্যের নাম 'মন্ত্রার্থদীপিকা'। ভাষ্যটি অসম্পূর্ণ। প্রীষ্টীয় ষোড়শ শতাব্দীর শেষভাগে এই ভাষ্য রচিত হয়।

🖰ক্লযজুর্বেদের মাধ্যন্দিন সংহিতার ভাষ্যকার

- (১) শৌনক :—মাধ্যন্দিন সংহিতার একত্রিংশ অধ্যায়ের বিখ্যাত পুরুষসৃত্তের উপর শৌনকের ভাষ্য পাওয়া গিয়াছে। তিনি 'অপরে বদন্তি', 'কেচিং এবমান্তঃ' ইত্যাদি উক্তিতে তাঁহার পূর্ববর্তী ভাষ্যকারদের ইঙ্গিত করিয়াছেন; ইহা হইতে সহজেই অনুমান হয় তাঁহার পূর্বেও কয়েকজন ভাষ্যকার বা ব্যাখ্যাভা ছিলেন। শৌনকের ব্যাখ্যা উচ্চকোটির এবং অধ্যাত্মনিষ্ঠ। পুরুষসৃত্তের প্রকৃত বিনিয়োগ মোক্ষলাভে,—তিনি বলিয়াছেন। তাঁহার ব্যাখ্যান-শৈলীতে বৈঞ্চব মতবাদের প্রভাব ক্ষম্ট দৃষ্ট হয়।
- (২) <u>উবট</u>:—উবটের মাধ্যন্দিন যজু: সংহিতার ভাষা অত্যন্ত বৈদগ্ধাপূর্ণ, বিখ্যাত ও সম্মানিত। তাঁহার ঋকপ্রাতিশাখা ও যজু:প্রাতিশাখার টীকাও প্রসিদ্ধ ও বিশ্বজ্ঞনসমাদৃত। প্রাধীয় একাদশ শতাব্দীতে মহারাজা ভোজের রাজত্বকালে অবস্তী নগরে উবট এই ভাষা রচনা করেন। তাঁহার পিতা ছিলেন আনন্দপুর নিবাসী বিশ্রুত বিশ্বান্ বক্রট।

উবটের ভাষ্যের কয়েকটি পাণ্ডুলিপি পাওয়া গিয়াছে। এই ভাষ্যের বারাণসীতে প্রকাশিত সংস্করণ ও মহারাস্ট্রে প্রকাশিত সংস্করণের মধ্যে কিছু কিছু পার্থকা দৃষ্ট হয়। বারাণসীর সংক্রমণে পুরুষসৃক্তের উপর উবটের নিজ্ম ভাষ্য পাওৱা যায় কিন্তু মহারাষ্ট্রী সংস্করণে উবটভাষ্যমধ্যে পুরুষস্তের উপর উবটের পরিবর্তে শৌনকের ভাষ্য মুক্তিত হইয়াছে। কাশীর সংস্করণে পণ্ডিত রামসকলমিল উবটভাষ্যের চুই প্রকার পাঠই পৃথক পৃথক মুক্তিত করিয়াছেন। উবটের ভাষ্য যজ্ঞনিষ্ঠ বা আধিদৈবিক। এই সংহিতার পঞ্চম অধ্যায়ের বিংশভিতম মন্ত্র 'প্রতদ্বিষ্ণুঃ স্তবতে বীর্যেন মূগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠাঃ' ব্যাখ্যা করিবার সময় উবট মংস্ফুর্মাদি অবভারেরও উল্লেখ করিয়াছেন। সায়ণের কার তিনিও বেদের পরব্তুটা পুরাণের কাহিনী বেদমন্ত্র ব্যাখ্যায় প্রয়োগ করিয়াছেন। ঋষি, দেবতা, ছন্দ নির্বাচন ব্যাপারে সর্বত্র উবট সর্বানুক্তমণী অনুসরণ করেন নাই।

- (৩) গোরধর:—গোরধর খৃষ্ঠীয় চতুর্দশ শতাব্দীর কাশ্মীরী ত্রাক্ষণ ছিলেন। ইঁহার পোত্র অগজর শ্রীয় "স্তুভিকুসুমাঞ্চলি" গ্রন্থে বলিয়াছেন যে তাঁহার পিতামহ গোরধর পণ্ডিত মাধ্যান্দিন সংহিতার উপর "বেদবিলাস" নামে এক টীকা রচনা করিয়াছিলেন। এই ভাষা আজ পর্যন্ত অপ্রাক্তিও অপ্রকাশিত।
- (৪) <u>রাবণ:</u>—পশুত পদ্মনাত তাঁহার রচিত 'রুদ্রপ্রযোগদর্পণ' গ্রন্থে বলিয়াছেন—রাবণ এই সংহিতার উপর এক ভাষা লিখিয়াছিলেন কিন্তু অদ্যাবধি ভাহা অপ্রাপ্ত।
- (৫) মহীধর:—প্রীফীয় সপ্তদশ শতাকীতে বারাণসীধামে বিখ্যাত বিদ্বান্মহীধর এই সংহিতার উপর 'বেদদীপ' নামক ভাষ্ম রচনা করেন। এই ভাষ্ম বিদ্বংসমাজে প্রসিদ্ধ ও সমাদৃত। তাঁহার ব্যাখ্যা যজ্ঞনিষ্ঠ। পশুত সভাব্রত সামশ্রমী ও ভাজ্ঞার লক্ষ্মণ ব্যহ্মপের মতে মহীধরের ভাষ্যারচনার কাল প্রীফীয় হাদশ শতাকী। কাহার্ও কাহারও মতে এই মহীধর 'মন্ত্র-মহোদ্ধি' নামে এক তন্ত্রশান্তীয় গ্রন্থ রচনা করিয়াছিলেন।
- (৬) বামী দ্যানন্দ :— থকসংহিতার খাতনামা ভাষ্যকার বামী দ্যানন্দের বিষয় পূর্বেই বলা হইয়াছে। ১৮৭৮ খ্রীফ্রান্দে পৌষকৃষ্ণা-ত্রোদশী-তিথিতে বৃহস্পতিবারে বামীজী গুরুষজ্ব: সংহিতার (মাধ্যন্দিন শাখা) ভাষ্য রচনা আরম্ভ করেন এবং ১৮৮০ খ্রীফ্রান্দের মার্গগাঁর্য কৃষ্ণা প্রতিপদ-তিথিতে শনিবাসরে সমাপ্ত করেন। ১৮৯০ খ্রীফ্রান্দে এই ভাষ্য প্রকাশিত হয়। থাগ্রেদ ভাষ্যে দ্যানন্দ সরস্বতী যে ব্যাখ্যান-শৈলী অনুসর্ব করিরাছেন এই সংহিতার ভাষ্যেও একই শৈলী দৃষ্ট হয়। 'ষ্ট্রভ' শন্দের অর্থ পূলা, 'দেবভার অর্থ প্রমাত্মা, ইক্র ক্রম্ন প্রভৃতি দেবভার জীবাত্মা,

সূর্য প্রভৃতি নানা অর্থ নিষ্পাদন ইড্যাদি দৃষ্ট হয় । তাঁহার ঋকসংহিতার ব্যাখ্যা যেমন বছ বিদ্বান্ মানিয়া লইতে পারেন নাই তদ্রগ এই ভাষ্যেরও অনেকে বিরোধিতা করিয়াছেন।

শুক্লযজুর্বেদসংছিতা (কাথশাখা)-র ভায়্যকার

- (১) <u>সায়ণাচার্য ঃ—কারসংহিতার চল্লিশটি অধ্যায়ের মধ্যে কেবল কৃড়িটি অধ্যায়ের উপর সায়ণের ভাষা পাওয়া যায়। শতপথবান্ধণের প্রথম কাণ্ডের অন্তিম অধ্যায়ের সায়ণভাষ্য যেরপ লুপ্ত হইয়াছে তদ্রপ এই সংহিতার অন্তিম বিংশতি অধ্যায়ের সায়ণ-ভাষ্যও অলাপি পাওয়া যায় নাই। তাঁহার ভাষ্যে সায়ণ ভ্রুযজুর্বেদের পনরটি শাখার নাম করিয়াছেন। সায়ণের এই ভাষ্যও যক্তমূলক।</u>
- (২) <u>আনন্দবোধ:—জাতবেদ ভট্টোপাধ্যাহের পুত্র আনন্দবোধ সম্পূর্ণ</u> কাগ্নসংহিতার উপর 'কাগ্রবেদম স্তভাষ্য সংগ্রহ' নামে এক গ্রন্থ রচনা করেন। আজ পর্যন্ত সম্পূর্ণ ভাষাও অলক এবং সম্পূর্ণ অংশ অপ্রকাশিত। খণ্ডিত পাণ্ডুলিপি পাওয়া গিয়াছে। মহামহোপাধ্যায় পণ্ডিত বালশাস্ত্রী আগাশে খণ্ডিভভাষ্য মুদ্রিত করিয়াছেন।
- (৩) অনভাচার্য:— কাশীনিবাসী কারশাখীয় রাজ্মণ অনভাচার্যের পিতার নাম ছিল নাগেশভট্ট বা নাগদেব এবং জননী ছিলেন ভাগীরথী দেবী। তিনি এই সংহিতার একবিংশতিতম অধ্যায় হইতে চছাবিংশতম অধ্যায় পর্যন্ত কুড়িটি অধ্যায়ের উপর "ভাবার্থদাপিকা" নামক টীকা রচনা করেন। মহামহোপাধ্যায় পণ্ডিত বালশাস্ত্রী আগাশে এই টীকা প্রকাশ করিয়াছেন।

অনন্তাচার্য ষজ্বঃপ্রতিশাখ্য, ভাষিকসূত্র এবং কার্থশাখা শতপথবাহ্মণের ব্রয়োদশকাণ্ডের উপরও ভাষ্ম রচনা করিয়াছিলেন। ইহা ছাড়াও তিনি "বেদার্থদীপিকা" ও "কার্যায়নস্মার্ত-মন্ত্রার্থদীপিকা" নামক চীকা এবং 'কর্মকণ্ঠাভরণ' নামে একটি গ্রন্থ, রচনা করেন। অনন্তাচার্য থ্রীফীয় অক্টাদশ শতাব্দীর ব্যক্তি ছিলেন।

(৪) হলামুধ :— ঐথীয় ত্রোদশ শতকে হলামুধ কাথসংহিতার ভাষ্য রচনা করেন। সেই ভাষ্যের খণ্ডিতরূপ বহুস্থানে দৃষ্ট হয়। তাঁহার ভাষ্যের নাম 'শ্রাহ্মণ-সর্বয়'। ইহা ব্যতীত তিনি মীমাংসাস্বস্থা, বৈক্ষবসর্বয়, শৈবসর্বয়, পণ্ডিতসৰ্বস্থ ইন্ড্যাদি গ্ৰন্থও রচনা করেন কিন্তু এ সকল গ্ৰন্থই অনুপ্ৰক ও অপ্ৰকাশিত।

দ্রাত্র :— শুক্রমন্ত্র্বিদের কাথ ও মাধ্যন্দিন উভয় শাখার সংহিতার যে সব ভাষ্ঠকারের নাম উপরে দেওয়া হইল তাহা ছাড়া শুধু পুরুষস্ক্তের উপর কেহ কেহ ভাষ্ট্র রচনা করিয়াছেন; কেহ কেহ প্রসিদ্ধ রুদ্রাধ্যায়ের উপর কেহ এই সংহিতার অন্তর্গত উশোপনিষ্দের ভাষ্ট্র রচনা করিয়াছেন। সেই সকল ভাষ্যকারদের নাম এখানে দেওয়া হইল না।

সামবেদ (কৌথুম শাখার) সংহিতার ভাষ্যকার

মাধব :-- থ্রীঃ সপ্তম শতাকীতে মাধব নামে এক পণ্ডিত সামসংহিতার উপর টীকা রচনা করেন। প্রসিদ্ধ বেদজ্ঞ পণ্ডিত আচার্য সতারত সামশ্রমীই সর্বপ্রথম এই টীকা আবিষ্কার করেন এবং তাঁহার সামবেদ কৌথুম সংহিতার সংস্করণে "মাধবীয়বিবরণ" নাম দিয়া টিপ্লনীর আকারে প্রকাশ করেন। মাধবক্ত এই 'সামবিবরণ' উচ্চকোটির পাশ্ডিতাপূর্ণ গ্রন্থ। সংহিতার পূর্বার্ধের টীকার নাম 'ইন্দ্রসিকাবিবরণ' এবং উত্তরার্ধের নাম 'উত্তর-বিবরণ'।

কোন কোন পণ্ডিভের মতে ঋক্সংহিতার ভাষ্যকার স্কল্যামীর সহকারী নারায়ণ পণ্ডিভের পুত্র এই মাধব। মাধবের 'সামবিবরণে' স্কল্যামীর ঋগ্ভাষ্টের প্রভাব সুস্পষ্ট। মাধবকৃত সামবেদীয় ভূমিকা স্কল্যামীর ঋগ্ভাষ্ট ভূমিকারই রূপান্তর বলা চলে।

- (২) ভরতরামী:—শ্রীরক্ষণট্রম্ শহরে থ্রীঃ এযোদশ শতাকীতে ভরতরামী সামবেদের ভাষ্ট রচনা করেন। তাঁহার জনকের নাম নারায়ণ এবং জননীর নাম যজ্ঞদা। ভরত কল্পগোত্তীয় প্রাক্ষণ। তাঁহার ভাষ্ট সংক্ষিপ্ত হয় নাই। সাধ্যের "সামবিবরণ" গ্রন্থের ব্যাখ্যানের প্রভাব সুম্পন্ট।
- (৩) সারণঃ—বেদবিদ্বংশিরোমণি সায়ণাচার্য এই সংহিতার উপরেও ভাল্য রচনা করিয়া গিয়াছেন। ভাল্যভূমিকায় তিনি সামবেদের প্রাণ গানের বিষয় আলোচনা করিয়াছেন।
- (b) দৈবজ্ঞসূর্যপণ্ডিড:—প্রসিদ্ধ জ্যোতিষী জ্ঞানরাজা পণ্ডিতের পুত্র 'সূর্যপণ্ডিড'গোদাবরী ভটস্থিত পার্থনগরে বাস করিছেন। ভিনিও পিতার ক্যায় জ্যোতিষশাল্পে নিষ্ণাত ছিলেন বলিয়া তাঁহার নামের পূর্বে "দৈবজ্ঞ"

শক্টি আছে। তিনি শ্রীমন্তগবদ্গীতার উপর "পরমার্থপ্রপ।" নামে এক চীকা রচনা করেন। সেই টীকায় তিনি বলিয়াছেন যে তিনি সামবেদসংহিতার ভাষ্য লিখিয়াছেন কিন্তু অদাপি সেই ভাষ্য পাওয়া যায় নাই। গীতার টীকায় তিনি বলিয়াছেন যে তিনি রাবণ ভাষ্য হইতে জ্ঞান লাভ করিয়াছেন। "লীলাবতী" গণিতশাস্ত্রের উপরও তিনি টীকা লেখেন। খ্রীঃ যোড়শ শতাক্ষীর লোক ছিলেন সূর্যপণ্ডিত।

অথববেদ (শোনক সংহিতার) ভায়্যকার

সারণাচার্য—অথর্ববেদ সংহিতার একমাত্র সারণাচার্যের ভাষাই পাওয়া যায় এবং মনে হয় আর কেহ এই সংহিতার উপর ভাষা রচনা করেন নাই। সায়ণ অপর তিন বেদের ভাষা রচনা করিবার পর এই সংহিতার ভাষা লেখেন। ভাষা সূচনায় তাঁহার নিয়ে উদ্ধৃত শ্লোক হইতেই এই কথা জানা যায়,—

"ব্যাখ্যায় বেদজিতয়ং আমুদ্ধিকফলপ্রদম্। ঐহিকামুদ্ধিকফলং চতুর্থং ব্যাচিকীর্যতি॥"

"পারত্রিক ফলদায়ক" ঋক্ সাম যজুঃ তিন বেদ ব্যাখ্যা করার পর ঐহিক ও পারত্রিক উভয়বিধ ফলদায়ক চতুর্বেদ অর্থাং অথর্বসংহিতা ব্যাখ্যা করা হইতেছে। ব্যাধিনিরাময়, বিবিধ ঔষধ, পতিলাভ, পত্নীলাভ, সপত্নী-নিরাকরণ, রাজ্যলাভাদি বিবিধ ঐহিক ফললাভের কথাও এই সংহিতায় আছে। সায়ণের অথর্ববেদভায়-ভূমিকা অতি গুরুত্বপূর্ণ, ইহাতে সায়ণ বেদশাস্ত্রের বিবিধতত্ত্বের পাঞ্চিতাপূর্ণ গভীর আলোচনা করিয়াছেন।

जरसामन পরিচ্ছেদ

বেদের প্রামাণ্য বিচার

লক্ষণ এবং প্রমাণ বাতীত কোন বস্তু সিদ্ধ হয় না। 'লক্ষণপ্রমাণাভাং বস্তুসিদ্ধি: ।' বেদের লক্ষণ আমরা পূর্বে আলোচনা করিয়াছি; এই পরিচ্ছেদে বেদের প্রামাণ্য আমাদের আলোচ্য বিষয়। কিরুপ বাক্যকে প্রমাণ বলে? সে বাক্যের অর্থে কোনও সন্দেহের অবকাশ নাই (অসন্দিদ্ধার্থ), যাহার অর্থ পূর্বে অঞ্জাত বা অনধিগত (অনধিগতার্থ) এবং যে বাক্যের অর্থের

কোনও ব্যাখাত বা বাধা ঘটে না অর্থাং যাহার অর্থ কোনও অনুভবের ঘারা খণ্ডিত হয় না তাদৃশ বাক্যকে প্রমাণ বলে। 'অসন্দিশ্ধ-অনধিগত-অবাধিতার্থ-বোধকং বাক্যং প্রমাণম্।' যদি বেদ-প্রবচনে সন্দেহ, জ্ঞাতার্থজ্ঞাপকত্ব ও বাধা এই দোষগুলি না থাকে তবে বেদবাক্য প্রমাণ বলিয়া গণ্য হইবে। প্রাচীনকাল হইতে লোকায়ত প্রভৃতি বেদবিরোধী সম্প্রদায় বেদের প্রামাণ্য খণ্ডন করিতে প্রয়াসী হইয়া বিবিধ যুক্তির অবভারণা করিয়াছে। বেদের প্রামাণ্য, নিত্যত্ব ও অপৌরুষেয়ত্ব প্রভৃতি তত্ত্ব মহর্ষি কৈমিনি তাঁহার পূর্ব-মীমাংসাগ্রন্থে স্থাপন করিয়াছেন; তিনি ঐ সকল বেদবিরোধীর মত পূর্ব-পক্ষরণে উল্লেখ করিয়া খণ্ডন করিয়াছেন। জৈমিনি বেদবিরোধীণ বেদবাক্যের প্রামাণ্য খণ্ডন করিয়াছেন। জৈমিনি বেদবিরোধীণ বেদবাক্যের প্রামাণ্য খণ্ডন করিছে যে সকল যুক্তির অবভারণা করিয়াছেন এবং যে প্রকারে তাহাদের যুক্তিজাল খণ্ডন করিয়া বেদের প্রামাণ্য স্থাপন করিয়াছেন ভাহা সংক্ষেপে নিয়ে প্রদর্শিত হইল।

বেদের অন্তিত্ব সম্বন্ধে কি প্রমাণ আছে এই প্রশ্নের উত্তরে কেহ কেহ বলেন, প্রত্যক্ষ অনুমান, শব্দ বা আগম প্রভৃতি প্রমাণের মধ্যে বেদের অন্তিত্ব শব্দপ্রমাণ বা আগমপ্রমাণদ্বারা প্রতিপাদিত হয়। আপ্রপ্রক্রমের উপদেশকে শব্দপ্রমাণ বলে। 'আপ্তোপদেশঃ শব্দঃ।' কিন্তু এই মৃক্তি মানিতে পারা যায় না যেহেতু শব্দপ্রমাণরপ লক্ষণ যেমন বেদে প্রযোজ্য ভজপ বেদবহিভূ^ৰত স্মৃতিশাস্ত্ৰের ক্ষেত্ৰেও প্রযো**দ্য** ; অতএব তাহা বেদের অন্তিত্বের নিজ্বপ্রমাণ বলিয়া গণ্য হইতে পারে না। লক্ষণে অভিব্যাপ্তিদোষ আসিয়া পড়ে। বেদের অন্তর্গত মুগুকোপনিষদে ঋণ্বেদ, যজুর্বেদ, সামবেদ, অথববৈদের উল্লেখ আছে। ছান্দোগ্যোপনিষদেও সনংকুমারকে নারদ তাঁহার अशैष श्रद्धत्रामित्र नात्मारद्वाध कर्तात मुम्य गतिरवरम्त नाम करियार्थन। যদি বলা হয় বেদের মধ্যেই বেদচতৃষ্টবের নামের এইরূপ উল্লেখ থাকায় এই সকল উভিন্ট বেদের অভিত্বের প্রমাণ তাহা হইলে 'আত্মাশ্রয়ছ'রূপ দোষ আসিয়া পড়ে। স্মৃতিগ্রন্থে বেদের উল্লেখ থাকায় বেদের অন্তিত্ব প্রাতপন্ন इरेरफर इरा**७ वना हरन ना कात्र मा**जिबा का कि मृतक अर्थार का जित्र वा বেদের প্রামাণ্যের উপরই স্থৃতিগ্রন্থের প্রামাণ্য নির্ভর করে। মীমাংসকগণ বলেন স্তিপদবাচ্য শাল্পগ্রের এবং লৌকিক গ্রন্থের ক্লেত্রে আত্মাশ্রয়ত্ব দোষ বলিয়া গণ্য হয় কিন্তু বয়ংসিদ্ধ বড:প্রমাণ অপৌক্রষেয় বেদের ক্ষেত্রে আত্মাশ্রয়ত্ব माघ विषया भग इय ना। (वर्षित अवहेन-चहेन-भग्नियमो खरणोकिकमाख्याहिक् বেদের মধ্যে উল্লিখিড বাক্য বেদের অন্তিত্ব সহক্ষে প্রমাণ বলিয়া ধার্য। অভএব

বেদের অন্তর্গত উপনিষদ্বাক্য, ঋক্সংহিতান্তর্গত পুরুষসৃক্তে ঋক, সাম, যজু প্রভৃতির উল্লেখ বেদের অন্তিত্বের প্রমাণ।

বেদ আছে ইহা প্রমাণিত হইলেও বেদের বাকারাশি প্রমাণ বলিয়া স্থীকার্য নহে কারণ বেদবাকা সন্দেহ, জ্ঞাতার্থজ্ঞাপকতা ও বাধিতার্থ বা ব্যাঘাত প্রভৃতি দোষ হইতে মুক্ত নহে। কতকগুলি বেদমন্ত্রের কোনই অর্থ হয় না, যথা

> 'অম্যক্ সাত ইব্ৰ ঋষিঃ' (ঋ, বে. ১-১৬৯-৩) 'স্ণ্যেব জর্ভরী ভূফ'রী ভূ পফ'রী ফর্ফ'রিকা' (ঋ. বে. ১০-১০৬-৬) 'আপান্তমনুয়ন্তৃপল প্রভর্মা' (ঋ. বে. ১০-৮৯-৫)

ইত্যাদি। এইসকল মন্ত্র উন্মাদব্যক্তির প্রলাপের লায় অর্থহীন শব্দাভ্ররমাত্র।
এতহন্তরে আমাদের বক্তব্য এই,-- নিরুক্ত, ব্যাকরণ প্রভৃতি বেদাঙ্গ অধ্যয়ন
করিলে এই সকল মন্ত্রের অর্থ বোধগম্য হইবে। যাস্কাচার্য নিরুক্তগ্রস্থে এই
সকল মন্ত্রের অর্থ ব্যাখ্যা করিয়া গিয়াছেন। অতএব যে নিরুক্ত প্রভৃতি বেদাঙ্গ
অধ্যয়ন করে নাই এই সকল মন্ত্রের অর্থ সে জানিতে পারে না; মন্ত্রের অর্থ
না জানা ভাহার নিজের দোষ, বেদের দোষ নহে। ধেমন অন্ধব্যক্তি হদি
গমনকালে খুঁটিতে আঘাত পায় ভাহা অস্কের দৃষ্টিহীনভার দোষ, খুঁটির নহে।
নায়ং স্থানোরপরাধো যদেনম্ অস্কোন পশ্যভি:

কতকগুলি বেদমন্ত্রের সন্দিগ্ধার্থ দোষ দৃষ্ট হয় অর্থাৎ তাহাদের প্রকৃত অর্থ কি সে বিষয়ে মনে সন্দেহ জাগে; যথা—'অধরিদাসীত্পরিরিদাসীং' (খ. বে. ১০-১২৯-৫) অর্থাৎ তিনি নীচেও ছিলেন, উপরেও ছিলেন। এই জাতীয় মন্ত্রের অর্থে সন্দেহ থাকায় বেদবাক্য অপ্রমাণ। এই আপত্তির উত্তরে বলা যায় যে উদ্ধৃত মন্ত্রে কোনও সন্দেহের অবকাশ নাই। এই মন্ত্রটি ঋগ্রেদের সৃত্তিসৃক্ত (১০-১২৯) হইতে উদ্ধৃত হইয়াছে। জগতের মৃলকারণ পরব্রন্মের অপূর্বসৃক্ষনীশক্তি ও অলৌকিক মহিমার বর্ণনা এই সৃত্তে আছে। ক্ষুত্রশক্তি সসীম মানবের পক্ষে যুগপৎ উৎধ্ব ও নিমে অবস্থান সম্ভব নহে কিছু যাহার সন্তা সমগ্রবিশ্বে ওতপ্রোতরূপে ব্যাপ্ত ও অনুসূত্ত রহিয়াছে সেই পরম বন্ধ স্থাপৎ উধ্বের্থ নিয়ে সর্বত্র অবস্থান করিতে পারেন। অতএব সন্দিগ্ধার্থ দোষের অবকাশ নাই।

কডকগুলি বেদমন্ত্রে অচেডন পদার্থের সম্বোধন ও চেডনবং ব্যবহার দৃষ্ট হয় ; যথা,—ক্ষুরকে সক্ষ্য করিয়া একটি মন্ত্রে বলা হইডেছে, 'স্বধিতে নৈনং হিংসাঃ' (তৈভিনীয় সংহিতা, ১-২-১-১) অর্থাং 'হে ক্ষুর ভূমি ইহাকে হিংসা

করিও না ৷' 'শূণোভ প্রাবাণঃ' (ভৈ. স. ১-৩-১৩-১), 'হে প্রস্তরপণ, ভোমরা শ্রবণ কর'—ইত্যাদি। অচেডন পদার্থকে কেহ এইভাবে চেডনবং সম্বোধন করে না; ইহা অনুভববিরুদ্ধ ও যুক্তিবিরুদ্ধ। অতএব এই সকল বেদমন্তের অর্থ অনুভব দারা বাধিত, ব্যাহত । বাধিতার্থদোষ আসিয়া পড়ে। এতহতরে वख्नवा धरे, धरे मकल माख व्याहिकन शर्मार्थाक माखासन कन्ना रूप नारे; অচেডন পদার্থের অভিমানী বা নিষ্ণা দেবতা-গণকে (Presiding deities) সম্বোধন করা হইয়াছে। প্রতি পদার্থে পরিত্রন্মের চৈতক্য বা চিৎসত্তা অনুসূত এবং সেই চৈত্র আপাতদৃষ্ট জড়পদার্থের অভিমানী দেবতা। এই তত্ত্বটি ভগবান বেণব্যাস স্থরচিত ব্লাসুতে 'অভিমানিব্যপদেশস্ক বিশেষানুগতিভ্যাম্' সূত্রে (ব্রহ্মসূত্র ২-১-৫) আবোচনা করিয়াছেন। মন্ত্রে যে সকল স্থলে অটেতনের টেতনবং সম্বোধন বা ব্যবহার এতে হয় সেই সেই ছলে প্রকৃতপক্ষে তদভিমানী বা তদ্ধিষ্ঠাত্তী দেবভার, চৈতগুসন্তার সম্বোধন বা আমন্ত্রণ বোধ্য, স্তত্রব এক্ষেত্রে বাধিতার্থ দোষের স্ববকাশ নাই। জগতের কোনও পদার্থ সম্পূর্ণ জড় হইতে পারে না কারণ চিৎসন্তঃ সর্বত্ত পরিব্যাপ্ত। নাম ও রূপ সৃষ্টি করিয়া পরমপ্রক্ষ পরমাত্মা তলাখে এবেশ করেন; 'তৎ সৃষ্ট্যা তদেবানু-প্রাবিশং': তাঁহার রূপই বিশ্বের প্রভিটি রূপ ধারণ করিয়াছে,—'রূপং রূপং প্রতিরূপো বভূব' (ঝ. বে. ৪-৭-৩৩ ৬)। অভএব দৃশ্যপ্রপঞ্চের প্রতি পদার্থ জড় ও চেতনের সমষ্টি শ্বরূপ,— 'চিং-অচিং-গ্রন্থিরূপ:'। মৃতরাং আপাতদৃষ্টিতে যাহা ঋড় তদ্ৰূপ পদাৰ্থকে যদি কেং সম্বোধন করে তখন বুঝিতে হইবে যে সেই পদার্থে নিহিত চিৎসভাকে সম্বোধন করা ২ইতেছে ; অভএব কোনপ্রকার বাধার বা ব্যাঘাতের আশক্ষা নাই।

পূর্বপক্ষী ইহাতেও সভ্যত না হইয়া পুনরায় নৃতন আপত্তি তুলিতেছেন।
কতকঙল বেদমত্রে পরস্পরবিরোধ দৃষ্ট হয়; যেমন একটি মন্ত্র,—'এক এব
ক্রেরোন দিতীয়োহবতত্বে' (তৈডিরীসংহিতা ১-৮-১-১), অর্থাৎ ক্রন্ত্র একজনই,
দিতীয় ক্রন্ত্র নাই। কিন্তু অহ্য একটি মন্ত্রে আবার বলিতেছেন,—'সহস্রাণি
সহস্রশো যে ক্রন্ত্রা অধিভূষ্যাম্' (তৈ. স. ৪-৫-১১-৫),—'পৃথিবীতে যে সকল
সহস্র সহস্র ক্রন্ত্র আছেন।' এই হুইটি মন্তের অর্থ পরস্পরবিক্রন্ত্র অতএব
বিপরীতার্থ বা ব্যাঘাত দোষ অপরিহার্য। কেহ মদি নিজ মুখে বলে,—
'আমি যাবজ্জীবন মৌনী আছি',—তাহার সেই উক্তিই যেমন মৌন-ব্রতের
বিরোধী ও বিপরীত, এক্ষেত্রেও তত্রপ। এতহ্তরের আমরা বলিতে পারি
মানুষের পক্ষে এক এবং বহু একসঙ্গে হওয়া অসম্ভব কিন্তু অলোকিকশক্তিসস্প্র

একই ক্লব্রদেবতার পক্ষে নিজ্মবিভৃতিবলে সহস্রমূর্তিধারণ সম্ভব ও অবিরুদ্ধ অতএব উক্ত ব্যাঘাত-দোষনির্মৃক্ত ঐ বেদবাক্য।

প্রমাণের লক্ষণ আলোচনাকালে বলা হইয়াছে যে জানা বা জ্ঞাত-বিষয়কে পুনরায় জ্ঞাপন করিলে ডাহা প্রমাণ হইবে না। অর্থাৎ যাহা অনধিগত, অজ্ঞাত তাহা জ্ঞাপন করিলে তবে সেই বাক্য প্রমাণ বলিয়া গণ্য। প্রমাণের এই অন্ধিগতার্থ বা অজ্ঞাতার্থজ্ঞাপনরূপ লক্ষণ বেদে প্রয়োগ করিলে দেখিতে পাওয়া যায়-কতিপয় বৈদময়ে কোনও নৃতন তথ্য নাই;যাহা আমরা বেদ অধ্যয়ন না করিয়া লোকিক প্রমাণবা অনুভবের সাহায্যে জানিতে পারি ভাহারই মাত্র পুনরাবৃত্তি করা হইয়াছে; ডজ্জাতীয় বেদবাক্য জ্ঞাতার্থ-জ্ঞাপক হওয়ায়, যাহা আমরা জ্ঞানি তাহাই জ্ঞাপন করায় প্রমাণ বলিয়া গণ্য হইতে পারে না। (যমন যজমানের মন্তক-মুপ্তনের সময় এই মন্ত্রটি পাঠ করা হয়,—'আপ উন্দৰ্ভ'—'হে জল (চুল) ডিজাইয়া দাও'। বিবাহে বরবধ্র মস্তকে টোপর পরাইবার সময় এই মন্ত্রটি পাঠ করা হয়,—'ছভিকে শির আরোহ শোভয়ন্তী মুখং মম', অর্থাং 'হে টোপর তুমি আমার মাথায় উটিয়া আমার মুখের শোভা বৃদ্ধি কর'। জলের চুল ভিজাইবার শক্তি বা টোপরের মন্তকে অবস্থান ও মুখশোভাবর্ধন লোকে সুবিদিত। অতএব জানা বিষয় পুনরায় জ্ঞাপন করায় এ সকল বেদমন্ত্রের প্রামাণ্য নাই। এই আপতির উত্তরে সিদ্ধান্তী বা উত্তরপক্ষী বলেন,—ব্যবহারিক জীবনে জলের সিঞ্চনশক্তি বা টোপরের মন্তকে অবস্থানাদি সুবিদিত হইলেও সেই সেই পদার্থের (জল, টোপর প্রভৃতি) অভিমানী বা অধিষ্ঠাত্তী দেবতার অনুগ্রহের কথা সুবিদিত নহে। এই সকল মাত্রে অনুগ্রহলাভার্থ, আনুক্ল্যজন্য জলের অধিঠাতী দেবতার, টোপরের অধিষ্ঠাত্তী দেবতার সংখাধন করা হটয়াছে, অতএব জ্ঞাতার্থক্সাপকত্বদোষ আসিতেছে না। অধিষ্ঠাত্রী দেবতার অনুগ্রহরূপে অবিদিত বা অন্ধিগত অৰ্থ প্ৰকাশিত হইতেছে, অতএব এই সকল মন্ত্ৰ প্রমাণ।

উপরের আলোচনায় বেদের প্রামাণ্য স্থাতিপন্ন। সনাভনধর্মের মৃত্য বেদ এবং পরম প্রমাণ বেদ। মনু বলিতেছেন,—'বেদঃ অখিলধর্মমৃত্যমৃ' অর্থাৎ বেদ সমস্ত ধর্মের মৃত্য। সকল ধর্মশান্ত্র, স্মৃতিগ্রন্থ, দর্শন, পুরাণ প্রভৃতি গ্রন্থের উৎস হইতেছে বেদ। কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড উভয়ই বেদে নিহিত। পার্থিব বিষয় প্রত্যক্ষ, অনুমান প্রভৃতি প্রমাণের সাহায্যে জ্ঞাত হওয়া যার কিন্তু যাহা প্রত্যক্ষের অগোচর, অনুমানের অতীত, মানবের সসীম্জ্ঞানের প্রপারে, যাহা পার্ধিব কোনও প্রমাণের সাহায্যে জানা যায় না তদ্রেণ অতীব্রিষ্ক স্ক্রতত্ত্বও বেদে প্রতিপাদিত হইরাছে, যথা পরলোকতত্ত্ব। কারীরিষজ্ঞ করিলে বৃত্তি হয়, পুরেন্টিয়ক্ত করিলে পুরলাভ হয়, ইত্যাদি বেদবচনের ফল প্রত্যক্ষ উপলব্ধ হয় কারণ ঐ সকল যাগের ফল বৃত্তি, পুরের জন্ম প্রভৃতি প্রত্যক্ষযোগ্য কিন্তু 'র্য্যকামঃ অন্ধমেধেন যজেত,' অন্ধমেধ (অন্ধয়ক্ত) করিলে যক্ষমানের দেহাত্তে মর্গলাভ হয়, ইত্যাদি বেদবাক্য অন্ধ্য কোন প্রমাণের সাহায্যে জানিবার কোনই উপায় নাই। কেহ অন্ধমেধ করিয়া দেহত্যাগের পর ম্বর্গবাস করিয়া পুনরায় ধরাতলে জন্মগ্রহণের পর বলিতে পারে না, 'আমি যক্ত করিয়া মর্গে বাস করিয়াছিলাম'। অত্যব এসকল ক্ষেত্রে একমাত্র ঐসকল বেদবাকাই ঐ বিষয়ে একমাত্র প্রমাণ ; অন্ধ্য কোনও প্রমাণের সন্ভাবনা নাই। এই জাতীয় বেদের বিধিকে এইজন্ম 'অপূর্ববিধি' বলে কারণ বেদবাতীত অন্ধ কোনও প্রমাণের সাহায্যে তাহা জানিতে পারা যায় না।

বেদ কোনও মনুছোর চেফাকৃত বারচিত নহে। নিম্রিত পুরুষের শরীর ইচ্ছাকৃত চেফা ব্যতিরেকে যেমন স্বতঃপ্রবৃত্তভাবে (voluntarily) নিঃশ্বাস-প্রামের কার্য চলিতে থাকে তক্রপ মঙ্গলমন্থ পরমেশ্বর হইতে স্বতঃই বেদচতৃষ্ট্য নির্গত হইয়াছিল; তচ্জা বেদকে অপৌরুষেয় বলা হইয়া থাকে; কোনও পুরুষের চেফায় ভাহা রচিত হয় নাই। পরবর্তী পরিচছেদে আমরা বেদের অপৌরুষেয়ত্ব বিশেষভাবে আলোচনা করিব। এই অপৌরুষেয়ত্বই বেদকে শ্রেষ্ঠ প্রমাণের আসন দান করিয়াছে।

ভাষদর্শন, সাংখ্য, পূর্বমীমাংসা, বেদান্ত প্রভৃতি দর্শন শব্দ প্রমাণ স্থীকার করিয়াছে এবং শব্দপ্রমাণের মাধ্যমে বেদের প্রামাণ্য ভাপন করিয়াছে। লৌকিক ও বৈদিকভেদে শব্দ ঘুই প্রকার। লৌকিক বাক্যের প্রামাণ্য অভ্যপ্রমাণ দির সাহায্যে সিদ্ধ হয় কিন্তু বৈদিকবাক্য বা শব্দ স্বভঃপ্রমাণ ও অমোঘ; তাহা অভ্যপ্রমাণের অপেক্ষা রাখে না। সাংখ্যদর্শনে শব্দপ্রমাণ বলিতে কেবল জ্রুতি বা বেদই বুবার। লৌকিক বাক্যকে সাংখ্যদর্শন শব্দপ্রমাণমধ্যে গণ্য করে নাই কারণ লৌকিক বাক্য অমোঘ নহে এবং তাহার প্রামাণ্য প্রত্যক্ষ বা অনুমান প্রমাণের উপর নির্ভর করে। এই ক্রন্তু লৌকিক বাক্য বা শব্দ প্রত্যক্ষ ও অনুমান প্রমাণের অন্তর্গত; তাহা স্বতন্ত্রপ্রমাণ নহে। কেবলমাত্র ক্রান্তিই বেদই শব্দপ্রমাণরূপে গ্রান্ত্র। সাংখ্যমতে বেদ শুর্ যে প্রমাণ তাহা নহে, তাহা স্বতঃপ্রমাণ। 'নিক্ষণস্ত্যভিব্যক্তেঃ স্বতঃপ্রামাণ্যম্' (সাংখ্যস্ত্র ৫—৫১)।

বেদ নিজশক্তিতে অভিব্যক্ত, অশু কোনও শক্তির অপেক্ষা রাখে না, অশু কোনও প্রমাণের উপর তাহার প্রামাণ্য নির্ভর করে না; তজ্জগুই বেদ বতঃপ্রমাণ, বয়ংপ্রমাণ।

বৈশেষিকদর্শনে ঋষি কণাদ বেদের প্রামাণ্য স্বীকার করিয়াছেন। তিনি বলেন, — বেদ ঈশ্বরের বচন, অতএব তাহা অভ্রান্ত, অমোদ, তজ্জন্তই তাহা প্রমাণ। 'তদ্বচনাং আয়ায়স্য প্রামাণ্যম্ব'। 'আয়ায়' শব্দের অর্থ বেদ।

উপরের আলোচনা হইতে দেখা গেল ছায়, বৈশেষিক, সাংখ্য, পূর্বমীমাংসা, বেদান্ত সকল আন্তিক দর্শনই, এবং স্মৃতি, পুরাণ প্রভৃতি ধর্মশাস্ত্র বেদের প্রামাণ্য মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছে।

চতুর্দশ পরিচ্ছেদ বেদের অপৌরুষেয়ত ও নিতাত বিচার

বেদের অপৌরুষেয়ত্ব বেদের নিতাত্ব এই গুইটি বিচার পরস্পরসম্বদ্ধ।
যাহা কোনও পুরুষের রচিত তাহা পৌরুষেয় এবং যাহা পৌরুষেয় তাহা
অনিত্য কারণ তাহার আদি আছে। জন্মপদার্থ বা রচিত বস্তু কখনও
অনাদি হইতে পারে না, অপৌরুষেয়ও হইতে পারে না; তাহা অনিত্য ও
পৌরুষেয়।

নৈয়ায়িকগণ বেদের প্রামাণ্য স্বীকার করেন কিন্তু অপৌরুষেয়ত্ব ও নিত্যত্ব স্বীকার করেন না। তাঁহাদের মতে বেদ পরমপুরুষের রচিত, পরমেশ্বর হইতেছেন পরম পুরুষ ভজ্জক বেদ পৌরুষেয় ও কালিদাসাদিরচিত গ্রন্থের ক্যায় অনিত্য।

মীমাংসাদর্শন ও বেদান্তদর্শন বেদের অপোক্রমেয়ন্ত প্রতিপন্ন করিয়াছে।
মানুষ অপূর্ণ এবং তাহার জ্ঞান সীমাবদ্ধ; তজ্জ্ঞ্য তাহার রচনায় বা বাকো,
জ্ঞম, প্রমাদ, বিপ্রলিপ্সা ও ইজ্জিয়ের অপূর্ণতা এই চারিটি দোষ দৃষ্ট হয়।
বেদবাক্যে এই চারিটি দোষ দৃষ্ট হয় না, অতএব বেদ মানবের রচিত হইতে
পারে না। সর্বজ্ঞ সর্বশক্তিমান্ পূর্ণ পরমেশ্বরের নিকট হইতেই তাদৃশ
প্রজার প্রকাশ সম্ভব। পরমেশ্বরও বেদের রচিতিতা নহেন। সূর্য হইতে
সূর্যের আলোকের ভাষ বেদ পরমেশ্বর হইতে শ্বয়ং প্রকাশিত। বৃহদারণ্যকোপ্রিমদের উক্তি, 'অফ মহতে। ভৃতষ্য নিঃশ্বসিতং যদেতং প্রস্বেদো যজ্বর্বেদঃ
সামবেদঃ'। নিঃশ্বাস যেমন শ্বাভাবিক কর্ম, চেইটাক্বত নহে, তক্ত্রপ বেদ

পরমেশ্বের চেইটাকৃত বা বৃদ্ধিকল্পিত নহে। পরমেশ্বরের প্রজ্ঞানই বেদ।
জ্ঞাতা ও জ্ঞান অভিন্ন একেতে। প্রতিকল্পে পরমেশ্বর বেদ শ্বরণ করেন।
ক্র্যাও বেদের কর্তা নহেন, স্মর্তা বা স্মরণকর্তামাত্র। এ বিষয়ে পরাশরসংহিতার প্রবচন,—'ন কশ্চিং বেদকর্তান্তি বেদম্মর্তা চতুর্থং' (১—২০), অর্থাৎ
বেদের কর্তা কেহ নাই, চতুর্থ ক্রন্মা বেদের শ্বরণকর্তা মাত্র।

'ব্রহ্মালাঃ খাষ্যঃ সর্বে স্মারকা ন তু কারকাঃ'। ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া মন্ত্র-দ্রন্থী খাষিগণ অবধি সকলেই বেদের স্মরণকর্তা বা ধারকমাত্র, বেদের কর্তা বা রচ্মিতা নহেন। প্রমেশ্বর প্রতিকল্পে নিত্য বিদ্যান বেদ ব্রহ্মাকে দান করেন;—

'যো ব্রহ্মানং বিদধাতি পূর্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তদ্মৈ'। বেদ নিত্য বর্তমান, প্রতিকল্পে ব্রহ্মা তাহার পুনরার্ত্তি করেন মাত্র। যুগান্তে প্রসম্মকালে বেদ পরব্রহ্মে অভিন্নরূপে অবস্থান করে এবং কল্পারত্তে বা পুনঃস্টিপ্রারত্তে ঋষিগণ তপস্যাঘারা বেদ লাভ করেন। এই তত্ত্বটি নিয়লিখিত লোকে উক্ত হইয়াছে,—

> 'যুগান্তে অন্তর্হিতান্ বেদান্ সেতিহাসান্ মহর্ষয়ঃ। লেভিরে তপসা পূর্বমনুজ্ঞাতা স্বয়ঞ্বা ॥'

এইজগাই 'ঋষি' শব্দের একটি অর্থ যাস্ক নিরুক্তরত্থে মন্ত্রক্ষা করিয়াছেন,
মন্ত্রকর্তা বলেন নাই। ঋষি শব্দের বুংপতি প্রসঙ্গে যাস্ক বলিতেছেন,—
'অজ্ঞান্হ বৈ পৃশ্লীং-স্তপ্যমানান্ ব্রহ্ম স্বয়ুছ্ অভ্যানর্যং তদ্রয়োহ্ডবন্'।
তপ্যারত জন্মরহিত অজ ঋষিগণের নিকট স্বয়ুছ্ ব্রহ্ম অর্থাং বেদ গমন
করিয়াছিলেন (ঋষ্ ধাতুর একটি অর্থ গমন করা); এইজগাই ঋষিগণকে
ঋষি বলা হয়। এই নিরুক্তবাক্যে বেদকে স্বয়ুছ্ উংপত্তিরহিত অর্থাং
অপৌরুষের বলা হইয়াছে।

বেদভাক্তকার সায়ণাচার্যও বেদের অপৌরুষেয়ত স্থাকার করিয়াছেন। ভাক্তরচনার প্রারম্ভে তিনি মহেশ্বরকে নিম্নলিখিত স্নোকে প্রণতি জানাইয়াছেন,—

'যস্থা নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোছখিলং জগং। নির্মমে ভমহং বন্দে বিদাভীর্থমহেশ্বরম্ ॥' অর্থাৎ যে চারিবেদ হইডে নিখিল বিশ্বের উৎপত্তি হইয়াছে সেই বেদ চতুষ্টর হাঁহার নিঃশ্বাসহরূপ এবং যিনি সর্ববিদার আধার সেই মহেশ্বরকে আমি বন্দনা করি । বেদকে মহেশ্বরের নিঃশ্বাসরূপে বর্ণনা করিয়া সায়ণ বেদের অপৌক্রমেয়ছ সমর্থন করিয়াছেন । পর্মেশ্বর বেদের আধার কিছ রচয়িতানহেন । নিতাসিদ্ধ যে বেদ তাহা তিনি প্রতিকল্পে শ্বরণ করেন । তাঁহাকে বেদের রচনাকর্তা বলিলে গুট দোষ হয় । প্রথমতঃ বেদ অনিতা হইয়া পড়ে । দ্বিতীয়তঃ পরমেশ্বরের সর্বজ্ঞজের হানি ঘটে । কি করিয়া তাঁহার সর্বজ্ঞতার হানি ঘটে তাহা আলোচনা করিয়া দেখা যাউক । আমরা যখন কোনও কাব্য রচনা করি বা কোনও শ্লোক যখন মনে প্রথম সৃষ্টি হয়, সেই সময়ের পূর্বে সেই কাব্য বা সেই শ্লোক আমাদের অক্তাত ছিল, কিছ পরমেশ্বর সর্বজ্ঞ ও ত্রিকালদর্শী সূত্রাং কোনও কালে তাঁহার নিকট কোনও বিষয় অক্তাত থাকিতে পারে না । তিনি কোন এক বিশেষ কালে বেদ রচনা করিয়াছিলেন বলিলে সেই কালের পূর্বে বেদ তাঁহার অক্তাত ছিল এই আপত্তি আসিয়া পড়ে । তিনি সর্বজ্ঞ বলিয়া কোনও কালে বেদ তাঁহার অক্তাত থাকিতে পারে না ; অতএব বেদ নিত্য এবং বেদ তাঁহার রচিত নহে । বেদ নিত্য একরূপ ; কল্পড়েদে তাহার রূপভেদ হয় না । প্রতিকল্পে পূর্ব পূর্ব কল্পের ঠিক অনুরূপ বেদ পর্মেশ শ্বরণ করেন ।

যাহা পুরুষের রচিত, রচনার পূর্বে তাহার অন্তিত্ব থাকে না। প্রথম রচনার ও প্রথম উচ্চারণে সেই কাব্য বা শ্লোক সম্পূর্ণ নৃতন; তাহার সঞ্চাতীয় বা অবিকলরূপ তৎপূর্বে থাকে না, থাকিতে পারে না;—ইহা পৌরুষের রচনার ধর্ম বা বৈশিষ্ট্য। প্রতিকল্পে বেদের স্মরণ বলা হইয়াছে, প্রথম উচ্চারণ বলা হয় নাই কারণ তাহা পূর্বকল্পের বেদের সঞ্চাতীয় উচ্চারণ। এইরূপ অনাদি অনন্ত বেদের প্রবাহ চলিতেছে; ভজ্জন্ম বেদ পৌরুষের হইতে পারে না, তাহা অপৌরুষের। পৌরুষের রচনার আদি আছে, আরম্ভ আছে,—অপৌরুষের বেদের আদি নাই, অতএব অন্তও নাই, তাহা অনাদি অনন্ত নিত্যবর্তমান। ঈশ্বরের সহিত বেদের সম্বন্ধও অনাদি অনন্ত।

পূর্বমীমাংসাদর্শনে বেদের নিত্যতা সিদ্ধ হইরাছে কিন্ত মীমাংসকণণ বাল বা পরমেশ্বরকে বেদের উৎস বলেন নাই। উত্তরমীমাংসা বা বেদান্তদর্শনের বালাকে কেনের উৎস ও আধার বলা হইয়াছে। বেদান্তদর্শনের বালাস্থ্যরের 'শাস্ত্রযোনিতাং' প্রথমাধ্যায়ের তৃতীয় সূত্রে বাল্ধ বেদচতৃষ্টয়ের যোনি অর্থাং কারণরপে কীর্তিত হইয়াছেন। এই সূত্রের ভায়ে ভগবান্ শঙ্করাচার্য বলিতেছেন,—'ন্হীদৃশত্য শাস্ত্রত্য প্রগ্বেদাদিলক্ষণত্য সর্বজ্ঞপাহিভত্য সর্বজ্ঞাৎ অন্তরঃ সম্ভবোহত্তি'—অর্থাং 'এইরূপ সকল বিদ্যার আধার অধিল ধর্মের মূল

সর্বজ্ঞ বেদের শায় শাল্লের উদ্ভবস্থল সর্বজ্ঞ বক্ষা ব্যতীত অশ্য কেছ হইতে পারে না।' শুকু যজুর্বেদের শতপথবাক্ষণেও উক্ত হইয়াছে যে বক্ষাই এয়ী বিদ্যা বা বেদবিদ্যা প্রকাশ করেন,—'বক্ষা এব প্রথমমসৃক্ষত এয়ীমেব বিদ্যাম্' (১-১-১-৪)। কৃষ্ণযজুর্বেদের তৈ জিরীয় বাক্ষণেও বক্ষকে বেদের উৎস বলা হইয়াছে; 'ভমনু ব্যয়োবেদা অস্কৃষ্ণ' (২-৩-১০-১)। বৈশেষকদর্শন বেদকে ঈশ্বরের বচন বলিয়াছে এবং ভজ্জ্যই ভাহার প্রামাণ্য শ্বীকার করিয়াছে।

বেদাত ও পূর্বমীমাংসা উভয় দর্শনেই বেদের প্রামাণ্য ও অপৌরুষেয়ত্ব প্রতিপাদিত হইয়াছে কিন্তু বেদের নিতাতা সম্বন্ধে উভয় দর্শনের প্রস্থানভেদ দৃষ্ট হয়। পূর্বমীমাংসাদর্শনে শব্দের নিভাত্ব প্রতিষ্ঠিত হইয়াছে। কায় দর্শন শব্দকে অনিত্য বলিয়াছে কিন্তু জৈমিনি খায়দর্শনের যুক্তিরাজি খণ্ডন করিয়া শব্দের নিড্যভা প্রমাণ করিয়াছেন ; শব্দের নিড্যভা স্থাপিত হইলে বেদের নিত্যতাও প্রতিপন্ন হইল। বেদান্ত দর্শনের মতে নিত্যতা হুই প্রকারের হইতে পারে, একটি হইল কৃটস্থনিভাতা, অপরটি প্রবাহনিভাতা। কৃটস্থ অর্থাৎ সর্বদা একরূপ নিবিকার। বেদান্তদর্শনে একমাত্র পরব্রহ্মের কৃটছনিভাতা ও পারমার্থিক সভা স্বীকৃত হইয়াছে। ত্রন্ধভিন্ন সকল পদার্থই অনিত্য, ইহাই বেদান্তের সিদ্ধান্ত। যাহার আবির্ভাব ডিরোভাব আছে, প্রতিকল্পে যাহা অভিব্যক্ত হয় ও প্রতিপ্রলয়কালে যাহার সাময়িক তিরোভাব ঘটে ভাহাকে প্রবাহনিত্য বলা হয় ; তাদৃশ পদার্থের কুটস্থনিত্যতা নাই, প্রবাহনিত্যতা আছে কারণ প্রতিকল্পে তাহাদের সৃষ্টি হয় ও প্রলয়কালে ভাহারা বিলীন হইয়া থাকে। বেদও তদ্রপ প্রলয়কালে পরমেশ্বরে লীন হইয়া থাকে ও প্রতিকল্পের আরভে তিনি বেদ স্মরণ করেন, অভিব্যক্ত করেন। এই জন্ম বেদের কুটস্থ-নিভ্যতা বেদান্ত স্বীকার করে না, প্রবাহনিভ্যতা স্বীকার করে। বেদের নিভ্যতা সহয়ে এই বেদান্ডসিদ্ধান্ত ব্ৰহ্মসূত্ৰের অতএব চ নিভ্যত্বমৃ সূত্ৰে (ব্ৰহ্মসূত্ৰ, ১-৩-১৯) প্রতিপাদিত হইয়াছে। বেদ বিষয়ক 'বাচা বিরূপনিত্যয়া' প্রভৃতি **শুভিবাকো এবং 'অনাদিনিধনা নিত্যা বাঞ্চংসৃফ্টা স্বয়ন্ত্ববা' ইত্যাদি** স্মৃতিবাক্যে বেদের প্রবাহনিত্যতা বোষিত হইয়াছে। পূর্বমীমাংসাদর্শনের মতে জগং সর্বদাই একরূপ ভজ্জা প্রবাহনিভাভার প্রসক্ষই উঠে না। বেদের কৃটস্থ বা পারমার্থিক নিভ্যতা এই দর্শনে স্বীকৃত হইয়াছে।

সাংখ্যদর্শন বেদের নিত্যতা স্বীকার করে না কিন্তু অপৌরুষেয়ত্ব স্বীকার করে। বেদ খ্যমিপণকর্তৃক দৃষ্ট, উপলব্ধ,—কোনও ব্যক্তিবিশেষের রচনা নহে। কোনও পুরুষের ব্যক্তিগত অভিজ্ঞতার উপর বেদের প্রামাণ্য বা আবির্ভাব নির্ভর করে না; ডজ্জয় বেদ অপৌরুষেয়। বেদের কর্তারূপ কোনও পুরুষ নাই। 'ন পৌরুষেয়ত্বং তৎকর্ত্বঃ পুরুষম্য অভাবাং' (সাংখ্য সৃত্ত ৫-৪৬)। যাহা দেখিলে ও পড়িলে কাহারও রচিত বলিয়া উপলব্ধি জ্বেম ভাহাকে পৌরুষেয় বলে। বেদকে যে ক্রাভিও স্মৃতিপ্রস্থে স্থল বিশেষে নিত্য বলা হইয়াছে সাংখ্যদর্শন মতে তাহার অর্থ হইল গুরুশিয়া পরম্পরায় বেদের অবিচ্ছিন্ন প্রবাহ। বৈদিক শব্দরাশি অবিকল একরপে অপরিবর্তিভরূপে গুরুশিয়াসম্প্রদায় পরক্ষেরায় উচ্চারিত ও বিধৃত হইয়া আসিতেছে। পরমেশ্বরের স্থায় বা সাংখ্যের পুরুষের স্থায় অনাদিনিত্যতা বা কৃটছনিত্যতা বেদের নাই কারণ প্রতি মন্ত্রের দ্রুষ্টা এক একজন ঋষি; অতএব সেই ঋষির পূর্বে সেই মন্ত্রের অন্তিত্ব কিল না। মন্ত্রদ্রুষ্টা ঋষি হইতে আরম্ভ করিয়া গুরুশিয়াপর্শন অবিচ্ছিন্ন প্রবাহে চলিতেছে; এই প্রবাহের অর্থাং পূর্ব পূর্বকল্পের বেদের উচ্চারণ অনুযায়ী সন্ধাতীয় উচ্চারণপ্রবাহের উচ্ছেদ ক্ষনও কোনও কালে ঘটিতেছে না, ভজ্জমই বেদের সন্ধাতীয় উচ্চারণপ্রবাহের অনুচ্ছেদরূপ নিত্যতা অর্থাং প্রবাহনিত্যতা সাংখ্যদর্শন স্থীকার করে, অনাদি অনন্ত-রূপ নিত্যতা স্থীকার করে না।

পঙ্গলি মহাভাষ্যে বেদের নিতাতা সম্বন্ধে আলোচনা করিষাছেন।
পাণিনি-রচিত 'ভেন প্রোক্তম্' (৪-৩-২০১) স্ত্রের ভাষ্যপ্রসঙ্গে পঙ্গালি বেদের
নিতাতা সম্বন্ধে তাঁহার অভিমত ব্যক্ত করিষাছেন। তাঁহার মতে বেদের
নিতাতা বিচারকালে বেদের শব্দ ও অর্থ উভয়েরই বিচার করিতে হইবে।
তাঁহার মতে বেদের অর্থ নিতা কিছু শব্দরাশি বা বর্ণানুপূর্বী অনিতা। 'অর্থা
নিতাঃ, যাতু আসো বর্ণানুপূর্বী সা অনিতাা।' প্রতি মহাপ্রলয়ে বেদের বর্ণানুপূর্বীর বা অক্ষরপরম্পরার বিনাশ হয়। প্রতিকল্পে গ্রহণ পুনরায় বেদ স্মরণ
করেন। বর্ণরাশির বিনাশ বা লোপ হইলেও বেদের অর্থ নিতা একরপ
থাকে; অর্থের বিনাশ কদাচ হয় না। বর্ণানুপূর্বীর ভেদ হয় বলিয়াই বেদের
নানা শাখার উৎপত্তি হইষাছে; ঋগ্বেদের এইরূপ একবিংশতি ভেদ, সামবেদের এক সহস্র ভেদ (সহস্রবর্থা সামবেদঃ) হইষাছে। বেদের শাখার
আলোচনা প্রসঙ্গে আমরা ইহা বিশদ্ ও বিস্তুত্রেপে দেখাইয়াছি। অভএব
দেখা গেল পত্তালির মতে বেদ নিতাও বটে, অনিতাও বটে। অর্থের দিক
দিয়া নিতা, বর্ণানুপূর্বীর দিক দিয়া অনিত্য অর্থাৎ অংশতঃ নিতা, অংশতঃ

ক্যায়দর্শনে বেদের বা শব্দের নিভাতা স্বীকৃত হয় নাই। বেদের অনাদি

অনত-কৃটিস্থনিতাতা সায়দর্শন স্থীকার করে নাই কিন্তু, প্রবাহনিতাতা স্থীকার করিয়াছে। 'মন্ত্রায়ুর্বেদরচ্চ তংপ্রামাণ্যম্ আপ্তপ্রামাণ্যাং' স্থায়দর্শনের এই সুত্রের ভাষ্টে বাংখ্যায়ন বলিতেছেন,—'মন্তর্মুণাত্তরেমু চাতীতানাগড়েমু সম্প্রদায়াভ্যাস-প্রয়োগাবিচ্ছেদো বেদানাং নিত্যত্ম্'; অর্থাং অভীত ও অনাগত মন্তরে, প্রলয়ে ও কল্পে বেদের যে সম্প্রদায়ক্রমে অভ্যাস ও প্রয়োগ অবিচ্ছিম্বারায় চলিতেছে তাহাই বেদের নিত্যতা। এই নিত্যতা প্রবাহনিত্যতা।

ভাষ্যকার সায়ণাচার্যও বেদের অনাদিঅনন্ত একরূপ নিত্যতা স্থীকার করেন নাই। তিনি বলেন,—বেদের নিত্যতা এককল্পকালস্থায়ী। প্রতিকল্পে বেদ অভিব্যক্ত হয় ও প্রলয়কালে প্রমেশ্বরে বিলীন হয়,—অর্থাৎ উৎসে প্রত্যোবর্তন করে। প্রবাহ-নিত্যতার পরিপ্রেক্ষিতেই বেদকে নিত্য বলা যাইতে পারে—ইহাই চতুর্বেদভাষ্যকার সায়ণের মত।

অতএব দেখা গেল পূর্বমীমাংসা, বেদান্ত, সাংখ্য এই তিন দর্শনের মতে বেদ অপৌক্ষয়ে, শায়দর্শনের মতে পৌক্ষয়ে। বেদের কৃট্ছনিভাতা এক-মাত্র পূর্বমীমাংসা স্থীকার করিয়াছে। বেদান্ত, সাংখ্য ও শায়দর্শনে বেদের কৃট্ছনিভাতা স্থাক্ত হয় নাই; এই তিনদর্শনের মতে বেদ প্রবাহরূপে নিভা। ব্যাকরণদর্শনে পভঞ্জলি বেদের অর্থকে নিভা বিলয়াছেন কিছু শক্ষরাশিকে বা বর্ণানুপূর্বীকে অনিভা বলিয়াছেন। স্মৃতিপ্রস্থে ও পুরাণাদিশাত্রে বেদের নিভাতা খোষিত হইয়াছে। বেদান্ত, সাংখ্য, শায় প্রভৃতি দর্শন ব্রহ্ম বা পরমপুরুষকে বেদের কারণ, বেদের উৎস বলিয়াছে এবং ভজ্জশুই বেদের প্রামাণ্য ও প্রবাহনিভাত্ব স্থীকার করিয়াছে; কিছু পূর্বমীমাংসা পরমেশ্বরকে বেদের কারণ বা উৎসক্রপে নির্দেশ করে নাই। এই দর্শনের মতে শক্ষ নিভা। বিবিধ স্বৃত্তিশালবিস্তারে জৈনিনি শায় দর্শনের শক্ষের অনিভাতা প্রতিপাদক মুক্তিরাশি খণ্ডন করিয়া শক্ষের নিভাতা প্রতিপন্ন করিয়াছেন। তাঁহার মতে বেদের নিভাতা শক্ষের নিভাতাজনিত; শক্ষ নিভা বলিয়াই বৈদ নিভা।

शक्षमभ शतिरुक्ष

বেদের কাল

্বিষাহারা বেদের অপৌরুষেহত ও নিত্যত্ত স্থীকার করেন তাঁহারা কোনই একটি বিশেষ যুগে বেদ প্রকাশিত হইয়াছিল একথা শ্বীকার করেন না। যাহা [\] নিত্য তাহার উৎপত্তি নাই, বিনাশও নাই, সূতরাং উৎপত্তিকালের প্রশ্নই উঠে না। ফাঁহারা বেদকে অপোক্ষয়ে ও নিত্য বলিয়া শ্রীকার করেন না তাঁহারা বলেন প্রাগৈতিহাসিক মুগে কোন এক বিশেষ কালে বেদ রচিত হইয়াছিল; ভজ্জ তাঁহারা বেদেব কাল বিচার করিয়াছেন। প্রাচ্য ও প্রতীচ্য উভয় ভূখণ্ডের বস্তু পণ্ডিত বেদ ঋষিদের রচনা বলিয়া মনে করেন এবং বেদের উৎপত্তির কাল বিচার করিয়া নির্ণয় করিতে চেষ্টা করিয়াছেন। বেদ যে অপোক্রষেয় বা স্বতঃ অভিবাক্ত (Revealed) নহে, তাহা যে ঋষিদের রচনা, তাঁহাদের এই অভিমত প্রতিপন্ন করিবার জন্ম তাঁহারা বেদ হইতেই,—বেদমন্ত্রের রচনা বা উৎপত্তিসূচক মন্ত্র উদ্ধার করেন। বেদের অপৌরুষেয়ত্ব আলোচনাকালে আমরা কতকভালি ভাতিবচন করিয়াছি যাহাতে বেদকে নিত্য বলা হইয়াছে। আবার কতকগুলি ভ্রুতিবচনে বেদমন্ত্রের উৎপত্তির কথাও স্পষ্ট বলা আছে। ঋগুবেদের (সংহিতার) কয়েকটি মন্ত্র উদাহরণ স্বরূপ উদ্ধার করা যাইতে পারে; যথা.---

'গোতমো ইন্দ্রনামভক্ষ্ৎ' (১-৬২-১৩); অর্থাং 'রথকার যেমন রথের বিভিন্ন অংশ নির্মাণ করিয়া সংযুক্ত করেন তদ্রপ গোতম ঋষি এই নতুন মন্ত্র রচনা করিয়াছেন।' 'ব্রহ্মাণি সম্প্রেজ বসিষ্ঠঃ' (৭-১৮-৮), 'বসিষ্ঠ ঋষি মন্ত্ররাজি সৃষ্টি করিয়াছেন।' 'ব্রহ্মাণি জনয়ন্ডো বিপ্রাঃ' (৭-২২-৯) অর্থাং বিপ্রগণ মন্ত্র সকলের জন্ম দিয়াছেন। ঋক্ সংহিতার প্রসিদ্ধ পুরুষস্বৃত্তে (১০-৯০) বিরাট্ পুরুষের যজ্ঞ হইতে সমগ্র বিশ্বের উৎপত্তি প্রসক্ষে বেদের উৎপত্তিও কথিত হইয়াছে;—

'তন্মাদ যজ্ঞাং সর্বস্থতঃ ঋচঃ সামানি জডিবের। ছন্দাংসি জডিবের ভন্মাদ্ যজুকন্মাদকায়ত॥'

অর্থাং 'সেই (আদি) যজ্ঞ হইতে ঋক্ সকল, সামরাশি, ছন্দসকল ও যজ্ঞ্বন মন্ত্রসকল উৎপত্ন হইয়াছিল।' এই সকল উদ্ধৃত মন্ত্র বাতীত বহু বেদমন্ত্রে বলা আছে অমুক অমুক ধাষির রচিত সেই সেই মন্ত্রসকল। যাঁহারা বেদকে পৌরুষেয় ও উৎপত্তিশীল মনে করেন তাঁহারা উপরে উদ্ধৃত আছিত নঞ্জির উল্লেখ করিয়া রকীয়মত সমর্থন করেন এবং বেদের কাল বিচার করিয়াছেন। অবশ্ব, পণ্ডিতগণ বেদরচনার কাল সম্বন্ধে একমত নহেন; এক একজন এক এক মত পোষণ করেন। কেই সুপ্রাচীনকাল, কেই অদূরবর্তীকাল নির্ণয় করিয়াছেন; একদল আবার মধ্যবর্তী পথ ধরিয়াছেন। ভারতবর্ষে রনামধল্য বালগঙ্গাধর ভিলক, নারাহণরাও পাভ্নী, বেটকার, হৈল (C. V. Vaidya), অবিনাশচক্র দাস প্রভৃতি, এবং পাশ্চান্তো মহামতি মাক্স্মূলার, মনীষী যাকোবি (Jacobi), বেবর (Weber) হুইট্নি, মাাক্ডোনেল, ভিন্টারনিংস, গ্রাসমান, বূলার, ওল্ডেন্বারগ্ প্রভৃতি বিষম্যগুলী বেদের রচনাকাল নির্ণয় করিতে চেন্টা করিয়াছেন। কেই কেই প্রীক্রপূর্ব ২০০০ (এক হাজার) বংসর পর্যন্ত উধের্ব গিয়াছেন, কেই কেই আবার প্রীক্রপূর্ব ২০০০ (এক হাজার) অবধি নিমুভ্য সীমারেখা টানিয়াছেন।

গ্রীফীধর্মের বাইবেল, ইসলামধর্মের কুরাণ্ বা ইছদীধর্মের 'ভালমুদ' (Talmud) বলিতে একখানি মাত্র ধর্মগ্রন্থ বুকায় এবং ভাহার কাল নিৰ্ণয় করা সহজ ও সম্ভব : কিন্তু সনাতন ধর্মের 'বেদ' বলিতে একটি মাত গ্রন্থ নহে. একটি গ্রন্থাগার বুঝায় বলিলেও অভ্যক্তি হয় না। বেদ বলিতে সংহিতাচভুষ্টয়, প্রতিবেদের ত্রাহ্মণ গ্রন্থরাজি, আরণাকসমূহ ও উপনিষদ্রাশি প্রতিবোধ্য সুভরাং বেদের একটি বিশিষ্ট কাল (One particular point of time) হইতে পারে না। মন্ত্রাক্রাণ, আরণাক ও উপনিষদের উৎপত্তির ভিন্ন ভিন্ন কাল হইবে। এইজগুই সমগ্র বেদের কাল নির্ণয় করা অভি হঃসাধ্য ব্যাপার, এবং এইজভাই মাক্স্মূলার বলিয়াছেন, 'Whether the Vedic hymns were composed in 1000, or 1500, or 2000, or 3000 B. C. no power on earth will ever determine' (Griffith lectures on physical Religion 1889), অর্থাৎ 'বেদমন্তরাজি স্ত্রীফীপূর্ব ১০০০ অথবা ১৫০০ অথবা ২০০০ বা ৩০০০ বংসর কোন সময়ে রচিত হইয়াছিল ভাহা পার্থিব কোনও শক্তিই কখনও নির্ণয় করিতে পারিবে না।' এই একই কারণে প্রখায়ত জার্মাণ দেশীয় পণ্ডিত ডিল্টারনিংস্ বলিষাছেন,—'It is foolish to ascer. tain a defiinite date for both the Samhita period and the Brahmana period of the Veda (History of Indian Literature, Vol I.). 'বেদের সংহিতাখণ্ড ও বান্ধণখণ্ডের অন্ত একই কাল নির্ণয় করিলে ভাহা মুর্থামির পরিচায়ক হইবে।' বেদের কাল কেহ জ্যোতিষ্ভত্ত ধরিষা, কেই ভাষাভত্ব ধরিষা, কেই উদ্ভিদ্ভত্ব ও প্রাণিভত্ব, কেই ভৃতত্ব, কেই বা আবার আভ্যন্তর প্রমাণ ধরিয়া নির্ণয় করিবার চেটা করিয়াছেন। বালগঙ্গাধর ভিলক, কেট্কার, বূলার (Buhler) প্রভৃতি জ্যোভিষের উপর প্রধানতঃ নির্ভর করিয়াছেন। ভিলক তাঁহার 'Arctic Home' ও 'Orion' নামে বিজ্রুত গ্রন্থ হুইটিতে বেদে জ্যোভিষের যে সকল ভথ্য পাওয়া যায়, কৃত্তিকা, মুগশিরা প্রভৃতি নক্ষত্রের স্থান বিচার করিয়া স্থির সিদ্ধান্তে আসিয়াছেন যে বেদের প্রাচীন সংহিভার কাল ২০০০ খ্রীঃ পৃঃ হইতে ২০০০ খ্রীঃ পৃঃ পর্যন্ত ; এবং পরবর্তী সংহিতাও ব্রাহ্মণ গ্রন্থাদির কাল ৪০০০ খ্রীঃ পৃঃ হইতে ২০০০ খ্রীঃ পৃঃ পর্যন্ত । পশুত কামেশ্বর আয়ারের মতে ২০০০ খ্রীঃ পৃঃ হইতে ২০০০ খ্রীঃ পৃঃ পর্যন্ত ব্রাহ্মণ গ্রন্থরাজির রচনাকাল।

ভিলক এবং যাকেবি (Jacobi) উভয় মনীয়ী প্রস্পর আলোচনা না করিয়া স্বতন্ত্রভাবে সংহিভার ও রাহ্মণের জ্যোভিষসংক্রান্ত তথ্যের গবেষণা করিয়াছেন এবং আশ্চর্যরূপে হুইজনেই এক সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। তাঁহারা বলেন সংহিভার কালে বসন্তকালীন বিষুবসংক্রান্তির (Vernal Equinox) মৃগণিরা (Orion) নক্ষত্রে হইয়াছিল এবং গণনা করিলে ভাষার কাল ৪৫০০ খ্রাইপূর্ব পাওয়া যায়; অভএব সংহিভার রচনা আরও পূর্বে হইয়াছিল। আবার রাহ্মণগ্রেরে আভান্তরীণ প্রমাণে পাওয়া যায়—বসন্তকালীন বিষুবসংক্রান্তি কৃত্তিকানক্ষত্রে (Pleaids) হইয়াছিল; জ্যোতির্গন্ম মতে ইহার কাল ২৫০০ খ্রীঃ পৃঃ এইজল্ম রাহ্মণ, আরণ্যক ও উপনিষ্দ রচনার কাল ভিলক ২৫০০ খ্রাঃ পৃঃ হইতে ১৪০০ খ্রীঃ পৃঃ ধরিয়াছেন। ডাঃ রাধাকৃষ্ণন্ বলেন প্রাচীন উপনিষ্ণমৃহ ১৪০০ খ্রীঃ পৃঃ মধ্যেই রচিত হইয়াছিল। বাহ্মণ-প্রস্তের জ্যোভিষত্য্য বলিতে ভিলক ও যাকোবি (Jacobi) প্রধানতঃ শত্পথ বাহ্মণের নিয়াছেত বচনটি ধরিয়াছেন,—)

'এতা হ বৈ প্রাচ্চৈ দিশোন চাবন্ডে' (২-১-২-৩);—'এডা' অর্থাং কৃত্তিকানকত কখনও পূর্বদিক হইতে স্থালিত হয় না; অর্থাং বসন্তকালীন বিহুব-সংক্রোভি কৃত্তিকানকত্ত্র সংঘটিত হইয়াছিল।

শি (আনতর্জাতিক খ্যাতিসম্পন্ন ভারতীয় জ্যোতিবিজ্ঞানী কেট্কার (V. B. Ketkar) তৈতিরীয় ত্রাহ্মণের একটি বচনকে স্ত্তরূপে ধরিয়া (তৈতিরীয় ত্রাহ্মণ ৩-১-৫) গবেষণা করিয়াছেন। তথায় বলা আছে—'ভিয়া (পুনর্বসু) নক্ষত্রকে প্রায় আচ্ছাদন করার সময় (গ্রহণের সময়) বৃহস্পতিগ্রহ আ্বিস্কৃত হইয়াছিল। কেটকার গণনা করিয়া সিদ্ধান্ত করিয়াছেন ৪৬৫০ খ্রীইতপূর্বে এই ঘটনা ঘটিয়াছিল। অভএব সংহিভার রচনা ইহার পূর্ববর্তী। প্রস্কুক্রমে

জানাইতে চি এই মহারাষ্ট্রীপণ্ডিত কেট্কারের জার্মাণদেশীয়া গড়ী শ্রীযুক্তা কেট্কারই সর্বপ্রথম ডিন্টারনিংসের (Winternitz) জার্মাণ ভাষায় বিরচিত 'ভারতীয় সাহিত্যের ইতিহাস' গ্রন্থের প্রথম খণ্ড ইংরাজীতে অনুবাদ করেন; কলিকাতা বিশ্ববিদ্যালয় এই অনুবাদ গ্রন্থ প্রকাশ করিয়াছে।

স্থনামধ্য বেদজ্ঞ মাকিণদেশীয় পশুত ব্লুম্ফিল্ড ্৪৫০০ খ্রীঃ পুঃ বৈদিক-যুগের প্রারম্ভকাল বলিয়া ধরিয়াছেন।

খাগ্বেদের কয়েকটি মান্ত্র বর্ষাকালে বংসর আরছের কথা বলা আছে, বিশেষ করিয়া মণ্ড্কস্জে (০-১০৩) এই ভত্ত সূপ্রমাণিত। ভাষাভত্তবিদ্ কেহ কেহ বলেন বর্ষাকালে বংসর আরম্ভ হইত বলিয়া বংসরের একটি নাম 'বর্ষ' হইয়াছে। কয়েকজন জ্যোতির্বিজ্ঞানবিদ্ গণনা করিয়া বলিয়াছেন ৩০০০ খ্রীঃ পূর্বের আগে এই ঘটনা অর্থাৎ বর্ষাকালে বংসর আরম্ভ সম্ভব; অত্রের খাগ্বেদের রচনাকাল ভাহার পূর্ববর্তী।

ডাঃ ব্লার, তিলক ও যাকোবির সিদ্ধান্ত পরীক্ষা করিয়া দেখিয়াছেন এবং সমর্থন করিয়াছেন। ১৮৯৪ খ্রীফ্টাব্দে 'Indian Antiquary' (২৮৮ পৃষ্ঠা) পুল্তিকায় একটি প্রবন্ধে তিনি (ব্লার) বলিয়াছেন,—'অধ্যাপক যাকোবি ও তিলকের সিদ্ধান্ত আমি অবিশ্বাস্ত বলিয়া মনে করি না। মুগশিরা নক্ষত্রের যে প্রমাণ তাঁহারা দিয়াছেন আমিও তাহা অভিশয় মূল্যবান বলিয়া মনে করি।'

ু অধ্যাপক বৈদ্য (C. V. Vaidya) সম্পূর্ণ বৈদিক যুগ ৪৫০০ প্রাঃ পৃঃ হইতে ৮০০ প্রাঃ পৃঃ পর্যন্ত ধরিষ্যছেন। জাপানের কাকাসু ওকাকুরা (Kakasu Okakura) তাঁহার 'The Ideals of the East' গ্রান্থ ৪৫০০ প্রাঃ পৃঃ বৈদিক যুগের স্চনা এবং ৭০০ প্রাঃ পৃঃ বৈদিক যুগের সমাপ্তিকাল ধরিয়াছেন। তাঁহার মতে উপনিষদ্রাজি ২০০০ প্রাঃ পৃঃ হইতে ৭০০ প্রাঃ পৃঃ কালের মধ্যে রচিত।

খাগ্রেদে যে সকল নদীর নাম আছে তল্মধ্যে সরস্থতী নদীর নাম বছবার পাওয়া যায়। সরস্থতীকে নদীর মধ্যে শ্রেষ্ঠ, দেবীর মধ্যে শ্রেষ্ঠ ও জননীগণের মধ্যে শ্রেষ্ঠ ('অম্বিভয়ে নদীভয়ে দেবিভয়ে সরস্থতি') বলা হইয়াছে। একটি মন্ত্রে (ঋক্সংহিভা ৭-৯৫-২) সরস্থতীর পর্বভ হইভে উৎপত্তি ও সমুদ্রে পড়ার কথা স্পষ্ট বলা আছে,—

'একা চেতং সরস্বতী নদীনাং ওচিষ্তী গিরিভঃ আসমুদ্রাং'; 'নদী,>বংলর মধ্যে একমাত্ত সরস্বতী ইহা জানেন, সরস্বতী অর্থাং যে পুণ্যভোষা নদী দিরি হইতে সমুদ্র পর্যন্ত বহিন্না গিয়াছে।' সরস্বতী নদী হিমালয় হইতে উৎপন্ন হইডাছে কিন্তু সমুদ্র বহুদ্রে সরিয়া যাওয়ায় অধুনা সরস্বতী রাজস্থানের বিকানীর অঞ্চলের মরুভূমিতে বিলুপ্ত হইয়া গিয়াছে; ভূতভুনিদ কেই কেই বলেন পঞ্জাবের পাতিয়াল রাজ্যের নিকট উহা লুপ্ত হইয়াছে। কোন্ সুপ্রাচীন মুগে সরস্বতী সমুদ্র পর্যন্ত প্রবাহিত ছিল ভাহার গবেষণা বিশেষভাবে কেটকার করিয়াছেন। তিনি পুরাতপ্তের বিবিধ দিক ইইতে আলোচনা করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন যে ৭৫০০ খ্রীঃ পূঃ সময়ে সরস্বতী নদী মরুভূমিতে বিলুপ্ত হইয়াছে; ভংপূর্বে সমুদ্র পর্যন্ত প্রবহমানা ছিল এবং সমুদ্র রাজস্থানের অভ্যন্তর পর্যন্ত বিল্পত ছিল। কেটকারের এই গবেষণামতে খাগ্রেদের ঐ মন্ত্রের রচনার কাল ৭৫০০ খ্রীঃ পূর্বের পূর্ববর্তী। প্রখ্যাত পুরাতত্ত্বিদ্ প্রচানিক্ষাত প্রচীনভারতের ইতিহাসের প্রমাণস্থরূপ পণ্ডিতদের অক্সতম অবিনাশ চন্দ্র দাস মহাশয়ও তাঁহার মৌলিকগবেষণাপ্রসূত পাণ্ডিতদের অক্সতম অবিনাশ চন্দ্র দাস মহাশয়ও তাঁহার মৌলিকগবেষণাপ্রসূত পাণ্ডিত্যপূর্ণ 'Rigvedic India' নামক গ্রন্থে এই সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন, (হিতীয় সংক্ষরণ, পৃষ্ঠা ৮)।

. ১৯০৭ খ্রীফীব্দে এশিয়া মাইনর অন্তর্গত বোদাংসকোই (Boghazkoi) নগরে ছগো ভিনক্লার্ (Hugo Winckler) কতকওলি মুত্তিকানির্মিত ফলক আবিষ্কার করেন। প্রাচীন হিটীরাজ্যের রাজ্ঞার সহিত মিতানী দেশের রাজার সন্ধিপত্ত এই মূল্মফলকে লিপিবদ্ধ আছে। এই সন্ধিপত্ত প্রীইচপূর্ব চতুর্দশ শতাকীতে বচিত। সন্ধির বক্ষকরূপে উভয় দেশের দেবতাগণকে আহ্বান করা হইয়াছে; বাবিলন দেশীয় এবং হিটাদেশীয় বস্তু দেবতার নাম তো আছেই, অধিকল্প মিতানীদেশের দেবগণের মধ্যে বৈদিক দেবতা মিত্র, বরুণ, ইন্দ্র ও নাসত্যে দেবতাগণের নামও লিখিত আছে। এশিয়া মাইনরে মিতানীদেশে কিরুপে এই বৈদিকদেবতাগণের নাম ও পূজা পৌছিয়াছিল এ সম্বন্ধে ভিন্ন ভিন্ন গবেষকদের ভিন্ন ভিন্ন মত। ঐতিহাসিক মেয়ার (Meyer) মনে করেন আর্য ও ইরাণীয়গণ যখন একত্তে বসবাস করিত তখন এই সকল বৈদিক দেবতা উভয়ধর্মে বিদ্যমান ছিল। পরবর্তীকালে ইরাণ হইতে পশ্চিম ভূথতে ইহার প্রভাব বিস্তৃত হয়। ওল্ডেন্বার্গ মনে করেন বৈদিক আর্যগণের এই সকল দেবতা ও উত্তর পশ্চিম অঞ্চলনিবাসী জনপণের সমসংজ্ঞক এই সকল দেবতারা একটি প্রাচীন সাধারণ উৎস হই।ঙ আসিয়াছে; কিন্তু সেই সাধাবণ উৎসটি কোন খানে ছিল বা কোন যুগের সে সম্বন্ধে ওল্ডেন্বার্গ কিছু বলেন নাই। शांद्रकावि (Jacobi), कोইন্

কোনো (Stein Konow), হিলেবান্ড টু, ভিন্টারনিংস প্রভৃতি প্রাচ্য-তত্তবিং পণ্ডিতগণ বিশেষ বিচার বিবেচনা করিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে মিত্র এবং বরুণ, ইল্র এবং নাসত্যো (অশ্বিযুগল) এই দেবভাদের এভাবে বর্গীকরণ করিয়া উল্লেখ করায় ইহারা ভারতীয় বৈদিক দেবতা। ওল্ডেন্বার্গের প্রাচীন সাধারণ উৎস্নিষ্ঠ মতবাদ তাঁহারা খণ্ডন করিয়া-ভিন্টারনিংস দ্বিধাহীন স্পষ্ট ভাষায় বলিয়াছেন,—'I agree with Jacobi, Konow and Hillebrandt in considering these gods to be Indian, Vedic deities and that there is no possible justification for any other view.' 'মাকোবি, কোনো ও হিলেব্রান্ড্টের সঙ্গে আমি একমত যে এই সকল দেবতা ভারতীয় এবং বৈদিক; এছাড়া অন্ত মডের কোনও সম্ভাব্য যুক্তি নেই 🗥 হাকোবি প্রড়ডির মতে খ্রাফ্ট পূর্ব গুই সহস্র কালে কভিপয় বৈদিক দেবতার প্রভাব ও পূজা পশ্চিম এশিয়ায় ব্যাপ্ত হইয়াছিল।

উপরের আলোচনা হইতে আমরা সিদ্ধান্ত ক্রিতে পারি যে বেদের সংহিতা ভাগের স্চনা ছয় হাজার প্রীফস্থের, রাক্ষণ ও আরণ্যকের স্চনা তিন হাজার প্রীফস্থের এবং উপনিষদ্বাঙ্ময়ের স্চনা এক হাজার পাঁচশত গ্রীফস্থের হইয়াছিল এবং বৈদিক বাঙ্ময়ের শেষ সীমা এক হাজার শ্রীফস্র ।

যোড়শ পরিচ্ছেদ

বৈদিকবাগ্ময়ে পাশ্চাভ্যের অবদান

রবার্ট ল নোবিলিউস্ (Robert de Nobilius) নামে একজন পাস্ত্রী সর্বপ্রথম ভারতে বেদের পাঙ্গিপি সংগ্রহ করার চেন্টা করেন কিন্তু বার্থকাম হয়েন। মান্তাজের কতিপয় ধূর্ত পশুভ একটি পুস্তক রচনা করিয়া ভাহা 'যজুর্বেদ' নাম দিয়া নোবিলিউস্কে দেন; তিনি বুঝিতে পারেন যে তাঁহারা তাঁহাকে প্রভাৱিত করিয়াছেন।

অতঃপর প্রথাত সংস্কৃতজ্ঞ কোল্ফ্রক (Colebrooke) পাণ্ডলিপি সংগ্রহের চেফ্রা করেন এবং তাঁহাকেও এক মহারাষ্ট্রী ব্রাহ্মণ একটি অন্ত গ্রন্থ দিয়া মিখ্যা করিয়া বেদ বলিয়া চালাইয়া দেয়। তিনিও প্রতারিত ও ভগ্নমনোর্থ হয়েন। অংশে:য কর্বেন পোলিয়ার (Colonel Polier) নামে জনৈক ইংরাজ আপ্রাণ চেফ্টাও অক্লান্ত অধ্যবসায়বলে জয়পুর হইতে চানিবেদের সংহিতার পাণ্ডুলিপি সংগ্রহ করেন এবং ১৭৯৮ খ্রীঃ তাহা লগুনের বৃটিশ মিউজিয়ামে প্রেরণ করেন।

১৮৩০ খ্রীঃ অধ্যাপক রোজেন (Rosen) খ্রগ্রেদের কতিপয় মন্ত্রের অনুবাদ করেন। তিনি লাতীন ভাষায় সুপণ্ডিত ছিলেন এবং খ্রগ্নসংহিতার প্রথম অইক লাতীনভাষায় অনুবাদ করেন। তাঁহার প্রাণত্যাগের পর এই লাতীন অনুবাদ ১৮৩৮ খ্রাঃ কলিকাতায় প্রকাশিত হয়। এই লাতীন অনুবাদ পড়িয়া বছ পাশ্চান্তা বিদ্বান্ধ বৈদিকবাদ্ধিয়ের প্রতি বিশেষ আকৃষ্ট হয়েন।ইহা পড়িয়াই বিজ্ঞত প্রাচাবিদ্যাবিং Eugene Bournouf ফরাসীদেশে বেদশান্ত্র অনুশালন সমিতির প্রতিষ্ঠা করেন। তাঁহার সুযোগ্য শিক্ত Rudolf Roth ১৮৫৬ খ্রাঃ বেদের সাহিত্য ও ইতিহাস শীর্ষক একটি পুন্তিকা প্রকাশ করেন। ক্রডোল্ফ্র্রোট্র জার্মাণ উচ্চারণ) রচিত এই পুন্তিকা পাঠে জার্মাণ পণ্ডিতগণ বেদের প্রতি গভীরভাবে আকৃষ্ট হয়েন। উক্ত পুন্তিকার কিরদংশ মুইর (Muir) রয়াল্ এসিয়াটিক সোসাইটির জার্নালে ইংরাজীতে অনুবাদ করেন। ১৮৪৭-৪৮ খ্রীঃ এই অনুবাদ প্রকাশিত হয়।

১৮৪৭ খ্রী: বিষদ্বর লেড্লের (Ledley) পরামর্শে ভারতীয় গ্রন্থমালা (Bibliotheka Indica) প্রকাশনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বিবলিওটেকা ইণ্ডিকা গ্রন্থমালায় ডঃ রোয়ার্ (Roer) ১৮৪৭ খ্রীঃ ঋক্সংহিতার প্রথম ও দ্বিতীয় অইক ইংরাজী অনুবাদসহ প্রকাশ করেন।
তিনি যথন শুনিলেন যে মাক্স্মালার সায়ণভাশ্তমহ সমগ্র ঋক্সংহিতা প্রকাশের
ব্যবস্থা করিতেছেন এবং তাহাতে উইলসন্কৃত মন্ত্রের ইংরিজী অনুবাদও
থাকিবে তথন তিনি তাঁহার আরক অনুবাদকার্য ছাড়িয়া দেন। আচার্য
মাকস্মালারের সায়ণভাশ্তমহ ঋক্সংহিতা দেবনাগরী অক্সরে ১৮৪৯ হইতে
১৮৭৫ খ্রীঃ ছাব্রিশ বংসরের অক্লান্ত পরিশ্রমে প্রকাশিত হয়। ইছার ব্যয়ভার
ইন্ত ইণ্ডিয়া কোম্পানী বহন করেন। ১৮৫৬ হইতে ১৮৫৯ খ্রীঃ চারি বংসরে
তিনি প্রথম মণ্ডল পদপাঠসহ প্রকাশ করেন। ১৮৭৭ খ্রীঃ মালার সমগ্র
ঋক্সংহিতা রোমান্ অক্সরে তংকৃত শব্দস্চীসহ প্রকাশ করেন।

মৃলোরের পূর্বে হোরেস্ হেম্যান্ উইলসন্ (Horace Hayman Wilson) ঋগ্বেদ যত্তের সহিত অধ্যয়ন করেন। ১৭৮৬ প্রীফ্টাব্দে তিনি অন্মগ্রহণ করেন; যৌবনে সৈঞ্চললে যোগদান করেন এবং সিপাহীরূপে ১৮০৯ খ্রীঃ ভারতে আগ্যান করেন। ভারতে আসিয়া সংস্কৃতভাষার প্রতি এবং

বেদের প্রতি তিনি আকৃষ্ট হয়েন। ১৮১০ খ্রীঃ তিনি কলিকাডায় টেঁকশালের (Mint) সহকারী অধ্যক্ষ হইয়া আদেন এবং ভারতীয় পশুভদের সহায় লইয়া গভীর অভিনিবেশসহকারে বেদ অধ্যয়ন করেন। তিনিই সর্বপ্রথম সমগ্র থাক্সংহিতার ইংরাজী অনুবাদ করেন।

১৮৪৮ খ্রীঃ হইতে ১৮৫১ খ্রীঃ মধ্যে করেকজন ফরাসী বিদান্ ঋগ্বেদের অংশবিশেষের ফরাসী অনুবাদ করেন। ১৮৭০ খ্রীঃ প্যারিস্ নগরীতে লাংলোয়া (Langlois) নামক পণ্ডিত সমগ্র ঋগ্বেদের ফরাসী অনুবাদ করেন।

জার্মাণভাষায় যাঁহার। ঋণ্বেদের অনুবাদ করেন উাহাদের মধ্যে আলফেড লুড্ভিগ্ (Ludwig) এবং হর্মান গ্রাস্মানের (Hermann Grassmann) নাম স্বাগ্রগণ্য। ১৮৭৬ খ্রীঃ লুড্ভিগ্ এবং ১৮৭৬-৭৭ খ্রীঃ গ্রাস্মান্ সমগ্র ঋক্সংহিডার জার্মান অনুবাদ করেন ও প্রকাশ করেন।

ডঃ বোট্ (Roth) ১৮১৮-৫২ খ্রীঃ মধ্যে যাস্কের নিরুক্ত নিজয় টিপ্লনী ও মন্তব্যসহ প্রকাশ করেন। খ্যাতনামা বিদ্বান্ মার্টিন হৌগ্ (Haug) রোমান্ অক্ষবে চুইখণ্ডে ঐতরেয় রাহ্মণের মূল অংশ ১৮৬৩ খ্রীঃ প্রকাশ করেন। এই গ্রন্থেই তাঁহার সালখিত সুদীর্ঘ ভূমিকা গভীর পাণ্ডিত্যের পরিচায়ক। তিনি সংস্কৃত, হিক্রে, ইংরাজী, জার্মণে, চীনা প্রভৃতি ভাষায় সুপণ্ডিত ছিলেন। বিদ্বাচন্দ্র, সত্যব্রত সামশ্রমী প্রভৃতি হৌগের পাণ্ডিত্যের প্রশংসা করিয়াকোন।

১৮৬৪-৬৫ খ্রীঃ সময়ে স্টেনংস্লার্ (Stenzler) আশ্বলায়নগৃহ্যসূত্তের জার্মাণ অনুবাদসহ সংস্করণ প্রকাশ করেন। ঐ একই সময়ে হর্মান্ ওল্ডেনবর্গ (Oldenberg) জার্মাণ অনুবাদ ও টিপ্লনীসহ শাংখ্যায়নগৃহ্যসূত্ত প্রকাশ করেন। ১৮৫৭-৫৮ খ্রীঃ প্যারিসে রেগ্নিয়র্ খাগ্বেদীয় শৌনক প্রাতিশাখ্য ফরাসী অনুবাদ ও টিকাসহ প্রকাশ করেন। মাকস্মালার এই গ্রেছর মূল ও জার্মাণ অনুবাদ প্রকাশ করেন।

অধ্যাপক ভেবর (Weber) ১৮৬০ খ্রীঃ পিক্সকৃত ছন্দোসূত রোমান্ লিপিতে এবং ১৮৬৮ খ্রীঃ পাণিনীয়শিকা প্রকাশ করেন। ১৮৭৭ খ্রীঃ রুডল্ফ্-্রেয়র স্বরচিত ভূমিকাসহ ঋগ্বিধান ও বৃহদ্ধেবতা প্রকাশ করেন। ১৮৮৯-৯২ খ্রীঃ গ্রিফিথ্ (Griffith) ঋক্সংহিতার ইংরাজী পদ্যান্বাদ করেন।

এগেলিং (Eggelling) শুকু যজুর্বেদের শতপথবাক্ষণের ইংরাজী অনুবাদ কয়েকখণে প্রকাশ করেন। 'Sacred Books of the East' গ্রন্থমালায় ইহা প্রকাশিত হয়। ত্রাক্ষণ গ্রন্থরাজির মধ্যে শতপথবাক্ষণ যেমন গুরুত্বে গম্ভীর তেমনই আকারে বিশালতম। তাদৃশ সুবিশাল গ্রন্থের অনুবাদ গভীর অধ্যবসায় ও পাণ্ডিত্যসাপেক। এই অনুবাদ এগেলিং মহোদয়ের অক্ষরনীর্তি।

আচার্য মেকডোনেল্ ও তদীয় যোগ্যশিশ্ব কীথ্ (Keith) ঋগ্বেদের শব্দমূচী সংগ্রহ ও প্রকাশ করেন। এই শব্দমূচী ঋগ্বেদ অধ্যয়নে অতীব প্রয়োজনীয়।

মার্কিনদেশের বিশ্ববিশ্রুত বেদবিদ্বান র্ম্ফিল্ড্ (Bloomfield) রচিত 'Vedic Concordance' ও 'Rgveda Repetitions' একাধারে তীর অধাবসায়, গবেষণা ও পাশুভোর পরিচায়ক। র্ম্ফিল্ড্ এবং গার্বে (Garbe) অথববেদের পিপ্লদাদশাধার সংহিতা ১৯০১ খ্রীঃ জার্মাণদেশে প্রকাশ করেন। ভূর্জপত্তে লিখিত এই সংহিতার পাগুলিপির ৫৪০টি অবিকল ফটো কপি ছাপাইয়া প্রকাশ করেন; ভজ্জগ্য গ্রন্থটি দেখিতে অতি চিন্তাকর্ষক হইয়াছে। র্ম্ফিল্ডের Vedic Concordance বা মন্ত্রমহাসূচী বেদের ১১৬টি গ্রন্থ অবলম্বনে রচিত।

বেরিডেল্ কীথ্ তৈন্তিরীয় সংহিতার ইংরাজী অনুবাদ হুইখণ্ডে ১৯১৪ খ্রী: প্রকাশ করেন।

শ্রোয়েডর (Schroeder) চারিখণ্ডে মৈত্রায়নীসংহিতা এবং চারিখণ্ডে কাঠকসংহিতা প্রকাশ করেন। ছইট্নী (Whitney) ১৮৭১-১৮৭২ এীঃ ত্রিয়ড়ভায়সহ তৈজিরীয় প্রাভিশাখ্য প্রকাশ করেন। ভিন্টারনিংস আপত্তয়গৃহস্ত্র সম্পাদনা করেন এবং গার্বে আপত্তয় শ্রৌডস্ত্র হইখণ্ডে ১৮৮১-১৯০৩ এীঃ মধ্যে প্রকাশ করেন। কালান্ড (Caland) বৌধায়ন-শ্রোডস্ত্র ও বৌধায়নগৃহস্ত্র সম্পাদন ও জার্মাণভাষায় অনুবাদ করেন। ভংকর্তৃক কাঠকগৃহস্ত্র, বাধুলস্ত্র এবং বৈধানসগৃহস্ত্রও প্রকাশিত হয়। এই পণ্ডিভপ্রবর শতপথবাল্ধণের কায়শাখা ইংরাজীপ্রতাবনাসহ ১৯২৬ এীঃ, সামবেদের অর্বেয়রাল্লণ ১৮৭৮ এীঃ এবং ১৯২২ এীঃ জৈমিনীয়গৃহস্ত্র প্রকাশ করেন। হল্যান্ডের উট্রেশন্ট (Utrecht) হইডে তিনি অর্থবিদে এবং জার্মানী হইতে বৈতানস্ত্র প্রকাশ করেন। বৈদিকবাল্রের অধ্যয়ন, প্রকাশন ও প্রচারকল্পে যে সকল মহামতি পাশ্চান্তা মনীমী আল্পনিয়োগ করিয়াছিলেন এবং ভারতবাসিগ্লকে কৃতজ্ঞভাঝানে আবদ্ধ করিয়াছেন ভাঁহাদের মধ্যে কালান্ড জ্যুতম।

শ্লাস্মান ১৮৭৩-১৮৭৫ খ্রীঃ ভিন বংসর পরিশ্রম করিয়া জার্মাণ ভাষার

ধাগ্বেদের কোষ এবং হিলেকান্ট (Hillebrandt) ভিন থতে বেদের অভিধান (Vedic Dictionary) প্রণয়ন ও প্রকাশ করেন। ফরাসীয় বেদজ্ঞ পণ্ডিত লুই রেনু (Louis Renou) নষ্টি থতে (Bibliographica Vedica) 'বিবলিয়োগ্রাফিকা বেদিকা' ১৯৩১ খ্রী: প্রকাশ করেন। বেদের উপর ১৯৩০ খ্রী: পর্যন্ত প্রাচ্চে ও প্রতীচ্চে যে যে গ্রন্থ রচিত হইয়াছিল সেই সকল গ্রন্থ ও প্রস্থারদের সংক্ষিপ্ত পরিচিতিসহ তালিকা এই গ্রন্থে পাওয়া যায়।

ইহা ব্যতীত হিন্সেত্রান্টের জার্মাণভাষায় তিনখতে প্রকাশিত Vedic Mythology রুম্ফিল্ডের বেদের ধর্ম (Religion of the Veda, জার্মাণ), কীথবিরচিত ত্রাহ্মাণ ও উপনিষদের ধর্ম এবং দর্শন (Religion and Philosophy of the Veda and Upanisads—হার্বার্ড ওরিয়েন্টাল্ গ্রন্থমালায় প্রকাশিত) প্রভৃতি গ্রন্থ উল্লেখযোগ্য। আমেরিকার বিশ্রুত সংস্কৃতজ্ঞ উইলিয়াম্ ডাইট শুইটনী (Wiliam Dight Whitney) সমগ্র অথবসংহিতার ইংরাজী অনুবাদ করিয়াছেন।

সপ্তদশ পরিচ্ছেদ

বৈদিকবাঙ্ময়ে ভারতীয়গণের অবদান

বন্ধ ভারতীয় পণ্ডিত বৈদিকবাঙ্ময়ের সম্পাদনা, প্রচার ও প্রকাশকল্পে আত্মনিয়োগ করিয়াছিলেন। চারিবেদের সংহিতা, ত্রাহ্মণ, আর্থাক ইত্যাদি প্রকাশক্ষ্য যে যে বিশিষ্ট ভারতীয় পরিশ্রম করিয়া গিয়াছেন, নিয়ে প্রতিবেদের তালিকার আকারে তাহা প্রদর্শিত হইল।

গ্রন্থকার বা সম্পাদকের নাম থাড়ের নাম খাগুবেদ:—

রাজারামশিবরাম শাস্ত্রী— সায়ণভাষ্ঠ (১৯১০-১২)

দম্বানন্দ সরস্বতী— অগ্বেদের হিন্দীভান্ত পঞ্চম অধ্যাহের

পঞ্চম অফ্টক পর্যন্ত।

कुन्हन्दाका है रदाको अनुवानमह साथवी । भर्तानुक्रमनी

(2287)

রামগোবিন্দ ত্রিবেদী সম্পূর্ণসংহিভার হিন্দী অনুবাদ বীয় টিপ্পনী

যুগলকিশোর শর্মা— মঙ্গলদেবশান্ত্রী—

ঋক্প্রাতিশাখ্যের হিন্দী অনুবাদ ১৯০৩ ঋক্প্রাতিশাখ্য সংস্করণ এবং ভাহার ইংরাজ

অনুবাদ (হুই খণ্ডে প্রকাশিত) ১১৩১

পুণা হইতে বৈদিকসংশোধকমগুল সম্পূর্ণ ঋক্সংহিতা সম্পাদন করিয়া অপূর্ব সংস্করণ প্রকাশ করিয়াছে। এই মহৎ কার্যসম্পাদনজ্ঞ পুণা নগরপালিকা বংসরে সভরহাজার (১৭০০০১) টাকা দান করিতেন। ইহা অতি প্রশংসনীয়।

कृष्धयकूटर्वम :-

হরদত্তমিশ্র—

আপত্তপৃত্যসূত্ৰসম্পাদনা

গোবিন্দবামী-

বৌধায়নধর্মসূত্র, সংস্কৃতভায়সহ আটখংং

প্রকাশিত।

গোপীনাথ ও মহাদেব—

হিরণ্যকেশী শ্রোতসূত্র

ভীমদেন শৰ্মা---

মানবগৃহাসুত্তের হিন্দী অনুবাদ

দেবপাল—

লোগাক্ষিগৃহাসুত্ত।

শুক্লযজুর্বেদ:--

দয়ানন্দ সরস্বতী---

হিন্দীভায়

মনমোহন পাঠক—

কাত্যায়নশ্রেতিসূত্র কর্কভায়সহ

नायदवमः--

তুলসারাম শাস্ত্রী--

হিন্দীভাগ্য

আনন্দচল্ল বেদান্তবাগীশ—

তাভ্যমহাত্রানাণ (গুইখণ্ডে) (১৮৬৯-৭৪)

লক্ষণশাস্ত্রী দ্রবিড় সম্পাদিত সাম প্রাতিশাখ্য পুষ্পসূত্র। সম্প্রতি ভিরুপণি বিশ্ববিদ্যালয় সামবেদের সমস্ত রাহ্মণ প্রকাশ করিয়াছে। ডঃ রঘুবীর ভারণে ছুম্প্রাপ্য জৈমিনীয়রাহ্মণ স্থাম্মানী হইতে (আলোকচিত্র Copy) আনহন করেন এবং তংগুত্র লোকেশচক্র তাহা প্রকাশ করেন।

ज्यवंदवमः--

ক্ষেমকরণদাসত্তিবেদী---

হিন্দী ভাস্থ

è

গোপথ ৰাহ্মণ, হিন্দী অনুবাদ।

রামগোপালশান্ত্রী—

अथर्वदवनीय दृश्र मनीमुक्तमनी।

বিশ্ববন্ধুশান্ত্রী—

অথৰ্বপ্ৰাতিশাখ্য

ভগবদ্দত্ত---

মাভূকীশিকা

রনামধন্য সাতবলকর চারিবেদের মন্ত্রভাগ প্রণয়নপূর্বক প্রকাশ করিয়াছেন।

অস্তান্ত বেদিকগ্রন্থ এবং গবেষণামূদকগ্রান্থ ;—

शकारित छ: नामानयक्रण मुर्देश्यम निष्कु बदः निक्रस्थाय मण्यामनपूर्वक **क्षकाम करत्रन बदर मुधक्छार्य छाहात्र हैरत्राको अनुवामछ क्षकाम करत्रन।** চক্রমনিবিদ্যালক্ষার নিরুত্তের উপর 'বেদার্থদীপক' হিন্দীভাগ্র রচনা করেন। ন্থনামধন্ত বালগঙ্গাধরতিলক আর্যদের আদিনিবাস সম্বন্ধে গুইটি গবেষণাগ্রন্থ— 'Arctic Home of the Vedas' এবং 'Orion' ১৮১২ ও ১৮১৩ খ্রী: প্রকাশ করেন। গ্রন্থ হুইটি প্রধানতঃ জ্যোতিষ্ শাল্পের উপর ভিত্তি করিয়া রচিত। ১৯২৬ খ্রীঃ হংসরাজ তাঁহার 'বৈদিককোষ' প্রথম খণ্ড প্রকাশ করেন। মহারায়্রের চিন্তামনি বিনায়ক বৈলের (C. V. Vaidya) বৈদিকয়ুপের সাহিত্যের ইভিহাস (Vedic Period) ১৯৩০ খ্রী: প্রকাশিত হয়। ভগবদৃদন্ত হিন্দীভাষায় 'বৈদিক বাঙ্ময়কা ইতিহাস' তিনখণ্ডে রচনা ও প্রকাশ করেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতের ইতিহাস ও সংস্কৃতির ভূতপুর্ব প্রধান অধ্যাপক অবিনাশচক্র দাশ ঋগ্বেদে যে ইতিহাস, সমাঞ্চিত্র ও কৃতির চিত্ৰ পাণ্ডয়া যায় তাহা লইয়া 'Rigvedic India' ও 'Rigvedic Culture' নাম দিয়া হুইটি মূল্যবান গ্রন্থ রচনা করেন। প্রথম গ্রন্থটির শেষাংশে ভিনি বেদের কাল নির্ণয়প্রসঙ্গে ভিলকের যুক্তি খণ্ডন করিয়া প্রমাণ করিয়াছেন যে ঋগ্বেদীয় সভ্যতার কাল সাতাশহাজার প্রীষ্ট পূর্বের সন্নিকট। তিলকের জীবদ্ধশায় দাশমহাশয়ের গ্রন্থের বহুলাংশ প্রকাশিত হইয়াছিল কিছু সম্পূর্ণ হয় নাই ৷ পণ্ডিত রামগোপাল কল্পসুত্তের মুগে ভারতীয় সমাজ ও সংস্কৃতির চিত্ৰ তাঁহার মূল্যবান গবেষণা 'India of the Vedic Kalpasutras' প্রায় তুলিয়া ধরিয়াছেন। ভারতীয় বিদ্যাভবন হইতে খ্যাতনামা রমেশচজ্র মজুমদারের সাধারণ সম্পাদক-রূপ নেতৃত্বে দশখণ্ডে প্রকাশিত 'History and Culture of the Indian people' গ্রন্থযালার প্রথম খণ্ডের নাম 'Vedic Age' বা বৈদিকযুগ ৷ এই খতে বৈদিকসাহিত্যে ভদানীখন ভারতীয় সভ্যভার ষে চিত্র পাওয়া যায় ভাহার আলোচনা পাওয়া যায়। এই খণ্ডের এক এক পরিছেদ এক এক পণ্ডিত লিখিয়াছেন ৷ বেদের ত্রাহ্মণগ্রছঙলি কলেবরে विभाज : देविषक छात्राराज्य वर्षवावष्टा, भिक्षा, बाधनीछि. धर्म, पर्मन, आहाब-विशाब, बुक्कनाता, क्षा, कोर्डेशक्त, हेलापि विशाक यावणीय व्यम्ना छवा

ৰাক্ষণগ্ৰন্থবাজিতে নিহিত আছে। ডঃ যোগীরাজ বসু ইংরাজীভাষায় 'India of the age of the Brahmanas' নামক গ্রন্থে বৈদিক ভারতের কৃষ্টিও সভাতার সর্ববিধ চিত্র ভূলিয়া ধরিয়াছেন। গ্রন্থটির মধ্যে চারিটি খণ্ড আছে; যথা—(১) সামাজিক ও অর্থনৈতিক তথ্য, (২) রাজনৈতিক ও যুদ্ধবিদ্যানিষ্ঠ তথ্য (৩) ধর্ম ও দর্শন, এবং (৪) বিবিধ। সংস্কৃত পুস্তকভাগ্যার (কলিকাভা) গ্রন্থটির প্রকাশক। পাশ্চান্তোর বিশ্ববিশ্রুত ক্রাসী বেদজ্ঞ পণ্ডিত ডঃ লুই বেগু (Louis Renou) গ্রন্থটির মুখবন্ধ লিখিয়া দিয়াছেন।

পণ্ডিত সূর্যকান্ত ম্যাকভোনেল ও কীথর্চিত 'Vedic Index' গ্রন্থের এবং রুমফিল্ড্রিচিত 'Atharvaveda and the Gopatha Brahmana' মূল্যবান গ্রন্থের হিন্দী অনুবাদ করিয়াছেন। ম্যাক্ডোনেলক্ড 'Vedic Mythology' পুন্তকটিও হিন্দীতে অনুদিত হইয়াছে। বাপট, নানে, কাশীকর প্রভৃতি পণ্ডিতগণ বহু পরিশ্রম করিয়া "শ্রোতকোষ" রচনা করিয়াছেন। হোশিয়ারপুর হইতে বিশ্ববন্ধুশাস্ত্রী বৈদিকবাঙ্ময় সম্বন্ধে বিবিধ মূল্যবান গবেষণাগ্রন্থ প্রকাশ করিয়াছেন।

অতঃপর আমরা বৈদিক বাঙ্ময়ে বঙ্গদেশ হইতে যে সকল মনীষীর অবদান আছে তাঁহাদের বিষয়ে আলোচনা করিব।

বছ খ্যাতনামা বঙ্গদেশীয় মনীয়ী বিশাল বেদ সাহিত্যের বিভিন্ন গ্রেছের অনুবাদ প্রশয়ন ও প্রকাশন কার্য করিয়া গিয়াছেন। তাঁহাদিগের মধ্যে রমেশ দন্ত, রাজেন্দ্রলাল মিত্র, আচার্য সভাবত সামশ্রমী, হুর্গাদাস লাহিড়ী প্রভৃতি উল্লেখযোগ্য। নিয়ে তাঁহাদের অবদানের সংক্ষিপ্ত বিবরণ প্রদন্ত হইল।

ব্যান্বাদ করেন ও প্রকাশ করেন। ১৮৮৫ প্রীফ্রান্সে তিনি এই স্মরণীয় অনুবাদ করেন ও প্রকাশ করেন। ১৮৮৫ প্রীফ্রান্সে তিনি এই স্মরণীয় অনুবাদ কার্য আরম্ভ করেন। ঋকসংহিতার আটটি অফ্রক আট খণ্ডে প্রকাশিত হয়। কয়েকজন পণ্ডিত তাঁহাকে এই গুরুহ কার্যে সাহায্যে করেন; তাঁহাদের মধ্যে কৃষ্ণকমল ভট্টাচার্য; মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাল্লী, অলোকনাথ স্থায়ভূষণ প্রভৃতি উল্লেখযোগ্য। রমেশচন্ত্র এই সকল পণ্ডিতের নাম তাঁহার ভূমিকার উল্লেখ করিয়া কৃতজ্ঞতা প্রকাশ করিয়াছেন। পাশ্চান্ত্রের বিহৎসমাজও এই অনুবাদজন্ত দত্তমহাশয়কে আভ্রিক অভিনন্দন জানাইয়াছেন। কাউয়েল (E. B. Cowell), মাকৃস্ মূলার প্রভৃতি বেদজ্ঞ পণ্ডিতগণ তাঁহাকে অকুষ্ঠ সাধুবাদ জানাইয়াছেন। বেদের এই বিশাল অনুবাদকার্য জন্ম দত্তকে জ্বানুষিক পরিশ্রম করিছে হইয়াছিল। অনেকের সন্দেহ ছিল ভিনি কার্যটি

শেষ করিয়া যাইতে পারিবেন কিনা। এই শ্বরণীয় অনুবাদকার্য ছাড়া তিনি ভারতীয় সাহিত্য ও কৃষ্টি সন্থয়ে ইংরাজী ভাষায় অভান্ত পাণিতাপূর্ণ গ্রন্থ বচনা করিয়া গিয়াছেন। তন্মধ্যে Great Epics of India, Ramayana in Verse, Mahabharata in Verse, Early Hindu civilisation, Laws of ancient India in Verse, প্রভৃতি গ্রন্থ উল্লেখযোগ্য। ঋগ্বেদের অনুবাদকার্যে রমেশচন্ত্র সায়ণভাল্তের সাহায্য প্রধানতঃ লইয়াছেন কিছু নিজের কল্লিত অর্থও বছস্থানে করিয়াছেন। ভারতের তথা বঙ্গদেশের গোঁড়া বেদজ্ঞ পণ্ডিত সমাজ তাঁহার অনুবাদে ভৃষ্ট হইতে পারেন নাই, বছ ক্রটি ধরিয়াছেন।

আচার্য সভাত্রত সামশ্রমী;—যে সকল বঙ্গদেশীয় বা ভারতীয় বৈদিক-বাঙ্ময়ের অনুবাদ, প্রকাশন বা আলোচনা করিয়াছেন তন্মধ্যে আচার্য সামশ্রমীকে মুকুটমণি, শ্রেষ্ঠ বেদবিদান বলা যাইতে পারে। বেদজ্ঞ পণ্ডিড-রূপে তিনি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করিয়াছিলেন, প্রাচ্য ও প্রতীচ্য উভয় ভ্রতে বেদবিদ্যারত সারস্বত সাধকণণ তাঁহাকে গভীর শ্রদ্ধা করেন। বঙ্গদেশে এইরূপ বেদবিদ্যানিষ্ণাত পণ্ডিত আর জন্মগ্রহণ করে নাই এবং ভবিল্লভেও আৰু জন্মাইবে কিনা সন্দেহ। সামশ্রমী ১৮৪৬ খ্রীঃ ১৮শে মে দিবসে পাটনানগরীতে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা রামদাস ইংরাজ-সরকারের অধীনে উচ্চপদত্ব কর্মচারী ছিলেন। কর্ম হইতে অবসর-গ্রহণ-পুর্বক রামদাস কাশীধামে সপরিবারে বাস করিতেন। বাল্য হইতেই সামশ্রমীর উত্তমক্রপে বেদ অধ্যয়নের স্পৃহা জ্বের কিন্তু তাঁহার মনের মত আচার্য পাইডেছিলেন না। সেই সময় কাশীতে নন্দরাম ত্রিবেদী নামক সামবেদে অভিজ্ঞ এক পণ্ডিত ছিলেন। তাঁহার নিকট সামশ্রমী বেদ পড়িতে আরম্ভ করেন। বাল্য হইতেই তাঁহার লোকোওর মেধা ও মনীযা সকলের দৃষ্টি আকর্ষণ করিষাছিল; তিনি কঠোর পরিশ্রমী ছিলেন। কিছুকাল ত্তিবেদীর নিকট অধায়ন করার পর তিনি কাশীধামে সরস্বভীমঠে গৌছ-স্থামীর নিকট অভাভ ধর্মশাস্ত্র অধ্যয়ন করেন। তথন তাঁহার বয়স মাত্র বিংশতি বংসর: ঐ বয়সেই তাঁহার পাণ্ডিত্যের ও মনীবার খ্যাতি উদ্ভর ও দক্ষিণ ভারতে ব্যাপ্ত হয়। কাশীতে বিংশতিবর্ষ বয়সে তাঁহার অধ্যয়ন সমাপ্ত হয়। বুন্দিরাজ্যেও তাঁহার খ্যাভি ছড়াইরা পড়ে। বুন্দির মহারাজ একটি পণ্ডিতসভা আহ্বান করেন; বহু খ্যাতনামা বিধান্ সেই সভার সমবেত হয়েন। বয়সে নবীন জানে প্রবীণ যুবক সভ্যৱভও জামদ্ভিড

হইয়াছিলেন। সেই বিধংসভার বুন্দিরাক সমবেত পণ্ডিতমণ্ডলীর সম্মতি-ক্রমে সভ্যব্রভকে "সামশ্রমী" উপাধিতে ভূষিত করেন। অভঃপর সামশ্রমী উত্তরপ্রদেশ ও পাঞ্চাবের বিভিন্ন স্থান ভ্রমণ করিয়া কুন্তমেলায় যোগদানজন্ম হরিখারে সমাগত হয়েন। কুভমেলায় সর্বদাই বহু বিচারসভা, বিতর্কসভা বসে। বহু প্রতিপক্ষকে পরাজিত করিয়া সামশ্রমী একটি বিচারসভায় বিশ্বষাল্য প্রাপ্ত হন। কাশ্মীরের রাজা রণবীরসিংহ সেই কুছমেলায় উপস্থিত ছিলেন। সামশ্রমীর অসাধারণ শাস্তুজ্ঞান ও বিচারশক্তি দর্শনে তিনি মুগ্ধ হইরা তাঁহাকে কাশ্মীরের রাজপণ্ডিত নিযুক্ত করেন। ১৮৬৮ খ্রী: নবদ্বীপের মথুরানাথ পদরত্বের কন্তার সহিত ইঁহার বিবাহ হয়। এই মথুরানাথের পিডাই স্থনামধন্ত অভনাথ বিদ্যারত। ১৮৭০ খ্রীঃ সামশ্রমী কলিকাতা এসিয়াটিক সোসাইটির বিব্লিওথেকা ইণ্ডিকার জন্ম সামবেদ-মুম্রাঙ্কনের গুরুদারিত গ্রহণ করেন। রাজেজ্ঞলাল মিত্তের অনুরোধে এই দায়িত্ব তিনি গ্রহণ করেন। এই সময় তিনি 'বৈদিক গ্রন্থপ্রত' নামক মাসিক-পত্রিকা প্রকাশ করেন। কলিকাভা এসিয়াটক সোসাইটি যখন বেদের বিভিন্নগ্রন্থ প্রকাশনের উল্লোগ করেন, তখন বেদাঙ্গের অতি গুরুত্বপূর্ণ নিরুক্ত-গ্রন্থ প্রধানর ভার সামশ্রমীকে দেওয়া হয়। এই গ্রন্থের একটি দীর্ঘভূমিকা ডিনি সংস্কৃতে 'নিরুক্তালোচনমৃ' নাম দিয়া লেখেন। ভূমিকাটি গভীর পাতিতাপুৰ্ব ও বিবিধ আলোচনা ও তথাসম্বলিত। তিনি "উষা" নামে বেদের আলোচনামূলক পত্রিকা প্রকাশ করেন। কলিকাতা এসিহাটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত ঐতরেয় ব্রাহ্মণ ও শতপথ ব্রাহ্মণের সংস্করণে তাঁহার বিস্তৃত অধ্যয়নের ও গভীর পাশ্তিত্যের নিদর্শন সুব্যক্ত। ঐতরেয় ৰাক্ষণের তিনি 'ঐতরেষালোচনম্' নাম দিয়া প্রায় একণত পুঠাব্যাপী সুদীর্ঘ ভূমিকা সংস্কৃতে লিখিয়াছেন। এই ভূমিকায় তদানীতন বৈদিক সমাজের চতুর্বপতত্ত্ব, গুণের বলে নিয়বর্ণের উচ্চতরবর্ণে রূপান্তর, আর্যদের আদিনিবাস কোথায় ছিল, ঋগ্বেদের যুগে কিব্লপ রাজভন্ত ও সমাজ-ব্যবস্থা हिन-हेणानि विविध आलाहना कत्रियाद्या । छाहात त्योनिकहिना, সুক্ষ বিচার, বিশ্লেষণশক্তি এই ভূমিকায় ও নিরুক্তের ভূমিকায় প্রতিপদে প্রতিছত্তে সুস্পইট। এই জাতীয় গবেষণা ও আলোচনার তিনিই পথিকং। উক্ত বাক্ষণগ্ৰন্থ হুইটিডে ডিনি যে সকল টিপ্লনী পাদটীকায় দিয়াছেন ভাহা পাঠে তাঁহার বৈদিক বাঙ্মেয়ে কি ব্যাপক অধ্যয়ন ও অধিকার ছিল দেখিলে বিশ্মতে তক হইতে হয়: বেদব্যতীত ডিনি বঞ্চাযাজননীরও বহু সেবা

করিয়া গিয়াছেন; বছ কবিডা ও স্বর্টিড বাংলাও সংস্কৃত পুস্তক প্রকাশ করেন ; বহু বৌদ্ধ ও জৈন ধর্মগ্রন্থ বাংলায় অনুবাদ করেন। তাঁহার নিকট বেদশাস্ত্র অধায়ন করার জন্ম নানা দেশ হইতে বিভিন্ন ভাষাভাষী ছাত্র আসিত। আজীবন তিনি ১৪।১৫ জন ছাত্রকে ভরণপোষণ পূর্বক বিদ্যাশিক্ষা দিয়াছেন। তাঁহার অন্তেবাসী ছাত্রদের মধ্যে জলম্বরের নরদেবশাস্ত্রী. লাহোরের 'আর্যপ্রভা' সম্পাদক সন্তরাম বেদরত্ব, লাহোরের বৈদিককলেঞ্চর व्यशां भक दामगाञ्जो, ठान्मादरनद जगन्नाथश्रमान श्रष्ट्रां भिष्ठिण श्रथान । সামশ্রমী পরিণত বয়সে কলিকাতা সংস্কৃতকলেজ ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বেদের অধ্যাপনা করিতেন। কলিকাতা সংস্কৃত কলেকে তাঁহার সাক্ষাং ছাত্র ও প্রিয় ছাত্র বেদবিদ্যানিষ্ণাত অদ্ধেয় শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ চট্টোপাধ্যায় মহোদয়কে আমি পোঁহাটী কটন কলেজে অধাপকরপে পাই। তাঁহার নিকট সামশ্রমীর আদর্শ জীবন, অধ্যাপনালৈলী, প্রপাঢ় পাণ্ডিভা ও মৌলিক চিতা সহছে বহু কথা শুনিবার সৌঙাগ্য হইয়াছিল। সামশ্রমীর বহন্ত লিখিত কয়েকটি সামগানের স্বরলিপিও আমি তাঁহার নিকট হইতে সংগ্রহ করিহাছিলাম। স্রাতকঋেণীতে এদ্ধের চট্টোপাধ্যার মহোদয়কে বেদের অধ্যাপকরূপে পাওয়াতে অশেষ উপকৃত হইয়াছিলাম। তিনি অদাপি (সেপ্টেম্বর ১৯৭০) জীবিত আছেন। বর্তমানে মীরাটে বিভীয়পুত্রের নিকট আছেন। অধুনা তাঁহার বয়স ৮৫ বংসর। কলিকাভা বিশ্ববিদ্যালয়ে স্থাতকোত্তরশ্রেণীতে অধ্যয়ন কালে মদীয় অধ্যাপক স্থনামধ্য মহামহোপাধ্যায় সীতারাম শাস্ত্রী (মহারাষ্ট্র দেশীয়) আমাদের বলিয়াছিলেন যে দাক্ষিণাডো সামশ্রমীকে সারণাচার্যের দ্বিতীয় মূর্তিরূপে শ্রদ্ধা জানান হইয়াছিল; অনেকে বলিত সামণাচার্যই সামশ্রমীরূপে জন্মগ্রহণ করিয়াছেন। ১৯১১ খ্রীঃ সন্ন্যাস-द्यार्थ । अन् । खून जिनि ७६ वश्मत वहरम (महत्रका करतन ।

সামশ্রমী গোভিলগৃষ্ণস্ত্র, শুক্ল যজুর্বেদ, সামবেদ, সামবেদের বংশত্রাহ্মণ ও দেবতাধ্যায়ত্রাহ্মণ গ্রন্থের বঙ্গানুবাদ করেন। তিনি ঐতরেয় ত্রাহ্মণ, শতপথ ত্রাহ্মণ, মন্ত্র ত্রাহ্মণ, বংশ ত্রাহ্মণ, দেবতাধ্যায় ত্রাহ্মণ ও সামবিধান ত্রাহ্মণ সম্পাদনা করিয়া প্রকাশ করেন। সায়পভাষ্ণসহ চারিখণ্ডে সম্পাদন ও প্রকাশ করেন। ঐতরেয়ালোচনম, নিরুক্তালোচনম, ত্রন্তীচতুষ্ট্রর প্রভৃতি তাঁহার মৌলিকগ্রন্থ। ভারতে বিশাল বৈদিক বাল্বের গ্রন্থরান্ধি যে সকল পশুভ সম্পাদন, প্রকাশ বা অনুবাদ করিয়াছেন তাঁহাদের মধ্যে সামশ্রমীর নাম শীর্ষস্থান অধিকার করিয়া রহিয়াছে।

রাজেক্রলাল মিত্র:—সামশ্রমীর সমসাময়িক রাজেক্রলাল মিত্র মহোদয় এসিয়াটিক সোসাইটির সহিত সংশ্লিফ ছিলেন এবং অপ্রকাশিত কয়েকটি বৈদিক গ্রন্থ সম্পাদন ও প্রকাশ করিয়া গিয়াছেন। তিনি ছৈত্তিরীয় আরণ্যক, ঐতরেয় আরণ্যক, অথর্ববেদের গোপথ রাহ্মণ, আশ্বলায়নশ্রৌতস্ত্র প্রভৃতি হরহ মূল্যবান বৈদিক গ্রন্থ প্রণয়ন ও প্রকাশ করেন। ১৮৭০-৭২ প্রীঃ রাজেক্রলাল মিত্র ও হরচক্র বিদ্যাভ্যুবণ মুগ্যভাবে গোপথ রাহ্মণ প্রণয়ন ও প্রকাশ করেন। এই সকল সম্পাদন কার্য ছাড়াও মিত্রমহোদয় বেদবিষয়ে মৌলিক গ্রেম্বাও প্রবন্ধ রচনা করেন।

ত্বাদাস লাহিড়ী:--তাঁহার পিতার নাম সুধারাম লাহিড়ী। বাংলা ১২৬০ সালে ডিনি জন্মগ্রহণ করেন। একাধারে ডিনি পশুড, সাংবাদিক ও সাহিত্যিক ছিলেন। সায়ণভালসহ বঙ্গাক্ষরে তিনি ঋক্, সাম, যজুঃ, অথর্ব চারিবেদ ছাপাইয়া প্রকাশ করেন ; বেদমন্ত্রের বঙ্গানুবাদও ঐ সঙ্গে দিয়াছেন। এই বহুপরিশ্রমসাধ্য বিরাট কার্য তাঁহার অক্ষয় কীর্তি। কেবল বঙ্গভাষাভাষী পাঠকদের আনুকুল্যের উপর নির্ভর করিয়া তিনি এই কার্য করেন। দারভাঙ্গার মহারাজা তাঁহাকে এই ব্যাপারে আর্থিক সাহায্য করেন ৷ তাঁহার অনুদিত ও সম্পাদিত চারিবেদ সায়ণভাগ্য সহ উনচল্লিশ খণ্ডে প্রকাশিত হয়; মোট পৃষ্ঠাসংখ্যা বত্তিশহাজার। এই বিরাট কার্য লাহিড়ী মহোদয়ের ১৭ বংসরব্যাপী কঠোর সাধনার ফল। মণিপুর রাজ্বনরবার তাঁহাকে 'বেদাচার্য' উপাধি দান করেন। কাশীর ভারত ধর্মমহামওল তাঁহাকে 'বেদবিশারদ' উপাধিতে ভূষিত করেন। প্রাতঃম্মরণীয় আশুতোষ মুখোপাধ্যায় তাঁহাকে 'বর্তমান মুগের বেদব্যাস' বলিতেন। বেদচতুষ্টায়ের এইভাবে প্রকাশন ছাড়া তিনি আরও কতকঙলৈ গ্রন্থ রচনা করেন। তল্পধ্যে 'পৃথিবীর ইতিহাস' ও 'ক্সানবেদ' তাঁহার উল্লেখযোগ্য স্লাখনীয় অবদান। 'পৃথিবীর ইভিহাস' ছয় थर७ সাড়ে চারিহাজার পৃষ্ঠায় সম্পূর্ণ। আর্যদের ধর্ম, দর্শন, রাজভন্ত সমাজ-ব্যবস্থা, সংস্কৃত সাহিত্য, বৌদ্ধ সাহিত্য, সৈন সাহিত্য প্রভৃতির আলোচনা ইভাাদি বিবিধ তথ্যে গ্রন্থটি সমৃদ্ধ। চারিবেদের সার বা মর্ম সংগ্রহ করিয়া তিনি পাঁচখণ্ডে "জানবেদ" নামে একটি গ্রন্থ রচনা করেন।

ভিনি বাংলাদেশে বেদপ্রচারকল্পে ১৩২৮ সালে বৈশাথে অক্ষয় তৃতীয়া দিবসে হাওড়া সহরে বেদ সভার উদ্বোধন করেন।

ধাগ্বেদ প্রভৃতির ব্যাখ্যায় লাহিড়ী মহাশয় অধিকাংশছলে বেদাল নিরুক্ত বা ভাল্যকার সায়ণের অনুসরণ করেন নাই। তাঁহার বেদব্যাখ্যা অধিকাংশ ক্ষেত্রেই বকপোলকল্পিত এবং বছস্থানে তিনি যেসকল আখ্যাত্মিকভত্ব দোহন করিরাছেন তাইা মূলমন্ত্রানুগামী নহে এবং কইকল্পিত। এই সকল কারণে বিদ্বংসমাজে তাঁহার ব্যাখ্যা সমাদর লাভ করে নাই। বাংলা ১৩৩৯ সালে উনআশী বংসর ব্যুসে তিনি দেহত্যাগ করেন।

উক্ত পণ্ডিতগণ ব্যতীত আরও কয়েকজন বঙ্গদেশীয় বিদ্বান বেদশাস্ত্র প্রচারে সহায়তা করিয়াছেন। তুরুধ্যে স্থনামধ্যু রাজা রামমোহন রায় ১৮১৬ খ্রীঃ তিন বংসরে বছ উপনিষদ্ ইংরাজী ভাষায় অনুবাদ করেন : শ্রীরামকৃষ্ণ-মিশনের স্বামী গন্তীবানন্দ সম্পাদিত উপনিষদ গ্রন্থমালা (প্রধান ১১টি উপনিষদ্) বঙ্গানুবাদসহ উদ্বোধন কার্যালয় প্রকাশ করিয়াছে। তংপুর্বে শ্রমের তুর্গাচরণ সাংখ্য বেদান্তভীর্থ মূল এগারটি উপনিষদ্, মূলানুবাদ, ভগবান শঙ্করাচার্যের ভাষ্য ও ভাষ্যানুবাদসহ প্রকাশ করেন। ইহা প্র্রাচরণ মহোদয়ের অমর কীর্তি। বসুমতী গ্রন্থমালায় উপেক্সনাথ মুখোপাধ্যায় উপনিষদ্ গ্রন্থমালা বঙ্গানুবাদ সহ প্রকাশ করেন। ১৯৩৪ খ্রীঃ পণ্ডিত দীনবন্ধু বেদশাস্ত্রী অতি অল মূল্যে বাঙ্গালী পাঠকের নিকট বেদ প্রচারকল্পে ঋগ্বেদের কয়েকটি খণ্ড বঙ্গানুবাদসহ প্রকাশ করেন ; প্রতি খণ্ডের মূল্য ছিল মাত্র এক টাকা। কিন্তু তিনি কাজটি সম্পূর্ণ করিতে পারেন নাই। বিহজ্জনবরেণ্য পশুত-শিরোমণি চন্দ্রকান্ত তর্কালকার গোভিল গৃহস্তার উপর যে গভীর পাণ্ডিভাপূর্ণ ও সুক্ষ বিচার বিশ্লেষণসমূদ্ধ বিশাল ভায়া রচনা করেন তাহা পাঠে প্রাচ্য প্রতীচ্য উভয়দেশের বেদবিলারত পগ্রিতগণ বিশ্মিত ও মুগ্ধ হন এবং তাঁহার পাণ্ডিত্যের ও সৃক্ষ বিচারশক্তির ভূষসী প্রশংসা করেন। এই ভাষ্যে ভর্কালঙ্কার স্থার্ত রঘুনন্দনেরও বহু সিদ্ধান্ত খণ্ডন করিয়াছেন। পণ্ডিত উমেশ বিদ্যারত ও জীবানন্দ বিদ্যাসাগর বৈদিক সাহিত্য সম্বন্ধে গ্রন্থ প্রথমন ও প্রবন্ধ রচনা করিয়াছেন।

প্রসন্নকুমার বিদ্যারত ঋগ্সংহিতার সায়ণভাষ্য ১৮৯৩ খ্রী: প্রকাশ করেন।

বৈদিক বাঙ্ময়ের উপর যে সকল বজদেশীয় মনীয়া গবেষণা কার্য করিয়াছেন তাঁহাদের নাম ও গ্রন্থাবলীর উল্লেখ 'বৈদিক বাঙ্ময়ে ভারতীয়গণের অবদান' শীর্যক আলোচনাংশে করা হইয়াছে। পণ্ডিত তুর্গামোহন ভট্টাচার্য যিনি উড়িছায় অথববিদের পিপ্লগাদ শাখীয় ত্রাহ্মণকুল আবিহ্নার করেন ও বেদবিষয়ে যাঁর অবদান উল্লেখযোগ্য তাঁহার কথা অথববিদ আলোচনাকালে উল্লেখ করিয়াছি। ডঃ অমরেশ্বর ঠাকুর নিক্লন্ডের বঙ্গানুবাদ করেন। ডঃ নারায়ণচন্দ্র ভট্টাচার্য অথর্ববেদের উপর বিশেষভাবে গবেষণা করিয়াছেন এবং ইংরাজীতে ও বাংলায় তংসম্বন্ধে গ্রন্থইন্তনা করিয়াছেন। 'অথর্ববেদে ভারতীয় সংস্কৃতি' তাঁহার বাংলায় রচিত গ্রন্থটি তদানীন্তন ভারতীয় কৃষ্টির প্রামাণ্য গ্রন্থ। তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত বিভাগের অধ্যাপক। খ্যাতনামা শ্রীঅনির্বাণ রচিত বেদমীমাংসা হুই খণ্ডে কলিকাতা সংস্কৃত কলেজ কর্তৃক প্রকাশিত হইয়াছে। ইহাতে মল্লের রহস্তা, দেবতাতত্ত্ব ইত্যাদি বিষয় আলোচিত হইয়াছে। শুদ্ধেয় শ্রীঅরবিন্দ 'মধুছেন্দার মন্ত্রমালা' নাম দিয়া খাগ্রেদের প্রথম অস্টকের মধুছেন্দা-নামক খ্যবির (পুরুষ খ্যবি) দৃষ্ট মন্ত্রসমূহের আধ্যাত্মিকতত্ত্ব আলোচনা করিয়াছেন। সম্প্রতি গোপেন্দুভূষণ সাংখ্যতীর্থ খাগ্রেদের সৃস্তের মূল্য এক টাকা। 'বেদগ্রন্থমালা' নাম দিয়া তাহাদের বেদার্থমঞ্জ্যানামক ব্যাখ্যাসহ শ্রীপরিতোষ ঠাকুর ও অমরকুমার চট্টোপাধ্যায় পত্রিকার আকারে খণ্ডে প্রকাশ করিতেছেন। প্রত্যেকটি মন্ত্রের প্রতি পদের তাঁহারা বিস্তৃত ও বিশদ ব্যাখ্যা বঙ্গভাষায় দিয়াছেন।

ञ्छोषम পরিচ্ছেদ

বৈদিকযুগে ভারতের শিক্ষাপদ্ধতি

বৈদিকযুগে সমাজের তিনটি উধ্ব শ্রেণীর জন্ম শিক্ষা বাধ্যতামূলক ছিল।
উপনয়নের পর ছাত্রকে শিক্ষালাভের উদ্দেশ্যে শুরুগৃহে বা তপোবন-বিদ্যালয়ে
গমন করিতে হইত। তিনটি উচ্চশ্রেণীর অর্থাৎ ব্রাহ্মণ ক্রত্তিয় ও বৈশ্বের
উপনয়নগ্রহণে অধিকার ছিল। উপনয়নকে সেইজন্মই "বিতীয় জন্মলাভ" বা
"আধ্যাত্মিক জীবনের সূরু" বলা হইত এবং যাহাদের উপনয়ন হইত তাহাদের
বলা হইত "বিজ্ঞ"। শতপথে (১১-৫-৪-১২) এই উপনয়নে দীক্ষিত বিজ সম্বদ্ধে
এরূপ উল্লেখ আছে যে, আচার্য ছাত্রের মস্তকে তাঁহার দক্ষিণ হস্ত স্থাপন
করিয়া ভাহার মন ভগবদ্ভাবে পূর্ণ করিয়া দিতেন। তৃতীয় রাত্রে আচার্য
হইতে এই অব্যক্তভাব শিষ্যের মনে প্রবেশ করিত এবং সাবিত্রীমন্ত্রের সহিত
সে ভাহার প্রকৃত ব্রাহ্মণতে উপনীত হইত। ইহাই ভাহার আধ্যাত্মিক নবজন্ম।
উপনয়ন-দীক্ষার আধ্যাত্মিক ব্যাখ্যা শঙ্পথ আ্মাত্মণ (১১-৫-৪-১২) পাওয়া
মার। "বাস্তবিকই যে ব্রক্ষার্য পালন করে ভাহার নবজন্ম হয়—নৃতন

আধ্যাত্মিক জীবনের সূত্রপাত হয়।" ছাত্রকে ব্রহ্মচারী বসা হইত এবং তাহাকেও নিয়মানুসারে চলিতে হইত। "আমি ব্রহ্মচর্য গ্রহণ করিতে চাই… আমাকে ব্রহ্মচারী হইতে দেওয়া হউক।" উপনয়ন হওয়ার পর বিজ্ঞাত্তের বেদপাঠের অধিকার জন্মাইত। সমগ্র শতপথ ব্রাহ্মণে উপনয়ন হইবার পর ছাত্র কিরপে আচার্যের তপোবনে গমন করিত এবং আচার্যের প্রথম কর্ণীয় কর্তব্য কি ছিল সে সম্বন্ধে বিস্তারিত বিবরণ রহিয়াছে।

"আৰু হইতে তৃমি ব্ৰহ্মচর্যের নিয়মাবলী পালনে প্রতিজ্ঞাবদ্ধ হইলে। তোমার করণীয় কর্তব্য কর। যজ্ঞকুণ্ডে কার্চ দান কর। আচার্যের আজ্ঞাধীন ও বাধ্য হইবে। দিবানিদ্রা ত্যাগ করিবে। জিতেন্দ্রিয় হইবে।"—ইত্যাদি উপদেশ লিপিবদ্ধ রহিয়াছে।

ছাত্র অত্যন্ত বিনয় ও কুষ্ঠার সহিত আচার্যসমীপে উপস্থিত হইত। আচার্য তাহার নাম জিজ্ঞাসা করিয়া তাহাকে তাঁহার ছাত্ররূপে গ্রহণ করিতেন।

সমগ্র ছাত্রজীবনকে সুদীর্ঘ যজ্ঞের সহিত তুলনা করা হইয়াছে কারণ তাহা একটি বিরাট তপস্থা বা সাধনা। ছাত্রকে প্রতিদিন বেদপাঠ ও আনুষঙ্গিক বছ বিষয় পাঠ করিতে হইত। "এইরূপেই পবিত্র যজ্ঞাগ্নির উচ্ছল শিখা তাহার মনকেও উদ্দীপ্ত করিয়া তুলিত।" অসক্ষোচে ও বিধাহীন চিডে তাহাকে ভিক্ষা করিতে হইত। এইভাবে ভিক্ষাবৃত্তি দারা শিক্ষার্থীর মনে বিনয়ের উদ্ভব হইড। শতপথ ত্রাক্ষণে উল্লিখিত—"লজ্জা ও অহংকার বিসর্জন দিয়া তাহাকে ভিকা দারা অল্লসংগ্রহ করিতে হয়।" যাহাতে প্রথমেই ভাহাকে নিরাশ হইয়া ফিরিভে না হয় ডচ্ছায় সর্বপ্রথম ভাহাকে আচার্যপত্নীর निकरे ७ डाशंत भन्न डाशंत निष्यत माडात निकरे डिका हाहिएड इहेरन। শিকা সমাপনাতে হোমাগ্নিতে শেষ সমিধ্ অর্পণ অর্থাৎ কার্চ সংযোগ করিয়া ভাহাকে শেষ স্নান করিতে হয়। স্নান সমাপন করিয়া আরণ্য বিদ্যালয় হইতে গৃহে ফিরিবার সময় সে হয় স্নাতক বা বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী। পিতৃগুহে প্রভ্যাবর্তনকে সমাবর্তন বলা হইত। সেইজন্মই আছ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের উপাধিদান প্রথাকে "সমাবর্তন উৎসব" বলা হয়। পিতৃগৃহে প্রভাবর্তন করিবার সময় ছাত্র গুরুগৃহের পবিত্র যজকুও ইইডে একটি প্রজ্বাদিত কাৰ্চ্ন সংগ্ৰহ করিয়া লইয়া যাইড এবং গুহে তাহা হইডেই পবিত্ৰ পাৰ্হপত্যাগ্নি প্রক্রেলিড কবিড।

বৈদিক সাহিত্যের অন্তর্ভুক্ত বাহ্মণ ও উপনিষদে আমরা বহু ছাত্তের নাম

পাই। আরুণি, ভৃগু, শ্বেডকেডু, নচিকেডা, সভ্যকাম, নাভানেদিষ্ঠ, নারদ, শৌনক ইত্যাদি বহু প্রসিদ্ধ নাম। আত্মত্যাগ, সেবাপরায়ণতা ও পরমজ্ঞানের জন্ম তাহারা বিধ্যাত হইয়া রহিয়াছে।

ঐতরেয় ত্রাহ্মণে নাভানেদিষ্ঠের ছাত্রজীবনের বর্ণনা আছে (৫-২২)।
ঐতরেয় ত্রাহ্মণের সমগ্র নবম খণ্ডটিতে (৫-২২) প্রাচীন ভারতে আদর্শ আচার্য কিরূপে ছাত্রগণকে সভতা ও সভ্যবাদিতা শিক্ষা দিতেন ভাহার বিবরণ দেওয়া হইয়াছে। অনুরূপভাবে ভৈত্তিরীয় ত্রাহ্মণে আমরা বিখ্যাত ভরম্বাজের আখ্যানটি পাই। কঠোপনিষদে কিশোর বালক নচিকেতার ইন্দ্রিয়াতীত জ্ঞানের প্রতি তীত্র পিপাসা ও মৃত্যুরহস্য ভেদ করিবার গ্রনিবার আকাজ্ঞার বর্ণনা রহিয়াছে।

আচার্যের গৃহস্থালীর ভদারক, গোচারণ ও সেবা ছাত্রজীবনের অশুভ্য কর্তব্য বলিয়া বিবেচিত হইত। ছান্দোগ্য উপনিষদে (৪-৪৫) সভ্যকাম কিরূপে গুরুগৃহ হইতে গরু লইয়া দূরদেশে যায় এবং কিরূপে ভাহার গরুর সংখ্যা চারিশত হইতে একহাজারে পরিণত হয় তাহার বিস্তৃত বিবরণ রহিরাছে। ঐতরেয় আর্ণ্যক (৩-১৬,৩,৪) এবং শাংখ্যায়ন আর্ণ্যকেও (৭-১৯) ছাত্রগণ কর্তৃক আচার্যের গোচারণ ও গোপালন সম্বন্ধে উল্লেখ আছে। গোপথ ব্রাক্ষণের কোন কোন বিশেষ অংশে (১১-২-৯) ব্রহ্মচর্য পালন কালে অন্তরিজ্ঞিয় ও বহিরিজিয়ে সংযম, ছাত্রজীবন সম্বন্ধে বছ তথা পাওয়া যায় ৷ ছাত্রগণকৈ নিদ্রা, আলস্তা, ক্রোধ, লোভ, অহংকার, নাম ও যশের আকাক্ষা, আত্মহাতা বা সৌন্দর্যচর্চা, ইল্রিয়পরায়ণতা হইতে নির্ভ থাকিতে হইত। তাহাকে জীবন গঠনের প্রথম অবস্থায় স্ত্রীলোকের সঙ্গ, গীত বাদ্য, নৃত্য, বিলাসিতা, সুগদ্ধি দ্রব্য ব্যবহার, গান-অভ্যাস বা যাহা ভাহার মানসিক নৈতিক ও আধ্যাত্মিক উন্নতির পথে বাধা জন্মাইতে পারে— अमन সর্বপ্রকার বস্তু হইতে সর্বদা দূরে থাকিতে উপদেশ দেওয়া হইয়াছে। জাচার্যের সম্মুখে তাহাকে সর্বদা বিনয়ী ও নিরহঙ্কার থাকিতে হইত। প্রকৃতির সামান্তম বস্তু হইতেও শিক্ষণীয় বিষয় সম্বন্ধে তাহাকে শিক্ষা লইতে হইত।

পাঠ্য বিষয় :—শতপথ ৰাহ্মণে (১১-৫) পাঠ্যতালিকার বিভিন্ন বিষয় সম্বন্ধে বিস্তৃত বিবরণ পাওয়া যায়। বৈদিক সাহিত্যের অন্তর্ভুক্তি সংহিতা বা মন্ত্র, ব্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ ও বেদাঙ্গ শিক্ষণীয় বিষয়ের মধ্যে সর্বপ্রধান ও প্রয়োজনীয় বলিয়া পরিগণিত হইত। বংসরের পর বংসর নৃতন নৃতন ছাত্রগণকে এই পবিত্রজ্ঞানরাজি মৌধিকভাবে শিক্ষাদান করা হইত।

বেদপাঠকে "স্বাধ্যায়" বলা হইত। শতপথ ব্ৰাহ্মণের সম্পূৰ্ণ ষষ্ঠ ভাগটি विम्भार्कत खरण श्राणनीया मचरक छेन्द्रम ७ छेळ श्रम्भाव भूनी। শতপথ বান্সণে বেদব্যতীত অক্সান্ত পাঠ্যবিষয় সম্বন্ধেও উল্লেখ আছে: এই বিষয়গুলির মধ্যে বেদের নিয়মপ্রণালী (অনুশাসনানি), বিজ্ঞান (বিদ্যা), কংখাপকখন (বাকোবাক্যম্), প্রচলিত কাহিনী ও কিম্বদন্তী (ইতিহাস পুরাণম্), মনুয়ের কীর্তি সম্বন্ধে ছন্দোবদ্ধ বাক্য (গাথানারাশংসী) ইত্যাদিই প্রধান। সায়ণ এই সম্বন্ধে টীকা লিখিতে "অনুশাসনানি" অর্থে ছয়ট বেদাঙ্গকে ধরিয়াছেন, 'বিদা' বলিতে দর্শনশান্ত বুঝিয়াছেন, বাকোবাকাম্ অর্থে ধর্মসম্বন্ধীয় আলোচনাদি, 'ইভিহাস-পুরাণম্' অর্থে ভত্তুরহয় 😮 রাজস্তবর্গের কাহিনী এবং 'গাথানারাশংসী' অর্থে মনুষ্ঠের প্রশংসাত্মক কার্যের বর্ণনা বলিয়াছেন। শতপথে (১৩৪-৩) সর্পবিদ্যার, রাক্ষসবিদ্যা এবং সভাসমাজে অপ্রচলিত নিয়শ্রেণীর মধ্যেই প্রচলিত অসুর বিলার উল্লেখ বহিরাছে। বংসরের পর বংসর নূতন নূতন বিষয়বস্তু অঙ্ভুক্ত করায় পাঠ্য-বিষয় ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকে। এই প্রসঙ্গে ছাল্দোগ্য-উপনিষদে (৭-১-২) বিস্তৃত বিবরণ পাওয়া যায়। ইহাতে নার্দ তাঁহার আচার্য সনংকুমায়ের নিকট নারদের অধীত যে সকল নিষয়ের উল্লেখ করিয়াছেন তাহার ভালিকা পাওয়া যায়। এই তালিকাভুক্ত বিষয় হইতেছে,—চারিটি বেদ, ইতিহাস পুরাণ (বেদানাং বেদম্), পিত্লোকের সন্তুষ্টি সাধনে করণীয় নিয়মাবলী, অংক বা রাশি শাস্ত্র, দৈববিদ্যা, নিধিবিদ্যা, ভর্কবিদ্যা, ভত্তৃ আঙ্গোচনা (বাকোবাক্যম্) আচার ব্যবহার প্রণালী, দেববিদ্যা বা ঈশ্বর সম্বন্ধে জ্ঞান, বেদের আনুষ্ঠিক অক্যান্য বিষয় বা ব্ৰহ্মবিদ্যা, পদাৰ্থ ও শরীরবিদ্যা (ভূড-বিদ্যা), রাজনীতি ও শাসন-প্রণালী (ক্ষত্রবিদ্যা), জ্যোডির্বিদ্যা (নক্ষত্রবিদ্যা), সরীসূপ ইভ্যাদি সম্বদ্ধে क्लान वा সর্পবিদ্যা এবং দেবজন বিদ্যা। मझत्राहार्यत মতে এই "(वमानाः (वम्म" बद अर्थ वाक्रिय । बक्कविमा-याशाद वादा (वमाक भाई করা যায়। দেবজনবিদ্যা সহজে ডিনি বলিয়াছেন সুগদ্ধি দ্রব্যপ্রস্তুতি ও নৃত্যগীত বাদ্যাদি (কণ্ঠসঙ্গীত ও যন্ত্র সঙ্গীত উভয়ই)। বঙ্গরামানুক প্রভৃতি কোন কোন পণ্ডিত এই শব্দটিকে বিশ্লেষণ করিয়া চুইটি শব্দ করিয়াছেন यथा:-(मवविका ७ व्यनविका। अथमि तृष्ठा ७ शीष-व्यर्थ ७ विजीवि हिकिश्मा विका वा अविध अर्थ वावशेव कविवारकत ।

বিভর্কসভা: আলোচনা সভা ও পরিষদ :—এই সকল শিক্ষাকেক্সঞ্চলিতে
নিয়মিত তর্ক, আলোচনা সভা ও শিক্ষা সংক্রান্ত নানা প্রকার পরিষদ

শিক্ষাদানের অঙ্গ বলিয়াই পরিগণিত হইত। এই সকল বিষয়ের অধিকাংশই শিক্ষাসংক্রান্ত অথবা যজ্ঞসম্বন্ধীয় নানা বিষয় লইয়া হইত। বৈদিক মূলপ্রস্থে এই সকল তর্ক বিতর্ককে "ব্রক্ষোদ্য" বলিয়া অভিহিত করা হইয়াছে। কাদম্বরী প্রভৃতি প্রাচীন সংস্কৃত সাহিত্যে ইহাকে বলা হইয়াছে "বিদ্যাবিচার" বা "বিদ্যাবিবাদ"। তর্ক সভার প্রশ্ন ও প্রতিপ্রশ্ন করা হইত; বিচারের ভার থাকিত একজন বা কয়েকজন বিচারকের উপর।

শুক্র যজুর্বেদ ও তৈন্তিরীয় উপনিষদে এই প্রথম প্রস্তাবকারী ও প্রতিবাদকারীকে যথাক্রমে প্রপ্রিন্' ও 'অভিপ্রিন্নিন্' বলিয়া অভিহিত করা হইয়াছে। কোন কোন পশ্চিতের মতে পূর্বে উল্লিখিত "বাকোবাক্যম্" শক্ষটির প্রকৃত অর্ধ এইরূপ আলোচনা বা কথোপকথনের বাক্য ও প্রতিবাক্য।

এইরূপ তর্ক বা আলোচনা সভা। হইতেই তর্কশাস্ত্র বা ন্যায়শাস্ত্রের উত্তব হয়। কেবলমাত্র ছাত্রগণ নহে, পরম জ্ঞানী আচার্যাগণও উৎসাহ ও পণ্ডিত-জনোচিত গান্তীর্য-সহকারে এই সকল তর্কসভায় যোগদান করিতেন। বাক্ষণ ও উপনিষদে এই সকল তপোবন বিদ্যালয়ে, রাজসভায় ও বড় বড় যজাছলে যে সকল ধর্ম আলোচনা বা শিকা সংক্রান্ত তর্ক সভার অনুষ্ঠান হইড-সে সম্বন্ধে বস্তু বিবরণ লিপিবদ্ধ রহিয়াছে। শতপথ ব্রাক্ষণে এই ধরণের তর্ক বিতর্কের বছ বিবরণ পাওয়া যায়। বিদেহরাজ জনক জান ও বিলাচর্চার একজন প্রধান পুঠপোষক ছিলেন; এবং তাঁহার সভায় প্রায়ই ভর্ক ও আলোচনাসভার অনুষ্ঠান হইত এবং ঘল্ফে যিনি ঋষী হইতেন তাহাকে প্রচুর পুরস্কার দিবেন বলিয়া বোৰণা করিতেন। এই শতপথ ভ্রাহ্মণে দেবদেবীর সংখ্যা লইয়া ঋষি যাজ্ঞবন্ধ্য ও শাকল্যের মধ্যে বিভর্ক (১১-৬-৩), উদ্ধালক আরুণি ও শৌচের প্রাচীনাযোগের মধ্যে (১১-৫-৩-১) আচার্য শান্তিল্য ও তাঁহার ছাত সাপ্তরখ্যের মধ্যে, ঋগ্বেদীয় শ্বুরোহিড 'হোডা', যজুর্বেদীয় পুরোহিত অধ্বয়ু র মধ্যে ধর্ম সম্বন্ধীয় আলোচনা (১১-৫-২-১১) ; অশ্বমেধ্যক্ত সম্বদ্ধে বিভিন্ন পুরোহিতের মধ্যে নানাপ্রকার তর্ক বিতর্কের বিবরণ পাওয়া যায়।

শতপথ বাহ্মণে (১১-৬-২০) রাশ্বি খনককে বাহ্মণগণের তর্কে আহ্বান এবং খবি ও পরম জানী বাজ্ঞবক্ষার তাঁহাদের প্রতি উত্তর সহদ্ধে বিস্তৃত বিবরণ আছে। শতপথ বাহ্মণে আর একটি কোতৃকজ্ঞনক ব্যাপারের কথা খানা যার যে বর্ণ মুদ্রা ছুঁড়িয়া "যুদ্ধং দেহি" রূপে ওর্কযুদ্ধে বা বাক্যুদ্ধে আহ্বান খানান হইড। উদ্ধালক নামে কুল্ল-পাঞ্চালের এক বাহ্মণ যুবক উত্তর ভারতে গিয়া একটি বর্ণমুদ্রা পুরস্কার ও ঘদ্মে আহ্বানরূপে নিক্ষেপ করে। উত্তর দেশবাসীরা এই আহ্বানে সাড়া দেয় এবং গৌতমের পুত্র স্থৈদায়নকে ভাহাদের মুখপাত্ররূপে নির্বাচিত করে এবং বাক্ষুদ্ধের ঋণ্ঠ প্রস্তুত হইতে উভয়ের মধ্যে যে তর্কমুদ্ধ হয় তাহাতে খ্রৈদায়ন উদ্দালককে भवाख करत ; देशव करन छेव्हानक विषयी दिवस्थानरक वर्शमूला मान कविया তাহার শিক্ষত্ব গ্রহণ করেন। এইরূপেই ভর্ক ও ঘদ্দের সুত্রপাত হইত। উপনিষদের যুগে এইরূপ তর্ক ও আলোচনা চরম উন্নতি লাভ করে। এই মুগে রাজ্যি জনকের রাজসভা এইরূপ নানাবিধ ধর্ম ও শাস্ত্র আলোচনার বিশেষ কেব্র হইয়া উঠিয়াছিল। মহাজ্ঞানী যাঞ্চবল্কা ও অল্লাল অবিদের মধ্যে যে সকল তর্ক ও আলোচনা হইয়াছিল "বুহদারণাক উপনিষদে" ভাহার বিবরণ প্রাচীন ভারতের উচ্চশিক্ষা ও সংস্কৃতির এক অমর অবিষ্মরণীয় প্রমাণ। বৈদিক ভারতের বিচুষা মহিলাদের মধ্যে সর্বাত্রগণারূপে মহিলা দার্শনিক ঋষি গার্গীর নাম আজও অতি উজ্জ্বলরূপে বিরাজমান। ঋষি যাজ্ঞাবক্ষা অক্সান্ত ঋষিদের তর্কযুদ্ধে পরাস্ত করিয়াছিলেন; কিন্তু গার্গীকে পরাস্ত করিতে পারেন নাই। গাগীও তাঁহাকে পরাস্ত করিতে পারে নাই। জনকের মতে উভয়েই সমতুল্য বলিয়া ঘোষিত হয়েন। বৃহদারণ্যক উপনিষদে এই গুইটি তর্কমুদ্ধের বিবরণ উজ্জ্বল হইয়া আছে।

বিবিধ ছাত্র :—ছাত্রদিগের মধ্যে গুইটি বিভাগ ছিল—প্রথম উপকুর্বাণ, বিতীয় নৈষ্ঠিক। উপকুর্বাণ ছাত্রগণ পাঠ সমাপনান্তে পিতৃগৃহে প্রত্যাবর্তন করিয়া বিতীয় জীবন অর্থাৎ গার্হস্থা জীবন শুরু করিত। গুরুর বিদ্যাবংশধর নৈষ্ঠিক ছাত্রগণ আর গৃহে প্রত্যাবর্তন করিত না। তাহারা ত্যাগের আদর্শে উদ্দীপিত হইয়া আচার্যের গৃহে বাস করিবার জন্ম চির কৌমার্য গ্রহণ করিত। তাহারাই উত্তরকালে পরম পশুত ও ঋষি হইত। যাহারা উপকুর্বান নামে অভিহিত হইত শিক্ষায়তন ত্যাগ করিয়া গৃহে প্রত্যাবর্তনের সময় আচার্যকে গুরুদক্ষণা বরূপ কিছু দিয়া আসিতে হইত। কিন্তু বিনামূল্যে শিক্ষাদান করাই প্রথা ছিল। পুত্র কন্মার শিক্ষা বাবদ পিতামাতাকে সামান্তম কপর্দকও তাহাদের বেতন ও ভরণ পোষণের জন্ম ব্যয় করিতে হইত না। শিক্ষা প্রতিষ্ঠানের নিকটবর্তী গ্রামসমূহ এই সকল ব্যয় বহন করিত। প্রতিদিন ছাত্রগণ ভিক্ষার সংগ্রহ করিয়া তাহার বারা ক্ষুবিস্থৃত্তি করিত। আচার্যও কোনরূপ মূল্য গ্রহণ করিতেন না। 'আচার্য' শক্ষটির প্রকৃত অর্থ হইতেছে যিনি বিনামূল্যে শিক্ষাদান করেন। এইরূপ একটি বিশ্বাস প্রচলিত ছিল যে

দকিশাষরণ আচার্যকে কিছু দান না করিলে সামাশুভম শিক্ষালাভও ব্যর্থ হইয়া যাইবে। সেইজশুই বিদ্যালয় ত্যাগ করিয়া যাইবার সময় ছাত্র তাহার ইচ্ছানুসারে সামাশু কিছুও দক্ষিণা দিয়া যাইত। দরিদ্র ছাত্রগণ অস্থ্য কিছু দিবার সামর্থা-অভাবে কিছু শাকসজী অভতঃ দিয়া যাইত।

ইং। ব্যতীত আরও এক শ্রেণীর ভ্রাম্যমান আচার্য ছিলেন। তাঁহারা স্থান হইতে স্থানান্তরে গমন করিয়া উংসুক ও আগ্রহারিত ছাত্রগণকে শিক্ষাদান করিতেন। তাঁহাদের বলা হইত 'চরক'। এই শক্টির মূল ধাতু "চর্"—ইহার অর্থ ভ্রাম্যমান। শতপথ ত্রাহ্মণে (৪-২-৪-১) এইরূপ ভ্রাম্যমান আচার্য সম্বন্ধে উল্লেখ আছে। এই শ্রেণীর আচার্যগণ এইভাবে বিদ্যাও জ্ঞান বিতরণ করিয়া সমাজের শিক্ষা বিস্তারের একটি অতি প্রয়োজনীয় কার্য সম্পাদন করিতেন। তাঁহারা সহজ্ঞানত ও সহজ্ঞপ্রাপ্ত জ্ঞান-বিদ্যার সচল বিদ্যায়তন ছিলেন। তাঁহারা জনসাধারণের মধ্যে শিক্ষা প্রচার করিতেন এবং শিক্ষা সংক্রান্ত আচার্য প্রায় দশ হাজার ছাত্রের ভ্রণপোষণের সম্পূর্ণ ভার গ্রহণ করিয়া শিক্ষা দান করিতেন তাঁহাদের 'কুলপ্তি' উপাধি দান করা হইত। কুলপ্তির লক্ষণ হইতেছে—

"মুনীনাং দশসহস্রং যোহরদানাদিনা। অধ্যাপয়েদ্ ভরেদ্ বাপি সবৈ কুলপভিঃ স্মৃতঃ॥"

কালিদাসের অভিজ্ঞান শকুত্তনায় ঋষি বংগ ছিলেন কুলপতি। সূতরাং বুঝা যায় যে কুলপতি আচার্য একটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ছিলেন। এখন শক্টি বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ বা Chancellor অর্থেই বোঝায়। উপাচার্যকে উপকুলপতি বলা চলে।

আচার্যক্রপে পিতা:—আচার্যের ক্যায় পিতার নিকট হইতে শিক্ষা গ্রহণ করার নির্দেশ রহিয়াছে। শিক্ষা সমাপনান্তে গৃহে সমাগত ছাত্রদের পূর্ণ জ্ঞান লাভের জক্ম পিতার নিকট হইতে শিক্ষা নেওয়ার উদাহরণ বিরল নহে। ওক্ষগৃহ হইতে প্রত্যাগত শ্বেতকেতু পিতা আক্রণির নিকট হইতে ব্রহ্মবিদ্যা জ্বাং প্রাজ্ঞান লাভ করিয়াছিলেন (ছা. উ. ৫-৩-১)। শতপথ বাহ্মণে এরপ উল্লেখ রহিয়াছে থে একজন বাহ্মণ ভাহার নিক্ষে পুর্বকে পড়ান্তনা ও

যাগযজ্ঞ— এই উভয় বিষয়ই শিক্ষা দিবেন (১-৬-২-৪)। বরুণ তাঁহার সীয় পুত্র ভ্রুকে শিক্ষা দান করিয়াছেন (তৈ. উ. ভ্রুকৈ বরুণং পিডরমুপসসার)। শতপথ রাজ্মণেও এরুপ উল্লেখ আছে। সামবেদের অন্তর্ভুক্ত বংশরাজ্মণে প্রদত্ত আচার্যের তালিকাটিও এই বিষয়টি সমর্থন করে। শাংখ্যায়ন আরণ্যকেও আচার্যদের একটি তালিকা প্রদত্ত হইয়াছে এবং এই সকল আচার্যরা তাঁহাদের নিজেদের শুত্রদেরও শিক্ষা দিতেন (১৫-১)।

ক্ষত্রির আচার্য :— ত্রাহ্মণরা যে ক্ষত্তিয় আচার্যের নিকট ইইতে শিক্ষা প্রহণ করিতেন ভাহারও উদাহরণ বস্থল পরিমাণে আছে। ত্রাহ্মণ বাত্তীত আর কেইই গুরু ইইতে পারিবে না এরপ নিয়মই প্রচলিত ছিল। কিছু ইহার ব্যতিক্রমও ছিল। বিদেহরাজ জনক ছিলেন একজন বিখ্যাত বিদ্বান ও আচার্য এবং অনেক ত্রাহ্মণ খাষ তাঁহার নিকট জ্ঞানলাভ করিয়াছেন (শ. ত্র. ১১-৬-২ ১)। তাঁহাদের হারা অনুরুদ্ধ ইইয়া তিনি অগ্নিহোত্র সম্বন্ধে ব্যাখ্যা করিয়াছেন। গার্গাবালাকি নামে এক বেদজ্ঞ ত্রাহ্মণের নাম কৌষীত্রকি উপনিষদে উল্লিখিত আছে (৮-৪-১)। পরমজ্ঞানের প্রত্যেকটি বিষয়ে কাশীরাজ অজ্ঞাতশক্রর অগাধ জ্ঞান অবগত ইইয়া তিনি নির্বাক হইয়া গিয়াছিলেন: সমিধ হত্তে ধারণ করিয়া গার্গাবালাকি রাজার নিকট সমুপস্থিত ইইলেন এবং তাঁহাকে শিক্ষা দান করিবার জন্ম অনুরোধ করিলেন। ক্রিয় ত্রাহ্মণকে শিক্ষা দিতে পারে না—এই বিধির উপর ভিত্তি করিয়া রাজা প্রথমে অনুরোধ প্রত্যাখ্যান করিলেন। খুব চাপে পড়িয়া তিনি স্থীকৃত ইইলেন এবং শিশ্য হিসাবে প্রহণ করিয়া তাঁহাকে শিক্ষা প্রদান করিলেন।

ঠিক এইরূপ রাজা গ্রাবাহণ জৈবাপির ব্যাজ্ঞান ও বিভক্ শক্তি অভীব জানী শ্বেডকেতু ও তাঁহার পিতাকে ভ্**ভিত করিয়া দিয়াছিল। রাজা** তাঁহাদের উভয়কেই পরম জ্ঞান অর্থাং ব্রহ্মবিদ্যা সম্বন্ধে জ্ঞান দান করিয়াছিলেন (শ. বা. ১৪-৯-১) (বৃহদার্গ্যক ৬-১-১; ছাল্যোগ্য ২-৮-১)।

রাজা অশ্বপতি কেকয় আর একজন জ্ঞানী ক্ষত্রির আচার্য। অগ্নি হস্তেধারণ করিয়া তাঁহার নিকট সমাগত নয়জন আক্ষণ তাঁহার শিষ্যত্ব গ্রহণ করিয়াছিলেন। তাঁহারা তাঁহাদের অগ্নি রাজার অগ্নিকৃতে স্থাপিত করিলেন; রাজাও তাঁহাদের শিষ্যরূপে গ্রহণপূর্বক বৈশ্বানরের প্রকৃত বৈশিষ্ট্য সম্বন্ধে তাঁহাদের জ্ঞানদান করিলেন।

আচার্য ও ছাত্রের সম্বন্ধ :--আচার্য ও শিষ্যের সম্বন্ধ হিল অত্যন্ত মধুর ও আন্তরিকভাপূর্ণ। শিষ্যরা আচার্যকে পিডার শ্রায় দেখিত এবং আচার্যরাও শিষাদিগকে পুত্রতৃস্পা মনে করিতেন। আচার্য ও শিষ্য উভয়েই এই মধুর সম্পর্ক বজায় রাখিতে সদা সচেই ছিলেন। প্রাভাহিক শিক্ষার সমারছে আচার্য দারা উচ্চারিত ময়ে এই সভাটি উদ্ঘাটিত হইয়াছে—

> "ওঁ সহ নাববতু সহ নো ভুনজ্জ্ব সহ বীর্যং করবাবহৈ, তেজ্ঞস্থিনাবধীতমন্ত মা বিদ্যাবহৈ ॥ ওঁ শাস্তিঃ শাস্তিঃ শাস্তিঃ শাস্তিঃ।"

'ব্রহ্ম আমাদের উভয়কেই রক্ষা করুন। তিনি আমাদের একত্তে বহন করুন। আমরা একত্তে জ্ঞানসাভের শক্তি থেন অর্জন করি। আমাদের শিক্ষা যেন তাহার প্রকৃত বৈশিষ্টাটি প্রকাশ করিতে পারে—অথবা আলোকের শুাহ সুদীপ্ত হইয়া উঠিতে পারে। আমাদের মধ্যে যেন কখনও বিষেষের সৃষ্টি না হয়।'

সমাবর্তন উৎসবের অভিভাষণ :— তৈভিরীয় উপনিষদে বৈদিকযুগের সমাবর্তন উৎসবের অভিভাষণ লিপিবন্ধ রহিয়াছে। এই ভাষণ হইতে তৎকালীন বৈদিক ঋষিগণের জ্ঞান, বান্তব জগৎ সম্বন্ধে অভিজ্ঞতা ও দূরদৃষ্টির পরিচয় পাওয়া যায়। এই সকল তপোবন বিশ্ববিদ্যালয় হইতে স্লাতক ছাত্রগণ শিক্ষা সমাপনাস্তে গৃহে প্রত্যাবর্তনকালে তাহাদের যে ভাষণ দেওয়া হইত, বর্তমান যুগেও তাহা অতুলনীয় হইয়া রহিয়াছে। শিক্ষা সমাপনাত্তে স্লান করিয়া স্লাতকগণ যখন মখমলসদৃশ সবুজ শ্রামল ত্ণাবৃত অরণ্য পরিবেশের মধ্যে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্তনে সমবেত হইত, তখন আচার্য যে কথাগুলি বলিয়া তাঁহার বিদায় অভিনন্দন ও আশীর্বাদ জানাইতেন তাহার মর্ম এইরূপ:—

সত্য কথা বলিবে: যাহা ভোমার কর্তব্য তাহা করিবে। ধর্মপরারণ হইও। শাস্ত্রপাঠ হইতে বিরত হইও না। সত্যপথ হইতে অফ হইও না। ধর্ম পথ ও কর্তব্য পথ হইতে বিচ্যুত হইও না। সং হইতে জফ হইবে না। দেবতা ও পিতৃগণকে তর্পণ দান করিতে ভূলিও না। আচার্যকে সম্মান প্রদর্শন করিবে। পাতা ও মাতাকে সম্মান প্রদর্শন করিবে। অতিথিকে শ্রমা করিবে। কু-কাক্ষ সর্বদা পরিত্যাগ করিবে। তোমাদের আচার ব্যবহার সর্বদা মাজিত ও প্রশংসনীয় হওয়া উচিত। পবিত্র বিবাহিত ক্ষীবন যাপন করিও এবং এই ক্ষীবন ধারাকে অবিচ্ছিন্ন রাখিও। যথনট কিছু দান বা অর্পণ করিবে তাহা শ্রহার সহিত সুন্দর ভাবে অর্পণ করিবে। কথনও স্বার্থপর হইও না। সর্বভোভাবে কর্তব্যপথে থাকিও। ইম্বরে ভক্তি রাখিও। ইহাই

ভগবানের নির্দেশ। ইহাই উপদেশ। ইহাই বেদের শিক্ষা। আমারও ইহাই উপদেশ এবং তোমাদের জীবনের ইহাই যেন আদর্শ হয়।

এই সকল সমাবর্তন উৎসবের অভিভাষণ হইতে প্রাচীন ভারতের শিক্ষাদর্শে যে গভীর জ্ঞান ব্যবহারিক ভীবনের উপযোগী শিক্ষা ও দূরদৃষ্টির পরিচয় পাওয়া যায়, এবং মূল গ্রন্থগুলিতে যে সূন্দর সুরঝ্লার যুক্ত অননুকরণীয় সংস্কৃত ভাষার প্রমাণ পাওয়া যায়, ভাহা যে কোন পাঠক পড়িয়া মুগ্ধ না হইয়া পারিবেন না। মাক্স্মালর, গোল্ডফ্রকর, সিল্ভা লেভি, কোনো ও ভিন্টারনিংস্ (Max muller, Goldstucker, Sylvian Levi, Stein Konow, Winternitz) প্রভৃতি প্রসিদ্ধ পাশ্চান্তঃ সংস্কৃতজ্ঞবিহৃদ্বর্গ এই অভিভাষণ সম্বন্ধে উচ্চ প্রশংসা করিয়াছেন। এই অভিভাষণ পৃথিবীর সকল দেশের সকল সময়ের ছাত্রদের পক্ষে উপযুক্ত।

উপরোক্ত আলোচনা হইতে আমরা নিঃসন্দেহে এই উপসংহারে আসিতে পারি যে বৈদিক যুগে শিক্ষাপদ্ধতি ছাত্রদিগের শারীরিক, নৈতিক, মানসিক ও আধ্যাত্মিক বিকাশসাধনের সম্পূর্ণ উপযোগীই ছিল। শিক্ষা ব্যবস্থা মানসিক বিকাশ ও মনুষ্যত্বলাভের সর্বতোভাবে উপ**যুক্ত ছিল। ছাত্র জীবনের** প্রজিশন যে 'অক্ষার্য' ছিল ইহা হই তেই সেই যুগের শিক্ষাপদ্ধতির মূল আদর্শ জানা যায়। ত্রহ্মচযের শাস্ত্রোক্ত অর্থ হইতেছে চিন্তা বাকা ও কার্যে সংযম শিক্ষা (মানসভপঃ, বাচিকভপঃ, কায়িকভপঃ)। নগরের কলকোলাহল হইতে দূরে শান্ত পরিবেশের মধ্যে ছাত্রগণ পিতার ভায় স্লেহশীল আদর্শ আচার্যের তত্ত্বাবধানে ও যত্তে জ্ঞানচর্চা, পরার্থপরতা ও আত্মসংযম প্রভৃতি বিষয়ে শিক্ষা লাভ করিত। এইরূপে সর্বতোমুখী শিক্ষালাভের ফলে তাহাদের চরিত্রের সুগুশক্তি পূর্ণভাবে বিকাশ লাভ করিবার সুযোগ পাইড। তাহাদের শিকা ও ভরণপোষণের জন্ম পিতামাতাকে সামান্তম ব্যয়ও করিতে হইড না। অভিভাবকগণেরও আচার্যের উপর পূর্ণ বিশ্বাস ছিল। আচার্যের পদতলে বসিয়া ছাত্রগণ জ্ঞানের গভীরে ভুবিয়া যাইত। স্লাতক হইয়া গৃহে প্রত্যাগমন করিয়া ছাত্রগণ বিবাহ করতঃ গৃহী হইত। ইহার পর হইতেই সে সমাজের অশুভ্য সদস্য বলিয়া পরিগণিত হইত।

বলা বাস্থল্য, যাহারা এইরূপ কঠোর আত্মসংযম, সেবা, আত্মনির্ভরতা ও জানচর্চায় ছাত্রজীবন অতিবাহিত করিয়া সহজ্ঞ সরল জীবন যাপন ও উচ্চ চিস্তায় মগ্ন থাকাই জীবনের আদর্শ বলিয়া ভাবিতে শিখিত, তাহাদের পক্ষে সংসারী জীবনেও পূর্ণ বিষয়-বাসনা বা ইব্রিয়-পরায়ণতায় ভূবিয়া যাওয়া কথনই সম্ভব হইত না। সংসারী জীবনের ক্ষুদ্রতা ও তুক্ততা তাহাদের কায় ও কর্তব্যপথ হইতে বিচ্যুত করিতে পারিত না। সংসারে থাবি হাও তাহারা আদর্শ জীবন্যাপন করিত।

এইরপেই তাহারা পরবর্তী জীবনে আদর্শ গৃহী হইয়া সংযম, সভতা, ত্যাগ ও সেবার আদর্শে অনুপ্রাণিত হইয়া মহং জীবন যাপন করিয়া সমাজের বিশিষ্ট ব্যক্তি হইয়া উঠিত। এই সকল ছাত্রই সমাজেব রত্নরূপ ও জাতির মুখপাত্র হইবার যোগ্যতা অর্জন করিত।

উনবিংশ পরিচ্ছেদ বৈদিক ভারতে স্ত্রীশিক্ষা

বেদ শব্দের দ্বারা সংহিতা, ব্রাহ্মণ, আরণাক এবং উপনিষদ-এই চারিট সাহিত্য বুঝায়। বৈদিক পাঠাপুস্তকে স্ত্রীশিকা সম্বন্ধে যাহা বর্ণিত আছে এই প্রবন্ধে তাহার একটি প্রামাণ্যচিত্র তুলিয়া ধরিতে চেষ্টা করিব। পুরুষগণের শিক্ষার সুস্পই ও সবিস্তার বর্ণনা বেদে রহিয়াছে। ছাত্রজীবনকে বলা হইত ব্ৰহ্মচৰ্য এবং প্ৰথম জীবন ছিল ইহার কার্যকাল; বৈদিক সাহিত্যে ইহা একটি গুরুত্বপূর্ণ বিষয়; কিন্তু বেদে স্ত্রীশিক্ষা সম্বন্ধে এত সুস্পষ্ট আলোচনা পাওয়া যায় না এবং দে যুগে নার দৈর জন্ম কোন শিক্ষালয় ছিল কিনা সে সম্বন্ধেও স্পইট উক্তি পাওয়া যায়না। কিন্তু তৎসত্ত্বেও অতি সহজেই স্ত্ৰী-শিক্ষার মান অনুমান-প্রমাণের হারা প্রতিষ্ঠিত করিতে পারা যায়। বাহ্মণ, ক্ষজিয় এবং বৈশ্য এই তিনটি উচ্চ বর্ণের নারীর বেদ অধ্যয়নের পূর্ণ অধিকার ছিল এবং তাঁগারা অধ্যাপনার কাঞ্চও করিতেন। বৈদিক সাহিত্যে সংহিতার মন্ত্রসমূহের ক্রফী বহু নারী ঋষি, অকাক সাহিত্যে বছ রমণী অধ্যাপিকা, শিষ্যা, তপম্বিনী, বক্ষচারিণা এবং বক্ষবাদিনীর নাম পরিদৃষ্ট হয়। সংহিতা-ভলিতে বেদমন্ত্রসমূহের অনেক নারী দ্রফী অথবা ঋষির নাম উল্লিখিত আছে: তাঁহাদের নিকট অনেক বেদমন্ত্র প্রকাশিত হইয়াছিল। ঋগ্বেদে অনেক নারী মন্ত্রদ্রনাম লিপিবদ্ধ আছে: তাহাদের মধ্যে বিশ্ববারা (১-১২৬), (दामना, लाभामूला (১--: 4১), अष्ट्रनो ठाक् (১०--১২৫), जुरू, (भोलामी, কাক্ষীবতী ঘোষা, জরিতা, শ্রদ্ধা কামায়নী প্রভৃতির নাম উল্লেখযোগ্য। বৈদিক দেবতাবিষয়ক বৃহদ্বেতা নামক গ্রন্থে এই দ্রফীপণকে ব্রহ্মবাদিনী নামে অভিহিত করা হইয়াছে। উদাহরণম্বরূপ বলা যাইতে পারে যে বৃহস্পতি-धृरिका अघि (दाभगारक वला इहेशारक बक्कवामिनी ('दृश्म्मिकिशुकी दाभगा

ব্ৰহ্মবাদিনী')। এই ঋষিণণ ছাড়াও ঋগ্বেদের সংবাদস্ক্তে উর্বশী, যমী, সর্পরাজ্ঞী এবং ইক্রাণী প্রভৃতিকে অংশ গ্রহণ করিতে দেখা যায়। বৃহদ্দেশতা প্রস্থোতাশ (২৭) জন নারী ঋষির উল্লেখ রহিয়াছে। সামবেদে নোধা, গোপায়না, শিকতা নিবাবরী প্রভৃতি কয়েকজন নারী ঋষি অমর হইয়া আছেন।

ঋণ্বেদে সংহিতার যুগ হইতে সূত্র সাহিত্যের যুগ পর্যন্ত উচ্চ তিনটি জাতির নারীরা পবিত্র স্তের ধারা দীক্ষিও হইতেন, অর্থাৎ তাঁহাদের উপনয়ন হইত; তাঁহারা ব্রহ্মগায়ত্রী মন্ত উচ্চারণ করিতেন, পবিত্র অগ্নি আধান করিতেন এবং বেদ ও অশ্বাশ্য গ্রন্থসমূহ পাঠ করিতেন: শ্বৃতিকার যম বলিয়াছেন,--

"পুরাকল্পে কুমারীণাং মৌঞ্চীবন্ধনম্ ইয়তে। অধ্যাপনং চ বেদানাং সাবিতীবচনং তথা॥"

প্রাচীন কালে পবিত্র ব্রহ্মসূত্রের হারা নাকীদের অভিষিক্ত করা হইত (উপনয়ন সংস্কার); তাঁহারা বেদ পাঠ করিতেন এবং সাবিত্রী মন্ত্রোচ্চারণ করিতেন। হারীত নামে অপর একজন শ্বতিকার কেবলমাত 'কুমারীণাম' এই শব্দটির পরিবর্তন করিয়া উপরিউক্ত লোকটি উদ্ধৃত করিয়াছেন—'পুরাকল্পে ভুনারীণাম্'। তাঁহারা বিচার অনুধায়ী পরিলক্ষিত হয় যে সে মুগে ব্ৰহ্মবাদিনী ও 'সদ্যোবধু' নামে নারীদের হুইটি বিভাগ ছিল। ব্ৰহ্মবাদিনীদের উপনয়ন প্রথা প্রচলিত ছিল। তাঁহারা পবিত্র অগ্নি বক্ষা করিতেন। একটি উৎসবের মাধ্যমে পবিত্র ব্রহ্মসূত্রের ছারা উপনীত করিষা সংলাবধূদের বিবাহ দেওয়া হইত : 'সলোবধূনাং তু উপস্থিতে বিবাহে কথ্ঞিং উপন্তনং কৃত্বা বিবাহঃ কাৰ্য্যঃ'। এই বিস্পষ্ট মন্তব্য হইতে ইহাই প্ৰমাণিত হয় যে দ্বিচ্চ বারীলণ অথবা উচ্চ ডিনটি বর্ণের নারীগণের পুরুষদের সায় উপনয়ন হইত। ইহা ছিল একটি বিশেষ অপরিহার্য বিধি। আর্য জাতির Indo-Aryan অর্থাৎ ভারতীয় আর্ঘ শাখায় এই প্রথা যদিও কালে লুপ্ত হইয়া গিয়াছে তথাপি Indo-Iranian অর্থাৎ ইরাণীয় আর্ঘ শাখায় ইহার প্রচলন বলবং ছিল এবং আঞ্জ আছে। আঞ্চ জর্থুশত সম্প্রদায়ভুক্ত নারীরা পবিত ব্লাসূত্রের দারা অভিষিক্ত হইয়া থাকেন, অর্থাৎ তাঁহারা উপন্তন সংস্কারের দারা সংস্কৃত হন। তাঁহাদের এই উৎসবকে বলা হয় নওজোত্ (নবজন্ম) मःसाव ।

हाबीएखत वर्षिण नाबीएमत प्रहेरि विखालात मध्या बक्रावामिनीता विवाह

করিতেন না; তাঁহারা নৈষ্ঠিক ব্রহ্মচারী পুরুষদের ভাহ চিরকোমার্য বড় অবলম্বন করিতেন। উপকুর্বাণ ব্রহ্মচারী গণ গুরুগৃহে অধ্যয়ন সমাপনাড়ে পিতৃগৃহে প্রভ্যাগমন করিয়া পরিণয়সূত্রে আবদ্ধ হইও অর্থাৎ পার্হস্থাপ্রেম প্রবেশ করিতে। গৃহ্যসূত্রের কর্তা নারীদের এই উপনয়ন প্রথাসম্বন্ধে বলিয়াছেন 'প্রার্ভাং যজ্ঞোপবীতিনীম্ অভ্যাদায়ন জপেৎ সোমো দদৎ গম্বর্বাহেতি বর উপবীতধারিনী নববধূর হস্ত ধরিয়া মন্ত্র পাঠ করে 'সোমো দদৎ গম্বর্বাহ্রাণ পৌরাণিক মুগে ইতন্ততঃ বিক্রিপ্ত উদাহরণগুলিও এই প্রথাটির স্মারক। মহাভারতের বনপর্বে উল্লেখিও আছে যে একজন ব্রাহ্মণ পাণ্ডবমাত। কুন্তীদেবীকে পবিত্র ব্রহ্মসূত্রদারা ভূষিত করিয়া অথব বেদোক্ত গায়ত্রী-শিরসমন্ত্রে দীক্ষা দিয়াছিলেন—

'ততন্তাম্ অনবদাকীং গ্রাহয়ামাদ স বিজঃ

মন্ত্রপ্রামং তদা রাজন অথর্ব-শিরসি শ্রুতম্ ॥' (৩০৫—২০)

ইহাও অনুমিত হয় যে ঐঃ সপ্তম শতকেও ভারতের কোন কোন অঞ্চল এই প্রথা প্রচলিত ছিল কারণ কাদস্বী হর্ষচরিতের বিখ্যাত গ্রন্থকাব বাণভটু একজন নারীর কথা উল্লেখ করিয়াছেন যিনি পবিত্র ভ্রহ্মপুত্রের দ্বারা উপনীত হইয়াছিলেন ('ভ্রহ্মপুত্রেণ পবিত্রীকৃতায়াং কলায়াম্')।

বিজ রমণীগণের এই উপনয়ন প্রথা মনুরও সুবিদিত ছিল। স্মৃতিচ ক্রিকা, কমলাকর কর্তৃক লিখিও নির্ণাসিল্ধ ও তজ্জাতীয় অন্যান্য হিন্দু ধর্মগ্রন্থসমূহ হইতেও প্রমাণিত হয় যে বিজ পুরুষদের ন্যায় বৈদিক যুগে নারীগণও উপনয়নে দীক্ষিত হইতেন এবং বেদ অধ্যয়ন করিতেন। মনুর স্মৃতিগ্রন্থ সংকলনের কালে যদিও এই প্রথাটি লুগুপ্রায় হইয়া পড়িয়াছিল তথাপি ইহার প্রভাব তখনও দৃষ্ট হইত। পি. ভি. কানে তাঁহার History of Dharmasastras নামক গ্রন্থে লিখিয়াছেন 'যদিও মনুস্মৃতি রচনার কালে নারীদের উপনয়ন প্রথা প্রায় লুগু হইয়াছিল এবং এই প্রথাটর সহিত্ স্পরিচিত ছিলেন'।

'পড়ী' শক্টির ব্যুৎপত্তিপ্রসঙ্গে পাণিনি 'পড়ার্নো যজ্ঞসংযোগে' এই সৃত্টি রচনা করিয়াছেন। ইহার অর্থ হইল এই যে স্বামীকে কেবল যজ্ঞকর্মে সহায় করার অর্থেই পতি শব্দের সহিত 'ন'প্রতায় যুক্ত হইবে। সূত্রাং শব্দের ব্যুৎপত্তি অনুযায়ী স্ত্রী শক্টির সমানার্থক 'পড়ী' শব্দের অর্থ হইল যজ্ঞকর্মে পত্তির সহযোগিনী। বিপড়ীক কোন প্রক্ষেরে যজ্ঞসম্পাদনের অধিকার ছিল না। রামায়ণে কথিত হইয়াছে যে রামচন্দ্র রাজসূয় করিতে ইচ্ছুক হইয়া যজমানের অধিকারলাভার্থ সীতার এক স্থর্ণময় মৃতি নির্মাণ করিয়াছিলেন; কারণ ঐ সময় সীতা নির্বাসনে ছিলেন। শতপথ রাহ্মণে (৫-২-১-৪) স্পইকাপে উক্ত হইয়াছে যে 'স্ত্রী হইল সজ্জের এক অর্ধাংশ' (অর্ধো হ বা এম যজ্ঞস্য যং পড়ী)। প্রত্যেক যজ্ঞেই 'পড়ী সংযাক্ষ' নামে একটি যাগ অনুষ্ঠিত হইত; ইহাতে যক্ষমান-পড়ীর বেদমপ্ত্র পাঠ করিতে হইত এবং তাঁহার অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান ছিল। তিনি যজ্ঞবেদীর মধ্যে পুরোহিতদের সহিত আসন গ্রহণ করেন। রাহ্মণগ্রন্থে ইহার স্থীকারোক্তি পাত্রম যায় 'দেবতারা অবিবাহিত্তের হাত হইতে আহুতি গ্রহণ করেন না'—'ন বৈ অপত্নীকস্য হস্তাং দেবা বলিং গ্রুভি' (৫-১-৬-১০)। অশ্বমেধে যজ্ঞমান রাজ্যার চারিজন রাণী সক্রিয় অংশ গ্রহণ করেন এবং যজ্ঞের আনুষ্ঠানিক কার্যাবলী সম্পন্ন করেন।

বিবাহ অনুষ্ঠানে বধুকে অনেক বৈদিক মন্ত্র উচ্চারণ করিতে হয় এবং যদি
ঐ মন্ত্রগুলি পুরোহিত, বর অথবা বধুর পিতা পাঠ করেন তাহা হইলে অবস্থাটি
উপহসনীয় হইয়া পভিবে এবং মন্ত্রের অভিপ্রায় বার্থ হইবে। বিবাহের
অভিরিক্ত অনুষ্ঠান কুশভিকাতে নববধু গুবনক্ষত্রকে উদ্দেশ করিয়া মন্ত্র পাঠ
করে;—'গুবং দ্যোঃ গুবা পৃথিবী গ্রুবেয়ং, গুবাহং পভিকুলে ভূয়াসম্'। ইহার
অর্থ হইল 'আকাশ স্থির, পৃথিবী স্থির, এই নক্ষত্র (গুবভারা) স্থির, ঠিক
এইরূপ আমিও স্বামীগৃহে স্থির থাকিব অর্থাং গুব বিরাক্ষ করিব।' সূতরাং
এই মন্ত্রটি নববধুর হারা পাঠ করার হেতু সর্বজনবোধ্য। গোভিল প্রভৃতির
স্পষ্ট নির্দেশ 'ইমং মন্ত্রং পত্নী পঠেং।' ভদ্রপ প্র মে পভিযানঃ কল্পভাম্' এই
মন্ত্রটি বধু পাঠ করে। বর এবং নববধু একত্রে 'সরস্থতী প্রেদমতে' ইভ্যাদি মন্ত্র
পাঠ করে।

পাণিনি কঠা, কলাপাঁ, বহুন্টো প্রভৃতি কভিপর শব্দের বুংপত্তি ব্যাখ্যা করিতে কয়েকটি সূত্র রচনা করিয়াছেন। বেদের কঠশাখায় সূপগুত একজন স্ত্রালোক কঠা নামে অভিহিত হন; বহুর্চ্ শব্দ হইতে বহুন্টা শব্দের উংপত্তি। সূত্রাং যে নারী বহুন্চ্ শাখা পাঠ করিয়াছেন তিনি বহুন্টা নামে কথিত হন। কলাপ শাখায় নিষ্ণাত একজন নারীকে কলাপী বলা হয়। পাণিনির এই সূত্তিলি হইতে সুস্পফরৈপে ইহাই প্রমাণিত হয় যে প্রাচীনকালে নারীদের বেদপাঠের পূর্ণ অধিকার ছিল।

नात्री जध्याभिका अवर विष्र्यो त्रमणी

বৈদিক যুগে বস্তু নারী অধ্যাপিকাও ছিলেন। পাণিনি আচার্যা এবং আচার্যাণী, উপাধ্যায়া ও উপাধ্যায়ানী এই তুইটি শব্দের ব্যুংপতিমূলক সূত করিয়াছেন। এই হুই শক্ষ্পুগলের পার্থকা তিনি প্রদর্শন করিয়াছেন আচার্যা ও উপাধ্যায়ের অর্থ হইল নারী অধ্যাপিকা, অপর হুইটির (আচার্যাণী এবং উপাধায়ানী) অর্থ হইতেছে গুরুগড়ী। আচার্যানী এবং উপাধায়ানী বলিয়া অভিহিত অকুপত্নীগৃণ শিক্ষিত নাও হইতে পারিতেন। পাণিনির এই সূত্রশুলির ব্যাখ্যানপ্রসঙ্গে শতঞ্জি তাঁহার মহাভায় গ্রন্থে আচার্যা এবং উপাধ্যায়া এই শব্দ গুইটির উদাহরণম্বরূপ প্রাচীন ভারতের কয়েকজ্বন নারী অধ্যাপিকার নাম ও বিদ্যাবতার উল্লেখ করিয়াছেন। তাঁহার উল্লিখিত বিহুষী অধ্যাপিকাদের মধ্যে আপিশালা এবং ঔদমেধা চুইটি নামও তিনি উল্লেখ কবিহাছেন। বৈহাকরণ আপিশালি গোষ্ঠীর সৃষ্ট ব্যাকরণের একটি বিশেষ শাখা যে নারী পাঠ করিয়াছেন এবং শিক্ষা করিয়াছেন তাঁহাকে বলা ইইড আপিশালা। ঠিক এইভাবেই ঔদমেধীর (একজন আচার্যা) নারী ছাত্রদের বলা হইত ঔদমেধা অথবা ঔদমেধীর ছাত্রী। পাণিনির একজন ব্যাখ্যাতা কাশিকা বৃত্তি লেখক কাশকৃংস্ল ব্রাহ্মণী নামে একখন নারী আচার্যার নাম উল্লেখ করিয়াছেন। তিনি কাশকুংয় গোণ্ডীর সৃষ্ট ব্যাকরণের একটি বিশেষ শাখা শিক্ষা দিতেন।

বিশাল বৈদিক সাহিত্যে, সংহিতায়, আাহ্মণে এবং উপনিষদে অনেক বিগ্রমী নামীর নাম পরিচ্ফা হয়। গার্গী নামে একজন জ্ঞানা, বিহুষী ও তপিষিনী নারী বৈদিক সাহিত্যে অমর হইয়া আছেন। তিনি ছিলেন বচক্রার ক্যা। বৈদিকযুগের প্রথিতয়শা বিগ্রমী নারীদের মধ্যে তিনি ছিলেন সর্বাগ্রগণা। জনকরাজের রাজসভায় প্রচুর জ্ঞানীগুণীর সমাবেশ হইত এবং ক্রমাবিদ্যা সম্বন্ধে বিভার বিভর্ক হইত। এখানেই যাজ্ঞবল্ক্য এবং অক্যাক্ত থাফিদের মধ্যে বিখ্যাত বিভর্ক ও বিচার অনুষ্ঠিত হইয়াছিল। তর্কে যখন যাজ্ঞবল্ক্যের নিকট অক্যাক্ত থাফ্রা পরাজিত হইলোন তথন নারী থাফি গার্গী তাঁহাকে আহ্বান জ্ঞানাইলেন। বৃহদারণ্যক গ্রন্থে (৩-৬ এবং ৩-৮) ক্রম্মবাদিনী গার্গী ও যাজ্ঞবল্ক্যের মধ্যে অনুষ্ঠিত গৃইটি গুরুত্বপূর্ণ বিভর্কের বিবরণ লিপিবদ্ধ আছে। বিভর্কে কাহারও জয় পরাজয় নিশীত হয় নাই। তাঁহাদের দার্শনিক বিবাদে উভ্রেষ্ট সমান পারদ্শী বলিয়া ঘোষিত হইয়াছিলেন।

যাক্সবন্ধ্য এবং তাঁহার পত্নী মৈত্রেয়ীর মধ্যে অনৃষ্ঠিত একটি ওরত্বপূর্ণ

আধ্যাত্মিক আলোচনা এই উপনিষদে লিপিবদ্ধ আচে (২—৪)। এই মুনির মৈত্রেহী ও কাড্যাহনী নামে হুইজন স্ত্রী ছিলেন। তাঁহাদের মধ্যে মৈত্রেহী আধ্যাত্মিকভাবাপম ছিলেন। তাই তাঁহাকে বলা হইত ব্রহ্মবাদিনী। অপরজন কাত্যায়নী ছিলেন সাংসারিক: যাজ্ঞবক্ষ্য গুরুজ্যা গ্রহণ করিবার অভিলাষে পার্থিব দ্রব্যাদি হুই স্ত্রীর মধ্যে ভাগ করিয়া দিতে ইচ্ছুক হইলে মৈত্রেয়ী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন 'যদি এই সংসার ধনে পরিপূর্ণ হয় ভাহা হইলে আমি কি অমৃতত্ব লাভ করিতে গারিব'?' তিনি উত্তর দিলেন যে 'ধন পার্থিববিত্তের হারা অমৃতত্ত্বে আশা নাই' ('অমৃতত্ত্ত্য তু নাশান্তি বিছেন')। ইহাভনিয়া মৈতেয়ী বলিলেন 'যাহা আমাকে অমৃতত বা ব্লাপদ দিতে পারিবে না ডাহা (পার্থিন দ্রব্য) দিয়া আমি কি করিব' ('যেনাহং নাম্ডা স্থাং কিমহং তেন কুর্যাম্') ? মৈত্রেয়ীর এই স্মন্ত্রীয় এবং উল্লেখযোগ্য উক্তি প্রতি যুগের সাধু এবং সত্যসদ্ধানীদের হতবাক করিয়া দিয়াছে। ভিন্টারনিংস এবং অক্সাক্ত পাশ্চান্ত্য বিধানগণ প্রাচীন ভারতের এক নারীর চিত্তে উল্লিভ এই আধাব্দি আলোক আধাব্দির অনুসন্ধিংসা, অমুডের স্পুহার উচ্চ প্রশংসা করিয়াছেন। মৈত্রেগীর বাণীতে আমরা মানবাত্মার সেই চিরন্তন বাণী শুনিডে পাই যাহাকে মেথিউ আর্নল্ড বলিয়াছেন 'Divine discontent' অর্থাৎ 'ঈশ্বরপ্রদত্ত অসন্থোষ'। তিনি আমাদের ইহাই স্মরণ করাইয়া দিয়াছেন সে বস্তুগত সমৃদ্ধি অথবা পাথিব ধনসম্পদ মানুষের আধ্যাত্মিক লিন্সাকে চরিতার্থ করিতে পারে না এবং মানবকে অমুভত্ব দান করিতে পাৱে না।

গন্ধর্ব প্রভাবিত এক বিছুষা নারীর (গন্ধর্ব-গৃহীতা কুমারী) কথা ঐতরেয় রাক্ষণে (৪—২৫—৪) উল্লিখিত আছে। অগ্নিহোত্ত নামে প্রাভিছিক হোমটি ছইদিনে অথবা একদিনে সম্পাদিত হইবে এই নিয়া একবার পুরোহিতদের মধ্যে মতবিরোধ উপস্থিত হয়। একবার সকালে এবং আর একবার বৈকালে রাক্ষণদের অগ্নিহোত্ত প্রভাহ ছইবার করিতে হইত। প্রত্যুমের হোম ও সাম্ভন হোম, এই ভাবে ধরিলে যাগটি একদিনে নিম্পাদ্য বলা যায়। আবার মদি আগের দিনের সাম্ভন হোম হইতে আরম্ভ করিয়া পর্যভী দিনের প্রভাতের হোম পর্যন্ত সময় গণনা করা যায় তাহা হইলে ইহা ছইদিনে নিম্পাদ্য বলিয়া পাণা হইতে পারে। এইভাবে মতবিরোধের সূচনা হইল। তথন নামগোত্ত হীন এবং কেবলমাত্র কুমারী' নামে উল্লিখিত এই হিছুষী নারীর নিবট এই বিরোধের নিম্পত্তি করিতে বিশ্বান্ রাক্ষণ পুরোহিতগণ উপস্থিত হইলেন।

তিনি দিতীয় মতটি (হুইদিন) সমর্থন করিলেন এবং দেখাইলেন যে সায়ন্তন হোম সুর্যান্তের পর এবং প্রত্যাহার হোম সুর্যোদয়ের পর প্রদত্ত হয়। আশ্রলায়ন গৃহস্তো "বড়বা প্রাতিথেয়ী" নামে ঐ যুগের একজন প্রথিতয়শা বিহুষী নারীর উল্লেখ আছে।

পিতামাতা যে কেবল বিদ্বান্ পুরের কামনা করিতেন তাহা নহে বিহুষী কল্মার জ্বরের জন্মও তাঁহাদের অত্যুগ্র আকাজ্কা ছিল। বৃহদারণ্যক উপনিষদের একটি অংশে (৬—৪—১৮) এই কথা স্পাইরেপে উক্ত হইয়াছে। বৃহদারণ্যকে বিহুষী কল্মা প্রাপ্তির জল্ম পিতামাতার দ্বারা অনুষ্ঠিত একটি ধর্মীয় অনুষ্ঠানের কথা উল্লেখিত আছে। 'যদি কেহ দীর্ঘায়ুযুক্তা বিহুষী কল্মা লাভ করিতে ইচ্ছুক হন (অথ য ইচ্ছেং হৃহিতা মে পশুতা জায়েত)', তাহা হইলে তিনি তাঁহার পত্নাকে আজ্য মিশ্রিত তিল তভুল রন্ধন করিয়া সেবন করাইবেন।'

বৈদিক যুগের নারী ঋষিরা যে সুপণ্ডিভ ছিলেন সে বিষয়ে কোন মতদ্বৈধ নাই। প্রকৃতপকে, নারীদের জ্ঞানার্জনের জন্ম এই আদর্শ তপদ্বী জীবন যাপন এবং ব্রহ্মবাদিনীদের পরস্পরাগত প্রচলন বৈদিক যুগের পরেও লোপ পায় নাই। মহাকাব্যশুলিতেও বিল্লমী নারী এবং তপ্রিনীদের উল্লেখ পাওয়া যায়। থবিও সুপণ্ডিত রাজা জনকের নিকট তপন্থিনী ভিক্ষুনী সুলভার আধ্যাত্মিক আলোচনাটি মহাভারতের একটি অত্যুজ্জ্বল অংশ। রামায়ণে রামচন্তের সহিত সাক্ষাংরতা ঋষি শবরী সুপণ্ডিত তপস্থিনী (সিদ্ধা ডাপসী) বলিয়া বণিত হইয়াছেন। দ্রৌপদীর রাজনৈতিক এবং আধ্যাত্মিক আলোচনাসমূহ মহাভারতে লিপিবদ্ধ আছে। যোগবাশিষ্ঠে স্বামী শিখিধ্বজ্বের মোহমগ্ন আত্মাকে উদ্দীপিত ও স্বাগ্রত করিতে রাণী চুড়ালা যে সকল তত্ত্বপূর্ণ উপদেশ দিয়াছিলেন তাহা অকুষ্ঠ প্রশংসার দাবী রাখে। বৈদিক মুগের পরবর্তীকালেও যে ব্রহ্মবাদিনীদের অন্তিত্ব অব্যাহত ছিল তাহা সংস্কৃত নাটকের পরিত্রাজিকা অর্থাৎ নারী তপান্থনীদের প্রাচুর্য্যদর্শনে স্পর্টক্রপে অনুমিত হয়। ৪০০ খৃউপূর্বে ভারতভ্রমণকালে মেগান্থিনিস্ চিরকৌমার্য-পালনরতা অনেক সুপণ্ডিত তণদ্বিনীকে দেখিয়াছিলেন। তাঁহার। সুগভীর ভত্ত্বমূলক বিতর্কে ও আলোচনার যোগদান করিতেন। তিনি লিখিয়াছেন,— 'বছ নারী বিভান্ চিরকুমার পুরুষ ঋঘিদের মত চিরকৌমার্য অবলম্বন করিয়া শাস্ত্রচর্চা করিতেন এবং অ্যাবিদার সঙ্গে শাস্ত্রবিচারে প্রবৃত্ত হইতেন'। (Fragment 40) ঐতিহাসিক Nearchus এবং স্ট্রাবো (Strabo) এই তথ্য উল্লেখ কবিষাকেন।

बक्काजिनी त्रमनी

উক্ত ব্রহ্মবাদিনী ছাড়াও পুরুষদের হায় ব্রহ্মচর্যপালনরতা বহু ব্রহ্মচারিণীর নাম বৈদিত সাহিত্যে এবং রামাহণ, মহাভারত, পুরাণে উল্লিখিত আছে। যজুর্বেদে (৮—১) কথিত আছে যে ব্রহ্মচর্য সমাপনাতে যুবতীগণকে যোগ্য যুবকদের সহিত বিবাহ দেওয়া হইত; 'ব্রহ্মচর্যেণ কহাা যুবানং বিন্দতে পতিম্'। অথববিদের ১৯—৬ সৃক্তে উল্লিখিত আছে যে রমণীগণ জীবনের দিতীয় আশ্রমে অর্থাং গার্হস্থাশ্রমে প্রবেশের পূর্বে কঠোর নিয়মানুবর্তিভার সহিত ব্রহ্মচর্য পালন করিভেন। শান্তিল্য এবং গর্গোর কহাাগণ মহাভারতে ব্রহ্মচারিণী নামে অভিহিত ইইয়াছে।

ত্রক্ষাবাদিনী এবং ত্রক্ষাবাদিনী দের মধ্যে পার্থক্য এই যে দ্বিতীয়ত্ত্রণীর নারীগণ ত্রক্ষাচর্য সমাপনাভে গার্হস্থে প্রবেশ করিতেন কিন্তু ত্রক্ষাবাদিনীগণ চিরকৌমার্য গ্রহণ করিতেন।

ললিতকলাচৰ্চা এবং বিবিধ জীবিকা

বৈদিক যুগে রমণীদের নৃত্যবিদ্যা, কণ্ঠসঙ্গীত, যন্ত্রসঙ্গীত শিক্ষা দেওয়া হইত। যদিও সঙ্গীত এবং নৃত্যকলা স্ত্রী ও পুরুষ উভয়েই অভ্যাস করিত তথাপি ললিতকলাকে নারীর শিক্ষনীয় বিদ্যা বলিয়াই মনে করা হইত। ইহা বছবার উক্ত হইয়াছে যে 'নৃত্যং গাঁওং স্ত্রাণাং কর্ম' অর্থাং গানে করা ও নৃত্য করা স্ত্রীলোকের কার্ম। সঙ্গীত ও নৃত্যের প্রথম উদ্ভব সম্বন্ধে শতপথ আক্ষণে (৩—২—৪) একটি চিন্তাকর্ষক কাহিনী বণিত হইয়াছে। একদা গন্ধর্বগণ দেবতাদের নিকট হইতে সোম অপহরণ করে। দেবতারা তথন চিন্তা করিলেন,—'গন্ধর্বগণ সঙ্গীতপ্রিয় এবং নারীর প্রতি আসন্তিপরায়ণ।' তজ্জ্য তাহারা সঙ্গীত ও নৃত্যকলা সৃষ্টি করিলেন এবং বাগ্দেবীকে তাহা শিক্ষা দিলেন। দেবী বাক্ গান গাহিতে গাহিতে ও নাচিতে নাচিতে তাহার বীণায় কল্পান গুলিয়া গন্ধর্বদের নিকট উপস্থিত হইলেন। গন্ধর্বগণ মনোমুগ্ধকর সঙ্গীত শুনিয়া, নৃত্যলায়্য দেখিয়া এবং অপক্রপবেশধারণী দেবীর রূপে বিমোহিত হইলেন। দেবী তথন অনায়াসেই তাহাদের বিমৃত অবস্থার সুযোগ লইয়া অপহত সোম আনিয়া দেবতাদের প্রত্যর্পণ করিলেন।

উক্ত ব্রাহ্মণের একটি প্রবচন হইতে জানা যায় যে পূর্বকালে সামবেদের উদ্গাতা পুরোহিতগণের পত্নীরা যজ্ঞে সামগান করিতেন: পরবর্তীকালে তাঁহাদের পতিগণ যখন সামগান করিছে আছে কারল তথন পত্নীগণ এই কর্ম হইতে বিরত হয়েন। 'এই উদ্লাভা পুরোহিত্যণ প্রধানত: তাঁহাদের পত্নীগণের কার্য (সামগান) সম্পাদন করেন', (শভপথ ব্রাক্ষণ ১৪-৪-৩-২) ভৈতিরীয় সংহিতা এবং ফৈত্রায়নী সংহিদায়ত এই জ্থার সমর্থন দুফী হয়। সীবন, বয়ন, পশমের কাজ, বস্তালংকরণ (Embroidery) প্রভৃতি কাজ নারীগণ অভ্যাস করিছেন এবং এইওলি স্ত্রীলোকের কলাবিদ্যা বলিয়া সর্বত্র উক্ত হ্টয়াছে। শতপথ ব্রাক্ষণে (:২--৭--২--১) বলা হট্য়াছে, — 'তংবা এতং স্ত্রীণাং কর্ম যং উর্ণাসূত্রং কর্ম।' উর্ণা শব্দের অর্থ হইল পশম এবং বয়ন কার্যের জন্ম তাহা অত্যাবশ্যক। সূত্র অর্থাৎ সূতা এবং সীবন-কর্মজন্ম সূভার প্রয়োজনীয়তা সর্বজনবিদিত। এই ব্রাক্সণের একটি উক্তি,— 'মোঘসংহিতা বৈ স্তিয়ঃ' অর্থাৎ রমণীগণ অসার জ'াকজমকপ্রিয়। ডজ্জল তাহারা অলংকরণশূল শোভাহীন বস্তাদি পছল করে না; নিজেদের সুসজ্জিত ও সুশোভন করিয়া তুলিতে তাহার। সদা সচেষ্ট। এইজনুই বস্তু অঞ্বরণের কাল করিয়া ভাষারা নিজেদের পোষাকপরিচ্ছদ সুন্দর্ভর করিয়া ভুলিও। সে যুগে এই অলংকরণ শিল্পটি ব্যাপকভাবে সমৃদ্ধি ও খ্যাতি লাভ করিয়াছিল; বৈদিক সঃহিত্যে তার বহু সুস্পই প্রমাণ দৃষ্ট হয়। এই (Embroidery) অলংকরণ কর্মকে বলা হইড 'পেশস্করণ'। 'পেশ' শক্টির অর্থ হইল অলংকরণ, কাপড়ে ফুল ভোলা গ্রভৃতি কাজ। 'পেশ' শব্দের সমগ্র্যায়ভুক্ত 'বেশ' শব্দের অর্থ হইল পোষাক। বৈদিক্ষুগে অলংকরণ শিল্পে সুদক্ষ বালিব। বা নারীকে বলা হইত 'পেশস্করী'। পরবভীকালে এই শক্টির অর্থ দাঁড়াইয়াছিল সুন্দর বর্ণ ও চিন্তাকর্ষক আকৃতি বিশিষ্ট্ রঙ্গীন পডঙ্গ, খাহাকে চলিত বাংলায় 'কাঁচপোকা' বলে। বৈদিকোত র মুগে শব্দটি গৌণ অর্থ বারবনিতা অর্থে ব্যবহাত হইত কারণ বেখাগণ অত্যন্ত চাকচিকাময় পোষাক পরিধান করে। নারীগণ যে অতি উচ্চকোটির বস্তালংকরণ কর্মে সুদক্ষা ছিল তাহা রাক্ষণগ্রন্থের মধ্যে অভিপ্রাচীন ঋগ্তেদের ঐভরেয় ত্রাক্ষণে লিপিবদ্ধ আছে। এই ত্রাক্ষণ এছের (৩--১১--১০) উল্জি,--'ভাহারা তাহাদের বস্ত্রের হই সীমানায় (পাড়ের কাছে) ফুলভোলা প্রভৃতি অলংকরণ করিত, অঞ্চলদেশে ও বস্তের মধ্যভাগে বিভিন্নবর্ণের সূত্রধারা সুশোভন করিয়া তুলিত।' সুবর্ণ সূত্র, রজ্জ-সূত্র 👂 রক্ষীনসূত্র মিশাইয়া রমণীগণ রাজসিংহাসনের ও কার্চাসনের cushion,

চেয়ারে পৃষ্ঠদেশরক্ষার্থে নরম আন্তরণ (backrest) প্রস্তুত করিতেন; এই সকস উপাধানতৃল্য আন্তরণ বা cushionকে হিরণ্যকশিপু ও হিরণাকুর্চ বলা হইত।

'রজয়িত্রী' নামে অভিহিত নারী রঞ্জক সূতা এবং বস্ত্রাদি রং করিত।
মঞ্জা (ঝুড়ি) নির্মাণ, রজ্জু তৈয়ারী, তৃলা হইতে সূত্র প্রস্তুতি এবং অনুরূপ
কৃটির শিল্লগুলি সেই মুগে মহিলারাই সম্পাদন করিতেন। শুক্র মজুর্বেদের
তিংশতম অধ্যায়ে তদানীস্তন বৈদিক ভারতে প্রচলিত প্রায় সন্তরটি (৭০)
পেশার বা জীবিকার নাম উল্লিখিত আছে। তল্পধ্যে হস্ত্রখেতি, ঝুড় প্রস্তুতি,
সুগন্ধি দ্রবা নির্মাণ, কাজল প্রস্তুতি তরবারির কোষ নির্মাণ, পুতুলী নির্মাণ,
বস্ত্রাদি রং করা, অলংকরণ বা পেশক্ষরণ প্রভৃতি অইপ্রকার কর্ম বা বৃত্তি কেবল
নারীদের জন্ম নির্দিষ্ট ভিল।

সামরিক প্রশিক্ষণ

সামরিকশিকা দান করার এখা নারীদের মধ্যেও যে প্রচলিত ছিল ভারা ঋগাবেদের কয়েকটি মন্ত্র হইতে স্পাইট প্রমাণিত হয়। যুদ্ধক্ষেত্রে রম্পীদের অপূর্ব বীরত্বের ও যুদ্ধকর্মের বছ উদাহরণও পাওয়া যায়। এমনকি খ্যাঞ্জামা রাজ্যবর্গের মহিষ্ট্রণও রণাঙ্গনের প্ররোভাগে নির্ভীকচিত্তে যুদ্ধ করিতেন। রাজা নমুচির আদেশে তাঁহার মহিষা অতি ভয়ঙ্কর এবং দীর্ঘস্থায়ী স্বদ্ধে অংশ-গ্রহণ করিয়াছিলেন। রাজা খেলেররানী বিশ্পলার বারত্বাঞ্জক কার্যাবলী ঋগ্বেদের আশ্বিনসৃক্তে (১- ১১৬) বণিত আছে। একদা যখন তিনি যুদ্ধকেত্রে সেনামুখে অবস্থান করতঃ শক্রসেনার সহিত ঘোরযুদ্ধে ব্যাপুত ছিলেন সেই সময় তিনি উরুতে শুরুতর আঘাত পাইলেন, ফলে তাঁহার একটি (আহত) উরু অস্ত্রোপচারে শরীর হইতে একেবারে বিচ্ছিন্ন করিতে হইয়াছিল এবং লোহ-নিমিত একটি কৃত্রিম উক্ল তাঁহার দেহে অন্ত্র চিকিৎসকণণ কর্তৃক সংযোজিত इहेशांकिन। अक्সःहिणात ১--- ১১৬-- ১৫ মরে এই ঘটনাটি বলা আছে। **এ**ই মস্ত্রটি বৈদিকমুগের নারীর সামরিকশিক্ষা গ্রহণের ও বীরত্বের জ্বলম্ভ প্রমাণ। সে যুগের অস্ত্রচিকিৎসকগণের নৈপুণ্যের সাক্ষীও এই মন্ত্র। মুদ্গলানী নামে অপর একজন ভয়লেশশৃত রণপত্তিত বীরাঙ্গনা সামরিক প্রশিক্ষণ ও রণ-চাতুর্যের জ্বলন্ত দৃষ্টাব্যরূপ। বৈদিকঘুণের বীরাঙ্গনাদের মধ্যে তাঁহার নাম वर्गाकरत हित्रज्ञाचत रहेगा আছে ও থাকিবে। जिनि ছिल्मन गुन्गत्मत जी। মহাভারতের অসীমসাহসী বীর রমণী সুভদ্রার হায় তিনি যুদ্ধক্ষেত্রে তাঁহার

পতির রথ চালনা করিয়া ও যুদ্ধ করিয়া অসাধারণ কৃতিত্ব অর্জন করিয়া-ছিলেন। প্রচণ্ড মুদ্ধের মধ্যেও রথ চালাইয়া তিনি তাঁহার স্বামীর শত্রু নিপাত করিতে সমর্থ হয়েন; অনুসরণকারী শত্রুসেনাকে তিনি সম্পূর্ণরূপে পরাজিত করিয়াছিলেন। ক্রত অনুসরণ করিয়া তিনি পঙ্গায়নরত বহু শত্রুসৈক্তকে একাকী বন্দা করিতে সমর্থ হইয়াছিলেন। ঋক্সংহিতার ১০-১০১-২ মল্লে নিভীক হর্জয়সাহসী দৃঢ়চিত্ত মুদ্গলানী কর্তৃক শক্রর পশ্চাদ্ধাবন এবং বীরত্ব-সূচক যুদ্ধের সুন্দর বর্ণনা আছে। "রথচালনাকালে তাঁহার বস্ত্র রথবেগবশে ক্ষীত হইয়া বাভাসে উডিতেছিল। ইল্রের বজ্লের কায় তিনি হাজার সৈক্তকে পরাস্ত করিয়াছিলেন : যুদ্ধে নিরভা অদমনীয়া এই বীর মহার্থী হইলেন— মুদ্গলানী। তিনি বহু শত্রু বন্দী করিয়া যুদ্ধজ্ঞযের পুরস্কার লাভ করিয়া-ছিলেন। ঋক্সংহিতার এই সৃজ্ঞ হইতে ও অতা কয়েকটি সৃজ্ঞ হইতে আমরা জানিতে পারি দাসবর্ণের অনার্যদের সৈক্তবাহিনীতে বছ স্ত্রাসৈক্ত থাকিত। দাসবর্ণের সক্ষম রমণীগণ প্রচুরসংখ্যায় সামরিকবাহিনীতে যোগ দিত এবং যুদ্ধ করিত। এই বেদের অপর এক মন্তে জনৈক আর্য যোদ্ধা বলিভেছেন,— 'স্ত্রিয়োহি দাস আয়ুধানি চক্রে কিং ম করন্নবলা অস্ত্র সেনা?' অর্থাৎ দাসজাতি তাহাদের স্ত্রালোকদের অস্ত্রের ন্যায় যুদ্ধে (সৈন্যদলে) নিযুক্ত करतः , ভাহাদের অবলা স্ত্রীসেনা আমার কি ক্ষতি করিবে ? ইল্রাদেবভার বহুসৃক্তে কথিত আছে যে অসুর বৃত্তের মাতা ইন্দ্রের সহিত যুদ্ধ করিয়াছিল এবং ইল্রের হন্তে নিহত হইয়াছিল। ঋক্সংহিতার আরও কতকগুলি সৃত্তে ও কতিপয় মস্ত্রে আর্য নারীদের বীরত্বপ্রঞ্জক কার্যকলাপ ও যুদ্ধবিদায় দক্ষতার কথা দৃষ্ট হয় যথা, ঋক্সংহিতা ৫—৬১; ৫—৮০–৬: ৭—৭৮–৫; ৮—৩৩ —১৯ ; ৮—১১ প্রভৃতি সৃক্ত ও মন্ত্র।

বৈদিকোত্তর যুগেও রমণীসমাজে সামরিক ও শারীরিক প্রশিক্ষণের প্রথা প্রচলিত ছিল। মেগাছিনিস গুপুস্মাট্ চন্দ্রগুপ্তের প্রাসাদরকী তরবারি-ধারিণা ও ধনুর্বিদ্যা সুদক্ষা বলবতা রমণাবাহিনীর উল্লেখ করিয়াছেন। খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতকে পতঞ্জলি তাঁহার মহাভায়ে 'শাক্তিকী' নামে বর্ণা বা বল্পমনিক্ষেপকারিণা নারীদের উল্লেখ করিয়াছেন।

উপসংহার

উপরের আলোচনা হইতে আমরা দেখিতে পাই যে বৃদ্ধিনিষ্ঠ, নৈতিক, আধ্যাত্মিক, ললিতকলাবিষয়ক, যৃদ্ধবিদা, শরীরচর্চা প্রভৃতি বহুমুখী শিক্ষা বৈদিকযুগের রমণীগণ লাভ করিতেন। বস্তুতঃ বৈদিকোত্তরযুগ অপেক্ষা বৈদিকযুগেই সর্বতোমুখী স্ত্রীশিক্ষার প্রমাণ ও সমধিক উন্নতি দৃষ্ট হয়। ধর্মসূত্র ও মনুসংহিতার যুগ হইতেই নারীশিক্ষার এই সমুন্নত প্রভিষ্ঠাত্ম ভাঙ্গিতে আরম্ভ করে। নারীসমাজের অবস্থার ক্রমণঃ অবনতি হইতে থাকে; এমনকি শৃদ্রদের শ্বায় উচ্চবর্ণের নারীদেরও উপনয়ন ও বেদপাঠে অধিকার লুপ্ত হয়। নারীসমাজের এই ক্রম অবনতির জন্ম মৃণ্ডঃ সামাজিক ও রাজনৈতিক কারণ সমূহ দায়ী।

বিংশ পরিচ্ছেদ

ঋপ বেদীয় যুগের সমাজ ও সংস্কৃতি

ঋগ্বেদে আমরা তদানীন্তন সমাক্ষ ও সংস্কৃতির যে চিত্র পাই এ অধ্যায়ে আমরা তাহার আলোচনা করিব। এই আলোচনা হইতে পাঠকণণ সেই সুপ্রাচীনকালে সমাক্ষ ও সভ্যতার মান কিরুপ উন্নত ছিল তাহার পরিচয় পাইবেন।

বাসস্থান:--বৈদিকমুণের অধিবাসীদের আদি বাসস্থান কোথায় ছিল এই বিষয়ট লইয়া নানা জল্পনা-কল্পনা, ভর্ক-বিভর্ক দুফ হয়। কেহ কেহ বলেন যে ভাহাদের আদি বাসস্থান গিল্গিট অঞ্লে ছিল; আবার কোন কোন পণ্ডিত অতীতের সরম্বডীনদীরাজ্বিত সুবাস্ত জনপদই আর্যদের আদি নিবাস বলিয়া স্থির করিয়াছেন। এ সম্বন্ধে ঋগ্বেদে আমরা কোন সঠিক নগরী বাস্থানের নাম পাই না: অনুমান প্রমাণের ছারা কিছু আভাস পাওয়া যায়। এই বেদের সপ্তম মণ্ডলে কভকগুলি নদীর নাম পাওয়! যায় এবং দশম মগুলের ১০-৭৫-৫ মল্লে গঙ্গা, যমুনা, সরস্বতী, শুতুদ্রী, পরঞ্চা, অসিকা। এবং বিভস্ত নদীর নাম পাওয়া যায়। ঋগ্বেদে সিদ্ধ নদারও উল্লেখ আছে এবং এই ওতুদ্রা. বিতত্ত ও অসিক্যা নদীই বর্তমানে শতক্র, বিপাশা ও চেনাব নামে পরিচিত। উক্ত মল্লে কীর্তিত নদীসমূহের মধ্যে সরম্বতী অধুনা রাজপুতনার মরুভূমিতে বিলুপ্ত। এই বেদের উদ্ধৃত ঐ একটি মন্ত্রেই গঙ্গার নাম পাওয়া যায়। আমরা অনুমান করিতে পারি যে আর্থগণ এই নদাসমূহের নিকটে বাস করিতেন। সেই স্থানই পাঞ্চাব অথবা পঞ্চনদীর দেশ -- এই মড বহু পণ্ডিত সমর্থন করেন। মনুসংহিতায় প্রদত্ত আর্যাবর্তের ভৌগোলিক সীমান্ত এই মত সমর্থন করে। দশম মণ্ডলে অর্থাৎ এই বেদের শেষ মণ্ডলে গঙ্গার নাম পাওয়া যায়, অব্যক্ত নহে, ডাহা হইতে ইহাই অনুমান করা যায় যে তাঁহারা অনেক পরে আদি নিবাস হইতে গঙ্গার উপত্যকার দিকে আসিয়াছিলেন। উপরম্ভ এই বেদের কোন স্থানেই धारनात উল্লেখ নাই, কিন্তু যবের উল্লেখ পরিদৃষ্ট হয়_। কেবল 'ধানা' শব্দের উল্লেখ আছে, ভাহার অর্থ ভিন্ন। ঋণ্বেদের পরে প্রকাশিত অথর্ববেদে ধাল্যের উল্লেখ থাকায় বুঝা যায় যে আর্যগণ তখন ক্রমশ: পূর্বদিকে অগ্রসর হইতেছিলেন এবং ধালকেত তাঁহাদের দৃষ্টিগোচর হইয়াছিল। "ঐতরেয়া-

লোচনম্" নামক তাঁহার গভীর পাণ্ডিত্যপূর্ণ ঐতরেয় ব্রাহ্মণের সুদীর্ঘ ভূমিকায় আন্তর্জাতিকখ্যাতিসম্পন্ন বেদবিদান্ আচার্য সতাত্রত সামশ্রমী বেদে কীতিত পাঞ্চাবের সুবাস্ত জনপদই আর্থদের আদি নিবাস ছিল াসদ্ধান্ত করিয়াছেন।

গ্রাম ও নগর: — ঋগ্বেদে গ্রাম ও নগরের উল্লেখ পাওয়া যায়। প্রথম মণ্ডলে আমরা একটি মন্ত্র পাই যেখানে 'গ্রাম' শব্দটির স্পষ্ট ব্যবহার পরিদৃষ্ট হয়।

> "ইমা রুদ্রায় তবদে কপদ্দিনে ক্ষয়বীরায় প্রভরামহেমতীঃ। যথা শমসদ্ধিপদে চতুষ্পদে বিশ্বং পুষ্টং গ্রামে অস্মিরনাতুরম্।

> > (2-326-2)

"মহান বীরগণের অধিপতি, করাল রুদ্রের স্তুতি করিতেছি। দ্বিপদ ও চতুস্পদ জীবজন্ত সুখী হউক। এই গ্রামবাসীগণ নারোগ হইয়া পুটিলাড করুক।" আবার প্রথম মণ্ডলের চতুশ্চত্বারিংশং সৃস্টের দশম মন্ত্রে গ্রামের উল্লেখ পাওয়া বায় 'অসি গ্রামেধবিতা পুরোহিতোংসি যজ্ঞেয় মানুষঃ', অর্থাং 'মনুস্থের হিতের নিমিন্ত তুমি গ্রামের রক্ষক ও যজ্ঞে তুমি পুরোহিত।' এইরূপ ঋগ্বেদীয় মন্ত্রের তাংপর্য হইতে আমরা ইহা সহজ্ঞেই অনুমান করিতে পারি যে বৈদিক আর্যগণ গ্রামে দলবদ্ধ ভাবে বাস করিতেন। এই বেদের কোন কোন স্থানে আবার লোহ-নির্মিত গৃহেরও উল্লেখ পাওয়া বায়—"প্র ক্ষোদসা ধায়সা সম্র এয়া সরম্বতী ধরুণমায়সী পূঃ" (৭—৯৫—১); অর্থাং "লোহ নির্মিত নগরীর ধারিণী হইয়াও এই সরম্বতী দেবা জলের সহিত গমনশীলা।" সপ্তম মণ্ডলেও তাদৃশ উদ্ধৃতি দৃষ্টিগোচর হয়—"আধা মহান আয়স্থানাধৃষ্টো নৃপীতয়ে। পূর্ভবা শতভূজিঃ" (৭—৯৫—১৪) অর্থাং "হে হুর্ধর্ষ অগ্নি, তুমি মনুস্থাণের রক্ষার নিমিন্ত লোহ-নগরী নির্মাণ কর।" এই উদ্ধৃত মন্ত্রসমূহে আমরা তদানীন্তন মুগের প্রাচীর পরিবেষ্ট্রিত লোহনির্মিত দ্বর্গের ইক্সিত পাই।

বিবিধ জাবিকা: -- ঋগ্বেদের ধ্বণে আর্থগণের কৃষি ও গো-পালন জীবিকা নির্বাহের প্রধান অবলম্বন ছিল। বেদের বিখ্যাত 'অক্ষ' সৃজ্জে দ্যতক্রীড়ার নিন্দা ও কৃষিকার্যের প্রশংসা শ্রুত হয়। এই সৃজ্জে কৃষিকার্য ও দ্যুতক্রীড়ার তুলনামূলক মূল্যায়ন দৃষ্ট হয়। ঋষি বলিভেছেন, --

"অকৈমা দীব্যঃ কৃষিমিং কৃষয় বিতে রময় বছমশ্রমানঃ। ভত্ত গাবঃ কিডব ভত্ত জায়া ওলা বি চফে সবিভায়মর্যঃ।"

(30-08-30)

অর্থাৎ "পাশা খেলিও না, কৃষিকার্য কর। কৃষিকার্য করিলে বছ সম্মান ও বিত্ত লাভ করিবে। রে দৃ্যতাসক্ত বাক্তি, কৃষিকার্যেই তোমার গাঙী, জায়া লাভ ২ইবে,—সবিতাদেব এই তত্ত্ব আমাকে বলিতেছেন।"

'পুষন' স্জেও পুষা দেবতাকে স্ততি করা হইয়াছে,—"পুষনদেব আমাদের গোধন রক্ষার্থে গমন করুন। তিনি আমাদের অশ্বসমূহকে ডস্কর হইতে রক্ষা করুন।" (৬—৫6—৫)। গো, মহিষ, অশ্ব, মেষ, ছাগল এবং বিশেষভাবে হগ্ধবতী গাভীর উদ্দেশ্যে অনেক স্ততি পরিদৃষ্ট হয়।

আর্যগণ শস্ত উৎপাদন করিতে জানিতেন। শস্তক্ষেত্রে তাঁহারা কৃত্রিম জলপ্রণালীর বা সেচের ব্যবস্থাও করিতেন। বেদে প্রাকৃতিক ও মনুষ্ঠুত এই উভয়বিধ জলপ্রণালীর উল্লেখ পাওয়া যায়,—

"যা আপো দিব্যা উত্তবাস্ত্ৰবন্তি খনিত্ৰিমা উত্তবা যাঃ শ্বয়ংকাঃ। সমুদ্ৰাৰ্থা যাঃ শুচয়ঃ পাৰকান্তা আপো দেবীরিহ মামবন্ত ॥"

(4-8>-4)

এই মল্লে 'ধনি আমা' শব্দে কৃত্রিম জলসেচ প্রথা ও 'শ্বয়ংজা' শব্দে প্রাকৃতিক জলসেচ প্রথা বৃঝাইতেছে। এই বেদের ৩—৪৫—৩ প্রভৃতি মল্লেও জলসেচ প্রথার উল্লেখ দুফী হয়।

র্থনির্মাণ :—রথনির্মাণ একটি শুরুত্বপূর্ণ জীবিকা ছিল। যুদ্ধযাত্রা, দৈনন্দিন গমনাগমনের বাহনরপে রথেরও বিশেষ প্রয়োজন ছিল। এই বেদের বহু মন্ত্রে রথের উল্লেখ আছে। বিভিন্ন দেবদেবীগণ রথে গমন করেন। অশ্ব, খচ্চর, গর্দভ রথ টানিত। একটি মস্ত্রে ঋষি বলিতেছেন, "গোতমোইক্রনব্যমতক্ষং" (১—৮২—১৩); অর্থাং "রথকার যেমন রথের বিভিন্ন অংশ নির্মাণ করিয়া পরে সংযুক্ত করেন তদ্রুপ গোতম ঋষি এই নতুন মন্ত্র রচনা করিয়াছেন " সমাজে রথকারগণের শুরুত্বপূর্ণ ছান ছিল। এই প্রস্থের 'যজ্ঞা' শার্ষক অধ্যায়ে রাজার অভিষেক প্রথার আলোচনাকালে আমরা দেখাইয়াছি যে সিংহাসনে আরোহণের পূর্বে বাঁহাদের অনুমতি রাজাকে লইতে হইত সেই রাজকর্তা বা "রিছন্"দের মধ্যে রথকারদের নামও অর্থবিদের ভ্রত্তের উল্লাভ হয়। প্রথমে রথকারগণ বর্ণে শুন্ত ছিল কিন্তু যজুর্বেদের মুগে তাহারা বৈশ্বের শুরেও ঋকুসংহিভায় পাওয়া যায়।

পথ নির্মাণ:— ঐ মুগেই আর্যগণ রাস্তা নির্মাণে দক্ষ ছিলেন। সবিতার মব্রে (১-৩৫-১১) উত্তম পথের বর্ণনায় বলা হইরাছে—'যে তে পছাঃ সবিতঃ পূর্ব্যাস: অরেণবঃ সূক্তাঃ' অর্থাং 'ধৃলিশূন্য সুনির্মিত পথ'। ঋগবেদের ঐতবেয় ব্যাহ্মণে রাজ্পথ, মহাপথ ও ক্রতি— তিনপ্রকার পথের উল্লেখ দৃষ্ট হয়; ইহার মধ্যে রাজ্পথকে সুবিশাল ও দস্যুতস্করাদি উপদ্রবশ্ন্য বলা হইয়াছে। এই সংহিতার বহু মন্ত্রে পথের উল্লেখ আছে।

স্থা শিল্প: -- ঝগবেদের মন্ত্র হইতে সুপ্রমাণিত হয় যে সেই সময়ে স্থানের প্রাচুর্য ও যথেষ্ট ব্যবহার ছিল। সবিতা, অপাং নপাং প্রভৃতি দেবতাগণের বর্ণনায় স্বর্ণ নিমিত রখ (হিরণ্যয়েন সবিতা রখেন), স্বর্ণের অস্ত্রশস্ত্রের বর্ণনা পাভয়াযায়। একটি মল্লে ক্ষি ইল্লের বজের বর্ণনা দিয়াছেন,—"ভৃষ্টা যদ্ বদ্রং সুকৃতং হিরণ্যয়ং সহস্রভৃষ্টিং স্থপ) অবর্তহং," অর্থাং ইল্রের সেই স্থৰ্ণময় সহস্রক্ষরধারযুক্ত উত্তমরূপে নির্মিত বজ্ঞ যাথা ছফ্টা নিজে নির্মাণ করিয়া-ছিলেন। সবিতাও অপাং নপাং (বিহাং) এই চুই দেবতার সৃত্তে হিরণাহন্ত, হিরণামুখ, হিরণাচক্ষু, হিরণাশাঞ্চ, হিরণাবর্ণ, হিরণাচদতের বর্ণনা দৃষ্ট হয়। হুই একটি মন্ত্রে 'সুনিষ্ক' (৪—৩৭—৪), 'নিষ্কগ্রীবঃ' (৫—১৯ - ৩), সুখর্ণ মৃদ্রার সুবর্ণ অলঙ্কারের এবং ৮—৪৭—১৫ ঋকে সুবর্ণনিষ্কের উল্লেখ আছে: রৌপ্যমুদ্রার উল্লেখন ৫—৩৩-–৬ ইত্যাদি মল্লে পাওয়া যায় ৷ একটি মল্লে রজভমুদ্রাকে "শ্বেভবর্ণাং রয়িম্" বলা হইয়াছে ৷ সেই যুগে রমনীগণ বিবিধ ম্বর্ণালকার ব্যবহার করিছেন। ঋগ্বেদে ম্বর্ণলয় (৭—৫৬—১৩), সুবর্ণ কবচ (৪-৩৪-১ ; ৪-৫৩-২), হিরণা শিরস্তাণ বা উষ্ণীয়,—'শিগ্রাঃ শমং বিভ্ৰতা হির্পায়ী' (৫-- ৫৪--১১), হির্পাকুগুল (১--১২২--১৪), সুবর্ণ রুক্ অর্থাৎ মুর্ণহার 'বক্ষসুরুক্মা' (৭ - ৫৬-- .৩) প্রভৃতি মুর্ণালঙ্কারের স্পাই উল্লেখ দৃষ্ট হয়। অশ্বের সুবর্ণনির্মিত পরিচ্ছেদের বর্ণনা ('অশ্বঃ⊷ হেমগ্রান্') ৪— ২---৮ মল্লে পাওয়া যায়। একটি মল্লে পনরটি স্বর্ণকরে উল্লেখ আছে। স্বর্ণকার কর্তৃক স্বর্ণ ও অক্যান্য ধাতৃ গলাইবার কথা (৬—: — ৪) মল্লে দেখিতে পাই ।

চর্ম শিল্পঃ—এই বেদের কভগুলি মন্ত্রে চর্ম শিল্পের ও চর্মকারের উল্লেখ দুইট হয়। চর্ম শিল্পদারা অনেকে জীবিকা নির্বাহ করিত। ৬—-६৭--২৭ মন্ত্রে গোর্চমার্ত রথের উল্লেখ আমরা পাই। ৬—-৪৮—১৮ মন্ত্রে চর্মনির্মিত দৃতি বা আধারের, ৫—৯—৫ মন্ত্রে চর্মকারের 'ধমাত্তরী' বা ভস্ত্রা প্রভৃতির উল্লেখ হইতে সেই যুগে চর্মশিল্প কিরুপ উল্লত ছিল তাহার অনুমান করা চলে। চর্মনির্মিত বৃহদাকার জলপূর্ণ মোষকের ঘারা রাস্তায় জল দেশুয়া ২ইড ('চর্মেব উদভিবুশিক্ত ভূম')। সংহিত্যের পরবর্তী মধাবৈদিক খুগ বা আক্ষাণের খুগে শুকরচর্মনির্মিত উপানহের বা স্কুতার উল্লেখ পাওয়া যায়।

রজ্জ্ব শিক্স :— খগ্বেদের কতকণ্ডলি মস্ত্রে রজ্জ্ব উল্লেখ আছে। একটি
মস্ত্রে বলা হইয়াছে রজ্জ্বারা যেমন কোন প্রবাকে দৃঢ়ভাবে বাঁধিয়া রাখা
হয় রাজা তাঁহার রাজ্যকেও তদ্রুপ দৃঢ়ভাবে সংহত করিয়া রাখিবেন। বিচ্যুতের
বহু প্রকারের বর্ণনার মধ্যে রজ্জ্ব উপমাও দৃষ্ট হয়। বর্তমান পাশ্চান্ত্য
জ্যোতির্বিজ্ঞানিগণও বলেন বিহাতের বহুপ্রকার আকৃতির মধ্যে একটি আকৃতি
বহুসূত্র সম্বাস্তি রজ্জ্ব সমত্লা।

লোই শিল্প:—কতিপয় মন্ত্রে বিবিধ লোইশিল্পের উল্লেখ দৃষ্ট হয়। লোই
নিমিত নগরীর (আয়সী পৃঃ) বর্ণনা আছে। বিচ্ছিল্ল অঙ্গে লাগাইবার
জন্ম লোই নিমিত অঙ্গ ব্যবহার করা হইত। বাররমণী বিশ্পেলার যুদ্ধে
জন্মা ভঙ্গ হয়; সেই আহত জন্মা অস্ত্রোপচার করিয়া তাহার স্থানে লোইনিমিত জন্ম। ('আয়সাং জন্মান') লাগান হয়, (১—১৯৬—১৫); এই
মন্ত্রটিতে বৈদিক যুগের উল্লভ শল্যাচিকিংসা ও রমণীর বারও যুগপং সুপ্রমাণিত।
নানারপ যুদ্ধান্ত্রও লোই হইতে নির্মাণ করা হইত। ব্রাহ্মণ ও উপনিষ্ঠেদর
যুগে লোইকে কৃষ্ণায়স বলা হইত। ছান্দোগ্যোপনিষ্টেরে ষষ্ঠ অধ্যায়ে নথ
কাটার নক্ষণকে 'কাষ্ক'য়েস নথনিক্তন' বলা ইইয়াছে।

পূর্তকর্ম: —গৃহনির্মাণ, হুর্গনির্মাণ, গ্রামপরিকল্পনা, পুদ্ধরিণীখনন, নলকুপ, কৃত্রিম সেচপ্রথা প্রভৃতির উল্লেখ এই বেদে থাকায় পূর্তকর্মের পরিচয় পাওয়া যায়। স্থাতিবিলা উন্লভ প্রকারের ছিল। ৭—৩—৭, ৭—১৫—১৪, ৮—১০০—৮ প্রভৃতি মল্লে প্রস্তরনির্মিত নগর ও গৃহনির্মাণের উল্লেখ আছে। লোহনির্মিত হুর্গ বা নগর (আয়সা পু:), নিরান্নবইটি (১৯) হুর্গ (নবনবতী পু:) প্রভৃতির উল্লেখ দৃষ্ট হয়। ৬—৪৬—৯ ঋকে 'ত্রিধাতু গৃহ' শব্দে তিনপ্রকার

ধাতুর দারা নিমিত গৃহের কথা বলা হইয়াছে। সহস্রস্তম্ভবিধৃত অট্টালিকা ২-৪১-৫ মল্লে কীর্তিত হইয়াছে, 'রাজানাবনভিক্তহা গ্রুবে সদস্যতমে। সহস্রস্থু আসাতে।' মিত্রদেবতার সহস্রস্তম্বত সদনের উল্লেখ, 'ইব্রং হবে পৃতদক্ষং মিত্রং চ সহস্রস্থুণম্'— মল্লে দেখিতে পাট। মনুয়েয়র পানীয়জল সংরক্ষণজ্ঞা বৃহদাকার চৌবাচচার এবং গৃহপালিত পশুগণের পানীয়জ্জ রাখার জন্ত অপেকাকৃত কুদ্রাকার জলাধার নির্মাণের প্রমাণ পাওয়া যায়। ৪ –৩২ – ২৩ মন্ত্রে পুত্তলিকাশোভিত রঙ্গমঞ্চের বর্ণনা আছে। সেতু নির্মাণের প্রমাণরূপে ৭— ৮৫—৩ ও অভাভ মন্ত্র উদ্ধৃত করা যাইতে পারে। অশ্বধাবন ব। ঘোড়লোড়ের যোগ্য ময়লানের কথা ১-১৭--২০, ১০-১৫৬-১ প্রভৃতি মন্ত্রে উক্ত হইয়াছে। কৃত্রিম জলসেচ নির্মাণের কথা পূর্বেই কৃষিকার্যসূত্রে বলা হইয়াছে। পুরুরিণীখননের **উল্লেখ**ও পাওয়া যায়। ১০—১০৭—১০ মক্তে "ভোজ্পয়েদং পুষররিণীব বেশা পরিষ্কৃত দেবমানেব চিত্রম্'' উক্ত হইয়াছে। ১—৮৫—১০ মত্তে আমরা নলকুপের স্পষ্ট উল্লেখ পাই। এই মত্তে বলা হইয়াছে, "উধ্ব⁻ং নুনুদ্রে অবতং ত ওজসা দাদৃহাণং চিদ্ বিভিত্রবি পর্ববেড্ন্', অর্থাৎ মরুদ্দেবতাগণ পৃথিবী ভেদ করিয়া 'অবত' নামক যন্ত্র বসাইয়া অধো-দেশ হইতে জ্বল আনয়ন করিয়াছিলেন।

পোত-নির্মাণ :—ঝগবেদীয় যুগে আর্থগণ যে উন্নত ধরণের পোত নির্মাণে সৃদক্ষ ছিলেন বহু মন্ত্র তাহার স্পষ্ট সাক্ষ্য দান করে। এই বেদে সমুদ্র যাত্রা ও সামুদ্রিক পোতের একাধিক উল্লেখ দৃষ্ট হয়। ১০—১৪০—৪৫, ৭—৬৮—৭ প্রভৃতি মন্ত্রে সামুদ্রিক পোতের কথা উক্ত হইয়াছে। সমুদ্রগামী পোতগুলি অতিদৃঢ়ভাবে নির্মাণ করা হইত যাহাতে সমুদ্রের উত্তাল তরক্তের আঘাতে বা লবণাক্ত জলের স্পর্শে পোতগুলির কোন ক্ষতি না হয়। একশত দাঁড়ের বা অরিত্রের দ্বারা পরিচালিত সামুদ্রিক জাহাজের বর্ণনা দৃষ্ট হয়,— "শতারিত্রাং নাবম্ আতন্থিবাং সম্"। ১—২৫—৭ মন্ত্রে বরুণদেবতার স্তাত সূত্রে ঋষি বলিতেছেন, "বেদা যো বাণাং পদমন্তরিক্ষেণ পতভাম্ বেদনাবং সামুদ্রিয়ং" —অর্থাং "বিহঙ্গণের অন্তরীক্ষে উন্ধর্শতম গতিরেখা ও সামুদ্রিক পোতের সমুদ্রে সৃদ্র গতিপথ সমন্তই বরুণদেবতা জানিতে পারেন।" ঝগবেদের দ্বিতীয় মগুলে ও অক্যান্ত স্থানে জলখান রূপে নোকার বহু উল্লেখ আমরা পাই। ইক্রের নোকারোহণের বর্ণনা কয়েকটি মন্ত্রে আছে। যে সকল স্থামিত দৃঢ় নোকায় বিশাল নদী অনায়াসে পার হওয়া যায় ভাহাকে "সৃত্র্মা নোঃ" বলা হইত। ঋগ্ববেদের ঐতরেয় ব্রাক্ষণে স্পষ্ট প্রমাণ রহিয়াছে

যে তদানীন্তন আর্যগণ লবণাক্ত সমুদ্রে পানীয় জল অপ্রাপ্য বলিয়া যথেষ্ট পরিমাণে পানীয় জল এবং বহুদিনের খাদ্য সঙ্গে লইয়া সামুদ্রিক পোতে দীর্ঘ-কালের জন্ম সমুদ্র যাত্রা করিতেন। বৃহদাকার সামুদ্রিক নৌকাকে "সৈরাবতী নৌঃ" বলা হইতে (ঐতরেয় ব্রাহ্মণ ৩—২৯—৫)। উপরের আলোচনা হইতে বৈদিক যুগে আর্যগণের পোতনির্মাণ শিল্প কিরুপ উন্নত ছিল তাহা পাঠকবৃন্দ অনায়াসে অনুমান করিতে পারিবেন।

অস্ত্রনির্মাণ বিদ্যা :--বিবিধপ্রকারের অস্ত্রশস্ত্রের উল্লেখ এই বেদে আমরা পাই। তদানীস্তন আর্যগণ নানাবিধ যুদ্ধান্ত নির্মাণে সৃদক্ষ ছিলেন। ইল্রের একহাজার ক্ষুরযুক্ত বজ্লের বর্ণনা একটি মন্ত্রে দৃষ্ট হয়; ওফা নিজে একহাজার ক্ষুরযুক্ত হর্ণের বজ্ল ইল্রের জন্ম নির্মাণ করিয়া দিয়াছিলেন (তদ্ যদ্ বজ্রং সৃকৃতং হিরণ্যয়ং সহস্রভৃত্তিং রপা অবর্তয়ং), লৌহনির্মিত বজ্লের বর্ণনা ১—৫২—৮, ১—৮১—৪, ১০—৯৬—৩ প্রভৃতি মন্ত্রে রহিয়াছে। লৌহ, য়র্ণ ও প্রস্তর তিন প্রকারের ধাতু হইতে অস্ত্রশস্ত্র নির্মিত হইত। ৭—৮৩—১ খনে পশুর্ণ বা কুঠার,৫—৫২—৬, ৫—৫৭—২ ও অন্যান্ম বছ্ল মন্ত্রে ধনুকের, ৫—৫৭—২ ও অন্যান্ম বছ্ল মন্ত্রে ধনুকের, ৫—৫৭—১ ও অন্যান্ম বছল মন্ত্রে ধনুকের, ৫—৫৭—১ ও অন্যান্ম আনেক খাকে ইয়্ব বা তীরের উল্লেখ এবং ৬—৩—৫, ৬—৪৭—১১, ১২ প্রভৃতি মন্ত্রে বিবিধ লৌহ অল্তেরে উল্লেখ দৃষ্ট হয়। খাফি, বর্ণা, নালী বা খড়গ প্রভৃতি অস্ত্রশস্ত্রও ব্যবহৃত হইত। লৌহবর্ম, নিষক্ষ প্রভৃতির উল্লেখও প্রকৃ সংহিত্যায় দৃষ্ট হয়।

জ্যোতির্বিদ্যা:—সূর্য, চক্র ও পৃথিবীর আবর্তন, ঋতুসকল, জোয়ারভাটা ইত্যাদির তথা ঋক্সংহিতায় পাওয়া য়য়। ১—৩৫—৬ ময়ে সূর্যকে কেন্দ্র করিয়া চক্র ও গ্রহাদির অবস্থিতির উল্লেখ আছে। ১০—১১০—১ ঋকে সূর্য হইতে পৃথিবীর সৃষ্টি ও উল্লোপের শীতলতা সম্পাদনের কথা আমরা পাই। বহু ময়ে পৃথিবীর আবর্তনের উল্লেখ আছে য়থা ৩—৩০—১, ৫—৩২—১,৫—৮৪—১,৭—৩৫—৩ প্রভৃতি ময়। ১—৮৪—১৫ ময়ে বলা ইইয়াছে য়ে সূর্য চল্রে প্রতিফলিত হয়। পরবর্তীকালে বেদাল নিরুক্তের স্পাই উল্লি "সূর্যের দীপ্তি চক্রকে দীপ্ত করে"। দশম মগুলের একটি ময়ে ঝিষ চল্রের প্রভাবকে সাগর ও নদীর জোয়ার-ভাটার কারণ বলিয়াছেন। ১—১৬৪—১২ ময়ে সূর্যের উত্তরায়ণ ও দক্ষিণায়ণের উল্লেখ দৃষ্ট হয়। য়য়ু, মাধব, গুক্র, গুচি, নভ ও নজয় নামে ছয়ঝতুর নাম ঝকু সংহিতায় পাওয়া য়ায়। ১—১৫—৩ সয়মতে ছয়ঝতুর কারণ হইল সূর্যের গতি। ১—১৬৪—৪৮, (ব্রিশ্তাষ্টি:)

প্রভৃতি মন্ত্রে তিনশত যাটদিনে একবংসর হয়, বলা আছে। সবিতাদেবের উদ্দিষ্ট প্রথমমণ্ডলের পঞ্চতিংশত্তম সুক্তের ষষ্ঠ মন্ত্রটির ব্যাখ্যা প্রসঙ্গে প্রাচ্য ও প্রতীচ্যের কয়েকজন জ্যোতিবিদ্ গণিতশাস্ত্রনিফাত পণ্ডিত মন্তব্য করিয়াছেন তদানান্তন আর্যদের জ্যোতিবিজ্ঞান ও গণিতবিদ্যা অতি উন্নতন্তরের ছিল। ভারতে স্বনামধন্য বালগঙ্গাধর তিলক ও কেট্কার এবং জার্মানীর যাকবি (Jacobi) তাঁহাদের গ্রন্থে ঝকসংহিতার বহু মন্ত্রের জ্যোতিষ তত্ত্ব ও গণিত-তত্ত্বের আলোচনা করিয়াছেন।

প্রসক্ষক্ষে উল্লেখ করিতে পারা যায় যে ঋগ্বেদের ঐতরেয় রাক্সণে (৩—১৪), সামবেদের ছালোগ্য রাক্ষণে (৫—৩১—১,২,৩) এবং অথর্ব-বেদের গোপথ রাক্ষণে (২—৪—১০) দ্বার্থহীন বিস্পষ্ট ভাষায় বলা হইয়াছে, "সূর্য কখনও অন্ত যায়না; সূর্য সদা ভাষর। যখন আমরা মনে করি সূর্য অন্ত গিয়াছে, রাত্রি হইয়াছে, তখন পৃথিবীর অপরাংশে সূর্য বিরাজ করে, কখনও সূর্য অন্ত যায়না।"

শাদ :— ঋক্সংহিতার কোথাও ধাদ্যের বা বীহির উল্লেখ নাই। অথর্ধ-বেদে বাদ্যের স্পান্ট উল্লেখ পাওয়া যায়। "বীহিমন্তং যবমন্তমথো মাষমথো তিল্লম্" এই অথর্বমন্ত্রে (৬—১৪০—২) বীহি, যব, মাষ, ও তিলের উল্লেখ রহিয়াছে। অথর্ববেদের মুগে আর্যগণ পূর্বদিকে অগ্রসর হইয়া ধান্যক্ষেত্রের সহিত পরিচিত হইয়াছিলেন, ইহা প্রতীত হয়। ঋগবেদে যবের উল্লেখ বহুস্থানে আছে। ঘৃতলারা ভঞ্জিত যবকে 'ধানা' বলা হইত। গোবলীবর্দদারা যবের চাষের কথা প্রথম মন্তলে দেখিতে পাই। 'গোভির্যবং ন চকুষং' (১—২৩—১৫), দেবতার উদ্দেশ্যে 'অপুণ' বা শিক্ষক, করম্ভ প্রভৃতি অর্পণ করা হইত। মাখন বা দধিমিশ্রিত ভঞ্জিত যবচূর্ণকে করম্ভ বলা হইত। তৃতীয় মন্তলের একটি মন্ত্রে করম্ভ, ধানা ও অপুণের উল্লেখ আছে—

"পূষরতে তে চকুমা করন্তং হরিবতে হর্ষশায় ধানাঃ। অপুপমন্ধি সগণো মরুন্তিং সোমং পিব বৃত্তহাশৃর বিধান্॥" (৩-- ৫১---৭

সেই যুগোও খাদ্যহিসাবে মাংসের প্রচলন ছিল। যক্তকর্মেও মাংসের আছ্তি দিতে হইত। চারিপ্রকার যাগের মধ্যে পশুযাগ নামক যক্তে ছাগ প্রভৃতি পশুর আলম্ভন বা বধ বিহিত ছিল। অশ্বমেধে অশ্ব এবং গোমেধে ব্র্য়াপাভী বা মশুবধ করিতে হইত। পঞ্চম মশুলের একটি মন্তে বলা হইয়াছে, "দেবগণ তিনশত মহিষের মাংস্বারা ভোজের আহোজন করিয়াছিলেন— "দ্ধা সথ্যে অপচত্ত্রযন্নিরতা ক্রন্থা মহিষা ত্রীশতানি" (৫ - ২৯—৭)। এই মন্ত্রে প্রমাণিত হয় মহিষের মাংস্ও খাল্যমধ্যে গণ্য ছিল। ত্রাহ্মণ গ্রন্থ, উপনিষদ্ ও গৃহসূত্রের বহু উক্তি প্রমাণ করে যে মধ্যবৈদিক ও উত্তরবৈদিক মুগে খাল্যমণে গোমাংসের যথেই ব্যবহার ছিল। ঐতরেয় ত্রাহ্মণে (১—৩—৪)ও শতপথ ত্রাহ্মণে (৩—৪—১—২) বিধান আহে যে রাজ্মণ বা ত্রাহ্মণ অতিথি গৃহে আদিলে একটি বড় ষাঁড় অথবা পুং ছাগ বলি দিবে অথবা একটি বন্ধ্যাণাভা, শতপথে (৩—১—২) ঝিষ যাজ্যবন্ধ্য বলিভেছেন, "অশ্লামি এবামহমংসলং চেভেবতি' অর্থাৎ 'গোমাংস যদি কোমল হয় তবে ভাহা আমি ভোজন করিব'। গোভিগ প্রভৃতি গৃহস্ত্রের স্পেই বিধান প্রাদ্ধে গোমাংস্থারা "মাংসাইকা" কিয়া সম্পন্ধ করিতে হইবে।

পানীয়:- সেই মুগে হ্যা, মধু, জল, সোম, সুরা পানীয়ারপে ব্যবহৃত হইত। যজে দেবভার উদ্দেশ্যে সোমরস অর্পণ করা হইত এবং যজ্ঞাবসানে পুরোহিতগণ হুতশেষ অর্থাৎ আন্ততি অনন্তর অবশিষ্ট সোমরস পান করিতেন। ব্রাহ্মণ পুরেগাহত বড়ৌত আর বে∴ন ত্রৈবনিক পুরুষের অথবা যজ্ঞসম্পর্কহীন ব্রাহ্মণের গোমণানের অধিকার ছিল না। অতি দূরবর্তী স্থান হইতে সোমলত। সংগ্রহ করিয়া আনিচে **হই**ত এবং য**ভেরে বিধি অনুসারে তাহার** রুষ নিজ্ঞাসন কর। হইও। ইহা সাধারণের পানীয় পদার্থ ছিল না। বৈদিক মুগেই সোমলতা হৃষ্ণাপা ছিল, তজ্জন্য ব্ৰাহ্মণ গ্ৰন্থে সোমলতা অপ্ৰাপ্য হইলে ভাহার প্রবিধর্তে পৃতিকা নামক পভার রস আছভির বৈকল্পিক ব্যবস্থা দৃষ্ট হয়: যজ্জের বিধি অনুসারে সংগৃহীত পবিত জল, হয় বা দধির সহিত মিশ্রিত কবিয়া সোমসুস দেবতাকে অর্পণ করা হইত। কেহ কেহ সোমরসকে উত্তেজক মাদক পানীয়রূপে বর্ণনা করিয়াছেন। কিন্তু বাক্ষণ গ্রন্থ প্রভৃতি ভাল করিয়া অনুশীলন কড়িলে সোম যে মাদক স্তব্য ছিল নাইহা সুস্পাই প্রতীত হয়। ঐতরেয় ত্রাক্ষণে সোম ও সুরার পার্থক্য, সোমের প্রশংসা ও সুরার নিন্দা অতি স্পষ্ট ভাষায় উক্ত হইয়াছে। শতপথ ব্ৰাক্সণের উক্তি—"সত্যং ঞ্রীর্জ্যোতিঃ সোমঃ, অনৃতং পাপ্লা তমঃ সুরা" অর্থাৎ "সোম হইতেছে সভ্য, শ্রীও জ্যোতিষ্রণ কিন্তু সুরা অন্ত, পাপ ও তমোওপের প্রতীক।" এই জ্বলু ত্রাক্ষণের সুরা পান, এমন কি সুরাস্পর্ম পর্যন্ত শ্রুতিতে নিষেধ করা হইয়াছে। সুরাপানঞ্চিত উন্মত্ততা ও চিত্তবিকলতার নিন্দা সংহিতায় ও ত্রাহ্মণ গ্রন্থে শ্রুত হয়। সুরাক্ষজিয়ের পেয়রূপে নিদিউ ছিল। সোমপানে

যজ্মান ক্ষত্তিহের অধিকার না থাকার তার ক্ষেত্রে সুরাবিহিত। বিবিধ প্রকারের সূরা প্রস্তুত করা হইত। ওষধির রস হইতে একপ্রকার সূরা প্রস্তুত হইত, অন্ন দীর্ঘদিন পচাইয়া রাখিয়া আর একপ্রকার সূরা প্রস্তুত হইত।

कौड़ा ଓ आस्मान श्रमान :- करहर श्रकारद्र कीड़ा है हिस्स भाषका যায়। অশ্বধাবন প্রতিযোগিতা, রথধাবন প্রতিযোগিতা অর্থাৎ ছোড়দৌড় রথদৌড় প্রভৃতি আর্যদের প্রিয় ছিল। দেবতাদের মধ্যে এই সকল প্রতিযোগিতার বর্ণনা ত্রাহ্মণ গ্রন্থেও দৃষ্ট হয়। রথধাবন প্রতিযোগিতা প্রসঙ্গে অশ্ববাহিত রথ, গর্ণভবাহিত রথ ও অশ্বতর অর্থাৎ খচ্চরবাহিত রংখর উল্লেখ আছে। তদানীশুন সমাজে দ্যুতক্রীড়া বা পাশা খেলার যথেষ্ট প্রচলন ছিল। ইহা ইইতে পাশাখেলার সুপ্রাচীনত্ব প্রমাণিত হয়। বিভীতক বা বহেড়াফল পাশাখেলার ওটি বা সাধনরূপে ব্যবহৃত হইত। ঋকু সংহিতার অক্ষ সৃজ্জে (১০-৩৪) দ্যুতাসক্ত ব্যক্তির চরম হর্দশা বর্ণিত হইয়াছে। সে যে নিজ পত্নীকেও পণ রাখে ও পরাজিত হইলে পত্নীকে বিজেতা লইয়া ষায় ও যদৃচ্ছা ভোগ করে ইহাও ১০-৩৪-৪ মল্লে বলা হইয়াছে। ত্রাহ্মণ গ্রন্থের যুগে সমাজে অক্ষক্রীড়া বা পাশাখেলা এইরূপ ব্যাপক আকার ধারণ করিয়াছিল ও এত জনপ্রিয় হইয়া উঠিগছিল যে দূতেকীডার জন্য সার্বজনীন ক্রীড়াগার নিমিড হইত এবং এই দৃতেক্রীড়াগার পর্যবেক্ষণের জন্ম একজন পৃথক রাজকর্মচারী নিম্বক্ত হইডেন। তাঁহাকে 'অক্ষাবাপ' বলা হইড। অক্ষমৃত্তে দ্যুতাসক্তব্যক্তির ভার্যাপণ, ভার্যাবিচ্ছেদ, বিক্লেডাকর্তৃক ভার্যাগ্রহণ ইত্যাদি মহাভারতে যুধিষ্ঠিরের দূ৷তক্রীড়াজনিত সমতুল্য হুর্দশার কথা স্বতঃই আমাদের স্থারণ করাইয়া দেয়।

লাভিত্রলা :—কণ্ঠ সংগীত ও যন্ত্র সংগীত সেই যুগে স্প্রচলিত ছিল।
মণ্ড্রক স্ভে (৭-১০৩-৭,৮) সোমরস নিদ্ধাসনে ব্যাপ্ত পুরোহিতগণের
গানযুক্ত মন্ত্র বাংহরণের উল্লেখ আছে। সংহিত্য ব্যক্ত গান, গীতি, ও
উল্গান, উল্গাতা, সংগীত প্রভৃতি শব্দ কণ্ঠসংগীতের বােধক। ঋক্ সংহিতার
বীণা, কর্করি, হল্লুভি, শতভন্ত্রী, বাণ, বংশী প্রভৃতি বিবিধ বাল্লযন্ত্রের উল্লেখ
আমরা পাই; ভন্মধ্যে বীণা ও বাণ, এই ঘুইটি ভন্ত্রীযুক্ত বাল্লযন্ত্র ছিল। বাণ
নামক বাদ্যযন্ত্রে একশত ভন্ত্রী থাকিত এবং অভ্যন্ত নিপুণ বাল্লকর ব্যতীত কেই
এই যন্ত্র বাল্লাইতে পারিত না। সেইজক্য এই যন্ত্র যে বাল্লাইতে পারিত
ভাহাকে 'অভি কুশলী' বলা হইত। মক্রদ্গণের সৃক্তে (১—১৫—১০) মক্রদ্

দেবতাগণ এই 'বাণ' নামক যন্ত্র বাজাইতেছেন বলা আছে; অর্থাং ঝঞ্জার সময় বাত্যাতাড়িত বৃক্ষরাজি ও বনানী হইতে যে শক্ উদ্ভূত হয় তাহা বাণযন্ত্রের শক্ষের সমত্ব্য। এই সংহিতায় 'আঘটি' নামক করতাল বাদ্যেরও উল্লেখ আছে। সাধারণতঃ নৃত্যের সংগে এই 'আঘটি' বাজান হইত। যাহারা কণ্ঠসংগীতের সহযোগে বীণা বাজাইত তাহাদিগকে 'বীণাগাখী' বলা হইত। পিচোলাও ওহুম্বরী নামক গৃইপ্রকারের বীণার উল্লেখ বৈদিক সাহিত্যে পাওয়া যায়। কয়েকটি শ্রোভগ্রন্থেই 'ক্ষোণী' নামক তৃতীয় প্রকারের বীণার উল্লেখ দুই হয়। কর্করি নামক বাদ্যযন্ত্রের উল্লেখ ঝক্ সংহিতার ২—৪৩—৩ মল্লে আমরা পাই—'যহুংপতন্ বদসি কর্করির্যথা বৃহদ্বদেম বিদ্ধে সুধীরাঃ।' অর্থাং 'হে শক্রনি (পক্ষা), তৃমি যখন উড্ডীন অবস্থায় তোমার পক্ষম্ব সঞ্চালন কর তখন কর্করি-বাদ্যযন্ত্রের ক্যায় শক্ষের সৃত্তি হয়।' বংশনির্মিত নাড়ী নামক বংশীর কথা ১০—১৩৫—৭ মল্লে পাই। ক্ষিপ্রধান ভদানীভন আর্যসমাজে বংশীবাদন স্প্রচলিত ছিল।

নৃত্যের উল্লেখ কয়েকটি মন্ত্রে দৃষ্ট হয়। বংশদণ্ড লাইয়া নৃত্যের কথা (১—১০—১) মন্ত্রে দৃষ্ট হয়। বিবাহ অনুষ্ঠানের একটি অঙ্গ হিসাবে নৃত্যের উল্লেখ আছে।

এই গ্রন্থের পরিশিষ্টে সংবাদস্ঞ্তের আলোচনা প্রসঙ্গের আমরা দেখাইয়াছি যে ঋকসংহিতার সংবাদ স্কুগুলিই নাটকের উৎস বা বীক্ষস্ত্ররূপ। পুরুষমেধে হব্য বা আছতিযোগ্য পুরুষগণের মধ্যে শৈল্য বা অভিনেতার নাম পাওয়া যায়। সোমযাগে অনার্যের নিকট হইতে সোমক্রম ও তৎসংক্রান্ত অনুষ্ঠান অভিনেত্র স্পৃষ্ট ইঙ্গিত দান করে। সোমের মূল্য হিসাবে অনার্য ব্যক্তিকে একটি বাছুর দেওয়া হয়। বাছুরটি বাক্ বা শক্ষের প্রজীক। তক্ষ্যে আনার্য-পুরুষ বাছুরটিকে যখন লইয়া যায় পুরোহিত্রগণ তখন নির্বাক মৃক হইয়া যান। পুনরায় বাকশক্তি ফিরিয়া পাইবার জন্ম একটি বংশদণ্ডের ছারা অনার্যব্যক্তিকে তাড়নের অভিনয় করেন এবং বাছুরটি পুনরায় জইয়া আসেন। এই অনুষ্ঠানটিকে কৃত্রিম অভিনয় (mock-drama) বলা যায়।

<u>অপরাধ :</u> প্রতিরুগেই সাধু ও অসাধু উভয়বিধ ব্যক্তি সমাজে থাকে।
আদি বৈদিকযুগেও এই নিয়মের ব্যতিক্রম ঘটে নাই। ঋক্সংহিতায় তম্কর,
ত্তের বা চৌর্যকর্ম, মদ্যপায়ী, দ্যুতক্রীভায় আসজি প্রভৃতির উল্লেখ ও নিন্দা
দৃষ্ট হয়। তক্র যজুর্বেদে বিবিধ প্রকারের তম্কর ও দস্যুর বর্ণনা রুদ্রস্তুত্ব

বিবাহ : সেই মুগে আর্থগণ বিবাহকে অতি পবিত্র ও প্রয়োজনীয় কর্ম হিষাবে একটি ব্রভরণে গণ্য করিতেন। এক হৃদয়ের সহিত অপর হৃদয়েয় শুতিসম্মত অনুষ্ঠানের হারা সম্পাদিত পবিত্র বন্ধন ছিল এই বিবাহকর্ম। ঋক্সংহিতায় বিবাহ মন্ত্রগুলি (১০---৮৫) পাঠ ও অনুধাবন করিলে বিবাহ বন্ধনের গভীরতা ও পবিত্রতা, এবং গৃহে ও সমাজে নারীর সম্মানিত উন্নতস্থান অনায়ানে হৃদয়ক্সম হয়। নববধ্কে লক্ষ্য করিয়া উক্ত সৃত্তে বলা ইইয়াছে—

"স্ফ্রাজ্ঞী শ্বন্ধরে ভব স্ফ্রাজ্ঞী শ্বস্তাং ভব। ননান্দরি স্ফ্রাজ্ঞী ভব স্ফ্রাজ্ঞী অধিদের্যু ॥"

(>0-PG-81)

অর্থাং "তুমি শ্বন্তারে উপর সম্রাক্তী হও, শাভ্ডীর উপর সম্রাক্তী হও, ননদের উপর সম্রাক্তী হও ও দেবরের উপর সম্রাক্তী হও।" অল্ একটি বিবাহমন্ত্রে ধ্রুব নক্ষত্র দেখাইয়া বধু বরকে বলেন "আকাশ ধ্রুব, পৃথিবী ধ্রুব, এই নক্ষত্র ধ্রুব ; আমিও পতিকুলে ধ্রুব অর্থাং চির্ভাৱে বিরাজ করিব।" আবার বর বা পতি অরুদ্ধতী নক্ষত্র দেখাইয়া বধুকে বলেন,— 'বিশিষ্টের পাশে যেমন অরুদ্ধতী, নাবায়ণের যেমন লক্ষ্মী, অগ্নির যেরূপ স্থাহা, ইল্পের যেরূপ শ্রুটী তদ্ধেপ তুমিও আমার হও।' এই সকল মন্তর্রাজিকে বিবাহ সম্বন্ধে বৈদিক আর্যাগণের তথা সনাতন ধর্মের অতি পবিত্র ও উচ্চ ধারণা সুপ্রমাণিত। অপত্নাক ব্যক্তির যজ্ঞকর্মে অধিকার ছিল না, সপত্নাক যজ্ঞমানের পত্নীকে সংশ্লে কইয়া যজ্ঞকর্ম সম্পন্ন করিতে হইও। এই বিষয়ে এবং ওদানীন্তন সমাজে প্রালোকের শিক্ষার উচ্চমান সম্বন্ধে এই পরিচ্ছেদে প্রকৃত্তি আলোচনা করা হইয়াছে সুতরাং এই পরিচ্ছেদে পুরকৃত্তি নিপ্রয়োজন।

কয়েকটি ঋক্মন্ত ও প্রাক্ষণ গ্রন্থের উক্তি হইতে প্রমাণিত হয় যে সেই যুগে শ্বয়ন্ত্রপথা ছিল এবং বালাবিবাহ বিরল ছিল। ১০—১৭—১১, ১২ মন্ত্রন্থে শ্বয়ন্ত্র প্রথার উল্লেখ দৃষ্ট হয়। ঐতরেয় ব্রাক্ষণে প্রজাপতির হহিতা সূর্যার বিবাহকাল উপস্থিত হইলে প্রজাপতি কর্তৃক স্বয়ন্থর সভার আহ্বান, সূর্যার পাণিপ্রার্থী বিবিধ দেবগণের সেই সভায় আগমন এবং সূর্যা কর্তৃক সোম-দেবতাকে পতিরূপে বরণের বর্ণনা দৃষ্ট হয়।

আর্য সমাজে বিবাহ ভগবংনিদিউ পূর্বপ্রস্তৃতি বলিয়া বিবেচিত হইত। পরস্পার পরস্পারের প্রতি প্রীতিভাব, গার্হস্য ও আধ্যাত্মিক কর্মে পরস্পর পরস্পরের প্রতি সহায় এবং পুরোংপাদন ছারা বংশের রক্ষণ এই সমস্তই বিবাহ বন্ধনের মুখ্য উদ্দেশ্য ছিল। আর্যগণ যে সর্বদা স্থকীয় ঔরস্ক্ষাত পুরুকামনা করিত এবং সেইস্থান যে পোস্থপুরুছারা পূরণ হয় না এই তথ্য সপ্তম মগুলের চতুর্থ স্ক্তের সপ্তম মন্ত্রে সুব্যক্ত। শক্তিশালী যোদ্ধা পুরু কামনা করিয়া দেবতাকে স্তুতি করা হইত যে পুরু যেন আবার সেই একই দেবতাকে তাহার পিতার সহিত যুগ্যভাবে স্তুতি করিতে পারে। পতি কখনও পত্নীর উপর অযথা প্রভাব বিস্তার করিতে না বরং জীবনস্ক্রিনী হিসাবে তাহাকে অভিশয় স্লেহ করিত। সহধ্যিনী শব্দ পত্নীতে সার্থক রূপ পাইয়াছিল।

সংহিতাও ব্রাহ্মণ গ্রন্থবাজির উজিতে স্পেই প্রমাণিত হয় পুরুষ ইচ্ছা করিলে একাধিক পত্না গ্রহণ করিতে পারিত অর্থাৎ বস্থবিবাহ প্রথা (Polygamy) প্রচলিত ছিল, কিন্তু একজন নারী কখনও একাধিক পতি গ্রহণ করিত না অর্থাৎ না রীর একাধিক পুরুষ গ্রহণ প্রথা (Polyandry) অপ্রচলিত ও নিষিদ্ধ ছিল। ঝক্সংহিভার ১০—৪২—২ ও তজ্জাতীয় আরও হুই একটি ময়ে পতি মৃত হইলে স্ত্রীর পুনঃ অপর পতি গ্রহণের অর্থাৎ বিধবা বিবাহের ইঙ্গিত পাওয়া যায়। পশুভগণ এই সকল মন্ত্রের ব্যাখ্যায় একমত হইতে পারেন নাই; অধিকাংশ পণ্ডিত এই সকল মন্ত্রকে বিধবা বিবাহের প্রমাণরূপে ব্যাখ্যা করিয়াছেন, অপর পক্ষে কয়েকজন এই মন্ত্রগুলি বিধবা বিবাহের সমর্থন কারনা বলিতে চাছেন। উক্ত মন্ত্রের 'বিধবেব দেবরম্' বাক্যের অন্তর্গত 'দেবর' শব্দটির ব্যাখ্যা সম্বন্ধে পণ্ডিওদের মতভেদ দৃষ্ট হয়। অধিকাংশ 'নিরুক্ত' গ্রন্থের পাণ্ডুলিপিতে,—'দেবরঃ দীঝাতিকর্মা' ব্যাখ্যা দৃষ্ট হয়, অর্থাৎ যে খেলা করে। যাঁহারা বিধবাবিবাহের সমর্থন এই মল্লে নাই মনে করেন তাঁহারা বলেন খেলা করে এমন শিশুকে লইয়া বিধবা থাকিবেন। গুই একটি নিরুক্তের পাণ্ডুলিপিতে দেবর শব্দের 'দেবরো হিডীয়ো বর উচাতে' এই ব্যাখ্যা দুষ্ট হয় ৷ যাঁহারা এই মন্ত্র বিধবাবিবাহের সমর্থক মনে করেন তাঁহারা এই ব্যাখ্যা ধরিয়াছেন।

বর্ণবাবস্থা:—অক্সংহিতায় তৎকালে প্রচলিত কোন বর্ণবাবস্থার বা বর্ণ প্রথার উল্লেখ পাওয়া যায় কিনা ইহা একটি আলোচা বিষয়। বর্ণ প্রথার পরোক্ষ উল্লেখ দৃষ্ট হয়। সেই উল্লেখ হইতে তদানীর্ত্তন সমাজে বর্ণপ্রথার প্রচলন প্রমাণিত হয়। পরবর্তী মুগে বর্ণপ্রথার যে কঠিন বন্ধন সমাজে দৃষ্ট হয় তক্রপ কোনও সৃদৃঢ় প্রথা তখন অবশ্য ছিল না। বিভিন্ন বর্ণের মধ্যে কঠিন সামারেখা ঋকসংহিতার মুগে ছিলনা। ব্রাহ্মণ, ক্ষব্রিয়, বৈশ্য ও শৃদ্র বর্ণচতৃষ্টবের সাধারণ ভাবে উল্লেখ পাওয়া যায়। চারিটি বর্ণের স্পষ্ট উল্লেখ দশমষশুলের বিখ্যাত পুরুষসূজে দৃষ্ট হয়—

> "বান্সণোহয় মুখমাসীদ্ বাছুৱাজ্বঃ কৃতঃ। উক্ল তদয় যদ্বৈশ্ব: শস্তাং শৃদ্ৰো অজায়ত ॥"

> > (\$0-\$0-\$\$)

স্কিকিতা পরমপুরুষের মুখ ভালিলে পরিণত হইল, বাহুদ্য ক্ষাত্রিয় ইইল, উরুদ্য বৈশ্য ইইল এবং পদ্যুগল হইতে শূদ্র উৎপন্ন হইল। বৈশা ও শৃদ্রের বিস্পষ্ঠ উল্লেখ এই সৃত্তে পাওয়া যায়। ঋকসংহিতার অহাায় মগুলে 'বিশঃ' শব্দ আছে, বৈশা শব্দ পাওয়া যায়না। 'বিশঃ' কথাটির অর্থ সাধারণ প্রজা। অনেক পাশ্চাত্রা গভিতের মতে ঋক্সংহিতার দশ্ম মগুল বাতীত পূর্ব পূর্ব মগুলে চতুর্বর্ণের উল্লেখ দৃষ্ট হয়না কিছ্ক এই ২ত ভাত্ত, কারণ চারিবর্ণের কথা পাওয়া না গেলেও ব্রাহ্মণ, ক্ষাত্রিয়, বৈশ্যের উল্লেখ দৃষ্ট হয়। উদাহরণয়রাপ চতুর্থ মগুলের বৃহস্পতি সৃত্তের অষ্টম ঋক্ উদ্ধৃত করা চলে,—

"তাঁস্ম বিশঃ স্বয়মেবানমন্তে যক্ষিন্ একা। রাজনি পূর্ব এতি।"

(8-do-b)

অর্থাং সেই রাজার বিশাগণ সভঃপ্রর্তভাবে অনুগত হন যে রাজা আক্ষাণ পুরোহিতকে (সর্বকর্মে) অগ্রবর্তী রাখেন। এই মন্ত্রে আক্ষাণ, ক্ষাত্রিয় ও বিশের স্পেষ্ট উল্লেখ রহিয়াছে।

গীতায় শ্রীভগবানের উজ্জি—'চাতুর্বর্ণাং ময়া সৃষ্টং গুণকর্ম বিভাগদঃ" (৪—:৩) অর্থাং গুণ ও কর্মের বিভাগ অনুযায়ী আমার হারা বর্ণচতুষ্টয় সৃষ্ট হইয়াছে। বৈদিক মুগে গুণের হারা জাতির হিচার হইত, জন্ম বা জাতির হারা গুণের বিচার হইত না।

রাজতন্ত্র; শাসন ব্যবস্থা: — পরিবারই ছিল সমাজের ভিত্তি এবং সমাজ ছিল রাজ্যের সৃদৃচ্ ভিত্তি। শাসন ব্যবস্থার কাঠামো ছিল প্রিংগর পরিচালন ব্যবস্থা। সেই যুগে রাজতান্ত্রিক শাসন ব্যবস্থার প্রচলন ছিল; সেই প্রথার মূলে ছিল পিতাপ্রভাবিত পরিবার প্রথা। রাজাই রাজ্যের কর্ণধার ছিলেন। থাকুসংহিতায় বহু রাজার উল্লেখ পাওয়া যায়। বরুণের সৃজ্জে তাঁহাকে রাজা, সম্রাট্ প্রভৃতি শব্দে বিশেষিত করা হইয়াছে। সোম, ইক্ত বরুণ প্রভৃতি দেবতাদের রাজা ছিলেন। ৭০-৩৬—৩, ৭—৮৩—৬ প্রভৃতি মন্ত্রে রাজা মূলাসের সঙ্গে দশজন তৃপভির সমবেতভাবে মুদ্ধ করার বর্ণনা আছে।

বংশানুক্রমে দশপুরুষ ধরিয়া নূপতিদের রাজ্যশাসনের কথাও বেদে কীতিত হইয়াছে। রাজার প্রধান মন্ত্রী ছিলেন ব্রাক্ষণ পুরোহিত। গাগবেদের বৃহস্পতিসূত্তে স্পাই বলা হইয়াছে যে রাজা বাহ্মণ পুরোহিতের পরামর্শ লইয়া রাজ্য পরিচালনা করেন, প্রজাগণ তাঁহার বহাতা স্থাকার করে (৪—৫০—৮)। দেবরাজ ইন্দ্রের প্রধানমন্ত্রী ছিলেন বৃহস্পতি দেবতা। বৈদিকমুগ হইতে গুপ্ত সাম্রাজ্য পর্যন্ত বাহ্মণগণই প্রধানতঃ মুখ্যমন্ত্রীর পদ অলস্কৃত করিয়া গিয়াছেন।

দাস ও দসুরে কথা এই বেদে বস্থস্থানে বঙ্গা হইয়াছে। আর্মগণের সহিত ভাহাদের প্রায়ই যুদ্ধ হইত। দাস ও দসুগণ অনার্য ছিল। ১০—১০২ সুস্তেজ্ঞানা যায় দাস সৈৱাদলের মধ্যে যথেই সংখ্যক স্ত্রা সৈৱাও থাকিত; অৱ্য কয়েকটি সুস্তেজ এই তথ্য পাওয়া যায়।

৭—১৮—২ মত্তে বলা হইয়াছে, রূপতি যেমন তাঁর পদ্নীদের মধ্যে বাস করেন ইব্রু তদ্রুপ আলোকরাশির মধ্যে বাস করেন। এই উক্তি বৈদিকযুগের রূপতিদের বগুবিবাহের সাক্ষাদান করে। উত্তর বৈদিকযুগে 'শতপথ' প্রভৃতি রাহ্মণ গ্রহেম (বাবাতা, পরিবৃত্তা ও পালাগলী নামী চারিক্ষন রানীর বর্ণনা আছে। প্রধান রানীকে বলা হইত মহিষী, প্রিয়তমা রানীকে বলা হইত বাবাতা, নিঃসন্তানা পরিত্যক্তা পদ্নীর নাম ছিল পরিবৃত্তা এবং নিম্বর্ণের রানীকে পালাগলী বলা হইত। এই চারিক্ষনের মধ্যে একমাত্র মহিষীর সাংবিধানিক মর্থাদা ছিল।

ধর্মঃ—ঋগবেদে ধর্ম নিরপেক (Secular) সুস্তের তুলনায় ধর্মসংক্রোম্ভ সুস্তের সংখ্যা অনেক বেশা। ধর্মমূলক সুক্তঞ্জলিতে দেবতাগণের স্তুতি, দেবতাদের নিকট প্রার্থনা দৃষ্ট হয়; আবার কোন কোন সৃক্ত যজ্ঞ সংশ্লিষ্ট। ঝগবেদের সৃক্তগুলিতে আমং। মনন ৬ চিন্ডার বিবিধ ৬ বিচিত্রধারা দেখিতে পাই। এই চিন্ডাধারার কতকন্তলি বৈশিষ্ট্য সংক্রেপে উল্লেখ করা ঘাইতে পারে। বৈদিক ধর্মের একটি বিশেষ লক্ষণ এই যে ইহা ব্যবহারিক জীবনের উপযোগী এবং ফলপ্রসু। মন্ত্রগুলি যেমন ছন্দোবদ্ধ কাব্যের উচ্ছাস অভাদিকে আবার কিছু সৃক্ত যজ্ঞমূলক এবং যজ্ঞে প্রযোজ্য। সেই মুগে গৃহপালিত পন্ত, ঐশ্বর্ম, বীরপুত্র, দার্থজ্ঞীবন, প্রভুত শন্য প্রভৃতির জন্ম ঝারগণ দেবতার নিকট মন্ত্রের মাধ্যমে প্রার্থনা জানাইতেন। দেবতাকে তাঁহারা স্তুতি করিতেন ও যজ্ঞে আছতি দান করিতেন, এবং তাহার পরিবর্তে ঐছিক ও পারত্রিক সম্পদরূপে দেবতাগণের আশীর্বাদ প্রার্থনা করিতেন। দেবতাও মানুষের মধ্যে শর্তবিহীন সরল প্রাণের পারস্পরিক সম্বন্ধই উদ্দিন্ট ছিল।

যাজকীয় ধর্ম; পৌরোহিত্য:— ঋকবেদীয় ধর্মের অপর একটি বিশেষত্ব এই যে ইহা প্রকৃতপক্ষে পুরোহিত শ্রেণীর ধর্ম—উপরোক্ত আলোচনা হইতে ইহাই প্রমাণিত হয়। অত্য কথায় বলিতে গেলে বৈদিকধর্ম স্বভাবতঃ যজ্জনিষ্ঠ ধর্ম। সমাজে তথন পুরোহিত শ্রেণী অতি উচ্চস্থান লাভ করিয়াছিল। ধর্মীয় অনুষ্ঠানে তাঁহারা রাজা ও দেবভার মধ্যে মধ্যস্থ ব্যক্তিরূপে কর্ম করিছেন। যেহেতৃ অনিবার্য যুদ্ধাদির খোষণা ও বিজয় তাঁহাদের প্রার্থনার উপর নির্ভর করিত তাই পুরোহিতগণ কেবল ধর্মের কেব্রুই ছিলেন না, তাঁহারা রাজনীতিরও প্রাণকেন্দ্র ছিলেন। ভগবান তাঁহাদের স্তুডিডে সম্ভুষ্ট হইয়া কোনও নুপতির অনুকৃষ হইয়া বিপক্ষকে পরাভূত করিতেন ও এই নুপতিকে বিজয়-মাল্য দান করিতেন। বহু শতাব্দাব্যাপী গ্রাকদের ধর্মীয় গল্পে আমরা এইরূপ পুরোহিতের প্রভাবের চিত্র দেখিতে গাই , ঋগ্বেদে দেখিতে পাই বশিষ্ঠদেব ইব্রুকে অনুরোধ করিভেছেন ভিনি খেন জনগণের অনুকৃলে থাকিয়া বিপক শক্রকে ধ্বংসের জ্বল্য তাহাদিগকে সাহায্য ও সৈল্যসামস্ত প্রদান করেন। সেই দেবোদিষ্ট ঐকাভিক সরল অন্তরের স্তুতি অকৃত্রিম ভক্তিরসাপ্লুত ছিল। হৃদয়ের সহিত ছিল হৃদয়ের ভালবাসা। প্রাণহীন আকৃতি, অনুভৃতিহীন কৃত্রিম শব্দাড়ম্বর অথবা মিথা।ভাষণ প্রভৃতির অন্তিত্ব ছিলনা।

দেবতা :— ঋণবেদের দেবত। সম্বন্ধে এই গ্রন্থের পঞ্চম পরিচ্ছেদে ও বিশেষ করিয়া নবম পরিচেছদে বিস্তৃত আলোচনা করা হইয়াছে, সুতরাং এই স্থলে শ্বনবায় আলোচনা নিষ্প্রয়োজন। কেবল বৈদিক দেবতাবাদের একটি বৈশিষ্ট্য এখানে আলোচনা করিব। কোন কোন গাশ্চান্তা সমালোচক গ্রীক দেবতা-বাদের সঙ্গে বৈদিক দেবভাবাদকে সমপর্যায়ে ফেলিয়াছেন। আচার্য মাকস্মালার এই শ্রেণীর সমালোচকদের আভি দর্শাইখা দিয়াছেন। ঋক-(वर्षात्र (पर्वरापरी शृष्ट्यात इंटाडे अथान दिश्विष्ठ) (य यथन कान (पर्वणात আবাহন ও স্তুতি করা হয় তখন তাঁহাকে ক্ষুদ্র সসীম শক্তিসম্পন্ন দেবতারূপে স্তুতি করাহয় না; সর্বব্যাপী সর্বশক্তিমান প্রমেশ্বর রূপে স্তুতি করাহয়। এই ডতু স্পষ্টভাবে প্রমাণ করে যে বেদের দেবতাতত্ব প্রাচীন গ্রীক ধর্মের দেবতাবাদ হইতে সম্পূৰ্ণ পৃথক। প্ৰাচীন গ্ৰীক ধৰ্মে দেবতাগণকে ক্ষুদ্ৰ শক্তি সম্পন্ন এক একজন সদীম বাজিসভারপে কল্পনা করা হইয়াছে, পরমেশ্বর বা মহাসভারেপে কল্পনা করা হয় নাই। ডজ্জন্য গ্রীকণেবঙাবাদকে Polytheism वा वहरमवडावाम वला इयः श्लोक (सवडावारम डिकेडेन (Zeus) नारम (नरदाक अक्कन आध्यन किंड भृथक भृथक (नर्यात राक्षिम्छ)

অতিক্রমকারী কোনও সর্ববাাপী প্রমস্তার ধারণা পাওয়া যায় না। বেদের দেবতাবাদের এই বৈশিষ্ট্যকে মাকস্মালার হিনোখি-ইজম্ (Henotheism) বা কেখিনোখি-ইজম্ (Kathenotheism) সংজ্ঞা দিয়াছেন; এই সংজ্ঞার অর্থ যখন যে দেবতার স্তুতি করা হয় তখন তাঁহাকে প্রমেশ্বর রূপে স্তুতি করা হয়। দেবতাতত্ত্বর এই বৈশিষ্ট্য নিম্নোদ্ধত বেদমন্ত্রের হারা সমর্থিত। "একং সং বিপ্রা বহুধা বদন্তি অগ্নিং যমং মাতরিশ্বানমাহুং" (ঋঃ বেঃ ১—১৬৪—৪৬), অর্থাং দেই এক প্রমস্তাকে বিপ্রগণ অগ্নি, যম, মাতরিশ্বা ইত্যাদি বিবিধ নামে অভিহিত করেন। "এতব্যৈব সা বিস্টিরেষ উত্যেব সর্মের দেবাং" (শুরুষজুং সংহিত্য); 'এই প্রমেশ্বরেই বিস্টি জ্বংপ্রপঞ্চ; এই প্রমেশ্বরই সকলদেবতা।' শুরুষজুর্বেদের আর এক মন্ত্রে আরও স্পষ্ট ভাষায় থারি বলিতেছেন—

"তদেবাগ্নিস্তদাদিতা স্তদ্ বায়ুস্তত্ব চন্দ্রমা:।

ভদেব শুক্রং তদ রক্ষ তা আপং স প্রজ্ঞাপতিং॥" (৩২-১)
অর্থাং 'ভিনিই আদিজে, ভিনিই বায়ু, ভিনিই চক্রমা, ভিনিই শুক্র, তিনিই রক্ষা,
ভিনিই জলদেবতা, জিনিই প্রজাপতি।' বেদের দেবতাবাদের এই মূলভত্ত্ব
হিল্পুর্যে অলাবধি সকল পূজায় রূপায়িত। বিষ্ণু, শিব, কালা, গণেশ,
হুর্গা যাঁগারই পূজা করুক ভক্ত তাঁহাকে পরব্রুমারণে পূজা করে, তজ্জ্বাই
সাধক প্রবর রামপ্রসাদ গাভিয়াজেন—

'কালীই ব্রহ্ম জেনে মর্ম ধর্মাধর্ম সব লেড়েছি।' বেদের এই দেবভাবাদই বৈদিকধর্ম ও দশনের একেশ্বরবাদের উৎস।

একেশ্বরাদ :— দেবতাদের আলোচনায় ঋগ্বেদ ও তক্লযজুর্বেদ হইতে যে
মন্ত্রগলি উদ্ধৃত ও বাখা। করা হইল সেই মুক্তলি সর্ববাপী সর্বশক্তিমান ভূতাদ্মা
ও জীবাদ্মা একেশ্বর তত্ত্বের বোধক । শ্বন্দার্থিক বিবাপার্ভ সৃক্ত (১০—১২১)
পুরুষসৃক্ত (১০—৯০) প্রভৃতি সৃক্ত একেশ্বরবাদ ঘোষণা করে। পুরুষসৃক্তে
সৃক্তির সূচনায় পুরুষ কি ভাবে নিজেকে আহতি দিলেন,—সেই একের সন্তা
স্থাবর-জঙ্গম সকল প্রপঞ্চে পরিণত হইল ভাহা দেখান হইয়াছে। এই সুক্তের
বিভীয় মে বলা হইয়াছে হাহা কিছু সৃষ্টপদার্থ সবই পুরুষ, তৃতীয় মন্ত্রে ভত্তি
আরও পরিস্ফুট হইয়াছে—

'এতাবানস্ত মহিমাতো জ্যায়াংশ্চ পুরুষ:'। পাদোংস্ত বিশ্বা ভূতানি ত্রিপাদস্তামৃতং দিবি ।" অর্থাং তাঁরই সৃষ্ট এই বিশ্ববন্ধাণ্ড এই পুরুষের মহিমা। (বিশ্ব ব্রহ্মাণ্ডের সকল পদার্থ তাঁহার একটি অংশমাত্র; তাঁহার অবশিষ্ট তিন অংশ হালোকে অমৃত হইষা রহিষাছে; অর্থাং পুরুষ যেমন বিশ্বের উৎস ও বিশ্বময় তজেপ যুগপং তিনি বিশ্বকে অতিক্রম করিষা রহিয়াছেন। পুরুষসৃজ্জের এই তত্ত্বই বেদের উপনিষদ্বাল্বয়ে "একো২২ং বছ স্থাম্" "তদৈক্ষত বছস্থাং প্রজাবেষ্ব" অর্থাং একের বছ হওয়া তত্ত্বের বীজ্ঞ এবং এই সৃজ্জের তৃতীয় মন্ত্রটি উপনিষংকীতিত ব্রহ্ম যে যুগপং বিশ্বের প্রাণকেন্দ্র, বিশ্বের উৎস, বিশ্বময় (Immanent) ও বিশ্বাভিগ (Transcendent) এই প্রমতত্ত্বের বীজ্ম্বরূপ, এই তত্ত্ব গীতার নিম্বোদ্ধত প্রোক্ত প্রোক্ত ত্বাণীতে ধ্বনিত হইয়াছে—

"বিইডাাহমিদং কৃৎস্লমেকাংশেন স্থিতো জগং"।

\$0-8\$

শ্রীভগবান বলিতেছেন,— "আমি আমার একাংশের ঘারা সমগ্র জ্বগং ব্যাপ্ত কবিষা বহিষাভি।''

পরিশিষ্ট (ক)

এই প্রন্থের নবম পরিচেছদে কয়েকজন দেবতার আলোচনা করা হইয়াছে। এই পরিচেছদে আরও কয়েকজন দেবদেবার স্থরূপ ও কার্যের আলোচনা করা হইল।

স্থ

'ঋথেদে সর্বসমেত তেরটি সৃক্ত সৃর্যদেবতার উদ্দেশ্যে পাওয়া যায় । আবার এই বেদের পঞ্চম মণ্ডলের চল্লিশ সংখ্যক সৃক্তে ইন্দ্র ও সৃর্যের একযোগে স্তৃতি করা হইয়াছে । সৃর্যের বহুমুখী স্তৃতি ঋথেদে দৃষ্ট্র হয় । সৃর্যই সকল শক্তির মূল উংস । সৃর্য বিহনে আমাদের এই সচলায়তন জগং অচলায়তনে রূপাতারিত হইয়া পড়িবে এই সভাটি সর্বজনবিদিত । পৃথিবীর ভৌগোলক ভারতমার হেতু এই সৃর্য । আবার ঋতুপারবর্তনও সম্পূর্ণরূপে সুর্যের উপরই নির্ভরশীল । প্রাণীর জাবনধারণের জন্ম একাস্ভল্যের মধ্যে সৃর্য সর্বাপেক্ষা আলোকের উংগাত্তিস্থলও মূর্য ৷ আকাশের গ্রহ নক্ষত্রের মধ্যে সৃর্য সর্বাপেক্ষা ছাতিমান । বেদে অস্ত্রগামা, সূর্যের অতি মনে। মুক্ষকর রূপকে একজন সুক্ষর সৃঠাম মুবকের সহিত তুলনা করা হইয়াছে ।

যাস্কাচার্য তাঁহার নিরুক্ত গ্রন্থে সূর্য শব্দের নির্বচন প্রদর্শন করিয়াছেন—
'সূর্য: সর্ত্রেরা সূবতের্বা স্থায়তেরা'। প্রগাচার্য আবার একছানে বলিয়াছেন—
সর্ত্রেরা সূর্য: সূবতেরা', প্রস্বার্থিয় স এব হি ইদং সর্বং প্রসূবতি জনমতীতার্থ:'
—অর্থাং সূর্যই এই সমস্ত কিছুর জন্মণাও।। হর্গাচার্যের মতানুসারে আবার বায়ু হারা প্রেরিত হয় এই অর্থ সূর্যশব্দের নির্বচন দৃষ্ট হয়—'বায়ুনা হারং সূষ্ঠ্ ইর্যাতে প্রের্যাতে ইতার্থ:'। রহদারণ্যক উপনিষদের (৫০১৫) শ্রীশ্রীশঙ্করাচার্যের ভায়ে ইহা স্প্র্টরেরপে উল্লিখিত আছে যে যিনি রিশাকে সম্যক্ প্রেরণ করেন অথবা গুণ ও জ্ঞানকে যিনি প্রেরণ করেন তিনিই সূর্য (সূর্য: সূষ্ঠ্ ইর্য়াতে রসান্ রশ্মীন গুণান্ ধিয়ো বা জগতঃ)। খগ্রন্থেদের দশম মগুলের অন্তর্গত নক্ষইতম সূক্তটি বিশেষ গুরুত্বপূর্ণ। এই সুক্তে বিরাট পুরুষের উল্লেখ রহিয়াছে। স্টির প্রারম্ভে বিদ্যান এই পুরুষ হইতেই বিশ্ববন্ধাতের উদ্ভব ইহাছে। পৃথিবীর আকাশ্দ, জীবজন্ত এবং বিভিন্ন বর্ণসমূহও এই পুরুষ হইতেই সমৃভূত। বিরাট পুরুষের নন হইতে উৎপন্ন হইল চক্ষ ; সূর্যদেব জাত হইলেন তাহার চক্ষ হইতে, মুখ হইতে জন্ম নিলেন ইক্স এবং অগ্নি

(৬০।৯০।১৩)। 'সহস্রশীর্ষা সহস্রপাং' এই পুরুষের আয় সূর্যদেব ও সহস্রশৃক্ষযুক্ত ব্যভ ('সহস্রশৃক্ষা ব্যভঃ'—৭।৫৫।৭)। অথববিদে উদীয়মান ভানুকে
'রোহিড' নামে অভিহিড করা হইয়াছে। এই রোহিড নামসম্পন্ন 'সহস্রশৃক্ষযুক্ত' ঋণ্বেদের সহস্রশৃক্ষবিশিষ্ট সূর্যের মডই প্রবল পরাক্রমশালী এবং
ডেজ্মী। এই রোহিডদেবতা আকাশ এবং পৃথিবীকে ধারণ কলিয়া আছেন
এবং অআত দেবতাগণও এই দেবতার প্রভাবেই অমৃভত্ব লাভ করিয়া থাকেন।
একথা স্পাইই উল্লিখিত আছে যে ঋণ্বেদের সবিতা, পৃষা, মিত্র প্রভৃতি
দেবতাগণ সূর্যেরই বিভিন্ন রূপ। সূর্যকে আকাশ এবং অদিভির পুত্র বলিয়া
অভিহিত করা হইয়াছে। উষা সূর্যের ভার্যা (সূর্যায় যোষা) বলিয়া বর্ণিতা
হইয়াছেন (৭।৭৫।৫); আবার অক্যত্র উষাকে সূর্যের ভাগনীও বলা হইয়াছে।

বেদে সুর্যকে সোমরসপায়ী বলিয়া স্তুতি করা হইয়াছে। সূর্য যেন মধুর সোমরস পান করিয়া পরিতৃপ্ত হইয়া যজমানকে দীর্ঘ আয়ু প্রদান করেন (বিভাত ্রহংপিবতু সোম্যং মধু)।

এই বিভাট দেবতা শক্তনাশক, বৃত্তহন্তা এবং রাক্ষসদিগকে দমন করিতে সুনিপুণ (অমিত্রহা বৃত্তহা দস্যহন্তমং জ্যোতির্জজ্ঞে অসুরহা সপড়হা ১০।১৭০।১)। জ্যোতিষ্ণসমূহের মধ্যে সুর্যই সর্বাপেক্ষা ছাতিশীল এবং বেগবান্। সূর্য সর্বজ্ঞবী, সর্বপ্রকার ধনও এই দেবতার আয়ন্তাধীন (ইদং শ্রেষ্ঠং জ্যোতিয়াং জ্যোতিরুত্তমম্ বিশ্বজ্ঞিকনজিত্বচাতে বৃহং—১০।১৭০।৩)। সুর্যের তেজ কল্যাণ-প্রস্, যজ্ঞসম্পাদনে অনুকৃল এবং সর্বলোক পালনে সমর্থ। (১০।১৭০।৪)।

স্থের পৃষ্ঠপোষক দেবতার উল্লেখ্ড বেদে পাওয়া যায়। পৃষণদেবতা স্থাদেবের বার্তাবহ এবং বরুণদেবতা তাঁহার গতিপথ নির্ধারণকারী। (যান্তে পৃষণ্- নাবো অন্তঃ সমুদ্রে হিরণায়ীরন্তরিকে চরন্তি। তাভিহাসি দৃত্যাং স্থা—৬।৫৮।৩; উরং হি রাজা বরুণককার স্থায় পন্থায়বিত্তবা—উ—১।২৪।৮)। নিরুক্তপ্রস্থে স্থাকে গুলোকের দেবতা বলিয়া উল্লেখ করা হইয়াছে (স্থাঃ গুলোক্য। ৭।২।১)। 'অথৈতাকাদিত্যভক্তীক্যমা লোকস্থতীয় সবণং বর্ষা জগতী সপ্তদশন্তোমো বৈরুপং সাম যে চ দেবগণাঃ সমাল্লাভাভক্তীয় সবণং বর্ষা জগতী সপ্তদশন্তোমো বৈরুপং সাম যে চ দেবগণাঃ সমাল্লাভাভক্তীয় সবণ, বর্ষাঝতু, জগতীছল, সপ্তদশন্তোম এবং বৈরুপ সাম আদিত্যসম্বন্ধী। উত্তমস্থানে পরিক্রিত আদিত্যাদি দেবতা এবং উষা, বৃষাকপায়ী প্রভৃতি দেবী সূর্যের সহচরী বলিয়া অভিহিত হইয়াছেন।

मृत्यंत्र कर्म निक्रणनकारम याम्नावार्यत विकान-मन्ना छेक्कि छि छहान्यरयाना

—'অথায় কর্ম রসাদানং রশিভিশ্চ রসধারণং যচ্চ কিঞ্চিং প্রবল্হিতমাদিত্য কর্মের তং' (নিরুক্ত, ৭০০৪)। তাংপর্য এইরূপ,—রসপ্রদান এবং রশির দারা রসধারণ করা আদিত্যদেবতার কর্ম। যে কোন প্রবল্হিত কর্ম আদিত্যদেবতার কর্ম। যে কোন প্রবল্হিত কর্ম আদিত্যদেবতার কর্ম। যে কোন প্রবল্হিত কর্ম আদিত্যদেবতা কর্তৃক নিষ্পাদিত হয়। এখানে রসদান বলিতে বৃদ্ধি বৃশাইতেছে। আবার রশিদ্বারা আদিত্য রসধারণ করে—এই তত্ত্বের মধ্যে নিহিত আছে এক বৈজ্ঞানিক সত্য। সূর্যরশির ফলেই সমুদ্রের জল বাষ্পায়িত হইয়া উপর্বে উঠিয়া যায়; আবার সেই বাষ্প ঘনীভূত হইয়া র্টিরূপে পৃথিবীর বৃকে করিয়া পড়ে। মেদের উৎপত্তি সম্বন্ধে যে বিজ্ঞানসম্মত কারণ তাঁহার 'মেঘদৃত' নামক খণ্ডকাব্যে কালিদাস দর্শাইয়াছেন তাহার সহিত সূর্যের কর্মের নিকট সম্বন্ধ রহিয়াছে। কালিদাস বলিয়াছেন,—'ধূমজ্যোতিঃ সলিলমকুডাং সন্মিপাতঃ ক মেঘঃ'—ধূম, তেজ, জল এবং বায়ুর সংমিশ্রিত মেঘ। তেজের সহায়ে জল হয় বাষ্পাভূত এবং সেই বাষ্প আকাশে বায়ুর সংস্পর্শে আদিয়া ঘনীভূত মেঘের সৃষ্টি করে। এখানে জ্যোতিঃ অর্থে সূর্যকেও ধরা যাইতে পারে। কারণ সূর্য ব্যতীত অপর কোন শক্তি নাই যাহা এত শীঘ্র জলকে বাম্পে রূপান্ডরিত করিতে,পারে (যাঃ সূর্যো রশ্মিভিরাততান ৭।৪৭।৪)।

এই মহান্ সূর্যদেবতা ঋণ্বেদে চন্দ্রমা, বায়ু এবং সংবংসরের সহিত স্থানে স্থানে একযোগে স্তৃত হইয়াছেন। গগনে সূর্যের উদয় সৃচিত হওয়ামাত্র নক্ষত্রমগুলী চোরের মত পলায়ন তংপর ইয়া উঠে (অপত্যে তারবো যথা নক্ষত্রা যন্তাক্ত্বভিঃ। স্রায় বিশ্বচক্ষসে ১।৫০।২)। বিশ্বের প্রদীপক অর্থাং প্রকাশক এই দেবতা; বিশ্বমাভাসি রোচনম্ ১।৫০।৪)। তিনি দিবারাত্রির প্রভেদ নির্ণায়ক (বি দামেষি রক্ষস্পুত্রহা সিমানো অক্তব্বভিঃ ১।৫০।৭)। অতিশয় ভায়র রিশিসমন্ত্রিত সূর্যদেবের শ্রেষ্ঠত ঋণ্বেদের একক্ষায়গায় স্পইনরূপে বাক্ত হইয়াছে। তিনি উত্তম বাদ্ধবেররশা উত্তম মিত্র বিশ্বমাণ সৃর্যের স্থাতি বহিয়াছে (উদায়দ মিত্রমহ ১।৫০।১১)। এই সূর্য রোগদোকাদি ধ্বংসের জন্ম আকাশ পথে যেন গমন করেন (১।৫০।১৩)।

ঋগ্বেদের প্রথম মগুলের একশত পঞ্চলশতম সৃত্তে স্থোদ্যের এক মনোলোভা বর্ণনা দৃষ্ট হয়। উজ স্কে ভাষার মাধুরিমা এবং অলঙ্কারের ধ্বনি কাব্যরসের মানকে নিঃসন্দেহে এক উন্নত পর্যায়ে লইয়া গিয়াছে। দেবতা সকলের কান্তিসমন্থিত অত্যক্ষণ বলিয়া এই স্থাদেবতার বর্ণনা করিয়াছেন বেদের ঋষি। এই উজ্পেন্থ তাঁহার উজ্জ্বা লইয়া উদ্যাচলে গমন করেন (চিত্রং দেবানুম্দগাদণীকং চকুর্মিত্রয় বক্রশ্যাগ্রে:—১০১১৫০১)। উদয়কালে

সূর্য আকাশের পূর্বভাগে তাঁহার অপূর্ব দীপ্তিতে দেদীপ্যমান হইয়া শোভা পান। উক্ত মন্তে সূর্যকে দেবতাদের উজ্জ্বলমুখ বলা হইয়াছে। 'Ancient Mariner' নামক কাব্যে কবিবর কোলেরিজ (Coleridge) নিয়োজ্বত স্তবকে সূর্যকে ভগবানের উত্তমাক্ত বলিয়াছেন—

> 'Nor dim nor red like God's own head The glorious Sun uprist;'

সেই জাজ্লামান অগ্নিপিণ্ডটি, নববধ্র কণালে শোভিত সিল্র বিন্দুর মতই এক অভিনব সৌলথোঁর আকর। প্রভাত সুর্যের রূপে মুদ্ধ কবির কণ্ঠ ইইছে তাই নিঃসারিত হইয়াছে—'পূর্ব উদয় গিরি ভালে, গাহে বিহল্পম পুণ্য সমীরণ নবজীবনরস ঢালে'। এই বসুদ্ধরা, আকাশ এবং অস্করীক্ষকে পূর্ণ করিয়াছেন সূর্যদেবতা তাঁহার দীপ্তি এবং তেজ বিতরণ করিয়া (আপ্রা ঢাবা-পৃথিবী অন্তরিক্ষম্—১০১৫:১)। মিত্র, বরুণ এবং অগ্নিদেবতার দর্শনে ব্রিয়ালয় বরুণ এই দেবতা (চক্ষুমিত্রয়া বরুণয়াগ্নেঃ ১০১৫।১)।

সুর্যদেবতাকে সাতটি অশ্ব বহন করে (সপ্ত তা হরিতো রথে বহন্তি দেব সূ্য — ১০১৫০০৮)। স্থের রথবহনকারী অশ্বশুলি কল্যাণময় বলিয়া উক্ত হইয়াছে (ভদ্রা অশ্বা হরিতঃ সূ্য স্থা ১০১৫০৩)। এই অশ্বসমূহ বিভিন্নবর্ণ-বিশিক্ত। বিশ্বের কল্যাণার্থে অশ্বসপ্তক স্থাকে বহন করে (শীক্ষা লগতন্ত সুষ্পতিং সময়া বিশ্বসা রজঃ। সপ্ত শ্বসারঃ সুবিতায় স্থাং বহন্তি হরিতো রথে — ৭০৬৬০০)। সূর্য যখন রথে সপ্ত অশ্ব জুড়িয়া আকাশ পথে গমন করেন তখন পৃথিবীর কোন শক্তিই তাঁহাকে রোধ করিতে সমর্থ হয় না।

সূর্যের আকৃতি ছই প্রকার—কৃষ্ণ এবং শ্বেডবর্ণ। মিত্র এবং বরুণের প্রতিকৃতি বলিয়াই যেন এক সৃর্থের ছই রূপ (১০১১৫৫)। এই সৃজ্জে রাত্রি প্রাণীবাচক বলিয়া কল্পিত হইয়াছেন। আবার একই সৃজ্জে অশ্য মল্পে রাত্রির এক জীবন্ত প্রতিকৃতি প্রদন্ত হইয়াছে। তাংপর্য স্বরূপ বলা যাইতে পারে যে, অশ্বগুলি যখন সৃর্যের রথ হইতে পৃথকীকৃত হয় তখন পৃথিবী যেন কৃষ্ণবর্ণ বল্পে অবশুষ্ঠিত হইয়া আত্মগোপন করেন। কি অপূর্ব এই কবিকল্পনা। ছান্দোগ্য ক্রেতিতে সুর্যের দ্বিবিধ আকৃতির এক সুষ্ঠু রূপদান করা হইয়াছে—'অথ যদেতদাদিতাস্থ তক্রং ভাঃ সৈর্কাথয়নীলং পরঃ কৃষ্ণং তং সাম তদেতদস্যাম্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম ভ্রমাদ্বচাধ্যুদ্ধ সাম তন্মাদ্বচাধ্যুদ্ধ সাম ভ্রমাদ্বচাধ্যুদ্ধ সাম ভ্রমাদ্বচাধ্যুদ্ধ সাম ভ্রমাদ্বচাধ্যুদ্ধ সাম ভ্রমাদ্বচাধ্যুদ্ধ সাম ভ্রমাদ্বচাধ্যুদ্ধ সাম। এই শুক্রতার প্রতিভূ প্রকের মধ্যেই কৃষ্ণণীপ্তিক্রপ্রদাম নিহ্নিত এবং এই কারণেই ঋক্ সামের অধিষ্ঠান বলিয়া খ্যাত।

সকল অদৃষ্ট অশুভ প্রাণীর নাশক বস্থ প্রকার বিষনাশক অদিতিপুত্র সূ্য পর্বত হইতেও বস্থ উচ্চতর স্থানে অধিরোহন করেন (আদিত্যাঃ পর্বতেভাঃ বিশ্বদ্ফো অদৃষ্টহা—১০১১১১)। স্য দৈবতা অতিদ্বে অবস্থান করিলেও আমাদের সন্নিকটে অবস্থান করিতেছেন এবং তাঁহার মহিমার প্রভাবে বিষও অমৃতে পর্যবসিত হয় (মধু তা মধুলা চকার—১০১১১১)। স্থ ই দিন রাত্তির ক্রম পরিবর্তনের কারণ। বিরুদ্ধাচারীকে নাশ করিবার জন্ম অপরিসীম বলে বলীয়ান স্বের্ণর ভেজকে ঋষি বলনা করিতেছেন। শক্তনাশার্থে সর্বথা মিত্রভাবাপর ঋভুরূপী মরুদ্গোষ্ঠীকে ঋরেদে স্বের্ণর শক্তি প্রার্থনায় রত দেখা যায় (৩০৩১১৭)।

ঋগ্বেদে ইল্ল এবং স্থাদেবভার একটি সৃক্ত রহিয়াছে, কিন্তু ভাহাতে ইল্ল-স্থের যুক্ত সম্বোধন দৃষ্টিগোচর হয় না। এক সময় স্থভাবু নামক এক দৈত্যের প্রভাবে স্থ অন্ধকারে আচ্ছন্ন হইয়া পড়েন। কলে অথিল জগং গাঢ় অন্ধকারের অন্তরালে নিমগ্ন হইয়া পড়ে। ইল্ল অবশেষে এই স্থভাবুর মায়াকে বিদ্রিত করিতে সমর্থ হন এবং অন্ধকারে আহত স্থ তখন অন্ধিমূনির ঋক্চতৃষ্ট্যের বারা প্রকাশিত হন। সূর্য তখন মূনিকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন,—'হে মুনিবর, এইরূপ অবস্থায় পতিত হইলে আমি যেন ভোমার হারা রক্ষা প্রাপ্ত হই। সেই অন্ধকামী বিদ্যোহী রাক্ষ্য যেন আমাকে অন্ধকারের দারা সমাবৃত করিতে না পারে এবং সেই জন্ম তৃমি ও বরুণ হইবে আমার সহায়ক। তৃমি সত্যের পোষক এবং মিন্ডভাবের রক্ষক।'

বেদের সপ্তম মপ্তলের একটি সৃক্তে স্থাকে মনুষ্যের সৃষ্টিকর্তা বলিয়া প্রতি করা হইয়াছে। সার্থই সকলের প্রেরক এবং বলদাতা। এই দেবভার তেজ হইতেই সৃষ্ট প্রাণিবর্গ কর্মনিজ্ঞাদনে নিরত হয় (নূনং জনাঃ স্থেন প্রস্তা অয়র্ম্মধানি কৃণবন্ধ পাংসি—৭।৬৩।৪)। স্থা বহুদ্র হইতে দেখিতে সমর্থ হন (উক্লেচ্কা ৭।৩৫।৮; ৭।৬৩।৪; দূর দৃশে ২০।৩৭।১); সূর্য সকলকে অবলোকন করেন (স্বায় বিশ্বচক্ষসে—১।৫০।২); মর্তাবাসীর পাপপুণা স্থাই নিরীক্ষণ করেন (ঋজু মর্তেয়ু র্জিনা চ পশ্তরেজি চয়েই স্বো অর্থ এবান্ ৬।৫১।২)। বেদে দিবাজন্মা, তেজস্বী, প্রকাশযুক্ত, পবিত্র এবং মিত্রাবক্ষণের দ্রুষ্টা প্রভৃতি বহু বিশেষণে সর্বলোকের শীর্ষস্থানীয় স্থাকে বিভৃষিত করা হইয়াছে। স্থের শীতল এবং উত্তর তাপ—উভয়ই মনুষ্যের পক্ষে হিতকর। জ্যোৎসা রাত্রি স্থের আলোকেই আলোকিত হইয়া মানুষকে সিন্ধ করে। দিবাভাগে স্থের প্রর সন্তাপ শস্তাদি উৎপাদনের পক্ষে একান্ড সহায়ক। এই

তথাটি সম্পূর্ণ বিজ্ঞানসমত যে স্থের তেজেই চন্দ্র সমুস্তাসিত। স্থিতাপ-বিহনে বৃক্ষলতাদির উংপত্তিও যে অসম্ভব তাহাও সর্বজনবিদিত। স্থের শীতল এবং প্রথর—এই উভয় রূপই পৃথিবীর পক্ষে হিতকর, সেই কারণেই সম্ভবতঃ গগনমগুলে দেদীপ্যমান স্থ এবং অন্তগামী স্থ—উভয়ই মঙ্গলময় (শং নো ভব চক্ষসা শং নো অহা শং ভানুনা শং হিমা শং ঘূণেন—১০।৩৭।২০)। স্থি স্থাবর ও জঙ্গম সর্ব পদার্থের আত্মান্তরূপ (স্থি আত্মা জগতঃ তন্তুসশ্চ—২।১১৫।১)।

ঋষেদে দশম মণ্ডলে উক্ত হইয়াছে যে উদিত হইয়াই স্থ মাত্রূপ পূর্বদিকে মিলিত হন এবং অতঃপর পিতৃরূপ আকাশ পথে ধাবমান হয়েন (আয়ং গৌঃ পৃশ্লিরক্রমীদসদন্ মাতরং পুর। পিতরং চ প্রয়ঙ্ য়ঃ—১০০১৮৯০১)। শক্রঘাতক এবং দেবকুলের হিতৈষী এই দেবতা স্থকীয় মহিমাতেই সমুজ্জল। কেহ তাঁহার প্রতি হিংসাপরায়ণ হইতে পারে না। ছাল্যোগ্য শুতিতে স্থ কৈ রাতের আঁধার এবং ভয়নাশক বলিয়া অভিহিত করা হইয়াছে—'উলংস্তমো ভয়মপহন্তি' (১০০১)। উক্ত শ্রুতিতে স্থ সবিতার ভিন্ন এক রূপ বলিয়া বর্ণিত। বেদে যেমন স্থ বিশ্ববাসীর চক্ষু (বিশ্বচক্ষদে) কঠোপনিষদেও তেমনি স্থ সকলের নয়নম্বরূপ 'স্যোধা মধা সর্ব লোকস্থ চক্ষু থৈ সকল দেবতার চক্ষুবিশেষ সে সম্বন্ধেও শ্রুতি বিদ্যান—'এষ বৈ বিশ্বেষাং দেবানাং চক্ষুঃ।'

আদিত্য এবং সুর্য— এই তুই নামে একজন অথবা তুইজন দেবতা বোধ্য কিনা সে বিষয়ে স্বভাবত:ই সন্দেহের অবসর থাকিয়া যায়। যাস্কাচার্য একস্থলে বলিয়াছেন—'সূর্যঃ হ্যুস্থানম্'। অনন্তর এই দেবতার বিভাগ এবং কর্মাদি নিরূপণ কালে বলিয়াছেন—'আদিত্য ভঞ্জীন'। অতএব সুর্য এবং আদিত্য যে একই দেবতার অভিধান সে বিষয়ে লেশমাত্ত সন্দেহ নাই।

আবার ঐতরেষ ব্রাহ্মণে সুস্পইজনপে উক্ত হইয়াছে যে আদিতা এবং সৃষ্ একই দেবভা। কিন্ত ঋণ্রেদের একটি মন্ত্রে (৯০১৯৪৩) সূর্য এবং আদিত্যের মধ্যে পার্থক্য প্রদর্শন করা হইয়াছে।

মনুষ্ঠকুলের কল্যাণ নিম্পাদক দেবতা সবিভা। সাহণাচার্য স্থোদছের ঠিক পূর্বক্ষণকে সবিতা আখ্যায় অভিহিত করিয়াছেন—'উদয়াং পূর্বভাবী সবিতা'। সকল প্রাণীকে জ্ঞানের প্রেরণা যোগান এই সবিতাদেব। পূর্বে আলোচিত ভগবান্ শ্রীশ্রীশংকরাচার্যের ব্যাখ্যার সহিত এই আলোচনার মিল দৃষ্ট হয়। গায়নীমন্তের অর্থের সহিত সম্বন্ধ রাখিয়া ভগবান শঙ্করাচার্য সন্থের এর প অর্থ নিরূপণ করিষাছেন। সুতরাং সবিতা এবং সন্থের একত্ব সিদ্ধ হয়। সায়নাচার্থের সবিতার ব্যাখ্যার সহিত গায়ত্রীমস্তের 'সবিত্রু' (সবিতার) নিকট সম্পর্ক বিদ্যমান, আবার সবিতা জ্ঞান প্রেরয়িতা এবং শক্ষরাচার্থের ভাষায় সন্থ হইতেছেন 'ধিয়ো জগতঃ'।

বেদে অগ্নির শারীরিক অবয়বের যেরূপ চিত্র রহিয়াছে সূর্যের সেরূপ কোথাও নাই। কিছু তথাপি আমাদের অতি পরিচিত প্রতিদিন দৃষ্ট যে সূর্য অতি প্রত্যক্ষ জ্বলন্ত দেবতা সে সম্বন্ধে তিলমাত্র সংশয় নাই। বৈদিক প্রবিগণ বন্দান কালে বলেন,—'এই সূর্যদেবতাকে দর্শন করার জন্ম আমাদের চকু যেন শক্তিশালী হয়, স্র্যদেবতার মহিমা এবং কান্তি দর্শনের জন্ম আময়া একশত শরংকাল যেন উপভোগ করি'। কাত্যায়নের মতে বেদের সকল দেবতাই স্থের বিভিন্ন রূপ মাত্র। তাঁর উক্তি 'একএব মহানাআ বেদে ভ্রতে, স স্থ ইতি ব্যাচক্ষতে।' এই গ্রন্থের নবম পরিচ্ছেদে এই তত্ত্বে বিশদ আলোচনা করা হইয়াছে।

যমদেবতা

বেদে যমদেবতার স্তোত্রও পরিলক্ষিত হয়; কিন্তু স্কু সংখ্যা অতি অল ;
মাত্র তিনটি । এই তিনটি স্কুই দশম মগুলের অন্তর্গত । আমাদের ঋগ্বেদে
যেরূপ যমের উল্লেখ রহিয়াছে ঠিক তেমনি 'আবস্তা'-গ্রন্থে যীমার ভগিনী 'যিমেহ'র উল্লেখ পরিদৃষ্ট হয় । বেদে যমের পিতা যেমন 'বিবন্ধত' তেমনি আবস্তার—যামার পিতা 'বিবন্ধ্বত' (Vivanhvant) । Macdonell যম-যমী নামক সংবাদ সৃক্তাইর আখ্যানের মূল যে ইন্দো ইরানীয় মুগের দেবতাবাদ বলিয়া অনুমান করিয়াছেন তাহার মূলে নিহিত রহিয়াছে এই সাদৃশ্যতথ্য ।

নিক্ষজকার যাস্কাচার্য যমদেবতাকে মধ্যমস্থানের বায়ু বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন। যম শক্টির বাংপত্তি প্রদানকালেও তিনি একই মত ব্যক্ত করিয়াছেন। যম কোত্বর্গের অভিলয়িত বস্তু প্রদানকারী বলিয়া বণিত হইয়াছেন (মধ্যমস্থানো বায়ুঃ। মচ্ছতি প্রযক্ততি কোত্ভাঃ কামানি—নিক্ষজ, পঞ্চম অধ্যায়)।

মৃত্যুর পর কি গভি হয় জীবালার—এই চিন্তায় মনুমূক্স বিরত। সভিটেই বড় জটিল এই প্রশ্ন। ঋগ্বেদের একছানে উক্ত হইয়াছে যে দাভাদের বাসস্থান মুর্গলোক এবং তাঁহাদের উধ্বর্ণিতি অবশ্যস্থাবী অর্থাৎ দেবতার নিকটতম স্থান তাঁহাদেরই প্রাপ্য (নাকস্ত পৃষ্ঠে অধিতিষ্ঠিতি ক্সিভো যঃ পৃণাতি সহ দেবেয়ু গচ্ছতি ১০১৯৫৫)। অত্যত্ত বলা হইয়াছে যে আমাদের পিতৃ-পুরুষণণ সোমকে নেতৃপদে অধিষ্ঠিত করিয়া দেবতা সকলের বরণীয় সুখের অধিকারী হইয়াছেন; (ডং সোম প্র চিকিতো মনীয়া ডং রজিপ্রেম্বনেষিপস্থাম্। তব প্রণীতী পিতরো ন ইন্দো দেবেয়ু রত্তমভক্ত ধীরাঃ—১০১১)। এই গ্রই মস্ত্রে উক্ত দেবতার বরণীয় সুখ—উভয়ই একই অর্থের দোতক। কঠোপনিষদের নচিকেতার উপাখানিটিও যমদেবতাকে লইয়াই বিরচিত। নচিকেতার পিতা তাহাকে মৃত্যুকে অর্থাং যমকে দান করেন এবং মৃত্যুতত্ত্ব সম্যক্ অবগতির জন্ম যমরাজের গৃহে সেই বালক আতিথা গ্রহণ করিল। যম তাহাকে বলিলেন যে প্রলোকের অন্তিত্ব সম্বন্ধে কি মানুষ কি দেবতা সকলেই অজ্ঞ এবং সকলেই জানিতে উৎসুক কিন্তু এই সৃক্ষত্ত্ব অতি গুর্ধিগম্য।

মৃত আত্মার আশ্রয়দাতা দেবতা হইলেন যম। যমী এই যমদেবতার ভিনিনা। ঋগ্বেদের দশম মগুলের যম-যমার সংবাদ স্কুটিই উত্তর মুগের প্রেমমূলক গাঁতিকাব্য নাটক প্রভৃতির উৎস বলিয়া বিদ্বং সমাজ সিদ্ধান্ত করিয়াছেন। অধিকাংশ পশুতের মতে এই সকল সংলাপপূর্ণ বৈদিকস্কু সমূহেই নাটকের বাজা নিহিত আছে। এই গ্রন্থের পরিশিষ্টে সংবাদ স্কু শীর্ষক প্রবদ্ধে এই বিষয়ের বিস্তৃত আলোচনা দ্রন্থা।

যম-যমীর মধ্যে ভাই-ভিগিনী সম্বন্ধ। যমী যমের প্রেমে পড়িয়া তাহাকে পভিরূপে বরণ করিয়া লইতে সমুংসুক। কিন্তু যম যমীর এই অসক্ষত অবৈধ প্রতাব স্থীকার করিতে সর্বাভঃকরণে নারাক্ষ। যমী যমের প্রতি অবশেষে বিবিধ কট্ভি বর্ষণ করিয়া যুক্তি-ভর্কের অবভারণা করিতে সচেইট হইল। যম কিন্তু দৃঢ় প্রতিজ্ঞা। যমীকে অধ্য কোন পুরুষকে স্থামিরূপে বরণ করিয়া লইতে যম উপদেশ দিল। যমের যুক্তিনির্চ ধর্মসমত ও ভত্ত্বর্গর্ভ ভাষণে যমীর কামভাব ভিরোহিত হইল। যে কোন অবস্থাতেই মানুষের প্রধান আশ্রয় হইল বিবেক,—ইহাই যমের উপদেশ। মর্যাদা উল্লেখন করাও নিভান্ত অনুচিত। যম যমীর এইরূপ আখ্যান ব্যক্ষেব্তা গ্রন্থেও (৬।৪৫) পাওয়া যায়।

আমানের পূর্ব পুরুষ যম দেবতা। তাঁহাতে হব্যাদির হারা তথ করিতে যজমান উপদিষ্ট ইইয়াছেন। (পরেয়িবাংসং প্রুখতে মহীরণু বহুভঃঃ পদ্ধানমনুপস্পশানম্। বৈবয়তং সঙ্গমনং জনানাং যমং রাজানং হবিষা হুরুষ্য—১০০১৪০১)। সকল প্রাণীকেই যমদেবের নিকট যাইতে হয়।

আমাদের কুকর্ম ও সুকর্মের দ্রাষ্টা এই যমরাজ। যমরাজের পথ আজাদিত করিতে কেই সক্ষম নহে। আমাদের পূর্বপুরুষণণ যে পথে প্রস্থান করিয়াছেন সেই পথেই সকল প্রাণী স্থীয় কর্মানুযায়ী গভবা স্থানে যাইয়া উপনীত হয়। (যমোনো গাড়ং প্রথমো বিবেদ নৈষা গর্গতি রপর্ভতবা উ। যন্তা নঃ পূর্বে পিতরঃ পরেয়ুরে না জ্জানাঃ পথ্যা অনুস্থাঃ—১০৷১৪৷২)

আদিতা যমরাজের পিতা বলিয়া কথিত হইয়াছেন। ('বিবস্থুভং হবে যঃ পিতা তে'—১০৷১৪৷৫)। মৃতের জাল যমকর্তৃক রক্ষিত স্থানটি দিবা রাজি জলদ্বারা সজ্জিত, তাহাতে পিশাচাদির স্থান নাই। যমের জ্বলন্ত চারিচকু-বিশিষ্ট কুকুর যাহাতে মৃতের কোনপ্রকান অনিষ্ট সাধন করিতে না পারে সেইজল তাঁহার উদ্দেশ্যে শুব করা হয়। ত্রিকক্ষক্যাগের দেবতা এই মমরাজ পৃথিশীর সর্বত্র পরিভ্রমণ করেন এবং ছয়টি স্থানে বসবাস করেন—১০৷১৪৷১৬।

সোমপায়ী বলিষা যমদেবতার একাধিকবার স্তুতি করা হইয়াছে—
১০া১৪; ১০া১৩৫)। যজমান তাঁহাকে স্তুতি কালে বলিতেছেন যে তাঁহার পূর্বগামী সকলেই যমদেবের সহিত একটি বুক্লে উপবিষ্ট আছেন এবং যজমানও যেন দেই বুক্লে আংরাহণ করিতে সক্ষম হন। ইহাই একান্ত অভিলাষ যেনিয়ন্ বুক্লে সুপলাশে দেবৈ: সংশিবতে যম:—১০া১৩৫।১)। এই যমদেবতা প্রজারন্দের প্রভূষরপ (অত্রা নো বিশ্পতি:—১০া১৩৫।১)। গেঁচা এবং কুকুর যমেব দৃত বলিয়া উল্লিখিত। যমের গৃহই যজমানের পবিত্রধাম। এই পবিত্র বিশ্রামাগার দেবতাদের ছাবা নির্মিত। সেধানে দেবভাদের সুখার্থে বাদ্যযন্ত্র বাজান হয় এবং তাঁহারা বিবিধ স্তুতির ছারা সমলক্ষত হমেন, (কাণ্যস্তুত্র সাদনং দেবমানং যহুচাতে। ইয়মস্য ধ্যাতে নাড়ীরয়ং গীভি: পরিক্লক:—১০া১৩৫।৭)।

উষাদেবী

ঋণ্বেদে প্রাথ কৃতিটি সৃত্তে উষাদেবীর স্তুতি করা হইয়াছে। এই কৃতিটি সৃত্তে উষাদেবীর অপূর্ব রূপলাবশ্যের বর্ণনার ভঙ্গিটি বছট চিন্তার্যক। ঋণ্বেদের উষাদেবী সভিটি অতুলনীয়া। প্রাচীন গ্রীক্ সাহিভোর অভিশয় লাবণাময়ী দেবী 'অরোরা'র (Aurora) রূপে মৃগ্ধ হইয়া পড়িয়াছিলেন 'টিটেনাম'। এই অবোরা দেবী এবং উষাদেবী রূপে ও গুণে সমতুলা। একজন মুবক যেমন মুবভীকে অনুসরণ করে সূর্যদেবও তেমনি উষাদেবীকে অনুসরণ করেন—"সূর্যো দ্বীমুষসং রোচমানাং মর্যো ন যোষামভোতি

পশ্চাং"—১।১১৫।২)। এই প্রসঙ্গে ভাষ্টে সামণাচার্য্যের উক্তি—"ম্থা কশ্চিমানুষ্য: শোভমানাবয়বাং গচছন্তীং যুবতিং স্ত্রিয়ং সভতমনুগচছতি তহং'— অর্থাৎ কোন একজন মনুয়া অলংকারে সুশোভিতা গমনশীলা যুবতীর যেমন অনুসরণ করে ভদ্রপ। সুর্যোদয়ের ঠিক পূর্বমুহুর্তে পূর্বাকাশের কোণে যে একটি অপূর্ব মনোলোভা অরুণ বর্ণ ফুটিয়া উঠে তাহাই উষা এবং এই ক্ষণটিকেই বলা হইয়াছে উষাকাল। এই উষাকালের অধিষ্ঠাত্রী দেবীই হইলেন উষা। এই উষাকালেই দর্শপূর্ণমাসাদির প্রারম্ভিক ক্রিয়া যজমানেরা করিয়া থাকেন এবং কৃষককুলও ঠিক এই ক্লণটিভেই হাল গরু লইয়া মাঠের দিকে যাত্রা করে। সায়ণাচার্য্যও একটি ঋক্ মন্ত্র (১।১১৫।২) ব্যাখ্যার প্রাক্কালে এই তথ্যগুলির সমাক্ আলোচনা করিয়াছেন—'যত্ত যস্তামুষসি জাতায়াং দেবযুগো দেবং দোভমানং সূর্যং যক্ত্রীমচ্ছতো নরাঃ যজ্ঞ নেতারো যজমানাঃ। যুগানি। যুগশব্য: কালবাচী। তেন চ তত্ত কর্তব্যানি কর্মানি লক্ষ্যন্তে, যথা— দর্শপূর্ণমাসাবিতি। অগ্নিহোত্রাদীনি কর্মানি। বিভন্নতে বিস্তারয়তি। যলা দেবযন্তঃ দেবযাগার্থং ধনমাত্মন ইচছন্তো; যজমানঃ পুরু বা যুগানি হলাবয়বভূতানি কর্ষণায় বিভন্নতে প্রসারয়তি।' অর্থাৎ সুর্যোদয়ের ঠিক প্রাকালে সুর্যকে স্তুতি করিতে সমুংসুক যজমানবর্গ দর্শপূর্ণমাস এবং অগ্নি-হোতাদি কর্মের প্রারম্ভ করেন। অথবা অর্থাভিলাষী যঞ্জমান অর্থলোভার্থে দেবপূ**জা সম্পাদন করিতে লাঙ্গল প্রভৃতি লইয়া ক্ষেতে**র দিকে গমন করেন।

সৃতরাং এই আলোচনা হইতে স্পষ্ট ধারণা জন্মে যে উষা সূর্যোদয়ের পূর্বস্থূত্বের অধিষ্ঠাত্তী দেবী ছাড়া আর কেহই নহেন। বেদে উষা হ্রন্থ উ কারই দৃষ্ট হয়। অভিধানমতে উষা, উষা উভয়ই শুদ্ধ। বঙ্গভাষায় উষা বানানই সাধারণতঃ প্রচলিত। দেবতামগুলীকে যজ্ঞকর্মে আহ্বানকারক একটি মঞ্জে সূর্যোদয়ের প্রাকালে অধিষ্ঠাত্তী দেবীই যে উষা এই তথা সৃস্পষ্ট রূপে প্রিবেশিত হইয়াছে—

'বিশ্বান্ দেবাঁ আ বহ সোম পীতয়ে২ভেরিকাচ্যভ্য :

সাম্মাস্থা গোমদখাবহুকথামুষো বাজং সুবীর্যম্॥" (১-৪৮-১২)
এই মন্ত্রে অন্তরীক্ষলোক হইতে সকল সোমপায়ী দেবভাদের ষজ্ঞহলে বহন
করিয়া লইয়া আসিবার জন্ম দেবী উষাকে স্তব করা হইয়াছে। 'হে উষা,
অশ্ব এবং গোসময়িতা, ধনশালিনী তুমি আমাদের অন্তসম্পন্ন কর।'

আকাশ উবাদেবীর মাতৃস্থানীয়া বলিয়া ঋগ্বেদে উল্লিখিত হইয়াছে। অতৃঃজ্ঞান বসনভূষণে সুশোভিঙা উবা অতৃগ পার্থিব ঐশ্বর্থের অধিকারিণী— 'এষা দিবো হহিতা প্রত্যদর্শি ব্যক্ত্নতী মুবতিঃ শুক্রবাসাঃ। বিশ্বস্থেশানা পার্থিবস্থ বয় উষো অদেহ সৃভগে ব্যক্ত ॥' (১১১৩।৭) রাত্রি এবং উষা এই ভগিনীয়য় এই মার্গে বিচরণ করেন-—

> 'সমানো অধ্বা স্বস্নোরনন্তস্তমকাকা চরতো দেবশিষ্টে। ন মেথতে ন তস্তৃত্যু সুমেকে নক্ষোষাসা সমনসা বিরূপে ॥'

সুর্যের দীপ্তিতেই উষা দীপ্তিমতী। নিরুক্তকার যাস্কাচার্য 'বিভাবরী' শব্দের ব্যাথ্যা প্রসঙ্গে এই উক্তির সভ্যতা নিরুপণ করিয়াছেন। উষার ধোলটি নামের মধ্যে একটি নাম বিভাবরী। যাস্কাচার্য বলিয়াছেন— 'বিশেষেণ ভাতি দীপ্যতে আদিত্য কিরণসম্বন্ধাং' অর্থাৎ সূর্যের কিরণের দ্বারা বিশেষ ভাবে শোভা পায় এই অর্থে উষা বিভাবরী আথ্যায় ভূষিতা।

যাস্কাচার্য নিরুক্তের প্রথম অধ্যায়ে উষার রূপের তারতম্য ভেদে যোলটি অভিধান প্রদর্শন করিয়াছেন,—'বিভাবরী। সুনরী। ভাষতী। ওদতী। চিত্রামঘা। অর্জুনী। বাজিনী। বাজিনীবতী। সুয়াবরী। অহনা। দ্যোতনা। শ্বেত্যা। অরুষী। সূন্তা। সূন্তাবতী। সুন্তাবরী—' ইতি 'যোড়শোষো নামানি'— অর্থাং বিভাবরী হইতে আরম্ভ করিয়া সূন্তাবরী পর্যন্ত উষার ষোলটি নাম। বেদে অশ্বতী গোমতী প্রভৃতি বিবিধ নামে উষার স্তুতি করা হইয়াছে। এই উষাদেবী যেন যজমানকে সত্য বলেন এবং ধনসম্পদে সমৃদ্ধিশালী করেন—

"অশ্বাবতীর্গোম্ভীর্বিশ্বস্বিদো—ভূরি চ্যবন্ত বস্তবে।
উদীর্য় প্রতিমা স্নৃত্তা উষক্ষেদ রাধো মাঘানাম্॥ (১।৪৮।২)
পৃথিবীর সকলের বিষয়েই উষা সুপরিজ্ঞাত (বিশ্বস্বিদ)। গৃহক্রীর
মতই ইনি সর্বন্ধনকে লালন পালন করেন। তাঁহার সমাগমেই পদাদি
অব্যব্যুক্ত জীব স্থকীয় কর্মে প্রবৃত্ত হইয়া উঠে এবং পক্ষিক্ষণং ভাহাদের
গগন বিহারাদিতে রুত হয়—

'আধা যোবেব স্নর্ধা যাতি প্রভৃত্তী।
জরমতী বৃজনং প্রদীয়ত উৎপাতয়তি পক্ষিণ:॥' (১।৪৮।৫)
এই মন্মলোকে সোভাগাদালিনা দেবা উষা রথারতা ইইয়া ওভাগমদ
করেন— 'শতং রমেভি সৃভগোষা ইয়ং কিং যাত্যভি মানুষান্' (১।৪৮।৭)
উষার আগমনে মন্য এবং বিহগকুলে মহা আনন্দাংসবের সাড়া পড়িয়া
যায়। ইহার ফলেই সকলে উৎফুল্ল হইয়া বিচরণ করে—

'বয়শ্চিত্তে পতত্তিশো দিপচ্চতৃষ্পদর্জ্বন । উষঃ প্রারন্ত্^{*}রনু দিবো অন্তেভ্যম্পরি ॥' (১।৪৯।৩)

রাত্রের অন্ধকার নাশ করিয়া এক আলোকোন্তাসিত জগতের সন্ধান দেন দেবী উষা। রাত্রির মসীমন্ত্রী যৎনিকা বিদৃদ্ধিত করিয়া বিচিত্ররূপ ধারণ করিয়া এক অপূর্ব লাবণাময়ী নর্তৃকীর মতই উদিত হইয়া দেবী উষা বিশ্বময় তাঁহার অরুণালোক ছড়াইয়া দেন (১৯১।৪)। উৎফুল্লা উষা সুষমামণ্ডিতা ষুবতীর মতই শোভাপান (১৯২।৬)। ভগিনী রাত্তি হইতে উহানিজেকে লুকাইয়া রাখেন এবং স্বীয় প্রেমাস্পদের সহিত সাক্ষাং করিতে সমুংসুক থাকেন। অপূর্ব জ্যোতির্ময়ী উষার জ্যোতিই শ্রেষ্ঠ জ্যোতি— ইদং শ্রেষ্ঠং জ্যোডিষাং জ্যোভি:' (১১১১৩১) ৷ ভোগ, পূজা, ধন, দৃষ্টি এবং আরোগ্য প্রভৃতির প্রেরণা দান করিয়া তিনি পুথিবীকে পরিপূর্ণ করিয়া তুলেন (১।১১৩'৫)। রাজ্য, যশ, যজ্ঞ এড়িতি দকল স্থলেই উষার সমান অধিকার রহিয়াছে। অজর, অমর এই দেবী স্ববীয় ইচছাতেই গতিমতী। ডিনিই স্থের গঙিপথ নির্দারণ করিয়া দেন বলিয়া উক্ত হইয়াছে (১১১১৩১৬)। তিনি দেবমাতা অদিতির মুখয়রপ এবং যজের ধ্বজায়রপ ('যজ্ঞ ডাকডু: ১।১১৩।১৯)। এই কাভিময়ী দেওঁ নিজ দেহকে বিকশিত করিয়া স্থের সমান রূপ প্রাপ্ত হন এবং যুবতীর মতই যেন মৃত্হাস্তে হৃদয়খারে ঝ্ফার দিখা যান (১।১২৪।১০)। গৃহপত্না যেমন সর্বপ্রথম ঘুম হইতে জাগহিত হইয়া গুহের সর্বজনকে নিদ্রা দেবীর ক্রোড় হইতে জাগ্রত করেন উষা দেবীও যেন তদ্ৰপ নিদ্ৰা হইতে উথিত হইয়া অখিল জগংকে জাগাইয়া তোলেন (১।১২৪।১০)। স্থের বিচিত্রবর্ণযুক্ত রশ্মিজালের বসনে বিভূষিত। হইয়া উষা দেবী তাঁহার অপরূপ সাজসজ্জা করেন—'বুচছভী রশ্মিভিঃ স্ব্যস্ত (7125814)

ভিষার আগমনে প্রকৃতিরাজ্যেও জাগে আনন্দের হিল্লোল। বিবিধ পক্ষীর কলতানে মুখরিত হইয়া উঠে বনানীকান্তার। হালগরু সমেত ক্ষেত্রের দিকে গমনবত কৃষকের অন্তরে ক্ষুত হইয়া উঠে আনন্দের সূর। পবিত্র উষাকালেই মানুষ হ হ কর্মে প্রযুত্ত হয়। ঋণ্বেদে উষার বর্ণনায় প্রকৃতির কোন দৃশ্যই অবহেলিও হয় নাই। উষার সমাগ্যে মনুঘ্যের কর্ম-ব্যস্ততা, বিহণকুলের ঐকতান প্রভৃতি স্তিটিই বড় চিতাকর্ষক। ক্বিমানসে উষাকালের প্রাকৃতিক সৌন্দর্য চির্নবীন, চির্সবৃদ্ধ।

দৈবনীতি উল্লেজ্যন না করিয়া একই ঋতের পথে চলিয়াছে চিরতরুণী উষার নিত্য আসা যাওয়া: কান্তিময়ী উষাদেবী অপরূপ মোহময় সাজে স্ক্রিকা হাইয়া প্রতি গৃহে গমন করিয়া শ্রেষ্ঠ সম্পদ্ প্রদান করেন। ঋগ্বেদের 'বাব্যিকসৌন্দর্য' আলোচনা প্রসঙ্গে বলা যাইতে পারে—
উষা দেবী, অপাং নপাং নামক বিহাং দেবতা সূর্য, পর্জন্ম প্রভৃতির উদ্দেশ্যে রচিত মন্ত্রগুলি কল্পনার ইল্রজালে অপরূপ কাব্যধর্ম অভুলনীয় রসোচ্ছল হইয়া উঠিয়াছে। ঋগ্বেদের উষাদেবীর স্থোত্রসমূহ বর্ণনার লালিত্যে এবং কাব্যিক রসে গীতিধর্মী হইয়া উঠিয়াছে। উষার সৃষ্ণসমূহের বর্ণনামাধুর্যেণ্য মোহিত হইয়া পাশ্চান্ত্য পশ্তিপ্রপ্রর Winternitz (ভিন্টারনিংস্) মহাশয়ও বলিয়াছেন—যে প্রধানতঃ উষাস্ক্রের ভাষার লালিত্য এবং কাব্যালক্ষার আমার মনকে বক্তৃত করে— (History of Indian Literature প্রথম খণ্ড পৃষ্ঠা ৯১)। কাব্যালক্ষার রচনাচাতৃ্যণ্য এবং ভাষার ললিতকলায় মুগ্ধ Macdonelle উষা স্ক্রের গীতিধর্মিতা স্থাকার করিয়াছেন। তাঁহার মতে ভারতীয় সাহিত্যে বর্ণনামূলক ধর্মীয় গীতিকাব্যগুলির মধ্যে উষার মাধ্যা অতৃলনীয় এবং উষার স্ক্রের গীতিকাব্যের অপূর্ব মুক্তার মালা শোভা পাইতেছে ('Pearls of lyric poetry')।

সরস্বতী দেবী

বেদে সরস্থতী দেবীরও স্তব দেখিতে পাওয়া যায়। সর্বস্থেত পাঁচটি সৃচ্ছে সরস্থতীর স্তুভি করা হইয়াছে। এই সৃষ্টে পাঁচটির মধ্যে তিনটিতে (৬।৬১; ৭।৯৫; ৭।৯৬) কেবল সরস্থতী দেবী স্তুভ হইয়াছেন। অবশিষ্ট সৃষ্টের্বয়ের মধ্যে একটিতে (১।৩) মাত্র হুইটি খাকে সরস্থতীর বন্দনা রহিয়াছে এবং আর একটি সৃষ্টে (১০।১৭) সর্গা, পৃষা, আপ প্রভৃতির সহিত সরস্থতী দেবীর স্তোত্র পরিদৃষ্ট হয়। কিন্তু একটি প্রশ্ন মনে জাগে যে এই সরস্থতী দেবী বলিতে 'নদ্ সরস্থতী বোধা, না বিচাধিষ্ঠাত্রী সর্বজনবন্দিতা বাগদেবী সরস্থতী বোধা। সপ্তম মপ্তলের একটি মন্ত্রে সরস্থতীকে নদীসমূহের মধ্যে বেগবতী বলিয়া স্তুতি করা হইয়াছে। (রহহ গায়িষে বচোংসুর্যা নদীনাম্—৭।৯৬।১)। একই সৃচ্ছে বলা হইয়াছে যে নদীসমূহের ভিতর শ্রেষ্ঠ সরস্থতীর উৎস হইল পর্বত। তথা হইতে সমৃদ্র পর্যন্ত বেগবতী হইয়া সরস্থতী প্রবহ্মানা, তিনি রাজা নহমের প্রার্থনা শ্রবণ করিলেন এবং তাঁহার জন্ম ঘৃত এবং হ্লে দোহন করিলেন (একা চেতৎসরস্থতী নদীনাং শুচির্যতি গিরিভ্য আ সমৃদ্রাং। রায় দেতেভী ভ্বন্য্য ভূরেঘুর্তং প্রো হৃহহে নাহ্যায়—৭।৯৫।২)।

নিঘণ্ট্রর প্রথম অধ্যায়ে উল্লিখিত বাক্দেবীর সাভান্নটি নামের মধ্যে একটি

হইল সরস্থতী। আবার এই অধাায়ে উক্ত নদীর সাঁইত্রিশটি নামের মধ্যেও সরম্বতী নামের উল্লেখ রহিয়াছে। সামণাচার্যও প্রথম মগুলে তৃতীয় সুক্তের একটি মন্ত্রের ব্যাখ্যাকালে সরস্বতীকে নদী ও বিদ্যাধিষ্ঠাত্রী এই উভয় রূপেই ব্যাখ্যা করিয়াছেন। সরস্থতীর বাঁক্ ও নদী এই ত্বই রূপ নিঘণ্ট কার কর্তৃকও শ্বীকৃত হইয়াছে। (সর্ত্তেদ্বাতী বৃষ্টাধিদেবতাত্বাং উদকবতী হি মাধ্যমিকা বাক্। সৈব চাসীল্লদী সরম্বতী); ইহার তাৎপর্য এই যে 'মাধ্যমিকা' দেবী বাক্ বৃষ্টির অধিদেবতা তিনিই আবার সরস্থতী নদী। ভাক্সকারও বলিয়াছেন 'ভত্ত সরম্বভীত্যেভয়া নদীবং দেবভাবচ্চ নিগমা ভবন্তি' (নিরুক্ত ২।২০) অর্থাৎ সরম্বতী পদটির ব্যুৎপত্তি নদীর স্থায় আবার দেবতার স্থায় হয়। নিঘণ্টাতে সরম্বতী শব্দের ব্রাংপত্তি প্রদর্শন করিতে গিয়া বলা হইয়াছে— 'সত্তেরসূন্ সর:। গলপদাদিরপেণ প্রসর্থমস্যাস্তীতি—' এই ভাবে দেবতারপিণী সরস্বতী নির্বচন করা হইয়াছে। গলপদাদি রূপেও এই বাক্দেবী গতিমতী। বেদে নদীসৃজ্জে সরম্বতী নামের উল্লেখ পাওয়া যায়। সুতরাং সরম্বতী বলিতে নদী সরস্থতী এবং দেবী বাক্ উভয় দেবতাই বোধ্য। নদী যেমন প্রসার-শালিনী এবং উৎস হইতে সমুদ্র পর্যন্ত বিস্তৃত তাহার গতি, বিলাধিষ্ঠাত্রী দেবা বাক্ও ঠিক তেমনি গতিশীলা। গলপলময়ী এই দেবীর গতিতে রহিয়াছে এক চিত্তাকর্ষক সুললিত ছন্দ। মানুষ তাহার পরিকল্পিত সীমাতে পৌছাইতে সক্ষম হয় দেবী সরস্বভীর কৃপাতেই। এই দেবী যাহার প্রভি সূপ্রসন্নাহন ভাহার অশেষ কল্যাণ সাধিত হয় এবং অভীফু বস্তু ভাহার নিকট সহজ্বলভ্য হয়। এই বাক্দেবীকে দেখিয়াও কেহ কেহ দেখে না, ভনিয়াও ভনে না— অর্থাৎ সেই ব্যক্তি বাক্দেবীর অনুগ্রহলাভে সম্পূর্ণ বঞ্চিত হয়।

এই দেবী সরস্বতী 'পাবক' পবিত্রকারিণী, বৃদ্ধির ঘারা তিনি অম উংপাদনে সমর্থ। যজ্ঞ কর্ম সফলকারিণী এই দেবী (পাবকা নঃ সরস্বতী বাজেভির্বাজিনীবতী। যজ্ঞং বস্কৃষিয়াবসুঃ—১০০১০)। সত্যকর্ম এবং শোভনবৃদ্ধির প্রেরণাদাত্রী এই বাগ্দেবী সরস্বতী (চোদয়িত্রী সৃন্তানাং চেতভী সৃষ্তীনাম্ ১০০১১)। বিশাল জ্ঞানসমূত্র এই দেবীর কৃপাতেই সৃষ্ট ইইয়াছে। কর্ম ঘারা তিনি সর্বজ্ঞনকে চেতনা দান করেন (মহো অর্প: সরস্বতী প্রচেত্রতি কেতৃনা। থিয়ো বিশ্বা বিরাজ্ঞতি—১০০১২)। অতৃলনীয় এই দেবীর দান; তিনি কাহাকেও পুত্র প্রদান করেন, কাহাকেও আবার অতৃল বিভবের অধিকারী করেন। হবিদাতা ব্যাশ্বকে এই দেবী দিবোদাস নামে এক পুত্র-ধন দান করিয়াছিলেন। তিনিই কৃপণ পণিকে শুচিশুদ্ধ করিয়াছিলেন

(ইয়মদদাদ্রভসম্নচ্যুতং দিবোদাসং বঙ্গাশ্বায় দাশুয়ে—৬।৬১।১)। দেবভার নিন্দাকারীকে ভিনি সহু করিতে পারেন না। দেবভার নিন্দা করার জন্ম ছফার পুত্রকে এই দেবীই নাশ করিয়াছিলেন বলিয়া বেদে উক্ত হইয়াছে (সরস্বতী দেবনিদো নিবর্হয় প্রজাং বিশ্বস্থা বুসময়্য মাফিন:—৬,৬১।৩)। এই অরবতী দেবী আমাদিগকে অর প্রদানধারা পরম পরিতৃপ্তি দান করেন (প্রশোদেবী সরস্বতী বাজেভি বাজিনীবতী ধীনামবিত্র্যবত্তু—৬।৬১।৪)। বেদে শক্রনাশিকা রথারুটা বলিয়া দেবী সরস্বতীর স্তুতি আছে। উজ্জ্ববর্ণা এই দেবী পার্থিব এবং দিব্য ধনের অধিকারিণী। দেবীর কায়িক বর্ণনা বেদে দেখিতে পাওয়া যায় না। বিশাল বৃক্কের মতই এই আশ্রমপ্রদায়িণী দেবীর শরণাগত জনগণ অশেষ কল্যাণ লাভ করেন (তব শর্মন্ প্রিয়তমে দ্বানা উপাস্থয়াম্ শর্পং ন বৃক্কম্—৭।১৫।৫)। বুদ্ধি-প্রদায়িণী বাগ্দেবী সরস্বতী বজ্মানের কামনা পূরণ করেন। আরোগ্যকারিণী এই দেবী সরস্বতী—(অণমীবা ইয় আবেহুক্মে—১০।১৭।৮)।

শতসহস্রধারায় প্রবহমানা নদীর মত দেবী সরস্বতীও এই পৃথিবীতে ভাষার শতসহস্রধারায় রূপায়িত। পৃথিবীর সর্বত্রই এই দেবীর অবাধ গতি। জাতি-ধর্ম নির্বিশেষে পৃথিবীর মনুষ্ঠুল এই বাগ্দেবীর অনুগ্রহ লাভ করিতে সর্বদা সমুংস্ক। সরস্বতীকে ঋষি 'অম্বিতমে নদীতমে দেবিতমে' (২-৪১-১৬) বলিয়া সম্বোধন করিয়াছেন। এই সম্বোধন হইতেই বুঝা যায় সরস্বতীকে বৈদিক আর্থগণ কত উচ্চ স্থান দিয়াছিলেন।

বৈদিকোন্তর মুগে ভারতবর্ষে পবিজ্ঞতায় ও মাহান্ম্যে গঙ্গার যে স্থান সংস্কৃত বাঙ্ ময়ে ও লোকাচারে দৃষ্ট হয়, বৈদিক মুগে সরস্বতী নদীর সেই মহিমা ও উচ্চ স্থান ছিল। ঋগ্বেদের মাত্র শেষ মগুলে একবার গঙ্গার নাম পাওয়া যায়। মহাভারতেও সরস্বতী তীর্থের মাহান্ম্য কীর্ভিত হইয়াছে। লোমহর্ষণকে হত্যা করার পাপের প্রায়শ্চিত্ত করিতে বলরামের সরস্বতী তীর্থে যাইতে হইয়াছিল। অধুনালুপ্ত সরস্বতী নদীর ভৌগোলিক আলোচনা এই গ্রন্থের বিংশ পরিভেদে করা হইয়াছে।

পৃথিবী

অন্নদাত্তী পৃথিবী মর্ত্যবাসীর মাতৃস্থানীয়া। ভূমিষ্ঠ হইয়া আমরা এই পৃথিবীকেই দেখি ও পৃথিবীর বাডাস গ্রহণ করি। আমাদের স্বল্প পরিসর জীবনের দীলাখেলার আরম্ভ এবং অন্ত এই পৃথিবীর বুকেই। সৃজ্লা সৃষ্ণা শৃষ্ণামলা পৃথিবীর বক্ষপ্রসৃত রসই আমাদের জীবনধারণের সহায়ক। সেই কোন সৃদ্র অনাদিকাল হইতে পৃথিবী মাতা আমাদের সন্তান সন্ততি-রপে স্বীকার করিয়া লইয়া অসীম ধৈর্ম সহকারে মনুষ্ঠকুলের প্রতিপালনে নিরতা রহিয়াছেন। এই পৃথিবী মাতা আমাদের আরাধ্যা, আমাদের বন্দনীয়া। অথববিদের একাদশ কান্তে পৃথিবীর অসীম উপকারের কথা এবং অভ্লনীয় মহিমার বর্ণনা সতাই অতি চিন্তাকর্ষক। তথায় অতি প্রাক্ষল ভাষায় পৃথিবীর গুণানুকীর্তন করা হইয়াছে।

ঋণ্-বেদেও পৃথিবীকে সৃললিত ভাষায় স্তুতি করা হইয়াছে। তবে ঋণ[্]-বেদের একটি মাত্র সৃষ্টে এই সুজ্ঞলা সুফলা মাতৃদেবীর স্তুতি পরিলক্ষিত হয় (৫-৮৪); কিন্তু কয়েকটি দৃজ্জে লাবা পৃথিবী আখ্যায় আকাশ এবং পৃথিবীর যুগ্ম স্তুতি দৃষ্ট হয়। সূর্য কিরণে এই পৃথিবী যেমন সন্তাপিত হয় তেমনি আবার বায়ুদেবতার বারিধারায়ও এই মর্ত্যন্থল সিক্ত ও রিগ্ধ হয়। অর্থাৎ সূর্যের তেক্তে পৃথিবী সম্ভপ্ত এবং বায়ুদেবতার বর্ষণে পৃথিবী সিক্ত হয় (স্তেগো ন ক্ষামত্যেতি পৃথীং, মিহং, ন বাতো বিহ বাতি ভূম—১০৷৩১৷৯)। নিরুক্তকার যাস্কাচার্ব ভাঁহার নিঘ্ট্রতে পৃথিবীর একুশটি প্রতিশব্দ লিপিবদ্ধ করিয়া গিরাছেন। তাহার মধ্যে প্রী, অবনি, ক্ষমা প্রভৃতির নির্বচন প্রদর্শন কালে পৃথিবীর বিশেষ বিশেষ গুণের উল্লেখ করিয়াছেন। প্থিবী শব্দটির অর্থ যাহা 'অতি প্রথিডা' অর্থাৎ বিত্তীর্ণা। রক্ষা বা পালন করা অর্থে অবনি, প্রাণিসমূহ এই প্থিবীতেই নিবাস করে ডজ্জ্ল্ড তাহার একটি নাম ক্ষমা (কিয়তি নিবসভাস্থাং প্রাণিনঃ), অথবা পদার্থসমূহ এই ছলে কয় প্রাপ্ত হয় এই অর্থেও প্রথিবীর নামান্তর ২ইল ক্ষমা (ক্ষমন্তি অবয়বং গচছতি অস্তাং পদার্থাইতি বা)। এই পৃথিবীতে যজমানগণ দেবতার স্তুতি করেন—এট অর্থে প্রথিবীর একটি নাম হইল ইলা (ঈড্স্ততৌ), (ঈডাতে স্থয়তে বায়াং ষক্ষমানো দেবান্, ইল্লে দীপ্যতে বা অস্তাং শ্রীভিঃ)। প্রথীর জপর একটি নাম পূষা, কারণ প্ৰিবী সকলকে ধারণ এবং পোষণ করেন। (ধারছডি সর্বাণি ভূতাণি পোষয়তি আভরণানি ইতি)৷ ভায়কার মাধবের মতে পোষৰিত্ৰীর সাক্ষাৎ রূপই পৃষা অর্থাৎ প্'থিবী (পৃষা পোষয়তীতি ভক্ত প্রভাক্ষং রূপম্)।

বেদে প্ৰিবী দেবীর সহিত অস্থ্য কোন দেবদেবীর স্তৃতি দৃষ্ট হয় না। কেবলমাত্র একযোগে (দ্যৌ) এবং প্ৰিবীর কয়েকটি স্তোত্ত পরিল্লিড হয়। বেদে পৃথিবী অতি উদার বলিয়া বর্ণিত, এমন কি এই উদারতা পর্বত প্রমাণ বলিয়া উল্লেখ করা হইয়াছে। পৃথিবীই মেঘরাশিকে স্বকর্মে প্রবৃত্ত করান। অর্জুনী পৃথিবীর অপর একটি নাম। এই বসুধার বক্ষপ্রদেশই ক্ষুদ্র বিশাল ব্দরাজিসমূহের উৎসন্থল (দূল্হা চিলা। বনস্পতান্ ক্ষয়া দর্ধর্য্যোজসা'— ৫।৮৪।৩)।

যজ্ঞের পুষ্টিবর্ধক এই দেবতাছন্দ্র আকাশ এবং পথিবী। পুত্রতুল্য যজমানকে এই দেবতাদ্বয় বরণীয় ধনদারা সম্পদ্শালী করিয়া ভোলেন। দেবতাদের সহিত আকাশ এবং পৃথিবী যজ্ঞ আগমন করেন ('প্র দাবা যজৈঃ পুথিবা ঋতাব্ধা মহী স্তমে বিদথেয়ু প্রচেত্রসা। দেবেভির্যে দেবপুত্তে সুলংসমেখা ধিয়া বার্যাণি প্রভূষতঃ'— ১।১৫৯।১)। যজমানকৈ সুগ প্রদান করেন এই এই দেবতা (তে হি দ্যাবা-পৃথিবী বিশ্বশংভূব ঋতাবরী রক্ষসো ধারয়ংকরী---:।:৬০।১)। পিতামাতা সন্তানকে যেমন লালন পালন করিয়া পরিবহিত করিয়া তুলেন আকাশ এবং পৃথিবীও ঠিক তেমনি ধরাপৃষ্ঠের সকলকে প্রতিপালন করেন (উক্লব্যচসা মহিনী অসশ্চঙা পিতা সাতা চ ভুবনানি রক্ষতঃ— ১১৯৬০।২)। ঝাগ্রেদের ষষ্ঠমগুলে একটি সৃক্তে (৬।৭০) আকাশ এবং পৃথিবীকে যৌপভাবে যে স্তুতি করা হইয়াছে তাহা অতি উচ্চ প্রশংসার দায়ী রাখে। বহু কর্মের নিষ্পাদক এই আকাশ এবং পৃথিবী। সুশোভন কর্মসম্পাদক এই দেবতাযুগল। সুশোভন কর্ম সম্পাদক যজমানের জন্ম আকাশ এবং প্ৰিবী অশেষ কল্যাণ স∤ধন করেন। আকাশ ও পৃ¦থিবীর উপাসক<mark>গণ সভান সভতি সমলিত হইয়া</mark> সমৃদ্ধিশালী হয়, উক্ত মণ্ডলের একস্থানে আকাশকে ধরাতলবাসীর জনক এবং ধরিত্রীকে মাতা বলিয়া সংস্থোধন করা হইয়াছে—(উর্জং নো দেটাক প্ৰিবী চ পিরভাং পিভামাতা থিশ্ববিদা সুদংসসা—৬।৭০।৬)। ভূলোক ও গুলোককে যুগপৎ 'রোদসী' বলিয়াও বেদে অভিহিত করা হইয়াছে। ৬।১১।৫ মন্ত্রে হালোককে পিতা, প্রথিবীকে মাতা, বসুগণকে ভাতা বলিয়া সম্বোধন করা হইয়াছে।---

'দোম্পিড: প্ৰিবী মাতর্ঞগন্মে আতা বসবো মৃড্ডা নং'। প্রাচীন গ্রীক্ কাব্যেও আকাশকে পিতৃত্বপে এবং বস্ক্রাকে মাতৃত্বপে বহু স্থানে সম্বোধন করা হইয়াছে। দেবরাজকে গ্রীক্ ভাষার যেরূপ Zeus (জিউস) বলা হয়, আকাশকেও ডগ্রেপ বছস্থানে Zeus সম্বোধন করা হইয়াছে। এই জিউস্ সংস্কৃতের দোস্ শক্ষের নিকট আত্মীয়। একটি গ্রীকৃপদে গুলোককে 'Zeus Pitar' বলা হইয়াছে; ইহা উক্ত বেদমন্ত্রের 'দোস্পিতর্' এর সমানার্থক; শব্দসাম্যত লক্ষণীয়।

বায়ু দেবতা

অক্সাম্য দেবতার মত বায়ুদেবতার স্থান ঋগ্বেদে বিশেষ ঋরুত্বপূর্ণ নহে। অধিকাংশ সুস্তে তিনি ইব্রুদেবতার সহিত স্তত হইয়াছেন ও সোমপানকারী রূপেই বর্ণিত হইয়াছেন। বায়ুর কোন কায়িক বর্ণনা বেদে পাওয়া যায়না।

অন্তরীক্ষলোকের দেবতাগণের মধ্যে বায়ুই প্রধান। যাস্কাচার্য বায়ুর বৃংপত্তি নিরুক্ত গ্রন্থের দৈবতকাণ্ডের দশম অধ্যায়ের প্রথম পাদে দেখাইয়াছেন
— 'বায়ুঃ বার্তেবা' অর্থাৎ বা ধাতু হইতে বায়ুশক নিজ্পন্ন হইয়াছে।

সাধারণভাবে আমরা বায়ুর বিষয়ে বলিতে পারি যে বায়ু প্থিবীর সর্বত্র বিরাজমান, কিন্তু তাহা চোখে দেখা যায় না। বায়ু এক নিমেষের জন্ম প্রবাহিত না হইলে আমাদের জীবনধারণ সম্পূর্ণরূপে অসম্ভব হইবে। কি আমর্ব এই বায়ুদেবতা! তাঁহাকে দর্শনেব্রিয়ের ঘারা দর্শন করা যায়না; শুধু বায়ুর বেগ প্রবণেব্রিয়ের ঘারা প্রবণ করিতে পারা যায় এবং ছুগিল্রিয় ঘারা স্পর্শের অনুভূতি হয়। প্রগ্রেদে স্পইভাবেই প্রযিগণ গাহিয়াছেন কোথায় এই দেবতা উৎপন্ন হইয়াছেন? কোথা হইতেই বা এই দেবতার আগমন হইল? ক স্থিজ্ঞাতঃ কৃত আ বভূব—১০০১৬৮৩। দশম মগুলের একশত আটষ্টিতম সৃত্তে প্রষিগণ স্পষ্ট ভাবেই বায়ুকে এইরূপে স্থতি করিয়াছেন যে তাঁহার রূপের প্রভাক্ষদর্শন হয়না (ঘোষা ইদ্যু শ্রিরে ন রূপম্—১০০১৬৮৪)।

বার্দেবতা জলের সখা ('অপাং সখা'—১০।১৬৮।৩), জলের পূর্বে বার্
সঞ্চাত হইরাছে (প্রথমজা), তিনি সড্যের হারা ওতপ্রোতরূপে বিজ্ঞিত
(ঋতাবা); তিনি দেবসমূহের আত্মাররূপ (আত্মা দেবানাম্— ১০।১৬৮।৪),
অপ্রতিহতগতি তিনি রেচছার বিচরণ করেন (যথাবশং চর্তি দেব এহ:—
১০।১৬৮।৪)। বায়ুদেবতা রথে আরু ইইয়া গমন করেন, তাঁহার রথের শক্ষ্
ভাষণ। বৃক্ষাদি উৎপাটন করিয়া বায়ুদেবতার রথ প্রধাবিত হয় (১০।১৬৮।১);
এমন কি বায়ুদেবতার রথ যখন চলে, তখন পর্বতও কাঁপিতে থাকে। গোটক
কাহিত রথে বায়ুদেবতা যখন গমন করেন, তখন তিনি যেন সমস্তলোকের
জ্ঞানীশ্বরূপেই গমন করেন (তাভি: সমুক্ সর্থং দেব ইয়তেইয়া বিশ্বয়া ভ্রুবনয়া

রাজা—১০।১৬৮।২)। একস্থানে লালরঙমুক্ত ঘোটককে বায়ুর রথবাহক বলা হইয়াছে (১।১৩৪।৩)।

ইব্রুকে যে ভাবে সোমপানের নিমিত্ত আহ্বান করা হইয়াছে, বায়ুকেও তত্রপ সোমপানের নিমিত্ত স্তুতি করা হইয়াছে (বায়বায়াহি দর্শতেমে সোমা অরংকৃতা। তেষাং পাহি ভ্রুধী হবম্—১।২।১)। বায়ুর স্তোত্তে আরও বহু-স্থানে বায়ুকে সোমপানের নিমিত্ত স্তুতি করা হইয়াছে (১।১৩৪।১ ; ১।১৩৫।১)। বায়ুর নিমিত্ত সোম হ্প্রমিশ্রিত করা হয়; সেই হ্প্রমিশ্রিত সোম তিনি পান করেন, তিনি সোমপায়ী। সোমপানের নিমিত্ত আটানব্বইটি (৯৮) ঘোটকবাহিত রথে বায়ু যজ্ঞালায় আগমন করেন (৪।৪৮।৪)। উজ্জ্ঞ थनयुक रहेशा जिनि हेटलात महिज यखनानाय जानमन करत्रन (১/১৩৫/৪)। লোকের কল্যাণকর কর্মে বায়ুদেবতা সতত নিযুক্ত থাকেন। দশম মণ্ডলের একশত ছিয়াশীতম সৃক্তে বায়ুকে অতি কল্যাণকর কর্মের কর্তারূপে কীর্ত্তন করা হইয়াছে। সেখানে বলা হইয়াছে যে বায়ু ওষধির মতই গুণসম্পন্ন হইয়া আমাদের নিকট আগমন করেন; তিনি আমাদের আয়ুবর্দ্ধন করেন; তিনি মঙ্গলময় ও সুখপ্রদানকারী (বাত আ বাতু ভেষজ্বং শভু ময়োভু নো হুদে। প্রণ আয়ুংষি তারিবং-১০।১৮৬।১)। উক্ত মণ্ডলে বায়ুকে ঋষি তাঁহাদের পিতা ও ভ্রাতারূপে সম্বোধন করিয়াছেন (উত বাত পিতাসি ন উত ভ্রাতোত নঃ সখা ১০।১৮৬।২), বায়ু আমাদের স্থাও। বায়ুদেবভার ধামে অমৃতনিধি বিরাজ করিতেছে, তাই যজমান প্রার্থনা করিতেছেন যে অমৃতের হারা তাঁহাদের জীবন যেন সিক্ত হয়।

ঋগ্বেদে 'বাত' এবং 'বাষু' একই অর্থে ব্যবহৃত হয় নাই। 'বাত' দেবতা কঞ্বার দেবতা। বাতদেবতা যেরূপ 'বাতাপর্জ্ঞ ।' রূপে ছন্দ্রবন্ধভাবে স্তুত হইয়াছে, বাষু দেবতাও ইন্দ্রের সহিত যুগলভাবে স্তুত হইয়াছেন। বাষুকে সোমপানকারী রূপে বহুবার আহ্বান করা হইয়াছে; বাত দেবতার তজ্জাতীয় সংখাধন শ্রুত হয় না।

' অপাং নপাৎ

থাগ্বেদের অপাং নপাং দেবতার সৃক্ত সংখ্যা হিসাবে মাত্র একটি পূর্ণ সৃক্ত পরিদৃষ্ট হয় (২০৫); কিন্তু দশম-মগুলের সপ্তবিংশতিতম সৃক্তের কয়েকটি মাত্রে উষ্ণ দেবতার উল্লেখ পাওয়া যায়।.....দশম মগুলের সপ্তবিংশতিতম সৃষ্টের তৃতীয় মাত্রের তাংপর্য হইতে ইহাই অনুমিত হয় যে অপাং নপাং জ্লাধিপতি দেবতা; তিনি সমুদ্রগর্ভে বসবাস করেন ('অধ্বর্যবাহণ ইতা সমুদ্রমণ্যাং নপাতং হবিশ্ব যজ্ঞধন্' ২০-৩০-৩)। ইস্তের নিমিত্ত সোমরস প্রস্তুতির উদ্দেশ্যে পবিত্র জ্লের প্রয়োজনে প্রধিগণ অপাং নপাং দেবতার সম্ভৃতি বিধানের নিমিত্ত সোমরস অর্পণ করিবেন (তিশ্ম সোমং মধুমন্তং সুনোত ১০-৩০-৩)। ইহা হইতেই বুঝা যায় যে অপাং নপাং দেবতা সোমরস পান করেন। প্রত্বিক্রণণ তাঁহার সম্ভৃতিবিধানের নিমিত্ত তাঁহাকে সোমরস অর্পণ করিলে সেই দেবতা উত্তম জ্লল দান করিবেন ও তাহার সাহায্যে সোমরস উত্তমন্ধ্রপে শোধন করা হইবে এবং সেই জ্লল মিশ্রিত স্বাহ্ন সোমরসই ইল্রের উদ্দেশ্যে অর্পণ করা হইবে।

অপাং নপাং দেবতার সৃক্তসংখ্যা যদাপি বল্ল তথাপি ঐ অল্পসংখ্যক মন্ত্রেই
আমরা উক্ত দেবতার কান্ত্রিক বর্ণনা, প্রকৃতি প্রভৃতি জানিতে সমর্থ হই।
বিতীয় মণ্ডলের পঞ্চানিংশং সৃক্তের বিতীয় মন্ত্রে বলা হইয়াছে যে তিনিই
জীবগণের প্রাণয়রূপ জলের বারা এই অখিল সংসার রচনা করিয়াছেন
(অপাং নপাং সুমর্যস্ত মহুা বিশ্বান্ যর্ষো ভুবনা জ্বান)। তিনি সমুদ্রের
বড়বানলের বর্দ্ধক ও পবিত্র নির্মল জল তাঁহার চতুষ্পার্শ্বে বিরিয়া রহিয়াছে
(২০০০)। অশ্বিষুগল বেদে যেরূপ অভয়প্রদানকারী দেবতা, অপাং নপাং
দেবতাও তদ্রুপ অভয়প্রদানকারিরূপে বর্ণিত হইয়াছে। যজ্মান স্তৃতি
করিতেছেন,—'হে বিদ্বান! তুমি দ্রোহি হিংসুক হইতে স্তোভাকে রক্ষা কর'
(শ্বক্রহো রিষঃ সম্প্রেং পাহি সূরীন্—২০০।৬)। এই দেবতা মিথ্যাবাদী
এবং অদানশীল কুপণ ব্যক্তির প্রতি ক্ষনও প্রসন্ন হন না, তাহারা তাঁহার
প্রসাদ হইতে বঞ্চিত থাকে (২০০৪)।

বর্ষাকালে এই দেবতা প্রভূত জলপ্রদানপূর্বক উত্তম আর উৎপাদনের পথ সুগম করিয়া দেন। তাঁহার যজমানকে তিনি যেন ধনদান করিবার নিমিত্ত সর্বদা সমুংসুক হইয়া আছেন।

তিনি সত্য, পবিত্র এবং তেজস্বী। সমস্ত প্রাণী তাঁহার অংশমাত্র— 'যো অপ্রা তটনা দৈব্যেন শ্বতাবাজ্য উর্বিয়া বিভাতি। বয়া ইদ্যা ভূবনাক্তয়া প্রজায়তে বীরুষক প্রজাভিঃ'। — ২৩৫৮। এই দেবতা ওষধি সমূহেরও উৎপাদন কর্তা।

ঋত্বিকাণ বলিতেছেন, ইলা, সরয়তী ও ভারতী এই আসরহিতা দেবীত্রয় অপাং নপাং দেবতার জন্ম অল্লধারণ করিয়া থাকেন। এই দেবতার রূপ, আয়াকৃতি এবং বর্ণ সুবর্ণের মতই উজ্জেল। তাঁহাকে তেজয়ী ও প্রদীপ্তরূপেও ছাতি করা হইয়াছে। এবং তাঁহার নিবাস স্থানও হিরণ্য-ভাম্বর বলিয়া উচ্চ হইয়াছে। 'হিরণ্যরূপঃ স হিরণ্যসন্দ্রাপাং নপাং মেছু হিরণ্যবর্ণঃ। হিরণ্যয়াং পরি যোনেনিষিদ্যা হিরণ্যদা দদতহল্লমদ্মৈ ॥' ২০৩৫।১০। যক্ষমান তাঁহাকে মিত্ররূপে আহ্বান ও স্তুতি করেন (২০৩৫।১২)।

অপাং নপাং দেবতার এই সংক্ষিপ্ত পরিচিতি হইতে স্পাই প্রতীতি হয় যে তিনি জলের মধ্যেই বাস করেন, তাঁহার কুপাতেই জল পৃথিবীতে সৃষ্ট হইরাছে, কারণ, দ্বিতীয় মণ্ডলের পঞ্চাতিংশং সৃষ্টের পঞ্চম মন্ত্রে বলা হইয়াছে যে সর্বপ্রথম প্রকটিত জলই অপাং নপাং এবং ভাহার সারভাগই হইল সোমরস। জলেই উক্ত দেবতার স্থিতি, জল হারাই তিনি পরিবেটিত, জলেই তাঁহার দিব্যপ্রকাশ!

এই অপাং নপাং দেবতার বাহ্য প্রতীক হইল বিহাং; তিনি বিহাডের অধিষ্ঠাত্তী দেবতা, তজ্জেশ্য স্থাবির বিহাতের শুগায় তাঁর আকৃতি ও বেশভ্ষাও হিরণ্যবর্ণ। মেঘগর্জস্থ জল হইতেই বিহাং উৎপন্ন হয়, তজ্জেশ্য জলই অপাং নপাতের উদ্ভবস্থান। বর্তমান সংস্কৃতে 'নপাং' শব্দের অর্থ নপ্তা বা নাভি কিন্তু বৈদিক সংস্কৃতে 'নপাং' শব্দের অর্থ পুত্র; 'ন প্ততি বংশঃ যহা হেতোঃ'।

অপাং নপাং দেবভাকে Macdonell বিহাং বলিয়া অভিহিত করিয়াছেন। 'আন্ত হেমন্'—বিশেষণটি অপাং নপাংকে বৃঝাইবার নিমিত্ত ভিনবার ব্যবহৃত হইয়াছে এবং একবার ভ্রু অগ্নিকে উদ্দেশ্য করিয়া এই বিশেষণের প্রয়োগ হইয়াছে। ভাই Macdonell মনে করেন যে অগ্নির বিহাং প্রভাই অপাং নপাং। কারণ, অগ্নিকে সোজাসুজি অপাং নপাং না বলিয়া জলে গর্ভরূপে অবস্থিত বলাই যুক্তিযুক্ত [The epithet asu-heman swiftly—'speeding', applied three times to Apam-napat, in its only other occurence refers to Agni. Hence Apam-napat appears to represent the lightning form of Agni which lurks in the cloud. For Agni, besides being directly called Apam-napat, is also termed the embryo (garbha) of the waters—A Vedic Reader for students P.P. 67]

বৃহস্পতি

বৃহস্পতিকে আমরা বাচস্পতিরপেও জানি। ঋগ্বেদে বৃহস্পতিকে স্বতন্ত্রভাবে সর্বসমেত সাতটি (৭) সৃজ্জে এবং ইন্দ্র ও বৃহস্পতিকে একযোগে একটি সুজ্জে (৪।৪৯) স্তুতি করা হইয়াছে। ঋগ্বেদের অফ 'দেবসু' মধ্যে বৃহস্পতিও রহিয়াছেন বাচস্পতিরপে। কিন্তু ঋগ্বেদে এই অফ্টেদেবসুর নাম পাওয়া যায়না; যজুর্বেদের তৈত্তিরীয় সংহিতায় প্রথম ইহাদের উল্লেখ পাওয়া যায়।

অক্সিরাতনয় রহস্পতির শান্তরণ ও বিকটরূপ বেদে লক্ষণীয়। যাহারা প্রকৃত শান্ত, সাধু শ্রেণীর তাহাদের জন্ম বৃহস্পতি অতি কমনীয়; পক্ষান্তরে, যাহারা দ্রোহী অর্থাৎ যাহাদের স্থভাব শক্রতাচরণেই লিপ্ত তাহাদের নিকট বৃহস্পতি সংহার মৃত্তিম্বরূপ। থাষি তাঁহার স্থতিপ্রসঙ্গে সেইক্ষণ্টই গাহিয়াছেন, — 'যস্তস্তম্ভ সহসা বিজ্ঞানা অন্তান্ বৃহস্পতিস্তিমধক্ষো রবেণ। তং প্রদাস খ্যানাঃ পুরো বিপ্রা দধিরে মন্ত্রজ্ঞিহন্ট্ (৪।৫০।১)। ইহার তাৎপর্য এই যে স্বীয় শক্তির ঘারা বৃহস্পতি সমস্ত পথিবীতে পরিব্যাপ্ত রহিয়াছেন; সমস্ত দিক তাঁহার বশীভূত। ভূলোক, হ্যালোক ও অন্তরীক্ষলোক তাঁহারই অধীন; তিনি বিশিষ্ট জিহ্বাযুক্ত, প্রাচীন ঋষিগণ তাঁহাকে পুরোহিত পদে অধিষ্ঠিত করিয়াছেন। সেই একই সৃক্তের বিতীয় মন্ত্রে বলা হইয়াছে যে শক্তগণ তাঁহার ভয়ে সদা কম্পানান।

এই দেবতার অবয়বের বর্ণনাও কিয়ংপরিমাণে জানিতে পারা ষায়।
তিনি তীক্ষ শৃঙ্গ-বিশিষ্ট, তাঁহার পৃষ্ঠভাগ নীল, তাঁহার রং সুবর্ণময়। তিনি
শর-চাপযুক্ত এবং সুবর্ণমন্টি ধারণকারী। এই সুদর্শন বৃহস্পতি অনেক বাহনযুক্ত এবং বাল্যারা সজ্জিত (৭:৯৭:৭)। অগ্নিকে যেভাবে ঐশ্বর্যের স্বামী
রূপে কীর্ত্তন করা হইয়াছে, বৃহস্পতিকেও তদ্রুপ ধনদাতারূপে স্তৃতি করা
হইয়াছে। যজমানগণ ধনের আশায় উত্তমরূপে এই দেবতার স্তৃতি পাঠ
করেন। এক স্থানে তাঁহাকে ও ইক্রকে পার্থিব এবং দিব্য-ধনের অধিকারিরূপে বর্ণনা করা হইয়াছে— (৭:৯৭:১০; ৭:৯৮:৭)।

খোটক-বাহিত রথও এই দেবভার যান। তিনি সেই রথে চড়িয়া যুদ্ধ করেন ও রাক্ষস নিধন করেন।

তাঁহাকে বেদে 'ব্নতেয়ঃ', 'ঋতাস্পূল', 'অস্ত্রিগ্না'—ইত্যাদি বিভিন্ন সংজ্ঞায় বিভিন্নরূপে স্তুতি করা হইয়াছে। তাঁহাকে 'তুবিজ্ঞাভঃ'—উচ্চবংশ-জ্ঞাতরূপেও আহ্বান করা হইয়াছে। বুহস্পতি দেবগণের মধ্যে ত্রাঞাণ (ব্রহ্ম বৈ বৃহস্পতিঃ—ঐতরেয় আক্ষাণ ১৮৮২; ব্রহ্ম বৈ দেবানাং বৃহস্পতিঃ— তৈতিরীয়

সংহিতা ৬।১।৮) ইল্রের অনেকগুলি কর্মের সহিত বৃহস্পতির কর্মের মিল পাওয়া যায়। যেমন বেদে শক্রর বিজয়কারিরপে ইল্রের পরিচয় দেওয়া হইয়াছে, তক্রপ বৃহস্পতিকেও শক্রধনাপহারী দেবতারপে দেখিতে পাই। বৃহস্পতিকে বছবার বৃত্তহত্যাকারী বলিয়া স্তুতি করা হইয়াছে; 'বল' নামক দৈত্যের কবল হইতে ইল্র গাভী সমূহ মুক্ত করিয়াছিলেন, বৃহস্পতিকেও বল নামক দৈত্যের মর্দক ও গাভীর মুক্তিদাতারপে স্তুতি করা হইয়াছে (৪।৫০।৫), ইল্রের প্রিয় পানীয় দ্রব্য সুমধুর সোমরস উক্ত দেবতার পেয়। বৃহস্পতিকে সোমরস পানের নিমিত্ত ইল্রের সহিত আহ্বান করা হইয়াছে (৪।৫০।১০) এবং সোমরস যে তাঁহার প্রিয় পেয় তাহারও উল্লেখ আছে।

চতুর্থমগুলের পঞ্চাশন্তম সৃস্তের চতুর্থ মন্ত্রে বৃহস্পতিকেও অন্ধকারনাশক বলা হইয়াছে, যেমন সৃর্থকে বহুবার তমোনাশকরূপে কীর্ত্তন করা হইয়াছে। বৃহস্পতির ভয়েই সূর্য বক্ত পশুর মত আকাশমার্গে ভ্রমণ করেন (১০৯০০)। সেই মহান্ দেবতার যশ আকাশ ও পৃথিবীর সর্বত্র বিঘোষিত (অক্ত শ্লোকো দিবীয়তে পৃথিব্যামবত্যা—১০০০)। সুমার্গরত যজমানের তিনি মিত্র ও হুষ্টের শাস্তা—এই মন্তুটির প্রতিধনি শ্রীমন্ত্রেগবদ্গীতার ভগবান্ শ্রীকৃষ্ণের দিবাবাণীতে শ্রুত হয়, 'পরিত্রাণায় সাধুনাম্ বিনাশায় চ গুলুতাম্'। সেই বলবান্ শ্রেষ্ঠ, পূজা বৃহস্পতি বহু মনুস্তের উপকার সাধনের নিমিন্তই প্রকাশিত (১০৯০৮)। উল্লোপাতের সময় থেমন অত্যুজ্জল আলোকের উদ্ভব হয়, বৃহস্পতি ঠিক তেমনি আলোকযুক্ত ও তেজন্বী (১০৮৮৪)। আকাশ হইতে তিনিই অন্ধকার বিতাড়িত করেন (২০৮৮৬)।

ভিনি দিবা ও রাত্তিকে নিয়ন্ত্রিত করিয়াছেন (২০।৬৮।১১)। অমক্সলনাশক ও রোগ নিবারক এই দেবতা মনুয়ের হুর্গতিও নাশ করেন (২০।১৮২।১)।
যজমান স্তুতি করিতেছেন ভিনি যেন তাঁহাদিগের কুবুদ্ধি ও অকল্যাণকর বিষয়
নাশ করেন; রোগ বিদ্রিত করিয়া তাঁহাদিগকে যেন ভয় হইতে দুরে
রাখেন (১০।১৮২।৩)।

এই দেবতাকে আমরা বেদে পাঁচটি বিশেষরূপে দেখিতে পাই।

বৃহস্পতি দেব একটি বৃহস্পতি গ্রহরূপে, দিতীয়তঃ, শব্দ অর্থাৎ রাত্রির দোতিকরূপে, তৃতীয়তঃ, ব্রহ্মণস্পতিরূপে, চতুর্থতঃ, ব্রাহ্মণরূপে এবং পঞ্চমতঃ, নুপতিগণের পুরোহিডরূপে ও দেবতাগণের পুরোহিডরূপে।

আমরা বৃহস্পতিদেবতার স্তোত্তে বছম্বানে তাঁহাকে অত্যুজ্জল ও শব্দ-কারকরূপে দেখিতে পাই। আকাশে বল্পের শব্দ এই বৃহস্পতিদেবের শব্দ মনে করিলে এবং বিহাতের উজ্জ্বল আলোকে বৃহস্পতিকে বিদ্যোতিত মনে করিলে আমরা বলিতে পারি যে এই বৃহস্পতি দেবতা বিহাৎ ও বজ্লের দ্যোতক।

যে রাজা বাজাণপুরোহিত বৃহস্পতিকে অনুবর্ত্তন করেন অর্থাৎ তাঁহার নির্দেশমতন রাজত্ব পরিচালনা করেন প্রজাগণ স্বতঃপ্রবৃত্তভাবে সেই নৃপতির বক্সভা স্বীকার করে,—'তাঁসা বিশঃ স্বয়মেবানমতে যশ্মিন্ ব্রহ্মা রাজনি পূর্ব এতি'।

বাজিদেবী – বেদে রাজিদেবীর স্তবও দেখিতে পাওয়া যায়। কিন্তু এই দেবীর উদ্দেশ্যে স্তত মন্ত্র সংখ্যা স্বস্তু, মাত্র হুইটি সৃষ্টেই তাঁহার স্তব দৃষ্ট হয়। প্রথম মণ্ডলের শততম সৃষ্টে রাজিদেবীর উল্লেখ রহিয়াছে আবার দ্বিতীয়-মণ্ডলের দ্বাজিংশত্তম সৃস্টে এবং দশম মণ্ডলের একসপ্তবিংশতিতম সৃষ্টে অতি প্রাঞ্জ ভাষায় এবং চিত্তাকর্ষকভাবে রাজী দেবী আরাধিত হইয়াছেন। দশমমণ্ডলের উক্ত সৃক্টি কাব্যিক সোক্ষামণ্ডলের উক্ত সৃক্টে কাব্যিক সোক্ষামণ্ড অত্লনীয়।

নিঘণ্ট্ৰতে তেইশটি রাত্রিবাচক শব্দ দৃষ্ট হয়; — শাবী, ক্ষপা, শর্বরী, অক্ত, উর্ম্যা, রাম্যা, যম্যা, নম্যা, দোষা, নক্তা, তমঃ, রক্ত, অসিক্লী, পয়স্বতী, তমস্বতী, ঘৃতাচী, শিরিণা, মোকী, শোকী, উধঃ, পয়ঃ, হিমা, বাস্থী।

এই রাত্রিবাচক তেইশটি শব্দের মধ্যে কয়েকটির ব্যবহার লৌকিক সংস্কৃতেও দৃষ্ট হয়। তবে অল্প কয়েকটি স্বল্প পরিবর্তিত রূপে লৌকিকে স্থান পাইয়াছে। যেমন—বেদে নজা কিন্তু লৌকিকে নজ্ম (রাত্রি)। ক্ষমা, শর্বরী প্রভৃতি লৌকিকে অপরিবর্তিতভাবেই ব্যবহৃত হয়। গোধূলিব প্রথমভাগ ধবলবর্ণ ধারণ করে, এই জন্ম রাত্রির একটি নাম স্থাবী। 'ক্ষীপ্যতে স্থাচারেণ ক্ষপা' – ক্ষীর স্থামীর এই অভিমত্তের তাংগর্ম হইল এই যে সূর্যের অস্তাচলে যিনি প্রেরিত হন তিনিই ক্ষপা। এই ভাবে বিশেষ বিশেষ অর্থে রাত্রির এক একটি নাম প্রদন্ত হইয়াছে। যাস্কাচার্যের মতে 'রম্' ধাতুর সহিত্ ত্রিপ্ প্রত্যেয়যোগে রাত্রিশব্দ নিজার হইয়াছে। য স্থাচার্যের মতে 'রম্' ধাতুর সহিত্ প্রাণিবর্গ বিরত হয় বলিয়াই রাত্রিশব্দ (উপরম্ভি দিবাচরা: স্ব্যাপারেভ্যঃ)। একটি মস্ত্রে বলা হইয়াছে যে সূর্য হইতেই রাত্রি জ্ঞাত হইয়াছেন (যথা প্রস্তা স্বিত্ঃ স্বায় এবা রাত্র্যিসে—১০১১)। সূর্য অন্তগামী হওয়ার সক্ষে সংক্ষেই রাত্রির আগমন হয় বলিয়াই সূর্য হইতে রাত্রির জন্ম হয় বলিয়া কথিত হইয়াছে। আকাশপ্রী রাত্রিদেবী উষার ভিন্ননী। একই পথে উভয়ের আন্যা-যাওয়া কিন্তু কথনও উভয়ের মধ্যে সংঘর্ষ হয় না।

দিওীয় মণ্ডলের থাতিংশত্তম সৃষ্টে রাতিদেবীর বর্ণনা ভাষার চমংকারিছে এবং বর্ণনামাধুর্যে অনুপম হইয়া উঠিয়াছে। শোভনীয়া রাতিদেবী আবাহন যোগ্যা; ধনসমন্তিত বীরপুত্রপাভার্থে তাঁহার স্তব করা হয়। এই সোভাগ্য-শালিনী দেবী আমাদের বিবিধ ভাবে রক্ষা করেন। স্থুল আধারযুক্তা রাতিদেবী দেবতাকুলের ভগিনীরূপে বর্ণিতা (সিনীবালি পৃথুইটকে যা দেবানামসি স্থগা—২০২০৮)। বহু প্রজননসম্পন্না, অন্ধকারযুক্ত শোভনীয় বাছ এবং অন্থুলিমুক্তা বলিয়া রাতিদেবীর বর্ণনা রহিয়াছে, (যা সুবাহু: সন্ধুনি: সুমুমা বহুসুবরী—২০২০।)। অন্ধকারের রাণী রাতিদেবী, আকাশের গ্রহ নক্ষত্র যেন তাঁহার রত্যালক্ষার (রাত্রী ব্যখ্যদায়তী পুরুত্রা দেবা ক্ষতি:। বিশ্বা অধিপ্রিয়েহিছি—২০০২৭০)।

রাত্রিদেবী স্থান্থ দেবকুল এবং পৃথিবীস্থ প্রাণীকুলকে স্থাবরজ্জমকে সমাবৃত করিয়া রাখিয়াছেন এবং তাঁহার জ্যোতির উদ্গমেই অঞ্চলার নাশ হয় (ওর্বপ্রা অমর্তাা নিবতাে দেবুছে তঃ। জ্যোতিষা বাধতে তমঃ—১০।১২৭ ২)। বিহণকুলের আশ্রয় যেমন বৃক্ষ তেমন কল্যাণকারিণী রাজি-দেবীর ক্রোড়েই আমাদের সুষ্প্রি ঘটে। জ্পতের সকলপ্রকার কোলাহল রাত্রিদেবীর আগমনেই নিংশেষ হয় এবং পশুপক্ষী প্রভৃতি নিদ্রাদেবীর কোলে নিজেদের সমর্পণ করে। বৃকাদি ব্যক্ত এবং তম্করাদি যেন যক্ষমানের কোনপ্রকার অপকার করিওে সক্ষম না হয়, এইজকেই রাতিদেবীর স্তবকরা হয়।

এই দিন্যালক্ষারভূষিতা, কল্যাপকারিণী নাতিদেবীকে গুঙ্ভে, সরস্বতী, ইন্দ্রানী, কুহুদেবপড়া প্রভৃতির সহিত উত্তম আশ্রয় লাভের নিমিত্ত প্রার্থনা করা হইয়াছে (যো গুঙ্ভেষা সিনীবালি যা রাকা যা সরস্বতী। ইন্দ্রানীমহ্ব উত্তয়ে বরুণানীং স্বস্তয়ে ২৩২।৮)।

ঋগ্বেদের এই রাজিদেশার স্করোজিতে এবং বাগ্দেশীর স্কে (১০-১২৫) বৈদিকোতার যুগোর শ্রীশ্রীহুর্গাদেশীর উৎপত্তির বীক্ষ নিহিত আছে।

এই সকল প্রসিদ্ধ দেবদেবী ব্যতীত ঋগ্বেদে কং১কজন অপ্রসিদ্ধ দেবীর নাম পাওয়া যায় যথা—ইন্দ্রানী, অরণ্যানী, সীতা, ইলা, সর্গু, সূর্যা, অসু, রাকা প্রভৃতি। তাঁহাদের স্কুত্রলি কাব্যরসে সমৃদ্ধ। আমরা তাদৃশ অপ্রসিদ্ধ কয়েকজন দেবীর পরিচয় দিতেছি।

इलागी-रित्मत भन्नीत नाम हलागी। ठाँहात अभव नाम भूता म्यूबी

বা শচী। সেই ইল্রাণীকে স্তুতি করা হইয়াছে 'ইহেল্রাণীমুপ্রয়ে' (১২২)১২)। ইল্রাণীকে বেদে অতি সোভাগ্যশালিনী রমণী বলিয়া বর্ণনা করা হইয়াছে, কারণ তাঁহার প্রভু ইল্র কখনও জরাবার্দ্ধক্যাদির দ্বারা আক্রান্ত হন না। ঐতরেয় প্রান্ধণে প্রাসহাকে ইল্রের পত্নীরূপে বর্ণনা করা হইয়াছে। আবার, শতপথ প্রান্ধণে (১৪:২'১৮) সেই প্রাসহাই ইল্রাণীর স্থান অধিকার করিয়াছেন। ঋণ্বেদের ২০—১৪৫ স্জের ঋষি ইল্রাণী এবং ১০—১৫৯ স্জের ঋষি প্রাম্পানী শচী। এই হুই স্কু হইতে জানা যায় যে ইল্রের বহু পত্নী ছিল এবং তাহাদের প্রতি শচীর দ্বেষ ছিল। ১০—১৪৫ স্জের নামই সপত্নীবাধন; তাহার প্রথম ঋকে বলা আছে সপত্নীগণের নাশ জন্ম শচী এক ঔষধ আবিদ্ধার করিয়াছিলেন। দশমমগুলের একশত পঞ্চছোরিংশত্তম স্জের প্রথম চারিটি মন্ত্রের অর্থ অতি চমংকার। সপত্নীগণের প্রতি প্রতি-পত্নীর মনোভাব প্রতিয়ুগ্রেই একরপ।

<u>অরণ্যাণীদেবী</u>—অপ্রসিদ্ধ দেবীগণের মধ্যে অপূর্ব কাব্য-রসে পরিপূর্ণ অরণ্যাণীদেবীর বর্ণনা দৃষ্ট হয়। বলা হইয়াছে,—'অরণ্যাণীদেবী কাহারও প্রাণবধ করেন না। যদি ব্যায়, ভস্কর ইভ্যাদি না আসে ভাহা হইলে কোন ভয় নাই। বনে স্বাহ্ ফল ভক্ষণ করিয়া আনন্দে দিন অভিবাহিত করিতে পারিবে'।

আরও একটি মন্ত্রে ঋষি বনদেবার স্তুতি করিতেছেন,—'আঞ্জনগৃছিং সুরভিং বহুরামকৃষীবলাম্। প্রাহং মৃগানাং মাতরমরণ্যানিমশংসিষম্', (১০—১৪৬—৬)—অর্থাং অরণ্যাণীর সৌরভ কস্তুরীর শ্রায়। তথায় যথেই খাদও পাওয়া যায়। প্রথমে অরণ্যে কৃষিকার্য্যের অভাব ছিল। অরণ্যাণী হরিণদের মাত্রুপিণী। বহুপ্রকারে আমি অরণ্যদেবার স্তুতি করিতেছি। অরণ্যাণীতে শান্ত, চোর এবং হিংম্র প্রভৃতি সকল প্রকৃতির প্রাণীর বসবাস সম্ভব। শান্তপ্রকৃতির মুনি ঋষিগণ অরণ্যদেবীর অনায়াসলভ্য ফল খাইয়া জীবন ধারণ করেন (স্বাদো: ফলস্য জগ্ধায়ং যথাকামং নিপদতে—১০—১৪৬—৫)। চোরও অরণ্যে আশ্রয় নিতে পারে আর ব্যান্ত, সিংহ-আদি হিংম্ম জন্তবন্ত অরণ্যই নিবাসভূমি।

সর্ব্য-- যমরাজের মাতার নাম সর্ব্য। ঋগবেদের দশম মগুলের সপ্তদশ সংখ্যক সৃত্তের প্রথম ও দ্বিতীয় মন্ত্রে সর্ব্যর বর্ণনা বিবয়ানের জায়ারূপে ও যমের মাতারূপে পাওয়া যায়। এই সর্ব্যদেবীর বিবাহে নিলোকের সকলেই আমন্ত্রিত হইয়াছিল। অধিনীকুমার যুগল এই দেবীর যোনিসভূত। সর্ব্য ভফীর ছহিতা। 'ভফীছহিতে বহতুং কুনোতী ভুবনং সমেতি। যমস্য মাতা পযুঠ্যমানা মহো ভায়া বিবয়তো ননাশ' (১০—১৭—১)।

ইলা— অগ্নিদেবতার স্ত্রীরূপে ইলা বেদে কীর্দ্তিতা। নিরুক্তকার যাস্কাচার্য বিলয়াছেন 'অগ্নায়ীলেতি স্ত্রিয়ঃ' অর্থাং 'অগ্নায়ী' 'ইলা'--এই হুই দেবী অগ্নির স্ত্রী। ইলাকে ঋগ্বেদে নানারূপে দেখিতে পাওয়া যায়। একটি মস্ত্রেইলাকে ধৃতহস্তা, অন্নরূপিণী, হবির্লক্ষণাদেবী বলা হইয়াছে। আবার অল্ল একটি মস্ত্রে (১০—৭০—৮) ইলাকে মনুর যজ্ঞের হবিঃ সেবনকারিণীরূপে বর্ণনা করা হইয়াছে। ঋগ্বেদের প্রথম মস্তলের ৩১—১১ সৃক্তে অনবদ্য ভাষায় এই দেবীকে বর্ণনা করা হইয়াছে যে ইলাই মানবন্ধাতির পোরাহিত্যকারিয়াত্রী এবং নহুষের উপদেশদাত্রীরূপে দেবতাগণ তাঁহাকে অধিষ্ঠিত করিয়াছিলেন—

'ইলামকৃথন্ মনুষ্যয় শাসনীং দেবা অকুথন্ নহুষ্যা বিশ**্প**ভিম্[,]'

সীতা—যে সীতাকে লইয়া আদি কবি বাল্মিকী আদিকাব্য রামায়ণ রচনা করিয়া গিয়াছেন, সেই সীতার নামও বেদে পাওয়া যায়। তবে রামায়ণের সীতাও বেদের সীতা এক নহে। বেদে সীতা শব্দের অর্থ হইতেছে হলকর্মণের দারা চিহ্নিত ভূমিরেখা। শুক্র যজুর্বেদের ভাগ্যকার মহীধরও সীতা শব্দের একই অর্থ প্রদর্শন করিয়াছেন। সমস্ত রামায়ণে যেরূপ সীতাকে নরকলেবর্বধারিণী দেবীরূপে বর্ণনা করা হইয়াছে, ঋগ্বেদেও সীতাকে চিন্ময়ী দেবীরূপেই স্তুতি করা হইয়াছে। ঋগ্বেদের ৪—৫৭—৫, ৬, ৭ তিনটি মস্ত্রে সীতার শুণানুকীর্ত্তন করা হইয়াছে। এই সুস্তে চতুর্থ মস্ত্রে লাক্সলের নাম (শুনং কৃষত্ব লাক্সলম্) এবং লাক্সলের ফালার নাম (শুনং ন ফালাবিকৃষ্ত্র ভূমিম্) অন্তর্ম মন্ত্রে দৃষ্ট হয়।

সীতা সোভাগ্যবতা, পৃথিবীর নিম্নপ্রদেশে দেবী সীতা গমন করিতে পারেন। যেহেতু সীতা দেবী সোভাগ্যপ্রদায়িনী সেই জন্মই আমরা দেবীর স্তুতি করিতেছি।

> [অর্বাচী সৃভগে ভব সীতে বন্দামহে জা। যথানঃ সৃভগাসসি যথানঃ সৃফলাসসি। (৪—৫৭—৬)]

সূর্যা—সূর্যের পুজীর নাম সূর্যা। ঋক্ সংহিতায় সূর্যাকে দেবী এবং ঋষি উভয় সংজ্ঞাই দেওয়া ইইয়াছে (১০—৮৫)। সূর্যার বিবাহের পর অশ্বিনী-

কুমারযুগল এক রথে তাঁহাকে পইয়া যান। দশমমগুলের ৮৫—২০ মন্ত্রে সুর্যার বিবাহে কিংশুক পুঞ্জে শোভিত রথের মনোরম বর্ণনা দেওয়া হটয়াছে –

> 'সুকিংশুকং শদালিং বিশ্বরূপং হির্গাবর্ণং সুহৃতং সুচক্রম্ । আ রোহ সুর্যে অমৃতস্ত লোকং স্যোনং পভ্যে বহৃত্ৎ কুণুষ' ॥ ২০ ॥

অর্থাৎ 'হে সুর্যে, পভিগ্নে গমন করিবার সময় তুমি শ্রেষ্ঠ পলাশ ও শালালী কার্য্ট নিমিত অনি সুন্দর সুবর্ণের মত উজ্জ্বল এব চক্রযুক্ত-রখে আরোহণ কর। হে সূর্যে, সোমেব সুখের নিমিত্ত তুমি অমুন্লোকে গমন কর'। এই সৃত্তে উপমা, উৎপ্রেক্ষাও রূপকের মাধ্যমে আধ্যাত্মিক-ভাবে সূর্যাব অনেক প্রকার বর্ণনা আছে।

অস্দেবী দশম মণ্ডলেব ৫৯—৫, ৬ খাকে খাষি অস্দেবীর স্তৃতি করিয়াছেন। অস্দেবীকে সেখানে প্রাণনেত্রীরূপে স্তৃতি কর। ইইয়াছে। সেখানে বলা ইইয়াছে- 'হে অস্ণীতে! আমাদের মন আমাদের নিকট দাও। আমাদিগকে উভম পরমায় প্রদান কর। সুর্য যে স্থানে আছেন, সেই স্থানে বসবাসের যোগ্যতা আমাদের দাও'—(১০)৫১০৫)। ষষ্ঠমন্তে স্তৃতি করা ইইডেছে—'হে অস্ণীতে! আমার প্রাণ পুনরায় আমাকে প্রভাপণ কব। আমাকে পুনরায় নেত্র প্রদান কর যাহাতে আমি ছে।গ করিতে সম্পূর্ণরূপে সমর্থ ইই। আমার যেন কখনও নাশ নাহয় এবং আমার খেন চিরকাল কল্যাণ সাধিত হয়। আমি যেন সুর্যের দর্শনের জন্ম চিরকাল বিদ্যমান থাকি'

'অসুণীতে পুনরস্মাস চক্ষ্ণ পুনঃ পাণমিহ নো থৈহি ভোগম্। জ্যোক্ গখেম সৃষ্মুচ্চরন্তমনুমতে মৃডয়া নঃ শ্বন্তি॥'

(30-12-6)

সিনীবালী, রাকা, গুংগু—এই দেবীত্রথের নামের উল্লেখ ২—৩২—৫, ৬, ৭, ও ৮ এই চারিটি মল্লে পাওয়া যায়। সিনীবালী সুবাছ, সুন্দর অসুলীযুক্তা, লোকরক্ষিণী এবং বছএসবিনীরূপে বন্দিতা ইইয়াছেন।

রাকা দেবী ধনদাত্তী এবং শোভন!। উক্ত সংক্তের অইমমাত্র গুলু, সরস্বতী, ইব্রাণী এবং বরুণানীকেও আহ্ব!ন করা হইয়াছে। দশম মণ্ডলের ১৮৪ সৃস্তের নাম গর্ভরক্ষণ সৃক্ত। উক্ত সৃস্তে সিনীবালী ও সরস্বতীকে গর্ভ রক্ষা করার জন্ম প্রার্থনা জানান হইয়াছে। সিনীবালী দেবতাগণের ভগিনী রূপেও বন্দিতা (যা দেবানামসি স্বসা; ২—৩২—৬)।

পুরিদেবী—ঝগ্বেদের এই পুরিদেশীর নাম বা বর্ণনা পৃথক ভাবে পাওয়া যায় না। ইহাকে মরুদ্গণের মাভারপে আমরা বেদের মস্তে দেখিতে পাই। প্রথম মগুলের ২০,১০ মত্রে বজা ইয়াছে—'বিশ্বান্ দেবান্ হ্বামহে মরুভঃ সোমপীতয়ে। উপ্রা হি পুরিমাতরঃ'— অর্থাৎ সমস্ত মরুৎ সংজ্ঞক দেবগণকে সোমপানের নিমিত্ত আমি আমন্ত্রণ করিতেছি। সেই পুরিপ্রত্রগণ অতি উপ্র। অক্টম মগুলের সপ্তম সৃত্তের দশম মত্ত্রে প্রদেবীকে সোমরস আহরণকারিণারপে বর্ণনা করা হইয়াছে। তথায় বলা হইয়াছে 'ত্রীণিসয়াংসি পুরুয়ো ছলহে বজিণে মধু। উৎসং কবন্ধমুজিণম্'—অর্থাৎ মরুৎসংজ্ঞক দেবগণের মাতা প্রাদেবী বজ্লধাবী ইল্রের নিমিত্ত 'উৎস' 'কবন্ধ' এবং 'অদ্রি' নামক তিন সরোব্যের মধুর সোমরস দোহন করিয়াছিলেন।

শ্রীদেবী—বেদের অপ্রসিদ্ধ দেবীগণের মধ্যে শুক্লযজুর্বেদে শ্রীদেবীর বর্ণনায় কাব্যিক সৌন্দর্য্য সুন্দর ফুটিয়া উঠিয়াছে। শ্রীশন্দের অর্থ সম্পদ লক্ষ্মী, ঐশ্বর্য্য ইত্যাদি। এই সম্পদের অধিষ্ঠাত্রী দেবীই শ্রীদেবীরূপে বন্দিতা হইয়াছেন। শ্রীমং সায়নাচার্য শ্রীস্ত্তের প্রথম মন্ত্র ব্যাখ্যা প্রসঙ্গে বলিয়াছেন যে জাতবেদা অগ্নিই শ্রীমৃত্তি ধারণ করিয়া হরিণীরূপে অরণ্যে সঞ্চরণ করিয়াছিলেন। এই আখ্যাফিকা দেবীপুরাণে বর্ণিত হইয়াছে। সায়ণ বলেন—"শ্রীধৃত্যি হরিণী-রূপমরণ্যে সংচচার হেডি দেবীপুরাণাচ্চ"। এই শ্রীদেবী সুবর্ণ ও রজ্জত পুষ্পে গ্রিথিত মাল্যে বিভ্ষিতা; হিরগায়ী দেবী চন্দ্রের মত্ন শোভা পাইতেছেন। এই দেবী অনেক সুলক্ষণযুক্তা—

" হিরণ্যবর্ণাং হরিণীং সুবর্ণরজ্ভস্রজ্বাং। চন্দ্রাং হিরণায়ীং সক্ষীং জাতবেদো ম আবহু"॥

ইহার তাংপর্য এই যে, হে জাতবেদ, তুমি হিরণবর্ণা, হরিণী, স্থারজ্জনির্মিত পুস্পমাল্য শোভিতা, চল্রাভাযুক্তা ও স্বর্ণবর্ণা লক্ষ্ণীদেবীকে আনয়ন
কর; কারণ তুমি শুতি বচনে হোতারপে পরিচিত। পদ্যের লালিত্যে ও
কাব্যিক সৌন্দর্যে এই শ্লোকটি সতাই মনে এক অপূর্ব অনুভূতির সঞ্চার করে।
সমগ্র শ্রীস্কুই অতি মধুর, উপমাসমৃদ্ধ ও কাব্যরসোচ্ছল। সেই শ্রীদেবীর
অনুগ্রহে যজমান সুবর্ণ, গো, ধেনু, অস্ব, পুত্র, পৌত্র, মিত্র ইত্যাদি ধন লাভ
করিয়া থাকেন (যস্তাং হিরণাং বিন্দেষং গামশ্বং পুরুষানহং—২)। শ্বিষ

প্রার্থনা করিতেছেন 'দেবতাগণ কর্তৃ কি বন্দিতা পদ্মবিভূষিতা উজ্জ্বল যশোময়ী আননন্দদায়িনী শ্রীদেবীর আমি শরণাপর, তিনি আমার অন্তভ অলক্ষীকে নাশ করুন।'

'চক্রাং প্রভাসাং যশসা জ্লন্তীং গ্রিয়ং লোকে দেবজুফী মুদারাম্। তাং পদ্মিনীমীং শরণমহং প্রপদ্যে অলক্ষীর্মে, নশ্যতাং তাং বৃণে॥'

পরিশিষ্ট (খ)

ঋগ্বেদের সংবাদস্ক্ত (Dialogue Hymns)

ঋগ্বেদের প্রায় কুড়িটি সৃজ্জের সহিত মহাকাব্যের এবং নাটকের ঘনিষ্ঠ যোগসূত্র পরিলক্ষিত হয়। সংবাদ-সৃক্ত বলিয়া সুপরিচিত এই বর্ণনামূলক সৃক্তগুলিকে ওল্ডেনবার্গ (Oldenberg) 'আখ্যান সৃক্ত' (Narrative Hymns) নাম দিয়াছেন। ওল্ডেনবার্গের মতে প্রাচীন মহাকাব্য ছিল গদ্য এবং পদ্যের সংমিশ্রণ; কথোপকথনগুলি ছিল পদ্যাত্মক এবং বর্ণনাসমূহ ছিল গদ্যাত্মক। পদ্যাংশটি কেবল মাত্র বংশানুক্রমে সংরক্ষিত হইয়াছিল কিন্তু গদ্যাংশটির সংরক্ষণ বিষয়ে সতর্কতা অবলম্বন করা হয় নাই। ফলে মন্ত্রবহল ঋণ্বেদের ঘায় সামবেদেও গদ্যাংশের অন্তিছ দৃষ্ট হয় না। ওল্ডেনবার্গ তাঁহার তথ্যের ঘোক্তিকতা প্রমাণ করিতে গিয়া বলিয়াছেন যে কেবলমাত্র সুপ্রাচীন ভারতীয় সাহিত্যেই যে গদ্য-পদ্যের সংমিশ্রণ ছিল তাহা নহে, প্রাচীন আইরিশ, স্ক্যান্ডিনেভিয়া প্রভৃতি দেশের আদিম সাহিত্যও গদ্যাত্মক এবং পদ্যাত্মক। সকল স্থলেই পদ্যের সহিত গদ্যও সংরক্ষিত হইয়াছিল কিন্তু ঋণ্বেদে গদ্যাং-দের সংরক্ষণ সম্ভব হয় নাই।

অশাল পাশ্চান্তা পণ্ডিত ওক্তেনবার্গের এই সিদ্ধান্তের কঠোর সমালোচনা করিয়াছেন। ম্যাক্স্মূলার এবং সিলভাঁ। লেভির মতে ঋগ্বেদের সংবাদমৃক্তগুলি হইল এক ধরণের নাটক। মূলারের এই মতবাদটি হার্টেল (Hertel),
লোমেডার (Schroeder), ম্যাক্ডোনেল প্রভৃতি সমর্থন করিয়াছেন। সংস্কৃত
নাটকের উৎস বা বীক্ষ হইল ঝগ্বেদের সংবাদস্ক্তগুলি। ভিল্টারনিংস্ এই
পরস্পর বিরোধী হুইটি মতের সময়য় সাধন করিয়াছেন। তাঁহার মতে
প্রাচীন ব্যালাড্ বা লোকগীতিগুলিই মহাকাব্য এবং নাটক উভয়ের উৎস।
বর্ণনাভঙ্গী এবং নাটকীয় বস্তুর সহযোগেই এই ব্যালাড্ কাবাগুলি গঠিত।
মহাকাব্য হইল প্রধানতঃ বর্ণনামূলক এবং নাটকের বীক্ষ এই ব্যালাড্
কাবোর মধ্যেই নিহিত। তিনি বলেন যে আখ্যান খুব সামাল্য ক্ষেত্রেই
ওক্তেনবার্গের অনুমিত গলাত্মক মূল কাব্য ছিল। তবে এই ধরণের কোন
চাব্যেই মহাকাব্যের পূর্ণ বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়না আবার নাটকের পূর্ণরূপণ্ড

পাওয়া যায়না। সংবাদ-সৃক্তগুলি অংশতঃ মহাকাবাধমী ও অংশতঃ নাটাধমী। ঋক্সংহিতার পরবর্তী বাঙ্ময়ে সংবাদ-সৃক্তের প্রভাব সৃস্পইট নিমে ঋক্সংহিতার কয়েকটি প্রখ্যাত সংবাদ-সৃক্তের পরিচয় প্রদত্ত হইল।

শুরুরবা-উর্বশী সংবাদ; খাগ্বৈদে পুরুরবা এবং উর্বশীর আগ্যান সংবলিত সংবাদ-সৃক্তটি (১০।৯৫) অকুষ্ঠ প্রশংসার দাবী রাখে। মর্ত্তের মানব পুরুরবা স্বর্গের অপ্সরা উর্বশীর প্রেমে গভীর ভাবে আবদ্ধ। বর্ষচতুষ্টয় উর্বশী শুরুরবার পত্নীরূপে মর্তভুমিতে অধিষ্ঠান করিলেন। কিন্তু অকস্মাৎ একদিন গর্ভবতী হইয়া অন্তর্ধান করিলেন। উন্মন্তপ্রায় পুরুরবা বাহির হইলেন প্রেরসীর সন্ধানে। অবশেষে উর্বশীর সন্ধান পাইলেন এক সরোবরে; স্বর্গের অপ্সরী তখন সঙ্গিনাদের সহিত জলক্রীভায় ব্যাপ্তা।

ঋণ্বেদে কীর্ত্তিত এই আখ্যানটি শতপথ ভ্রাহ্মণে গদ্যাকারে আখ্যানের রূপ লইয়াছে (১১,৫,১)। এই ত্রাক্ষণে আখ্যানটির হাদয়গ্রাহী বর্ণনা দৃষ্ট হয়। উর্বশী কয়েকটি বিশেষ সর্ত্তে পুরুরবার সহধর্মিনী হইতে সম্মত হইয়াছিলেন। তন্মধ্যে একটি হইল যে তিনি পুরুরবাকে বিবস্ত অবস্থায় কখনও যেন দর্শন না করেন : করিলে তিনি অন্তর্ধান করিবেন। এদিকে গন্ধর্বণণ সাময়িকভাবে মর্ত্যবাসিনী উর্বশীকে গন্ধর্বরাজ্যে ফিরিয়া পাইতে ব্যপ্র হইয়া উঠিলেন। তাঁহারা এই উদ্দেশ্যে একদিন রাতের অন্ধকারে উর্বশীর প্রতিপালিত অতি আদরের মেষশাবক চুইটি অপহরণ করিলেন। শাবক মুইটি উর্বশীর শ্যার পায়াতে বদ্ধ ছিল। ঐ সময় পুরুরবা সম্পূর্ণ নগ্ন ছিলেন এবং পোষাক পরিধান সময় সাপেক্ষ বলিয়া তিনি সেই অবস্থাতেই অন্ধ-কারের মধ্যে তম্করদের পশ্চাদ্ধাবন করিতে প্রয়াসী হইলেন। কিন্তু ঠিক এই মুহুর্ত্তে গন্ধর্বকুলপ্রেরিত বিহাতের তীত্র আলোকে রাজার নগন্ধ উর্বশীর সম্মুখে প্রকাশিত হইমা পড়িল। এইভাবে পুরুরবার প্রতিশ্রুতি ভঙ্গ হওয়ায় উর্বশী তংক্ষণাং অদৃশ্য হইলেন। হঃখে উন্মন্তপ্রায় রাজা তথন বহুদেশ ভ্রমণ করিতে করিতে এক সরোবরের তীরে উপস্থিত হইলেন। সেখানে উর্বশীসহ কয়েকজন অপ্সরা রাজহংসের রূপ ধরিয়া সভরণরত ছিলেন। এই সময় উর্বশীর সহিত রাজার যে কথোপকথন হইয়াছিল সেই অনবদ্য সাবলীল সংলাপ ঋগ্বেদে কীর্ত্তিত হইয়াছে। উর্বশীকে ফিরাইবার জন্ম রাজার সকল আকৃতি সকল প্রচেফাই ব্যর্থ হইল। উর্বশীর মন টলিল না। তিনি প্রত্যন্তরে বলিয়াছিলেন—"নারীজ্বাতির সহিত কোন স্থায়ী বন্ধুত স্থাপিত इम्र ना ; भानावृक अर्थार शासनात जनस्यत मध्ये छाशासत अपम कर्छात छ

নিষ্ঠুর।" ইহা একটি যুগপং সজোগশৃঙ্গার ও বিপ্রলম্ভশ্রের মর্মস্পর্দী করুণ প্রেমের কাহিনী। ইহার আবেদন চিরন্তন ও বিশ্বজ্ঞনীন। পরবর্তী ভারতীয় কবি-মানসে ইহার প্রভাব দৃষ্ট হয়। হরিবংশ, বিষ্ণু পুরাণ, কথাসরিংসাগরে এই উপাখ্যানটির উল্লেখ রহিয়াছে। কবিষর কালিদাসের বিশুভ বিক্রমোর্বশীয় নাটকের উপজাব্য কথাবস্তুও এই সংবাদ-সৃক্ত।

য্ম-থ্যা-সংবাদঃ - ঋগ্বেদের দশম মগুলের দশম সৃত্তে আমর। থ্য এবং ঘ্যার কথোপকথনের মধ্যে প্রাচীনকালের আরও একটি মৃশ্যবান আখান পাই।

ঋগ্বেদে শিশুমার একটি বৃক্ষরূপে কল্পিত। যমদেব সেই বৃক্ষে আরোহণ করিয়া অক্ত দেবভার সহিত সোম পান করেন (১০-১৩৫১)। যম ও যমী মনুর লায় বিবস্থানের সন্তান। যম-যমী সংবাদে যমী যমকে বলিতেছে — "বিস্তার্ণ সমুদ্রের মধ্যবন্তী দ্বাপে, নির্জন প্রদেশে তুমিই (যমই) আমার (যমার) সহচর"। পৃথা-বক্ষে সর্বপ্রথম মানবজাতির উৎপত্তি প্রথম প্রেমিক-প্রোমকা হইতেই হইয়াছিল। এই তথ্যের ইঙ্গিত আখ্যানটিতে ও এই কথোপকথনে পাওয়। যায়। পৃথিবীর বক্ষ হইতে মানবজ্ঞাতি যাহাতে নিশিত্ত হইয়া না যায় সেইজ্প যমা তাহার ভাতাকে তাহার সহিত অবৈধ মিলনে প্রবৃত্ত হওয়ার জন্ম প্ররোচিত করিতেছে। ভাতাকে ভগ্নার প্রেমশৃত্বলে আবদ্ধ করার জন্ম ভগ্না কামোদ্দীপক শব্দরাজির দ্বারা তাহার অবৈধ ইচ্ছা প্রকাশ করিয়াছিল। যম ছিল অত্যন্ত সংযমী। সে অতি সাধু ও নমভাষায় সুনীতি ও স্ঝার্গ স্মরণ করাইয়া দিল এবং রক্তের ঘনিষ্ঠ সম্বন্ধযুক্ত পুরুষ-স্ত্রা, ভাতা-ভগ্নীর মিলন যে অবৈধ ও নিষিদ্ধ—ভাহা ভাল ভাবে বুঝাইয়া ভগ্নাকে সেই অকায় কাৰ্য হইছে প্রতিনির্ত্ত করিল। এই সকল বাক্যালাপে ভাবের হুর্বোধ্যতা রহিয়া গিয়াছে। এই আখ্যানটি কি ভাবে সমাপ্ত হইল তাহা কথিত হয় নাই। উপরস্ত এই আখ্যাননিষ্ঠ পরবন্তী কোনও সাহিত্য এই সংবাদের পরিণতির উপর কোনও আলোকপাত করে নাই। বাইবেলে প্রথম পুরুষ আদম ও প্রথম স্ত্রী ইডের পুত ও कणांत्र मत्या अदेवध विवाह ও महात्नारभानत्नत्र काहिनौ यम-यमोगर वान পাঠে শ্বতঃই মনে উদিত হয়।

সূরমা-পণি সংবাদ :— ঋগ্বেদের দশম মগুলের একশন্ত আট সংখ্যক সৃষ্টেদ্দরমা ও পণির উক্তি-প্রত্যুক্তি বা সংলাপ বর্ণিত হইয়াছে। পণিগণ ইক্তের গাভীসমূহ অপহরণ করিয়া কোনও দূরবর্তী স্থানে লুকাইয়া রাখিয়াছিল। সেই গুপ্ত স্থানটি ছিল পর্বত-বেন্টিত। ঋষিগণের কোন কিছুই অঞ্চানা ছিল

না। বৃহস্পতি, সোম ও মেধাবী ঋষিণণ এই সংবাদ জানিতেন। সরুমাকে দেবরাট্ ইন্দ্র দৃতী হিসাবে গাঙীসমূচের অল্লেষণ জন্ম পাঠাইলেন। সরমা বহুদুরস্থান অভিক্রম করিয়া রসানদ্য পার গুইয়া গাভীর রব ভুনিতে পাইল। পণিগণ বেশ স্পষ্টই বুঝিল যে ইনি ইল্রের দূতা। গাভা প্রত্যর্পণ করিতে সর্মা প্ৰিপ্ৰকে ব্ৰিল। প্ৰিরা সর্মার কথা প্রথম উপহাস করিয়া উড়াইয়া দিল। প্রবিধা সরমাকে সেখানে ভাহাদের ভগ্নারপে অবস্থান করিতে বলিল, উদ্দেশ্য ছিল এই সরমা যেন পুনরায় ইন্দ্র সমীপে প্রভাবর্ত্তন না করিতে পারে। সরমাকে ভুলাইবার জন্ম প্রিরানানা প্রধ্যেভনপূর্ণ বাকা ওনাইতে লাগিল, "হে সরমা, কি কার্যে⊲ জন্ম তুমি এই স্থানে আসিয়াছ, এই স্থান ডো অতি দুরবন্তী। এই স্থানে যে আগে সে আর পশ্চাং ফিরিতে পারে না। এই গভীর রাত্তে তুমি এইস্থানে আসিয়াচ; তুমি এই সুগভীর নদী কি ভাবে অতিক্রম করিলে। আমাদের এখানে তুমি কি বস্তুইবা ইচ্ছা কর"। তদনশুর সরমা ভারার আগমনের অভিপ্রায় ব্যক্ত করিল। এই সরমা-প্রির কথোপকথনে ইল্রের বল-বিক্রমও সরমা বর্ণনা করিয়াছে। ইল্র সমস্ত প্রিগণকে ধরাশায়ী করিবে তাহাও শুনাইয়াছে ' ভদনন্তর পণিগণ বলিল যে তাহার) গো-অশ্বাদি নানা ঐশ্বর্যে বিভূষিত ; উপরত্ত পর্বভ-বেটিত হুর্গম তালাদের নিবাস স্থান, ইক্স ভাহাদের কিছুই করিতে পারিবেনা। সরমা পণিদের চক্রাভমুলক ভাতা-ভগ্ন সম্পর্ক উপেক্ষা করিয়া পণিগণকে আতি দূরদেশে পলায়ন করিতে विदर्भ पिन ।